

সর্ববেদান্ত-সিদ্ধান্ত-সারসংগ্রহঃ ।

মূল, অন্বয়, বাঙ্গালা প্রতিশব্দ, বঙ্গানুবাদ

এবং তাৎপর্য-মণ্ডিত ।

—o—o—o—

মহামহোপাধ্যায়—

পণ্ডিত শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ

এবং

কাব্য-সাংখ্য-বেদান্ত-মীমাংসা-দর্শনতীর্থ-

বিচারত্নোপনামক-

পণ্ডিত শ্রীযুক্ত অক্ষয়কুমার শাস্ত্রি-কর্তৃক

অনূদিত ও সম্পাদিত ।

শ্রীমদ্রোদচন্দ্র মজুমদার ।

শ্রীমাপুকুর লেন, কলিকাতা ।

[মূল্য ২।। আড়াই টাকা ।

PRINTED BY
ASHUTOSH MAJUMDAR.

AT THE
B. P. M'S PRESS.

22/5 B, Jhamapooker Lane, Calcutta

ভূমিকা ।

এতদিনে ভগবৎপাদ শ্রীমচ্ছরীচার্য্য-বিরচিত 'সর্ববেদান্ত-সিদ্ধান্ত-সারসংগ্রহ' নামক একখানি অতি উপাদেয় গ্রন্থ বঙ্গভাষায় প্রকাশিত হইল। ইতঃপূর্বে এই গ্রন্থ বঙ্গদেশে প্রচারিত হয় নাই। যাহারা ভগবৎপাদের অসংখ্য গ্রন্থ পাঠ করিয়া পরিতৃপ্ত হইয়াছেন, এই গ্রন্থখানি তাঁহাদের অধিকতর প্রীতি সম্পাদ করিবে, সন্দেহ নাই। কারণ, এই গ্রন্থখানিতে বেদান্তশাস্ত্রের যাবতীয় বিষয় সহজভাবে বর্ণিত হইয়াছে। যাহারা নিরন্তর তাপত্রয়পরীক্ষা সংসার হইতে মুক্তিলাভ করিতে চান, যাহারা জরা, মৃত্যু প্রভৃতির হস্ত হইতে পরিত্রাণ পাইতে ইচ্ছা করেন, তাঁহাদের একমাত্র উপনিষদের (বেদান্তের) শরণাপন্ন হওয়া উচিত; কিন্তু উপনিষৎ অতি দুর্কোষ, স্বল্পধী ব্যক্তির সহজে বোধগম্য হয় না। এইজন্য ভগবান্ শরীচার্য্য্য কৃপাপরবশ হইয়া এই গ্রন্থে সমগ্র উপনিষদের তাৎপর্য্য সংগ্রহ করিয়াছেন।

এই বিশাল ব্রহ্মাণ্ডে জীবকুল ব্যাকুল হইয়া ষটীযন্ত্রের ত্রায় অহরহঃ দেহমানব, তিৰ্য্যক্ প্রভৃতি বিবিধ যোনিতে পরিভ্রমণ করিতেছে। শরীর ধারণ করিলে, আধ্যাত্মিক আধিদৈবিক ও আধিভৌতিক-রূপ ত্রিবিধ তাপের হস্ত হইতে পরিত্রাণ পাঠবার উপায় নাই। কুমি কীট হইতে আরম্ভ করিয়া হিরণ্যগর্ভ পর্য্যন্ত সুখদঃখ তরতমভাবে বিস্তৃত আছে। এই তাপত্রয়ের দ্বারা জীবনিত পুনঃপুনঃ তাপিত হইয়া, তাহার নিবৃত্তির জন্ত নানাবিধ উপায় অবেষণ করিয়া থাকে; কিন্তু মোহাক্রমজীব দুঃখনিবৃত্তি কিংবা সুখপ্রাপ্তির বাস্তবিক সাধন বিতাঁহা জানিতে না পারিয়া, অক্ষ, চন্দন, বনিতা, মিষ্টান্ন প্রভৃতি বিষয় দ্বারা দুঃখনিবৃত্তি ও সুখলাভ করিবার চেষ্টা করিয়া থাকে। কিন্তু এই সমস্ত বিষয় দুঃখনিবৃত্তি কিংবা সুখপ্রাপ্তির হেতু নহে; বরং ইহারা নানাবিধ দুঃখের নিদান হইয়া থাকে। এইজন্য পুরুষধোরেয়গণ বিষয়সমুত্ত সুখকে অবজ্ঞা করিয়া, অর্থ অপরিচ্ছিন্ন সুখলাভের জন্য শাস্ত্রীয় সাধন অবলম্বন করিয়া থাকেন; কারণ শাস্ত্রীয় সাধনই দুঃখনিবৃত্তি ও সুখপ্রাপ্তির একমাত্র উপায়। এক্ষণে দেখা যাউক শাস্ত্র কি এবং সাধনই বা কাহাকে বলে। কারণ, ইহা জানিতে না পারিলে কোন ব্যক্তি ইহার আশ্রয় গ্রহণ করিতে সমর্থ হয় না; এই নিমিত্ত প্রথমে শাস্ত্রের পরিচয় দেওয়া কর্তব্য বলিয়া বিবেচিত হইতেছে।

শাস্ত্র-স্বরূপ ।

শাস্ত্র শব্দে প্রথমতঃ বেদকেই বুঝায়; বেদমূলক প্রযুক্ত মন্বাদিগণ কর্তৃক সমূহকে শাস্ত্র নামে অভিহিত করা হয়। এই বেদ দুই ভাগে বিভক্ত—চরম একটিকে মন্ত্র ও অপরটিকে ব্রাহ্মণ বলে। মন্ত্রভাগকে কব্ধস্বরূপ পরিগৃহীত হইয়া থাকে। ব্রাহ্মণভাগে

উল্লিখিত আছে, তথাপি জ্ঞান প্রধানভাবে বিবৃত হওয়ায়, তাহাকে জ্ঞানকাণ্ড বলা হইয়া থাকে। * কৰ্মকাণ্ডে প্রথম অধিকারীর জ্ঞান চিত্তশুদ্ধির উপায়স্বরূপ জ্যোতিষ্টিমগণ প্রভৃতি বিবিধ কৰ্ম উপদিষ্ট হইয়াছে। জ্ঞানকাণ্ডে সংসার-পারাভার হইতে উত্তীর্ণ হইয়া জীব কিরূপে শান্তি ও স্বথের পরাকাষ্ঠা লাভ করিতে পারে, তাহাই বিশদরূপে বর্ণিত হইয়াছে। যে অজ্ঞাত বিষয়ের উপদেশ প্রদান করে এবং যাহা হইতে অলৌকিক ইষ্টপ্রাপ্তি ও অনিষ্ট পরিহারের উপায় অবগত হওয়া যায়, মনোবিগণ তাহাকে বেদ বলিয়া থাকেন। যেমন কৰ্মকাণ্ডে অলৌকিক স্বর্গাদিরূপ ইষ্টপ্রাপ্তির উপায়—যাগাদি বিশেষরূপে অভিহিত হইয়াছে, সেইরূপ জ্ঞানকাণ্ডে অপরিচ্ছিন্ন আনন্দাত্মক ব্রহ্মরূপ মুক্তির বিষয় উপদিষ্ট হইয়াছে। যেমন মন্ত্রভাগের প্রামাণ্য অপ্রতিহত, ব্রহ্মরূপ ব্রাহ্মণভাগেরও প্রামাণ্য অস্বীকার করিবার উপায় নাই। ধৰ্ম্মসূত্রকার ভগবান্ আপস্তম্ব “মন্ত্র-ব্রাহ্মণয়োবেদনামধেয়ম্” এই সূত্রে মন্ত্র ও ব্রাহ্মণ উভয়কেই অবিশেষে বেদ আখ্যা প্রদান করিয়াছেন।

ব্রাহ্মণভাগের বেদত্বে আপত্তি।

কোন কোন মহাত্মা মন্ত্রভাগের বেদত্ব স্বীকার করিয়া ব্রাহ্মণভাগকে বেদ বলিয়া স্বীকার করিতে প্রস্তুত নহেন। তাঁহারা বলেন,—“ব্রাহ্মণভাগ মন্ত্রভাগের ব্যাখ্যাস্বরূপ; সুতরাং তাহা ভাষ্য টীকাদির ত্রায় পুরুষ নির্মিত; এবং-বিধ ব্যাখ্যাগ্রন্থ কখনই বেদ হইতে পারে না। অপিচ, ব্রাহ্মণভাগে জনমেজয় প্রভৃতির উপাখ্যান বর্ণিত আছে, এবং বিধ অর্কাক্তন পুরুষের নাম তাহাতে বিদ্যমান থাকায়, তাহার পৌরুষেয়ত্ব এবং পরভবিকত্ব অনিবার্য। তৃতীয়তঃ পূর্বে ঋষিগণ কৰ্মযোগী ছিলেন, তাঁহারা অগ্নিহোত্র প্রভৃতি বিবিধ বৈদিক কৰ্মের অনুষ্ঠান করিয়া মুক্তিলাভ করিয়াছেন। সুতরাং একমাত্র মন্ত্রভাগই প্রমাণভূত। তাঁহারা এইরূপ নানাবিধ আপত্তি উত্থাপন করিয়া, সাধুপ্রকৃতি জনগণের হৃদয়ে সন্দেহ উপস্থাপিত করিয়া থাকেন।

আপত্তি-খণ্ডন।

এতদ্বস্তরে বক্তব্য এই যে, এই আপত্তি নিতান্ত অকিঞ্চিৎকর। বেদার্থতত্ত্ববিৎ ঋষিগণের বাক্য দ্বারা বেদার্থ নিরূপণ করা হইয়া থাকে, ভগবান্ আপস্তম্ব যখন স্পষ্টভাবে মন্ত্র ও ব্রাহ্মণভাগের বেদত্ব স্বীকার করিয়াছেন, তখন তাঁহার বাক্য অপ্রমাণ বলিবার কি যুক্তি আছে?

কেবল ব্রাহ্মণভাগে মন্ত্রভাগের ব্যাখ্যা দেখিয়া যদি ব্রাহ্মণভাগকে অপরের বলা বলিতে হয়, তাহা হইলে, ভাষ্যকারদিগের বাক্যেও নিজ নিজ বাক্যের দেখিয়া, ভাষ্য ও ব্যাখ্যার কর্তা ভিন্ন ভিন্ন—ইহা স্বীকার করিতে হয়। তাহা হইলে, আচার্য্য শঙ্করকৃত ব্রহ্মসূত্রভাষ্যে তদন্তর্গত ব্যাখ্যাভাগটি বলা যাইতে পারে। কারণ—

স্বরূপ ইহাতে সামান্যতঃ বিচার করা হইল, বিশেষ বিচার অল্প গ্রন্থে

“সূত্রার্থো বর্ণ্যতে যত্র পদৈঃ সূত্রানুসারিভিঃ ।

স্বপদানি চ বর্ণ্যন্তে ভাষ্যং ভাষ্যবিদো বিদুঃ ॥”

যাহাতে সূত্রানুসারী পদসমূহের দ্বারা সূত্রার্থ বর্ণিত হয় এবং স্বপ্রযুক্ত পদ-
গুলির ব্যাখ্যা করা হয়, তাহাকেই ভাষ্যস্ত পশ্চিতগণ ভাষ্য বলিয়া থাকেন।
অতএব কেবল ব্যাখ্যা থাকিলেই যে ব্যাখ্যাংশের কর্তা ভিন্ন, তাহার কোন
প্রমাণ নাই, সুতরাং বলিতে হইবে, জ্ঞানকাণ্ড অপ্রমাণ নহে। ব্রাহ্মণভাগে
জনমেজয় প্রভৃতির সংবাদ দৃষ্ট হয় বলিয়া যদি তাহাকে পৌরুষেয় ও অপ্রমাণ
বলা হয়, তাহা হইলে, মন্ত্রভাগে উর্কশী ও পুরুরবসু প্রভৃতির উপাখ্যান
থাকায়, তাহারও পৌরুষেয়ত্ব ও অপ্রামাণ্য হউক এবং তজ্জন্ত তাহার বেদত্ব
বিলুপ্ত হউক। সুতরাং মন্ত্রভাগের যদি বেদত্ব সিদ্ধ হয়, তাহা হইলে ব্রাহ্মণ-
ভাগেরও বেদত্ব সিদ্ধ হইবে। অতএব বলিতে হইবে,—বেদের জ্ঞানকাণ্ড
অপ্রমাণ নহে।

ব্রাহ্মণভাগে তত্ত্বজ্ঞান উপদিষ্ট হইয়াছে, তাহা অবিद्या নিবৃত্তির জন্ত মনুষ্য-
মাত্রেরই অভীষিত। কর্মকাণ্ডে উপদিষ্ট স্বর্গাদিফল অদৃষ্টদ্বারা অণু দেহে ঘটয়া
থাকে, কিন্তু জ্ঞানের ফল মুক্তি এই দেহেই সম্ভব হইতে পারে। কর্ম লোকান্তরে
ফল প্রদান করে, জ্ঞান ইহলোকে সমূলে অবিद्या বিনাশ করিয়া থাকে। অলৌ-
কিক ইষ্টপ্রাপ্তি ও অনিষ্টপরিহারের বিষয় ইহাতে সমীচানভাবে বিবৃত হওয়ায়,
ইহাকে বেদ না বলিয়া কেহই থাকিতে পারে না। এই সংসাররূপ অনর্থ-
পরম্পরার নিবৃত্তির বিষয় যাহাতে উপদিষ্ট হইয়াছে, তাহা যে সফল তাহা
অস্বীকার করিবার উপায় নাই। সুতরাং কর্মকাণ্ডের ত্রায় জ্ঞানকাণ্ডও প্রমাণ
এবং তজ্জন্ত তাহার আকর বেদান্তও প্রমাণভূত।

বেদান্ত কি ?

পূর্বে মন্ত্র ও ব্রাহ্মণের বেদত্ব নিরূপিত হইয়াছে ; কিন্তু আমাদের প্রকৃত
বেদান্তের সহিত তাহার কি সম্বন্ধ এবং তাহার অপৌরুষেয়ত্ব ও প্রাধান্য স্বীকার
করিলে, প্রকৃতস্থলে কি উপকার হইবে, তাহা এক্ষণে বিচার করা হউক। বস্তুতঃ
ব্রাহ্মণ ভাগই উপনিষৎ, তাহাকেই বেদান্ত বলা হয় ; সুতরাং পূর্বে ব্রাহ্মণভাগের
বেদত্ব অনরূপণ করায়, উপনিষৎ—বেদান্তের বেদত্বাসঙ্গ হইল। এখানে আপত্তি
হহতে পারে,—যখন বেদশব্দদ্বারা জ্ঞানকাণ্ডের গ্রহণ হইতে পারে, তখন বেদান্ত
শব্দ প্রয়োগ করিবার প্রয়োজন কি ? সুতরাং শাস্ত্রে বেদ ও বেদান্ত দুইটি বিভিন্ন
শব্দ থাকায় বেদ হইতে বেদান্ত ভিন্ন বৃষ্টিতে হইবে ; কারণ, শব্দভেদ বস্তুভেদের
প্রতি চোতু দেখিতে পাওয়া যায়। এক্ষণে আপত্তির উপর বলা যাইতে পারে,—
কর্মকাণ্ড ও জ্ঞানকাণ্ড উভয়ই বেদ হইলেও, জ্ঞানকাণ্ডে অবিद्याনিবৃত্তিরূপ মুক্তির
বিষয় বিশেষরূপে বর্ণিত হওয়ায়, ইহার ‘বেদান্ত’ এই বিশেষ আখ্যা প্রদান করা
হইয়া থাকে। বেদস্ত অস্তঃ সারভাগঃ ‘বেদান্তঃ’ অর্থাৎ বেদের অস্ত—চরম
ভাগকে বেদান্ত বলে।—ব্রাহ্মণ-পরিব্রাজক-ত্রায় এখানে দৃষ্টান্তস্বরূপ পরিগৃহীত

হইতে পারে। যেমন সন্ন্যাসী হইতে হইলে ব্রাহ্মণ ব্যতীত আর কেহই হইতে পারেন না, তথাপি সন্ন্যাস তাঁহার অসাধারণ ধর্ম বলিয়া, তাঁহাকে সন্ন্যাসী বলা হয়, তদ্রূপ বেদান্ত বেদ হইলেও বেদের চরমভাগ বলিয়া তাহাকে 'বেদান্ত' নামে অভিহিত করা হয়। বেদান্ত, ব্রহ্মবিজ্ঞা, উপনিষৎ এবং রহস্য পর্য্যায় শব্দ; উপ ও নি পূর্বক সদ্ (যদ্) ধাতু কিপ্ প্রত্যয় করিয়া 'উপনিষৎ' পদ নিষ্পন্ন হইয়াছে; যদ্ অর্থাৎ সদ্ ধাতুর অর্থ বিদারণ (বিনাশ) গতি ও অবসাদ, অর্থাৎ যে সমীপে নিঃশেষরূপে অবিজ্ঞাকে নাশ করে, অথবা যে সমীপে নিঃশেষ-রূপে ব্রহ্মকে পাওয়াইয়া দেয়, তাহাকে উপনিষৎ বলা হয়। গ্রন্থদ্বারা ব্রহ্মবিজ্ঞা লাভ হয় বলিয়া, গ্রন্থও 'উপনিষৎ' নামে অভিহিত হয়; যথা,—ঈশোপনিষৎ।

এখন জিজ্ঞাস্য হইতে পারে—বেদোক্ত সাধনেই যে মুক্তি হইবে, তাহার প্রমাণ কি? বেদের এত প্রামাণ্য কিসের জন্য? এতদ্বত্তরে বলিতে পারা যায় যে—

বেদ অপৌরুষেয়।

বেদ মন্বাদি স্মৃতির ন্যায় মনুষ্যকৃত নহে। “অশ্ব মহতো ভূতশ্চ নিঃস্বসিতমেতদ্ যদৃগ্বেদযজুর্বেদসামবেদঃ” ইত্যাদি শ্রুতিদ্বারা বেদ ঈশ্বরপ্রণীত বলিয়া অবগত হওয়া যায়। এইরূপ উৎপত্তিশ্রুতি থাকায়, বেদ ঈশ্বরের ন্যায় কুটস্থ নিত্য নহে, কিন্তু এককল্পস্থায়ী; নৈমিত্তিকের ন্যায় বেদান্তমতে শব্দের তৃতীয়রূপে নাশ স্বীকার করা যায় না। সৃষ্টির প্রথমে বেদ ব্রহ্ম হইতে উৎপন্ন হইয়া প্রলয়কালে তাঁহাতেই লয় প্রাপ্ত হয়, পুনরায় ঈশ্বর গতকল্পীয় বেদ হিরণ্যগর্ভকে উপদেশ দেন; তিনি আবার মরীচি প্রভৃতি ঋষিগণকে উপদেশ দিয়া থাকেন; এইরূপে পুনরায় বেদ সম্প্রদায়ক্রমে প্রচার লাভ করে। যত্বপি বেদ ঈশ্বর হইতে উৎপন্ন হইয়াছে, তথাপি বেদে ঈশ্বরের স্বতন্ত্রতা নাই; কালিদাস প্রভৃতির গ্রন্থে যেরূপ কালিদাসাদির স্বাতন্ত্র্য আছে, বেদে ঈশ্বরের সেরূপ নাই। ঈশ্বর গত কল্পে যেরূপ আনুপূর্বিক বেদ রচনা করিয়াছিলেন, এককল্পেও তদ্রূপ রচনা করিয়াছেন। যদি তাঁহার বেদে স্বাতন্ত্র্য থাকিত, তাহা হইলে তিনি যেমন আনুপূর্বীর অন্তর্থা করিতে পারেন, সেইরূপ অর্থেরও অন্তর্থা করিতে পারেন। এককল্পে অগ্নি-হোত্র যাগে স্বর্গ হয়, ব্রহ্মহননে নরক হয়; ঈশ্বরের বেদে স্বতন্ত্রতা থাকিলে কল্পান্তরে তাহার বিপরীত হইতে পারে,—অর্থাৎ অগ্নিহোত্র দ্বারা নরক এবং ব্রহ্মহত্যা দ্বারা স্বর্গও হইতে পারে। তদ্ব্যতীত মন্বীষিগণ বেদে ঈশ্বরের স্বতন্ত্রতা স্বীকার করেন না। ভগবান কুমারিলভট্টও স্বপ্রণীত শ্লোকবার্ত্তিকে স্পষ্টভাবে এই কথা বলিয়াছেন,—“যত্ততঃ প্রতিষেধ্যা নঃ পুরুষাণাং স্বতন্ত্রতা”—অর্থাৎ পুরুষগণের স্বতন্ত্রতাই আমরা যত্নসহকারে নিষেধ করিয়া থাকি। পৌরুষেয় শব্দের অর্থ—পুরুষনির্মিত; অপৌরুষেয় তাহার বিপরীত,—এরূপ অর্থ গ্রহণ করা যাইতে পারে না। কারণ বেদও ঈশ্বররূপ পুরুষনির্মিত। সুতরাং এখানে পৌরুষেয় শব্দের অর্থ—পুরুষ-স্বাতন্ত্র্য; তদ্রাহিত্য অপৌরুষেয়ত্ব এইরূপ পারি-ভাবিক লক্ষণ স্বীকার করিতে হইবে। বেদের অপৌরুষেয়ত্ব নিরূপিত হইলে, তদন্তর্গত বেদান্তের অপৌরুষেয়ত্ব আর সন্দেহ নাই।

বেদের স্বতঃপ্রমাণ্য ।

বেদের অপৌরুষেয়ত্ব নিরূপিত হইলেও, বেদ স্বতঃপ্রমাণ কিংবা পরতঃপ্রমাণ রূপ আশঙ্কা উপস্থিত হইতে পারে। তार्কিকগণ বহু-যাথার্থ্যজ্ঞানকেই প্রামাণ্য-প্রয়োজক বলিয়া—পরতঃপ্রামাণ্যবাদ অস্বীকার করিয়া থাকেন। কিন্তু এরূপ পরতঃপ্রামাণ্যবাদ স্বীকারে অনবস্থা দোষের হস্ত হইতে নিষ্কৃতিলাভ করিতে পারা যায় না; এতদ্ভিন্ন আরও বহুল দোষ ঘটিয়া থাকে। বেদ স্বতঃপ্রমাণ কিরূপে? ইরূপ প্রশ্ন উপস্থিত হইলে, তদন্তরে আমরা বলিব,—যেহেতু কোনরূপ অপ্রামাণ্য হেতু নাই, অতএব বেদ স্বতঃপ্রমাণ। পুরুষপ্রণীত বাক্যে পুরুষগত ভ্রান্তি, প্রমাদ, বিপ্রলিপ্সা প্রভৃতি দোষ ঘটিবার সম্ভাবনা; বেদে পুরুষ প্রবেশ না কায়, সেই সমস্ত দোষের আশঙ্কাই হইতে পারে না। সুতরাং ‘প্রমাণ—স্বতঃপ্রমাণ’ পরতঃ—ইহা স্বীকার করিতে হইবে। এইরূপে বেদের স্বতঃপ্রামাণ্য বাদ স্থির করিয়া, বেদের তাৎপর্য্য নির্ণয় করা উচিত।

অদ্বৈতবাদ ।

এক্ষণে বেদের স্বতঃপ্রামাণ্যবাদ নির্ণীত হইলে, বেদের তাৎপর্য্য কোথায় তাহা নিরূপণ করিতে হইবে। বেদের কর্মকাণ্ডের তাৎপর্য্য কর্মে থাকিলেও, তদানকাণ্ডের—বেদান্তের তাৎপর্য্য অদ্বৈত ব্রহ্মে বলিতে হইবে। সমস্ত বেদান্তবাক্য দ্বৈত ব্রহ্ম প্রতিপাদনের জন্ত উদ্গীৰ্ব। অদ্বৈতবাদ কি? এ জগতে একটি স্তর সত্তায় সমস্ত চলিতেছে, সমস্তই তাহাতে অধ্যস্ত; জীব সেই অদ্বিতীয় ব্রহ্মরূপ ব্রহ্ম হইতে ভিন্ন নহে, এইরূপ তত্ত্বকে অদ্বৈতবাদ বলা যায়। দ্বৈত-তত্ত্বাদিগণ জীব ও ব্রহ্মের ভেদ এবং জীবগণের পরস্পর-ভেদ স্বীকার করিয়া, সমস্ত দার্থের সত্যতা নিরূপণ করিয়া থাকেন। এক্ষণে বিচার করিয়া দেখা যাউক, বেদান্তের তাৎপর্য্য দ্বৈতে কিংবা অদ্বৈতে? অজ্ঞাতজ্ঞাপকত্বং শাস্ত্রত্বম্—অর্থাৎ অজ্ঞাত বিষয় জ্ঞাপন করে, তাহাকে শাস্ত্র বলে, বেদান্তও অজ্ঞাত জীব এবং ব্রহ্মের একত্ব প্রতিপাদন করিয়া শাস্ত্রনামের যোগ্য হয়। ভেদ লোকপ্রসিদ্ধ, ত্যাকাদি প্রমাণ-গ্রাহ্য; তাহাই যদি বেদান্তের তাৎপর্য্য হয়, তাহা হইলে বেদান্তের অনুবাচ্য হেতু অপ্রামাণ্য হুর্কার হইয়া উঠে। আরও এক কথা, বেদান্তে “নহ নানান্তি কিঞ্চন মৃত্যোঃ স মৃত্যুমাশ্নোতি য ইহ নানেব পশুতি” এইরূপ ক্যদ্বারা দ্বৈতবাদের নিন্দা পরিশ্রুত হয়। সমস্ত বেদান্ত পর্য্যালোচনা করিলেও তাহাও অদ্বৈতের নিন্দা পাওয়া যায় না। ইহা দ্বারা বেদান্তের তাৎপর্য্য যে দ্বৈতে তাহা অতি সহজেই অবগত হওয়া যায়। “যত্র দ্বৈতমিব ভবতি তদিতরমি-রং পশুতি” এই শ্রুতিতেও ইব শব্দ দ্বারা দ্বৈতের মিথ্যাত্বই নিরূপিত হইয়াছে। শ্রুতিতে যেখানে জীব ও ঈশ্বরের ভেদ বর্ণিত হইয়াছে, তাহা উপাধি-নিমিত্ত ঠিক হইবে। যেমন একই চন্দ্র জলভাজন-ভেদে নানা বলিয়া প্রতীয়মান হয়, স্বতঃ ভিন্ন নহে, একই বস্তু; সেইরূপ জীব অদ্বিতীয় ব্রহ্মস্বরূপ হইলেও স্বতঃকরণরূপ উপাধিভেদে নানা বলিয়া প্রতিভাত হয়। বাস্তবিক পক্ষে দ্বৈতত্ব কিংবা দ্বৈতত্ব একরূপ সন্দেহ উপস্থিত হইলে, একতর পক্ষপাতিনী

যুক্তি দ্বারা তাহা নির্ণয় করিতে হয়। অদ্বৈতও বটে দ্বৈতও বটে একরূপ বিরুদ্ধ ভাবের সমাবেশ একত্র সম্ভব নহে। সুতরাং দুইটির মধ্যে একটি সত্য, অপরটি তাহাতে আরোপিত, এইরূপ কল্পনা সাধীয়সী। এখন দেখা যাউক, একত্ব ও দ্বিত্ব এই উভয়ের মধ্যে কোনটি সত্য এবং কোনটি বা মিথ্যা—কল্পিত। যখন একত্ব জ্ঞান উৎপন্ন হইয়াছে, তখন দ্বৈতের চিহ্নমাত্র ছিল না, দ্বৈতজ্ঞান একত্বজ্ঞানকে অপেক্ষা করিয়া উৎপন্ন হইয়াছে। সুতরাং যেটি নিরপেক্ষ, তাহা সত্য; যেটি সাপেক্ষ সেটি মিথ্যা। এখানে একত্ব জ্ঞান কাহাকেও অপেক্ষা না করিয়া উৎপন্ন হওয়ায় তাহা সত্য, দ্বৈতজ্ঞান একত্বকে অপেক্ষা করিয়া জন্মে বলিয়া তাহা মিথ্যা। যেমন পরবর্তী (শক্তি-প্রভৃতি-বস্তুকে) অপেক্ষা করিয়া রজত প্রভৃতির জ্ঞান হয়, সুতরাং শক্তিজ্ঞান সত্য, রজতজ্ঞান তাহাতে আরোপিত। যদি বল একত্বজ্ঞানে দ্বিত্বের অপেক্ষা না থাকিলেও দ্বিত্বের সম্বন্ধ বিদ্যমান আছে, তাহা হইলে অদ্বৈত শব্দের দ্বৈতাভাব, অর্থ করিলে কোনরূপ দোষ থাকে না। ইহাতে একটি বস্তু পরমার্থ সত্য হইল; অপর সমস্ত বস্তু তাহাতে কল্পিত, ইহা প্রমাণিত হইলে, মিথ্যাভূত বস্তু জ্ঞানের দ্বারা নিবৃত্ত হইতে পারে।

মায়াবাদ।

মায়াবাদ অদ্বৈতবাদ হইতে পৃথক্ নহে। যদি সর্বোপাদানত্বরূপে একটি বস্তু সিদ্ধ হয়, তাহার শক্তিরূপে আর একটি বস্তু সিদ্ধ হইতে পারে; সেই শাক্তর নাম মায়া। সেই মায়া-শক্তি মিথ্যা হইলে অদ্বৈত প্রসার লাভ করিতে পারে। অদ্বৈতবাদ বলিলে, দৃশ্যমান সংসারের মায়িকত্ব বুঝায়, এবং মায়াবাদ বলিলে, তদধিষ্ঠাত্বরূপে অদ্বৈত সিদ্ধ হইতে পারে। মায়া সত্ত্বরজস্তমঃস্বরূপা, অবিদ্যা, অজ্ঞান, তমঃ প্রভৃতি ইহার পর্যায় শব্দ। ইহাকে সংস্বরূপা বলা যাইতে পারে না, কারণ জ্ঞানের দ্বারা বাধিত হয়, অসৎ অর্থাৎ খ-পুষ্পরূপ বলা যাইতে পারে না; কারণ তাহা জ্ঞাননিবর্ত্য হইতে পারে না, অভাব পদার্থের অন্তর্গতও বলা যায় না; যেহেতু ভাবরূপে প্রতীয়মান হয়। সুতরাং সৎ ও অসৎ হইতে ভিন্ন অনিবার্য্য ভাবরূপ পদার্থকে মায়া বলা যায়। মায়াবাদের বৈশিষ্ট্য সম্বন্ধে— 'মায়াস্তু প্রকৃতিং বিদ্যান্মায়িনস্তু মহেশ্বরম্। তরত্যবিদ্যাং বিত'তাং হৃদি যাস্মিন্নি-বেশিতে ॥' "ইন্দ্রো মায়াভি পুররূপে দ্গমতে" ইত্যাদি শ্লোকই তাহার প্রমাণ। এত'স্তু সংহিতা ও উপনিষদের বহুস্থলে মায়া শব্দের প্রয়োগ বিদ্যমান আছে। কোন কোন আধুনিক ধর্মপ্রচারক মায়াবাদ অবৈদিক বলিয়া ঘোষণা করিতেও কুণ্ঠিত হ'ন না। বস্তুতঃ তাঁহারা স্বীয় স্বীয় ভ্রান্তমতের পোষকতার জন্ত অন্ধ হইয়া, বেদের বহুস্থলে লক্ষ মায়া শব্দকে অপার্থ করিতে বিন্দুমাত্রও সঙ্কুচিত হ'ন না। যাঁহারা "মায়াস্তু প্রকৃতিং বিদ্যাং" এই শ্রুতিতে মায়াশব্দকে সাংখ্য-মতের প্রকৃতি বলিয়া ঘোষণা করিয়া থাকেন, তাঁহারা অশ্বয়ের দিকে বিন্দুমাত্রও লক্ষ্য রাখেন না। কেন না, "মায়াস্তু প্রকৃতিং বিদ্যাং"—মায়াশব্দকে প্রকৃতি বলিয়া জানিবে, এই মায়া শব্দ যদি সাংখ্যমতের প্রকৃতি হইত, তাহা হইলে

‘প্রকৃতিস্থ মায়াং বিদ্যাং’ অর্থাৎ প্রকৃতিকে মায়া জানিবে এইরূপ পাঠ থাকা উচিত ছিল। কারণ এখানে মায়াং—এই পদটি উদ্দেশ্য এবং ‘প্রকৃতিং’ এই পদটি বিধেয়; অর্থাৎ মায়াকে উদ্দেশ্য করিয়া তাহার প্রকৃতিত্ব (উপাদান-কারণত্ব) বিহিত হইয়াছে। আর যদি প্রতিবাদীর আগ্রহাতিশয়া প্রযুক্ত মায়া শব্দকে মায়াবাদের প্রকৃতি বলা যায়, তাহাতেই বা কতি কি? সাংখ্য ও বেদান্তের মধ্যে প্রকৃতির স্বরূপ একরূপ নিরূপিত হইয়াছে; সাংখ্যবাদিগণ প্রকৃতির স্বতন্ত্রতা ও সত্যতা স্বীকার করেন, বেদান্তীরা তাহাই করেন না, এইমাত্র ভেদ। এই দ্বারা মায়ার বৈদিকতা অতি সহজেই হৃদয়ঙ্গম হয়। শ্রুতিবাক্য উক্তরূপে বিচার করিয়া দেখিলে, মায়াবাদের অস্তিত্ব অতি উক্তরূপে অবগত হওয়া যায়। কারণ মায়াবাদের বৈদিকতা স্থাপনের জন্য ছান্দোগ্যবাক্যের কিঞ্চিৎ বিচার বিশিষ্ট হইতেছে। “সদেব সৌম্য ইদমগ্র আসীৎ”—হে সৌম্য! এই জগৎ সর্বসংস্করণ ব্রহ্মই ছিল, এই বাক্যে ‘ইদং’ শব্দের অর্থ দ্বৈততাদাত্ম্যাপন্ন ব্রহ্ম অগ্রকালসং এইরূপ শাক্ত-বোধ হইবে। অর্থাৎ দ্বৈততাদাত্ম্যাপন্ন ব্রহ্মকে উদ্দেশ্য করিয়া অগ্রকালসং বিধেয় হইতেছে। উদ্দেশ্যতাবচ্ছেদক দেশ ও কালবিশেষে বিধেয়ের অবস্থ হইয়া থাকে,—এই ত্রায় সর্ববাদিসম্মত। যেমন ধনী যখন এস্থলে উদ্দেশ্য ধনী, উদ্দেশ্যতাবচ্ছেদক ধন, তৎকালাবচ্ছেদে সুখিত্ব প্রতীয়মান হয়; যৎকালে ধন বিদ্যমান আছে, তৎকালে পুরুষ সুখী থাকেন। সেইরূপ “সদেব সৌম্য ইদমগ্র আসীৎ” এইবাক্যে—দ্বৈততাদাত্ম্যাপন্ন ব্রহ্ম পাওয়া হইতেছে, পরবর্তী ‘একমেবাদ্বিতীয়ং’ এইবাক্যে দ্বৈতাভাববস্তুর বিহিত হইতেছে। অর্থাৎ এই বাক্য মিলিত হইয়া দ্বৈততাদাত্ম্যাপন্ন ব্রহ্ম দ্বৈতবস্তুর কালাবচ্ছেদে দ্বৈতাভাববৎ এইরূপ শাক্ত-বোধ হইবে। যদি দ্বৈতবস্তুর কালেই ব্রহ্ম দ্বৈতাভাব সিদ্ধ হইত, তাহা হইলে অর্থাৎ ব্রহ্ম ব্যতীত সমস্ত পদার্থের মিথ্যা হইয়া পড়িত। দশাবচ্ছেদে যৎকালাবচ্ছেদে যাহার সত্ত্ব, তদেশাবচ্ছেদে তৎকালাবচ্ছেদে যাহার অসত্ত্বকে মিথ্যা বলা হয়। অর্থাৎ ‘একমেবাদ্বিতীয়ং’ নেহ নানাংস্তি ক্লেবন ‘নাত্র কাচন ভিদাস্তি’—ইত্যাদি শ্রুতি যৎকালে ব্রহ্ম দ্বৈতের প্রতিভানের দ্বারা বলিতেছে, তৎকালে তাহাতেই তাহার মিথ্যা বলা হইতেছে। এই মিথ্যা হইয়াই মায়া। শ্রুতিবাক্য এইরূপে বিচার করিলে প্রত্যেক বাক্য হইতে মায়ার সত্ত্ব পাওয়া যাইবে। কিন্তু যাহাদের বিচার-শক্তি নাই, যাহারা শুকবৎ ২।১টি শ্রুতিবাক্য উচ্চারণ করিয়া থাকে, তাহাদের নিকট এইরূপ শ্রুতি-সমস্বয় প্রদর্শন দ্বারা বিড়ম্বনামাত্র। এতদ্ভিন্ন “মায়ামাত্রস্ত কৃৎস্নেনাভিব্যক্তস্বরূপত্বাৎ” এই ব্রহ্মসূত্রে, “দৈবী হ্রেষা গুণময়ী মম মায়া হরত্যা” এই গীতাবাক্যে এবং হামায়া-প্রভাবেণ সংসারস্থিতিকারিণঃ” এবং বিধ পুরাণবাক্য দ্বারাও মায়ার সত্ত্ব অবগত হওয়া যায়। “অহমজ্জঃ”—ইত্যাদি অনুভবও মায়ার অস্তিত্বের স্পষ্ট প্রমাণ।—এই মায়ার স্বরূপ বিদিত হইলে অদ্বৈতবাদ পরিস্ফুট হইয়া পড়িবে।

অদ্বৈতবাদের শ্রেষ্ঠত্ব ।

পৃথিবীতে ষত প্রকার ধর্মমত প্রচারিত হইয়াছে, তন্মধ্যে অদ্বৈতবাদের স্থান সর্বোচ্চে । সকল মতই অদ্বৈতবাদের সুশীতল ছায়ায় সমাপ্তিত; সকলই অদ্বৈতবাদের সেবায় নিরত । এমন শান্ত, পবিত্র ও উদারভাব আর কোথায় নাই । “সর্বং খন্দিৎ ব্রহ্ম তজ্জলান্ শান্ত উপাসীত”—এইরূপ শ্রুতিবাক্য দ্বারা যখন একমাত্র ব্রহ্মসত্তাই অবগত হওয়া যায়, যখন ব্রহ্মব্যতীত অত্র পদার্থের মিথ্যা জ্ঞান যায়, তখন কে কাহার উপর রাগদ্বेष করিবে; সকলেই শান্তভাবে ভগবদুপাসনা করিবে । যেখানে ভেদ, তথায় পরস্পর বিরোধ এবং উচ্চ নীচ ভাব পরিলক্ষিত হয় । যদি দ্বৈতবাদিগণের দ্বৈতই পরমার্থ-তত্ত্ব হয় এবং চরমে নিজ হইতে অত্যন্ত ভিন্ন পরমেশ্বরের দাসত্ব করাই মোক্ষ হয়, তবে আর বন্ধন কাহাকে বলে? যতদিন পরাধীনতা থাকিবে, যতদিন দাসত্ব থাকিবে, ততদিন মুখ শান্তি কোথায়? সুতরাং সেই মুক্তি বন্ধনের নামাস্তর মাত্র । ভগবান্ শঙ্করাচার্য্য অনাদিকাল হইতে আগত সনাতন বৈদিক অদ্বৈতবাদকে মণ্ডন করিয়াছেন । উপক্রম ও উপসংহারের একত্ব প্রভৃতি বড়বিধ তাৎপর্য্য লিঙ্গদ্বারা শ্রুত্যর্থ নিরূপণ করিতে হয়, সেইরূপে শ্রুতির অর্থ করিলে সকল বাক্যের অদ্বৈতে তাৎপর্য্য অতি সহজেই জ্ঞাত হওয়া যায় । দুই একটি দ্বৈত প্রতিভাসক শ্রুতিকে দেখিয়া সমস্ত শ্রুতির দ্বৈতে তাৎপর্য্য নির্ণয় করা হঠকারিতা ভিন্ন আর কিছুই নহে । দ্বৈতবাদিগণ বেদের অধিক সাহায্য না পাইয়া অবশেষে পুরাণের দ্বারস্থ হইয়াছেন; কিন্তু কেহই তাহাদের অমুকুলতা আচরণ করেন নাই । যোগবাশিষ্ঠ রামায়ণ, অধ্যাত্মরামায়ণ, মহাভারত এবং অন্যান্য শাস্ত্রীয় গ্রন্থে বহুল-পরিমাণে অদ্বৈতবাদ পাওয়া যায় । তবে যাহারা দ্বৈতকে সত্য বিবেচনা করিয়া তদনুসারে অন্তকে উপদেশ দেন, তাঁহাদিগকে আমরা দোষ প্রদান করি না; কারণ অদ্বৈত অতি গহন; অকস্মাৎ লোকের বুদ্ধিগম্য হয় না; সেই সমস্ত প্রথম অধিকারীর পক্ষে দ্বৈতমত শ্রেয়ঃ যেমন বালক নির্ম্মল নভোমণ্ডলে তলমলিনতাদির কল্পনা করিয়া থাকে, তদ্রূপ ভেদবাদিগণ সেই অদ্বৈত পরব্রহ্ম হইতে জীব ও প্রপঞ্চের সত্য ভেদ কল্পনা করিয়া থাকে; কিন্তু সেই সমস্ত লোক যদি দ্বৈতপক্ষ গ্রহণ করিয়া, কন্দের অনুষ্ঠান করে, তাহা হইলে এক সময়ে অদ্বৈতের মাহাত্ম্য বুদ্ধিতে সমর্থ হইবে; যাহারা অদ্বৈতবাদকে অলৌক বলিতে কুণ্ঠিত হন না, তাহারা যদি বৈশেষিক, সাংখ্য প্রভৃতি সূত্র পর্য্যালোচনা করেন, তাহা হইলে জানিতে পারিবেন যে, বহুকাল হইতে অদ্বৈতবাদ চলিয়া আসিতেছে । যখন সেই সমস্ত সূত্রে পূর্বপক্ষরূপে অদ্বৈতবাদ খণ্ডিত হইয়াছে, তখন ইহা বহুকাল হইতে আগত, তাহার সন্দেহ নাই । কিন্তু অন্যান্য কোন বাদী যখন অদ্বৈতবাদী নহেন, তখন পরিশেষ-প্রাপ্ত এক মতে ব্যাসদেবকেই অদ্বৈতবাদী বলিতে হইবে । ভগবান্ গৌড়পাদ সেই মতের পরিপোষক, ভগবৎপাদ শঙ্করাচার্য্য তাহার বহুল প্রচার করিয়াছেন মাত্র । এই অদ্বৈতজ্ঞানই তত্ত্বজ্ঞান, ইহা মোক্ষলাভের একমাত্র সাধন ।

মুক্তির সাধন কি ?

পূর্বে শাস্ত্র ও শাস্ত্রীয় সাধনের বিষয় উপক্রান্ত করিয়া শাস্ত্রস্বরূপ নিরূপিত হইয়াছে; এক্ষণে অবসরক্রমে সাধনের বিষয় বর্ণিত হইতেছে। তত্ত্বজ্ঞানই অবিষ্টা-নিবৃত্তির—মুক্তির একমাত্র সাধন; কারণ জ্ঞানই অজ্ঞানের নিবর্তক। লোকেও শুক্ৰিতে রজতভ্রান্তি, রজ্জুতে সর্পভ্রান্তি, শুক্ৰি ও রজ্জুর তত্ত্বজ্ঞান দ্বারা নিবৃত্ত হইয়া থাকে। যাহার সহিত যাহার বিরোধ পরিদৃষ্ট হয়, সেই তাহার নিবর্তক দেখা যায়, যেমন আলোক ও অন্ধকার। যাহারা কৰ্ম্মদ্বারা কিংবা কৰ্ম্মসহকৃত জ্ঞানের দ্বারা মুক্তিলাভের আশা করিয়া থাকেন, তাহারা একটু বিচার করিয়া দেখিলে বুঝিতে পারেন, ইহা নিতান্ত অসম্ভব। কারণ কৰ্ম্মজ্ঞান ফল অনিত্য; ইহলোকে কৃষ্যাদিকৰ্ম্মজ্ঞান শস্যাদি ফল যেমন অনিত্য, সেইরূপ লোকান্তরে যোগাদি জ্ঞান স্বর্গাদি ফলও অনিত্য হইয়া থাকে। এ বিষয়ে শ্রুতি স্পষ্টই বলিয়াছেন—“তদ্ব্যথেহ কৰ্ম্মচিত্তো লোকঃ ক্ষীয়তে এবমেবামৃত্ত পুণ্যচিত্তো লোকঃ ক্ষীয়তে” ইত্যাদি। জ্ঞান ও কৰ্ম্মের সমুচ্চয়ও সম্ভব হইতে পারে না; কারণ, কৰ্ম্মে যিনি অধিকারী, তিনি জ্ঞানে অধিকারী হইতে পারেন না। যাহার ব্রাহ্মণত্বাদি অভিমানস্থাপন না করিলে, কখনও পুরুষ ব্রাহ্মণোচিত কার্য্য করিতে সমর্থ হ'ন না; কিন্তু যিনি জ্ঞানে অধিকারী, তিনি সেই সমস্ত ধৰ্ম্ম মারোপিত জানিয়া আত্মার বিশুদ্ধতা সম্পাদন করিয়া থাকেন। অপিচ, মধিকারী ও ফল ভিন্ন হওয়ায় এককালে একপুরুষে যুগপৎ জ্ঞান ও কৰ্ম্মের স্থিতির সম্ভব নহে। বিশেষতঃ কৰ্ম্ম অজ্ঞানসম্মত এবং অজ্ঞানের দ্বারা তাহার ক্ষি হইয়া থাকে। যে যাহা হইতে জাত এবং বর্জিত, সে তাহার নিবর্তক হইতে পারে না। তাই বলিয়া কৰ্ম্মানুষ্ঠান ব্যর্থ হয় না; কৰ্ম্ম চিত্তশুদ্ধি সম্পাদন-রঃসর জ্ঞান উৎপাদন করিয়া দেয়; সেই তত্ত্বজ্ঞান একমাত্র মুক্তির সাধন; ভগবান্ অক্ষপাদও তদীয় দর্শনে “তত্ত্বজ্ঞানান্ নিঃশ্রেয়সাধিগমঃ” এই প্রথম-ত্রেই তত্ত্বজ্ঞানকে মোক্ষসাধন বলিয়া কীৰ্ত্তন করিয়াছেন। ভগবান্ শ্রীশঙ্করা-র্ষ্য এই তত্ত্বজ্ঞানের উপদেশ দিয়া মুক্তির পথ প্রশস্ত করিয়া দিয়াছেন।

শঙ্কর-প্রাদুর্ভাব।

কালক্রমে ভারতে সনাতন আৰ্য্যবর্ণাশ্রমধৰ্ম্মের উপর ঘোরতর কুঠারাঘাত হইল; বৌদ্ধ-জৈন-প্রমুখ নাস্তিকবৃন্দ সনাতন বেদের প্রতি অবজ্ঞা প্রদর্শন করিয়া বীন মত প্রচার করিতে লাগিল। পৃথিবীর প্রায় এক-চতুর্থভাগ লোক সেই ধৰ্ম্ম দীক্ষিত হইল। এমন কি অনেক নৃপতি সেই ধৰ্ম্মে দীক্ষিত হইয়া বলপূর্ব্বক জাদিগকে সেই ধৰ্ম্মদীক্ষা প্রদান করিলেন; তদানীং বর্ণাশ্রমধৰ্ম্ম বিধ্বস্ত, বিদ্বিহিত কৰ্ম্মানুষ্ঠান বিলুপ্ত এবং সদাচার তিরোহিত হইতে লাগিল। কেবল ক্লগণ সনাতন বর্ণাশ্রমধৰ্ম্মের রক্ষার জ্ঞান লোকালয় পরিত্যাগপূর্ব্বক পুণ্ডিনে, হন বিপিনে, পর্ব্বতকন্দরে অবস্থান করিতে লাগিলেন। কেহই তাহাদের বলবেগের সন্মুখে দাঁড়াইতে সমর্থ হইলেন না। তখন আর ভগবান্ হির

থাকিতে পারিলেন না; তাঁহার হৃদয়ে অধর্মের ঘোরতর প্রতিঘাত হইতে লাগিল। তিনি যে—“যদা যদাহি ধর্মশ্চ গ্লানির্ভবতি ভারত! অভ্যুত্থানমধর্মশ্চ তদাত্মানং সৃজাম্যহম্ ॥ পরিত্রাণায় সাধুনাং বিনাশায় চ হৃঙ্কতাম্। ধর্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে ॥” এই প্রতিজ্ঞা করিয়াছিলেন, তখন তাহা স্মৃতিপথে সমাক্রুত হইল। অবিলম্বে দাক্ষিণাত্য কেরলদেশ নিজ জন্মভাষা অলঙ্কৃত করিলেন। ঘোর অমানিশার মধ্যে যেন উষার ক্ষীণালোক দেখা দিল। গুরুপক্ষীয় শশধরের শ্রায় বালক দিন দিন বর্দ্ধিত হইতে লাগিল। বদনমণ্ডলে যেন মুষ্টিমতী প্রতিভা লীলা করিতে লাগিল; অল্পকাল মধ্যেই বালক বেদাদিবিজ্ঞায় পারদর্শী হইলেন। কিন্তু তাঁহার সংসারের প্রতি সাতিশয় বৈরাগ্য জন্মিল; তিনি সর্বদাই সংসারের অনিত্যতা দর্শন করিতে লাগিলেন। অবশেষে সন্ন্যাসাশ্রম গ্রহণই তাঁহার জীবনের একমাত্র লক্ষ্য হইল। কিন্তু তিনি দেখিলেন,—তাঁহার বিধবা জননী সন্ন্যাসের পরিপস্থিনী। তখন তিনি এক উপায় অবলম্বন করিয়া জননীর অনুমতি লইয়া সর্বোত্তম সন্ন্যাসধর্ম গ্রহণ করিলেন। যद्यপি “যদহরেব বিরজ্যেৎ তরহরেব প্রব্রজেৎ” এই শ্রুতিদ্বারা তীর্থবৈরাগ্যশালী পুরুষ কাহারও অপেক্ষা না করিয়া তৎক্ষণাৎ সন্ন্যাসগ্রহণ করিবেন, যদি চ ভগবৎপাদ ইহা অবগত ছিলেন, তথাপি তিনি লোকশিক্ষার জন্ত মাতার আদেশ প্রতিপালন করিয়াই সন্ন্যাসগ্রহণ করিলেন। জগতে পিতামাতার শ্রায় গুরু আর কেহ নাই, ইহা জগৎবাসীদিগকে শিক্ষা দিবার জন্তই তিনি এইরূপ রীতি অবলম্বন করিয়াছিলেন।

অনন্তর ভগবান্ শঙ্করাচার্য্য গোবিন্দপাদের নিকট শিষ্যত্ব স্বীকার করিয়া গুরুলক্ষ্য বিজ্ঞার প্রকর্ষ প্রদর্শন করিলেন এবং গুরুর পূজা ও সেবা করিয়া সকলকে তাহা শিক্ষা দিলেন। তাহার পর তিনি ৬কাশীধামে অবস্থান করিয়া শিষ্যদিগকে বেদান্তের উপদেশ প্রদান করিয়াছেন। এইরূপে তিনি উপনিষদ্ভাষ্য, ব্রহ্মসূত্রভাষ্য ও গীতাভাষ্য এবং নানাবিধ গ্রন্থ রচনা করিয়া বেদান্তের মুখ্য তাৎপর্য্য জনগণসমীপে প্রকটিত করিয়াছেন। যে সনাতন বর্ণাশ্রমধর্ম একদা বৌদ্ধবিপ্লবে মলিনভাব ধারণ করিয়াছিল, এমন কি সনাতন আর্য্যধর্মের নাম লুপ্তপ্রায় হইয়াছিল, এ হেন দুঃসময়ে ভগবান্ শঙ্করাচার্য্য আবির্ভূত হইয়া কুমারিকা হইতে হিমাদ্রি পর্য্যন্ত সমগ্র ভূখণ্ড বর্ণাশ্রমধর্মের হৃদুভিনাদে মুখরিত করিলেন। ভারতের চারিপ্রান্তে দুর্গস্বরূপ চারিটি মঠ সংস্থাপনপূর্ব্বক স্বয়ং শৃঙ্গেরীমঠে অবস্থানপূর্ব্বক প্রধান প্রধান শিষ্যগণকে অত্র মঠে স্থাপন করিলেন। যেখানে বৌদ্ধগণ বুদ্ধমন্দির নির্মাণ করিয়া বৌদ্ধধর্মের প্রভাব বিস্তার করিয়াছিলেন, ভগবৎপাদ সেইস্থানে বিষ্ণুমন্দির কিংবা শিবমন্দির প্রতিষ্ঠা করিয়া বর্ণাশ্রমধর্মের স্তম্বরোপণ করিলেন এবং ঘোরতর তর্কযুক্তি ও শাস্ত্রবলে নাস্তিকদিগের দর্প চূর্ণ করিলেন।

যে মহাত্মা এইরূপ ভীষণ সময়ে প্রাত্যহিক হইয়া হৃদশাগ্রস্ত সুবিমল আর্য্যধর্ম-শশাঙ্কে বৌদ্ধজৈনরাহর করালবদন হইতে মুক্ত করিয়াছেন, যিনি শ্রুতির ষপার্থ তাৎপর্য্য প্রকাশিত করিয়া লোকের মুক্তিমাগ প্রদান করিয়া দিয়াছেন, যিনি গুরুশিষ্যভাব, পঞ্চদেবতার উপাসনা প্রভৃতির পুনরায় প্রচার করিয়াছেন,

সেই মহাত্মা কোন্ ব্যক্তির না পূজ্য ? কিন্তু কোন কোন আধুনিক গ্রন্থকার বা তদনুসারী ব্যক্তিগণ সেই ভগবৎপাদের উপর নানাবিধ দোষ অর্পণ করিয়া থাকে ; এমন কি ভগবৎপাদের উপর বিষম কটাক্ষপাত করিতেও কুণ্ঠিত হয় না । আমরা সেই সমস্ত লোকের সাহস দেখিয়া বিস্মিত হই । অবশ্য মহাজনের সহিত বিরোধও বাঞ্ছনীয় ; কিন্তু যাহারা প্রকৃত তত্ত্বের অপলাপ করিয়া নিজের প্রতিষ্ঠার জন্ত কষ্টকল্পনা দ্বারা শাস্ত্রের অন্তরূপ ব্যাখ্যা দ্বারা সাধুপ্রকৃতি জনগণের হৃদয়ে বিবিধ সন্দেহ উপস্থাপিত করে এবং লোককে প্রকৃতমার্গ হইতে অসংপথে চালিত করে, তাহারা যে সমাজদ্রোহী ও ধর্মদ্রোহী, তাহাতে কিছুমাত্রও সন্দেহ নাই । তর্কযুক্তিকে আশ্রয় করিয়া বস্তু নিরূপণ করা যায় না ; আজ তार्কিক তর্কবলে একটি পদার্থ স্থির করিলেন এবং তাহাই অত্রান্ত বলিয়া ঘোষণা করিলেন, আর কিছুদিন পরে তদপেক্ষা অপর বলবান্ তार्কিক তাহার খণ্ডন করিলেন । এইরূপে কেবল তর্কবলে কোন পদার্থ নির্ণীত হয় না, বরং অনবস্থা চলিয়া যায় । তজ্জন্ত ভগবান্ শঙ্করাচার্য্য গভীর গবেষণা দ্বারা স্থির করিলেন,—তর্কের যখন একত্র অবস্থিতি নাই, তখন তাহাকেই একমাত্র প্রমাণ না বলিয়া, যাহা অপৌরুষেয়, অত্রান্ত, যাহাতে ভ্রান্তি, প্রমাদ প্রভৃতি পুরুষদোষ লেশমাত্রও স্পর্শ করে নাই, এবং বিধ আপ্তবাক্যকে প্রকৃষ্ট প্রমাণ বলা যাইতে পারে । বিশেষতঃ অলৌকিক বিষয়ে প্রত্যক্ষ ও অনুমানের প্রসার নাই, একমাত্র আপ্তবাক্য তথায় সফলতা লাভ করে । সেই আপ্তবাক্য—বেদ । বেদানুসারী বলিয়া ঋষিগণের বাক্যকে আপ্তবাক্য বলা হইয়া থাকে । এই অলৌকিক তত্ত্ব একমাত্র বেদ দ্বারা অধিগত হওয়া যায়, তর্ক তাহার সহায়তা করে মাত্র । প্রমাণ,—আগম—বেদবেদান্ত ; তর্ক তাহার ইতিকর্তব্যতাস্থানীয় । অবলম্বনীয় প্রমাণের অভাব হইলে, তর্ক কোথায় আশ্রয় লাভ করিবে ? এইজন্তই তিনি অপৌরুষেয় বেদের আশ্রয় গ্রহণ করিয়াছেন এবং সেই বেদের যথার্থ তাৎপর্য্য নির্ণয় করিয়া, মানবহৃদয়ের অজ্ঞান দূর করিয়া দিয়াছেন । ভগবান্ শঙ্করাচার্য্য যেমন বুদ্ধিমান্ ব্যক্তিগণের জন্ত ভাষ্যাদি গ্রন্থ প্রণয়ন করিয়াছেন, সেইরূপ স্বল্পধী ব্যক্তি যাহাতে অল্পপ্রয়াসে সমগ্র বেদান্তের অভিপ্রায় বুঝিতে পারে, তজ্জন্ত তিনি সরলভাবে অনেক গ্রন্থ রচনা করিয়াছেন, তন্মধ্যে এই গ্রন্থখানি বিশেষরূপে উল্লেখযোগ্য ।

এই গ্রন্থখানি শঙ্কর-কৃত ।

এই "সর্ববেদান্তসিদ্ধান্তসারসংগ্রহ"-নামক গ্রন্থখানি শ্রীশঙ্করাচার্য্যকৃত গ্রন্থসমূহের মধ্যে অন্ততম উপাদেয় গ্রন্থ । এই গ্রন্থে ভগবৎপাদ বেদান্তের প্রায় যাবতীয় সিদ্ধান্ত সংক্ষিপ্ত অথচ সরলভাবে বিবৃত করিয়াছেন । জিজ্ঞাসু সরল-বিশ্বাসী মানব কেবল এই একখানি গ্রন্থের সাহায্যে বেদান্তের অনেক বিষয় অবগত হইতে সমর্থ হইবেন । ইহাতে বিষয়গুলি অতি পারিপাটীরূপে যথাক্রমে উপস্থাপিত হইয়াছে । মঙ্গলাচরণের পর সাধন-চতুষ্টয়ের বিষয় উল্লিখিত হইয়াছে, কামের স্বরূপ বর্ণন পূর্বক ষমের সহিত তাহার তুলনা করিয়া, ষমের অপেক্ষা

কামের ভীষণতা প্রদর্শিত হইয়াছে। অনন্তর সঙ্কল্পত্যাগই যে কামবিজয়ের একমাত্র উপায়, তাহা বিশেষরূপে নিরূপিত হইয়াছে। লোকে ধনের উপর অত্যন্ত অনুরক্ত হইয়া তাহাকেই সারভূত বস্তু বিবেচনা করে; এই গ্রন্থে ভগবৎপাদ সেই ধনে বৈরাগ্যোৎপাদনের জন্ত তাহার দোষ উদ্ঘাটন করিয়াছেন। তত্রত্য একটি শ্লোক এখানে উদ্ধৃত হইল—

রাজ্ঞো ভয়ং চৌরভয়ং প্রমাদাদ্

ভয়ং তথা জ্ঞাতিভয়ঞ্চ বস্তুতঃ ।

ধনং ভয়গ্রাস্তমনর্থমূলং

যতঃ সতাং তন্ন মুখায় কল্পতে ॥

তাহার পর বৈরাগ্যের ফল বর্ণন পূর্বক শম দম প্রভৃতির স্বরূপ বর্ণন করিয়াছেন, সাধন-চতুষ্টয়ের অন্তর্গত উপরতি-শব্দবাচ্য সন্ন্যাস তাহার অগ্রতম; ইহাতে সন্ন্যাসের স্বরূপ উত্তমরূপে প্রতিপাদিত হইয়াছে। এই সমস্ত সাধন নির্ণয় করিয়া বস্তুতঃ ব্রহ্ম ব্যতীত সমস্ত পদার্থ মিথ্যা,—রজ্জুতে সর্পের গায় অধ্যস্ত,—বাস্তবিক পক্ষে তাহাদের আর পৃথক্ সত্তা নাই, ইহা নিরূপিত হইয়াছে। প্রত্যক্ষ প্রমাণের সহিত শ্রুতির বিরোধ ঘটিলে, শ্রুতিই বলবতী ইহা প্রদর্শিত হইয়াছে। তাহার পর আত্মা ও অনাত্মার অবিবেকই ভ্রান্তির কারণ; অজ্ঞানের মূল কারণ এবং অজ্ঞানের অস্তিত্বে শ্রুতি, যুক্তি ও অনুভব প্রভৃতি যে কারণ, তাহা নিরূপিত হইয়াছে। জীব, ঈশ্বর ও ব্রহ্মের স্বরূপ নির্ণয় করিয়া পরব্রহ্মে অধ্যস্ত ভূত-সমূহ, ইন্দ্রিয়বর্গ, লিঙ্গশরীর, অন্তঃকরণ ও পঞ্চকোশ প্রভৃতির স্বরূপ সম্যকরূপে বিবেচিত হইয়াছে। আত্মজ্ঞানই মুক্তির কারণ ইহা প্রদর্শনপূর্বক বাদিগণের অভিমত আত্মস্বরূপ দেখাইয়া যুক্তি ও শ্রুতি দ্বারা তাহা খণ্ডিত হইয়াছে। অনন্তর আত্মার আনন্দস্বরূপতা, আত্মভিন্ন পদার্থের স্তম্ভরূপতানিরাস এবং আত্মার অদ্বিতীয়ত্ব নিরূপণ করিয়াছেন। তাহার পর 'তত্ত্বমসি'—বাক্যে তৎ ও তৎ পদার্থের নিরূপণ করিয়া লক্ষ্যার্থ নিরূপণ করিয়াছেন এবং অথগুণার্থে বেদান্তের তাৎপর্য প্রদর্শন করিয়া অথগুণার্থ কি তাহা দেখাইয়াছেন। অনন্তর অধিকারি-নিরূপণ, শ্রবণ, মনন, নিদিধ্যাসন ও সমাধির স্বরূপ নিরূপণ করিয়া অষ্টাঙ্গযোগের স্বরূপ বর্ণনা করিয়াছেন এবং পরিশেষে জ্ঞানের মুক্তি হেতু প্রদর্শন করিয়া জ্ঞানের অবস্থা প্রদর্শন করিয়াছেন। এইরূপে অতি সংক্ষেপে অতি সরল ভাষায় সমস্ত বিষয় গুরুশিষ্য সংবাদচ্ছলে অতি উত্তমরূপে প্রতিপাদিত হইয়াছে। ইহার রচনার পারিপাট্য এবং লেখার কৌশল দেখিলে চমৎকৃত হইতে হয়। শ্লোকগুলি সহজ কাব্যের গায় অতি মধুর। এই সুন্দর গ্রন্থখানি আয়ত্ত করিয়া রাখিলে বেদান্তের প্রায় সমস্ত বিষয়ের বর্ণনা করিবার সামর্থ্য জন্মে।

কিন্তু কেহ কেহ এই উপাদেয় গ্রন্থখানিকে শঙ্কর-প্রণীত বলিতে প্রস্তুত নহেন। তাঁহারা বলেন,—এই গ্রন্থে যেরূপ শ্লোক দেখা যায়, তাহা আধুনিক বলিয়া বোধ হয়। অপিচ যে সমস্ত সিদ্ধান্ত তৎকালে 'স্মৃৎভাবে প্রকাশিত হয় নাই, তাহা ইহাতে বিশদভাবে বর্ণিত আছে। যদি শঙ্করার্চার্য স্বয়ংই এই

সমস্ত সিদ্ধান্ত ব্যক্ত করিয়া দিয়া থাকেন, তবে তাহা লইয়া পরবর্তী আচার্য্যগণের বিপ্রতিপত্তি উপস্থিত হইবেই বা কেন? এতদ্ভিন্ন এ গ্রন্থখানির রচনা শঙ্করাচার্য্য কৃত অন্যান্য গ্রন্থের রচনা হইতে সম্পূর্ণ ভিন্ন। তাঁহারা এবং বিধ যুক্তিবলে এই গ্রন্থখানি শঙ্কর-প্রণীত বলিতে সন্মত নহেন। ইহার উত্তরে আমরা বলি,—এ পুস্তকখানিতে যেরূপ সুন্দরভাবে বেদান্তের বিষয়গুলি সন্নিবেশিত হইয়াছে এবং সরলভাবে সুন্দর শ্লোকে লিখিত হইয়াছে, তাহাতে এই গ্রন্থখানি একজন বিশিষ্ট অভিজ্ঞব্যক্তির রচিত বলিয়া বোধ হয়। বিশেষরূপে পরীক্ষা করিয়া দেখিলে জানিতে পারা যায় যে, শঙ্করের অন্যান্য গ্রন্থের সহিত ইহার অনেকাংশে সাদৃশ্য আছে। শঙ্করের সমস্ত গ্রন্থের ভাষা অতি পরিপাটী এবং কাব্যের রচনা অপেক্ষা মধুর; তাই বলিয়া আধুনিক বলা চলে না। পরবর্তী আচার্য্যগণ শঙ্করের এক একটি বাক্য উদ্ধৃত করিয়া ইহাই শঙ্করের মত বলিয়া ঘোষণা করিয়াছেন। এই কারণে যে তৎকালে এই গ্রন্থ ছিল না, ইহা বলার কি যুক্তি আছে? অপিচ শৃঙ্গেরী মঠ ভগবান্ শঙ্করাচার্য্যের প্রধান মঠ; তথায় তিনি অবস্থান করত এই সমস্ত গ্রন্থ শিষ্যদিগকে পড়াইতেন, অবিচ্ছিন্নভাবে সম্প্রদায়-পরম্পরায় যে গ্রন্থ চলিয়া আসিতেছে, তাহা উপেক্ষা করিয়া বাহা কিছু প্রতিপাদন করিবার কি কারণ বিদ্যমান আছে? ভূতপূর্ব শৃঙ্গেরী মঠের শঙ্করস্বামী একজন পরমযোগী ও গভীর পণ্ডিত ছিলেন, বিষয়বাসনা তাঁহার হৃদয়ে বিন্দুমাত্রও ছিল না। যাহারা সেই মহাত্মাকে একবার দর্শন করিয়াছেন, তাঁহারা বুঝিয়াছেন যেন শঙ্কর পুনরায় ভূমিতলে অবতীর্ণ হইয়াছেন। সেই মহাত্মার তত্ত্বাবধানে শৃঙ্গেরী মঠ হইতে যে শঙ্করগ্রন্থসমূহ প্রকাশিত হইয়াছে, তন্মধ্যে এই গ্রন্থখানিও সন্নিবেশিত হইয়াছে; যদি এই গ্রন্থ শঙ্করপ্রণীত না হইত, তাহা হইলে পরমযোগী জ্ঞানিশ্রেষ্ঠ সুধীপ্রবর শৃঙ্গেরীমঠ-স্বামী অপরের পুস্তক শঙ্করপ্রণীত গ্রন্থনিচয়ের মধ্যে সন্নিবেশিত কেন করিবেন? এই গ্রন্থখানি শঙ্করের না হইলেও কি তাঁহার গৌরবের কিছুমাত্র হানি হইত? অপিচ, অপর কোন ব্যক্তি এইরূপ একখানি উৎকৃষ্ট গ্রন্থ রচনা করিয়া স্বীয় নাম গোপনপূর্বক অপরের নামে প্রকাশ করিবেন বা কেন? তিনিই একমাত্র এই গ্রন্থখানি রচনা করিয়া সুধীসমাজে সুপরিচিত হইতে পারিতেন। এতদিন বঙ্গদেশে এ গ্রন্থখানির প্রচার ছিল না; কেহই এগ্রন্থবিষয়ে সংবাদ রাখেন না; যাহারা কেবল প্রচার না দেখিয়াই—এই গ্রন্থ শঙ্করের নহে, ইহা বলিয়া থাকেন, বস্তুতঃ তাঁহাদের অনুকূলে যুক্তি নাই। ভগবৎপাদকৃত গ্রন্থসমূহ পাঠ করিলে জানিতে পারা যায় যে, যাহারা বিচার-সমর্থ এবং সুবুদ্ধি তাঁহাদের পক্ষে উপনিষদ-ভাষা, ব্রহ্মসূত্র-ভাষা ও গীতাভাষা বিশেষ উপযোগী, কিন্তু যাহারা সেই সমস্ত গ্রন্থ অধ্যয়ন করিতে অসমর্থ, তাঁহাদের পক্ষে “সর্ববেদান্তসিদ্ধান্তসার-সংগ্রহ” প্রভৃতি গ্রন্থ বিশেষ কার্য্যকারী হইবে, এই অভিপ্রায়ে তিনি দ্বিবিধ গ্রন্থ রচনা করিয়াছেন। যাহারা শক্তিশালী পুরুষ, তাঁহারা লোকহিতের জন্ত নানাবিধ রচনা করিতে পারেন, তাই বলিয়া এগ্রন্থ অপর-প্রণীত ইহা বলায় স্বকীয় অসামর্থ্যেরই পরিচয় দেওয়া হয়। এ সমস্ত দৃঢ় প্রমাণ থাকিতে কেহ যদি ইহা শঙ্করকৃত বলিতে

আপত্তি করেন, তাহা হইলে আমরা তাঁহাদের আগ্রহের জন্য 'উদ্ধৃতি' বলিতে প্রস্তুত আছি। এ গ্রন্থের রচয়িতা যিনি হউন না কেন, ইহাতে বেদান্তের বিষয় যেরূপ সুন্দর ও সরল ভাবে বিবৃত আছে, তাহাতে পাঠকগণ অবশ্য "নমু বক্তৃ-বিশেষ-নিঃস্পৃহা গুণগৃহীতা বচনে বিপশ্চিতঃ" এই নীতির অনুসরণ করিয়া ইহার সমাদর করিবেন; সন্দেহ নাই।

পুস্তকের আদর্শ।

আমরা এই পুস্তকের অনুবাদে দুইখানি মুদ্রিত পুস্তকের সাহায্য লাভ করিয়াছি। তন্মধ্যে একখানি শ্রীরঙ্গম্ বাণীবিলাস প্রেস হইতে মুদ্রিত, অপর-খানি মহীশূর ওরিএণ্টাল লাইব্রেরি হইতে প্রকাশিত। আমরা উল্লিখিত উভয় পুস্তকেরই সাহায্য পাইয়াছি; তথাপি প্রথমোক্ত পুস্তকখানির বিশেষরূপ অনুসরণ করিয়াছি। কারণ উক্ত পুস্তকখানি শৃঙ্গেরী মঠের স্বামীজী মহারাজের তত্ত্বাবধানে প্রকাশিত হইয়াছে। তথাপি অনেক শ্লোক মূল হস্তলিখিত পুস্তক হইতে যথাযথভাবে উদ্ধৃত হইয়াছে বলিয়া বোধ হয় না; কারণ অনেক শ্লোকের অর্থে কষ্ট করিয়া করিতে হইয়াছে। উভয় পুস্তকের পাঠ দেখিয়া যতদূর সম্ভব, সমীচীন পাঠ সংযোজিত হইয়াছে।

অনুবাদকের পরিচয়।

কলিকাতা সংস্কৃত কলেজের প্রধান ধর্মশাস্ত্রাধ্যাপক পরম শ্রদ্ধেয় পণ্ডিত মহামহোপাধ্যায় শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ মহাশয় প্রথমে এই পুস্তকের অনুবাদের ভার গ্রহণ করেন; কিন্তু দংশের অনুবাদ করিয়া তিনি পীড়িত হ'ন; পরে তাঁহারই ইচ্ছানুসারে লোটা স্লাইভেরীর স্বত্বাধিকারী ও অধ্যক্ষ শ্রীযুক্ত বাবু অনিলচন্দ্র দত্ত মহাশয় আমারই উপর এই কার্যের ভার অর্পণ করেন। যদিও আংশিকভাবে গ্রন্থানুবাদে আমার বিন্দুমাত্রও প্রবৃত্তি ছিল না, তথাপি অনিলবাবুর কার্য্য বলিয়া এভার গ্রহণ করিতে বাধ্য হইয়াছিলাম। তর্কভূষণ মহাশয় লক্ষপ্রতিষ্ঠ পণ্ডিত; যদিও তাঁহার অনুবাদের সহিত আমার অনুবাদের সামঞ্জস্য থাকিতে পারে না, তথাপি মানুশ ক্ষুদ্র ব্যক্তির এই নবীন উৎসাহের প্রতি পাঠকগণের কিঞ্চিন্মাত্র দৃষ্টিপাত হইলে, এই দীন লেখক পাঠকবর্গের হস্তে আরও অনেক গ্রন্থ অর্পণ করিতে সমর্থ হইবে। এই গ্রন্থে সর্বসমেত ১০০৬টি শ্লোক আছে; তন্মধ্যে ২৭২টি শ্লোকের অনুবাদক তর্কভূষণ মহাশয়; অবশিষ্ট শ্লোকের অনুবাদ আমাকেই করিতে হইয়াছে। আক্ষরিক অনুবাদ করিতে গিয়া অনেক স্থলে ভাবার পারিপাট্য রক্ষিত হয় নাই। অনেক পারিভাষিক শব্দের প্রতিশব্দ দিবার চেষ্টা করা হইয়াছে; কিন্তু সকলস্থলে অর্থ পরিষ্কৃত না হইতেও পারে। আমার এই প্রথম অনুবাদে ক্রটি থাকিবারই বিশেষ সম্ভাবনা; পাঠকবর্গ নিরপেক্ষ ভাবে বিচার করিয়া, ইহার দোষগুণ আমাকে জানাইলে কৃতার্থ হইব।

বিষয়-সূচী ।

বিষয় ।	পৃষ্ঠা ।	বিষয় ।	পৃষ্ঠা ।
অনুবন্ধ-চতুষ্ঠয়ম্ ...	৩	একান্তশীলতা ...	৫৬
সাধন-চতুষ্ঠয়ম্ ...	৬	মুমুকুত্বম্ ...	৫৬
নিত্যানিনিত্যবস্তুবিবেকঃ ...	৮	দমঃ ...	৫৬
বিরক্তিঃ ...	১১	তিতিকা ...	৬০
কাম-দোষঃ ...	২৩	সন্ন্যাসঃ ...	৬৬
কামবিজ্ঞানোপায়ঃ ...	৩০	শ্রদ্ধা ...	৮৬
ধনদোষঃ ...	৩৩	চিত্তসমাধানম্ ...	৮৯
বিরক্তি-ফলোপসংহারঃ ...	৩৯	মুমুকুত্বম্ ...	৯২
শব্দাদিসাধন-নিকূপণম্ ...	৪৪	আত্মানায়াবিবেকঃ ...	১১৯
শমঃ ...	৪৪	অধ্যারোপঃ ...	১২০
মনঃপ্রসাদ-সাধনম্ ...	৪৭	অজ্ঞানম্ ...	১২০
ব্রহ্মচর্যাম্ ...	৪৯	ঈশ্বরঃ ...	১২৩
অহিংসা ...	৪৯	প্রত্যগাত্মা ...	১২৬
দয়া-বক্রতে ...	৫০	জীবঃ ...	১২৬
বৈতৃষ্ণ্যম্ ...	৫০	জগৎসর্গঃ ...	১২৯
শৌচম্ ...	৫১	ভূতানি ...	১৩০
দম্ভঃ ...	৫১	লিঙ্গশরীরম্ ...	১৩২
সত্যম্ ...	৫২	ধীজ্জিহ্বাণি ...	১৩২
নির্দামতা ...	৫২	অস্তঃকরণম্ ...	১৩৩
স্বৈর্যাম্ ...	৫৩	বিজ্ঞানময়-কোশঃ ...	১৩৬
অভিমান-বিসর্জনম্ ...	৫৩	মনোময়-কোশঃ ...	১৩৭
ঈশ্বর-ধ্যানম্ ...	৫৪	চিত্তপ্রসাদঃ ...	১৪১
ব্রহ্মবিৎসহবাসঃ ...	৫৪	সব্বুজি-হেতুঃ ...	১৪৪
জ্ঞান-নিষ্ঠা ...	৫৪	প্রাণময়-কোশঃ ...	১৪৬
সমত্বম্ ...	৫৫	স্থূলপ্রপঞ্চঃ ...	১৫২
মানানাসক্তিঃ ...	৫৫	পঞ্চীকরণম্ ...	১৫২

विषय।	पृष्ठा।	विषय।	पृष्ठा।
भूतशुभाः	१५७	निर्बिकल्प-समाधिः ...	२८१
इन्द्रिय-सामर्थ्यम्	१५७	दृष्टानुबिम्ब-सविकल्पः ...	२८८
इन्द्रियाधिदैवतानि	१५८	ज्ञाननिष्ठायां कर्मानुपयोगः	२९७
ब्रह्माण्ड-सृष्टिः	१७७	निर्बिकल्प-समाधिः ...	३०७
चतुर्विधजस्तवः	१७८	बाह्यसमाधि-प्रकारः ...	३०८
आय-निरूपणम्	१९१	प्रमादत्यागः	३१२
अज्ञान-निवर्तकम्	१८२	योगः	३१८
पुत्राश्रवादः	१९७	अष्टावङ्गानि	३१५
देहाश्रवादः	१९८	शिष्याश्च श्वानुभवः	३१८
इन्द्रियाश्रवादः	१९९	ज्ञानभूमिकालक्षणम् ...	३२२
प्राणाश्रवादः	१९९	शुभेच्छा	३२७
मन-आश्रवादः	२०१	विचारणा	३२८
बुद्ध्याश्रवादः	२०२	तन्ममानसौ	३२८
अज्ञानाश्रवादः	२०८	सत्त्वापत्तिः	३२८
ज्ञानाज्ञानाश्रवादः	२०७	संसक्तिनामिका	३२५
श्रुत्याश्रवादः	२०९	पदार्थाभावना	३२५
श्रुतवाद-निरासः	२१७	तुर्यागा	३२७
आयुन आनन्दस्य-निरूपणम्	२२१	जाग्रज्जाग्रत्	३२७
आयुश्रुत्य सुखरूपस्य-निरासः	२३०	जागत्सुषुप्तिः	३२७
आयुनोहृद्वितीयस्य	२४१	जाग्रत्सुषुप्तिः	३२९
तत्त्वपदार्थः	२५१	सुषुप्तिजाग्रत्	३२९
तत्त्वपदार्थः	२५२	सुषुप्तिः	३२९
वाच्यार्थ-विरोधः	२५२	सुषुप्तिः	३२८
लक्ष्यार्थ-निरूपणम्	२५८	सुषुप्तिजाग्रत्	३२८
अथप्रार्थः	२७७	सुषुप्तिः	३२९
अधिकारि-निरूपणम्	२९९	सुषुप्तिः	३२९
श्रवणादि-निरूपणम्	२८७	तुर्याथा	३२९
सविकल्प-समाधिः	२८७	विदेहमुक्तिः	३३१

সর্ববেদান্ত-সিদ্ধান্ত-

সার-সংগ্রহঃ।

অখণ্ডনাচরণম্—

অখণ্ডানন্দ-সন্দোহো * বন্দনাদ্ যশ্চ জায়তে ।

গোবিন্দং তমহং বন্দে চিদানন্দতনুং গুরুম্ ॥ ১

অর্থঃ । যশ্চ (যাঁহার) বন্দনাং (উপাসনা দ্বারা) অখণ্ডানন্দসন্দোহঃ (অপরিচ্ছিন্ন স্মৃতির সাক্ষাৎকার) জায়তে (হইয়া থাকে) চিদানন্দতনুং (চৈতন্য ও আনন্দের মূর্তিস্বরূপ) তং (সেই) গোবিন্দং (গোবিন্দনামক) গুরুং (গুরুকে) অহং (আমি) বন্দে (বন্দনা করিতেছি) ॥ ১

অনুবাদ । যাঁহার উপাসনা করিলে অবিদ্যার স্মৃতির অনুভব হয়, চৈতন্য ও আনন্দের বিগ্রহস্বরূপ সেই গোবিন্দ-নামক গুরুকে আমি বন্দনা করিতেছি ॥ ১

অখণ্ডং সচ্চিদানন্দমবাণ্ড মনসগোচরম্ ।

আত্মানমথিলাধারমাশ্রয়েহ্ভীষ্টসিদ্ধয়ে ॥ ২

অর্থঃ । অখণ্ডং (অবিদ্যার) সচ্চিদানন্দং (সৎ চিত্ত ও আনন্দস্বরূপ) অবাণ্ডনসগোচরং (বাক্য ও মনের অতীত) অথিলাধারং (বিশ্বের আশ্রয়) আত্মানং (আত্মাকে) অভীষ্টসিদ্ধয়ে (অভীষ্টসিদ্ধির জন্ত) আশ্রয়ে (আমি আশ্রয় করিতেছি) ॥ ২

অনুবাদ । যাঁহার বিনাশ নাই, যিনি পরমার্থসৎ, যিনি জ্ঞানস্বরূপ ও আনন্দ এবং যিনি চরাচর প্রপঞ্চের আশ্রয়, সেই ব্রহ্মকে আমি আশ্রয় করিতেছি, সেই ব্রহ্ম বাক্য এবং মনের অগোচর ॥ ২

যদালম্বো দরং চন্তি সতাং প্রত্যাহসম্ভবম্ ।

তদালম্বে দয়ালম্বং, লম্বোদর-পদাম্বুজম্ ॥ ৩

অর্থঃ । যদালম্বঃ (যাঁহার অবলম্বন) সতাং (সজ্জনগণের) প্রত্যাহসম্ভবং

* অখণ্ডানন্দ-সংবোধঃ ইতি বা পাঠঃ ।

(বিঘ্ন হইতে সমুৎপন্ন) দরং (ভয়কে) হস্তি (হনন করিয়া থাকে) তৎ (সেই)
দয়ালস্বং (করুণার আধার) লস্বোদর-পদাস্বজং (গণেশের চরণ-পদ্যকে) আলস্বে
(আমি অবলম্বন করিতেছি) ॥ ৩

অনুবাদ । যাহাকে অবলম্বন করিলে, সজ্জনগণের বিঘ্ন হইতে সমুৎপন্ন
ভয়ের নিবৃত্তি হয়, করুণার আধার সেই গণেশ-পাদপদ্যকে আমি অবলম্বন
করিতেছি ॥ ৩

অর্থতোহপ্যদ্বয়ানন্দমতীত-দ্বৈত-লক্ষণম্ ।

আত্মারামগহং বন্দে শ্রীগুরুং শিব-বিগ্রহম্ ॥ ৪

অর্থঃ । অর্থতঃ (বাস্তব পক্ষে) অপি (ও) অদ্বয়ানন্দং (দ্বৈতবর্জিত আনন্দ-
স্বরূপ) অতীত-দ্বৈত-লক্ষণম্ (অবিজ্ঞানবিনিস্কৃত) আত্মারামং (একমাত্র আত্মাতেই
অনুরক্ত) শিববিগ্রহং (সাক্ষাৎ শিবস্বরূপ) শ্রীগুরুং (শ্রীগুরুদেবকে) অহং
(আমি) বন্দে (বন্দনা করিতেছি) ॥ ৪

অনুবাদ । নামেও যিনি অদ্বয়ানন্দ অর্থাৎ অবিজ্ঞানবিনিস্কৃত, আনন্দময়
অবিজ্ঞান হইতে বিনিস্কৃত সাক্ষাৎ শিবমূর্ত্তিদ্বারা আত্মারামানুরক্ত, সেই
শ্রীগুরুদেবকে আমি বন্দনা করিতেছি ॥ ৪

মন্তব্য । এই শ্লোকে ‘অতীত-দ্বৈত-লক্ষণ’ এই পদটি বহুদীর্ঘসমাস-নিম্পন্ন,
যাহার দ্বৈত-লক্ষণ অতীত হইয়াছে—তাহাকেই অতীতদ্বৈতলক্ষণ কহা যায় ।
দ্বৈতলক্ষণ এই শব্দটির অর্থ, অজ্ঞান বা অবিজ্ঞান, দ্বৈত অর্থাৎ এই পরিদৃশ্যমান-
প্রপঞ্চ, যাহার লক্ষণ অর্থাৎ অনুমাপক হেতু, এই প্রকার ব্যুৎপত্তি দ্বারা দ্বৈতলক্ষণ
এই পদটি সিদ্ধ হইয়াছে বলিয়াই দ্বৈতলক্ষণ শব্দটির অর্থ এই অজ্ঞান অবিজ্ঞান বা
অজ্ঞান হইতেছে । কার্য্য দেখিয়াই লোকে কারণের অনুমান করিয়া থাকে । ইহা
লোক-প্রসিদ্ধ ; অদ্বৈতবাদের মতে এই বিশ্বপ্রপঞ্চ অবিজ্ঞানই কার্য্য ; এই কারণে
দ্বৈতরূপ কার্য্যের দ্বারা তাহার কারণ যে অজ্ঞান, তাহার অনুমান করা যাইতে
পারে । এই শ্লোকটি পাঠ করিলে একরূপ শঙ্কা হইতে পারে যে, আচার্য্য
শঙ্করের অদ্বয়ানন্দ-নামক আর একজন গুরু ছিলেন ; কারণ, প্রথম শ্লোকে তিনি
গোবিন্দ-নামক গুরুকে নমস্কার করিয়া আবার যখন ‘অদ্বয়ানন্দ শ্রীগুরুকে বন্দনা
করিতেছি’ বলিয়া এই চতুর্থ শ্লোকের দ্বারা গুরু বন্দনা করিতেছেন, ইহা দ্বারা
ইহাই সম্ভবপর হয় যে, আচার্য্য শঙ্করের গোবিন্দ এবং অদ্বয়ানন্দ নামে দুইজন
অদ্বৈতবিদ্বার উপদেষ্টা গুরু ছিলেন—নহিলে ভিন্ন ভিন্ন নাম দিয়া—দুইটি
শ্লোকে তিনি দুইবার গুরুবন্দনা করিবেন কেন?—আমার বিবেচনায় কিন্তু

এই প্রকার সিদ্ধান্ত করা সমীচীন বলিয়া বোধ হয় না— কারণ, অত্যন্ত ভক্তি-বশতঃ মঙ্গলাচরণের উপক্রমে এবং উপসংহারে দুইবার একই গুরুকে বন্দনা করিয়া, শঙ্কর কোন প্রকার শাস্ত্রবিরুদ্ধ কার্য্য করিয়াছেন, ইহা বলিতে পারা যায় না । তাহার পর অদ্বয়ানন্দ এই পদটি আচার্য্যের গুরু গোবিন্দের উপাধি, এই প্রকার ধরিয়া লইলেও গোল চুকিয়া যায় । নিকৃপাধিক নাম দ্বারা গুরুকে স্মরণ করিয়া, পূর্ব শ্লোকে গুরু বন্দনা করা হইয়াছে ; ইহাতে গুরুর প্রতি ঈষৎ অসম্মান সূচিত হইতে পারে—ইহা ভাবিয়া তাহারই প্রতিবিধান করিবার জন্ত গুরুর প্রসিদ্ধ উপাধির উল্লেখপূর্বক এই চতুর্থ শ্লোকে বন্দনা করিয়া আশ্চর্য্য শঙ্কর উপযুক্ত কার্য্যই করিয়াছেন, এই প্রকার ভাব বর্ণনা করিলে কোন ক্ষতিই দেখিতে পাওয়া যায় না । কেহ কেহ বলেন,—শ্রীগুরু এই শব্দটির দ্বারা গুরুর গুরুই অভিহিত হইয়া থাকেন, তাঁহাদের মতে আচার্য্য শঙ্কর প্রথম শ্লোকে নিজ গুরুর বন্দনা করিয়া, এই চতুর্থ শ্লোকের দ্বারা গুরুর গুরুর অর্থাৎ পরমগুরুর বন্দনা করিতেছেন । শ্রীগুরু বলিলে পরমগুরুকে বুঝা যায় এই প্রকার কোন দৃঢ়তর প্রমাণ না থাকায় আমরা এই মতের সমর্থন করিতে পারি না ।

বেদান্ত-শাস্ত্র-সিদ্ধান্ত-সারসংগ্রহ উচ্যতে ।

প্রেক্ষাবতাং মুমুক্শুণাং সুখবোধোপপত্তয়ে ॥ ৫

অর্থঃ । প্রেক্ষাবতাং মুমুক্শুণাং (বিবেকসম্পন্ন মোক্ষার্থীগণের) সুখ-বোধোপ-পত্তয়ে (অনায়াসে জ্ঞানলাভের জন্ত) বেদান্তশাস্ত্র-সিদ্ধান্ত-সারসংগ্রহঃ (বেদান্ত-শাস্ত্রের সারভূত সিদ্ধান্তসমূহ) উচ্যতে (বলা হইতেছে) ॥ ৫

অনুবাদ । সদসদ্বিবেকশালী মোক্ষার্থী যতিগণের—অনায়াসে বোধলাভের জন্ত আমি বেদান্তশাস্ত্রের সারস্বরূপ সিদ্ধান্তসমূহ বলিতেছি ॥ ৫

অনুবন্ধ-চতুষ্ঠয়ম্ ।

অশ্রুশাস্ত্রানুসারিত্বাৎ অনুবন্ধ-চতুষ্ঠয়ম্ ।

যদেব মূলং শাস্ত্রস্য নির্দিষ্টং তদিহোচ্যতে ॥ ৬

অর্থঃ । যদেব (যাহাই) শাস্ত্রস্য (শাস্ত্রের) মূলং (প্রধান) অনুবন্ধচতুষ্ঠয়ং (গারিটি আরম্ভহেতু) নির্দিষ্টম্ (উক্ত হইয়াছে) অশ্রু (এইগ্রন্থের) শাস্ত্রানুসারিত্বাৎ

(শাস্ত্ৰের অনুসারেই রচিত হওয়া প্রযুক্ত) তৎ (সেই চারিটি অনুবন্ধই) ইহ (এ গ্রন্থে) উচ্যতে (কথিত হইতেছে) ॥

অনুবাদ । বেদান্তশাস্ত্ৰের আরম্ভহেতু বলিয়া যে চারিটি বস্তু নির্দিষ্ট হইয়াছে এই গ্রন্থও বেদান্তশাস্ত্ৰের অনুসারে বিরচিত হইয়াছে বলিয়া এই গ্রন্থেও সেই চারিটি আরম্ভহেতুই বলা যাইতেছে ॥ ৬

মন্তব্য । কোন একটি শাস্ত্ৰের আরম্ভ করিবার পূর্বে ঐ শাস্ত্ৰের দ্বারা কি প্রয়োজন সিদ্ধ হয় ? তাহার জন্ম ঐ শাস্ত্ৰ রচিত হইয়াছে ? শাস্ত্ৰের প্রতিপাদ্য বিষয় কি ? এবং ঐ বিষয় প্রয়োজন এবং শাস্ত্ৰের মধ্যে পরস্পর সম্বন্ধ কি প্রকার ?—এই চারিটি বিষয়ের উল্লেখ না করিলে শ্রোতার ঐ শাস্ত্ৰ পাঠ করিতে প্রবৃত্তি জন্মে না ; এই কারণে সকল শাস্ত্রারম্ভের পূর্বেই এই চারিটি বিষয়ের উল্লেখ করা একান্ত আবশ্যিক ; এই চারিটি বিষয়কেই—অনুবন্ধ বলা যায় । এই শ্লোকটির দ্বারা—সেই অনুবন্ধ চারিটি কি, তাহারই নির্ণয় করিবার জন্ম সূচনা করা হইতেছে । শ্লোকটির তাৎপৰ্য্য এই যে—এই গ্রন্থের অনুবন্ধ-চতুষ্টয় মূলভূত বেদান্ত-শাস্ত্ৰের অনুবন্ধ-চতুষ্টয় হইতে ভিন্ন নহে ; কারণ বেদান্তশাস্ত্ৰের অনুসারেই এই গ্রন্থখানি রচিত হইতেছে ; সুতরাং মূল বেদান্তশাস্ত্ৰের যাহা অনুবন্ধ-চতুষ্টয়, তাহাই এই গ্রন্থে প্রদর্শিত হইতেছে—তাহা প্রদর্শিত হইলে, আর এই গ্রন্থের জন্ম উপযোগী স্বতন্ত্র অনুবন্ধ-চতুষ্টয়, দেখাইবার কোন আবশ্যিকতা নাই ।

অধিকারী চ বিষয়ঃ সম্বন্ধশ্চ প্রয়োজনম্ ।

শাস্ত্রারম্ভফলং প্রাহুরনুবন্ধ-চতুষ্টয়ম্ ॥ ৭

অর্থ । অধিকারী—(শাস্ত্রোক্ত ফলের কামনা যাহার আছে সেই ব্যক্তি) বিষয়ঃ (প্রতিপাদ্য বস্তু) সম্বন্ধঃ (শাস্ত্র, প্রয়োজন এবং বিষয়ের পরস্পর সম্বন্ধ) প্রয়োজনং চ (এবং ফল) (ইতি) শাস্ত্রারম্ভফলং (শাস্ত্রারম্ভের হেতু) অনুবন্ধ-চতুষ্টয়ঃ (চারিটি অনুবন্ধ) প্রাহুঃ (শাস্ত্রকারগণ নির্দেশ করিয়া থাকেন) ॥ ৭

অনুবাদ । অধিকারী অর্থাৎ শাস্ত্রোক্ত ফলকামী, শাস্ত্ৰের প্রতিপাদ্য বস্তু, অধিকারী, প্রতিপাদ্য বস্তু এবং প্রয়োজন—এই কয়টির মধ্যে পরস্পর সম্বন্ধ এবং প্রয়োজন, এই চারিটি অনুবন্ধ—যাহার জ্ঞান শাস্ত্রারম্ভের হেতু, তাহাকেই অনুবন্ধ করা যায় ॥ ৭

চতুর্ভিঃ সাধনৈঃ সম্যক্ সম্পন্নো যুক্তিদক্ষিণঃ ।

মেধাবী পুরুষো বিদ্বান্ অধিকার্যত্রে সম্মতঃ ॥ ৮

অর্থ । চতুর্ভিঃ সাধনৈঃ সম্যক্ সম্পন্নঃ (বক্ষ্যমাণ চারিপ্রকার সাধনের

ধারা সম্পন্ন) যুক্তিদক্ষিণঃ (যুক্তি-পরতন্ত্র) মেধাবী (ধারণাসমর্থ) বিদ্বান্ (অধীত-বেদাদিশাস্ত্র) পুরুষঃ (মানব) অত্র (এই বেদান্তশাস্ত্রে) অধিকারী (অধিকার-যুক্ত) সম্মতঃ (বলিয়া বিবেচিত হইয়া থাকেন) ॥ ৮

অনুবাদ । কথিত চারি প্রকার সাধনসম্পত্তি যাহার হইয়াছে, যিনি যুক্তির অনুকূল, যিনি ধারণা-সমর্থ এবং যাহার বেদাদি শাস্ত্রে ব্যুৎপত্তি হইয়াছে, এই প্রকার মনুষ্যই এই বেদান্তশাস্ত্রে অধিকারী বলিয়া বিবেচিত হইয়া থাকেন ॥ ৮

বিষয়ঃ শুদ্ধচৈতন্যং জীবব্রহ্মৈক্যলক্ষণম্ ।

যত্রৈব দৃশ্যতে সর্ববেদান্তানাং সমন্বয় ॥ ৯

অর্থ । যত্র (যাহাতে) সর্ববেদান্তানাং (উপনিষৎসমূহের) সমন্বয়ঃ (তাৎপর্য্য) দৃশ্যতে (পরিদৃষ্ট হইয়া থাকে) [তৎ] জীবব্রহ্মৈক্যলক্ষণঃ (জীব ও ব্রহ্মের ঐক্যস্বরূপ সেই) শুদ্ধচৈতন্যং (পরব্রহ্ম) বিষয়ঃ (এই বেদান্তশাস্ত্রের প্রতিপাত্ত) ॥ ৯

অনুবাদ । সকল উপনিষদেরই যাহা তাৎপর্য্যার্থ বলিয়া পরিদৃষ্ট হইয়া থাকে, সেই জীব ও ব্রহ্মের ঐক্যরূপ শুদ্ধ চৈতন্যই এই শাস্ত্রের বিষয় অর্থাৎ প্রতিপাত্ত ॥ ৯

এতদৈক্যপ্রমেয়স্য প্রমাণস্তাহপি চ শ্রুতেঃ ।

সম্বন্ধঃ কথ্যতে সত্ত্বিঃ বোধ্যবোধকলক্ষণঃ ॥ ১০

অর্থ । এতদৈক্যপ্রমেয়স্য—(এই জীব ও ব্রহ্মের ঐক্যরূপ প্রমেয়ের) শ্রুতেঃ চ (এবং শ্রুতিরূপ) প্রমাণস্য (প্রমাণের) বোধ্যবোধকলক্ষণঃ (বোধ্য-বোধকস্বরূপ) সম্বন্ধঃ (পরস্পর সম্বন্ধই) সত্ত্বিঃ (সজ্জনগণ-কর্তৃক) সম্বন্ধঃ (সম্বন্ধ বলিয়া) কথ্যতে (কথিত হইয়া থাকে) ॥ ১০

অনুবাদ । এই জীব ও ব্রহ্মে ঐক্যরূপ যে প্রমেয়, তাহার এবং শ্রুতিস্বরূপ প্রমাণের মধ্যে বোধ্য-বোধকরূপ সম্বন্ধই—পণ্ডিতগণকর্তৃক সম্বন্ধ বলিয়া কথিত হইয়া থাকে ॥ ১০

ব্রহ্মাত্মৈকত্ববিজ্ঞানং সত্ত্বঃ প্রাহ্ণঃ প্রয়োজনম্ ।

যেন নিঃশেষসংসারবন্ধাৎ সত্ত্বঃ প্রমুচ্যতে ॥ ১১

অর্থ ! সত্ত্বঃ (সজ্জনগণ) ব্রহ্মাত্মৈকত্ববিজ্ঞানং (জীব ও ব্রহ্মের অভেদ বিজ্ঞানকে) প্রয়োজনং (বেদান্তশাস্ত্রের ফল) প্রাহ্ণঃ (বলিয়া থাকেন) ; যেন (যে ব্রহ্ম ও জীবের অভেদ-জ্ঞানের দ্বারা) নিঃশেষ-সংসারবন্ধাৎ (সমগ্র সংসার)

বন্ধন হইতে) সত্ত্বঃ (তৎক্ষণাৎ) প্রমুচ্যতে [জীব] (মুক্তি লাভ করিয়া থাকে) ॥ ১১

অনুবাদ । বাহার দ্বারা (জীব) সকল প্রকার সংসার-বন্ধন হইতে সত্ত্বঃ মুক্তিলাভ করিয়া থাকে, সেই জীব ও ব্রহ্মের অভেদজ্ঞানকেই সজ্জনগণ বেদান্ত-শাস্ত্রের প্রয়োজন বলিয়া নির্দেশ করেন ॥ ১১

প্রয়োজনং সম্প্রবৃত্তেঃ কারণং ফললক্ষণম্ ।

প্রয়োজনমনুদ্दिश न मन्दोऽपि प्रवर्तते ॥ ১২

তন্ময় । ফললক্ষণং (ফলস্বরূপ) প্রয়োজনং (প্রয়োজন) সম্প্রবৃত্তেঃ (সম্যক্ প্রবৃত্তির) কারণং (হেতু) [হইয়া থাকে] ; মন্দঃ অপি (অল্পবুদ্ধি ব্যক্তিও) প্রয়োজনং (ফলকে) অনুদ্दिश (লক্ষ্য না করিয়া) ন প্রবর্ততে (প্রবৃত্ত হয় না) ॥ ১২

অনুবাদ । ফলস্বরূপ প্রয়োজনই (লোকের) প্রবৃত্তির প্রতি কারণ (হইয়া থাকে) ; [কারণ সচরাচর লোকে দেখিতে পাওয়া যায় যে] অল্পবুদ্ধি ব্যক্তিও প্রয়োজন না দেখিতে পাইলে [কোন কার্যে] প্রবৃত্ত হয় না ॥ ১২

সাধন-চতুষ্টয়ম্ ।

সাধন-চতুষ্টয়-সম্পত্তিঃ যস্যাহস্তি ধীমতঃ পুংসঃ ।

তস্মৈবৈতৎফলসিদ্ধিঃ নাহন্যশ্চ কিঞ্চিদূনশ্চ ॥ ১৩

অর্থ । যশ্চ (যে) ধীমতঃ (ধীমান্) পুংসঃ (পুরুষের) সাধনচতুষ্টয় সম্পত্তিঃ (চারিটি সাধনের সম্পাদন) অস্তি (আছে), তস্মৈ (তাহার) এব (ই) এতৎ-ফলসিদ্ধিঃ (এই ফলের সিদ্ধি) [হইয়া থাকে] ; কিঞ্চিদূনশ্চ অন্তশ্চ (এই সাধনসম্পত্তির কোন অংশে ন্যূনতা বাহার আছে এইরূপ অন্ত কোন ব্যক্তির) ন (নহে) [এই ফল লাভ হয় না] ॥ ১৩

অনুবাদ । যিনি বুদ্ধিমান এবং এই সাধন-চতুষ্টয়-সম্পন্ন, সেই পুরুষেরই এই ফল (অর্থাৎ জীব-ব্রহ্মের অভেদ-জ্ঞান) লাভ হয় ; বাহার কিন্তু সাধন-চতুষ্টয়ের মধ্যে কোন একটিও অসম্পূর্ণ থাকে, তাহার এই ফললাভ হয় না ॥ ১৩

চত্বারি সাধনান্যত্র বদন্তি পরমর্ষয়ঃ ।

মুক্তির্যেষাং তু সদ্ভাবে নাভাবে সিধ্যতি ক্রবম্ ॥ ১৪

অর্থঃ । পরমর্ষয়ঃ (ঋষিশ্রেষ্ঠগণ) অত্র (এই ফললাভের প্রতি) চত্বারি (চারিটি) সাধনানি (সাধন অর্থাৎ উপায়) বদন্তি (নির্দেশ করিয়া থাকেন) ; যেষাং (যে চারিটি সাধনের) সদ্ভাবে (সদ্ভাব হইলে) মুক্তিঃ (মোক্ষ) সিধ্যতি (সিদ্ধ হয়), অভাবে (সদ্ভাব না হইলে) ন (হয় না) ॥ ১৪

অনুবাদ । মহর্ষিগণ এই (তত্ত্বজ্ঞানরূপ ফললাভের) চারিটি সাধন নির্দেশ করিয়া থাকেন—এই চারিটি সাধনের সদ্ভাব হইলে মুক্তি লাভ হয়, এই চারিটি সাধনের সদ্ভাব না হইলে মুক্তি সিদ্ধ হয় না ॥ ১৪

আত্মং নিত্যানিত্যবস্তু-বিবেকঃ সাধনং মতম্ ।

ইহামুক্তার্থ-ফলভোগবিরাগো দ্বিতীয়কম্ ॥ ১৫

অর্থঃ । নিত্যানিত্যবস্তুবিবেকঃ (নিত্য এবং অনিত্য বস্তুর পরস্পর বৈলক্ষণ্য জ্ঞান) আত্মং (প্রথম) সাধনং (উপায়) [বলিয়া] মতং (অভিমত) ; ইহ (এই সংসারে) অমৃত (পরলোকে) ফলভোগবিরাগঃ (ফল ভোগের প্রতি বিরক্তি) দ্বিতীয়কং (দ্বিতীয়) [সাধনং মতমিতি শেষঃ—সাধন বলিয়া বিবেচিত হয়] ॥ ১৫

অনুবাদ । নিত্য এবং অনিত্য বস্তুর মধ্যে যে পরস্পর বৈলক্ষণ্য আছে, তাহার জ্ঞানই প্রথম সাধন বলিয়া বিবেচিত হইয়া থাকে । এই জগতে এবং স্বর্গাদি লোকে যত প্রকার ভোগ্য বস্তু আছে, সেই সকলেরই উপর বিরক্তিই দ্বিতীয় সাধন বলিয়া বিবেচিত হইয়া থাকে ॥ ১৫

শমাদিষট্‌কসম্পত্তিঃ তৃতীয়ং সাধনং মতম্ ।

তুরীয়ং তু মুমুক্‌ষুত্বং সাধনং শাস্ত্রসম্মতম্ ॥ ১৬

অর্থঃ । শমাদিষট্‌কসম্পত্তিঃ (শম প্রভৃতি ছয়টির সদ্ভাব) তৃতীয়ং (তৃতীয়) সাধনং (উপায়) মতং (বিবেচিত হয়) ; মুমুক্‌ষুত্বং তু (মোক্ষলাভের জন্য ইচ্ছাই) শাস্ত্রসম্মতং (শাস্ত্রস্বীকৃত) তুরীয়ং (চতুর্থ) সাধনং (উপায়) শাস্ত্রসম্মতং (শাস্ত্রে কথিত হয়) ॥ ১৬

অনুবাদ । শম প্রভৃতি (বক্ষ্যমাণ) ছয়টির সদ্ভাবই তৃতীয় সাধন বলিয়া বিবেচিত হয় । মুক্তিলাভের জন্য ইচ্ছাই চতুর্থ উপায় শাস্ত্রে অভিহিত হইয়াছে ॥ ১৬

নিত্যানিত্য-বস্তুবিবেকঃ ।

ত্রৈকৈব নিত্যমশ্রুৎ তু হনিত্যমিতি বেদনম্ ।

সোহয়ং নিত্যানিত্যবস্তুবিবেক ইতি কথ্যতে ॥ ১৭

অর্থঃ । ব্রহ্ম (পরমাত্মা) এব (ই) নিত্যং (অবিনাশী) অশ্রুৎ (ব্রহ্ম-
ব্যতিরিক্ত) তু হি (প্রসিদ্ধ বস্তুমাত্রই) অনিত্যং (বিনাশী) ইতি (এই প্রকার)
বেদনং (যে জ্ঞান) অশ্রুৎ (ইহা) সঃ (সেই) নিত্যানিত্যবস্তুবিবেকঃ (নিত্য ও
অনিত্য বস্তুর মৈলক্ষণ্য-জ্ঞান) ইতি (এইরূপ) কথ্যতে (কথিত হইয়া
থাকে) ॥ ১৭

অনুবাদ । পরমাত্মাই একমাত্র অবিনাশী—পরমাত্ম-ব্যতিরিক্ত বলিয়া
প্রসিদ্ধ আর সকল বস্তুই বিনাশী—এই প্রকার যে জ্ঞান, তাহাই শাস্ত্রে নিত্য-
নিত্য-বস্তুবিবেক বলিয়া নির্দিষ্ট হইয়া থাকে ॥ ১৭

মূদাদি-কারণং নিত্যং ত্রিষু লোকেষু দর্শনাৎ ।

ঘটাদিনিত্যং তৎকার্যং যতস্তন্নাশমীক্ষতে ॥ ১৮ *

অর্থঃ । ত্রিষু (তিন) লোকেষু (লোকে) দর্শনাৎ (দেখিতে পাওয়া যায় যে,)
মূদাদি (মৃত্তিকা প্রভৃতি) কারণং (উপাদান) নিত্যং (কার্যদ্রব্য হইতে
অধিককালস্থায়ী হইয়া থাকে) তৎকার্যং (সেই মৃত্তিকা প্রভৃতির কার্য)
ঘটাদি (কলসপ্রভৃতি দ্রব্য) অনিত্যং (অপেক্ষাকৃত অল্পকালস্থায়ী) ; যতঃ
(যেহেতু) তন্নাশং (ঐ সকল ঘট প্রভৃতি কার্যদ্রব্যের নাশ) মীক্ষতে (লোকে
দেখিয়া থাকে) ॥ ১৮

অনুবাদ । ত্রিলোকের মধ্যে সর্বত্রই দেখিতে পাওয়া যায় যে, মৃত্তিকা
প্রভৃতি কার্যের উপাদানদ্রব্যগুলি—সেই সেই কার্য অপেক্ষা নিত্য অর্থাৎ
অধিককালস্থায়ী । কিন্তু, ঘটাদি কার্যদ্রব্যগুলি মূদাদি কারণ অপেক্ষা অনিত্য ;
যেহেতু লোকে (মৃত্তিকাপ্রভৃতির বর্তমানতাদৃশ্যেই) ঘটাদি কার্যদ্রব্যের ধ্বংস
দেখিতে পায় ॥ ১৮

তথৈবৈতজ্জগৎ সৰ্ব্বমনিত্যং ব্রহ্মকার্যাতঃ ।

তৎকারণং পরং ব্রহ্ম ভবেম্নিত্যং মূদাদিবৎ ॥ ১৯

অর্থঃ । তথৈব (সেই প্রকার) এতৎ সৰ্ব্ব জগৎ (এই সমগ্র জগৎ) ব্রহ্ম-

* যতস্তন্নাশ মীক্ষতে—ইতি বা পাঠঃ ।

ব্রহ্মচর্য্যম্ ।

স্মরণং দর্শনং স্ত্রীণাং গুণকর্মানুকীর্তনম্ ।

সমীচীনত্বধীস্তাস্থ প্রীতিঃ সন্তাষণং মিথঃ ॥ ১১০

সহবাসশ্চ সংসর্গঃ অষ্টধা মৈথুনং বিদুঃ ।

এতদ্বিলক্ষণং ব্রহ্মচর্য্যং চিত্ত-প্রসাদকম্ ॥ ১১১

অর্থ্য । স্ত্রীণাং (রমণীগণের) স্মরণং (চিন্তা), দর্শনং (বিলোকন), গুণকর্মানুকীর্তনং (গুণ ও কর্মের প্রশংসা), তাস্থ (তাহাদের উপর) সমীচীনত্বধীঃ (চারুতা-বোধ), প্রীতিঃ (ভালবাসা), মিথঃ (অত্যাচার) সন্তাষণং (আলাপ), সহবাসঃ (একত্রবাস), সংসর্গঃ (সঙ্গম), অষ্টধা (এই অষ্ট প্রকার) মৈথুনং (মৈথুন) বিদুঃ (ইহা অভিজ্ঞব্যক্তিগণ বুঝিয়া থাকেন); এতদ্বিলক্ষণং (এই কয়টির বিপরীত আচরণ) ব্রহ্মচর্য্যং (ব্রহ্মচর্য্যই) চিত্তপ্রসাদনং (চিত্তের প্রসন্নতার কারণ) ॥ ১১০—১১১

অনুবাদ । রমণীগণের চিন্তা অবলোকন এবং গুণ ও কর্মের প্রশংসা, তাহাদিগকে রমণীয় বলিয়া বোধ করা, তাহাদের প্রতি প্রেম, এবং অহুরাগ-পূর্ব্বক পরস্পর সন্তাষণ, তাহাদের সহিত একত্র অবস্থান এবং সঙ্গম, এই অষ্ট প্রকার ব্যবহারকেই (পণ্ডিতগণ) মৈথুন বলিয়া বিবেচনা করিয়া থাকেন । এই কয়টির পরিবর্তনই ব্রহ্মচর্য্য । (ব্রহ্মচর্য্যই) চিত্তের প্রসন্নতার হেতু [হইয়া থাকে] ॥ ১১০—১১১

অহিংসা ।

অহিংসা বাঙ্মনঃকার্যৈঃ প্রাণিমাত্রাপ্রপীড়নম্ ।

স্বাত্মবৎ সর্ব্বভূতেষু কায়েন মনসা গিরা ॥ ১১২

অর্থ্য । বাঙ্মনঃকার্যৈঃ (বাক্য মনঃ এবং শরীরের দ্বারা) প্রাণিমাত্রা-প্রপীড়নং (জীবমাত্রকেই কোন প্রকার পীড়ন না করা) কায়েন (দেহ দ্বারা) মনসা (মনের দ্বারা) গিরা (বাক্যের দ্বারা) সর্ব্বভূতেষু (সকল প্রাণীতেই) স্বাত্মবৎ (নিজের আত্মার স্থায়) [ব্যবহরণমিতিশেষঃ = ব্যবহার করাই] অহিংসা (অহিংসা) ॥ ১১২

অনুবাদ । বাক্য মনঃ এবং দেহের দ্বারা কোন প্রাণীকেই ক্লেশ প্রদান করা এবং শরীর, মনঃ এবং বাক্যের দ্বারা সকল জীবের প্রতিই নিজের আশ্রয় ব্যবহার করাই অহিংসা ॥ ১১২

দয়া-বক্রতে ।

অনুকম্পা দয়া সৈব প্রোক্তা বেদান্তবাদিভিঃ ।

করণ-ত্রিতয়েষেকরূপতাহবক্রতা মতা ॥ ১১৩

অর্থ । [যা লোকে = যাহা জগতে] অনুকম্পা (অনুকম্পা) [ইতি প্রসিদ্ধ-বলিয়া প্রসিদ্ধ আছে] বেদান্তবাদিভিঃ (বেদান্তব্যাখ্যাতৃপণ্ডিতগণকর্তৃব সৈব (তাহাই) দয়া প্রোক্তা (দয়া বলিয়া কথিত হইয়াছে) ; করণত্রিতয়ে (কর্মেন্দ্রিয় জ্ঞানেন্দ্রিয় এবং অন্তরিন্দ্রিয়ের) একরূপতা (এক ভাবে প্রকৃতিই অবক্রতা (অবক্রতা বলিয়া) মতা (সম্মত হইয়া থাকে) ॥ ১১৩

অনুবাদ । [লোকে যাহা] অনুকম্পা [বলিয়া প্রসিদ্ধ আছে], বেদান্ত শাস্ত্রের ব্যাখ্যাতৃগণ তাহাকেই দয়া বলিয়া থাকেন । কর্মেন্দ্রিয় জ্ঞানেন্দ্রিয় অন্তরিন্দ্রিয়ের দ্বারা একই প্রকার ব্যবহার (অর্থাৎ মনে একরূপ, চক্ষু প্রভৃতিতে আর একরূপ এবং বাক্য প্রভৃতিতে অত্ররূপ ব্যবহার, যাহা খল ও কুটিল ব্যক্তি অভ্যন্ত, তাহার একেবারেই বর্জন অর্থাৎ অন্তরে যেকোন, বাহিরেও সেইরূপ ব্যবহারই) অবক্রতা বলিয়া বিবেচিত হয় ॥ ১১৩

বৈতৃষ্ণ্যম্ ।

ব্রহ্মাদিস্থাবরান্তেষু বৈরাগ্যং বিষয়েষু ।

যথৈব কাকবিষ্ঠায়াং বৈরাগ্যং তন্নি নিশ্চলম্ ॥ ১১৪

অর্থ । যথৈব (যে প্রকারে) কাকবিষ্ঠায়াং (কাকের বিষ্ঠার উপর) তথা (সেইরূপ) ব্রহ্মাদিস্থাবরান্তেষু (ব্রহ্মলোক হইতে স্থাবর পর্য্যন্ত) বিষয়ে (ভোগ্যবস্তুসমূহে) বৈরাগ্যং (বিরক্তিঃ) অনু (অনুগত) যৎ (যাহা), তা (তাহাই) নিশ্চলং (বিমল) বৈরাগ্যং (বৈরাগ্য বলিয়া প্রসিদ্ধ আছে) ॥ ১১৪

অনুবাদ । কাকের বিষ্ঠাতে যেকোন বিরক্তি থাকে, ব্রহ্মলোক হইতে স্থাবর

পর্যন্ত ভোগ্যবস্তুর মাত্রেই সেইরূপ বৈরাগ্য থাকা নির্মল বৈরাগ্য (বা বৈতুষ্য বলিয়া বিবেচিত হয়) ।

শৌচম্ ।

বাহ্যমাভ্যন্তরং চেতি দ্বিবিধং শৌচমুচ্যতে ।

মৃজ্জলাভ্যাং কৃতং শৌচং বাহ্যং শারীরিকং স্মৃতম্ ॥ * ১১৫

অর্থঃ । বাহ্যম্ (বাহ্য) আভ্যন্তরং চ (এবং আভ্যন্তর) ইতি (এইভাবে) শৌচং (শৌচ) দ্বিবিধং (দুই প্রকার) উচ্যতে (কথিত হইয়া থাকে) ; মৃজ্জলাভ্যাং (মৃত্তিকা ও জলের দ্বারা সম্পাদিত) শারীরিকং (শরীর সম্বন্ধে) শৌচং (শৌচ) বাহ্যং (বাহ্য বলিয়া) স্মৃতম্ (ধর্মশাস্ত্রে নির্দিষ্ট হইয়া থাকে) ॥ ১১৫

অনুবাদ । শৌচ দুই প্রকার কথিত হইয়াছে ; যথা বাহ্য এবং আভ্যন্তর । মৃত্তিকা এবং জলের দ্বারা যে বৈদিক শৌচ তাহাই বাহ্য শৌচ বলিয়া স্মৃতিশাস্ত্রে উক্ত হইয়াছে ॥ ১১৫

অজ্ঞান-দূরীকরণং মানসং শৌচমান্তরম্ ।

অন্তঃশৌচে স্থিতে সম্যগ্ বাহ্যং নাবশ্যকং নৃণাম্ ॥ ১১৬

অর্থঃ । মানসং (মনের) শৌচং (শৌচই) আন্তরং (আন্তর শৌচ) [তাহাই] অজ্ঞান-দূরীকরণং (অজ্ঞানের নিরাকরণ) [ভবতীতি শেষঃ = হইয়া থাকে] অন্তঃশৌচে (অন্তঃশৌচ) সম্যক্ (সম্যক্ প্রকারে) স্থিতে (সিদ্ধ হইলে) নৃণাং (মনুষ্যাগণের) বাহ্যং (বাহ্য) শৌচং (শৌচ) ন আবশ্যকং (আবশ্যক হয় না) ॥ ১১৬

অনুবাদ । মনের বিশুদ্ধতাই আন্তর শৌচ, তাহাও অজ্ঞানকে দূর করা ছাড়া অত্র কিছু নহে । অন্তঃশৌচ অর্থাৎ মনের বিশুদ্ধি সম্যক্ প্রকারে সিদ্ধ হইলে মনুষ্যাগণের আর বাহ্য শৌচ আবশ্যক হয় না ॥ ১১৬

দন্তঃ ।

ধ্যানপূজাদিকং লোকে দ্রষ্টর্যেব কেরোতি যঃ ।

পারমার্থিক-ধীহীনঃ স দন্তাচার উচ্যতে ।

পুংসস্তথানাচারণমদন্তিত্বং বিদুবুধাঃ ॥ ১১৭

অর্থঃ । দ্রষ্টরি (দেখিবার লোক বিদ্যমান থাকিলে) এব (ই) লোকে

* শারীরিকমিতি বা পাঠঃ ।

(সংসারে) যঃ (যে ব্যক্তি) ধ্যানপূজাদিকং (ধ্যান ও পূজা প্রভৃতি) করো
(করিয়া থাকে, কিন্তু) পারমার্থিক-ধীহীনঃ (শ্রদ্ধাহীন), সঃ (সেই ব্যক্তি) দস্তাচা
(দস্তাচার বলিয়া) উচ্যতে (কথিত হইয়া থাকে) । পুংসঃ (পুরুষের) ত
অনাচরণং (সেইরূপ আচার না করাকেই) বুধাঃ (পণ্ডিতগণ) অদন্তি
(অদন্তিত্ব বলিয়া) বিহুঃ (জানিয়া থাকেন) ॥

অনুবাদ । দেখিবার লোক বিদ্যমান থাকিলে (কেবল দেখাইবার জন্মই
এই সংসারে যে ব্যক্তি ধ্যান ও পূজা প্রভৃতির অনুষ্ঠান করিয়া থাকে, সে
শ্রদ্ধাবিহীন ব্যক্তিকেই দস্তাচার বলা যায় । এই প্রকার দস্তাচার পরিত্যা
করাকেই পণ্ডিতগণ অদন্তিত্ব বলিয়া নির্দেশ করিয়া থাকেন ॥ ১১৭

সত্যম্ ।

যৎ স্মেন দৃষ্টং সম্যক্ চ শ্রুতং তস্মৈব ভাষণম্ ।

সত্যমিত্যুচ্যতে ব্রহ্ম সত্যমিত্যভিভাষণম্ ॥ ১১৮

অর্থ । স্মেন (নিজে) যৎ (যাহা) দৃষ্টং (দেখিয়াছে), সম্যক্ চ (এবং
সমীচীনভাবে) শ্রুতং (শুনিয়াছে), তস্মৈ এব (তাহারই) ভাষণং (কথন)
সত্যম্ ইতি (সত্য বলিয়া) উচ্যতে (কথিত হইয়া থাকে); ব্রহ্ম (ব্রহ্মই) সত্যং
(সত্য) ইত্যভিভাষণং (এই প্রকার সর্বদা মুখে বলাও) সত্যমিত্যুচ্যতে (সত্য
বলিয়া কথিত হইয়াছে) ॥ ১১৮

অনুবাদ । যাহা স্বয়ং দেখিয়াছে বা ভাল করিয়া (বস্তু ব্যক্তির নিকটে)
শুনিয়াছে, তাহারই কথনকে সত্য বলা যায় এবং সর্বদা “ব্রহ্মই সত্য” এই
প্রকার উক্তিকেও সত্য বলা যায় ॥ ১১৮

নির্শ্মমতা ।

দেহাদিষু স্বকীয়ত্ব-দৃঢ়বুদ্ধি-বিসর্জনম্ ।

নির্শ্মমত্বং স্মৃতং যেন কৈবল্যং লভতে বুধঃ ॥ ১১৯

অর্থ । দেহাদিষু (দেহ প্রভৃতি বস্তুতে) স্বকীয়ত্ব-বুদ্ধি-বিসর্জনং (ইহা

আমার—এই প্রকার বুদ্ধি হইতে না দেওয়াই) নির্মমত্বং (নির্মমতা বলিয়া)
 স্বভং (স্বতিশাস্ত্রে নির্দিষ্ট হইয়াছে); যেন (যে নির্মমতার দ্বারা) বুধঃ (পণ্ডিত
 ব্যক্তি) কৈবল্যাং (নির্বাণ) লভতে (লাভ করিয়া থাকেন) ॥ ১১৯

অনুবাদ। দেহ প্রভৃতি বস্তুতে—ইহা আমার এই প্রকার বুদ্ধি হইতে না
 দেওয়াই স্বতিশাস্ত্রে নির্মমত্ব বলিয়া উক্ত হইয়াছে; এই নির্মমত্ব দ্বারা পণ্ডিত
 ব্যক্তি নির্বাণ লাভ করিতে সমর্থ হইয়া থাকেন ॥ ১১৯

শৈর্ষ্যম্ ।

গুরু-বেদান্তবচনৈর্নিশ্চিতার্থে দৃঢ়স্থিতিঃ ।

তদেকবৃত্ত্যা তৎ শৈর্ষ্যং নৈশ্চল্যং ন তু বস্মর্গঃ ॥ ১২০

অর্থ। গুরুবেদান্তবচনৈঃ (গুরুর এবং বেদান্তের বচনসমূহের দ্বারা)
 নিশ্চিতার্থে (যাহা নিশ্চিত হইয়া থাকে, সেই বস্তুতে) তদেকবৃত্ত্যা (তাহাতে
 চিন্তকে একাগ্রভাবে সংলগ্ন করিয়া) যা (যে) দৃঢ়স্থিতিঃ (অকল্পিতভাবে
 অবস্থান), তৎ (তাহাই) শৈর্ষ্যং (শৈর্ষ্য), বস্মর্গঃ (দেহের) নৈশ্চল্যং (নিশ্চল-
 তাই) ন তু [শৈর্ষ্যামিত্যুচ্যতে ইতি শেষঃ = শৈর্ষ্য বলিয়া নির্দিষ্ট হয় না] ॥ ১২০

অনুবাদ। গুরুর উপদেশ এবং বেদান্তবচনসমূহ দ্বারা যে বস্তু নির্ণীত হয়,
 সেই বিষয়ে চিন্তের একাগ্রতার সহিত সর্বদা অবস্থান অর্থাৎ ধ্যান করাই
 শৈর্ষ্য; কিন্তু কেবল শরীরকে নিশ্চল করিয়া রাখাই শৈর্ষ্য নহে ॥ ১২০

অভিমান-বিসর্জনম্ ।

বিত্তৈশ্বর্য্য-তপোরূপ-কুল-বর্ণাশ্রমাদিভিঃ ।

সঞ্জাতাহংকৃতেস্ত্যাগস্ত্ৰিভিমানবিসর্জনম্ ॥ * ১২১

অর্থ। বিত্তৈশ্বর্য্যতপোরূপকুলবর্ণাশ্রমাদিভিঃ (বিত্তা, ঐশ্বর্য্য, তপশ্চা,
 শরীরের সৌন্দর্য্য, বংশ এবং আশ্রম প্রভৃতির দ্বারা) সঞ্জাতাহংকৃতে: ত্যাগঃ
 (উৎপন্ন হইয়া থাকে যে অহংকার, তাহারই পরিত্যাগ) অভিমানবিসর্জনং
 (অভিমান বিসর্জন নামে কথিত হয়) ॥ ১২১

* সঞ্জাতাহংকৃত্যোগঃ ইতি বা পাঠঃ ।

অমুবাদ । বিদ্যা, ঐশ্বর্য্য, সৌন্দর্য্য, তপস্যা, বর্ণ এবং আশ্রম প্রভৃতির দ্বারা
যে অহংকার উৎপন্ন হয়, একেবারে তাহা পরিত্যাগ করাই অভিমান-বিসর্জন
(বলিয়া শাস্ত্রে নির্দিষ্ট হইয়া থাকে) ॥ ১২১

ঈশ্বরধ্যানম্ ।

ত্রিভিঃ করণৈঃ সম্যগ্ হিত্বা বৈষয়িকীং ক্রিয়াম্ ।

স্বাত্মকচিন্তনং যত্তদীশ্বরধ্যানমীরিতম্ ॥ ১২২

অর্থঃ । ত্রিভিঃ (তিন প্রকার) করণৈঃ (ইন্দ্রিয়ের দ্বারা অর্থাৎ কর্মেন্দ্রিয়,
জ্ঞানেন্দ্রিয় এবং অন্তরিন্দ্রিয় দ্বারা) বৈষয়িকীং (বিষয়-সম্বন্ধিনী) ক্রিয়াং
(ক্রিয়াকে) সম্যক্ (সর্ব প্রকারে) হিত্বা (পরিত্যাগ করিয়া) যৎ (যে)
স্বাত্মকচিন্তনং (নিজের আত্মার ধ্যান), তৎ (তাহাই) ঈশ্বরধ্যানং (ঈশ্বর-
ধ্যান বলিয়া) ঈরিতং (কথিত হইয়া থাকে) ॥ ১২২

অমুবাদ । ত্রিবিধ করণের দ্বারা যত প্রকার বৈষয়িক ব্যাপার হইয়া থাকে ;
সে সকল পরিত্যাগ করিয়া, নিজের আত্মাকে অনন্তভাবে চিন্তা করাকেই
ঈশ্বরধ্যান বলিয়া (আচার্য্যগণ) নির্দেশ করিয়া থাকেন ॥ ১২২

ব্রহ্ম-বিৎসহবাসঃ ।

ছায়েব সর্বদা বাসো ব্রহ্মবিত্তিঃ সহ স্থিতিঃ ॥ ১২৩

অর্থঃ । ছায়া ইব (ছায়ার গায়) সর্বদা (সকল সময়ে) ব্রহ্মবিত্তিঃ
(ব্রহ্মজ্ঞ ব্যক্তিগণের) সহস্থিতিঃ (সহ অবস্থানই) বাসঃ (ব্রহ্মবিৎ-সহবাস)
[উচ্যতে ইতি শেষঃ = উক্ত হইয়া থাকে] ॥ ১২৩

অমুবাদ । ব্রহ্মজ্ঞ পুরুষগণের সহিত সর্বদা ছায়ার গায় যে অবস্থান,
তাহাকেই ব্রহ্মবিৎ-সহবাস বলা যায় ॥ ১২৩

জ্ঞান-নিষ্ঠা ।

যদ্যদুক্তং জ্ঞানশাস্ত্রে শ্রবণাদিক্রমেণ যঃ ।

নিরতঃ কৰ্ম্মধীহীনো জ্ঞাননিষ্ঠঃ স এব হি ॥ ১২৪

অর্থঃ । জ্ঞানশাস্ত্রে (বেদান্তাদি জ্ঞানশাস্ত্রে) যদ্যদুক্তং (যাহা কিছু

বলা হইয়াছে), শ্রবণাদিক্রমে (সেই সেই শ্রবণ-মননাদিক্রমে) কৰ্মধীহীনঃ (কৰ্মবুদ্ধিকে একেবারে পরিত্যাগ করিয়া) যঃ (যে ব্যক্তি) নিরতঃ (ব্যাপৃত হইয়া থাকে), স এব হি (সেই ব্যক্তিই) জ্ঞাননিষ্ঠঃ (জ্ঞাননিষ্ঠ বলিয়া নির্দিষ্ট হয়) ॥ ১২৪

অনুবাদ । শ্রবণ মনন ও নিদিধ্যাসন বিষয়ে বেদান্তশাস্ত্রে যাহা কিছু বলা হইয়াছে, তদনুসারে ঐ শ্রবণাদিতে যে ব্যক্তি কৰ্ম-বুদ্ধি পরিত্যাগ করিয়া ব্যাপৃত হইয়া থাকে, তাহাকেই জ্ঞাননিষ্ঠ বলা যায় ॥

সমত্বম্ ।

ধন-কান্তা-জ্বরাদীনাং প্রাপ্তিকালে সুখাদিভিঃ । *

বিকারহীনতৈব স্মাৎ সুখদুঃখসমানতা ॥ ১২৫

অর্থ । ধনকান্তাজ্বরাদীনাং (অর্থ, রমণী বা জ্বর প্রভৃতি রোগাদির) প্রাপ্তিকালে (প্রাপ্তিসময়ে) সুখাদিভিঃ (সুখ বা দুঃখ প্রভৃতি দ্বারা) বিকার-হীনতা (নির্বিকারতা) এব (ই) সুখদুঃখসমানতা (সুখ-দুঃখ-সমত্ব) স্মাৎ (বলিয়া নির্দিষ্ট হইয়া থাকে) ॥ ১২৫

অনুবাদ । ধন, কান্তা কিংবা জ্বর প্রভৃতির প্রাপ্তিকালে অন্তঃকরণে কোন প্রকার বিকার না হইতে দেওয়াকেই সুখ-দুঃখ-সমানতা বলা যায় ॥ ১২৫

মানানাসক্তিঃ ।

শ্রেষ্ঠং পূজ্যং বিদিত্বা মাং মানয়ন্তু জনা ভুবি ।

ইত্যাসক্ত্যা বিহীনত্বং মানানাসক্তিরুচ্যতে ॥ ১২৬

অর্থ । মাং (আমাকে) শ্রেষ্ঠং (শ্রেষ্ঠ) পূজ্যং (পূজনীয়) বিদিত্বা (বিবেচনা করিয়া) ভুবি (পৃথিবীতে) জনাঃ (জনসমূহ) মানয়ন্তু (সম্মানিত করুক), ইতি (এই প্রকার) আসক্ত্যা বিহীনত্বং (আসক্তিকে পরিত্যাগ করা) মানানাসক্তিঃ (মানে অনাসক্তি) উচ্যতে (বলিয়া কথিত হইয়া থাকে) ॥ ১২৬

অনুবাদ । আমাকে পৃথিবীতে শ্রেষ্ঠ এবং পূজ্য বোধ করিয়া জনসমূহ সম্মানিত করুক, এই প্রকার আসক্তির পরিত্যাগই মানে অনাসক্তি বলিয়া নির্দিষ্ট হইয়া থাকে ॥ ১২৬

* প্রাপ্তিকালে ইতি পাঠঃ ।

একান্তশীলতা ।

সচ্চিন্তনশ্চ সংবাধো বিঘ্নোহয়ং নির্জনে ততঃ ।

শ্বেয়মিত্যেক এবাস্তি চেৎ সৈবৈকান্তশীলতা ॥ ১২৭

অর্থঃ । অয়ং (এই) সংবাধঃ (জনপূর্ণস্থান) সচ্চিন্তনশ্চ (ব্রহ্মচিন্তার পক্ষে) বিঘ্নঃ (ব্যাঘাতকর), ততঃ (সেইজন্ত) নির্জনে (জনশূন্য স্থানে) শ্বেয়ং (বাস করিতে হইবে), ইতি (এইপ্রকার সংকল্প করিয়া) চেৎ (যদি) এক এব অস্তি (একাকীই অবস্থান করিতে থাকে), সা এব (তাহাই) একান্তশীলতা (একান্তশীলতা বলিয়া) [কথ্যতে ইতি শেষঃ = কথিত হইয়া থাকে] ॥ ১২৭

অনুবাদ । জনপূর্ণস্থান ব্রহ্মচিন্তার পক্ষে ব্যাঘাত করে, সুতরাং নির্জনেই অবস্থান করিতে হইবে; এই প্রকার সংকল্প করিয়া যদি কেহ একাকী বাস করে; তাহা হইলে (তাহার সেইরূপ বাসকেই) একান্তশীলতা বলা যায় ॥ ১২৭

মুমুকুত্বম্ ।

সংসার-বন্ধনিম্মুক্তিঃ কদা ঝটিতি মে ভবেৎ ।

ইতি যা স্মৃঢ়া বুদ্ধিরীরিতা সা মুমুকুতা ॥ ১২৮

অর্থঃ । কদা (কোন্ সময়ে) ঝটিতি (শীঘ্র) মে (আমার) সংসারবন্ধ-নিম্মুক্তিঃ (সংসার-বন্ধন হইতে মোক্ষ হইবে) ইতি (এই প্রকার) যা (যে) স্মৃঢ়া (স্মৃতির) বুদ্ধিঃ (ভাবনা), সা (তাহাই) মুমুকুতা (মোক্ষকামনা বলিয়া) ঝরিতা (কথিত হইয়া থাকে) ॥ ১২৮

অনুবাদ । সত্বর কোন্ সময়ে এই সংসার-বন্ধন হইতে আমার মুক্তিলাভ হইবে, এই প্রকার যে স্মৃঢ় ভাবনা, তাহাই মুমুকুতা বলিয়া কথিত হইয়া থাকে ॥ ১২৮

দমঃ ।

ব্রহ্মচর্যাদিভিধ শৈবুদ্ধৈর্দোষনিবৃত্তয়ে ।

দগুনং দম ইত্যাহমর্নসঃ শান্তিসাধনন্ ॥ * ১২৯

অর্থঃ । দোষনিবৃত্তয়ে (কামাদি দোষসমূহকে বিধ্বস্ত করিবার জন্ত)

* দমশকার্থকোবিদাঃ ইতি বা পাঠঃ ।

ব্রহ্মচর্যাদিভিঃ (ব্রহ্মচর্য্য প্রভৃতি) ধর্মৈঃ (ধর্মের দ্বারা) মনসঃ (হৃদয়ের) শাস্তি-
সাধনং (শাস্তির উপায় স্বরূপ) দণ্ডনং (দণ্ডপ্রদান অর্থাৎ নিয়ন্ত্রণকে) দমঃ
(দম) ইতি (এই নামে) আছঃ (পণ্ডিতগণ নির্দেশ করিয়া থাকেন) ।

অনুবাদ । (কাম ক্রোধ প্রভৃতি) দোষ নিবৃত্তি করিবার জন্ত ব্রহ্মচর্য্য
প্রভৃতি ধর্মের দ্বারা মনের শাস্তিবিধানের উপায়স্বরূপ যে দণ্ডন (অর্থাৎ নিয়ত
করিয়া রাখা), তাহাই (পণ্ডিতগণ) দম বলিয়া নির্দেশ করিয়া থাকেন ॥ ১২৯

তত্তদ্বৃত্তিনিরোধেন বাহেচ্ছিয়বিনিগ্রহঃ ।

যোগিনো দম ইত্যাহ্মর্নসঃ শাস্তিসাধনম্ ॥ ১৩০

ইন্দ্রিয়েষ্বিন্দ্রিয়ার্থেষু প্রবৃত্তেষু যদৃচ্ছয়া ।

অনুধাবতি তান্বেব মনো বাণুনিবানলঃ ॥ ১৩১

অর্থঃ । ইন্দ্রিয়েষু (ইন্দ্রিয়সমূহ) ইন্দ্রিয়ার্থেষু (শব্দ স্পর্শ প্রভৃতি ইন্দ্রিয়-
ভোগ্য বিষয়সমূহে) যদৃচ্ছয়া (ঘটনাক্রমে) প্রবৃত্তেষু (প্রবৃত্ত হইলে) অনলঃ ইব
(অগ্নি যেমন) বায়ুং (বায়ুকে) [অনুগমন করে, সেইরূপ] মনঃ (অন্তঃকরণও)
তানি এব (সেই ইন্দ্রিয়সমূহকেই) অনুধাবতি (অনুসরণ করিয়া থাকে) ॥ ১৩১

অনুবাদ । ইন্দ্রিয়গণ ইন্দ্রিয়ভোগ্য শব্দ স্পর্শ প্রভৃতি বিষয়সমূহে প্রবৃত্ত হইলে
অগ্নি যেমন বায়ুর অনুসরণ করে, সেইরূপ অন্তঃকরণও স্বভাবের বশে সেই
ইন্দ্রিয়গণেরই অনুসরণ করিয়া থাকে ।

ইন্দ্রিয়েষু নিরুদ্ধেষু ত্যক্ত্বা বেগং মনঃ স্বয়ম্ ।

সত্যভাবমুপাদত্তে প্রসাদস্তেন জায়তে ।

প্রসন্নো সতি চিত্তেহস্ম মুক্তিঃ সিধ্যতি নাথা ॥ ১৩২

অর্থঃ । ইন্দ্রিয়েষু (ইন্দ্রিয়সমূহ) নিরুদ্ধেষু (নিরুদ্ধ হইলে পর) মনঃ (অন্তঃকরণ)
স্বয়ং (নিজেই) বেগং (বেগ) ত্যক্ত্বা (পরিত্যাগ করিয়া) সত্যভাবং
(সত্যস্বরূপ ব্রহ্মে অবস্থিতি) উপাদত্তে (প্রাপ্ত হইয়া থাক), তেন (তাহা
দ্বারাই) প্রসাদঃ (চিত্তের প্রশান্ততা) জায়তে (উৎপন্ন হইয়া থাকে) ।
চিত্তে (মনঃ) প্রসন্নো সতি (প্রশান্ত হইলে) অস্ম (সাধকের) মুক্তিঃ (মোক্ষ)
সিধ্যতি (সিদ্ধ হইয়া থাকে) অন্তথা ন (অন্য প্রকারে নহে) [মোক্ষ হইতে
পারে না) ॥ ১৩২

অনুবাদ । ইন্দ্রিয়গণ নিরুদ্ধ হইলে, অন্তঃকরণ (বাহ্য বিষয়ে প্রবৃত্ত হইবার)
বেগ নিজেই পরিত্যাগ করিয়া, সত্যস্বরূপ আত্মাতে অবস্থানপ্রাপ্ত হইয়া থাকে,
তাহাতেই চিত্তের প্রশান্ততা উৎপন্ন হয় এইরূপে চিত্ত যদি প্রশান্ত হয়, তাহা হইলেই
মুক্তি সিদ্ধ হয়, অন্যথা হয় না ॥ ১৩২

মনঃপ্রসাদস্য নিদানমেব

নিরোধনং যৎ সকলেन्द्रিয়াণাম্ ।

বাহ্যেন্দ্রিয়ে সাধু নিরুধ্যমানে

বাহ্যার্থভোগো মনসো নিবর্ততে ॥ * ১৩৩

অর্থঃ । যৎ (যাহা) সকলেन्द्रিয়াণাং (সকল ইন্দ্রিয়ের) নিরোধনং (নিরোধকরা) :এব (নিশ্চয়] মনঃপ্রসাদস্য (অন্তঃকরণের প্রসন্নতার) নিদানম্ (মূল কারণ) [ভবতীতি শেষঃ = হইয়া থাকে] । বাহ্যেন্দ্রিয়ে (বহিরিন্দ্রিয়) সাধু (সম্যগ্ভাবে) নিরুধ্যমানে (নিরুদ্ধ হইলে) মনসঃ (অন্তঃকরণের) :বাহ্যার্থভোগঃ (বাহ্যবস্তুর উপভোগ) নিবর্ততে (নিবৃত্ত হইয়া থাকে) ॥ ১৩৩

অনুবাদ । সকল ইন্দ্রিয়ের যে, নিরোধ তাহাই অন্তঃকরণের প্রসন্নতার প্রতি কারণ । বহিরিন্দ্রিয় সম্যগ্রূপে যদি নিরুদ্ধ হয়, তাহা হইলেই অন্তঃকরণেরও বাহ্যার্থের প্রতি আভিমুখ্য বা ভোগ বৃদ্ধি নিবৃত্ত হইয়া থাকে ॥ ১৩৩

তেন স্বদৌষ্ট্যং পরিমুচ্য চিত্তং

শনৈঃ শনৈঃ শান্তিমুপাদদাতি ।

চিত্তস্য বাহ্যার্থবিমোক্ষমেব

মোক্ষং বিদুমোক্ষণ-লক্ষণজ্ঞাঃ ॥ ১৩৪

অর্থঃ । তেন (সেই দমের দ্বারা) চিত্তং (অন্তঃকরণ) স্বদৌষ্ট্যং (নিজের দুঃস্বভাব) পরিমুচ্য (পরিত্যাগ করিয়া) শনৈঃ শনৈঃ (ধীরে ধীরে) শান্তিঃ (শান্তিকে) উপাদদাতি (প্রাপ্ত হইয়া থাকে) । মোক্ষণলক্ষণজ্ঞাঃ (মোক্ষের লক্ষণ যাহারা জানেন, তাঁহারা) চিত্তস্য (অন্তঃকরণের) বাহ্যার্থবিমোক্ষং (বাহ্যার্থ হইতে নিবৃত্তি লাভ করাকে) এব (ই) মোক্ষং (মোক্ষ) :বহুঃ (বলিয়া বুঝিয়া থাকেন) ॥ ১৩৪

অনুবাদ । সেই দমের দ্বারা অন্তঃকরণ নিজের দুঃস্বভাব পরিত্যাগ করিয়া, ক্রমে ধীরে ধীরে শান্তি প্রাপ্ত হইয়া থাকে । মোক্ষের লক্ষণজ্ঞ ব্যক্তিগণ বাহ্যার্থ হইতে চিত্তের মোক্ষকেই মোক্ষ বলিয়া বুঝিয়া থাকেন ॥ ১৩৪

দমং বিনা সাধু মনঃপ্রসাদ-

হেতুং ন বিদ্যঃ স্করং মুমুক্ষোঃ ।

দমেন চিত্তং নিজদোষজাতং

বিসৃজ্য শান্তিঃ সমুপৈতি শীঘ্রম্ ॥ ১৩৫

অর্থঃ । দমং (দমকে) বিনা (ছাড়িয়া) মুমুক্ষোঃ (মোক্ষার্থী ব্যক্তির)

* বিসৃজ্যতে ইতি বা পাঠঃ ।

সুকরং (অনায়াসলভ্য) মনঃপ্রসাদহেতুং (চিত্তপ্রসন্নতার কারণ) সাধু (সম্যক-
প্রকারে) ন বিদ্যঃ (আমরা জানি না) । দমেন (দমের দ্বারাই) চিত্তং (অন্তঃ-
করণ) নিজদোষজাতং (স্বীয় দোষসমূহকে) বিষজ্যা (পরিত্যাগ করিয়া) শীঘ্রং
(সত্বর) শান্তিং (শান্তিকে) সমুপৈতি (প্রাপ্ত হইয়া থাকে ॥ ১৩৫

অনুবাদ । দম ব্যতিরেকে মোক্ষার্থী ব্যক্তির অন্ত কোন প্রকার অনায়াসলভ্য
চিত্তপ্রসাদের হেতু ধে, সম্যগ্ভাবে হইতে পারে, ইহা আমরা জানি না । চিত্ত
দমেরদ্বারা দোষসমূহকে পরিত্যাগ করিয়া শীঘ্র শান্তিকে প্রাপ্ত হইয়া
থাকে ।

প্রাণায়ামাদ্ভবতি মনসো নিশ্চলত্বং প্রসাদো

যস্যাপ্যশ্চ প্রতিনিয়তদিগ্দেশকালানুবক্ষ্য ।

সম্যগ্দ্দৃষ্ট্যা কচিদপি তয়া নো দমো হন্যতে তৎ

কুর্যাদ্ ধীমান্ দমমনলসশ্চিত্তশান্তৈস্ত্য প্রযত্নাৎ ॥ ১৩৬

অর্থ । প্রতিনিয়তদিগ্দেশকালাদি (শাস্ত্রবিহিত নিয়ত দিক্, নিয়ত
কাল এবং নিয়ত দেশ প্রভৃতি) অবক্ষ্য (ভাল করিয়া পর্যবেক্ষণ করিয়া)
প্রাণায়ামাৎ (প্রাণায়াম দ্বারা) যশ্চ (যাহার) মনসঃ (মনের) নিশ্চলত্বং
(নিশ্চলতা) [ভবতীতি শেষঃ = হইয়া থাকে] ; অশ্চ (এই ব্যক্তির) কচিদপি
(কোনও ভোগ্যবস্ততে) তয়া (সেই পূর্বকথিত) সম্যগ্দ্দৃষ্ট্যা (ইহা পরম সুন্দর
এই প্রকার বুদ্ধির উদয় হইলে) প্রসাদঃ (চিত্তের প্রসন্নতা) ন [ভবতীতি = হইতে
পারে না] ; তৎ (সেইজন্য) অদমঃ (দম যাহার সিদ্ধ হয় নাই, এই প্রকার
ব্যক্তি) হন্যতে (সিদ্ধি হইতে স্থলিত হইয়া থাকে) ; [অতএব = এই কারণেই]
ধীমান্ (সুবোধ ব্যক্তি) অনলসঃ (আলস্য রহিত হইয়া) প্রযত্নাৎ (যত্নের সহিত)
চিত্তশান্তৈস্ত্য (চিত্তের শান্তির জন্ম) দমং (দমকেই) কুর্য্যাৎ (আয়ত্ত করিবে) ॥ ১৩৬

অনুবাদ । শাস্ত্রের নির্দেশানুসারে নিয়ত দিক্, দেশ ও কালাদি পর্যবেক্ষণ
করিয়া প্রাণায়াম করিলে যে ব্যক্তির [সময়বিশেষে] চিত্তের নিশ্চলত্ব হয়,
দৈববশাৎ উপগত কোন ভোগ্য বস্ততে চাক্রতাবুদ্ধির উদয় হইলে, সেই ব্যক্তির
[দমসিদ্ধি হয় নাই বলিয়া) চিত্তের প্রসাদ হইতে পারে না ; সেইজন্য [ইহা
হিঁস্র যে,] যাহার দমসিদ্ধি হয় নাই, [তাহার প্রাণায়ামাদি হঠযোগের সিদ্ধি
হইলেও] সমাধিপথ হইতে স্থলন, এমন কি বিনাশও হইতে পারে ; এই কারণে
[বাহ্য হঠযোগাদির উপর একান্ত নির্ভর না করিয়া] সুবোধ ব্যক্তি প্রযত্নের
সহিত আলস্য পরিহারপূর্বক মনের শান্তির জন্ম দমকে অভ্যাস করিয়া
থাকেন ॥ ১৩৬

সর্বেন্দ্রিয়াণাং গতিনিগ্রহেণ

ভোগ্যেষু দোষাণ্যবমর্শনেন ।

ঈশপ্রসাদাচ্চ গুরোঃ প্রসাদা-

চ্ছান্তিং সমায়াত্যচিরেণ চিত্তম্ ॥ ১৩৭

অর্থঃ । সর্বেন্দ্রিয়াণাং (সকল ইন্দ্রিয়ের) গতিনিগ্রহেণ (যথেষ্ট বিষয়ে প্রবৃত্তির নিরোধ দ্বারা) ভোগ্যেষু (ভোগ্যবস্তুসমূহে) দোষাণ্যবমর্শনেন (দোষ বিচার দ্বারা) ঈশপ্রসাদাৎ (ভগবানের অনুগ্রহে) [এবং] গুরোঃ (শ্রীগুরুদেবের প্রসাদাৎ (অনুগ্রহ দ্বারা) অচিরেণ (অল্পকালের মধ্যেই) চিত্তম্ (অন্তঃকরণ) শান্তিং (শান্তিকে) সমায়াতি (প্রাপ্ত হইয়া থাকে) ॥ ১৩৭

অনুবাদ । সকল ইন্দ্রিয়েরই যথেষ্ট বিষয়ে প্রবৃত্তি-নিরোধের দ্বারা, ভোগ্য বস্তু মাত্রেরই দোষোদ্ভাবন দ্বারা পরমেশ্বরের রূপায় এবং শ্রীগুরুদেবের অনুগ্রহে অল্পকালের মধ্যেই চিত্ত শান্তিকে প্রাপ্ত হইয়া থাকে ॥ ১৩৭

তিতিক্ষা ।

আধ্যাত্মিকাদি বদ্ দুঃখংপ্রাপ্তং প্রারব্ধবেগতঃ ।

অচিন্তয়া তৎসহনং তিতিক্ষেতি প্রচক্ষতে ॥ ১৩৮

অর্থঃ । প্রারব্ধবেগতঃ (প্রারব্ধ কর্মের গতিবশত যৎ (যাহা কিছু) আধ্যাত্মিকাদি (আধ্যাত্মিক ও আধিদৈবিক প্রভৃতি) দুঃখং (দুঃখ) প্রাপ্তং (উপস্থিত হয়), অচিন্তয়া (সে বিষয়ে কোন প্রকার চিন্তা না করিয়া) তৎসহনং (তাহা সহ করাই) তিতিক্ষা (তিতিক্ষা এই শব্দের অর্থ) প্রচক্ষতে [পণ্ডিতগণ] (বলিয়া থাকেন) ॥ ১৩৮

অনুবাদ । প্রারব্ধকর্মের বেগবশতঃ আধ্যাত্মিক প্রভৃতি যে কোন দুঃখ উপস্থিত হইলে, তদ্বিষয়ে কোন প্রকার চিন্তা না করিয়া তাহার সহনই তিতিক্ষা—এই প্রকার বিজ্ঞব্যক্তিগণ বলিয়া থাকেন ॥ ১৩৮

রক্ষা তিতিক্ষাসদৃশী মুমুক্শো-

ন বিদ্বতেহসৌ পবিনা ন ভিদ্বতে ।

যামেব ধীরাঃ কবচীয় বিঘ্নান্*

সর্বাংশুকৃত্য জয়ন্তি মায়াম্ ॥ ১৩৯

অর্থঃ। মুম্ক্ষোঃ (মোক্ষাভিলাষী ব্যক্তির) তিতিক্ষা-সদৃশী (তিতিক্ষার সমান) রক্ষা (অথ কোন রূপ রক্ষা) ন বিঘ্নতে (বিঘ্নমান নাই)। অসৌ (এই তিতিক্ষা) পবিনা (বজ্রের দ্বারা) ন ভিঘ্নতে (ভিন্ন হইতে পারে না) ; ধীরাঃ (ধীরগণ) যাং (যাহাকে) কবচীয় (দেহ-রক্ষা সম্বন্ধে কবচ স্বরূপ করিয়া) সর্ভান্ (সমস্ত) বিঘ্নান্ (বিঘ্নকে) তৃণীকৃত্য (তৃণের গ্ৰায় উপেক্ষা করিয়া) মায়াম্ (সংসারের নিদান মায়াকে) জয়ন্তি (জয় করেন) ॥ ১৩৯

অনুবাদ। মোক্ষার্থী ব্যক্তির পক্ষে তিতিক্ষার গ্ৰায় আত্মরক্ষার উপায় আর নাই। তিতিক্ষা বজ্রের দ্বারাও ভিন্ন হয় না। এই তিতিক্ষার দ্বারা ধীর ব্যক্তিগণ দেহরক্ষার যাবতীয় বিঘ্নকে উপেক্ষা করিয়া মায়াকে জয় করিতে সমর্থ হন ॥ ১৩৯

ক্ষমাবতামেব হি যোগসিদ্ধিঃ

স্বারাজ্যলক্ষ্মী-সুখভোগসিদ্ধিঃ ।

ক্ষমাবিহীনা নিপতন্তি বিঘ্নৈ-

বর্তৈর্হতাঃ পর্গচয়া ইব দ্রুমাং ॥ ১৪০

অর্থঃ। ক্ষমাবতাং (ক্ষমাশীল ব্যক্তিগণের) এব (ই) যোগসিদ্ধিঃ (সমাধি-সিদ্ধি) [ভবতি = হইয়া থাকে] ; স্বারাজ্যলক্ষ্মীসুখভোগসিদ্ধিঃ [চ] (এবং স্বর্গ-সাম্রাজ্যের লক্ষ্মী দ্বারা যত প্রকার সুখভোগ হইতে পারে, তাহারও সিদ্ধি) [ভবতি = হইয়া থাকে] ; বর্তৈঃ (বায়ুসমূহ দ্বারা) হতাঃ (তাড়িত) পর্গচয়াঃ (পত্রসমূহ) দ্রুমাদিব (যেমন বৃক্ষ হইতে) নিপতন্তি (পতিত হয়), ক্ষমাবিহীনাঃ (ক্ষমাহীন জনগণও) [তথা = সেইরূপ] বিঘ্নৈঃ (বিঘ্নসমূহের দ্বারা) নিপতন্তি (যোগমার্গ হইতে ভ্রষ্ট হইয়া থাকে) ১৪০

অনুবাদ। যাহারা ক্ষমাশীল, তাঁহাদেরই যোগসিদ্ধি হয়, এবং তাঁহারা ই স্বর্গসাম্রাজ্যলক্ষ্মীর লাভ নিবন্ধন সকল প্রকার সুখ ভোগ করিতে সমর্থ হন। যাহারা ক্ষমাশীল নহে, তাহারা ই বায়ুসমূহের দ্বারা আহত পত্রসমূহ যেমন বৃক্ষ হইতে পতিত হয়, সেই রূপ (যোগমার্গ হইতে) পতিত হইয়া থাকে ॥ ১৪০

তিতিক্ষয়া তপো দানং যজ্ঞস্তীর্থং ত্রুতং শ্রুতম্ ।

ভূতিঃ স্বর্গোহপবর্গশ্চ প্রাপ্যতে তত্তদর্শিভিঃ ॥ ১৪১

* কবচীবিঘ্নান্ ইতি বা পাঠঃ।

অর্থঃ । তত্তদর্থিভিঃ (সেই সেই ফল কামনা যাহারা করে, তাহারা তিতিক্ষয়া (ক্ষমার প্রভাবেই) তপঃ (তপস্যা) : দানং (দান), যজ্ঞঃ (যাগ-হোম প্রভৃতি), তীর্থং (বারাণসী প্রভৃতি তীর্থক্ষেত্র), ব্রতং (চান্দ্রায়াণাদি ব্রত) ঞ্জতং (বিদ্যা), ভূতিঃ (ঐশ্বর্য), স্বর্গঃ (স্বর্গ), অপবর্গশ্চ (এবং অপবর্গ) প্রাপ্যতে (প্রাপ্ত হইয়া থাকে) ॥ ১৪১

অনুবাদ । তত্তৎফলকামী ব্যক্তিগণ এক তিতিক্ষার দ্বারাই তপস্যা, দান, যজ্ঞ, তীর্থ, ব্রত, বিদ্যা, ঐশ্বর্য এবং অপবর্গ পর্য্যন্তও লাভ করিতে পারে ॥ ১৪১

ব্রহ্মচর্য্যমহিংসা চ সাধূনামপি চার্হণম্ ।*

পরাক্ষেপাদিসহনং তিতিক্ষোরেব সিধ্যতি ॥ ১৪২

অর্থঃ । ব্রহ্মচর্য্য (ব্রহ্মচর্য্য) অহিংসা (হিংসা পরিত্যাগ) সাধূনাং (সাধু-গণের) অর্হণং (পূজন), অপিচ (এবং) পরাক্ষেপাদিসহনং (পরের তিরস্কার প্রভৃতির সহন) তিতিক্ষোঃ এব (তিতিক্ষাশীল ব্যক্তিরই) সিধ্যতি (সিদ্ধ হইয়া থাকে) ॥ ১৪২

অনুবাদ । ব্রহ্মচর্য্য, অহিংসা, সাধুগণের সেবা এবং পরের নিকট হইতে লক্ষ তিরস্কার প্রভৃতি সহন, তিতিক্ষাশীল ব্যক্তিরই সিদ্ধ হইয়া থাকে ॥ ১৪২

সাধনেষপি সর্বেষু তিতিক্ষোত্তমসাধনম্ ।

যত্র বিঘ্নাঃ পলায়ন্তে দৈবিকা অপি ভৌতিকাঃ ॥ ১৪৩

অর্থঃ । সর্বেষু (সকল) সাধনেষু (সাধনের মধ্যে) তিতিক্ষা (সহন-শীলতাই) উত্তমসাধনং (উৎকৃষ্ট সাধন) । যত্র (যে তিতিক্ষা সিদ্ধ হইলে) দৈবিকাঃ (দৈব) ভৌতিকা অপি (এবং ভৌতিক) বিঘ্নাঃ (বিঘ্নসমূহ) পলায়ন্তে (পলায়ন করিয়া থাকে) ॥ ১৪৩

অনুবাদ । সকল প্রকার [মোক্ষ] সাধনের মধ্যে সহিষ্ণুতাই অত্যুৎকৃষ্ট সাধন ; (কারণ) এই তিতিক্ষা-বিষয়ে সিদ্ধিলাভ হইলে দৈবিক এবং ভৌতিক সকল প্রকার বিঘ্নই (সাধককে ছাড়িয়া) পলায়ন করিয়া থাকে ॥ ১৪৩

তিতিক্ষোরেব বিঘ্নেভ্যস্ত্বনিবর্তিতচেতসঃ ।

সিধ্যন্তি সিদ্ধয়ঃ সর্বা অগ্নিমাঢ্যাঃ সমুদ্রয়ঃ ॥ ১৪৪

অর্থঃ । বিঘ্নেভ্যঃ (বিঘ্নসমূহ হইতে) অনিবর্তিতচেতসঃ (বাধাপ্রাপ্ত হইয়াও যাহার চিত্ত মোক্ষমার্গ হইতে প্রত্যাবর্তন করে না, এই প্রকার) তিতিক্ষোঃ এব

* সাধূনামপ্যর্হণম্ ইতি বা পাঠঃ ।

(সহিষ্ণু ব্যক্তিরই) সর্বাঃ (সকল প্রকার) অগ্নিমাণ্ডাঃ (অগ্নিমাণ্ডা) সমৃদ্ধয়ঃ (সমৃদ্ধিরূপ) সিদ্ধয়ঃ (সিদ্ধিকর্যটাই) সিধ্যন্তি (সিদ্ধ হইয়া থাকে) ॥ ১৪৪

অনুবাদ। বিঘ্নসমূহের উদয় হইলেও, মোক্ষপথ হইতে যাহার চিত্ত :বিনিবৃত্ত হয় না, এইরূপ তিতিক্ষাশীল ব্যক্তিরই অগ্নিমাণ্ডা ঐশ্বর্য নামে প্রসিদ্ধ সিদ্ধিসমূহ প্রাপ্ত হইয়া থাকে ॥ ১৪৪

তস্মাম্মুমুক্ষোরধিকা তিতিক্ষা

সম্পাদনীয়েষ্পিতকার্য্যসিদ্ধয়ে ।

তীব্রা মুমুক্ষা চ মহতু্যপেক্ষা

চোভে তিতিক্ষা-সহকারিকারণম্ ॥ ১৪৫

অর্থ। ঐষ্পিতকার্য্যসিদ্ধয়ে (অভিলষিত কার্য্য অর্থাৎ মোক্ষ সিদ্ধির জন্ম) তস্মাৎ (সেই কারণে) মুমুক্ষাঃ (মোক্ষকাম ব্যক্তির) অধিকা (অধিক তিতিক্ষা—সহিষ্ণুতা) সম্পাদনীয়া (সম্পাদনীয় অর্থাৎ সম্পাদন করা উচিত); তীব্রা (উৎকট) মুমুক্ষা (মুক্তির ইচ্ছা) চ (এবং) মহতী (প্রবল) উপেক্ষা (বৈরাগ্য), (উভে (এই দুইটিই) তিতিক্ষা-সহকারিকারণম্ (তিতিক্ষার সহকারি কারণ হইয়া থাকে) ॥ ১৪৫

অনুবাদ। সেই কারণে অভিলষিত কার্য্যসিদ্ধির জন্ম মুমুক্ষু ব্যক্তির অধিক তিতিক্ষা যাহাতে হয়, তাহা কর্তব্য, তীব্র মোক্ষাভিলাষ এবং উৎকট বৈরাগ্য এই দুইটিই তিতিক্ষার সহকারি কারণ হইয়া থাকে । ১৪৫

তত্তৎকালসমাগতাময়ততেঃ শান্তৈশ্চ্য প্রবৃত্তো যদি

শ্ৰাৎ তত্তৎপরিহারকৌষধরতস্তচ্চিত্তনে তৎপরঃ ।

তদ্ভিক্ষুঃ শ্রবণাদিধর্ম্মরহিতো ভূত্বা মৃতশ্চেততঃ

কিং সিদ্ধং ফলমাণু যাদুভয়থা ভ্রষ্টো ভবেৎ স্বার্থতঃ ॥১৪৬

অর্থ। ভিক্ষুঃ (সন্ন্যাসী) যদি (যদি) তত্তৎকালসমাগতাময়ততেঃ (সেই সেই যথানির্দিষ্টকালে উপস্থিত ব্যাধি প্রভৃতির) শান্তৈশ্চ্য (কি উপায়ে শান্তি হয় তাহার জন্ম) প্রবৃত্তঃ (প্রবৃত্ত) শ্ৰাৎ (হয়); তত্তৎপরিহারকৌষধরতঃ (সেই সেই ব্যাধিনিবৃত্তির হেতুস্বরূপ যে সকল ঔষধ আছে, তাহাতেই রত হইয়া) তচ্চিত্তনে (তাহারই চিন্তায়) তৎপরঃ (সর্বদা ব্যাপৃত হয়), শ্রবণাদি-ধর্ম্মরহিতঃ (এইরূপে শ্রবণ মনন প্রভৃতি অবশ্যকর্তব্য ভিক্ষুধর্ম্ম ইহতে ভ্রষ্ট) ভূত্বা (হইয়া) চেৎ (যদি) মৃতঃ (সেই ভিক্ষু মৃত্যুমুখে পতিত হয়), ততঃ (তাহা হইলে) সঃ

(সেই ভিক্ষুঃ) কিং সিদ্ধং ফলং (কি সর্বজনপ্রসিদ্ধ ফল আপুয়াৎ (প্রাপ্ত হয় ?)
উভয়থা (উভয় প্রকারে) স্বার্থতঃ (নিজের স্বার্থ হইতে) ভ্রষ্টঃ (ভ্রষ্ট) শ্ৰাৎ
(হইয়া থাকে) ॥ ১৪৬

অনুবাদ । ভিক্ষু যদি সেই সেই প্রতিনিয়ত কালে উপস্থিত ব্যাধিসমূহের
(সহন না করিয়া) কিসে শাস্তি হয়, তাহার জগু প্রবৃত্ত হয়, এবং সেই সেই
রোগের নিবৃত্তিকর ঔষধ সমূহের সংগ্রহে প্রবৃত্ত হইয়া সেই ঔষধের চিন্তায়
ব্যাপ্ত হইয়া পড়ে, (অদৃষ্টবশতঃ তাহার রোগনিবৃত্তি যদি না হয়, প্রত্যুত)
(সন্ন্যাসীর অবশ্য-কর্তব্য শ্রবণাদি ধর্ম পরিত্যাগ করিয়া তাহাকে যদি মৃত্যুমুখে
পতিত হইতে হয়, তাহা হইলে সে সেই ঔষধাদির বাহা প্রসিদ্ধ ফল অর্থাৎ
আরোগ্য, তাহা কি প্রাপ্ত হয় ? (কখনই না ; প্রত্যুত তাহার আরোগ্যও হইল
না এবং সন্ন্যাসীর ধর্মও নষ্ট হইল ; এইরূপে তিতিক্ষার অভাবে) সে উভয়
প্রকারেই ভ্রষ্ট হইয়া থাকে ॥ ১৪৬

যোগমভ্যস্যতো ভিক্ষোর্যোগাচ্চলিতমানসঃ ।*

প্রাপ্য পুণ্যকৃতাং লোকান্ ইত্যাদি প্রাহ কেশবঃ ॥ ১৪৭

অন্বয় । যোগম্ অভ্যস্ততঃ (যোগ অভ্যাসে নিরত) ভিক্ষোঃ (সন্ন্যাসীর)
[যদি অকস্মাৎ মৃত্যু হয়, তাহা হইলে], কেশবঃ (ভগবান্ নারায়ণ) “যোগাচ্চ-
লিতমানসঃ (যোগ হইতে যাহার মনঃ বিচলিত হইয়াছে, সেই ব্যক্তি (পুণ্যকৃতাম্
(মৃত্যুর পর পুণ্যার্জিত) লোকান্ (লোকসমূহকে) প্রাপ্য” (প্রাপ্ত হইয়া)
ইত্যাদি (এই প্রকার বাক্যের দ্বারা) [কি গতি হয়, তাহা], [গীতাতে] প্রাহ
(স্পষ্টভাবে নির্দেশ করিয়াছেন) ॥ ১৪৭

অনুবাদ । যোগ অভ্যাস করিতে করিতে ভিক্ষুর [দৈববাণী প্রযত্ন-শৈথিল্য
বটিলে, তাহার কীদৃশী গতি হয়, অর্জুনের এই প্রশ্নের উত্তরে] ভগবান্ কেশব,
যোগ হইতে বিচলিতচিত্ত ব্যক্তি [যাদৃশী গতি প্রাপ্ত হন, তৎ প্রসঙ্গে] পুণ্যোপা-
র্জিত লোকসমূহ প্রাপ্ত হইয়া ইত্যাদি বাক্যে জ্ঞাপন করিয়াছেন ।

নতু কুর্ভেব সন্ন্যাসং তুষ্টীমেব মৃতস্য চ । †

পুণ্যালোকগতিং ক্রতে ভগবান্যাসমাত্রতঃ ॥ ১৪৮

অন্বয় । তু (কিঞ্চ) সন্ন্যাসং (সন্ন্যাস মাত্র) কুর্ভেব (করিয়াই) তুষ্টীমেব (কোন
প্রকার যোগানুষ্ঠান ব্যতিরেকে) মৃতস্য (মৃত ব্যক্তির) আসমাত্রতঃ (কেবল
সন্ন্যাসশ্রম অবলম্বন করিয়াছে বলিয়াই) পুণ্যালোকগতিং (পুণ্যালোকসমূহে গতি
ভগবান্ (নারায়ণ) ন ক্রতে (বলেন নাই) ॥ ১৪৮

* চলিতচেতস্ত ইতি বা পাঠঃ ।

† মৃতস্য হি ইতি বা পাঠঃ ।

অনুবাদ । কেবল সন্ন্যাস আশ্রম অবলম্বন করিয়া কোন প্রকার যোগানুষ্ঠান ব্যতিরেকে যদি কোন সন্ন্যাসী দেহত্যাগ করেন, তাহা হইলে কেবল সন্ন্যাসাশ্রম অবলম্বন করিয়াছিলেন বলিয়াই, তাঁহার পুণ্যলোকসমূহে গতি হইবে, এই প্রকার উপদেশ ভগবান্ প্রদান করেন নাই ॥ ১৪৮

নচ সংন্যসনাদেব সিদ্ধিং সমধিগচ্ছতি ।

ইত্যনুষ্ঠেয়সন্ত্যাগাৎ সিদ্ধ্যভাবমুবাচ হ ॥ ১৪৯

অন্বয় । সন্ন্যাসনাৎ এব (কেবল অনুষ্ঠেয় কৰ্ম্মের ত্যাগ করিলেই) সিদ্ধিং (সিদ্ধিকে) ন সমধিগচ্ছতি (প্রাপ্ত হয় না) ইতি (এই প্রকার বাক্যের দ্বারা) [ভগবান্ ইতি শেষঃ = ভগবান্ বাসুদেব] অনুষ্ঠেয়সন্ত্যাগাৎ (কেবল অনুষ্ঠেয় কৰ্ম্মের পরিত্যাগ করিলে) সিদ্ধ্যভাবং (সিদ্ধির অভাব অর্থাৎ সিদ্ধি হয় না) উবাচ (বলিয়াছেন) ॥ ১৪৯

অনুবাদ । “কেবল সন্ন্যাস করিলেই সিদ্ধিকে প্রাপ্ত হয় না” এই প্রকার উক্তি দ্বারা [ভগবান্] কেবল কৰ্ত্তব্য কৰ্ম্মের পরিত্যাগ করিলে সিদ্ধিলাভ হয় না, তাহা [স্পষ্টই] নির্দেশ করিয়াছেন ॥ ১৪৯

তস্মাৎ তিতিক্ষয়া সোঢ়া তত্তদুঃখমুপাগতম্ ।

কুর্য্যাচ্ছক্ত্যানুরূপেণ শ্রবণাদি শনৈঃ শনৈঃ ॥ ১৫০

অন্বয় । তস্মাৎ (সেই কারণে) উপাগতং (সমুপস্থিত) তত্তৎ (সেই সেই) দুঃখং (দুঃখকে) তিতিক্ষয়া (তিতিক্ষার দ্বারা) সোঢ়া (সহ্য করিয়া) শক্ত্যানুরূপেণ (নিজ সামর্থ্যের অনুসারে) শনৈঃ শনৈঃ (ধীরে ধীরে) শ্রবণাদি (শ্রবণ ও মনন প্রভৃতি) কুর্য্যাৎ (করিবে) ॥ ১৫০

অনুবাদ । সেই কারণে [অদৃষ্টবশে] উপস্থিত সেই সেই দুঃখকে তিতিক্ষার দ্বারা সহ্য করিয়া [সন্ন্যাসী] নিজ সামর্থ্যের অনুরূপভাবে শ্রবণ ও মননাদি করিবে ॥ ১৫০

প্রয়োজনং তিতিক্ষায়াঃ সাধিতায়াঃ প্রযত্নতঃ ।

প্রাপ্তদুঃখাসহিষ্ণুত্বে ন কিঞ্চিদপি দৃশ্যতে ॥ ১৫১

অন্বয় । প্রাপ্তদুঃখাসহিষ্ণুত্বে (উপস্থিত দুঃখ যদি সহিতে না পারা যায়, তাহা হইলে) প্রযত্নতঃ (যত্নপূর্বক) সাধিতায়াঃ (অভ্যস্ত) তিতিক্ষায়াঃ (তিতিক্ষার) কিঞ্চিদপি (কিছুই) প্রয়োজনং (ফল) ন দৃশ্যতে (দৃষ্ট হয় না) ॥ ১৫১

অনুবাদ । [প্রাক্তন কৰ্ম্মবশে] উৎপন্ন দুঃখকে যদি সহিতে না পারা যায়, তা হইলে যত্নপূর্বক সাধিত তিতিক্ষার কোনই ফল দৃষ্ট হয় না ॥ ১৫১

সন্ন্যাসঃ ।

সাধনত্বেন দৃষ্টানাং সর্বেষামপি কৰ্মণাম্ ।

বিধিনা যঃ পরিত্যাগঃ স সন্ন্যাসঃ সতাং মতিঃ * ॥ ১৫২

অর্থঃ । সাধনত্বেন (সাধনভাবে) দৃষ্টানাং (প্রতিপাদিত) সর্বেষাং (সকল প্রকার) কৰ্মণাম্ অপি (কৰ্মেরই) বিধিনা (শাস্ত্রোক্ত বিধানানুসারে) যঃ (যে) পরিত্যাগঃ (পরিবর্জন), সঃ (তাহাই) সন্ন্যাসঃ (সন্ন্যাস ইহা) সতাং (সাধুগণের) মতিঃ (জ্ঞান) ॥ ১৫২

অনুবাদ । [স্বর্গাদির] সাধন বলিয়া যে সকল কৰ্ম শাস্ত্রবিহিত, সেই সকল নিত্য, নৈমিত্তিক এবং কাম্য কৰ্মের শাস্ত্রীয় বিধি অনুসারে যে পরিত্যাগ, তাহাই সন্ন্যাস—এইপ্রকারই সাধুগণের বিবেচনা ॥ ১৫২

উপরময়তি কৰ্ম্মাণীতু্যপরতিশব্দেন কথ্যতে ন্যাসঃ ।

ন্যাসেন হি সর্বেষাং শ্রুত্যা প্রাপ্তো† বিকৰ্ম্মণাং ত্যাগঃ ॥ ১৫৩

অর্থঃ । কৰ্ম্মাণি (কৰ্ম্মসমূহকে) উপরময়তি (পরিত্যাগ করাইয়া থাকে) ইতি (এজন্য) উপরতিশব্দেন (উপরতি এই শব্দটির দ্বারা) ন্যাসঃ (সন্ন্যাস) কথ্যতে (প্রতিপাদিত হইয়া থাকে) ; সর্বেষাং (সকল) কৰ্ম্মণাং (কৰ্ম্মেরই) ন্যাসেন (পরিত্যাগ করিতে হয় বলিয়া) বিকৰ্ম্মণাং (বিরুদ্ধ কৰ্ম্মসমূহেরও) ত্যাগ (পরিত্যাগও) শ্রুত্যা (বেদের দ্বারা) প্রাপ্তঃ (বুঝিতে পারা যায়) ॥ ১৫৩

অনুবাদ । কৰ্ম্মসমূহকে পরিত্যাগ করাইয়া থাকে বলিয়া, উপরতি শব্দে সন্ন্যাস বুঝায় । সকল কৰ্ম্মেরই পরিত্যাগ করিতে হয় বলিয়া, [এই সন্ন্যাসাশ্রমে] বিরুদ্ধ কৰ্ম্মসকলেরও ত্যাগ শ্রুতি দ্বারাই প্রতিপাদিত হইয়া থাকে ॥ ১৫৩

কৰ্ম্মণা সাধ্যমানশ্চানিত্যত্বং শ্রয়তে যতঃ ।

কৰ্ম্মণাহনেন কিং নিত্যফলেপ্সোঃ পরমার্থিনঃ ॥ ১৫৪

অর্থঃ । যতঃ (যেহেতু) কৰ্ম্মণা (কৰ্ম্মের দ্বারা) সাধ্যমানশ্চ (যাহা সাধিত হয় তাহার) অনিত্যত্ব (বিনাশ) শ্রয়তে (বেদের দ্বারা প্রতিপাদিত হইয়া থাকে) [তস্মাৎ=সেই কারণে] পরমার্থিনঃ (ব্রহ্মনিষ্ঠ) নিত্যফলেপ্সোঃ (নিত্যফল অর্থাৎ মোক্ষকামী সন্ন্যাসীর) অনেন কৰ্ম্মণা (এই কৰ্ম্মের দ্বারা) কিম্ ? (কি ফল হইতে পারে ?) ॥ ১৫৪

অনুবাদ । যেহেতু কৰ্ম্মের দ্বারা সাধিত ফলের অনিত্যত্ব বেদের দ্বারা প্রতিপাদিত হইতেছে, অতএব এই কৰ্ম্মের দ্বারা মোক্ষার্থীর (সন্ন্যাসীর) কি

* সতাং মতঃ ইতি বা পাঠঃ ।

† প্রোক্তো বিকৰ্ম্মণাং ত্যাগঃ ইতি বা পাঠঃ ।

প্রয়োজন সাধিত হইতে পারে? (অর্থাৎ কোন প্রয়োজনই সাধিত হয় না) ॥ ২৫৪

উৎপাদ্যমাপ্যং সংস্কার্যং বিকার্যং পরিগণ্যতে ।

চতুর্বিধং কর্মসাধ্যং ফলং নান্যদিতঃ পরম্ ॥ ১৫৫

অর্থঃ । কর্মসাধ্যং (ক্রিয়া দ্বারা নিষ্পাদ্য) ফলং (ফল) উৎপাদ্যং (উৎপাদ্য) আপ্যং (আপ্য) সংস্কার্যং (সংস্কার্য) বিকার্যং চ (এবং বিকার্য) চতুর্বিধ (এই চারি প্রকার) পরিগণ্যতে (পরিগণিত হইয়া থাকে) ; ইতঃ (ইহা হইতে) পরং (বিলক্ষণ) অন্তঃ (অন্ত কোন ফল) ন [অস্তি = নাই] । ১৫৫

অনুবাদ । ক্রিয়া দ্বারা যাহা নিষ্পন্ন হয়, এইরূপ ফল উৎপাদ্য, আপ্য, সংস্কার্য এবং বিকার্য এই চারিপ্রকারে পরিগণিত হইয়া থাকে । ইহার অতিরিক্ত ক্রিয়াসাধ্য কোন ফলই হইতে পারে না ॥ ১৫৫

মন্তব্য । ক্রিয়া দ্বারা নিষ্পাদিত যে ফল, তাহাই ক্রিয়ার কর্ম বলিয়া পরিগণিত হয় । এই ফল বা কর্ম বৈয়াকরণগণের মতামুসারে চারি ভাগে বিভক্ত হইয়া থাকে । যথা,—উৎপাদ্য, আপ্য, সংস্কার্য এবং বিকার্য । উপাদান গরন বিকৃত হয় না, অথচ ক্রিয়া দ্বারা সেই উপাদান হইতে একটি নূতন বস্তু দি উৎপন্ন হয়, তাহাকে (সেই বস্তুকে) উৎপাদ্য কর্ম বলা যায় । ইহার দাহরণ যথা,—পটং করোতি (অর্থাৎ পট করিতেছে) । এই স্থলে পটরূপ বস্তু উৎপন্ন হইতেছে, তাহা ক্রিয়া দ্বারা নিষ্পন্ন হইতেছে । কিন্তু ঐ পটের উপাদানস্বরূপ যে সকল তন্তু বা সূত্র—তাহাদের বিনাশ বা বিকার কিছুই পরিদৃষ্ট হইতেছে না ; সুতরাং ক্রিয়ার অর্থ যে ক্রিয়া, পট সেই ক্রিয়ার উৎপাদ্য কর্ম হইতেছে । দ্বিতীয় আপ্য কর্ম—ক্রিয়া দ্বারা কোন বিশেষ পরিলক্ষিত হয় না, অথচ যাহা ক্রিয়ার কর্ম বলিয়া ব্যবহৃত, সেই জাতীয় কর্মের নাম আপ্য কর্ম । দাহরণ যথা,—দেবদত্তঃ ঘটং জানাতি (অর্থাৎ দেবদত্ত ঘটকে জানিতেছে) । এই স্থলে জ্ঞানক্রিয়া দ্বারা ঘটের কোন প্রকার বিকার বা অবস্থান্তর কিছুই পরিদৃষ্ট হইতেছে না, অথচ ঘটকে আমরা জ্ঞানরূপ ক্রিয়ার কর্ম বলিয়া ব্যবহার করিতেছি ; এই কারণে ঘট জ্ঞান ক্রিয়ার আপ্য কর্ম হইতেছে । তৃতীয় সংস্কার্য কর্ম—ক্রিয়ার দ্বারা যে কর্মে কোন প্রকার সংস্কার বা অদৃষ্ট ধর্মবিশেষ উৎপন্ন হয়, এই কর্মকে সংস্কার্য কর্ম বলা যায় । যথা,—ত্রীহীন প্রোক্ষতি (ধাতুকে প্রোক্ষিত করিবে) । এই স্থলে প্রোক্ষণ শব্দের অর্থ জলছিটান, এই প্রোক্ষণরূপ ক্রিয়া দ্বারা ধাতুে কোন প্রকার দৃষ্ট বিশেষ না হইলেও, যজ্ঞের প্রকরণে যখন জল ছিটাইবার বিধান করা হইয়াছে এবং ঐ প্রকার ধাতুের দ্বারা পুরোডাশ স্মরণ (পিষ্টক প্রস্তুত করা) বিহিত হইয়াছে, তখন নিশ্চয়ই অঙ্গীকার করিতে হবে যে, ধাতুে জল ছিটাইলে তাহাতে কোন অদৃষ্ট বিশেষ উৎপন্ন হয় । তাহাতে তাদৃশ অদৃষ্ট উৎপন্ন হয়, সেই ধাতু দ্বারা পুরোডাশ নিষ্পন্ন করিয়া তাহা যোগ করিলেই ঐ যোগ সিদ্ধ হয় ; প্রোক্ষণ করিলে বা জল ছিটাইলে ধাতুে অদৃষ্ট হয়, তাহারই নাম সংস্কার—এই সংস্কার প্রোক্ষণ দ্বারা ধাতুে হয় বলিয়া

ধাতুকে প্রোক্ষণ ক্রিয়ার সংস্কার্য কৰ্ম বলা যাইতে পারে । চতুর্থ বিকার্য কৰ্ম —একটি দ্রব্যকে নষ্ট করিয়া যে ক্রিয়া আর একটি দ্রব্য উৎপাদন করে, সেই ক্রিয়ার কৰ্মকে বিকার্য কৰ্ম কহে । যেমন—দুগ্ধং দধি করোতি বা কাষ্ঠং ভস্ম করোতি (দুগ্ধকে দধি করিতেছে বা কাষ্ঠকে ভস্ম করিতেছে) । দুগ্ধকে নষ্ট করিয়া দধি উৎপন্ন করিতেছে বা কাষ্ঠকে নষ্ট করিয়া ভস্ম উৎপন্ন করিতেছে বলিয়া কু ধাতুর অর্থ যে ক্রিয়া—তাহার দধি বা ভস্মরূপ যে কৰ্ম, তাহাকে বিকার্য কৰ্ম বলা যায় । ইহাই হইল চতুর্বিধ কৰ্ম—এই চতুর্বিধ কৰ্ম ছাড়া ধাতু ক্রিয়ার অন্ত কোন প্রকার কৰ্ম হইতে পারে না ।—ইহাই হইল এই শ্লোকটির তাৎপর্যার্থ ।

নৈতদন্ততমং * ব্রহ্ম কদা ভবিতুমর্হতি ।

স্বতঃসিদ্ধং সর্বদাপ্তং শুদ্ধং নির্মলমক্রিয়ম্ ॥ ১৫৬

অর্থ । ব্রহ্ম (পরব্রহ্ম) [স্বতঃ = যেহেতু] স্বতঃসিদ্ধং (স্বয়ংসিদ্ধ) সর্বদাপ্তং (সর্বদা প্রাপ্ত) শুদ্ধং (বিশুদ্ধস্বভাব) নির্মলং (মলহীন) অক্রিয়ম্ (এবং সর্বপ্রকার ক্রিয়া-বিবর্জিত) [অতঃ = এই কারণে] [তৎ = সেই ব্রহ্ম] এতদন্ত-তমং (এই চারি প্রকার কৰ্মের মধ্যে একটি) কদা (কখনও) ন [ভবিতুমর্হতি = হইতে পারে না] ॥ ১৫৬

অনুবাদ । পরমাত্মা যে কারণে স্বতঃসিদ্ধ, সর্বদাপ্রাপ্ত, বিশুদ্ধ, মলরহিত এবং নিষ্ক্রিয় ; এই কারণে তিনি এই চারিপ্রকার কৰ্মের মধ্যে একটি বলিয়া কখনই পরিগণিত হইতে পারে না ॥ ১৫৬

ন চাহস্ম কশ্চিৎজনিতেত্যাগমেন নিষিধ্যতে ।

কারণং ব্রহ্ম তত্তস্মাদ্ ব্রহ্ম নোৎপাদ্যমিষ্যতে ॥ ১৫৭

অর্থ । অস্ম (ইহার = এই ব্রহ্মের) কশ্চিৎ (কেহই) জনিতা (উৎপাদয়িতা) ন [অস্তি = নাই] ইতি (এই প্রকার) অ্যাগমেন (শ্রুতি দ্বারা) [ব্রহ্মণঃ] কারণং (ব্রহ্মের কারণ) নিষিধ্যতে (নিরাকৃত হইতেছে) তস্মাৎ সেই কারণে) তৎ (সেই) ব্রহ্ম (পরমাত্মা) উৎপাদ্যং (উৎপাদ্য কৰ্ম বলিয়া) ন ইষ্যতে (অঙ্গীকৃত হইতে পারেন না) ॥ ১৫৭

অনুবাদ । “ইহার কেহই উৎপাদয়িতা নাই” এই একার শ্রুতিবাক্য ব্রহ্মের কারণ নিরাকরণ করিতেছে এই কারণে সেই ব্রহ্ম [কোন ক্রিয়ার] উৎপাদ্য কৰ্ম বলিয়া অঙ্গীকৃত হইতে পারেন না ॥ ১৫৭

আপ্তাপ্যয়োস্তু ভেদশ্চেদ্ আপ্তা চাপ্যম্বাপ্যতে ।

আপ্ত স্বরূপমেবৈতদ্ ব্রহ্ম নাপ্যং কদাচন ॥ ১৫৮

অর্থ । তু (পরন্তু) আপ্তাপ্যয়োঃ (আপ্তা এবং আপ্য এই দুইটির মধ্যে)

* অন্ততরম্ ইতি বা পাঠঃ ।

চেৎ (যদি) ভেদঃ (ভেদ) [থাকাই স্বভাবসিদ্ধ নিয়ম হয়] [তদা=তাহা হইলে [আপ্তা (আপ্তা যে হইবে তাহা দ্বারা) আপ্যং (আপ্যরূপ যে কর্ম তাহা) অবাপ্যতে (নিশ্চয়ই অবাপ্ত হইবে) ; এতৎ (এই) ব্রহ্ম (পরমাত্মা) আপ্তৃস্বরূপ-মেব (সর্বদা সকল বস্তুর আপ্তা অর্থাৎ আত্মস্বরূপে সর্বদা সকল বস্তুকেই পাইয়া রহিয়াছেন) [এই কারণে] কদাচন (কোন সময়েই) [এতৎ ব্রহ্ম = এই ব্রহ্ম] আপ্যং (আপ্যরূপ কর্ম) ন [ভবিতুমর্হতি = হইতেই পারেন না] ॥ ১৫৮

অনুবাদ । পরন্তু প্রাপ্তির কর্তা এবং প্রাপ্তির কর্ম এই দুইটি বস্তুর মধ্যে [ভেদ থাকাই যদি স্বতঃসিদ্ধ নিয়ম হয়], তাহা হইলে যে প্রাপ্তির কর্তা, সে পূর্বে অপ্রাপ্ত কর্মকে প্রাপ্তির কর্ম করিতে পারে। ব্রহ্ম সর্বদা সকল বস্তুর আপ্তৃ [এরূপ যদি হইল তবে], এই ব্রহ্ম প্রাপ্তি ক্রিয়ার কর্ম কিছুতেই হইতে পারেন না ॥ ১৫৮

মলিনশ্চৈব সংস্কারো দর্পণাদেহিহেয্যতে ।

ব্যোমবনিত্যশুদ্ধস্য ব্রহ্মণো নৈব সংস্ক্রিয়া ॥ ১৫৯

অর্থঃ । মলিনশ্চ (মলিন) এব (হইলেই) দর্পণাদেঃ (দর্পণ প্রভৃতির) ইহ (এই সংসারে) সংস্কারঃ (মার্জনা দ্বারা সংস্কার অর্থাৎ পরিষ্করণ) ইহ্যতে (ইষ্ট হইয়া থাকে) ; ব্যোমবৎ (আকাশের ঞ্চায়) নিত্যশুদ্ধস্য (নিত্য বিশুদ্ধস্বভাব) ব্রহ্মণঃ (ব্রহ্মের) সংস্ক্রিয়া (সংস্কার অর্থাৎ শোধন) নৈব [ভবিতুমর্হতি = হইতে পারে না] ॥ ১৫৯

অনুবাদ । মলিন হইলেই এই সংসারে দর্পণাদির সংস্কার (অর্থাৎ পরিষ্করণ) ইষ্ট হইয়া থাকে । আকাশের ঞ্চায় নিত্য বিশুদ্ধস্বভাব ব্রহ্মের সংস্কার হইবার প্রয়োজন নাই ॥ ১৫৯

কেন দুষ্টেন যুজ্যেত বস্তু নিশ্চলমক্রিয়ম্ ।

যদ্যোগাদাগতং দোষং সংস্কারো বিনিবর্তয়েৎ ॥ ১৬০

অর্থঃ । নিশ্চলং (নির্দোষ) অক্রিয়ং (ক্রিয়ারহিত) বস্তু (ব্রহ্মস্বরূপ বস্তু) কেন দুষ্টেন (কোন্ দুষ্টি বস্তুর সহিত) যুজ্যেত (যুক্ত হইতে পারে ?) যদ্যোগাৎ (যে দুষ্টি বস্তুর সহিত যোগ হইয়াছে বলিয়া) আগতং (আগত) দোষং (দোষকে) সংস্কারঃ (সংস্কার) বিনিবর্তয়েৎ (নিবৃত্ত করিতে পারে) ॥ ১৬০

অনুবাদ । ব্রহ্ম স্বয়ং নির্দোষ ও নিষ্ক্রিয় ; কোন্ দুষ্টি বস্তুর সহিত তিনি মিলিত হইতে পারেন ? যাহার সহিত সংযোগজাত দোষকে সংস্কার অপনোদন করিতে পারে ? অর্থাৎ কোন প্রকার দূষিত বস্তু-সংযোগে স্বভাবতঃ নির্দোষ ও নিষ্ক্রিয় ব্রহ্ম সদোষ হইতে পারেন আর সংস্কার দ্বারা সেই দোষ নিরাকৃত হইতে পারে এরূপ কল্পনাও করা যাইতে পারে না ॥ ১৬০

নিগুণস্য গুণাধানমপি নৈবোপপদ্যতে ।

কেবলো নিগুণশ্চেতি নৈগুণ্যং শ্রুয়তে যতঃ ॥ ১৬১

অন্বয়। যতঃ (যেহেতু) কেবলঃ (একমাত্র অর্থাৎ অদ্বিতীয়) নিগুণশ্চ (এবং নিগুণ) ইতি (এইরূপ) নৈগুণ্যং (নিগুণত্ব অর্থাৎ আত্মত্ব) ক্ষয়তে [শ্রুতিদ্বারা] (প্রতিপাদিত হইয়াছে) [অতঃ=এই কারণে] নিগুণশ্চ (নিগুণ আত্মার) গুণাধানম্ অপি (কোন প্রকার নূতন গুণের আরোপও) নৈব উপপদ্যতে (উপপন্ন হইতে পারে না) ॥ ১৬১

অনুবাদ। যেহেতু “[সেই আত্মা] অদ্বিতীয় এবং নিগুণ” ইত্যাদি শ্রুতিবাক্যের দ্বারা আত্মার নিগুণত্ব প্রতিপাদিত হইয়া থাকে, অতএব সেই নিগুণ আত্মাতে কোনপ্রকার গুণের আধান- [-রূপ সংস্কারও] উপপন্ন হইতে পারে না ॥ ১৬১

সাবয়বশ্চ ক্ষীরাদেবস্তনঃ পরিণামিনঃ ।

যেন কেন বিকারিত্বং শ্রামো নিষ্কর্মবস্তনঃ ॥ ১৬২

অন্বয়। সাবয়বশ্চ (সাবয়ব) পরিণামিনঃ (অতএব পরিণামী) ক্ষীরাদেঃ (দুগ্ধ প্রভৃতি) বস্তনঃ (দ্রব্যের) যেন কেন (কোন একটি বস্তুর দ্বারা) বিকারিত্বং (বিকার অর্থাৎ অবস্থান্তর প্রাপ্তি) শ্রামো (হইয়া থাকে) নিষ্কর্ম-বস্তনঃ (ক্রিয়াহীন পরমার্থ বস্তুর) ন বিকারিত্বং শ্রামো (বিকার হইতে পারে না) ॥ ১৬২

অনুবাদ। অবয়ববিশিষ্ট অতএব পরিণামস্বভাব দুগ্ধাদি বস্তুরই কোন বস্তুর দ্বারা বিকার বা অবস্থান্তর-প্রাপ্তি হইয়া থাকে। আত্মা নিষ্ক্রিয় (স্বতরাং নিরবয়ব বস্তু) এই কারণে তাঁহার বিকার হইতে পারে না ॥ ১৬২

নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনম্ ।

ইত্যেব বস্তনস্তদ্বং শ্রুতিযুক্তিব্যবস্থিতম্ ॥ ১৬৩

অন্বয়। নিষ্কলং (নিরবয়ব) নিষ্ক্রিয়ং (ক্রিয়াহীন) শান্তং (সর্বপ্রকার উপদ্রবরহিত) নিরবদ্যং (নির্দোষ) নিরঞ্জনম্ (এবং নির্লিপ্ত) ইত্যেব (এই প্রকারই) বস্তনঃ (পরমাত্মস্বরূপ বস্তুর) তদ্বং (স্বরূপ) শ্রুতিযুক্তিব্যবস্থিতং (শ্রুতি এবং যুক্তি দ্বারা নির্ণীত হইয়াছে) ॥ ১৬৩

অনুবাদ। নিরবয়ব, ক্রিয়াহীন, সর্বোপদ্রবশূন্য, নির্দোষ এবং নির্লিপ্ত এইপ্রকার বিশেষণদ্বারাই আত্মার তদ্বং শ্রুতি এবং যুক্তি দ্বারা নির্ণীত হইয়াছে ॥ ১৬৩

তস্মান্ন কর্মসাধ্যত্বং ব্রহ্মণোহস্তি কুতশ্চন ।

কর্মসাধ্যং ত্বনিত্যং হি ব্রহ্ম নিত্যং সনাতনম্ ॥ ১৬৪

অন্বয়। তস্মাৎ (সেই কারণে) কুতশ্চন (কোন প্রকারেই) ব্রহ্মণঃ (ব্রহ্মের) কর্মসাধ্যত্বং (কর্মসাধ্যত্ব অর্থাৎ ক্রিয়া দ্বারা উৎপত্তি) ন [ভবিতুমর্হতি = হইতে পারে না]। কর্মসাধ্যং (বাহ্য কর্মের দ্বারা উৎপন্ন, তাহাই)

অনিত্যং (বিনাশী) ; সনাতনং (সর্বকালেই বিद्यমান) ব্রহ্ম (ব্রহ্ম) নিত্যং (অবিনাশী) ॥ ১৬৪

অনুবাদ । অতএব ব্রহ্মের কোন প্রকার কর্মসাধ্যত্ব নাই, অর্থাৎ কোনরূপ ক্রিয়া দ্বারা ব্রহ্ম উৎপন্ন হন না । যাহা কর্মসাধ্য, তাহাই বিনাশী ; ব্রহ্ম সনাতন [অতএব] নিত্য ॥ ১৬৪

দেহাদিঃ ক্ষীয়তে লোকো যথৈবং কর্মণা চিতঃ ।

তথৈবামুশ্মিকো লোকঃ সঞ্চিতঃ পুণ্যকর্মণা ॥ ১৬৫

অর্থ । কর্মণা (কর্মের দ্বারা) চিতঃ (অর্জিত) দেহাদিঃ (দেহপ্রভৃতি) লোকঃ (ভোগসাধন দ্রব্য) যথা (যেমন) ক্ষীয়তে (কালে ক্ষয় প্রাপ্ত হয়), তথৈব (সেইরূপই) পুণ্যকর্মণা (পুণ্যকর্ম দ্বারা) সঞ্চিতঃ (অর্জিত) আমুশ্মিকঃ (পারলৌকিক) লোকঃ (ভোগসাধন দ্রব্যসমূহ) এবং (এই প্রকারেই) [ক্ষীয়তে = ক্ষয়প্রাপ্ত হইয়া থাকে] ॥ ১৬৫ .

অনুবাদ । কর্ম দ্বারা সঞ্চিত দেহাদি ভোগসাধন দ্রব্য যেমন কালে (নিশ্চয়ই) ক্ষয় প্রাপ্ত হয়, সেইরূপ পুণ্যকর্মের দ্বারা অর্জিত স্বর্গপ্রভৃতি পারলৌকিক ভোগসাধনসমূহও ক্ষয়প্রাপ্ত হইয়া থাকে ॥ ১৬৫

কৃতকল্পমনিত্যত্বে হেতুর্জাগতি সর্বদা ।

তস্মাদনিত্যে স্বর্গাদৌ পণ্ডিতঃ কো নু মুহুতি ॥ ১৬৬

অর্থ । অনিত্যত্বে (বিনাশিত্বরূপ সাধ্য সিদ্ধির পক্ষে) কৃতকল্পং (ক্রিয়া-সাধ্যত্বরূপ), হেতুঃ (সাধক হেতু) সর্বদা (সকল সময়েই) জাগতি (জাগিয়া রহিয়াছে) ; তস্মাৎ (সেই কারণে) অনিত্যে (বিনশ্বর) স্বর্গাদৌ (স্বর্গপ্রভৃতি ভোগ্য বস্তুতে) কঃ (কোন) পণ্ডিতঃ (বিদ্বান্) মুহুতি (মোহপ্রাপ্ত হয় ?) ॥ ১৬৬

অনুবাদ । যাহার উৎপত্তি আছে, তাহা অনিত্যতাবিষয়ে হেতুরূপে সর্বদা জাগিয়া রহিয়াছে অর্থাৎ যাহা কিছু উৎপত্তিমান, তাহাতেই যেন অনিত্যতার হেতু বর্তমান আছে । অতএব কোন্ পণ্ডিত ব্যক্তি স্বর্গ প্রভৃতি ভোগ্য বস্তু বিষয়ে মোহপ্রাপ্ত হইয়া থাকেন ? (অর্থাৎ কোন পণ্ডিত ব্যক্তিই এই সকল বিনশ্বর ভোগ্য বস্তুকে স্থায়ি বলিয়া ভ্রান্ত হইবেন না ।) ॥ ১৬৬

জগদ্ধেতোস্তু নিত্যত্বং সর্বেষামপি সম্মতম্ ।

জগদ্ধেতুত্বমশ্চৈব বাবদীতি শ্রুতিমূল্যঃ ॥ ১৬৭

অর্থ । জগদ্ধেতোঃ (যাহা জগতের মূলকারণ, তাহার) নিত্যত্বং (অবিনাশিত্ব) সর্বেষামপি (সকল দার্শনিকেরই) সম্মতং (অভিমত) । শ্রুতিঃ (বেদ) মূল্যঃ (বারংবার) অশ্রু এব (এই ব্রহ্মেরই) জগদ্ধেতুত্বং (জগৎকারণত্ব) বাবদীতি (অতিশয়রূপে প্রতিপাদন করিয়া থাকেন) ॥ ১৬৭

অনুবাদ । যাহা জগতের কারণ, তাহা যে অবিনাশী, ইহা সকল

দার্শনিকেরই অভিযত । শ্রুতি বারংবার এই ব্রহ্মকেই জগৎকারণরূপে স্পষ্ট-
নির্দেশ করিতেছে, [স্মতরাং এই ব্রহ্ম অবিনাশি ।] ॥ ১৬৭

ঐতদাত্ম্যমিদং সর্বং তৎ সত্যমিতি চ শ্রুতিঃ ।

অশ্বেব নিত্যতাং ক্রতে জগদ্ধেতোস্ততঃ * স্মৃটম্ ॥ ১৬৮

অর্থ । “ইদং” (এই) “সর্বং” (সকলই) “ঐতদাত্ম্যং” (ব্রহ্মকে আত্ম-
স্বরূপে আশ্রয় করিয়া রহিয়াছে) [এবং] “তৎ” (তাহাই) “সত্যং” (সত্য)
ইতি চ (এই প্রকার বহুতর) শ্রুতিঃ (বেদবাক্য) জগদ্ধেতোঃ (জগতের হেতুভূত)
অশ্বেব (এই ব্রহ্মেরই) নিত্যতাং (অবিনাশিত্ব) ক্রতে (প্রতিপাদন করিতেছে) ;
ততঃ (সেই কারণে) স্মৃটং (বিশদভাবে) [ব্রহ্মণো নিত্যত্বং জায়তে = ব্রহ্মের
নিত্যত্ব বুঝা যাইতেছে] ॥ ১৬৮

অনুবাদ । “এই সকল বিশ্বই ব্রহ্মরূপ আত্মাতে প্রতিষ্ঠিত” এবং “সেই
ব্রহ্মই সত্য” এই প্রকার বহুতর শ্রুতিবাক্য জগতের হেতুভূত এই ব্রহ্মেরও নিত্যত্ব
প্রতিপাদন করিতেছে ; এইজন্য তাহার নিত্যত্ব স্পষ্টই বুঝা যাইতেছে ॥ ১৬৮

ন কর্মণা ন প্রজয়া ধনেনেতি স্বয়ং শ্রুতিঃ ।

কর্মণো মোক্ষহেতুত্বং সাক্ষাদেব নিষেধতি ॥ ১৬৯

অর্থ । কর্মণা (কর্মের দ্বারা) [অমৃতত্ব] ন (হয় না), প্রজয়া (সন্তানের
দ্বারা [অমৃতত্ব] ন (হয় না), ধনেন (ধনের দ্বারা) [অমৃতত্ব] ন (হয় না),
ইতি (এইরূপ) শ্রুতিঃ (বেদবাক্য) স্বয়ং (নিজেই) কর্মণঃ (সকল প্রকার
কর্মেরই) মোক্ষহেতুত্বং (মোক্ষকারণত্ব) সাক্ষাৎ এব (প্রত্যক্ষভাবেই) নিষেধতি
(নিরাকরণ করিতেছে) ॥ ১৬৯

অনুবাদ । “কর্মের দ্বারা [অমৃতত্ব লাভ] হয় না, সন্তানের দ্বারা [অমৃতত্ব]
হয় না, ধনের দ্বারাও [অমৃতত্ব পাওয়া যায় না]” এই প্রকার শ্রুতিবাক্য
নিজেই প্রত্যক্ষভাবে কর্মের মোক্ষহেতুত্ব প্রতিষেধ করিতেছে ॥ ১৬৯

প্রত্যগ্‌ব্রহ্মবিচারপূর্বমুভয়োরেকত্ববোধং বিনা †

কৈবল্যং পুরুষশ্চ সিধ্যতি পরব্রহ্মাত্মতালক্ষণম্ ।

ন স্মানৈরপি কীর্তনৈরপি জপৈ নো কুচ্ছু চান্দ্রায়ণৈ-

নো বাপ্যধ্বরযজ্ঞদাননিগমৈ নো মন্ত্রতন্ত্রৈরপি ॥ ১৭০

অর্থ । পুরুষশ্চ (পুরুষের) পরব্রহ্মাত্মতালক্ষণং (পরব্রহ্মকে আত্মস্বরূপে
প্রাপ্তিরূপ) কৈবল্যং (মোক্ষ) প্রত্যগ্‌ব্রহ্মবিচারপূর্বকং (বেদান্ত শাস্ত্রের দ্বারা
সর্বান্তরাত্মার স্বরূপ বিচারপূর্বক) উভয়োঃ (জীব এবং ব্রহ্মের) একত্ববোধং
(অভেদ-জ্ঞান) বিনা (ব্যতিরেকে) স্মানৈঃ অপি (প্রচুর স্মান দ্বারাও) ন

* সতঃ ইতি বা পাঠঃ ।

† বোধাদবিনা ইতি বা পাঠঃ ।

সিধ্যতি (সিদ্ধ হয় না), কীর্তনৈরপি (কীর্তনসমূহের দ্বারাও) [ন সিধ্যতি = সিদ্ধ হয় না], অর্পৈঃ (বহুসংখ্যক জপ করিলেও) [ন সিধ্যতি = সিদ্ধ হয় না], কুচ্ছুচান্দ্রায়ণৈঃ (ক্লেশসাধ্য চান্দ্রায়ণ প্রভৃতি ব্রতসমূহের দ্বারাও) নো [সিধ্যতি = সিদ্ধ হয় না], বা (কিংবা) অধ্বরযজ্ঞদাননিগমৈরপি (বহুবিধ যাগ, যজ্ঞ দান এবং অধ্যাপন দ্বারাও) নো [সিধ্যতি = সিদ্ধ হয় না], মন্ত্রতন্ত্রৈঃ অপি (মন্ত্রপ্রয়োগ দ্বারাও) নো [সিধ্যতি = সিদ্ধ হয় না] ॥ ১৭০

অনুবাদ । পরব্রহ্মকে আত্মস্বরূপে প্রাপ্তিই জীবের মোক্ষ । এই মোক্ষ— ব্রহ্মের স্বরূপ-বিচার হইতে উৎপন্ন জীব ও ব্রহ্মের অভেদবোধ বাতিরেকে (অল্প কোন উপায় দ্বারা হয় না অর্থাৎ) প্রচুর জ্ঞান দ্বারা, বহু কীর্তন দ্বারা, জপসমূহ দ্বারা, ক্লেশসাধ্য চান্দ্রায়ণ প্রভৃতি ব্রতসমূহ দ্বারা, নানাপ্রকার যাগ যজ্ঞ, (বহুবিধ) দান বা বহু ছাত্রকে অধ্যাপন প্রভৃতি কর্মের দ্বারাও [কিছুতেই] ইহা সিদ্ধ হইতে পারে না ॥ ১৭০

“জ্ঞানাদেব তু কৈবল্যম্” ইতি শ্রুত্যা নিগন্ততে ।

জ্ঞানশ্চ মুক্তিহেতুত্ব মন্যব্যাবৃতিপূর্বকম্ ॥ ১৭১

অর্থ । “জ্ঞানাৎ এব (এক মাত্র জ্ঞান হইতেই) কৈবল্যাৎ” (মোক্ষ) [ভবতি = হয়] ইতি (এই প্রকার) শ্রুত্যা (শ্রুতি দ্বারা) অন্তব্যাবৃতিপূর্বকং (অপন্ন কারণের প্রতিষেধ করিয়া) জ্ঞানশ্চ (আত্মতত্ত্বজ্ঞানেরই) মুক্তিহেতুত্বং (মোক্ষকারণত্ব) নিগন্ততে (প্রতিপাদিত হইয়াছে) ॥ ১৭১

অনুবাদ । “একমাত্র জ্ঞান হইতেই মোক্ষ হয়” এইরূপ শ্রুতিবাক্য দ্বারা অপরের মোক্ষকারণত্ব প্রতিষেধ করিয়া কেবল জ্ঞানেরই মোক্ষকারণতা প্রতিপাদিত হইয়াছে ॥ ১৭১

বিবেকিনো বিরক্তশ্চ ব্রহ্মনিত্যত্ববেদিনঃ ।

তদ্ভাবচ্ছেদ্যানিত্যার্থে তৎসামগ্র্যে কুতো রতিঃ ॥ ১৭২

অর্থ । বিবেকিনঃ (যাহার নিত্যানিত্যবস্তুর বিবেক হইয়াছে, সেই) ব্রহ্মনিত্যত্ববেদিনঃ (ব্রহ্মই নিত্য এই প্রকার জ্ঞানশালী) বিরক্তশ্চ (বিরক্ত) তদ্ভাবচ্ছেদ্যঃ (অতএব ব্রহ্মভাবপ্রার্থী ব্যক্তির) অনিত্যার্থে (কোন প্রকার অনিত্য ভোগ্য বস্তুতে) তৎসামগ্র্যে (অথবা যাবতীয় অনিত্য ভোগ্যমাত্রে) কুতোঃ (কি প্রকারে) রতিঃ (অনুরাগ হইতে পারে ?) ॥ ১৭২

অনুবাদ । নিত্য ও অনিত্য বস্তুর স্বভাব যে বুঝিয়াছে, অর্থাৎ ব্রহ্মই নিত্য—এই প্রকার বোধ যাহার হইয়াছে, সংসারে যাহার বৈরাগ্য হইয়াছে এবং ব্রহ্মভাব লাভ করিবার ইচ্ছা যাহার হইয়াছে, এইরূপ ব্যক্তির কোন একটি অনিত্য বস্তুতে কিংবা সকল প্রকার ভোগ্য বস্তুতে কি কারণে অনুরাগ হইবে ? ১৭২

তস্মাদনিত্যে স্বর্গাদৌ সাধনত্বেন চোদিতম্ ।

নিত্যং নৈমিত্তিকং চাপি সর্বং কৰ্ম্ম সমাধনম্ ।

মুমুকুণা পরিত্যজ্যং ব্রহ্মভাবমভীপ্সুনা ॥ ১৭৩

অর্থঃ । ব্রহ্মভাবমভীপ্সুনা (ব্রহ্ম-স্বভাবে কে যে প্রার্থনা করে এইরূপ)
মুমুক্শুণা (মোক্ষার্থী-ব্যক্তি কর্তৃক) সমাধনং (সাধন-সমূহের সহিত) স্বর্গাদৌ
(স্বর্গ প্রভৃতি) অনিত্যে (অনিত্য বস্তুর) সাধনত্বেন (সাধন বলিয়া) চোদিতং
(শাস্ত্রবিহিত) অপিচ (এবং) নিত্যং (নিত্য) নৈমিত্তিকং (এবং নৈমিত্তিক)
সর্বং কৰ্ম্ম (অর্থাৎ সকল প্রকার কৰ্ম্মই) পরিত্যাজ্যং (ত্যক্ত হওয়া উচিত) ॥ ১৭৩

অনুবাদ । যিনি ব্রহ্মভাব অভিলাষ করেন, এইরূপ মুমুক্শু ব্যক্তির পক্ষে
স্বর্গাদি অনিত্য ফলের সাধন বলিয়া শাস্ত্রবিহিত যে সকল কাম্য নিত্য বা
নৈমিত্তিক কৰ্ম্ম আছে, তৎ সমস্তই সাধনের সহিত পরিত্যাজ্য ॥ ১৭৩

মুমুক্শোরপি কৰ্ম্মাস্তু শ্রবণং চাপি সাধনম্ ।

হস্তবদ্বয়মেতশ্চ স্বকার্য্যং সাধয়িষ্যতি ॥ ১৭৪

অর্থঃ । শ্রবণং (বেদান্তবাক্য শ্রবণ) কৰ্ম্ম চ (এবং নিত্য ও নৈমিত্তিক
কৰ্ম্ম) (এই দুই প্রকারই) মুমুক্শোঃ (মোক্ষার্থীর) সাধন (মোক্ষের সাধন)
অস্ত (হউক) এতশ্চ (এই মুমুক্শু ব্যক্তির) দ্বয়ং (এই দ্বিবিধ কার্য্যই) হস্তবৎ
(হস্তের ত্রায়) স্বকার্য্যং (তত্ত্বজ্ঞানরূপ নিজ কার্য্য সাধয়িষ্যতি (সাধন
করে) ॥ ১৭৪

অনুবাদ । বেদান্ত বাক্যের শ্রবণ—এবং নিত্য ও নৈমিত্তিক কৰ্ম্ম এই
দুইটিই মুমুক্শু ব্যক্তির মোক্ষলাভের প্রতি সাধন হউক, মুমুক্শুব্যক্তির এই দ্বিবিধ
কার্য্যই দুইটি হস্তের ত্রায় তত্ত্বজ্ঞানরূপ নিজ কার্য্য সাধন করিয়া থাকে ॥ ১৭৪

যথা বিজ্জন্ততে দীপঃ ধ্বাজকরণকৰ্ম্মণা ।

তথা বিজ্জন্ততে* বোধঃ পুংসো বিহিতকৰ্ম্মণা ॥ ১৭৫

অর্থঃ । ধ্বাজকরণকৰ্ম্মণা (ধ্বাজকরণকৰ্ম্ম অর্থাৎ বর্ত্তিকে সরল করিয়া
দেওয়া রূপ কৰ্ম্মের দ্বারা) যথা (যেমন) দীপঃ (দীপশিখা) বিজ্জন্ততে (বৃত্তিকে
প্রাপ্ত হয়), তথা (সেইরূপ) বিহিতকৰ্ম্মণা (বিহিত কৰ্ম্ম দ্বারা) পুংসোঃ (মুমুক্শু
ব্যক্তির) বোধঃ (তত্ত্বজ্ঞান) বিজ্জন্ততে (ক্রমে " লাভ করিতে
থাকে) ॥ ১৭৫

অনুবাদ । বর্ত্তিকে সরল করিয়া দিলে যেমন দীপ-শিখা বৃত্তি প্রাপ্ত হয়,
সেইরূপ বিহিত কৰ্ম্মের অনুষ্ঠান করিলে মুক্তিকামী সাধকের বোধ অর্থাৎ তত্ত্ব-
জ্ঞানও ক্রমে বৃত্তি লাভ করে ॥ ১৭৫

অতঃ সাপেক্ষিতং জ্ঞানমথবাহপি সমুচ্চয়ম্ ।

মোক্ষস্য সাধনমিতি বদন্তি ব্রহ্মবাদিনঃ ॥ ১৭৬

অর্থঃ । অতঃ (এই কারণে) জ্ঞানং (তত্ত্বজ্ঞান) সাপেক্ষিতং (এইভাবে
নিত্য ও নৈমিত্তিক কৰ্ম্মের অপেক্ষা করিয়া থাকে) । অথবাহপি (পক্ষান্তরে)

* তথা শ্রবণজো বোধঃ ইতি বা পাঠঃ ।

ব্রহ্মবাদিনঃ (কোন কোন বেদান্তশাস্ত্রজ্ঞ পণ্ডিত) সমুচ্চয়ং (নিত্য ও নৈমিত্তিক কর্মের সহিত মিলিত তত্ত্বজ্ঞান, অর্থাৎ জ্ঞান ও কর্মের সমুচ্চয়কে) সাধনং (মোক্শের সাধন) বদন্তি (বলিয়া নির্দেশ করেন) ॥ ১৭৬

অনুবাদ । এই কারণে—নিত্য ও নৈমিত্তিক কর্মের দ্বারা পরিপুষ্ট জ্ঞান অথবা নিত্য নৈমিত্তিক কর্ম এবং জ্ঞান মিলিত ভাবে মোক্ষ প্রাপ্তির সাধন হইয়া থাকে—ব্রহ্মবাদিগণ এই প্রকার বলিয়া থাকেন ॥ ১৭৬

মুমুক্শোযুজ্যতে ত্যাগঃ কথং বিহিতকর্মণঃ ॥ ১৭৭

ইতি শঙ্কা ন কর্তব্য মুচ্যং পণ্ডিতোত্তমৈঃ ।

কর্মণঃ ফলমন্তু শ্রবণস্য ফলং পৃথক্ ॥ ১৭৮

অর্থ । বিহিতকর্মণঃ (সন্ধ্যা বন্দন এবং অগ্নিহোত্র প্রভৃতি শ্রুতিবিহিত কর্মের) ত্যাগঃ (একেবারে পরিত্যাগ) মুমুক্শোঃ (মোক্ষার্থী ব্যক্তির পক্ষে) কথং (কি প্রকারে) যুজ্যতে (যুক্তিযুক্ত হইতে পারে) ইতি (এইপ্রকার) শঙ্কা (আশঙ্কা) মুচ্যং (মুখ ব্যক্তিগণের শ্রায়) পণ্ডিতোত্তমৈঃ (পণ্ডিতশ্রেষ্ঠগণের) ন কর্তব্য (করা উচিত নহে) । কর্মণঃ (অগ্নিহোত্র প্রভৃতি কর্মের) ফলং (ফল) অন্তু (অন্তরূপ) তু (এবং) শ্রবণস্য (সন্ধ্যাসের পরে বিহিত বেদান্তবাক্য শ্রবণের) ফলং (ফল) পৃথক্ (তাহা হইতে ভিন্ন) ॥ ১৭৭—১৭৮ ॥

অনুবাদ । [সন্ধ্যা বন্দন এবং অগ্নিহোত্র প্রভৃতি] বিহিত কর্মের ত্যাগ মুমুক্শু ব্যক্তির পক্ষে কি প্রকারে যুক্তিযুক্ত হইতে পারে ?—এই প্রকার শঙ্কা মুখ ব্যক্তির শ্রায় পণ্ডিতশ্রেষ্ঠগণের হওয়া উচিত নহে । কারণ, [অগ্নিহোত্রাদি] বিহিত কর্মের ফল হইতে মুমুক্শু ব্যক্তির পক্ষে বিহিত শ্রবণাদির ফল সম্পূর্ণ পৃথক্ ॥ ১৭৭—১৭৮

বৈলক্ষণ্যং চ সামগ্ৰ্যোশ্চাভয়ত্রাহিকারিণোঃ ।

কামী কর্মণ্যধিকৃতো নিষ্কামী শ্রবণে মতঃ ॥ ১৭৯

অর্থ । উভয়ত্র (উভয়পক্ষে অর্থাৎ কর্ম ও জ্ঞানমার্গে) অধিকারিণোঃ (দ্বিবিধ অধিকারীর) সামগ্ৰ্যোঃ (দ্বিবিধ সাধনসমূহের) বৈলক্ষণ্যং (পরস্পর বিভিন্নতা) [অস্তি = আছে] । কামী (যাহার কামনা আছে এইরূপ ব্যক্তিই) কর্মণি (অগ্নিহোত্র প্রভৃতি বিহিত কর্মে) অধিকৃতঃ (অধিকারী হইয়া থাকে), নিষ্কামী (সুখকামনারহিত ব্যক্তিই) শ্রবণে (বেদান্তবাক্য শ্রবণে) মতঃ (অনুমোদিত হইয়া থাকেন) ॥ ১৭৯

অনুবাদ । কর্ম ও জ্ঞান এই উভয় মার্গে দ্বিবিধ অধিকারী ও সাধনসামগ্রী পরস্পর বিভিন্ন-স্বরূপই হইয়া থাকে । [যে ব্যক্তি] কামী [সেই ব্যক্তি] কর্মে অধিকারী হইয়া থাকে, [আর যিনি] নিষ্কামী অর্থাৎ কামনাশূন্য (সেই ব্যক্তিই) বেদান্তবাক্য শ্রবণে অধিকারী বলিয়া বিবেচিত হইয়া থাকেন ॥ ১৭৯

অর্থী সমর্থ ইত্যাদি লক্ষণং কৰ্মিণো মতম্ ।

পরীক্ষ্য লোকানিত্যাदि लक्षणं मोक्षकाङ्क्षिणः ॥ १८०

অর্থ। অর্থী (ধনবান্) সমর্থঃ (সামর্থ্যযুক্ত) ইত্যাদি (এই সকল বিশেষণ) কৰ্মিণঃ (কৰ্ম্মানুষ্ঠান-কর্ত্তার) লক্ষণং (স্বরূপ) মতম্ (বলিয়া বিবেচিত হইয়া থাকে) । “পরীক্ষ্য” (পরীক্ষা করিয়া) [কৰ্ম্মচিতান্] লোকান্ (কৰ্ম্ম দ্বারা অর্জিত লোকসমূহকে) [ব্রাহ্মণ নির্বেদ লাভ করিবে]” ইত্যাদি (এই প্রকার শ্রুতিবাক্য দ্বারা প্রতিপাদিত ধর্ম্মই) মোক্ষকাঙ্ক্ষিণঃ (মোক্ষাভিলাষী ব্যক্তির) লক্ষণং (স্বরূপ বলিয়া বিবেচিত হইয়া থাকে) ॥ ১৮০

অনুবাদ। ধনবান্ এবং সামর্থ্যযুক্ত এই প্রকার বিশেষণগুলিই কৰ্ম্মিব্যক্তির লক্ষণ বলিয়া বিবেচিত হইয়া থাকে । “কৰ্ম্ম দ্বারা অর্জিত লোক [কখনই নিত্য হইতে পারে না এই প্রকার] পরীক্ষা দ্বারা [নির্ণয় করিয়া ব্রাহ্মণ বৈরাগ্য অবলম্বন করিবে]” এই প্রকার শ্রুতি দ্বারা মোক্ষার্থীর লক্ষণ নির্দ্ধারিত হইয়াছে ॥ ১৮০

মোক্ষাধিকারী সন্ন্যাসী গৃহস্থঃ কিল কৰ্ম্মণি ।

কৰ্ম্মণঃ সাধনং ভার্য্যা স্কৃৎস্বাদি পরিগ্রহঃ ॥ ১৮১

অর্থ। সন্ন্যাসী (যে সন্ন্যাসাশ্রম পরিগ্রহ করিয়াছে, সেই ব্যক্তিই) মোক্ষাধিকারী (মোক্ষের অধিকারী হইয়া থাকে) ; গৃহস্থঃ (যে গৃহস্থাশ্রমে প্রবেশ করিয়াছে, সেই ব্যক্তিই) কিল (নিশ্চয়ই) কৰ্ম্মণি (কৰ্ম্মে অধিকারী হইয়া থাকে) । ভার্য্যা (পত্নী) স্কৃৎস্বাদি পরিগ্রহঃ (স্কৃৎ এবং স্কব নামে প্রসিদ্ধ যজ্ঞীয় পাত্রবিশেষের পরিগ্রহ) কৰ্ম্মণঃ (কৰ্ম্মের) সাধনং (সিদ্ধির হেতু হয়) ॥ ১৮১

অনুবাদ। সন্ন্যাসীই মোক্ষের অধিকারী এবং গৃহস্থ ব্যক্তিই কৰ্ম্মানুষ্ঠানের অধিকারী । পত্নী এবং স্কৃৎ এবং স্কব প্রভৃতি যজ্ঞীয় পাত্রের পরিগ্রহই কৰ্ম্মের সাধন ॥ ১৮১

নৈবাস্ত্র সাধনাপেক্ষা* শুশ্রুষোস্ত গুরুং বিনা ।

উপর্যুপর্যহংকারো বর্দ্ধতে কৰ্ম্মণা ভৃশম্ ॥ ১৮২

অর্থ। অস্ত্র (এই) শুশ্রুষোঃ (বেদান্তবাক্য-শ্রবণাভিলাষীর) গুরুং বিনা (গুরু ব্যতিরেকে) সাধনাপেক্ষা (অস্ত্র সাধনের অপেক্ষা) নৈব [অস্তি = বিদ্যমান নাই] । কৰ্ম্মণা (কৰ্ম্ম দ্বারা) অহংকারঃ (অভিমান) উপর্যুপরি (পরে পরে ক্রমশই) ভৃশং (অতিশয়রূপে) বর্দ্ধতে (বাড়িয়া থাকে) ॥ ১৮২

অনুবাদ। বেদান্তবাক্য শ্রবণে যাহার অভিলাষ হইয়াছে, তাদৃশ সন্ন্যাসীর গুরু ব্যতিরেকে অস্ত্র-কোন সাধনের অপেক্ষা নাই । কৰ্ম্মানুষ্ঠানের দ্বারা কিন্তু উপর্যুপরি অতিরিক্ত ভাবে লোকের অভিমানই বাড়িয়া থাকে ॥ ১৮২

* নৈবাস্ত্রসাধনাপেক্ষা ইতি বা পাঠঃ ।

অহঙ্কারশ্চ বিচ্ছিত্তিঃ শ্রবণেন প্রতিক্ষণম্ ।

প্রবর্তকং কর্মশাস্ত্রং জ্ঞানশাস্ত্রং নিবর্তকম্ ॥ ১৮৩

অনুবাদ । শ্রবণেন (বেদান্তবাক্যের শ্রবণ দ্বারা) প্রতিক্ষণং (প্রতিক্ষণই) অহঙ্কারশ্চ (অভিমানের) বিচ্ছিত্তিঃ (উচ্ছেদ) [ভবতি = হইয়া থাকে] । কর্মশাস্ত্রং (কর্মকাণ্ড) প্রবর্তকং (লোকের হৃদয়ে প্রবৃত্তির জনক), জ্ঞানশাস্ত্রং (বেদান্ত-শাস্ত্ররূপজ্ঞান-কাণ্ড) নিবর্তকং (নিবৃত্তি উৎপাদন করিয়া থাকে) ॥ ১৮৩

অনুবাদ । [বেদান্তবাক্যের] শ্রবণ দ্বারা প্রতিক্ষণই অহঙ্কারের উচ্ছেদ হইয়া থাকে । কর্মশাস্ত্র প্রবৃত্তির হেতু, জ্ঞানশাস্ত্র নিবৃত্তির হেতু ॥ ১৮৩

ইত্যাদি বৈপরীত্যং তৎসাধনে চাধিকারিণোঃ ।

দ্বয়োঃ পরস্পরাপেক্ষা বিঘ্নতে ন কদাচন ॥ ১৮৪

অনুবাদ । অধিকারিণোঃ (মোক্ষ এবং স্বর্গাদি সুখের অধিকারী এই দুই জনের) তৎসাধনে (সেই ফলের সাধনে) ইত্যাদি (এইরূপ নানা) বৈপরীত্যং (বিলক্ষণতা) [বিঘ্নতে = বর্তমান রহিয়াছে] । [এই কারণে] দ্বয়োঃ (মোক্ষসাধন এবং জ্ঞানসাধন এই উভয়বিধ সাধনের) কদাচন (কোন কালেও) পরস্পরাপেক্ষা (পরস্পরের অপেক্ষা) ন বিঘ্নতে (বিঘ্নমান নাই) ॥ ১৮৪

অনুবাদ । জ্ঞান এবং কর্মের অধিকারী দুইজনের নিজ নিজ ইষ্ট ফল সাধনের এইরূপ নানাপ্রকার বৈলক্ষণ্য পরিদৃষ্ট হইয়া থাকে । এই কারণে মোক্ষের সাধন এবং কর্মের সাধনের মধ্যে পরস্পরাপেক্ষা একেবারেই বিঘ্নমান নাই ॥ ১৮৪

সামগ্র্যোশ্চোভয়োস্তদ্বৎ উভয়ত্রোধিকারিণোঃ ।

উর্দ্ধং নয়তি বিজ্ঞানমধঃ প্রাপয়তি ক্রিয়া ॥ ১৮৫

অনুবাদ । উভয়ত্র (জ্ঞানমার্গ এবং কর্মমার্গ এই উভয় মার্গে) তদ্বৎ (সেই পূর্বোক্ত দ্বিবিধ সাধনের ত্রায়) অধিকারিণোঃ (অধিকারিদ্বয়ের) সামগ্র্যোশ্চ (উপকরণ সামগ্রীরও) উভয়োঃ (উভয়ের) [বৈপরীত্যম্ অস্তীতি সন্দ্বধ্যতে = বৈপরীত্য বিঘ্নমান রহিয়াছে] । বিজ্ঞানং (আত্মতত্ত্বজ্ঞান) উর্দ্ধং (উর্ধ্বে) নয়তি (লইয়া যায়), ক্রিয়া (সকাম কর্ম) অধঃ (নিম্নে) প্রাপয়তি (পাওয়াইয়া থাকে) ॥ ১৮৫

অনুবাদ । (যেমন) সাধনের মধ্যে (পরস্পর বৈলক্ষণ্য আছে ইহা পূর্বে দেখান হইয়াছে), সেইরূপই জ্ঞান ও কর্মমার্গের অধিকারিদ্বয় এবং সামগ্রীদ্বয়ও পরস্পর বিলক্ষণ হইয়া থাকে । তত্ত্বজ্ঞান পুরুষের আত্মোৎকর্ষ বিধান করিয়া থাকে, আর সকাম কর্ম্মাহুষ্ঠান তাহার অধোগতির কারণ হয় ॥ ১৮৫

কথমন্তোত্তোহপেক্ষা * কথং বাহপি সমুচ্চয়ঃ ।

যথাশ্চৈব গকূটস্য তেজসস্তিমিরস্য চ ॥ ১৮৫

* কথমন্তোত্তোহপেক্ষা ইতি বা পাঠঃ ।

অনুবাদ। যথা (যেমন) অগ্নেঃ (অগ্নির) তৃণকূটশ্চ (এবং তৃণসমূহের) তেজসঃ (তেজের) তিমিরশ্চ চ (এবং অন্ধকারের) [অপেক্ষা সমুচ্চয়ঃ বা ন সম্ভবতি = পরস্পরাপেক্ষা কিংবা মিলিত হইয়া একত্র কার্য করা সম্ভবপর নহে, তদ্রূপ] অত্রোত্তমঃ (তত্ত্বজ্ঞানসাধনাদির এবং কর্মসাধনাদির মধ্যে পরস্পর) কথং (কিভাবে) অপেক্ষা (অপেক্ষা) [সম্ভবতি = সম্ভবে] কথং বাহপি (কি প্রকারেই বা) সমুচ্চয়ঃ (মিলিত হইয়া একত্র করা) [সম্ভবতি = সম্ভবপর হইতে পারে?] ॥ ১৮৬

অনুবাদ। যেমন অগ্নি ও তৃণের কিংবা তেজঃ এবং তিমিরের মধ্যে পরস্পরাপেক্ষা বা মিলিত হইয়া কার্য করা সম্ভব নহে, সেইরূপ জ্ঞানমার্গের এবং কর্মমার্গের সাধনের মধ্যে পরস্পরাপেক্ষা এবং মিলিত হইয়া একত্র কার্য করা কিভাবে সম্ভবপর হইতে পারে? ॥ ১৮৬

সহযোগো ন ঘটতে তথৈব জ্ঞানকর্মণোঃ ।

কিমূপকুর্যাজ্ জ্ঞানশ্চ কর্ম স্বপ্রতিযোগিনঃ ॥ ১৮৭

অনুবাদ। তথা এব (সেই প্রকারই) জ্ঞানকর্মণোঃ (জ্ঞান এবং কর্মের) সহযোগঃ (এক পুরুষের দ্বারা এককালে অনুষ্ঠান) ন ঘটতে (ঘটিতে পারে না) কর্ম (বিহিত কর্ম) স্বপ্রতিযোগিনঃ (নিজের প্রতিকূল) জ্ঞানশ্চ (জ্ঞানের) কিমু (কি) উপকুর্যাজ্ (উপকার করিবে?) ॥ ১৮৭

অনুবাদ। সেই প্রকারেই (অর্থাৎ জ্ঞান ও কর্মের সাধন প্রভৃতির যেমন সহযোগ হয় না, সেইরূপই) জ্ঞান এবং কর্মের সহযোগ হইতে পারে না। কর্ম নিজের প্রতিকূল জ্ঞানের কি সাহায্য করিতে পারে? (অর্থাৎ কোন প্রকার সাহায্যই করিতে পারে না) ॥ ১৮৭

যশ্চ সন্নিধিমাত্রেন স্বয়ং ন স্ফূর্তিমুচ্ছতি । ১৮৮

অনুবাদ। যশ্চ (যাহার) সন্নিধিমাত্রেন (সন্নিধান হইলে) স্বয়ং (নিজেই) স্ফূর্তিং (বিকাশ) ন মুচ্ছতি (প্রাপ্ত হয় না) ॥ ১৮৮

অনুবাদ। যে জ্ঞানের সন্নিধানমাত্রেই কর্ম স্বয়ং প্রকট হইতে পারে না [কর্ম কিভাবে সেই জ্ঞানের সাহায্য করিতে পারে?] ॥ ১৮৮

কোটীকনাদিভ্জলিতোহপি বহ্নি-

রর্কশ্চ নাইতু্যপকর্তুমীষৎ ।

যথা তথা কর্মসহস্রকোটিঃ

জ্ঞানশ্চ কিং তু * স্বয়মেব লীয়তে ॥ ১৮৯

অনুবাদ। যথা (যেমন) কোটীকনাদিভ্জলিতঃ অপি (পর্বতপ্রমাণ কোটি কাষ্ঠ দ্বারা প্রজ্বলিত হইলেও) বহ্নিঃ (অগ্নি) অর্কশ্চ (সূর্য্যের) ঈষৎ (অল্পমাত্রও) উপকর্তুং (উপকার করিতে) ন অর্হতি (সমর্থ হয় না), তথা

* কিং নু স্বয়মেব লীয়তে ইতি বা পাঠঃ ।

(তেমনই) কৰ্মসহস্রকোটিঃ (সহস্র কোটি সংখ্যক কৰ্ম) জ্ঞানশ্ৰু (জ্ঞানের) [ঈষৎ উপকৰ্ত্তুং ন অৰ্হতি ইতি যাবৎ—অল্পমাত্রও উপকার করিতে সমর্থ হয় না] । কিং তু (পরন্তু) স্বয়ম্ এব (কৰ্ম নিজেই) লীয়তে (বিলীন হয়) ॥১৮৯

অনুবাদ । যেমন পৰ্ব্বত-পরিমাণ কোটি কাষ্ঠখণ্ড দ্বারা প্রজ্বলিত অগ্নি সূর্য্যের অল্পমাত্রও উপকার করিতে সমর্থ হয় না, সেইরূপ সহস্রকোটি কৰ্মও জ্ঞানের ঈষন্মাত্রও উপকার করিতে সমর্থ হয় না ; পরন্তু জ্ঞানের উদয় হইলে কৰ্ম নিজেই বিলীন হইয়া যায় ॥ ১৮৯

এককর্ত্ত্বাশ্রয়ো হস্তৌ কৰ্ম্মণ্যধিকৃতাবুভৌ ।

সহযোগস্তয়োযুক্তৌ ন তথা জ্ঞানকৰ্ম্মণোঃ ॥ ১৯০

অর্থ । উভৌ হস্তৌ (হস্তদ্বয়) এককর্ত্ত্বাশ্রয়ো (একই কর্ত্তার আশ্রিত বলিয়া) কৰ্ম্মণি (একই প্রকার কৰ্ম্মে) অধিকৃতৌ (নিযুক্ত হইয়া থাকে) ; তয়োঃ (স্ততরাং সেই হস্তদ্বয়ের) সহযোগঃ (সংযোগ) যুক্তঃ (বিহিত হয়) তথা (সেইরূপ) জ্ঞানকৰ্ম্মণোঃ (জ্ঞান এবং কৰ্ম্মের) ন (বিহিত নহে) ॥ ১৯০

অনুবাদ । হস্তদ্বয় এক কর্ত্তাকে আশ্রয় করিয়া রহিয়াছে বলিয়া এক প্রকার কৰ্ম্ম সম্পাদনে প্রযুক্ত হইয়া থাকে । এই কারণে সেই হস্তদ্বয়ের সংযোগ (এককার্য্যসংবন্ধ) হইয়া থাকে ; কিন্তু জ্ঞান ও কৰ্ম্মের এই প্রকার সংযোগ হইতে পারে না ॥ ১৯০

কর্ত্ত্বা কর্ত্তুমকর্ত্ত্বুং বাহপ্যন্যথা কৰ্ম্ম শক্যতে ।

ন তথা বস্তুনো জ্ঞানং কর্ত্তৃতন্ত্রং কদাচন ॥ ১৯১

অর্থ । কর্ত্ত্বা (কার্য্য যে করে সেই ব্যক্তি) কৰ্ম্ম (কার্য্য) কর্ত্ত্বুং (করিতে) অকর্ত্ত্বুং (না করিতে) অন্যথা বা অপি (অথবা অন্য প্রকারও করিতে) শক্যতে (পারিয়া থাকে) ; তথা (সেইরূপ) বস্তুনো জ্ঞানং (যথাভূত বস্তুর জ্ঞান) কর্ত্তৃতন্ত্রং (কর্ত্তার ইচ্ছার অধীন) কদাচন (কোন সময়েই) ন (হইতে পারে না) ॥ ১৯১

অনুবাদ । কর্ত্তা ইচ্ছা করিলে কৰ্ম্ম করিতে বা না করিতে অথবা অন্য প্রকার করিতে পারে ; কিন্তু বস্তুর জ্ঞান কোন সময়ে এই প্রকার কর্ত্তার ইচ্ছানুসারি হইতে পারে না ॥ ১৯১

যথা বস্তু তথা জ্ঞানং প্রমাণেন বিজায়তে ।

নাপেক্ষতে চ যৎ কিঞ্চিৎ কৰ্ম্ম বা যুক্তিকৌশলম্ ॥ ১৯২

অর্থ । প্রমাণেন (প্রমাণের দ্বারা) যথা বস্তু (বস্তু যেরূপ) তথা (সেই প্রকারেরই) জ্ঞানং (জ্ঞান) বিজায়তে (হইয়া থাকে) ; [তৎ বস্তুতত্ত্বজ্ঞানং = সেই বস্তুতত্ত্বজ্ঞান] যৎ কিঞ্চিৎ কৰ্ম্ম (যে কোনপ্রকার কৰ্ম্ম) যুক্তিকৌশলং বা (অথবা যুক্তির কৌশলকে) ন অপেক্ষতে (অপেক্ষা করে না) ॥ ১৯২

অনুবাদ । প্রমাণ দ্বারা বস্তু যেরূপ, জ্ঞানও সেইরূপই হইয়া থাকে ; এই

(বস্তুস্বভাবাধীন) জ্ঞান কোন প্রকার কৰ্ম বা যুক্তির কৌশলকে অপেক্ষা করে না ॥ ১৯২

জ্ঞানশ্চ বস্তুতন্ত্রত্বে সংশয়াদ্যদয়ঃ কথম্ ।

অতো ন বাস্তবং জ্ঞানমিতি নো শক্যতাং বুধৈঃ ॥ ১৯৩

অর্থ । জ্ঞানশ্চ (জ্ঞানের) বস্তুতন্ত্রত্বে (বস্তুপরতন্ত্রতা সিদ্ধ হইলে) কথং (কি প্রকারে) সংশয়াদ্যদয়ঃ (সংশয়াদির উৎপত্তি হইতে পারে ?) অতঃ (এই কারণে) জ্ঞানং (জ্ঞান) বাস্তবং (বস্তুর যাহা স্বরূপ তদ্রূপই) ন (হইতে পারে না) ইতি (এই প্রকার) বুধৈঃ (পণ্ডিতগণ) নো শক্যতাং (যেন শকা না করেন) ॥ ১৯৩

অনুবাদ । জ্ঞান যদি বস্তুপরতন্ত্র হয় [অর্থাৎ বস্তুর যাহা যথার্থ স্বরূপ, তাহাই জ্ঞানের বিষয় হইবে, ইহার অন্তর্থা হইতে পারে না—এই প্রকার সিদ্ধান্ত যদি মানিয়া লওয়া যায়], তাহা হইলে সংশয় এবং ভ্রান্তির উৎপত্তি কি প্রকারে হইতে পারে ? এই কারণে [বলিতে হইবে যে] জ্ঞান বস্তুপরতন্ত্র নহে অর্থাৎ জ্ঞানের বিষয়ও যেরূপ, জ্ঞানও যে সেইরূপ হইবে, ইহা কখনই সিদ্ধ হইতে পারে না]—এই প্রকার আশঙ্কা পণ্ডিতগণের করা উচিত নহে ॥ ১৯৩

প্রমাণাসৌষ্ঠবকৃতং * সংশয়াদি ন বাস্তবম্ ।

শ্রুতিপ্রমাণস্বচ্ছত্বে জ্ঞানং ভবতি বাস্তবম্ ॥ ১৯৪

অর্থ । প্রমাণাসৌষ্ঠবকৃতং (প্রমাণের অনুল্লেখজাত) সংশয়াদি (সংশয় প্রভৃতি অর্থাৎ সংশয় বা বিপরীতজ্ঞানাदि) ন বাস্তবং (বাস্তব হয় না অর্থাৎ যে বস্তুর আশ্রয়ে উহা উৎপন্ন হয়, ঠিক তদনুরূপ হয় না); [কিন্তু] শ্রুতি-প্রমাণস্বচ্ছত্বে (শ্রুতির প্রমাণ শ্রেষ্ঠ বলিয়া সপ্রমাণ হইলে) জ্ঞানং (জ্ঞান) বাস্তবং (বাস্তব অর্থাৎ পরমার্থনিষ্ঠ) ভবতি (হইয়া থাকে) ॥ ১৯৪

অনুবাদ । প্রমাণের অনুল্লেখ নিবন্ধন সংশয়াদি যে যে দোষ জন্মে, সে সকল বাস্তব (বস্তু-পরতন্ত্র) হইতে পারে না । পরন্তু শ্রুতি-প্রমাণের শ্রেষ্ঠতা নিবন্ধন যে জ্ঞান জন্মে, তাহাই বাস্তবজ্ঞান (পরমার্থ জ্ঞান) ॥ ১৯৪

বস্তু তাবৎ পরং ব্রহ্ম নিত্যং সত্যং ধ্রুবং বিভু ।

শ্রুতিপ্রমাণে তজ্জ্ঞানং শ্রাদেব নিরপেক্ষকম্ ॥ ১৯৫

অর্থ । পরং বস্তু (পরমপদার্থ) তাবৎ (ইহার অর্থ 'ত') ব্রহ্ম (ব্রহ্ম ; অর্থাৎ পরম বস্তুই ত ব্রহ্ম); [তৎ = তিনি] নিত্যং (নিত্য) সত্যং (সত্য) ধ্রুবং (অপরিবর্তনশীল) বিভু (সর্বব্যাপক); শ্রুতিপ্রমাণে [সতি] (বেদ-প্রমাণ উপস্থিত হইলে) তজ্জ্ঞানং (সেই ব্রহ্মজ্ঞান) নিরপেক্ষকং (যাহা কাহারও অপেক্ষা রাখে না একরূপ অর্থাৎ স্বাধীন) শ্রাদেব (নিশ্চয়ই হইয়া থাকে) ॥ ১৯৫

* প্রমাণাসৌষ্ঠব-কৃতম্ ইতি বা পাঠঃ ।

অনুবাদ । পরমপদার্থই ত ব্রহ্ম ; তিনিই নিত্য, সত্য ধ্রুব, ও সর্বব্যাপী, শ্রুতিপ্রমাণ ব্যবস্থাপিত হইলেই সেই জ্ঞান (পরমবস্তু জ্ঞান) বস্তুস্তরের বা প্রমাণাস্তরের অপেক্ষা রাখে না অর্থাৎ স্বাধীন ভাবে ক্ষুরিত হইয়া থাকে ॥ ১১৫

রূপজ্ঞানং যথা সম্যক্ দৃষ্টৌ সত্যং ভবেৎ তথা ।

শ্রুতিপ্রমাণে সত্যেব জ্ঞানং ভবতি বাস্তবম্ ॥ ১১৬

অর্থ । সম্যক্ (নির্দোষভাবে) দৃষ্টৌ সত্যং (চক্ষুঃ বর্তমান থাকিলে) যথা (যেরূপ) রূপজ্ঞানং (রূপের বোধ) [বাস্তবং = যথার্থ] ভবেৎ (হইয়া থাকে), তথা (সেইরূপ) শ্রুতিপ্রমাণে সত্যেব (বেদ প্রমাণ উপস্থিত হইলেই) বাস্তবং (যথার্থ) জ্ঞানং (পরমাত্মজ্ঞান) ভবতি (হইয়া থাকে) ॥ ১১৬

অনুবাদ । চক্ষু যদি নির্দোষ হয়, তাহা হইলে যেমন রূপের প্রকৃত জ্ঞান হয়, সেইরূপ বেদরূপ স্বতঃসিদ্ধ নির্দোষ প্রমাণে যে জ্ঞান উদিত হয়, তাহাও বাস্তবই হইয়া থাকে ॥ ১১৬

ন কৰ্ম্ম যৎকিঞ্চিদপেক্ষতে হি

রূপোপলকৌ পুরুষশ্চ চক্ষুঃ ।

জ্ঞানং তথৈব শ্রবণাদিজ্ঞ্যং

বস্তুপ্রকাশে নিরপেক্ষমেব ॥ ১১৭

অর্থ । হি (যেহেতু) পুরুষশ্চ (পুরুষের) চক্ষুঃ (নেত্র) রূপোপলকৌ (রূপের প্রত্যক্ষ বিষয়ে) যৎ কিঞ্চিৎ (যাহা কিছু) কৰ্ম্ম (নিজের ব্যাপার ছাড়া অথ কৰ্ম্মকে) ন অপেক্ষতে (অপেক্ষা করে না), তথা এব (সেইরূপই) শ্রবণাদিজ্ঞ্যং (বেদান্তবাক্যের শ্রবণাদি জাত) জ্ঞানং (জ্ঞান) বস্তুপ্রকাশে (স্বীয় বিষয়কে প্রকাশ করিতে) নিরপেক্ষম্ এব (কাহারও অপেক্ষা করে না) ॥ ১১৭

অনুবাদ । পুরুষের নয়ন রূপের প্রত্যক্ষ বিষয়ে যেমন (স্বব্যাপার-ব্যতিরিক্ত অথ কোন প্রকার কৰ্ম্মের অপেক্ষা করে না) সেইরূপই বেদান্ত শ্রবণাদি জ্ঞানও পরমাত্মরূপ বস্তুকে প্রকাশ করিবার জন্ত অথ কোন প্রকার কৰ্ম্মের অপেক্ষা করে না ॥ ১১৭

কৰ্ত্তৃতন্ত্রং ভবেৎ কৰ্ম্ম কৰ্ম্মতন্ত্রং শুভাশুভম্ ।

প্রমাণতন্ত্রং বিজ্ঞানং মায়াতন্ত্রমিদং জগৎ ॥ ১১৮

অর্থ । কৰ্ম্ম (ক্রিয়া) কৰ্ত্তৃতন্ত্রং (কৰ্ত্তার অধীন), শুভাশুভং (শুভ বা অশুভ এই দুইটিই) কৰ্ম্মতন্ত্রং (কৰ্ম্মের অধীন), বিজ্ঞানং (তত্ত্বজ্ঞান) প্রমাণ-তন্ত্রং (প্রমাণের অধীন), ইদং (এই) জগৎ (সংসার) মায়াতন্ত্রং (মায়ারই অধীন) ভবেৎ (হয়) ॥ ১১৮

অনুবাদ । ক্রিয়া কৰ্ত্তার অধীন, শুভ এবং অশুভ ফল কৰ্ম্মেরই অধীন,

আত্মতত্ত্বজ্ঞান প্রমাণের অধীন, আর এই সংসার একমাত্র মায়াই অধীন (হইয়া থাকে) ॥ ১৯৮

বিদ্যাং চাবিদ্যাং চেতি সহোক্তিরিয়মুপক্রম্যতাং * সদ্ভিঃ ।

সংকর্মোপাসনয়ো ন ত্বাত্মজ্ঞানকর্মণোঃ কাপি ॥ ১৯৯

অর্থ । বিদ্যাম্ (উপাসনারূপ জ্ঞান) অবিদ্যাং চ (এবং অজ্ঞানসাধ্য কর্মকে) ইতি ইয়ং (এই প্রকার) এই সহোক্তিঃ (শ্রুত্যান্ত জ্ঞান ও কর্মের যে সমুচ্চয়), [তাহা দ্বারা] সদ্ভিঃ (সজ্জনগণ) সংকর্মোপাসনয়োঃ (সাধু কর্ম এবং উপাসনারূপ বোধের) [সহোক্তিঃ = সমুচ্চয়] উপক্রম্যতাং (বুঝিয়া লউন); আত্মজ্ঞানকর্মণোঃ (পনমায়-তত্ত্বজ্ঞান এবং অগ্নিহোত্রাদি কর্মের) কাপি (বেদের কোন স্থলেই) ন তু [সহোক্তিঃ অস্তি = সমুচ্চয় উক্ত হয় নাই] ॥ ১৯৯

অনুবাদ । “বিদ্যা এবং অবিদ্যা এই দুইটিকে যে বুঝিবে” এই প্রকার শ্রুতিবাক্যে উক্ত যে জ্ঞান ও কর্মের সমুচ্চয় স্বধীগণ তাহার তাৎপর্য এইরূপ বুঝিবেন যে, তদ্বারা উপাসনারূপ জ্ঞানের সহিতই বিহিত কর্মের সমুচ্চয় প্রতিপাদিত হইয়াছে, আত্মতত্ত্বজ্ঞান এবং বিহিত কর্মের পরম্পর সমুচ্চয় শ্রুতির কুত্রাপি উক্ত হয় নাই ॥ ১৯৯

নিত্যানিত্যপদার্থবোধরহিতো যশ্চেভ্যত্র অগা-

দুর্থানামনুভূতিলগ্নহৃদয়োঃ নির্বিঘ্নবুদ্ধিজনঃ ।

তস্মৈবাহস্য জড়স্য কর্ম বিহিতং শ্রুত্যা বিরজ্যাহভিতো

মোক্ষেচ্ছো ন বিধীয়তে তু পরমানন্দার্থিনো ধীমতঃ ॥ ২০০

অর্থ । নিত্যানিত্যপদার্থবোধরহিতঃ (যাহার) নিত্য ও অনিত্য বস্তুর বৈলক্ষণ্য বোধ নাই) যশ্চ (এবং যে ব্যক্তি) উভয়ত্র (ইহলোকে এবং পরলোকে) অগাদুর্থানাং (পুষ্পমালা প্রভৃতি ভোগ্যবস্তুসমূহের) অনুভূতিলগ্নহৃদয়ঃ (অনুভবে লগ্নচিত্ত), নির্বিঘ্নবুদ্ধিঃ (অথচ যাহার হৃদয়ে বৈরাগ্য উদ্ভিত হয় নাই এইরূপ), জনঃ (মনুষ্য) তস্মৈ (এই প্রকার, সেই) জড়স্য এব (মূঢ় ব্যক্তিরই পক্ষে) কর্ম (নিত্য নৈমিত্তিক এবং কাম্য কর্ম) শ্রুত্যা (শ্রুতি দ্বারা) বিহিতং (বিহিত হইয়াছে) । অভিতঃ (সকল বিষয়েই) বিরজ্য (বিরক্ত হইয়া), পরমানন্দার্থিনঃ (পরব্রহ্মস্বরূপ পরমানন্দাভিলাষী) ধীমতঃ (বুদ্ধিমান) মোক্ষেচ্ছোঃ (মুমুকুর পক্ষে) তু (কিন্তু) ন বিধীয়তে (বিহিত হয় নাই) ॥ ২০০

অনুবাদ । নিত্য ও অনিত্য বস্তুর স্বরূপ বোধ যাহার হয় নাই, ঐহিক এবং পারত্রিক অক্ চন্দন প্রভৃতি ভোগ্য বিষয়ের ভোগ করিবার জন্ত যাহার অন্তঃকরণ সর্বদা ব্যাপৃত, এবং যাহার হৃদয়ে বৈরাগ্য উদ্ভিত হয় নাই সেই মূঢ়মতি ব্যক্তির পক্ষেই শ্রুতি কর্মের বিধান করিয়াছেন, কিন্তু যাহার ঐহিক এবং পারলৌকিক

* উপকৃতা সদ্ভিঃ ইতি বা পাঠঃ ।

বিষয়সমূহে বিরক্তি হইয়াছে, সেই পরমানন্দার্থী বুদ্ধিমান্ মুমুক্শুর পক্ষে কৰ্ম বিহিত হয় নাই ॥ ২০০

মোক্ষচ্ছয়া যদহরেব বিরজ্যতেহসৌ

শ্রাসস্তদৈব বিহিতো বিদুষো মুমুক্শোঃ ।

শ্রুত্যা তরৈব পরয়া চ ততঃ সুধীভিঃ

প্রামাণিকোহয়মিতি চেতসি নিশ্চিতব্যম্ * ॥ ২০১

অর্থ। অসৌ (এই গৃহস্থ) যদহরেব (যে দিবসেই) মোক্ষচ্ছয়া (মোক্ষলাভ করিব এইপ্রকার অভিলাষ বশতঃ) বিরজ্যতে (এই সংসারের প্রতি বিরক্ত হইবে), তদৈব (সেই দিনেই) বিদুষঃ (বিদ্বান্) মুমুক্শোঃ (মোক্ষার্থীর) শ্রাসঃ (সন্ন্যাস আশ্রম) তরৈব (সেই) পরয়া (পরম প্রমাণভূত) শ্রুত্যা (বেদের দ্বারাই) বিহিতঃ (বিহিত হইয়াছে); ততঃ (সেই কারণে) অয়ং (এই সন্ন্যাসাশ্রম) প্রামাণিকঃ (প্রমাণসিদ্ধ) ইতি (ইহা) সুধীভিঃ (সুবুদ্ধিজন কর্তৃক) নিশ্চিতব্যম্ (নির্ণীত হওয়া উচিত) ॥ ২০১

অনুবাদ । যে দিনই মোক্ষলাভেচ্ছু গৃহস্থ সংসারে বিরক্ত হইবে. সর্বোৎকৃষ্ট প্রমাণ শ্রুতি সেই দিবসই সেই বিদ্বান্ মুমুক্শুর পক্ষে সন্ন্যাস বিধান করিতেছেন । এই কারণে সুধীগণ মনে ইহা নিশ্চয় করিবেন যে, এই সন্ন্যাসাশ্রম প্রামাণিক ॥ ২০১

স্বাপরোক্ষশ্চ বেদাদেঃ সাধনত্বং নিষেধতি ।

নাহং বেদৈর্ন তপসেত্যাদিনা ভগবানপি ॥ ২০২

অর্থ। অহং (আমি অর্থাৎ পরমাত্মা) ন বেদৈঃ (বেদের দ্বারা জ্ঞেয় নহি) ন তপসা (তপশ্চা দ্বারা জ্ঞেয় নহি) ইত্যাদিনা (ইত্যাদি বাক্য দ্বারা) ভগবান্ অপি (ভগবান্ও) স্বাপরোক্ষশ্চ (আত্মার অপরোক্ষানুভবের প্রতি) বেদাদেঃ (বেদাদি প্রমাণেরও) সাধনত্বং (হেতুত্ব) নিষেধতি (নিরাকরণ করিয়াছেন) ॥ ২০২

অনুবাদ । “আমি বেদ সমূহের দ্বারাও প্রত্যক্ষীকৃত হই না এবং তপশ্চা দ্বারাও প্রত্যক্ষের বিষয় হই না” এই প্রকার বাক্যের দ্বারা ভগবান্ও আত্মার অপরোক্ষানুভবের প্রতি যে বেদাদি সাধন নহে, তাহা প্রতিপাদন করিয়াছেন ॥ ২০২

প্রবৃত্তিশ্চ নিবৃত্তিশ্চ হে এতে শ্রুতিগোচরে ।

প্রবৃত্ত্যা বধ্যতে জন্তু নিবৃত্ত্যা তু বিমুচ্যতে ॥ ২০৩

অর্থ। প্রবৃত্তিশ্চ (প্রবৃত্তি) নিবৃত্তিশ্চ (এবং নিবৃত্তি) এতে (এই) হে (হইটি মার্গই) শ্রুতিগোচরে (বেদের বিষয় অর্থাৎ বেদে প্রতিপাদিত হইয়া

* নিশ্চিতব্যঃ ইতি বা পাঠঃ ।

থাকে)। প্রবৃত্ত্যা (প্রবৃত্তি দ্বারা) জন্মঃ (জীব) বধ্যতে (বন্ধ হইয়া থাকে), নিবৃত্ত্যা তু (কিন্তু নিবৃত্তি দ্বারা) বিমুচ্যতে (জীব সংসারবন্ধন হইতে মুক্তি লাভ করিয়া থাকে) ॥ ২০৩

অনুবাদ। প্রবৃত্তি এবং নিবৃত্তি এই দ্বিবিধ মার্গই বেদে বিদ্যমান আছে। প্রবৃত্তি দ্বারা জীব বন্ধ হয়, কিন্তু নিবৃত্তি দ্বারা জীব মুক্তি লাভ করিয়া থাকে ॥ ২০৩

যন্ন স্ববন্ধোহভিমতো মূঢ়স্যাপি কচিৎ ততঃ ।

নিবৃত্তিঃ কৰ্ম্মসন্ন্যাসঃ কর্তব্যো মোক্ষকাজ্জিভিঃ ॥ ২০৪

অর্থঃ। মূঢ়স্য অপি (মূর্থ ব্যক্তিরও) যৎ (যে কারণে) কচিৎ কোন স্থলে) স্ববন্ধঃ (নিজের বন্ধন) ন অভিমতঃ (অভিমত হয় না), ততঃ (সেই কারণে) মোক্ষকাজ্জিভিঃ (যাহারা মোক্ষকামী তাহাদিগের) নিবৃত্তিঃ (নিবৃত্তি অর্থাৎ) কৰ্ম্মসন্ন্যাসঃ (বিহিত কৰ্ম্মসমূহের পরিত্যাগ) কর্তব্যঃ (করা উচিত) ॥ ২০৪

অনুবাদ। যেহেতু মূর্থ ব্যক্তিরও কোন স্থলে বা কোন কালে আত্মবন্ধন অভিমত হয় না, সেই কারণে মোক্ষার্থী ব্যক্তিগণের নিবৃত্তি অর্থাৎ বিহিত কৰ্ম্মসমূহের পরিত্যাগ করা উচিত ॥ ২০৪

ন জ্ঞানকৰ্ম্মণো যস্যাত্ সংযোগস্ত যুজ্যতে ।

তস্মাত্ ত্যাজ্যং প্রযত্নেন কৰ্ম্ম জ্ঞানেচ্ছূনা ধ্রুবম্ ॥ ২০৫

অর্থঃ। যস্যাত্ (যে কারণে) জ্ঞানকৰ্ম্মণোঃ (আত্মতত্ত্বজ্ঞান এবং কৰ্ম্মের) সংযোগঃ (সমুচ্চয় অর্থাৎ উভয়ে মিলিত হইয়া মোক্ষের উৎপাদন) ন যুজ্যতে (যুক্তিসিদ্ধ হয় না) তস্মাত্ (সেই কারণে) জ্ঞানেচ্ছূনা (জ্ঞানার্থী সাধকের) ধ্রুবং (নিশ্চিতই) প্রযত্নেন (যত্নসহকারে) কৰ্ম্ম (নিত্য ও নৈমিত্তিক প্রভৃতি কার্য) ত্যাজ্যং (অবশ্য পরিত্যাগ করা উচিত) ॥ ২০৫

অনুবাদ। যে কারণে (জীবব্রহ্মের ঐক্যজ্ঞানরূপ) তত্ত্বজ্ঞান এবং কৰ্ম্মের পরস্পর যোগ যুক্তিসিদ্ধ হইতে পারে না, এই কারণে (মুক্তির জন্ত) জ্ঞানেচ্ছূ ব্যক্তি নিশ্চিতই প্রযত্ন সহকারে কৰ্ম্ম পরিত্যাগ করিবে ॥ ২০৫

ইষ্টসাধনতাবুদ্ধ্যা গৃহীতস্যাপি বস্তুনঃ ।

বিজ্ঞায়াহফলতাং * পশ্চাত্ কঃ পুনস্তৎ প্রতীক্ষতে ॥ ২০৬

অর্থঃ। ইষ্টসাধনতাবুদ্ধ্যা (এই বস্তু আমার সুখের সাধন এই প্রকার বুদ্ধি দ্বারা) বস্তুনঃ (কোন বস্তু) গৃহীতস্যাপি (গৃহীত হইলেও) পশ্চাত্ (পরে বিচার দ্বারা) অফলতাং (নিফলতা) বিজ্ঞায় (বুঝিতে পারিয়া) কঃ পুনঃ (কে পুনর্বার) তৎ (সেই বস্তুর) প্রতীক্ষতে (প্রতীক্ষা করিয়া থাকে?) ॥ ২০৬

অনুবাদ। অগ্রে যে বস্তুটি সুখের সাধন বলিয়া প্রতীত হইয়াছে, পরে

* বিজ্ঞায় ফলতাম্ ইতি বা পাঠঃ।

বিচার দ্বারা যদি বুঝা যায় যে, তাহা অকিঞ্চিংকর, তাহা হইলে কোন্ ব্যক্তি আবার সেই বস্তুর অপেক্ষা করিয়া থাকে ? ২০৬

উপরতিশকার্থো হ্যুপরমণং পূর্বদৃষ্টপ্রবৃত্তিভ্যঃ ।

সোহয়ং মুখ্যো গোণশ্চেতি চ বৃত্ত্যা দ্বিরূপতাং ধত্তে * ॥২০৭

অর্থ । পূর্বদৃষ্টপ্রবৃত্তিভ্যঃ (পূর্বে সুখের হেতু বলিয়া জ্ঞাত বস্তুসমূহে যে সকল প্রবৃত্তি হয়, তাহা হইতে) উপরমণং (নিবৃত্তিই) উপরতিশকার্থঃ (উপরতি শব্দের প্রতিপাত্ত অর্থ) সোহয়ং (সেই এই উপরতি পদার্থ) বৃত্ত্যা (ব্যবহার দ্বারা) মুখ্যঃ (প্রধান) গোণশ্চ (এবং গোণ) ইতি (এইরূপে) দ্বিরূপতাং (উভয়রূপতাকে) ধত্তে (ধারণ করিয়া থাকে) ॥ ২০৭

অনুবাদ । পূর্বে যে সকল বস্তু সুখের হেতু বলিয়া জ্ঞাত হইয়াছে, সেই সকল বস্তুতে যে প্রবৃত্তি জন্মে, সেই সকল প্রবৃত্তি হইতে যে নিবৃত্ত, তাহাই উপরতি শব্দের অর্থ । ইহা ব্যবহারতঃ মুখ্য এবং গোণ-ভেদে উভয়রূপতা ধারণ করিয়া থাকে ॥ ২০৭

বৃত্তেদৃশ্যপরিত্যাগো মুখ্যার্থ ইতি কথ্যতে ।

গৌণার্থঃ কৰ্ম্মসন্ন্যাসঃ শ্রুতেরঙ্গতয়া মতঃ ॥ ২০৮

অর্থ । বৃত্তেঃ (অন্তঃকরণবৃত্তির) দৃশ্যপরিত্যাগ (বাহ্যবিষয়-পরিহার) মুখ্যার্থঃ (সন্ন্যাস শব্দের মুখ্য অর্থ) ইতি (এইরূপ) কথ্যতে (কথিত হয়) ; কৰ্ম্মসন্ন্যাসঃ (বিহিত কৰ্ম্মের পরিত্যাগ) অঙ্গতয়া (সন্ন্যাসের অঙ্গ বলিয়া) গৌণার্থঃ (সন্ন্যাস শব্দের গৌণ অর্থ) শ্রুতেঃ (বেদের) মতঃ (তাৎপর্যার্থ) ॥ ২০৮

অনুবাদ । দৃশ্য বস্তুর সহিত অন্তঃকরণবৃত্তির সর্ববিধ সম্বন্ধত্যাগই সন্ন্যাস-শব্দের মুখ্যার্থ ; বিহিত কৰ্ম্মের পরিত্যাগ সন্ন্যাসের অঙ্গ হয় বলিয়া তাহা সন্ন্যাস শব্দের গৌণার্থ, ইহাই শ্রুতির অভিमत ॥ ২০৮

পুংসঃ সাধনসিদ্ধ্যর্থং † অঙ্গশ্চাশ্রয়ণং ধ্রুবম্ ।

কর্তব্যমঙ্গহীনং চেৎ প্রধানং নৈব সিধ্যতি ॥ ২০৯

অর্থ । সাধনসিদ্ধ্যর্থং (সাধন দ্বারা সিদ্ধিলাভ করিতে হইলে) পুংসঃ পুরুষের পক্ষে) অঙ্গশ্চ (অঙ্গের) আশ্রয়ণং (আশ্রয় করা) ধ্রুবং (একান্ত আবশ্যক) কর্তব্যং (যাহা করণীয় তাহা) অঙ্গহীনং (অঙ্গহীন) চেৎ (যদি হয়) প্রধানং (প্রধান কার্য) নৈব সিধ্যতি (নিশ্চয়ই সিদ্ধ হয় না) ॥ ২০৯

অনুবাদ । সাধনের দ্বারা সিদ্ধিলাভ করিতে হইলে অঙ্গের আশ্রয় পুরুষের পক্ষে আবশ্যিক করিতে হইবে ; কারণ কর্তব্যসাধন যদি অঙ্গহীন হয়, তাহা হইলে সাধন কখনই সিদ্ধ হয় না ॥ ২০৯

* পূর্বদৃষ্টপ্রবৃত্তিভ্যঃ ইতি বা পাঠঃ ।

† প্রধানসিদ্ধ্যর্থম্ ইতি বা পাঠঃ ।

সংন্যসেৎ স্খবিরক্তঃ সন্ ইহামুত্রার্থতঃ স্খথাৎ ।

অবিরক্তশ্চ সংন্যাসো নিষ্ফলোহযাজ্যযাগবৎ ॥ ২১০

অর্থঃ । ইহ (এই লোকে) অমুত্র (পরলোকে) অর্থতঃ (ভোগ্য বস্তু হইতে) স্খথাৎ (যে স্খথ হইতে পারে তাহা হইতে) স্খবিরক্তঃ সন্ (সম্পূর্ণভাবে বিরক্ত হইয়া) সংন্যসেৎ (সন্ন্যাসী হইবে) । অযাজ্যযাগবৎ (যাগে অনধিকারীর যাগানুষ্ঠানের ত্যায়) অবিরক্তশ্চ (বৈরাগ্যহীন ব্যক্তির) সংন্যাসঃ (চতুর্থাশ্রম গ্রহণ) নিষ্ফলঃ (বৃথা) [হইয়া থাকে] ॥ ২১০

অনুবাদ । এই লোকে এবং পরলোকে যতপ্রকার ভোগ্য বস্তু আছে, তাহা হইতে সম্ভাবিত যে স্খথ, তাহাতে সম্পূর্ণভাবে বিরক্ত হইয়া সন্ন্যাসাশ্রম স্বীকার করিবে । যাহার বৈরাগ্য হয় নাই, তাহার পক্ষে সন্ন্যাসাশ্রম স্বীকার—যাগানধিকারীর পক্ষে যাগানুষ্ঠানের ত্যায় বৃথা হইয়া থাকে ॥ ২১০

সন্ন্যশ্চ তু যতিঃ কুর্য্যান্ন পূৰ্ববিষয়স্মৃতিম্ ।

তাং তাং তৎস্মরণে তশ্চ জুগুপ্সা জায়তে যতঃ ॥ ২১১

অর্থঃ । সন্ন্যশ্চ (সন্ন্যাসাশ্রম গ্রহণের পর) যতিঃ (সন্ন্যাসী) তাং তাং (সেই সেই) পূৰ্ববিষয়স্মৃতিং (পূৰ্ববর্তী আশ্রমের ভোগ্য বস্তুসমূহের স্মরণ) ন কুর্য্যাৎ (করিবে না) ; যতঃ (যেহেতু) তৎস্মরণে (সেই সকলের স্মৃতি হইলে) তশ্চ (সেই সন্ন্যাসীর) জুগুপ্সা (নিজের বর্তমান অবস্থার প্রতি ঘৃণা) জায়তে (হইয়া থাকে) ॥ ২১১

অনুবাদ । সন্ন্যাসাশ্রম গ্রহণ করিবার পরে সন্ন্যাসী (যেন আর কখনও) সেই সেই পূৰ্বানুভূত বিষয়ের স্মরণ না করে ; কারণ, সেই সকল বস্তুর স্মরণে সেই সন্ন্যাসীর নিজের বর্তমান অবস্থার প্রতি ঘৃণা হইতে পারে ॥ ২১১

শ্রদ্ধা ।

গুরুবেদান্তবাক্যেষু বুদ্ধিৰ্যা নিশ্চয়ান্বিতিকা ।

সত্যমিত্যেব সা শ্রদ্ধা নিদানং মুক্তিসিদ্ধয়ে ॥ ২১২ .

অর্থঃ । গুরুবেদান্তবাক্যেষু—(গুরু এবং বেদান্ত বাক্যসমূহে) সত্যমিত্যেব (ইহা সত্যই—এই প্রকার) যা (যে) নিশ্চয়ান্বিতিকা (নিশ্চয়স্বরূপ) বুদ্ধিঃ (জ্ঞান), সা (তাহাই) শ্রদ্ধা (শ্রদ্ধা শব্দের অর্থ) । মুক্তিসিদ্ধয়ে (মোক্ষসিদ্ধির পক্ষে) নিদানং (মূলীভূত কারণ) ॥ ২১২

অনুবাদ । গুরুবাক্য এবং বেদান্তবাক্যসমূহে 'সত্যই' এইপ্রকার যে নিশ্চয়-রূপ জ্ঞান, তাহাই শ্রদ্ধা, এই শ্রদ্ধাই মোক্ষসিদ্ধির মূলীভূত কারণ ॥ ২১২

শ্রদ্ধাবতামেব সত্যং পুমর্থঃ

সমীরিতঃ সিধ্যতি নেতরেষাম্ ।

উক্তং সুসূক্ষ্মং পরমার্থতত্ত্বং

শ্রদ্ধংস্ব সৌম্যোতি চ বক্তি বেদঃ ॥ ২১৩

অর্থঃ । শ্রদ্ধাবতাং (যাহারা শ্রদ্ধাসম্পন্ন, সেই সকল) সত্যমেব (সাধু-
গণেরই) সমীরিতঃ (শাস্ত্রে কথিত) পুমর্থঃ (পুরুষার্থ অর্থাৎ মোক্ষ) সিধ্যতি
(সিদ্ধ হইয়া থাকে) ; ইতরেষাং (যাহাদের শ্রদ্ধা নাই, তাহাদের) (ন সিধ্যতি
— পুরুষার্থ সিদ্ধ হয় না) ; সুসূক্ষ্মং (অতি দুঃখের) পরমার্থতত্ত্বং (ষথার্থ
বস্তুস্বরূপ) উক্তং (এইরূপে কথিত হইল) । হে সৌম্য (হে প্রিয়দর্শন)
শ্রদ্ধংস্ব (তুমি শ্রদ্ধাবান্ হও) বেদশ্চ (শ্রুতিও) ইতি (এই প্রকার) বক্তি
(উপদেশ দিতেছেন) ॥

অনুবাদ । শ্রদ্ধাসম্পন্ন সাধুগণেরই শাস্ত্রবিহিত পুরুষার্থ সিদ্ধ হয় ; যাহাদের
শ্রদ্ধা নাই, তাহাদের শাস্ত্রবিহিত পুরুষার্থ সিদ্ধ হয় না । ইহাই ত অতি নিগূঢ়
তত্ত্ব বলিয়া উক্ত হইয়া থাকে । “হে প্রিয়দর্শন, তুমি শ্রদ্ধাবান্ হও” শ্রুতিবাক্যও
এইরূপ উপদেশ করিয়া থাকে ॥ ২১৩

শ্রদ্ধাবিহীনশ্চ তু ন প্রবৃতিঃ

প্রবৃতিশূন্যশ্চ ন সাধ্যসিদ্ধিঃ ।

অশ্রদ্ধায়ৈবাভিহতাশ্চ সর্বৈ

মজ্জন্তি সংসার-মহাসমুদ্রে ॥ ২১৪

অর্থঃ । শ্রদ্ধাবিহীনশ্চ (যাহার শ্রদ্ধা নাই তাহার) প্রবৃতিঃ (মোক্ষসাধন
শ্রবণাদির অনুষ্ঠানে প্রবৃতি) ন ভবতীত শেষঃ (হয় না) ; প্রবৃতিশূন্যশ্চ (যে
প্রবৃত্ত হয় না তাহার) সাধ্যসিদ্ধিঃ (কার্য্যসিদ্ধি) ন ভবতি (হয় না) অশ্রদ্ধয়া
এব (অবিশ্বাসের দ্বারাই) উপহতাঃ (আক্রান্ত হইয়া) সর্বৈ (সকল লোক)
সংসারমহাসমুদ্রে (সংসাররূপ মহাসমুদ্রে) মজ্জন্তি (নিমগ্ন হইয়া থাকে) ॥ ২১৪

অনুবাদ । শ্রদ্ধাহীন ব্যক্তির কার্য্যে প্রবৃতি হয় না, প্রবৃতি না হইলে কার্য্য-
সিদ্ধি হয় না ; (এইরূপে) অশ্রদ্ধার দ্বারা উপহত হইয়া সকলে সংসার-রূপ
(দুঃখময়) মহাসমুদ্রে নিমগ্ন হইয়া থাকে ॥ ২১৪

দেবে চ * বেদে চ গুরৌ চ মন্ত্রে

তীর্থে মহাগ্ন্যপি ভেষজে চ ।

শ্রদ্ধা ভবত্যশ্চ যথা যথাহস্তঃ

তথা তথা সিদ্ধিরুদেতি পুংসাম্ ॥ ২১৫

* দেবে চ ইতি বা পাঠঃ ।

অন্বয় । দেবে (দেবতাতে) বেদে (বেদে) গুরৌ (গুরুর প্রতি) মন্ত্রে (ইষ্টমন্ত্রে) তীর্থে (তীর্থে) মহাঅনি (মহাপুরুষে) ভেষজে চ (এবং রোগ নিবারণার্থ প্রযুক্ত ঔষধে) যথা যথা (যেমন যেমন) অস্ত্র (এই ব্যক্তির) অন্তঃ (অন্তঃকরণে) শ্রদ্ধা (বিশ্বাস) ভবতি (হয়), তথা তথা (সেইরূপেই) পুংসাং (পুরুষগণের) সিদ্ধিঃ (অভিলষিত বস্তুর সিদ্ধি) উদেতি (উৎপন্ন হয়) ॥ ২১৫

অনুবাদ । ইষ্টদেবতা, বেদ, গুরু, মন্ত্র, তীর্থ, মহাপুরুষ, এবং ঔষধ এই সকলের উপরে যেমন যেমন বিশ্বাস হইবে, তেমনই তাহাদের ইষ্টসিদ্ধির উদয় হইবে ॥ ২১৫

অস্তীত্যেবোপলক্ষ্যং বস্তু সদ্ভাবনিশ্চয়াৎ ।

সদ্ভাবনিশ্চয়স্তস্য শ্রদ্ধয়া শাস্ত্রসিদ্ধয়া ॥ ২১৬

অন্বয় । সদ্ভাবনিশ্চয়াৎ (সৎপদার্থের যাহা প্রকৃতিসিদ্ধ ধর্ম, তাহার নির্ণয় হেতু) বস্তু (ব্রহ্মস্বরূপ পরমার্থ বস্তু) অস্তি ইত্যেব (সর্বদাই বিদ্যমান আছে— এইরূপেই) উপলক্ষ্যং (বুঝিতে হইবে), তস্য (সেই সাধকের) সদ্ভাবনিশ্চয়ঃ (সৎপদার্থের স্বরূপ-নির্ণয়) শাস্ত্রসিদ্ধয়া (শাস্ত্র হইতে সিদ্ধ) শ্রদ্ধয়া (শ্রদ্ধা দ্বারাই) [ভবতি = হইয়া থাকে] ॥ ২১৬

অনুবাদ । সৎপদার্থের যাহা স্বরূপ, তাহার নির্ণয় দ্বারা ইহাই বুঝিতে হইবে যে, যাহা পরমার্থ সৎ বস্তু, তাহা সকল সময়েই বর্তমান থাকে ॥ ২১৬

তস্মাচ্ছ্রদ্ধা স্তসম্পাদ্যা গুরুবেদান্তবাক্যয়োঃ ।

মুমুক্শোঃ শ্রদ্ধধানস্য ফলং সিধ্যতি নান্যথা ॥ ২১৭

অন্বয় । তস্মাৎ (সেই কারণে) গুরুবেদান্তবাক্যয়োঃ (গুরু এবং বেদান্তবাক্যের প্রতি) শ্রদ্ধা (বিশ্বাস) স্তসম্পাদ্যা (ভাল করিয়া সম্পাদিত করিতে হইবে) শ্রদ্ধধানস্য (শ্রদ্ধাসম্পন্ন) মুমুক্শোঃ (মোক্ষার্থীরই) ফলং (মোক্ষ) সিধ্যতি (সিদ্ধ হয়) অন্যথা ন (অন্য প্রকারে) [অর্থাৎ শ্রদ্ধা না থাকিলে মোক্ষ সিদ্ধ হয় না] ॥ ২১৭

অনুবাদ । সেই কারণে গুরু এবং বেদান্তের বাক্যে যে প্রকারে অচলা শ্রদ্ধা হয়, তাহা অবশ্য কর্তব্য । মুমুক্শু ব্যক্তি যদি শ্রদ্ধাসম্পন্ন হয়, তাহা হইলেই তাহার মোক্ষ লাভ হয়, অন্যথা মোক্ষ লাভ হইতে পারে না । ২১৭

যথার্থবাদিতা পুংসাং শ্রদ্ধাজননকারণম্ ।

বেদশ্চেশ্বরবাক্যত্বাৎ যথার্থত্বে ন সংশয়ঃ ॥ ২১৮

অন্বয় । পুংসাং (পুরুষগণের) যথার্থবাদিতা (সত্যবাক্য প্রয়োগই) শ্রদ্ধা-জননকারণং (শ্রদ্ধা জন্মাইবার কারণ হইয়া থাকে) ; বেদশ্চ (বেদের) ঈশ্বর-বাক্যত্বাৎ (ঈশ্বরবাক্যত্ব নিবন্ধনই) যথার্থত্বে (যথার্থতা বিষয়ে) সংশয়ঃ (সন্দেহ) ন ভবতীতিশেষঃ (হইতে পারে না) ॥ ২১৮

অনুবাদ । পুরুষগণের যথার্থবাদিতাই শ্রদ্ধা উৎপাদন করিয়া থাকে ; বেদ যেহেতু ঈশ্বরবাক্য, সেই কারণে বেদের যথার্থত্ব বিষয়ে সংশয় হইতে পারে না ॥ ২১৮

মুক্তশ্চৈশ্বররূপত্বাৎ গুরোবাগপি তাদৃশী ।

তস্মাৎ তদ্বাক্যয়োঃ শ্রদ্ধা সতাং সিধ্যতি ধীমতাম্ ॥ ২১৯

অর্থ । মুক্তশ্চ (মুক্তব্যক্তির) ঈশ্বররূপত্বাৎ (যেহেতু ঈশ্বররূপতা হয়, সেই কারণে) গুরোঃ (গুরুর) বাগপি (বাক্যও) তাদৃশী (ঈশ্বরবাক্যের ত্রায় যথার্থই হইয়া থাকে) । তস্মাৎ (সেই কারণে) ধীমতাম্ (বুদ্ধিমান্) সতাং (সাধু পুরুষগণের) তদ্বাক্যয়োঃ (ঈশ্বরবাক্য বেদ এবং গুরুবাক্যের উপর) শ্রদ্ধা (বিশ্বাস) সিধ্যতি (সিদ্ধ হইয়া থাকে) ॥ ২১৯

অনুবাদ । যেহেতু মুক্ত ব্যক্তি ঈশ্বরভাব প্রাপ্ত হইয়েন, এই কারণে (জীবমুক্ত) গুরুর বাক্যও বেদবাক্যের ত্রায় যথার্থই হইয়া থাকে । সেই কারণেই গুরু এবং বেদান্তবাক্যের উপর বুদ্ধিমান্ সাধুগণের (সমানই) শ্রদ্ধা হইয়া থাকে ॥ ২১৯

চিত্তসমাধানম্ ।

শ্রুতুক্তার্থাবগাহায় বিহৃষা জ্জেষবস্তুনি ।

চিত্তস্য সম্যগাধানং সমাধানমিতীর্য্যতে ॥ ২২০

অর্থ । শ্রুতুক্তার্থাবগাহায় (শ্রুতিতে যাহা কথিত হইয়াছে, সেই অর্থকে ভাল করিয়া বুঝিবার জন্ত) জ্জেষবস্তুনি (জ্জেষ [পরব্রহ্মস্বরূপ] বস্তুর বিষয়ে) চিত্তস্য (অন্তঃকরণের) সম্যক্ (সম্পূর্ণরূপে) আধানং (যে একাগ্রতা), [তৎ = তাহা] সমাধানং (সমাধান) ইতি (এইরূপ) বিহৃষা (পণ্ডিতব্যক্তি) ঈর্ষ্যতে (নির্দেশ করিয়া থাকেন) ॥ ২২০

অনুবাদ । শ্রুতিতে যাহা উক্ত হইয়াছে, তাহাই ভাল করিয়া বুঝিবার জন্ত সেই জ্জেষ বস্তুর যে চিত্তের একাগ্রতা, তাহাই সমাধান ; পণ্ডিত ব্যক্তি এই-প্রকার নির্দেশ করিয়া থাকেন ॥ ২২০

চিত্তস্য সাধৈক্যপরত্বমেব

পুমর্থসিদ্ধৈর্নিয়েমেন কারণম্ ।

নৈবানুথা সিধ্যতি সাধ্যমীষৎ

মনঃপ্রসাদে বিফলঃ প্রযত্নঃ ॥ ২২১

অনুবাদ । পুরুষার্থসিদ্ধিঃ (পুরুষার্থসিদ্ধির পক্ষে) চিত্তশ্র (অন্তঃকরণের) সাধ্যৈকপরত্বমেব (সাধ্য বস্তুতে একেবারে সংলগ্নতাই) নিয়মেন (নিয়তভাবে) কারণং (হেতু হইয়া থাকে) ; অন্তথা (অন্য প্রকারে) সাধ্যং (অভিলষিত কার্য) নৈব সিধ্যতি (সিদ্ধ হইতেই পারে না) । ঈষৎ (অল্পমাত্র) মনঃপ্রসাদে (মনের নিশ্চলতা হইলে অর্থাৎ সম্পূর্ণরূপে চিত্ত নিশ্চল হইয়া প্রসন্ন না হইলে) প্রযত্নঃ (মোক্ষলাভ বিষয়ে প্রযত্ন) বিফলঃ (নিফল হইয়া থাকে) ॥ ২২১

অনুবাদ । অন্তঃকরণ যদি জেয় বস্তুতে একান্তভাবে একাগ্রতাপর হয়, তাহা হইলে সেই একাগ্রতাই [মোক্ষরূপ] পুরুষার্থসিদ্ধির কারণ হইয়া থাকে । ইহা ছাড়া অন্য কোন প্রকারে মোক্ষ সিদ্ধ হইতে পারে না । চিত্তের প্রসাদ যদি অল্প হয় (অর্থাৎ সম্পূর্ণরূপে একাগ্রতা নিবন্ধন চিত্তের পরিপূর্ণ প্রসাদ না হয়) তাহা হইলে, মোক্ষলাভ বিষয়ে প্রযত্ন নিফল হইয়া থাকে ॥ ২২১

চিত্তং চ দৃষ্টিং করণং তথান্যং

একত্র বন্ধাতি হি লক্ষ্যভেত্তা ।

কিঞ্চিৎপ্রমাদে সতি লক্ষ্যভেত্তুঃ

বাণপ্রয়োগো বিফলো যথা তথা ॥ ২২২

অনুবাদ । লক্ষ্যভেত্তা (যে ব্যক্তি শরের দ্বারা কোন লক্ষ্য ভেদ করিতে চাহে সে) চিত্তং (অন্তঃকরণ) দৃষ্টিং (দৃষ্টি) তথা অন্তং করণং চ (এবং অন্তঃ সাধন অর্থাৎ ইহা ছাড়া অন্য বাহ্য কিছু সাধন তাহা) একত্র (একটি বিষয়ে) বন্ধাতি হি (সন্নিবেশিত করিয়া থাকে) ; লক্ষ্যভেত্তুঃ (লক্ষ্যভেদকারীর) কিঞ্চিৎ (অল্পমাত্রও) প্রমাদে সতি (অনবধানতা হইলে) যথা (যেমন) বাণপ্রয়োগঃ (শরক্ষেপণ) বিফলঃ (নিফল) [ভবতি=হইয়া থাকে] তথা (সেইরূপই) [প্রকৃতস্থলে বুঝিতে হইবে] ॥ ২২২

অনুবাদ । যে ব্যক্তি লক্ষ্য ভেদ করিবে, তাহার পক্ষে চিত্ত, দৃষ্টি ও হস্তাদি সাধনগুলি একটি লক্ষ্যের উদ্দেশে সন্নিবেশিত করা আবশ্যিক । সেই লক্ষ্যভেত্তার যদি এই বিষয়ে অল্পমাত্রও অনবধানতা হয়, তাহা হইলে যেমন তাহার শরপ্রয়োগ নিফল [প্রকৃত স্থলেও] সেইরূপ [জানিতে হইবে] ॥ ২২২

সিদ্ধেশ্চিহ্নসমাধানমসাধারণকারণম্ ।

যতস্ততো মুমুক্শুণাং ভবিতব্যং সদামুনা ॥ ২২৩

অনুবাদ । যতঃ (যেহেতু) চিত্তসমাধানং (চিত্তের একাগ্রতা) সিদ্ধেঃ (সিদ্ধিলাভের) অসাধারণকারণম্ (অসামান্য হেতু), ততঃ (সেই কারণে) মুমুক্শুণাং (মোক্ষার্থী ব্যক্তিগণের) সদা (সর্বদাই) অমুনা (এই চিত্তসমাধান) ভবিতব্যং (হওয়া একান্ত উচিত) ॥ ২২৩

অনুবাদ । যেহেতু চিত্তের একাগ্রতাই সিদ্ধিলাভের অসাধারণ কারণ

[বলিয়া পরিগণিত হইয়া থাকে], সেই কারণে মুমুকু ব্যক্তিগণের যাহাতে চিত্তের একাগ্রতা হয়, তাহা একান্ত কর্তব্য ॥ ২২৩

অত্যন্ততীব্রবৈরাগ্যং ফললিপ্সা মহত্তরা ।

তদেতদুভয়ং বিদ্যাৎ সমাধানশ্চ কারণম্ ॥ ২২৪

অর্থঃ । অত্যন্ততীব্রবৈরাগ্যং (সংসারের উপর অত্যন্ত তীব্র বৈরাগ্য অর্থাৎ নিরতিশয় উৎকট বিরক্তি) [অথচ=এবং] মহত্তরা (অতি মহতী) ফললিপ্সা (মোক্ষলাভের আকাঙ্ক্ষা) এতৎ (এই) তৎ (প্রসিদ্ধ) উভয়ং (বস্তু দুইটিই) সমাধানশ্চ (চিত্তের একাগ্রতার প্রতি) কারণং (কারণ বলিয়া) বিদ্যাৎ (জানিতে হইবে) ॥ ২২৪

অনুবাদ । [ঐহিক এবং পারত্রিক ভোগ্যসমূহের উপর] অত্যন্ত তীব্র বিরক্তি এবং অতি প্রবল মোক্ষলাভেচ্ছা এই প্রসিদ্ধ বস্তুদ্বয়ই চিত্তের একাগ্রতার প্রতি সাধন হয়, ইহা জানিবে ॥ ২২৪

বহিরঙ্গং শ্রুতিঃ প্রাহ ব্রহ্মচর্যাদি মুক্তয়ে ।

শমাদি-ষট্‌কমেবৈতৎ অন্তরঙ্গং বিদ্বুবুধাঃ ॥ ২২৫

অর্থঃ । শ্রুতিঃ (বেদ) ব্রহ্মচর্যাদি (ব্রহ্মচর্য্য প্রভৃতিকে) মুক্তয়ে (মুক্তির প্রতি) বহিরঙ্গং (বাহ্য সাধন বলিয়া) প্রাহ (নির্দেশ করিয়া থাকে) এতৎ (এই) শমাদিষট্‌কং (শম প্রভৃতি ছয়টিকে) বুধাঃ (পণ্ডিতগণ) অন্তরঙ্গং (মোক্ষলাভের পক্ষে অন্তরঙ্গ সাধন) বিদ্বুঃ (জানেন) ॥ ২২৫

অনুবাদ । শ্রুতি (বেদ) ব্রহ্মচর্য্য প্রভৃতিকে মোক্ষের বহিরঙ্গ সাধন বলেন ; পরন্তু এই শমপ্রভৃতি ছয়টিকে পণ্ডিতগণ মোক্ষের অন্তরঙ্গ সাধন বলিয়া জানেন ॥ ২২৫

অন্তরঙ্গং হি বলবদ্ বহিরঙ্গাদ্ যতন্ততঃ ।

শমাদি-ষট্‌কং জিজ্ঞাসোরবশ্যং ভাব্যমান্তরম্ ॥ ২২৬

অর্থঃ । যতঃ (যেহেতু) হি (নিশ্চয়) বহিরঙ্গাৎ (বহিরঙ্গ অপেক্ষা) অন্তরঙ্গং (অন্তরঙ্গ) বলবৎ (বলশালী) ততঃ (সেইজন্য) জিজ্ঞাসোঃ (মুমুকু ব্যক্তির) শমাদিষট্‌কং (শমাদি ছয়টিকে) অবশ্যং (অবশ্যই) আন্তরং (অন্তরঙ্গ) ভাব্যম্ (নিষ্পাদন করিয়া লইতে হইবে) ॥ ২২৬

অনুবাদ । যেহেতু বহিরঙ্গ অপেক্ষা অন্তরঙ্গ নিশ্চয়ই [অধিকতর] বলশালী, সেইজন্য মোক্ষার্থী ব্যক্তির শমাদি ছয়টিকে অন্তরঙ্গ করিয়া লইতে হইবে ॥ ২২৬

অন্তরঙ্গবিহীনশ্চ কৃতশ্রবণকোটয়ঃ ।

ন ফলন্তি যথা যোদ্ধু রধীরশ্চাস্ত্রসম্পদঃ ॥ ২২৭

অনুবাদ । যথা (যেমন) অধীরশ্চ (ধৈর্যহীন) যোদ্ধুঃ (যোদ্ধার) অস্ত-
সম্পদঃ (বহু অস্ত্ররূপ সম্পদ) ন ফলন্তি (সফল হয় না) [তথা=সেইরূপই]
অস্তুরঙ্গবিহীনশ্চ (যে মুমুক্শু ব্যক্তির এই শমাদি অস্তুরঙ্গ সাধন বিদ্যমান নাই
তাহার) কৃতশ্রবণকোটয়ঃ (কোটিবার বেদের শ্রবণ সম্পাদিত হইলেও তাহা)
ন ফলন্তি (সফল হইতে পারে না) ॥ ২২৭

অনুবাদ । যেমন অস্থিরচিত্ত যোদ্ধার বহুতর অস্ত্র বিদ্যমান থাকিলেও তাহা
দ্বারা কোন ফল সিদ্ধ হয় না, সেইরূপ, যে মুমুক্শুর শমপ্রভৃতি অস্তুরঙ্গ সাধন-সিদ্ধি
নাই, তাহার কোটি বার বেদান্ত শ্রবণ করা হইলেও, কোন ফল সিদ্ধ হইতে
পারে না ॥ ২২৭

মুমুক্শুত্বম্ ।

ব্রহ্মাত্মৈকত্ববিজ্ঞানাৎ যদ্বিদ্বান্ মোক্তু মিচ্ছতি ।

সংসারপাশবন্ধং তৎ মুমুক্শুত্বং নিগদ্যতে ॥ ২২৮

অনুবাদ । বিদ্বান্ (পণ্ডিত ব্যক্তি) ব্রহ্মাত্মৈকত্ববিজ্ঞানাৎ (জীব ও ব্রহ্ম
একই এই প্রকার জ্ঞানের সাহায্যে) সংসারপাশবন্ধং (সংসাররূপ রজ্জুদ্বারা
কৃত বন্ধনকে) মোক্তুং (ছেদন করিতে অর্থাৎ তাহা হইতে মুক্তিলাভ করিতে)
যৎ (যে) ইচ্ছতি (ইচ্ছা করেন), তৎ (তাহা) মুমুক্শুত্বং (মুমুক্শুত্ব এই শব্দের অর্থ
বলিয়া) নিগদ্যতে (কথিত হইয়া থাকে) ॥ ২২৮

অনুবাদ । “জীব ও ব্রহ্ম একই” এই প্রকার জ্ঞানের দ্বারা পণ্ডিত ব্যক্তি
সংসার-পাশ-বন্ধন হইতে মুক্তিলাভ করিবার যে ইচ্ছা করেন, তাহাকে মুমুক্শুত্ব
বলা যায় ॥ ২২৮

সাধনানাং তু সর্বেষাং মুমুক্শা মূলকারণং ।

অনিচ্ছোরপ্রবৃত্তশ্চ ক শ্রুতিঃ ক হু তৎফলম্ ॥ ২২৯

অনুবাদ । সর্বেষাং (সকল) সাধনানাং (সাধনের মধ্যে) তু [কিন্তু]
মুমুক্শা (মোক্শের ইচ্ছা) মূলকারণং (প্রধান কারণ) [বলিয়া পরিগণিত হইয়া
থাকে। কারণ] অনিচ্ছোঃ (ইচ্ছাহীন) অপ্রবৃত্তশ্চ (সুতরাং [মোক্শোপায়
সাধনে] অপ্রবৃত্ত ব্যক্তির পক্ষে) শ্রুতিঃ (বেদই বা) ক ? (কোথায় ?) তৎ
ফলং (তাহার ফলই বা) ক হু (কোথায় ?) ॥ ২২৯

অনুবাদ । সকল প্রকার সাধনের মধ্যে মোক্ষলাভ করিবার ইচ্ছাই প্রধান
কারণ; যাহার মোক্ষলাভে ইচ্ছা নাই, সুতরাং সাধনানুষ্ঠানে প্রবৃত্তি নাই,
সেই ব্যক্তির শ্রুতিই বা কোথায়? আর সেই শ্রুতিসিদ্ধ ফলই বা
কোথায়? ॥ ২২৯

তীব্র-মধ্যম-মন্দাতিমন্দ-ভেদাচ্চতুর্বিধা ।

মুমুক্ষা তৎপ্রকারোহপি কীর্ত্যতে শ্রয়তাং বুধৈঃ ॥ ২৩০

অর্থঃ । তীব্র-মধ্যম-মন্দাতিমন্দ-ভেদাৎ (তীব্র, মধ্যম, মন্দ, এবং অতিমন্দ ভেদে) মুমুক্ষা (মোক্ষের ইচ্ছা) চতুর্বিধা (চারি প্রকার) ; তৎপ্রকারোহপি (সেই চারিপ্রকার ভেদও) কীর্ত্যতে (কথিত হইতেছে), বুধৈঃ (পণ্ডিতগণ) শ্রয়তাং (শ্রবণ করুন) ॥ ২৩০

অনুবাদ । মুমুক্ষা (মোক্ষের ইচ্ছা) তীব্র, মধ্যম, মন্দ ও অতিমন্দ ভেদে চারি প্রকার ; সেই চারিপ্রকার ভেদও কথিত হইতেছে, পণ্ডিতগণ তাহা শ্রবণ করুন ॥ ২৩০

তাপৈস্ত্রিভিনিত্যমনেকরূপৈঃ

সন্তপ্যমানঃ ক্ষুভিতান্তরায়া ।

পরিগ্রহং সর্বমনর্থবুদ্ধ্যা

জহাতি সা তীব্রতরা মুমুক্ষা ॥ ২৩১

অর্থঃ । অনেকরূপৈঃ (অসংখ্যস্বরূপ) ত্রিভিঃ (ত্রিবিধ) তাপৈঃ (দুঃখ-সমূহের দ্বারা) নিত্যং (প্রতিদিন) সন্তপ্যমানঃ (পরিপীড়িত হইয়া) ক্ষুভিতান্তরায়া (নিতান্ত ব্যাকুলচিত্ত ব্যক্তি) অনর্থবুদ্ধ্যা (অনিষ্টকর এইপ্রকার বিবেচনাপূর্বক) সর্বং (সকল প্রকার) পরিগ্রহং (সংসর্গ) [যথা=যে ইচ্ছার বশে] জহাতি (পরিত্যাগ করিয়া থাকে), সা (সেই) মুমুক্ষা (মোক্ষের ইচ্ছা) তীব্রতরা (অতিশয় তীব্র) ॥ ২৩১

অনুবাদ । মূলতঃ আধ্যাত্মিক আধিতৌতিক এবং আধিদৈবিক ভেদে ত্রিবিধ হইলেও প্রকার-ভেদে অনেকরূপ দুঃখের দ্বারা সর্বদা নিপীড়িত ও ব্যাকুলচিত্ত হইয়া (সাধক) সকল প্রকার আসঙ্গকেই 'ইহা অনর্থকর' এই প্রকার বুদ্ধিতে যে ইচ্ছার বশে পরিত্যাগ করিয়া থাকে, সেই মুমুক্ষাই অতিশয় তীব্র ॥ ২৩১

তাপত্রয়ং তীব্রমবেক্ষ্য বস্তু

দৃষ্ট্বা কলত্রং তনয়ান্ বিহাতুম্ ।

মধ্যে দ্বয়োলোড়নমাত্মনো যৎ

সৈষা মতা মাধ্যমিকী মুমুক্ষা ॥ ২৩২

অর্থঃ । তীব্রং (ভয়ানক) তাপত্রয়ং (ত্রিবিধ দুঃখ) অবেষ্য (অনুভব করিয়া) বস্তু (বেদান্তাদির সাহায্যে পরম বস্তুটি) দৃষ্ট্বা (আপাততঃ বুঝিয়া) কলত্রং (পত্নী) তনয়ান্ (এবং পুত্রগণকে) বিহাতুং (পরিত্যাগ করিতে) দ্বয়োঃ (সংসার ও বৈরাগ্য এই দুইটির) মধ্যে [কোনটিকে আশ্রয় করিব

এইরূপে] আত্মনঃ (আত্মার) যৎ (যে) লোড়নং (সংশয়) এষা (এই) মা
(সেই) মাধামিকী (মধ্যম) মুমুক্ষা (মোক্ষের ইচ্ছা) মতা (স্বীকৃত হইয়া
থাকে) ॥ ২৩২

অনুবাদ । ভয়ঙ্কর ত্রিবিধ তাপ অনুভব করিয়া এবং কোন্ বস্তুটি পরমার্থ
সং তাহা জানিয়া, যদি কেহ (মুক্তির ইচ্ছা থাকিলেও) স্ত্রী এবং পুত্রগণকে
পরিত্যাগ করিতে সমুৎসুক হইয়া সংসার ও সংন্যাসাশ্রমের মধ্যে কোন্টিকে
অবলম্বন করিব—এইরূপে সংশয়দোলায় আরোহণ করিয়া থাকে, তাহা হইলে
তাহার যে মুমুক্ষা, তাহাই মধ্যম মুমুক্ষা বলিয়া পরিগণিত হয় ॥ ২৩২

মোক্ষশ্র কালোহস্তি কিমত্ব মে ত্বরা

ভুক্ত্বৈব ভোগান্ কৃতসর্বকার্যঃ ।

মুক্ত্যে যতিষ্যেহমথেতি বুদ্ধিঃ

এষেব মন্দা কথিতা মুমুক্ষা ॥ ২৩৩

অর্থ । মোক্ষশ্র (মোক্ষের) | সাধনমুষ্ঠাতুং—সাধন অনুষ্ঠান করিতে |
কালঃ (এখনও কাল) অস্তি (পড়িয়া রহিয়াছে) অদ্য (আজই) মে (আমার)
ত্বরা [সত্বরতায়] কিং (নিশ্চয়োজন), ভোগান্ (সকলপ্রকার ভোগ) ভুক্ত্বা
এব (আশ্বাদন করিয়াই) কৃতসর্বকার্যঃ (সকলপ্রকার কর্তব্য সম্পাদন
করিয়া) অথ (অনন্তর) অহং (আমি) মুক্ত্যে (মোক্ষের জন্ম) যতিষ্যে (যত্ন
করিব) এষা (এই) বুদ্ধিঃ এব (বুদ্ধিই) মন্দা (মন্দ) মুমুক্ষা (মোক্ষের ইচ্ছা
বলিয়া) কথিতা (নির্দিষ্ট হইয়া থাকে) ॥ ২৩৩

অনুবাদ । মোক্ষের জন্ম প্রস্তুত হইতে এখনও বথেষ্ট সময় পড়িয়া আছে,
মোক্ষলাভের জন্ম অথই আমার এইরূপ ত্বরা কেন ? আগে আমার যত প্রকার
কর্তব্য কার্য আছে, তাহা সম্পাদন করিয়া লই এবং ইচ্ছামত যত প্রকার পারা
যায়, ভোগ করিয়া লই, তাহার পর আমি মুক্তিলাভের জন্য চেষ্টা করিব—এই
প্রকার যে বুদ্ধি, তাহাকেই মন্দ মুমুক্ষা বলা যায় ॥ ২৩৩

মার্গে প্রয়াতুর্মণিলাভবন্মে

লভ্যেত মোক্ষো যদি নাম ধন্যঃ ।*

ইত্যাশয়া মূঢ়ধিয়াং মতি র্বা

সৈন্যতিমন্দাভিমতা মুমুক্ষা ॥ ২৩৪

অর্থ । প্রয়াতুঃ (চলিয়া যাইতে বাইতে কাহারও) মার্গে (পথে) মণি-
লাভবৎ (হঠাৎ ভাগ্যক্রমে মণি লাভের দ্বারা) মে (আমার) মোক্ষঃ (মোক্ষ)

* লভ্যেত মোক্ষো যদি তর্হি ধন্যঃ ইতি বা পাঠঃ ।

যদি (যদি) লভ্যেত (ভাগ্যবশতঃ লব্ধ হয় তাহা হইলে) ধন্যঃ (আমি ধন্য হইতে পারি), ইত্যাশয়া (এইপ্রকার আশায়) মূঢ়ধিয়াং (মূঢ়মতিগণের) যা (যে) মতিঃ (বুদ্ধি), সৈষা মুমুক্ষা (সেই এই মুমুক্ষাই) অতিমন্দা (অতিমন্দ বলিয়া) অভিমতা (বিবেচিত হইয়া থাকে) ॥ ২৩৪

অনুবাদ । যেমন কোন ব্যক্তি পথে চলিয়া যাইতেছে এমন সময় হঠাৎ সেই পথে একটি মণি রহিয়াছে দেখিতে পাইয়া সে তাহা কুড়াইয়া লয়, সেই-প্রকার আমি এই সংসারাম্রেরই কর্তব্য কর্ম করিয়া যাইতেছি—ভাগ্যবশতঃ যদি মোক্ষলাভ আমার হয়, তাহা হইলে আমি সেই মণিলাভকর্তা পাশ্চ ব্যক্তির আয় ধন হইতে পারিব, এই প্রকার আশার সহিত মূঢ়মতিগণের যে বুদ্ধি বিত্তমান থাকে, তাহাকেই অতিমন্দ মুমুক্ষা বলা যায় ॥ ২৩৪

জন্মানেকসহশ্ৰেষু তপসারাধিতেশ্বরঃ ।

তেন নিঃশেষ-নিধৃত-হৃদয়স্থিত-কল্মষঃ ॥ ২৩৫

অর্থ । জন্মানেকসহশ্ৰেষু (বহুসহস্র জন্ম ব্যাপিয়া) তপসা (তপস্যা দ্বারা) আরাধিতেশ্বরঃ (যে ব্যক্তি ঈশ্বরের আরাধনা করিয়া আসিতেছে) তেন (সেই ঈশ্বরারাধনার ফলে) নিঃশেষ-নিধৃত-হৃদয়স্থিত-কল্মষঃ (যাহার হৃদয়স্থিত সকলপ্রকার পাপই নিঃশেষভাবে বিনাশিত হইয়াছে) ॥ ২৩৫

অনুবাদ । বহু-সহস্র জন্ম-ব্যাপী কঠোর তপস্যা দ্বারা যে ব্যক্তি পরমেশ্বরের আরাধনা করিয়া আসিতেছে এবং সেই ঈশ্বরারাধনের প্রভাবে যাহার হৃদয়-স্থিত সকলপ্রকার পাপ সম্পূর্ণরূপে ক্ষয় প্রাপ্ত হইয়াছে ॥ ২৩৫

শাস্ত্রবিদগুণদোষজ্ঞো ভোগ্যমাত্রে বিনিম্পৃহঃ ।

নিত্যানিত্যপদার্থজ্ঞো মুক্তিকামো দৃঢ়ব্রতঃ ॥ ২৩৬

অর্থ । শাস্ত্রবিদ (যে শাস্ত্রজ্ঞ), গুণদোষজ্ঞঃ (গুণ ও দোষের বিবেক যাহার হইয়াছে), ভোগ্যমাত্রে (সকলপ্রকার ভোগ্য বস্তুতেই) বিনিম্পৃহঃ (যাহার স্পৃহা নিবৃত্ত হইয়াছে), নিত্যানিত্যপদার্থজ্ঞঃ (নিত্য এবং অনিত্য পদার্থের স্বরূপ যে বুঝিয়াছে), মুক্তিকামঃ (মুক্তির জন্য যাহার কামনার উদয় হইয়াছে), দৃঢ়ব্রতঃ (যাহার কার্য্য করিবার অধ্যবসায় নিষ্কম্প্য) ॥ ২৩৬

অনুবাদ । যাহার শাস্ত্রজ্ঞান আছে, গুণ ও দোষ কাহাকে বলে তাহা যে বুঝিয়াছে, সকল প্রকার ভোগ্য বস্তুতেই যাহার স্পৃহা নিবৃত্ত হইয়াছে, যে নিত্য এবং অনিত্য বস্তু কাহাকে বলে তাহা বেশ বুঝিয়াছে, যে মুক্তিকাম এবং যে অধ্যবসায় সহকারে কর্তব্য কর্ম করিয়া থাকে ॥ ২৩৬

নিষ্কণ্ঠমগ্নিনা পাত্রমুদ্ধৃত্য ত্বরয়া যথা ।

জহাতি গেহং তদ্বচ্চ তীব্রমোক্ষেচ্ছয়া দ্বিজঃ ॥ ২৩৭

অথ। অগ্নি (অগ্নিদ্বারা) নিষ্টপ্তং (অত্যন্ত তপ্ত) পাত্রং (পাত্রে), উদ্ধৃত্য (হস্তের দ্বারা উঠাইয়া) বথা (যেমন) ত্বরয়া (তাড়াতাড়ি) জহাতি (লোকে পরিত্যাগ করে), তদ্বৎ (সেইরূপ) তীব্রমোক্ষেচ্ছয়া (তীব্র মোক্ষেচ্ছাবশতঃ) দ্বিজঃ (যে ব্রাহ্মণ) গেহং (নিজের গৃহ) জহাতি (পরিত্যাগ করিয়া থাকে) ॥ ২৩৭

অনুবাদ। অগ্নি দ্বারা অতিশয় তপ্তপাত্র হাতে ধরিয়া লোকে যেমন তাড়াতাড়ি তাহা পরিত্যাগ করে, সেইরূপ তীব্র মোক্ষেচ্ছাবশতঃ সেই ব্রাহ্মণ তাড়াতাড়ি নিজের গৃহ পরিত্যাগ করিয়া থাকে ॥ ২৩৭

স এব সদ্যস্তরতি সংসৃতিং গুর্বনুগ্রহাৎ ।

যস্ত তীব্রমুমুক্ষুঃ স্মাৎ স জীবনৈব মুচ্যতে ॥ ২৩৮

অথ। স এব (তিনিই) গুর্বনুগ্রহাৎ (গুরুর কৃপায়) সদ্যঃ (অতি শীঘ্রই) সংসৃতিং (সংসারকে) তরতি (অতিক্রম করেন অর্থাৎ সংসারের পারে যাইতে পারেন) যস্ত (পরন্তু যে ব্যক্তি) তীব্রমুমুক্ষুঃ (তীব্র মোক্ষেচ্ছাসম্পন্ন) স্মাৎ (হন) সঃ (তিনি) জীবনৈব (বাঁচিয়া থাকিতে থাকিতেই) মুচ্যতে (মোক্ষলাভ করেন অর্থাৎ জীবনুক্ক হইয়া থাকেন) । ২৩৮

অনুবাদ। তিনিই গুরুর কৃপায় অতি শীঘ্র সংসারকে অতিক্রম করেন অর্থাৎ এই সংসার হইতে নিষ্কৃতি লাভ করেন। যাহার মোক্ষলাভের জন্য তীব্র অভিলাষ উৎপন্ন হইয়াছে, তিনি জীবদশাতেই মুক্তিলাভ করিতে সমর্থ ॥ ২৩৮

জন্মান্তরে মধ্যমস্ত তদন্যস্ত যুগান্তরে ।

চতুর্থঃ কল্পকোটিয়াং বা নৈব বন্ধাদ্বিমুচ্যতে ॥ ২৩৯

অথ। তু (পরন্তু) মধ্যমঃ (যাহার মুমুক্ষা মধ্যম সেই ব্যক্তি) জন্মান্তরে (পরজন্মে) [মুচ্যতে=মুক্তি লাভ করিতে পারেন], তদন্যস্ত (যাহার কিন্তু মুমুক্ষা মন্দ সেই ব্যক্তি) যুগান্তরে (যুগান্তর উপস্থিত হইলে) [মুচ্যতে=মুক্তিলাভ করিতে পারে], চতুর্থঃ (যাহার মুমুক্ষা অতিশয় মন্দ সেই ব্যক্তি) কল্পকোটিয়াং (কোটি কল্প অতীত হইয়া গেলে) বন্ধাৎ (সংসারবন্ধ হইতে) বিমুচ্যতে বা নৈব বা (মুক্তি লাভ করিতে পারে অথবা পারে না) ॥ ২৩৯

অনুবাদ। যাহার মুমুক্ষা মধ্যম, সেই ব্যক্তি পর জন্মে মোক্ষ লাভ করেন ; যাহার মুমুক্ষা মন্দ, সেই ব্যক্তি যুগান্তরে মোক্ষলাভ করিতে পারে ; কিন্তু যাহার মুমুক্ষা অতিশয় মন্দ, সেই ব্যক্তি কোটিকল্প অতীত হইবার পরও সংসারবন্ধন হইতে মুক্তিলাভ করিতে পারে কি না, তাহা সংশয়ের বিষয় ॥ ২৩৯

নৃজন্ম জন্তোরতিদূর্লভং বিদু-

স্ততোহপি পুংস্বং চ ততো বিবেকঃ ।

লক্ষ্য। তদেতৎ ত্রিতয়ং মহাত্মা

যতেত মুক্ত্যৈ সহসা বিরক্তঃ ॥ ২৪০

অর্থঃ । জন্তোঃ (প্রাণীর) নৃজন্ম (মনুষ্য হইয়া জন্ম গ্রহণ করা) অতি-
দুর্লভং (অত্যন্ত দুর্লভ বলিয়া) বিহুঃ (পণ্ডিতগণ বিবেচনা করেন) । ততঃ অপি
(সেই মনুষ্যজন্ম হইতেও) পুংস্বং (পুরুষ হওয়া) [অতিদুর্লভং=আরও দুর্লভ] ;
ততশ্চ (সেই পুরুষ হইয়া জন্মান অপেক্ষা) বিবেকঃ (সদসদ্ বিচার করিবার
সামর্থ্য) [অতিদুর্লভঃ=আরও দুর্লভতর] । তৎ (সেই) এতৎ (এই)
ত্রিতয়ং (তিনটি অতি দুর্লভ বস্তু) লক্ষ্য। (লাভ করিয়া) মহাত্মা (যে ব্যক্তি
মহাত্মা হইবেন, তিনি) সহসা (হঠাৎ) বিরক্তঃ (সংসারে বিরক্ত হইয়া)
মুক্ত্যৈ (মুক্তিলাভের জন্ত) যতেত (অবশ্য যত্ন করিবেন) ॥ ২৪০

অনুবাদ । (এই সংসারে) জীবের পক্ষে প্রথমতঃ মনুষ্যজন্মই অতি দুর্লভ ।
আবার পুরুষত্ব তদপেক্ষা আরও দুর্লভ ; সেই পুরুষত্ব অপেক্ষা সদসদ্বিবেক
আরও অত্যন্ত দুর্লভ, এই প্রকারই বিজ্ঞ ব্যক্তিগণ বিবেচনা করিয়া থাকেন ।
সুতরাং এই সেই অতি দুর্লভ তিনটি বস্তু (ভাগ্যক্রমে) প্রাপ্ত হইয়া মহাত্মা
ব্যক্তির কর্তব্য এই যে, তিনি যেন অকস্মাৎ সংসারে বিরক্ত হইয়া, মুক্তিলাভের
জন্ত প্রযত্ন করেন ॥ ২৪০

পুত্রমিত্রকলত্রাদিস্বখং জন্মনি জন্মনি ।

মর্ত্যত্বং পুরুষত্বং চ বিবেকশ্চ ন লভ্যতে ॥ ২৪১

অর্থঃ । জন্মনি জন্মনি (প্রত্যেক জন্মেই) পুত্র-মিত্র-কলত্রাদিস্বখং (পুত্র
মিত্র এবং কলত্র প্রভৃতির সহিত সমাগম-নিবন্ধন স্বখ) লভ্যতে (লক্ষ্য হইয়া
লাভ করা) ; মর্ত্যত্বং (মানুষ হওয়া) পুরুষত্বং (পুরুষ হওয়া) বিবেকশ্চ (এবং
সদসদ্বিবেক লাভ করা) [জন্মনি জন্মনি=প্রত্যেক জন্মে] ন লভ্যতে (লাভ
লাভ করা যায় না) ॥ ২৪১

অনুবাদ । প্রতি জন্মেই পুত্র মিত্র ও পত্নী প্রভৃতির সহিত সমাগম-জনিত
স্বখ লক্ষ্য হইয়া থাকে ; কিন্তু মানুষ হওয়া—পুরুষ হওয়া—এবং সদসদ্বিবেক
লাভ করা কখনই প্রত্যেক জন্মে সম্ভবপর হয় না ॥ ২৪১

লক্ষ্য। সুদুর্লভতরং নরজন্ম জন্তু-

স্তত্রাপি পৌরুষমতঃ সদসদ্বিবেকম্ ।

সংপ্রাপ্য চৈহিকসুখাভিরতো যদি স্মাৎ

ধিক্ তস্য জন্ম কুমতেঃ পুরুষাধমস্য ॥ ২৪২

অর্থঃ । অতঃ (অতএব) সুদুর্লভতরং (অতিশয় সুদুর্লভ) নরজন্ম (মনুষ্যজন্ম)
লক্ষ্য। (লাভ করিয়া) তত্রাপি (সেই মনুষ্যজন্মেও) পৌরুষং (পুরুষত্ব) সদ-

সদ্বিবেকং (এবং সদসদ্বিবেকও) সংপ্রাপ্য (লাভ করিয়া) জন্তুঃ (জীব) যদি (যদি) ঐহিকসুখাভিরতঃ (ঐহিক সুখেতেই আসক্ত) স্মাৎ (হইয়া পড়ে), [ততঃ=তাহা হইলে] তস্ম (সেই) কুমতেঃ (কুৎসিত-বুদ্ধি) পুরুষাধমশ্চ (পুরুষাধমের) জন্ম দিক্ (জন্মকেই দিক্ থাকুক) ॥ ২৪২

অনুবাদ । অতএব অতিশয় সুহৃৎ মনুষ্যজন্ম লাভ করিয়া এবং সেই জন্মে পুরুষকার ও সদসদ্বিবেক প্রাপ্ত হইয়াও, জীব যদি পার্থিব সুখভোগেই একান্ত নিরত হয়, তাহা হইলে সেই কুমতি পুরুষাধমের জন্মই দিক্ ॥ ২৪২

খাদতে মোদতে নিত্যং শুনকঃ শূকরঃ খরঃ ।

তেষামেষাং বিশেষঃ কো বৃত্তির্যেষাং তু তৈঃ সমা ॥২৪৩

অর্থ । শুনকঃ (কুকুর) শূকরঃ (শূকর) খরঃ (এবং গর্দভ) নিত্যং (প্রত্যহ) খাদতে (ভক্ষণ করে) মোদতে [চ] (এবং আনন্দানুভবও করিয়া থাকে) যেষাং (যে মনুষ্যগণের) বৃত্তিঃ (ব্যবহার) তৈঃ (সেই কুকুর প্রভৃতির সহিত) সমা (সমান) তেষাং (তাহাদের) এষাং (এই কুকুর প্রভৃতির) বিশেষঃ (বৈলক্ষণ্য) কঃ (কি আছে ?) [অর্থাৎ কোন বৈলক্ষণ্যই নাই, ইহাই তাৎপর্য্য] ॥ ২৪৩

অনুবাদ । কুকুর শূকর ও গর্দভ প্রভৃতিও আহার করে এবং আনন্দানুভবও করিয়া থাকে । তাহাদের বৃত্তি কুকুর প্রভৃতির সমান, তাহাদের এবং ঐ সকল কুকুর প্রভৃতির মধ্যে প্রভেদ কি ॥ ২৪৩

যাবন্নাশ্রয়তে রোগো যাবন্নাশ্রয়তে জরা । *

যাবন্ ধী বিপর্য্যেতি যাবন্মৃত্যুং ন পশ্যতি ॥ ২৪৪

তাবদেব নরঃ স্বস্থঃ সারগ্রহণ-তৎপরঃ ।

বিবেকী প্রযতেতাশু ভববন্ধবিমুক্তয়ে ॥ : ২৪৫

অর্থ । যাবৎ (যে পর্য্যন্ত) রোগঃ (ব্যাদি) [শরীরকে] ন আশ্রয়তে (আশ্রয় না করিতেছে) যাবৎ (যে পর্য্যন্ত) জরা (বার্দ্ধক্য) ন আশ্রয়তে (আশ্রয় না করিতেছে), যাবৎ (যে পর্য্যন্ত) ধীঃ (বুদ্ধি) ন বিপর্য্যেতি (বিপরীত না হইতেছে), যাবৎ (যে পর্য্যন্ত) মৃত্যুং (মরণকে) ন পশ্যতি (দেখিতে পায় না), তাবদেব (সেই কালের মধ্যেই) সারগ্রহণতৎপরঃ (সারসংগ্রহনিরত) স্বস্থঃ (প্রকৃতিস্থ) বিবেকী (সদসদ্বস্তবিষয়ে বিবেকসম্পন্ন হইয়া) নরঃ (মনুষ্য) ভববন্ধবিমুক্তয়ে (সংসারবন্ধন হইতে মুক্তি লাভ করিবার জন্ত) আশু (শীঘ্র) প্রযতেত (প্রযত্ন করিবে) ॥ ২৪৪—২৪৫

অনুবাদ । যে পর্য্যন্ত ব্যাদি শরীরকে আশ্রয় না করে, যে পর্য্যন্ত বার্দ্ধক্য শরীরকে অবলম্বন না করে, যে পর্য্যন্ত বুদ্ধির বিপর্যয় না ঘটে, এবং যে পর্য্যন্ত

* যাবন্নাক্রমতে জরা ইতি বা পাঠঃ ।

মৃত্যু সম্মুখে উপস্থিত—ইহা দেখিতে না পায়, তাহার পূর্বেই সারগ্রাহী সূস্থ মানব বিবেকসম্পন্ন হইয়া সংসারবন্ধন হইতে মুক্তি পাইবার জন্ত শীঘ্র প্রযত্ন করিবে ॥ ২৪৪—২৪৫

দেবর্ষিপিতৃমর্ত্যর্গবন্ধমুক্তাস্তু কোটিশঃ ।

ভববন্ধবিমুক্তস্ত যঃ কশ্চিদ্ ব্রহ্মবিত্তমঃ ॥ ২৪৬

অনয় । কোটিশঃ (কোটি কোটি ব্যক্তি) দেবর্ষিপিতৃমর্ত্যর্গবন্ধমুক্তাঃ (দেব-ঋণ, ঋষি-ঋণ, পিতৃ-ঋণ ও মনুষ্য ঋণ রূপ বন্ধন হইতে মুক্ত) [ভবন্তি=হইয়া থাকে], তু (কিন্তু) যঃ কশ্চিদ্ (যে কোন একজন) ব্রহ্মবিত্তমঃ (ব্রহ্মবিদগণের মধ্যে উৎকৃষ্ট ব্যক্তিই) ভববন্ধবিমুক্তঃ (সংসাররূপ বন্ধন হইতে মুক্ত) [ভবতি=হইয়া থাকেন] ॥ ২৪৬

অনুবাদ । দেব-ঋণ, ঋষি-ঋণ, পিতৃ-ঋণ ও মনুষ্য-ঋণ হইতে কোটি কোটি ব্যক্তি মুক্তিলাভ করিতেছে কিন্তু ব্রহ্মবিদগণের অগ্রণী কোন এক ব্যক্তিই [কদাচিত্] ভববন্ধন হইতে মুক্তিলাভ করিতে সমর্থ হইয়া থাকেন ॥ ২৪৬

বিশদ ব্যাখ্যা । স্মৃতিশাস্ত্রে এইরূপ লিখিত আছে—মনুষ্য কতকগুলি ঋণের সহিতই জন্ম গ্রহণ করিয়া থাকে । ঐ সকল ঋণের মধ্যে দেবঋণ হইতে মুক্তি লাভ করিতে হইলে, যাগ হোম পূজা প্রভৃতি কার্য্য অবশ্য কর্তব্য । প্রতিদিন বেদাধ্যয়ন ও বিদ্যার্থীগণকে বেদ পাঠ করান—এই প্রকার অধ্যয়ন ও অধ্যাপনাদি দ্বারা ঋষিঋণ হইতে গৃহস্থ মুক্তি লাভ করিয়া থাকে । সন্তানোৎপাদন দ্বারা পিতৃ-ঋণ হইতে মুক্তিলাভ করিতে পারা যায় ; এবং অতিথি-সেবা দ্বারা মনুষ্যঋণ হইতে মুক্তিলাভ করিতে পারা যায়, এই ভাবে গার্হস্থ্য-বিহিত কর্ম্মের সাহায্যে পূর্বোক্ত কয়টি ঋণ হইতে কোটি কোটি মনুষ্য প্রত্যহই মুক্তি লাভ করিতেছে—ইহা প্রায়ই দেখিতে পাওয়া যায় । কিন্তু পরব্রহ্মের সাক্ষাৎকার দ্বারা সংসারবন্ধ হইতে একেবারে মুক্তিলাভ করিতেছেন, এইরূপ মহাত্মাকে কদাচিত্ই দেখিতে পাওয়া যায় ॥ ২৪৬

অন্তর্বন্ধেন বন্ধস্য কিং বহির্বন্ধমোচনৈঃ ।

তদন্তর্বন্ধমুক্ত্যর্থং ক্রিয়তাং কৃতিভিঃ কৃতিঃ ॥ ২৪৭

অনয় । অন্তর্বন্ধেন (আভ্যন্তরীণ বন্ধনের দ্বারা) বন্ধস্য (বন্ধ ব্যক্তির) বহির্বন্ধমোচনৈঃ (বাহিরের বন্ধন মোচনের দ্বারা) কিং (প্রয়োজন কি সিদ্ধ হইতে পারে ?) তৎ (সেই নিমিত্ত) কৃতিভিঃ (কুশল ব্যক্তিগণ) অন্তর্বন্ধমুক্ত্যর্থং (আন্তর বন্ধ হইতে মুক্তির জন্ত) কৃতিঃ (প্রযত্ন) ক্রিয়তাম্ (করুন) ॥ ২৪৭

অনুবাদ । অভ্যন্তরের বন্ধনের দ্বারা যে সর্বদা বন্ধ তাহার পূর্বোক্ত কয়টি বাহ্যবন্ধন হইতে মোচন দ্বারা কি ফল হইতে পারে? সেইজন্ত অভ্যন্তরের সেই বন্ধন হইতে মুক্তিলাভ করিবার জন্ত সমর্থ ব্যক্তিগণ প্রযত্ন করুন ॥ ২৪৭

কৃতিপর্য্যবসানৈব মতা তীত্রমুমুকুতা ।

অন্যা তু রঞ্জনামাত্রা যত্র নো দৃশ্যতে কৃতিঃ ॥ ২৪৮

অর্থঃ । তীত্রমুমুকুতা (মোক্ষলাভের জন্তু তীত্র ইচ্ছা) কৃতিপর্য্যবসানা (মোক্ষলাভের জন্য প্রযত্নেই পরিণত হয়) মতা (ইহাই পণ্ডিতগণের সম্মত) ; যত্র (যে মুমুকুতায়) কৃতিঃ (মোক্ষলাভের জন্য প্রযত্ন) ন দৃশ্যতে (দেখিতে পাওয়া যায় না), [সা] (সেই) [মুমুকুতা=মোক্ষের ইচ্ছা] অন্যা (অত্র অর্থাৎ তীত্র নহে) তু (কিন্তু) রঞ্জনামাত্রা (সামান্য অনুরাগ মাত্র) ॥ ২৪৮

অনুবাদ । যে মোক্ষেচ্ছা কার্য্যে পর্য্যবসিত হয় অর্থাৎ মোক্ষলাভার্থ প্রযত্নে পরিণত হয়, তাহাকেই তীত্র মুমুকুতা বলিয়া স্বীকার করা যায় । আর যে মোক্ষেচ্ছার কার্য্য অর্থাৎ মোক্ষলাভের জন্তু প্রযত্ন দৃষ্ট হয় না—অর্থাৎ ইচ্ছা থাকিলেও মোক্ষলাভার্থ প্রযত্ন দেখিতে পাওয়া যায় না, তাদৃশ মোক্ষেচ্ছা তীত্র মুমুকুতা নহে ; তাহা মোক্ষের জন্তু সামান্য অনুরাগমাত্র ॥ ২৪৮

গেহাদি সর্বমপহায় লঘুত্ববুদ্ধ্যা

সৌখ্যেচ্ছয়া স্বপতিনানলমাবিবিক্ষোঃ ।

কান্তাজনস্য নিয়তা স্তদৃঢ়া ত্বরা বা

সৈষা ফলান্তগমনে করণং মুমুক্শোঃ ॥ ২৪৯

অর্থঃ । লঘুত্ববুদ্ধ্যা (কিছুই নহে, নিতান্ত তুচ্ছ—এই প্রকার বুদ্ধির দ্বারা) গেহাদি (গৃহ প্রভৃতি) সর্বং (সকল ঐহিকভোগ্যবস্তু) অপহায় (পরিত্যাগ-পূর্ব্বক) স্বপতিনা (নিজ কান্তের সহিত) সৌখ্যেচ্ছয়া (পরলোকে সুখ ভোগ করিবার ইচ্ছায়) অনলম্ (অগ্নির মধ্যে) আবিবিক্ষোঃ (প্রবেশ করিতে অভিলাষিনী) কান্তাজনশ্চ (পতিব্রতা নারীর) বা (যে) নিয়তা (নিয়ত) স্তদৃঢ়া (অতি দৃঢ়) ত্বরা (সত্বরতা) সা এষা (সেই এই) মুমুক্শোঃ (মোক্ষার্থীর) [ত্বরা=সত্বরতা] ফলান্তগমনে (মোক্ষরূপ শেষ ফল পাওয়ার পক্ষে) করণং (হেতু) [ভবতি=হইয়া থাকে] ॥ ২৪৯

অনুবাদ । তুচ্ছ—এই প্রকার বিবেচনা করিয়া গৃহ প্রভৃতি সর্বপ্রকার ভোগ্যবস্তু পরিত্যাগপূর্ব্বক পতিব্রতা রমণী পরলোকে পতির সহিত সমাগম-জনিত সুখভোগের অভিলাষে অগ্নিতে প্রবেশ করিবার জন্তু যে প্রকার স্তদৃঢ় এবং নিয়ত (অপরিহার্য্য) সত্বরতা অবলম্বন করেন, মোক্ষলাভের জন্তু মুমুকু ব্যক্তির সেই প্রকার স্তদৃঢ় এবং নিয়ত ত্বরাই তাহার চরম ফল অর্থাৎ মোক্ষ-লাভের প্রতি কারণ হইয়া থাকে ॥ ২৪৯

নিত্যানিত্যবিবেকশ্চ দেহক্ষণিকতামতিঃ ।

মৃত্যো ভীতিশ্চ ত পশ্চ মুমুক্শাবুদ্ধিকারণম্ ॥ ২৫০

অন্বয় । নিত্যানিত্যবিবেকঃ (কোন্ বস্তু নিত্য এবং কোন্ বস্তু অনিত্য, তাহার জ্ঞান) দেহক্ষণিকতামতিঃ (এই দেহ ক্ষণভঙ্গুর এই প্রকার নিশ্চয়) মৃত্যোঃ (মরণ হইতে) ভীতিঃ (ভয়) তাপশ্চ (এবং সাংসারিক ত্রিবিধ দুঃখ) মুমুক্ষাবুদ্ধিকারণং (মোক্ষাভিলাষ বুদ্ধির কারণ) [ভবতি=হইয়া থাকে] ॥ ২৫০

অনুবাদ । ব্রহ্মই নিত্য এবং তদ্ব্যতিরিক্ত আর সকলই অনিত্য—এই প্রকার বিবেকজ্ঞান, দেহের ক্ষণভঙ্গুরত্ব নিশ্চয়, মরণ হইতে ভীতি এবং [আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক এই] ত্রিবিধ সাংসারিক তাপ এই কয়টি মিলিত হইয়া, মোক্ষ বিষয়ে অভিলাষকে আরও বাড়াইয়া থাকে ॥ ২৫০

শিরো বিবেকস্তৃত্যন্তং বৈরাগ্যং বপুরুচ্যতে ।

শমাদয়ঃ ষড়ঙ্গানি মোক্ষেচ্ছা প্রাণ উচ্যতে ॥ ২৫১

অন্বয় । বিবেকঃ (নিত্যানিত্যবস্তুর স্বরূপ-নির্ণয়) শিরঃ (মস্তকস্বরূপ) অত্যন্তং (অতিশয়) বৈরাগ্যং (বিরক্তি) বপুঃ (শরীর-স্বরূপ) উচ্যতে (উক্ত হইয়া থাকে) ; শমাদয়ঃ (শম ও দম প্রভৃতি) ষট্ (ছয়টি) অঙ্গানি (হস্তপদাদি অঙ্গ) [এবং] মোক্ষেচ্ছা (মুক্তিলাভের ইচ্ছাই) প্রাণঃ (প্রাণ বলিয়া) উচ্যতে (কথিত হইয়া থাকে) ॥ ২৫১

অনুবাদ । নিত্যানিত্য বস্তুর বিবেকই মস্তকরূপে নির্দিষ্ট হইয়া থাকে, তীব্র বৈরাগ্যই শরীর বলিয়া নির্দিষ্ট হয়, শম দম প্রভৃতি ছয়টি সাধন হস্তপদাদি অঙ্গ বলিয়া কথিত হয় এবং মোক্ষলাভের জন্ত ইচ্ছাই প্রাণ বলিয়া উক্ত হইয়া থাকে ॥ ২৫১

ঐদৃশাঙ্গসমাযুক্তো জিজ্ঞাসু যুক্তিকোবিদঃ ।

শূরো মৃত্যুং নিহন্ত্যেব সম্যক্ জ্ঞানাসিনা ধ্রুবম্ ॥ ২৫২

অন্বয় । ঐদৃশাঙ্গসমাযুক্তঃ (এই প্রকার অঙ্গযুক্ত) জিজ্ঞাসুঃ (তত্ত্বজ্ঞানার্থী) যুক্তিকোবিদঃ (তর্কের স্বরূপ জ্ঞাতা) শূরঃ (নির্ভীক ব্যক্তিই) সম্যক্ (যথার্থ) জ্ঞানাসিনা (জ্ঞানরূপ খড়্গের দ্বারা) মৃত্যুং (মরণকে) নিহন্তি এব (বিনষ্ট করিতে সমর্থ হইয়া থাকে) ধ্রুবম্ (ইহা স্থির) ॥ ২৫২

অনুবাদ । যাহার এই প্রকার অঙ্গ সিদ্ধ হইয়াছে, যে তত্ত্বজ্ঞানার্থী—কোনটি সদ্যুক্তি এবং কোনটিই বা অসদ্যুক্তি ইহা যে ভাল করিয়া বুঝিয়াছে,—সেই ভয়শূন্য ব্যক্তি তত্ত্বজ্ঞানরূপ অসির দ্বারা অজ্ঞানরূপ মৃত্যুর উচ্ছেদ করিতে নিশ্চয়ই সমর্থ হইয়া থাকে ॥ ২৫২

উক্তসাধনসম্পন্নো জিজ্ঞাসুর্ঘতিরাত্ননঃ ।

জিজ্ঞাসায়ৈ গুরুং গচ্ছেৎ সমিৎপাণিনয়োজ্জলঃ ॥ ২৫৩

অন্বয় । উক্তসাধনসম্পন্নঃ (পূর্বোক্ত সাধনগুলি যাহার সিদ্ধ হইয়াছে, সেই) আত্মনঃ (আত্মার) জিজ্ঞাসুঃ (তত্ত্বজ্ঞানার্থী) যতিঃ (সন্ন্যাসী) সমিৎ-

পাণিঃ (গুরুর জগ্ৰ উপহারার্থ অন্ততঃ কিছু কাষ্ঠ হস্তে গ্রহণ করিয়া) নয়োজ্জলঃ (এবং বিনয় দ্বারা উদ্ভাসিত-শরীর হইয়া) জিজ্ঞাসায়ৈ (আত্মার স্বরূপ কি তাহা জানিবার ইচ্ছায়) গুরুং (গুরুর নিকটে) গচ্ছেৎ (গমন করিবে) ॥ ২৫৩

অনুবাদ । পূর্বে যে সকল শম দমাদি সাধন উক্ত হইয়াছে তাহা আয়ত্ত হইবার পরে আত্মার তত্ত্ব কিরূপ তাহা জানিবার জগ্ৰ যাহার অভিলাষ হইয়াছে সেই সন্ন্যাসী উপহারার্থ অন্ততঃ কিছু কাষ্ঠ হস্তে গ্রহণ পূর্বক বিনয়ের দ্বারা সমুদ্ভাসিত-শরীর হইয়া ব্রহ্মতত্ত্ব জানিবার জগ্ৰ গুরুর নিকট উপস্থিত হইবে ॥ ২৫৩

শ্রোত্রিয়ো ব্রহ্মনিষ্ঠো যঃ প্রশান্তঃ সমদর্শনঃ ।

নির্মমো নিরহঙ্কারঃ নির্দ্বন্দ্বঃ নিস্পরিগ্রহঃ ॥ ২৫৪

অন্বয় । যঃ (যে ব্যক্তি) শ্রোত্রিয়ঃ ([যিনি গুরুকূলে বাস করিয়া সাক্ষ বেদের অধ্যয়ন শেষ করিয়াছেন, তাহারই নাম] শ্রোত্রিয়) ব্রহ্মনিষ্ঠঃ (ব্রহ্মধ্যান-নিরত) প্রশান্তঃ (শান্তস্বভাব) সমদর্শনঃ (সর্বভূতে সমদৃষ্টি-সম্পন্ন) নির্মমঃ (মমতাহীন) নিরহঙ্কারঃ (অভিমানবর্জিত) নির্দ্বন্দ্বঃ (শীতাতপ প্রভৃতি দ্বন্দ্ব-সহিষ্ণু) নিস্পরিগ্রহঃ (আসক্তিহীন) ॥ ২৫৪

অনুবাদ । যিনি [গুরুকূলে অবস্থানপূর্বক] সাক্ষ বেদশাস্ত্র অধ্যয়ন করিয়াছেন, সর্বদা ব্রহ্মচিন্তা-নিরত, প্রশান্তচেতাঃ, সর্বভূতে সমদৃষ্টি-সম্পন্ন, মমতাহীন এবং অভিমানশূন্য, শীতাতপ প্রভৃতি দ্বন্দ্ব-সহিষ্ণু এবং সংসারে অনাসক্ত ॥ ২৫৪

অনপেক্ষঃ শুচিদক্ষঃ করুণামৃতসাগরঃ ।

এবংলক্ষণসম্পন্নঃ স গুরু ব্রহ্মবিত্তমঃ ॥

উপাসাদ্যঃ প্রযত্নেন জিজ্ঞাসোঃ সাধ্যসিদ্ধয়ে ॥ ২৫৫ *

অন্বয় । অনপেক্ষঃ (অপেক্ষাহীন) শুচিঃ [বাহু এবং আভ্যন্তর শৌচ-বিশিষ্ট) দক্ষঃ (কুশল) করুণামৃতসাগরঃ (দয়াক্রম অমৃতের সাগর) [যঃ=যিনি] এবংলক্ষণসম্পন্নঃ (ঈদৃশ লক্ষণযুক্ত) ব্রহ্মবিত্তমঃ (ব্রহ্মবিদগণের মধ্যে শ্রেষ্ঠ) গুরুঃ (গুরু) সঃ (তিনিই) জিজ্ঞাসোঃ (তত্ত্বজ্ঞানার্থীর) সাধ্যসিদ্ধয়ে (ইষ্ট-লাভের জগ্ৰ) প্রযত্নেন (যত্নের সহিত) উপাসাদ্যঃ (আশ্রয়ণীয়) ॥ ২৫৫

অনুবাদ । যিনি কাহারও অপেক্ষা করেন না, যিনি বাহু ও আভ্যন্তর এই দ্বিবিধ শৌচ-সম্পন্ন, যিনি উপদেশদানে কুশল, যিনি সাতিশয় দয়ালু এবং যিনি ব্রহ্মবিদগণের মধ্যে শ্রেষ্ঠ, তিনিই গুরু হইয়া থাকেন। তত্ত্বজ্ঞানার্থী নিজের অভীষ্ট-সিদ্ধির জগ্ৰ এই প্রকার লক্ষণসম্পন্ন গুরুকে প্রযত্নের সহিত আশ্রয় করিবে ॥ ২৫৫

জন্মানেকশতৈঃ সদাদরযুক্তা ভক্ত্যা সমারাধিতো

ভক্তৈ বৈদিকলক্ষণেন বিধিনা সন্তুষ্ট ঈশঃ স্বয়ম্ ।

সাক্ষাৎ শ্রীগুরুরূপমেত্য রূপয়া দৃগ্গোচরঃ সন্ প্রভুঃ

তত্ত্বং সাধু বিবোধ্য তারয়তি তান্ সংসার-দুঃখার্ণবাৎ ॥২৫৬

অর্থঃ । জন্মানেকশতৈঃ (বহুশত পূর্ববর্তী জন্মে) ভক্তৈঃ (ভক্তগণ কর্তৃক) সদাদরযুক্তা (সর্বদা আদরযুক্ত) ভক্ত্যা (ভক্তির দ্বারা) বৈদিক-লক্ষণেন (বেদবিহিত) বিধিনা (বিধান দ্বারা) সমারাধিতঃ (উপাসিত) প্রভুঃ ঈশঃ (প্রভু পরমেশ্বর) সন্তুষ্টঃ (সম্যকপ্রকারে তুষ্ট হইয়া) সাক্ষাৎ (প্রত্যক্ষ-ভাবে) শ্রীগুরুরূপং (শ্রীগুরুর মূর্তি) এত্য (ধারণপূর্বক) [ভক্তানাং=ভক্ত-গণের] দৃগ্গোচরঃ সন্ (নয়নের গোচর হইয়া) রূপয়া (করুণার বশে) তত্ত্বং (পরমাত্মার স্বরূপ) সাধু (সম্যগ্রূপে) বিবোধ্য (বুঝাইয়া দিয়া) তান্ (সেই ভক্তগণকে) সংসার-দুঃখার্ণবাৎ (সংসাররূপ দুঃখময় সমুদ্র হইতে) তারয়তি (পার করিয়া দেন) ॥ ২৫৬

অনুবাদ । ভক্তগণ বহুশত জন্ম ব্যাপিয়া সদাদরযুক্ত ভক্তি এবং শাস্ত্রবিহিত কর্মানুষ্ঠানের দ্বারা ভগবান্কে আরাধনা করিয়া থাকেন—ভগবান্ ভক্তগণের সেই আরাধনায় সন্তুষ্ট হইয়া, সাক্ষাৎ শ্রীগুরু-মূর্তি ধারণ করেন এবং ভক্তগণের সম্মুখে উপস্থিত হইয়া, দেখা দিয়া থাকেন । সেই গুরুরূপধারী পরমেশ্বরই রূপাপূর্বক তত্ত্ববস্তুর উপদেশ সম্যগ্ভাবে প্রদান করিয়া, ভক্তগণকে সংসার-রূপ দুঃখময় সাগর হইতে উদ্ধার করিয়া থাকেন ॥ ২৫৬

অবিদ্যাহৃদয়গ্রন্থিবন্ধমোক্ষো ভবেদ্ যতঃ । *

তমেব গুরুরিত্যাছঃ গুরুশকার্থবেদিনঃ ॥ ২৫৭

অর্থঃ । গুরুশকার্থবেদিনঃ (গুরু এই শব্দের প্রকৃত অর্থবিদগণ) অবিদ্যাহৃদয়গ্রন্থিবন্ধমোক্ষঃ (অজ্ঞানরূপ যে হৃদয়ের গ্রন্থি, তাহা দ্বারা যে সংসারে বন্ধন, তাহা হইতে মুক্তি) যতঃ (যাহা দ্বারা) ভবেৎ (হইয়া থাকে), তমেব (তাঁহাকেই) গুরুরিতি আছঃ (গুরু বলিয়া নির্দেশ করেন) ॥ ২৫৭

অনুবাদ । গুরু এই শব্দের অর্থ যাহারা জানেন, “তাঁহারা বলেন যে, যাহার সাহায্যে হৃদয়ের অবিদ্যারূপ গ্রন্থিদ্বারা বিরচিত এই সংসার-বন্ধন হইতে মুক্তি লাভ করিতে পারা যায়, তিনিই গুরু” ॥ ২৫৭

শিব এব গুরুঃ সাক্ষাদ্ গুরুরেব শিবঃ স্বয়ম্ ।

উভয়োরন্তরং কিঞ্চিৎ ন দ্রষ্টব্যং মুমুক্শুভিঃ ॥ ২৫৮

অর্থঃ । সাক্ষাৎ শিবঃ এব (সাক্ষাৎ ঈশ্বরই) গুরুঃ (গুরু হইয়া থাকেন)

* বিমোক্ষোহপি ভবেদ্যতঃ—ইতি বা পাঠঃ ।

গুরুবেব (এবং গুরুই) স্বয়ং শিবঃ (স্বয়ং ঈশ্বরস্বরূপ) । মুমুকুভিঃ (মোক্ষ-
কামী ব্যক্তিগণ) তয়োঃ (সেই ঈশ্বর এবং গুরুর মধ্যে) কিঞ্চিৎ (কোন প্রকার)
অন্তরং (পার্থক্য) ন দ্রষ্টব্যং (যেন না দেখেন) ॥ ২৫৮

অনুবাদ । সাক্ষাৎ শিবই গুরু এবং গুরুই সাক্ষাৎ শিব । গুরু এবং শিবের
মধ্যে কোন প্রকার পার্থক্য আছে—এই বোধ যেন কখনও মুমুকুগণের [হৃদয়ে]
উৎপন্ন না হয় ॥ ২৫৮

বন্ধমুক্তং বন্ধনিষ্ঠং কৃতকৃত্যং ভজেদগুরুম্ ।

যস্য প্রসাদাৎ সংসার-সাগরো গোপ্পদায়তে ॥ ২৫৯

অর্থ । যস্ত (যাহার) প্রসাদাৎ (অনুগ্রহে) সংসার-সাগরঃ (এই সংসার-
রূপ সমুদ্র) গোপ্পদায়তে (গোপ্পদের ত্রায় প্রতীত হয়) তং (সেই) বন্ধনিষ্ঠং
(বন্ধসংলগ্ন) বন্ধমুক্তং (সংসার-বন্ধন হইতে মুক্ত) কৃতকৃত্যং (অতএব চরিতার্থ)
গুরুম্ (গুরুকে) ভজেৎ (ভজনা করিবে) ॥ ২৫৯

অনুবাদ । যাহার অনুগ্রহে এই সংসার-রূপ সমুদ্র গোপ্পদ সদৃশ হইয়া যায়,
সেই সংসারবন্ধন হইতে মুক্ত, বন্ধনিষ্ঠ এবং তত্ত্বজ্ঞান লাভে চরিতার্থ গুরুকে
ভজনা করিবে ॥ ২৫৯

শুশ্রবয়া সদা ভক্ত্যা প্রণামৈর্বিনয়োক্তিভিঃ ।

প্রসন্নং গুরুমাসাদ্য প্রকৃত্যং জেয়মান্ননঃ ॥ ২৬০

অর্থ । শুশ্রবয়া (পরিচর্যা দ্বারা) সদা (সর্বদা) ভক্ত্যা (ভক্তির দ্বারা)
প্রণামৈঃ (নমস্কার দ্বারা) বিনয়োক্তিভিঃ (এবং বিনয়পূর্ণ বাক্য প্রয়োগ দ্বারা)
প্রসন্নং (সন্তুষ্ট) গুরুম্ (গুরুকে) আসাদ্য (প্রাপ্ত হইয়া) আন্ননঃ (নিজের)
জেয়ং (জাতব্য বিষয়) প্রকৃত্যম্ (জিজ্ঞাসা করিবে) ॥ ২৬০

অনুবাদ । পরিচর্যা, সর্বদা ভক্তি, প্রণাম ও বিনয়পূর্ণ বাক্য দ্বারা প্রসন্ন
গুরুকে প্রাপ্ত হইয়া, নিজের জাতব্য বিষয়ে প্রশ্ন করিবে ॥ ২৬০

ভগবন্ করুণাসিক্তো ভবমিক্তো ভবাংস্বরিঃ ।

যমাশ্রিত্যাশ্রমেণৈব পরং পারং গতা বুধাঃ ॥ ২৬১

অর্থ । [কি প্রকারে প্রশ্ন করিতে হইবে, তাহাই দেখান হইতেছে]
ভগবন্ (হে ভগবন্ !) করুণাসিক্তো ! (রূপাসাগর !) ভবান (আপনি) ভব-
সিক্তোঃ (সংসাররূপ সমুদ্রের) তরিঃ (নৌকাস্বরূপ) বুধাঃ (পণ্ডিতগণ) যং
(যে আপনাকে) আশ্রিত্য (আশ্রয় করিয়া) অশ্রমেণৈব (বিনা আয়াসেই)
পরং পারং (সংসার-সমুদ্রের পরপারে) গতাঃ (চলিয়া গিয়াছেন) [অর্থাৎ
মুক্ত হইয়াছেন] ॥ ২৬১

অনুবাদ । হে ভগবন্ ! হে রূপাসিক্তো ! এই সংসাররূপ সমুদ্রে আপনিই

আমার পক্ষে নৌকাস্বরূপ অবলম্বন । আপনাকে অবলম্বন করিয়া বহু পণ্ডিত
অন্যাসে এই সংসার-সাগরের পর পারে যাইতে সমর্থ হইয়াছেন ॥ ২৬১

জন্মান্তর-কৃতানন্তপুণ্যকর্ম-ফলোদয়ঃ ।

অদ্য সন্নিহিতো যস্মাৎ ত্বৎকৃপাপাত্রমস্ম্যাহম্ ॥ ২৬২

অর্থ । অদ্য (আজ) জন্মান্তর-কৃতানন্তপুণ্যকর্ম-ফলোদয়ঃ (আমার পূর্ব
জন্মান্তরে যে অনন্ত পুণ্যকর্মের অনুষ্ঠান হইয়াছিল, তাহারই ফলসমূহের অভ্যুদয়)
সন্নিহিতঃ (উপস্থিত হইয়াছে) ; যস্মাৎ (যেহেতু) অহং (আমি) ত্বৎকৃপাপাত্রং
(আপনার অনুগ্রহপাত্র) অস্মি (হইতে পারিয়াছি) ॥ ২৬২

অনুবাদ । জন্মান্তরে আমি যে অনন্ত পুণ্যকর্মের অনুষ্ঠান করিয়াছি, অদ্য
সেই সকল পুণ্যকর্মের ফলোদয় উপস্থিত হইয়াছে ; যেহেতু আমি আপনার
অনুগ্রহের পাত্র হইতে পারিয়াছি ॥ ২৬২

সম্প্রীতিমঙ্গোর্বদনপ্রসাদ-

মানন্দমন্তঃকরণস্য সদ্যঃ ।

বিলোকনং ব্রহ্মবিদস্তনোতি

ছিনত্তি মোহং স্মৃগতিং ব্যনক্তি ॥ ২৬৩

অর্থ । ব্রহ্মবিদঃ (ব্রহ্মজ্ঞ পুরুষের) বিলোকনং (দর্শন [লাভ]) অঙ্কোঃ
(নয়নদ্বয়ের) সম্প্রীতিং (সম্প্রীতিকে) তনোতি (বিস্তার করিয়া থাকে)
বদনপ্রসাদং (মুখমণ্ডলের প্রসন্নভাব) [তনোতি=বিস্তার করে] ; সদ্যঃ (দর্শন
মাত্রই) অন্তঃকরণশ্চ (হৃদয়ের) আনন্দং (সুখও) [তনোতি=বাড়াইয়া
থাকে] ; মোহং (মোহকে) ছিনত্তি (ছিন্ন করিয়া থাকে) স্মৃগতিং (ভবিষ্যতে
যে স্মৃগতি হইবে, তাহাও) ব্যনক্তি (স্মৃচনা করিয়া থাকে) ॥ ২৬৩

অনুবাদ । [আপনার জ্ঞায়] ব্রহ্মবিৎ পুরুষের দর্শন নয়নদ্বয়ের সম্প্রীতি
বিস্তার করে, মুখমণ্ডলে প্রসন্নতা আনয়ন করে এবং সদ্যঃ হৃদয়ে আনন্দ বিস্তার
করে, মোহকে বিধ্বস্ত করে এবং ভবিষ্যতে যে উৎকৃষ্ট গতি হইবে, তাহারও
স্মৃচনা করিয়া থাকে ॥ ২৬৩

ছতশনানাং শশিনামিনানা-

মপ্যর্ক্বুদং বাপি ন যম্মিহন্তুম্ ।

শক্ৰোতি তদধ্বান্তমনন্তমান্তরং

হন্ত্যাভবেভা সক্রদীক্ষণেন ॥ ২৬৪

অর্থ । ছতশনানাং (অগ্নি-সমূহের) শশিনাম্ (চন্দ্রসমূহের) ইনানাম্
(এবং সূর্য্যসমূহের) অর্ক্বুদম্ অপি (শত কোটি সংখ্যা অর্থাৎ শত কোটি-

সংখ্যক অগ্নি চন্দ্র ও সূর্য্য) ষৎ (যাহাকে) নিহন্তুং (বিনষ্ট করিতে) ন শক্নোতি (সমর্থ হয় না) তৎ (সেই) অনন্তুং (অনন্ত) আন্তরং (হৃদয়স্থিত) ধ্বাস্তুং (অন্ধকার অর্থাৎ মোহকে) আত্মবেত্তা (ব্রহ্মজ্ঞ ব্যক্তি) সক্রদীক্ষণেন (একবার দর্শন দ্বারাই) হস্তি (বিনষ্ট করেন) ॥ ২৬৪

অনুবাদ । শতকোটি অগ্নি চন্দ্র ও সূর্য্য মিলিত হইয়াও যাহাকে দূর করিতে সমর্থ হয় না, সেই হৃদয়স্থিত অনন্ত মোহরূপ অন্ধকারকে ব্রহ্মতত্ত্ববিৎ একবার দর্শনদানেই বিনষ্ট করিয়া থাকেন ॥ ২৬৪

দুম্পারে ভবসাগরে জনি-মৃতি-ব্যাধ্যাদি-দুঃখোৎকটে

ঘোরে পুত্র-কলত্র-মিত্র-বহুল-গ্রাহাকরে ভীকরে ।

কর্ম্মোত্তুঙ্গ-তরঙ্গভঙ্গ-নিকরৈরাকৃষ্যমাণো মুহুঃ

যাতায়াত-গতিভ্রমেণ শরণং কিঞ্চিন্ন পশ্যাম্যহম্ ॥২৬৫

অনয় । অহং (আমি) ভবসাগরে (এই সংসাররূপ সমুদ্রে) কিঞ্চিং (কিছুই) শরণং (অবলম্বন) ন পশ্যামি (দেখিতে পাইতেছি না) [এই সংসার কি প্রকার, তাহাই বলা হইতেছে] দুম্পারে (যাহার পার বহু ক্রেশের দ্বারা লব্ধ হয়) জনি-মৃতি-ব্যাধ্যাদি-দুঃখোৎকটে (জন্ম, মৃত্যু ও ব্যাধি প্রভৃতি দুঃখের দ্বারা [এই সমুদ্র] অতিশয় উৎকট) [তথা=এবং] পুত্র-কলত্র-মিত্র-বহুল-গ্রাহাকরে [আবার সেই সমুদ্র কিরূপ, তাহা বলিতেছেন] (পুত্র, পত্নী ও মিত্ররূপে বিচরণ করিতেছে যে সকল অতি হিংস্র জলজন্তু, তাহাদের আকর) [তথা=এবং] ঘোরে ভীকরে (অতি ঘোর ভয়দায়ক) [এই ভবসমুদ্রে আমি কি প্রকার, তাহাই বলিতেছেন] কর্ম্মোত্তুঙ্গ-তরঙ্গভঙ্গনিকরৈঃ মুহুঃ আকৃষ্যমাণঃ (জন্মজন্মান্তর-সঞ্চিত পাপ ও পুণ্য-রূপ যে সকল কর্ম্ম, তাহারাই প্রতিক্রমণ ভঙ্গ-শীল উন্নত তরঙ্গবৎ [দৃষ্ট হইতেছে] তাহাদের দ্বারা বারংবার আকৃষ্যমাণ) যাতায়াত-গতিভ্রমেণ [যুক্ত ইতিশেষঃ] (ইহলোকে এবং পরলোকের পথে গমন ও আগমন-কালে যে ভ্রান্তি, তাহা দ্বারা আক্রান্ত) ॥ ২৬৫

অনুবাদ । সংসার সমুদ্র-সদৃশ, ইহা আবার জন্ম, মৃত্যু ও ব্যাধি প্রভৃতি হইতে সমুৎপন্ন দুঃখরাশি দ্বারা অতি বিষম ; পুত্র পত্নী ও মিত্র প্রভৃতি এই সমুদ্রে হিংস্র জলজন্তুসদৃশ প্রচুর ভাবে বিচরণ করিতেছে । অনাদি কাল হইতে সঞ্চিত শুভ এবং অশুভ কর্ম্মরূপ উত্তাল তরঙ্গভঙ্গসমূহ-বিশিষ্ট এই সমুদ্র আমাকে ইতস্ততঃ আকর্ষণ করিতেছে । ইহলোক এবং পরলোকের পথে সর্বদা যাতায়াত নিবন্ধন আমি ভ্রান্ত হইয়া পড়িয়াছি--এই অতিভয়াবহ সংসারে আমি কোন অবলম্বন দেখিতে পাইতেছি না ॥ ২৬৫

কেন বা পুণ্যশেষেণ তব পাদাম্বুজদ্বয়ম্ ।

দৃষ্টবানস্মি মামার্ভুং মৃত্যোস্ত্রাহি দয়াদৃশা ॥২৬৬

অন্বয় । কেন (কোন অসাধারণ) পুণ্যশেষেণ (অবশিষ্ট পুণ্যের প্রভাবে)
 এব (তোমার) পাদাম্বুজদ্বয়ং (দুইটি চরণপদ) দৃষ্টবান্ অস্মি (আমি দেখিতে
 পাইয়াছি), আর্ক্তং (পীড়িত) মাং (আমাকে) দয়াদৃশা (করুণাপূর্ণ দৃষ্টি দ্বারা)
 মৃত্যোঃ (মরণ হইতে) ত্রাহি (রক্ষা করুন) ॥ ২৬৬

অনুবাদ । [হে গুরুদেব !] কোন অসাধারণ পুণ্যাবশেষের প্রভাবে
 আমি তোমার চরণপঙ্কজদ্বয় দেখিতে পাইয়াছি । [হে দেব !] আমি নিতান্ত
 পীড়িত, আমাকে দয়াপূর্ণ দৃষ্টিদ্বারা মরণ হইতে রক্ষা কর ॥ ২৬৬

বদন্তুমেবং তং শিষ্যং দৃষ্টে'ব দয়য়া গুরুঃ । *

দদ্যাদভয়মেতস্মৈ মা ভৈষ্টেতি মুহুমুহুঃ ॥ ২৬৭

অন্বয় । এবং (এই প্রকার) বদন্তুং (বলিতেছে যে) তং শিষ্যং (সেই
 শিষ্যকে) গুরুঃ (গুরু) দয়য়া (করুণা সহকারে) দৃষ্টা এব (দেখিয়াই)
 এতস্মৈ (ইহাকে) মা ভৈষ্ট (ভয় পাইও না) ইতি (এই প্রকার বাক্যের দ্বারা)
 মুহুমুহুঃ (বারংবার) অভয়ং (অভয়) দদ্যৎ (প্রদান করিবেন) ॥ ২৬৭

অনুবাদ । এইপ্রকার বাক্য যখন শিষ্য বলিবে, তখন তাহাকে গুরু দয়ার
 সহিত বিলোকন করিয়া, “বৎস ভয় করিও না” এইপ্রকার বাক্যের দ্বারা পুনঃ
 পুনঃ অভয় প্রদান করিবেন ॥ ২৬৭

বিদ্বন্ মৃত্যুভয়ং জহীহি ভবতো নাস্ত্যেব মৃত্যুঃ কচিৎ

নিত্যশ্চ দ্বয়বর্জিতশ্চ পরমানন্দাত্মনো ব্রহ্মণঃ ।

ভ্রান্ত্যা কিঞ্চিদবেক্ষ্য ভীতমনসা মিথ্যা ত্বয়া কথ্যতে

মাং ত্রাহীতি হি স্তপ্তবৎ প্রলপনং শূন্যাত্মকং তে মৃষা ॥২৬৮

অন্বয় । বিদ্বন্ ! (হে পণ্ডিত !) মৃত্যুভয়ং (মরণ হইতে ভয়) জহীহি
 (পরিত্যাগ কর) ; ভবতঃ (তোমার) কচিৎ (কোন কালেও) মৃত্যুঃ (মরণ)
 ন অস্তি এব (নাই ইহা নিশ্চিত) ; [তুমি কি প্রকার ?] নিত্যশ্চ (নিত্য)
 দ্বয়বর্জিতশ্চ (অদ্বিতীয়) পরমানন্দাত্মনঃ (পরমানন্দস্বরূপ) ব্রহ্মণঃ (সূতরাং
 পরমাত্মা) [এতাদৃশ যখন তুমি, তখন তোমার মৃত্যু কোন কালেও হইতে
 পারে না, ইহাই তাৎপর্য্য] ; ভ্রান্ত্যা (ভ্রমবশতঃ) মিথ্যা (অলীক) কিঞ্চিৎ
 (কিছু) বস্ত (পদার্থ) অবেক্ষ্য (দেখিয়া) ত্বয়া (তুমি) ভীতমনসা (ভ্রস্ত
 হইয়া) কথ্যতে (বলিতেছে যে) মাং (আমাকে) ত্রাহি (রক্ষা কর) ইতি
 (এইরূপ) স্তপ্তবৎ (স্বপ্নদর্শীর ঞ্চায়) তে (তোমার) প্রলপনং (প্রলাপ)
 শূন্যাত্মকং (অর্থরহিত) মৃষা (সূতরাং মিথ্যা) ॥ ২৬৮

* দৃষ্টে'ব দয়য়া গুরু রিতি বা পাঠঃ ।

অনুবাদ । [তখন গুরু বলেন যে,] হে বিদ্বন্ ! এই মরণ হইতে [বৃথা] ভয় তুমি পরিত্যাগ কর, তোমার কোনকালেই মরণ হইতে পারে না ; কারণ, তুমি অবিনাশী, তোমা ব্যতিরেকে এই জগতে কোন বস্তুই নাই । পরমানন্দই তোমার স্বভাব, অর্থাৎ তুমিই সেই পরব্রহ্ম, তুমি ভ্রমবশতঃ কোন কল্পিত বস্তু নিরীক্ষণ করিয়া এই প্রকার ভয় পাইতেছ এবং সেই জন্তই বলিতেছ যে, 'আমাকে রক্ষা কর' ; সুপ্ত ব্যক্তির প্রলাপের ঞায় তোমার এই বাক্য অর্থহীন, স্মতরাং ইহা মিথ্যা ॥ ২৬৮

নিদ্রাগাঢ়তমোবৃতং কিল জনঃ স্বপ্নে ভুজঙ্গাদিনা

গ্রস্তং স্বং সমবেক্ষ্য যৎ প্রলপতি ত্রাসাদ্ধতোহস্মীত্যলম্ ।

আপ্তেন প্রতিবোধিতঃ করতলেনাতাড্য পৃষ্ঠঃ স্বয়ং

কিঞ্চিন্নেতি বদত্যমুশ্য বচনং স্মাৎ তৎ কিমর্থং বদ ॥ ২৬৯

অর্থ । কিল (ইহা প্রসিদ্ধই আছে) নিদ্রাগাঢ়তমোবৃতঃ (নিদ্রারূপ প্রগাঢ় অন্ধকারে আবৃত) জনঃ (ব্যক্তি) স্বপ্নে (স্বপ্নাবস্থায়) স্বং (আপনাকে) ভুজঙ্গা-দিনা (সর্পাদি দ্বারা) গ্রস্তং (গ্রস্ত) সমবেক্ষ্য (বিলোকন করিয়া) ত্রাসাৎ (ভয়ে) হতোহস্মি (আমি হত হইলাম) ইতি অলং (এইরূপে উচ্চৈঃস্বরে) যৎ প্রলপতি (প্রলাপ বকিয়া থাকে) আপ্তেন (কোন বিশ্বস্ত ব্যক্তি) [তাহা শুনিয়া] করতলেন (পাণিতল দ্বারা) আতাড্য (ঈষৎ তাড়না করিয়া) প্রতি-বোধিতঃ (জাগরিত) পৃষ্ঠঃ (এবং জিজ্ঞাসিত হইয়া) স্বয়ং (সেই প্রবুদ্ধ ব্যক্তি নিজেই) কিঞ্চিন্ন ইতি (কিছুই নহে এই প্রকারে) বদতি (উত্তর দেয়) ; অমুশ্য (উহার) তৎ (সেই বাক্য অর্থাৎ ভয়কারণ না থাকিলে, আমাকে রক্ষা কর এইরূপ) বাক্যং (বচন) কিমর্থং (কি অর্থ প্রকাশ করে) বদ (বল) ॥ ২৬৯

অনুবাদ । নিদ্রারূপ ঘোরান্ধকারে আবৃত ব্যক্তি [কোন সময়] স্বপ্নাব-স্থায় সর্পপ্রভৃতির দ্বারা আপনাকে গ্রস্ত বলিয়া দেখিয়া থাকে এবং ভয়ে 'আমি হত হইলাম' এই বলিয়া উচ্চৈঃস্বরে প্রলাপও বকিয়া থাকে ; এইরূপ দেখিয়া কোন বিশ্বস্ত ব্যক্তি তাহাকে হস্ততল দ্বারা তাড়না করিয়া জাগাইয়া দেয় এবং তাহাকে জিজ্ঞাসা করে [যে, তুমি কেন হত হইলাম বলিয়া চীৎকার করিলে ?], তখন সেই প্রবুদ্ধ ব্যক্তি নিজেই বলিয়া থাকে যে, না আমি কিছুই ভয়ের কারণ দেখি নাই । [এক্ষণে বল দেখি,] ঐ সুপ্তব্যক্তির ঐ বাক্যের কি সার্থকতা আছে ? ॥ ২৬৯

রজ্জ্বাস্ত তত্ত্বমনবেক্ষ্য গৃহীতসর্প-

ভাবঃ পুমানয়মহির্বসতীতি মোহাৎ ।

আক্রোশতি প্রতিবিভেতি চ কম্পতে চ *

মিথ্যৈব নাহত্র ভুজগোহস্তি বিচার্যমাণে ॥২৭০

অন্বয় । অয়ং (এই) পুমান্ (পুরুষ) রজ্জ্বাঃ (দড়ির) তত্ত্বং (যথার্থ-
স্বরূপ) অনবেক্ষ্য (না বুঝিতে পারিয়া) [অত্র—এখানে] অহিঃ (সর্প)
বসতি (বাস করিতেছে) ইতি (এইরূপ) মোহাৎ (মোহবশতঃ) গৃহীতসর্প-
ভাবঃ (সর্পের সত্তা আছে এই প্রকার বুদ্ধিযুক্ত হইয়া) আক্রোশতি (চীৎকার
করিয়া উঠে) প্রতিবিভেতি (বিলক্ষণরূপে ভয় পায়) কম্পতে চ (এবং
কম্পিত হইয়া থাকে)—[কিন্তু ভয় চীৎকার কম্পপ্রভৃতি] অত্র (এইখানে)
ভুজগঃ (সর্প) ন অস্তি (নাই) [ইতি] বিচার্যমাণে (এইরূপ বিচার করিলে)
মিথ্যৈব (মিথ্যা হইয়া যায়) ॥ ২৭০

অনুবাদ । রজ্জুর স্বরূপ বুঝিতে না পারায় মনুষ্য [অনেক সময়ে] সেই
রজ্জুকেই সর্প-বুদ্ধির বিষয় করিয়া থাকে এবং তজ্জনিত মোহ প্রযুক্ত চীৎকার
করে, বিলক্ষণ ভয় পায়, এবং কাঁপিয়াও থাকে ; কিন্তু বিচার দ্বারা যখন সে
স্থির করে যে, ইহা সর্প নহে,—রজ্জু, তখন তাহার সেই সর্পদৃষ্টি ও তজ্জনিত
প্রলাপাদি মিথ্যা বলিয়াই প্রতীত হইয়া থাকে ॥ ২৭০

তদ্বৎ ত্বয়াহপ্যাঅন উক্তমেত-

জন্মাপ্যয়ব্যাদিজরাদিযুক্তম্ ।†

মৃষেব সর্বং ভ্রমকল্পিতং তে

সম্যগ্ বিচার্যাত্মনি মুঞ্চ ভীতিম্ ॥ ২৭১

অন্বয় । তদ্বৎ (সেইরূপ) ত্বয়াহপি (তুমিও) আঅনঃ (আত্মার)
জন্মাপ্যয়ব্যাদিজরাদিযুক্তং (জন্ম, মৃত্যু, ব্যাধি ও জরা প্রভৃতির সহিত মিলিত)
[স্মৃৎসুখাদি] উক্তম্ এতৎ (এই যাহা বলিয়াছ) [তৎ] সর্বং (তাহা সকলই)
তে (তোমার) ভ্রমকল্পিতং (অজ্ঞানের দ্বারাই বিরচিত) [স্মৃৎসুখাদি] মৃষেব
(মিথ্যা ব্যক্তিরেকে আর কিছুই নহে) সম্যক্ (এই ভাবে ভাল করিয়া)
বিচার্য (বিচার করিয়া) আত্মনি (আত্মবিষয়ে) ভীতিং (মরণাদিভয়)
মুঞ্চ (পরিত্যাগ কর) । ২৭১

অনুবাদ । সেইরূপ জন্ম, মৃত্যু, ব্যাধি ও জরা প্রভৃতি নিবন্ধন আত্মার দুঃখ
প্রভৃতি বিষয়ে তুমি যাহা কিছু বলিয়াছ, তাহা সকলই মিথ্যা ; এই সকলই
তোমার অজ্ঞানের পরিকল্পিত ; এইভাবে বস্তুতত্ত্বের সম্যকরূপে বিচার করিয়া
তুমি আত্মবিষয়ে ভয় পরিত্যাগ কর ॥ ২৭১

* কল্পতে তৎ ইতি বা পাঠঃ ।

† জন্মাপ্যয়ব্যাদিজরাদিযুক্তম্ ইতি বা পাঠঃ ।

ভবান্নান্নানো ধর্ম্মান্নান্নারোপ্য শোচতি ।

তদজ্ঞানকৃতং সর্বং ভয়ং ত্যক্ত্বা স্থখী ভব ॥ ২৭২

অনুয় । অনান্নান্নান্নো ধর্ম্মান্নান্নো (আত্মা হইতে যাহা পৃথক্, তাহারই ধর্ম্মসমূহ) আত্মনি (স্বীয় আত্মাতে) আরোপ্য (আরোপিত করিয়া) ভবান্ন (আপনি) শোচতি (শোক করিতেছেন) তৎ (সেই কারণে) অজ্ঞানকৃতং (অবিজ্ঞান-জনিত) সর্বং ভয়ং (সকল প্রকার ভয়কে) ত্যক্ত্বা (পরিহার করিয়া) স্থখী ভব (স্থখী হও) ॥ ২৭২

অনুবাদ । যে সকল বস্তু আত্মা হইতে পৃথক্, তাহাদের ধর্ম্মসমূহ স্বীয় আত্মাতে আরোপিত করিয়া তুমি শোক করিতেছ, সেই কারণে [বক্তব্য এই যে], অজ্ঞানকৃত সর্বপ্রকার ভয় পরিহার করিয়া তুমি স্থখী হও অর্থাৎ সুস্থ-ভাবে অবলম্বন কর ॥ ২৭২

শিষ্যঃ—

শ্রীমদ্ভিরুক্তং সকলং মৃষেতি

দৃষ্টান্ত এব হু পপত্ততে তৎ ।

দাষ্টান্তিকে নৈব ভবাদিত্তঃখং

প্রত্যক্ষতঃ সর্বজনপ্রসিদ্ধম্ ॥ ২৭৩

অনুয় । শিষ্যঃ (ছাত্র) [কহিলেন] । সকলং (সমস্ত বস্তু) মৃষা (মিথ্যা) ইতি (ইহা) শ্রীমদ্ভিঃ (আপনার কর্তৃক) [যৎ] উক্তং (কথিত হইয়াছে) হি (নিশ্চিত) তৎ (তাহা) দৃষ্টান্তে (রজ্জুসর্পস্থলে) এব (অবধারণ) উপ-পত্ততে (উপপন্ন—যুক্তিযুক্ত হয়) দাষ্টান্তিকে (আত্মার জন্ম নাশ প্রভৃতি মিথ্যাত্বে) ন (না, উপপন্ন হয় না) এব (নিশ্চিত) [যেহেতু] ভবাদিত্তঃখং (জন্ম-বিনাশাদিজনিত ক্লেশ) প্রত্যক্ষতঃ (প্রত্যক্ষ প্রমাণ দ্বারা) সর্বজন-প্রসিদ্ধম্ (সমস্ত লোকের বিদিত ॥ ২৭৩

অনুবাদ । শিষ্য কহিলেন,—আপনি যে সমস্ত বস্তুকে মিথ্যা বলিলেন, ইহা দৃষ্টান্ত স্থলেই (রজ্জুসর্পস্থলে অর্থাৎ যেখানে রজ্জুতে সর্প ভ্রান্তি হয় তথায়) উপপন্ন হয়, কিন্তু দাষ্টান্তিকে (আত্মার জন্ম, নাশ, জরা, ব্যাধি প্রভৃতির মিথ্যাত্বে) উপপন্ন হয় না । [যেহেতু] আত্মার জন্ম, বিনাশ, জরা, ব্যাধি প্রভৃতি সকল লোকের প্রত্যক্ষ প্রমাণগম্য ॥ ২৭৩

প্রত্যক্ষেনানুভূতোহর্থঃ কথং মিথ্যাত্বমহিতি ।

চক্ষুষো বিষয়ং কুন্তং কথং মিথ্যা করোম্যহম্ ॥ ২৭৪

অনুয় । প্রত্যক্ষেন (প্রত্যক্ষ প্রমাণদ্বারা) অনুভূতঃ (যাহা অনুভবের বিষয় হয় সেই) অর্থঃ (বস্তু) কথং (কিরূপে) মিথ্যাত্বং (মিথ্যারূপতা)

অহঁতি (প্রাপ্ত হইবে ?) চক্ষুষোঃ (নয়নেন্দ্রিয়ের) বিষয়ং (বিষয়) [অর্থাৎ দর্শনেন্দ্রিয়ের দ্বারা প্রত্যক্ষীকৃত] কুস্তং (ঘটকে) অহং (আমি) কথং (কিরূপে) মিথ্যা করোমি (মিথ্যা করিব) ? ॥ ২৭৪

অনুবাদ । যে বস্তু প্রত্যক্ষ প্রমাণের বিষয়, তাহা কিরূপে মিথ্যা হইবে ? চক্ষুর দ্বারা ঘট দেখিতে পাইতেছি, তাহাকে মিথ্যা কিরূপে বলিব ? ॥ ২৭৪

বিद्यमानस्य मिथ्यात्वং कथं नू घटते प्रভো ।

प्रत्यक्षं खलु सर्वेषां प्रमाणं प्रस्फुटार्थकम् ॥ ২৭৫

অন্বয় । প্রভো ! (হে প্রভো) বিদ্যমানস্য (যাহা বর্তমান রহিয়াছে সেই বস্তুর) মিথ্যাত্বং (মিথ্যারূপতা) কথং (কিরূপে) ঘটতে ? (সম্ভব হইতে পারে ?) প্রস্ফুটার্থকং (যাহার বিষয় পরিস্ফুটভাবে প্রকাশিত হয়, সেই) প্রত্যক্ষং (চক্ষুঃ প্রভৃতি প্রত্যক্ষ হেতু ইন্দ্রিয়) পলু (নিশ্চিতই) সর্বেষাং (সকলেরই) প্রমাণং (প্রমাণ) [বলিয়া স্বীকৃত] ॥ ২৭৫

অনুবাদ । হে প্রভো ! বর্তমান বস্তুর মিথ্যাত্ব কিরূপে সম্ভব হয় ? প্রত্যক্ষই প্রমাণ সকলের [সম্বন্ধে] বিশদভাবে বস্তু প্রকাশ করিয়া থাকে ॥ ২৭৫

मर्त्यास्य मम जन्मादिदुःखताजोहल्लजीविनः ।

ब्रह्मत्वमपि नित्यत्वं परमानन्दता कथम् ॥ ২৭৬

অন্বয় । মর্ত্যস্য (মরণশীল) জন্মাদিদুঃখতাজোহল্লজীবিনঃ (উৎপত্ত্যাদি ক্লেশভাগী) অল্লজীবিনঃ (স্বল্পকাল প্রাণধারণকারী) মম (আমার) ব্রহ্মত্বম্ (ঈশ্বর-স্বরূপত্ব) অপি (ও) নিত্যত্বং (ক্ষয়োদয়রহিতত্ব) পরমানন্দতা (নিরতিশয় সুখরূপতা) কথং (কিরূপে) ॥ ২৭৬

অনুবাদ । আমি মরণশীল, জন্মাদিজনিত ক্লেশভাগী, এবং আমার জীবনও স্বল্পকালস্থায়ী, আমাতে ব্রহ্মস্বরূপত্ব, নিত্যত্ব এবং নিরতিশয়সুখরূপত্ব কিরূপে সম্ভব হয় ? ॥ ২৭৬

क आत्मा कस्तुनात्मा च किमु लक्षणमेतयोः ।

आत्मानुনাत्तुधर्माणामারোपः क्रियते कथम् ॥ ২৭৭

অন্বয় । কঃ (কোনটি) আত্মা (স্বরূপ) কঃ (কোন্ পদার্থ) তু (কিন্তু) অনাত্মা (আত্মভিন্ন) চ (ও) এতয়োঃ (এতদুভয়ের) লক্ষণং (চিহ্ন) কিমু (কি) ? আত্মনি (স্বস্বরূপে) আনাত্মধর্মাণাং (দেহাদিধর্ম স্থূলত্ব কৃশত্বাদির) আরোপঃ (অধ্যাস) কথং (কিরূপে) ক্রিয়তে (করিয়া থাকে) ॥ ২৭৭

অনুবাদ । আত্মা ও অনাত্মা কাহাকে বলে (অর্থাৎ ইহাদের স্বরূপ কি) এবং আত্মা ও অনাত্মার লক্ষণই বা কি ? কেনই বা লোকে আত্মার দেহেন্দ্রিয়াদি ধর্ম স্থূলত্ব-বধিরত্বাদির আরোপ করিয়া থাকে ? ॥ ২৭৭

কিমজ্ঞানং তদুৎপন্নভয়ত্যাগোহপি বা কথম্ ।

কিমু জ্ঞানং তদুৎপন্নসুখপ্রাপ্তিশ্চ বা কথম্ ॥২৭৮

অর্থঃ । অজ্ঞানং (অবিদ্যা) কিম্ (কি—কাহাকে বলে) বা (অথবা) তদুৎপন্নভয়ত্যাগঃ (অজ্ঞান হইতে উৎপন্ন ভয়ের নিবারণ) অপি (ও) কথং (কিরূপ) জ্ঞানং (বিদ্যা) কিমু (কি) তদুৎপন্নসুখপ্রাপ্তিঃ (জ্ঞান হইতে উৎপন্ন সুখলাভ) চ (ও) বা (বিকল্প) কথম্ (কিরূপ) ॥ ২৭৮

অনুবাদ । অজ্ঞান কাহাকে বলে ? কিরূপেই বা অজ্ঞান হইতে উৎপন্ন ভীতি দূরীভূত হয় ? জ্ঞানের স্বরূপ কি ? এবং তজ্জনিত সুখপ্রাপ্তিই বা কিরূপে হয় ? ॥ ২৭৮

সর্বমেতদ্ যথাপূর্বং করামলকবৎ স্ফুটম্ ।

প্রতিপাদয় মে স্বামিন্ ! শ্রীগুরো করুণানিধে ॥২৭৯

অর্থঃ । স্বামিন্ (হে প্রভো) শ্রীগুরো (হে গুরো) করুণানিধে (হে দয়ার সাগর) এতৎ (এই পূর্বোক্ত) সর্বং (সমস্ত) মে (আমার) করামলকবৎ (হস্তস্থিত আমলক ফলের গ্ৰায়) স্ফুটং (বিশদভাবে) যথাপূর্বং (যথাক্রমে প্রতিপাদয় (প্রতিপাদন করুন—বলুন) ॥ ২৭৯

অনুবাদ । হে প্রভো ! হে গুরো ! হে দয়ার সাগর ! এই সমস্ত বিষয় যাহাতে আমি হস্তস্থিত আমলকের গ্ৰায় (অনায়াসেই) বিশদরূপে অবগত হইতে পারি, তাহাই আমাকে যথাযথ উপদেশ প্রদান করুন ॥ ২৭৯

শ্রীগুরুঃ—

ধন্যঃ কৃতার্থস্বমহো বিবেকঃ

শিবপ্রসাদস্তব বিদ্যতে মহান্ ।

বিসৃজ্য তু প্রাকৃতলোকমার্গং

ব্রহ্মাবগন্তুং যতসে যতস্বম্ ॥ ২৮০

অর্থঃ । শ্রীগুরুঃ (গুরু) [কহিলেন] ত্বং (তুমি) ধন্যঃ (ধন্যবাদের যোগ্য) কৃতার্থঃ (কৃতকৃত্য) অহো (আনন্দ) বিবেকঃ (জ্ঞান) তব (তোমার) [প্রতি] মহান্ (অতিশয়) শিবপ্রসাদঃ (শিবের অনুগ্রহ) বিদ্যতে (আছে) যতঃ (যেহেতু) ত্বং (তুমি) প্রাকৃতলোকমার্গং (সাধারণ লোকের পথ) তু (পাদপূরণার্থক) বিসৃজ্য (ত্যাগ করিয়া) ব্রহ্ম (ঈশ্বরকে) অবগন্তুং (জানিতে) যতসে (চেষ্টা করিতেছ) ॥ ২৮০

অনুবাদ । গুরু কহিলেন,—তুমি ধন্য ও কৃতার্থ ; বড়ই আনন্দের বিষয় যে তোমার বিবেক জন্মিয়াছে, তোমার উপর যথেষ্ট শিবের অনুগ্রহ আছে ;

কার্যাতঃ (ব্রহ্ম হইতে উৎপন্ন বলিয়া) অনিত্য (বিনাশী) ; তৎকারণং (সেই জগতের কারণ) পরং ব্রহ্ম (নিরূপাধিক ব্রহ্ম) নিত্যং (অবিনাশী) ভবেৎ (হইয়া থাকে) মৃদাদিবৎ (যেমন মৃত্তিকা প্রভৃতি) ॥ ১৯

অনুবাদ । ব্রহ্ম হইতে উৎপন্ন হইয়াছে বলিয়া এই সমগ্র বিশ্ব অনিত্য, আর এই জগতের কারণ সেই পরব্রহ্ম (ঘটাদি কার্য অপেক্ষা তদীয় কারণ মৃদাদি যেরূপ নিত্য সেইরূপ) পরমার্থতঃ নিত্য ॥ ১৯

তাৎপর্য্য । এই শ্লোকে ব্রহ্ম যে নিত্য, এই বিষয়ে মৃদাদি বস্তুকে দৃষ্টান্ত করা হইয়াছে, ইহা দ্বারা কেহ কেহ এইপ্রকার শঙ্কা করিতে পারেন যে, বেদান্ত-সিদ্ধান্তে একমাত্র ব্রহ্মই নিত্য । তাহাই যদি স্থির হয়, তবে মৃত্তিকাকে নিত্য বলিয়া দৃষ্টান্তরূপে যে নির্দেশ করা হইতেছে, তাহা কি প্রকারে সম্ভব হইতে পারে ? বাস্তবিক আচার্য্য শঙ্করের এইপ্রকার অভিপ্রায় নহে । কার্য্য হইতে কারণ অপেক্ষাকৃত অধিককাল স্থায়ি ; সুতরাং কার্য্যাপেক্ষা কারণ নিত্য বলিয়া নির্দিষ্ট হয় । আচার্য্য শঙ্কর ইহাই প্রতিপাদন করিতে চাহেন যে, যেমন ঘট মাটির কার্য্য, এইজন্ত মাটি ঘট অপেক্ষা নিত্য ; এইরূপ যিনি সর্বজগতের কারণ, তিনি সর্বজগৎ অপেক্ষা নিত্য । ফলতঃ দাঁড়াইল এই যে, মৃদাদি বস্তু যেরূপ আপেক্ষিক নিত্য, ব্রহ্মের পক্ষে সেরূপ আপেক্ষিক নিত্যতা স্বীকার করিবার কোন কারণ নাই । কারণ, ব্রহ্ম উৎপত্তিশূন্য ও নিরবয়ব ; সেই কারণে তাহার কোনকালেই বিনাশ হইবে এইপ্রকার সম্ভাবনা করিতে পারা যায় না । কিন্তু মৃদাদি কারণ ঘটাদি কার্য্য দ্রব্য অপেক্ষা অধিককাল স্থায়ি হইলেও তাহা যে হেতু উৎপত্তিমৎ এবং সাবয়ব, এই কারণে তাহার বিনাশও অবশ্যসম্ভাবী । এইজন্ত তাহা নিজ কার্য্য হইতে অধিক কাল স্থায়ি হইলেও তাহাকে কখনই অবিনাশী বলা যায় না । কিন্তু এইরূপে ব্রহ্মকে সকল কার্য্যাপেক্ষা অধিক কাল স্থায়ি স্বীকার করিলেও, মৃদাদি বস্তুর স্থায় তাহার কোনকালে বিনাশ হইবার সম্ভাবনা করা যায় না । কারণ, বিনাশী দ্রব্যের যাহা ধর্ম্ম অর্থাৎ সাবয়বত্ব এবং উৎপত্তিমত্ত্ব, তাহা ব্রহ্মে বিদ্যমান নাই ; এই কারণে ব্রহ্ম পরমার্থতঃ নিত্য ॥ ১৯

সর্গং বক্ত্যন্ত্য তস্মাদ্ভা এতস্মাদিত্যপি শ্রুতিঃ ।

সকাশাদ্ভ্রহ্মণস্তস্মাৎ অনিত্যত্বে ন সংশয়ঃ ॥ ২০

অনুবাদ । তস্মাৎ (সেই) এতস্মাৎ বা (এই ব্রহ্ম হইতেই) ইতি (এই প্রকার) শ্রুতিঃ (বেদ) অপি (ও) অস্ত (এই জগতের) ভ্রহ্মণঃ (ব্রহ্মের) सकाशाৎ (सकाश হইতে) सर्गं (সৃষ্টি) বক্তি (নির্দেশ করিতেছে) তস্মাৎ

(সেই কারণে) অনিত্যত্বে (এই জগতের অনিত্যত্ব বিষয়ে সংশয়ঃ (সন্দেহ) হইতে পারে না) ॥ ২০

অনুবাদ । এই সেই ব্রহ্ম হইতে (আকাশ প্রভৃতি উৎপন্ন হইয়াছে) ইত্যাদিশ্রুতিবাক্য স্পষ্টই নির্দেশ করিতেছে যে, এই প্রপঞ্চ ব্রহ্ম হইতে উৎপন্ন হইয়াছে । সেই কারণে জগতের অনিত্যত্ব বিষয়ে সন্দেহ হইতে পারে না ॥ ২০

সর্বস্থানিত্যত্বে সাবয়বত্বেন সর্বতঃ সিদ্ধে ।

বৈকুণ্ঠাদিষু নিত্যত্বমতিভ্রম এব মূঢ়বুদ্ধীনাং ॥ ২১

অর্থঃ । সাবয়বত্বেন (অবয়বের সহিত বিদ্যমান বলিয়া) সর্বশু (সকল বস্তুই) অনিত্যত্বে (বিনাশিত্বঃ) সর্বতঃ (সর্বপ্রকারে) সিদ্ধে (প্রতিপন্ন হইলে) বৈকুণ্ঠাদিষু (বৈকুণ্ঠাদি লোকসমূহে) নিত্যত্বমতিঃ (ইহারা অবিনাশী এই প্রকার জ্ঞান) মূঢ়বুদ্ধীনাং (মূঢ়মতি মানবগণের) ভ্রম এব (ভ্রান্তি মাত্র) ॥ ২১

অনুবাদ । সাবয়বত্ব-নিবন্ধন (অর্থাৎ অবয়ব আছে বলিয়া) সকল প্রপঞ্চেরই (এইরূপে) অনিত্যত্ব প্রতিপন্ন হইলে, বৈকুণ্ঠাদি লোকসমূহে নিত্যত্ব বোধ, তাহা মূঢ়বুদ্ধি জনগণের ভ্রান্তি মাত্র ॥ ২১

অনিত্যত্বং চ নিত্যত্বমেবং যৎ শ্রুতিযুক্তিভিঃ ।

বিবেচনং নিত্যানিত্যবিবেক ইতি কথ্যতে ॥ ২২

অর্থঃ । এবং (সেই প্রকার) অনিত্যত্বং (বিনাশিত্ব) চ (এবং) নিত্যত্বং (অবিনাশিত্ব) [ভবতি ইতি শেষঃ হইয়া থাকে] ; শ্রুতিযুক্তিভিঃ (বেদ ও তদনুসারী তর্কের সাহায্যে) ইতি যৎ (এই প্রকারে) বিবেচনং (বিচার) [তাহাই] নিত্যানিত্যবিবেকঃ (নিত্য ও অনিত্যের স্বরূপ-জ্ঞান) কথ্যতে (কথিত হইয়া থাকে) ॥ ২২

অনুবাদ । এইরূপে নিত্যত্ব ও অনিত্যত্ব [সম্বন্ধে] বেদ ও তদনুসারী তর্কের সাহায্যে যে বিচার, তাহাই নিত্যানিত্য বিবেক বলিয়া কথিত হইয়া থাকে ॥ ২২

বিরক্তিঃ ।

ঐহিকামুশ্মিকার্থেষু হনিত্যত্বেন নিশ্চয়াৎ ।

নৈস্পৃহং তুচ্ছবুদ্ধির্ষৎ * তদ্বৈরাগ্যমিতীর্ঘ্যতে ॥ ২৩

অর্থঃ । ঐহিকামুশ্মিকার্থেষু (এই লোকের এবং পরলোকের ভোগ্যবস্তুসমূহে) হনিত্যত্বেন (অনিত্য এই ভাবে) নিশ্চয়াৎ (নিশ্চয় হওয়া প্রযুক্ত) যৎ নৈস্পৃহং (যে নিস্পৃহতা অর্থাৎ) তুচ্ছবুদ্ধিঃ (অকিঞ্চিংকরত্ববোধ) তৎ (তাহাই) বৈরাগ্যং (বিরক্তি) ইতি (এই বলিয়া) ঐর্ঘ্যতে (কথিত হইয়া থাকে) ॥ ২৩

অনুবাদ । ঐহিক ও পারলৌকিক সকল ভোগ্য বস্তুতেই অনিত্যত্বরূপে নিশ্চয় হওয়া প্রযুক্ত যে নিস্পৃহতা বা তুচ্ছবুদ্ধি (উদিত হয়) তাহাই বৈরাগ্য বলিয়া অভিহিত হইয়া থাকে ॥ ২৩

নিত্যানিত্যপদার্থবিবেকাৎ পুরুষশ্চ জায়তে সদ্যঃ ।

শ্রক্চন্দনবনিতাদৌ সর্বত্রানিত্যবস্তুনি বিরক্তিঃ ॥ ২৪

অর্থঃ । নিত্যানিত্যপদার্থবিবেকাৎ (নিত্য ও অনিত্য বস্তুর যথার্থরূপে জ্ঞান হওয়া নিবন্ধন) শ্রক্চন্দনবনিতাদৌ (পুষ্পমালা, চন্দন ও বনিতা প্রভৃতি) সর্বত্র (সকল) অনিত্যবস্তুনি (বিশ্বের পদার্থের উপর) পুরুষশ্চ (পুরুষের) বিরক্তিঃ (বৈরাগ্য) জায়তে (উৎপন্ন হইয়া থাকে) ॥ ২৪

অনুবাদ । নিত্য ও অনিত্য বস্তুর স্বরূপ কি তদ্বিষয়ে যথার্থ জ্ঞানের উদয় হওয়া নিবন্ধন পুরুষের পুষ্পমালা, চন্দন ও বনিতা প্রভৃতি যাবতীয় অনিত্য বস্তুতেই বৈরাগ্য উদিত হইয়া থাকে ॥ ২৪

কাকশ্চ বিষ্ঠাবদসহবুদ্ধি-

ভোগ্যেষু সা তীব্রবিরক্তিরিষ্যতে ।

বিরক্তিতীব্রত্বনিদানমাত্-

ভোগ্যেষু দোষেক্ষণমেব সন্তঃ ॥ ২৫

অর্থঃ । ভোগ্যেষু (ভোগ্যবস্তুনিবহে) কাকশ্চ (কাকের) বিষ্ঠাবৎ (বিষ্ঠার ঠায়) সহবুদ্ধিঃ (যে অসহনীয়ত্ব-বোধ) সা (তাহাই) তীব্রবিরক্তিঃ (উৎকট বৈরাগ্য) ইষ্যতে (বলিয়া স্বীকৃত হয়); সন্তঃ (সজ্জনগণ) ভোগ্যেষু (ভোগ্যবস্তু-

* তুচ্ছবুদ্ধ্যা যৎ ইতি বা পাঠঃ ।

সমূহে) দোষেষ্ণুমেব (দোষদর্শনকেই) বিরক্তিতীত্রত্বনিদানং (তীত্র বৈরাগ্যের মূল কারণ) আছঃ (বলিয়া থাকেন) ॥ ২৫

অনুবাদ । ভোগ্যবস্তুনিবহে কাকের বিষ্ঠার স্থায় যে অসহনীয়তা বোধ, তাহাকেই সাধুগণ তীত্র বৈরাগ্যের মূল কারণ বলিয়া নির্দেশ করিয়া থাকেন ॥ ২৫

প্রদৃশ্যতে বস্তুনি যত্র দোষঃ

ন তত্র পুংসোহস্তি পুনঃ প্রবৃতিঃ ।

অন্তর্মহারোগবতীং বিজানন্

কো নাম বেশ্যামপি রূপিণীং ব্রজেৎ ॥ ২৬

অর্থ । যত্র (যে) বস্তুনি (বস্তুতে) দোষঃ (ছঃখকরত্ব প্রভৃতি দোষ) প্রদৃশ্যতে (দৃষ্ট হয়), তত্র (তাহাতে) পুংসঃ (পুরুষের) পুনঃ (পুনর্বার) প্রবৃতিঃ (অনুরাগ) ন অস্তি (হয় না) । অন্তর্মহারোগবতীং (দেহমধ্যে ইহার মহারোগ আছে এই প্রকার) বিজানন্ (জানিয়া) কো নাম (কোন্ ব্যক্তি) রূপিণীং (রূপবতী) অপি (হইলেও) বেশ্যাং ব্রজেৎ (ঐ বেশ্যার সহিত সমাগত হয় ?) ॥ ২৬

অনুবাদ । যে বস্তুতে দোষ আছে বলিয়া বুঝিতে পারা যায়, তাহাতে লোকের আর প্রবৃতি হয় না । ইহার অভ্যন্তরে মহারোগ আছে ইহা জানিতে পারিলে, কোন ব্যক্তি রূপবতী বেশ্যার সহিত সমাগত হয় ? ॥ ২৬

অত্রাপি চান্যত্র চ বিদ্যমান-

পদার্থসংমর্শনমেব কার্য্যম্ ।

যথাপ্রকারার্থগুণাভিমর্শনং

সন্দর্শয়ত্যেব তদীয়-দোষম্ ॥ ২৭

অর্থ । অত্র (এই পৃথিবীতে) অপি (এবং) অন্তত্র চ (পরলোকেও) বিদ্যমান-পদার্থসংমর্শনং (বিদ্যমান বস্তুনিবহের কি স্বভাব তাহার বিচার) কার্য্যং (করা উচিত) । যথাপ্রকারার্থগুণাভিমর্শনং (যথাযথভাবে বস্তুর ধর্মসমূহের বিচার) তদীয় দোষং (সেই বস্তুর দোষকে) সন্দর্শয়তি এব (নিশ্চয়ই দেখাইয়া দেয়) ॥ ২৭

অনুবাদ । এই লোকেই হউক আর পরলোকেই হউক, যত প্রকার ভোগ্য বস্তু আছে, তাহাদের কি স্বভাব (অর্থাৎ তাহারা অনিত্য এবং পরিণামে

দুঃখের হেতু হয় কি না) তাহারই বিবেচনা করা উচিত । এইভাবে ভোগ্য-বস্তুনিবহের স্বরূপ বিচার শেষে তদীয় দোষ (অর্থাৎ অনিত্যত্ব এবং পরিণামে দুঃখহেতুত্ব) প্রদর্শন করিয়া থাকে ॥ ২৭

কুক্ষৌ স্বমাতুমলমূত্রমধ্যে

স্থিতিং তদা বিটক্রিমিদংশনঞ্চ ।

তদীয়-কৌক্ষ্যকবহ্নিদাহং

বিচার্য্য কো বা বিরতিং ন যাতি ॥ ২৮

অর্থঃ । স্বমাতুঃ (নিজ জননীর) কুক্ষৌ (উদরে) মলমূত্রমধ্যে (মল ও মূত্রের মধ্যে) স্থিতিং (অবস্থান) তদা (সেই অবস্থানকালে) বিটক্রিমিদংশনং (বিষ্ঠাজাত ক্রিমিগণের দংশন) তদীয়-কৌক্ষ্যক-বহ্নিদাহং (এবং জননীর উদরমধ্যস্থিত অগ্নির তাপ দ্বারা দাহ) বিচার্য্য (বিচার করিয়া) কো বা (কোন্ ব্যক্তিই বা) বিরতিং (বৈরাগ্যকে (ন যাতি ? (প্রাপ্ত হয় না)) ॥ ২৮

অনুবাদ । নিজ জননীর উদরে বিষ্ঠা ও মূত্রের মধ্যে অবস্থান ও সেই অবস্থানকালে বিষ্ঠাজাত ক্রিমি দ্বারা দংশন এবং জননীর জঠরমধ্যস্থিত বহ্নির তাপ দ্বারা দাহ প্রভৃতির বিচার করিয়া কোন্ ব্যক্তি (এই সংসারের উপর) বিরক্তিকে না প্রাপ্ত হয় ? ॥ ২৮

স্বকীয়-বিগ্নুত্র-নিমজ্জনং যৎ *

চোত্তানগত্যা শয়নং তদা যৎ ।

বালগ্রহাদ্যাহতিভাক্ চ শৈশবং

বিচার্য্য কো বা বিরতিং ন যাতি ॥ ২৯

অর্থঃ । তদা (সেই সময়ে) যৎ (যে) স্বকীয়বিগ্নুত্রনিমজ্জনং (নিজের বিষ্ঠা এবং মূত্রের মধ্যে নিমগ্ন হইয়া থাকা) যৎ (যে) উত্তানগত্যা (উর্দ্ধদিকে পাদ করিয়া) নিম্নমুখে শয়নং (অবস্থান) চ (এবং) বালগ্রহাদ্যাহতিভাক্ (বালকগণের পীড়াদায়ক গ্রহগণের আক্রমণযুক্ত) শৈশবং (বাল্যকালকে) বিচার্য্য (বিচার করিয়া) কো বা (কোন্ ব্যক্তিই বা) বিরতিং (বৈরাগ্যকে) ন যাতি (প্রাপ্ত হয় না ?) ॥ ২৯

অনুবাদ । সেইকালে (অর্থাৎ জননীর জঠরমধ্যে বাসকালে) নিজেরই বিষ্ঠা এবং মূত্রের মধ্যে নিমগ্ন হইয়া যে অবস্থান, জননীর জঠরমধ্যে উর্দ্ধভাগে

* বিসর্জনং তৎ ; ইতি বা পাঠঃ ।

পাদশাসপূর্বক নিম্নে মুখ করিয়া যে অবস্থিতি, এবং (জন্মের পর) বালকগণের পীড়াপ্রদ বিবিধ গ্রহগণের উপদ্রবসঙ্কুল যে শৈশব, তাহা চিন্তা করিয়া কোন্ ব্যক্তি বৈরাগ্যকে প্রাপ্ত হয় না ? ॥ ২৯

স্বীয়ৈঃ পরৈস্তাড়নমজ্ঞভাবম্

অত্যন্তচাপল্যমসংক্রিয়াঞ্চ ।

কুমারভাবে প্রতিষিদ্ধবৃত্তিঃ

বিচার্য্য কো বা বিরতিং ন যাতি ॥ ৩০

অর্থঃ । কুমারভাবে (কোমারাবস্থাতে) স্বীয়ৈঃ (স্বজনকর্তৃক) পরৈঃ (এবং অনাত্মীয় জনকর্তৃক) তাড়নম্ (প্রহার প্রভৃতি) অজ্ঞভাবম্ (মূর্খতা) অত্যন্তচাপল্যম্ (অতিশয় চপলতা) অসংক্রিয়াঞ্চ (অনুচিত কার্য্য) প্রতিষিদ্ধ-বৃত্তিঃ চ (এবং নানাপ্রকার প্রতিষিদ্ধসেবা) বিচার্য্য (চিন্তা করিয়া) কো বা (কোন্ ব্যক্তিই বা) বিরতিং (বৈরাগ্যকে) ন যাতি (প্রাপ্ত হয় না) ॥ ৩০

অনুবাদ । (তাহার পর) কোমারাবস্থাতে আত্মীয় এবং অনাত্মীয় জন-কর্তৃক তাড়না, মূর্খতা, অতিশয় চাপলতা, অনুচিত কার্য্য ও নানাপ্রকার প্রতিষিদ্ধ সেবা (প্রভৃতির বিষয়) চিন্তা করিয়া কোন্ ব্যক্তি বৈরাগ্যকে প্রাপ্ত হয় না ? ॥ ৩০

মদোদ্ধতিং মান্যতিরস্কৃতিং চ

কামাতুরত্বং সময়াতিলজ্জনম্ ।

তাং তাং যুবতোদিতদৃষ্টচেষ্টাং

বিচার্য্য কো বা বিরতিং ন যাতি ॥ ৩১

অর্থঃ । মদোদ্ধতিং (যৌবনমদে ঔদ্ধত্য) মান্যতিরস্কৃতিং (মাননীয়জনকে তিরস্কার) কামাতুরত্বং (কামব্যাকুলতা) সময়াতিলজ্জনম্ (মর্য্যাদার অতিক্রম) তাং তাং (সেই সেই) যুবত্যা (যুবতির সহিত) উদিত-দৃষ্টচেষ্টাং (নব নব ভাবে আবির্ভূত দৃষ্ট চেষ্টা) বিচার্য্য (চিন্তা করিয়া) কো বা (কোন্ ব্যক্তিই বা) বিরতিং (বৈরাগ্যকে) ন যাতি (প্রাপ্ত হয় না ?) ॥ ৩১

অনুবাদ । যৌবন-মদে ঔদ্ধত্য, মান্যজনকে তিরস্কার করা, কামাতুরতা, মর্য্যাদা লঙ্ঘন এবং যুবতীর সহিত সমাগমকালে সেই সেই নূতন নূতন আবির্ভূত কুৎসিত চেষ্টা চিন্তা করিয়া কোন্ ব্যক্তি বৈরাগ্যকে প্রাপ্ত না হয় ? ॥ ৩১

বিরূপতাং সর্বজনাৎ অবজ্ঞাং

সর্বত্র দৈন্যং নিজবুদ্ধিহৈন্যম্ ।

বুদ্ধত্ব-সম্ভাবিত-দুর্দশাং তাং

বিচার্য কো বা বিরতিং ন য়তি ॥ ৩২

অর্থঃ । বিরূপতাং (জরাজনিত কদাকারতা) সর্বজনাং (সকল লোকের কাছে) অবজ্ঞাং (অবমান) সর্বত্র (সকল স্থলে) দৈন্যং (অবসন্নতা) নিজবুদ্ধি-হৈন্যং (নিজবুদ্ধির হীনতা) তাং (সেই) বুদ্ধত্ব-সম্ভাবিতদুর্দশাং (বুদ্ধত্বনিবন্ধন সম্ভাবিত দুর্বস্থাকে) বিচার্য (চিন্তা করিয়া) কো বা (কোন্ ব্যক্তিই বা বিরতিং (বৈরাগ্যকে) ন য়তি (প্রাপ্ত হয় না ?) ॥ ৩২

অনুবাদ । বিকৃত আকার, সকল লোকের নিকটে অবজ্ঞা, সকল স্থানেই নীনতা, নিজবুদ্ধির হ্রাস এবং সর্বজনপ্রসিদ্ধ বার্ককাবশে সম্ভাবিত দুর্বস্থার বিষয় চিন্তা করিয়া কোন্ ব্যক্তি না বৈরাগ্য প্রাপ্ত হয় ? ॥ ৩২

পিত্তজ্বরার্শঃক্ষয়গুল্মশূল-

শ্লেষ্মাদি-রোগোদিত-তীব্রদুঃখম্ ।

দুর্গন্ধমস্বাস্থ্যমনুচিন্তাং

বিচার্য কো বা বিরতিং ন য়তি ॥ ৩৩

অর্থঃ । পিত্তজ্বরার্শঃক্ষয়গুল্মশূল-শ্লেষ্মাদি-রোগোদিত-তীব্রদুঃখং (পিত্তজ্বর, মর্শঃ, ক্ষয়, গুল্ম, শূল ও শ্লেষ্মা প্রভৃতি রোগ হইতে উৎপন্ন তীব্র দুঃখ) দুর্গন্ধম্ (শরীরে দুর্গন্ধ), অস্বাস্থ্যং (সর্বদা স্বাস্থ্যের অভাব) অনুচিন্তাং (এবং নিরন্তর চিন্তা) বিচার্য (বিচার করিয়া) কো বা (কেই বা) বিরতিং (বৈরাগ্যকে) ন য়তি (প্রাপ্ত হয় না ?) ॥ ৩৩

অনুবাদ । (বুদ্ধাবস্থায়) পিত্তজ্বর, ক্ষয়, গুল্ম, শূল ও শ্লেষ্মপ্রভৃতি রোগ হইতে উৎপন্ন উৎকট দুঃখ [শরীরে] দুর্গন্ধ, [সর্বদা] স্বাস্থ্যের অভাব, এবং অপার চিন্তা এই সকল বিষয়] বিচার করিয়া কোন্ ব্যক্তি বৈরাগ্যকে প্রাপ্ত হয় না ? ॥ ৩৩

যমাবলোকোদিত-ভীতি-কম্পমর্শ্বব্যথোচ্ছ্বাসগতীশ্চ বেদনাম্ ।

প্রাণপ্রয়াণে পরিদৃশ্যমানাং বিচার্য কো বা বিরতিং ন য়তি ॥ ৩৪

অর্থঃ । যমাবলোকোদিত-ভীতি-কম্প-মর্শ্বব্যথোচ্ছ্বাসগতীঃ (যম দর্শনে ভয় হয়, সেই ভয় হইতে উৎপন্ন কম্প মর্শ্বব্যথা এবং উৎকট স্বাসের

ক্রিয়া) প্রাণপ্রয়ানে (প্রাণবিয়োগকালে) পরিদৃশ্যমানাং (সর্বস্থানেই দৃশ্যমান)
বেদনাং (যন্ত্রণা) বিচার্যা (বিচার করিয়া) কো বা (কোন্ ব্যক্তিই বা)
বিরতিং (বৈরাগ্যকে) ন যাতি (প্রাপ্ত হয় না ?) ॥ ৩৪

অনুবাদ । মৃত্যুসময়ে যমকে দেখিতে পাইয়া যে ভয় হয়, সেই ভয় হইতে
উৎপন্ন কম্প, মর্শ্বপীড়া, ক্লেশজনক উর্দ্ধ্বাসের গতি, এবং পরিদৃশ্যমান যন্ত্রণার
বিষয় বিচার করিয়া কোন্ ব্যক্তিই বা বৈরাগ্যকে প্রাপ্ত হয় না ? ॥ ৩৪

অঙ্গারনদ্যাং তপনে চ কুন্তী-

পাকেহপি বীচ্যামসিপত্রকাননে ।

দূতৈর্মমস্ত ক্রিয়মাণবাধাং

বিচার্য্য কো বা বিরতিং ন যাতি ৩৫

অর্থ । অঙ্গারনদ্যাং (তপ্ত অঙ্গারময় নদীতে) তপনে (তপন নামক
নরকে) কুন্তীপাকে (কুন্তীপাক নরকে) বীচ্যাং (বীচীনামক নরকে)
অসিপত্রকাননে (এবং অসিপত্রকানন নরকে) যমস্ত (যমের) দূতৈঃ (দূতগণ-
কর্তৃক) ক্রিয়মাণবাধাং (উপাদিত হইয়া থাকে যাহা, সেই ক্লেশ) বিচার্য্য
(বিচার করিয়া) কো বা কোন্ ব্যক্তিই বা) বিরতিং (বৈরাগ্যকে) ন যাতি
(প্রাপ্ত হয় না ?) ॥ ৩৫

অনুবাদ । অঙ্গার-নদী, তপন, কুন্তীপাক, বীচী এবং অসিপত্রকানন নামে
প্রসিদ্ধ নরকসমূহে যমদূতগণ [দেহপাতের পর পাপিগণকে] যে ক্লেশ প্রদান
করিয়া থাকে, তাহা বিচার করিয়া কোন্ ব্যক্তি বৈরাগ্যকে প্রাপ্ত না হয় ? ॥ ৩৫

পুণ্যক্ষয়ে পুণ্যকৃতো নভঃশ্চৈ-

নিপাত্যমানান্ শিথিলীকৃতাজ্জান্ ।

নক্ষত্ররূপেণ দিবশ্চ্যুতাংস্তান্

বিচার্য্য কো বা বিরতিং ন যাতি ॥ ৩৬

অর্থ । পুণ্যক্ষয়ে (স্বর্গভোগের হেতু পুণ্যের ক্ষয় হইলে) নভঃশ্চৈঃ
(আকাশস্থিত [অধিকারী] পুরুষগণ কর্তৃক) নিপাত্যমানান্ (অধোদেশে
নিঃক্ষিপ্ত) শিথিলীকৃতাজ্জান্ (বিবশ-দেহ) নক্ষত্ররূপেণ (নক্ষত্রের রূপে) দিবঃ
(আকাশ হইতে) চ্যুতান্ (নিপতিত) পুণ্যকৃতঃ (পুণ্যকারী ব্যক্তিগণকে)
বিচার্য্য (বিচার করিয়া) কো বা (কোন্ ব্যক্তিই বা) বিরতিং (বৈরাগ্যকে)
ন যাতি (প্রাপ্ত হয় না ?) ॥ ৩৬

অনুবাদ । [স্বর্গভোগের অমূল] পুণ্যরাশি [ভোগাবসানে] ক্ষয়প্রাপ্ত হইলে, আকাশস্থিত পুরুষগণকর্তৃক [অধোদেশে বলপূর্বক] প্রক্ষিপ্ত, বিকলাঙ্গ এবং নক্ষত্ররূপে আকাশ হইতে বিচ্যুত পুণ্যকার্য্যকারী জীবগণের [অবস্থা] বিচার করিলে কোন্ ব্যক্তিই বা বৈরাগ্য প্রাপ্ত না হয় ? ॥ ৩৬ ॥

বায়ুর্কবহীন্দ্রমুখান্ সুরেন্দ্রান্
ঈশোগ্রভীত্যা গ্রথিতান্তরঙ্গান্ ।
বিপক্ষলোকৈঃ পরিদূয়মানান্
বিচার্য্য কো বা বিরতিং ন যাতি ॥ ৩৭

অর্থ । ঈশোগ্রভীত্যা গ্রথিতান্তরঙ্গান্ (পরমেশ্বর হইতে উগ্রভয়ে ষাছাদের অন্তঃকরণ নিতান্ত কাতর) বিপক্ষলোকৈঃ (শত্রুগণকর্তৃক) পরিদূয়মানান্ (পরিভূত) বায়ুর্কবহীন্দ্রমুখান্ (বায়ু সূর্য্য বহ্নি ও ইন্দ্রপ্রভৃতি) সুরেন্দ্রান্ (শ্রেষ্ঠদেবগণকে) বিচার্য্য (বিচার করিয়া) কো বা (কোন্ ব্যক্তিই বা) বিরতিং (বৈরাগ্যকে) ন যাতি (প্রাপ্ত না হয় ?) ॥ ৩৭

অনুবাদ । পরমেশ্বর হইতে উগ্রভয়ে [সর্বদা] কাতর চিত্ত [এবং অসুর প্রভৃতি] শত্রুগণের দ্বারা নিত্য পরিভূত বায়ু, সূর্য্য, অগ্নি ও ইন্দ্র প্রভৃতি শ্রেষ্ঠদেবগণের [অবস্থা] বিচার করিয়া কোন্ ব্যক্তিই বা বৈরাগ্য প্রাপ্ত হয় না ? ॥ ৩৭

শ্রুত্যা নিরুক্তং সুখতারতম্যং

কীটান্তমারভ্য মহামহেশম্ ।*

ঔপাধিকং তত্ত্ব ন বাস্তবং চেদ্

আলোচ্য কো বা বিরতিং ন যাতি ॥ ৩৮

অর্থ । মহামহেশং (পরমেশ্বর হইতে) আরভ্য (আরম্ভ করিয়া) কীটান্তম্ (কীট পর্য্যন্ত) সুখতারতম্যং (সুখের তারতম্য) শ্রুত্যা (বেদের দ্বারা) নিরুক্তং (নির্দ্ধারিত) তৎ ত্ব (সেই সুখও) ঔপাধিকং (অজ্ঞানরূপ উপাধি নবন্ধন) বাস্তবং (পারমার্থিক) ন ত্ব (কিন্তু নহে) আলোচ্য (বিচার করিয়া) কো বা (কোন্ ব্যক্তিই বা) বিরতিং (বৈরাগ্যকে) ন যাতি (প্রাপ্ত না হয় ?) ॥ ৩৮

* ব্রহ্মান্তমারভ্য মহামহেশম্—ইতি বা পাঠঃ ।

অনুবাদ । পরমেশ্বর হইতে আরম্ভ করিয়া কীট পর্য্যন্ত সৃষ্টির তারতম্য
শক্তিতে উক্ত আছে ; সেই সৃষ্টিও (অজ্ঞানকল্পিত দেহাদি) উপাধিরই ধর্ম,
উহা (আত্মার) পারমার্থিক ধর্ম নহে, ইহা বিচার করিয়া কোন্ ব্যক্তিরই বা
বৈরাগ্য প্রাপ্ত না হয় ? ॥ ৩৮

সালোক্য-সামীপ্য-সরূপতাদি-

ভেদস্তু সংকর্ম্মবিশেষসিদ্ধঃ ।

ন কর্ম্মসিদ্ধস্তু তু নিত্যতেতি

বিচার্য্য কো বা বিরতিং ন যাতি ॥ ৩৯

অর্থ । সালোক্য-সামীপ্য-সরূপতাদি-ভেদঃ (সালোক্য অর্থ ইষ্টদেবতার
সহিত এক লোকে অবস্থান, সামীপ্য অর্থ অভীষ্ট দেবতার নিকটে অবস্থিতি,
এবং সরূপ্য অর্থ ইষ্টদেবতার গ্রায় মূর্ত্তি ধারণ করা প্রভৃতি মুক্তির যত প্রকার
ভেদ, তাহা) সংকর্ম্মবিশেষসিদ্ধঃ (উৎকৃষ্ট কর্ম্মবিশেষ হইতেই উৎপন্ন হয়) ।
কর্ম্মসিদ্ধস্তু (যাহা কর্ম্মদ্বারা সিদ্ধ, তাহার) নিত্যতা (অবিনাশিত্ব) ন (হইতে
পারে না), বিচার্য্য (ইহা বিচার করিয়া) কো বা (কোন্ ব্যক্তিরই বা)
বিরতিং (বৈরাগ্যকে) ন যাতি (প্রাপ্ত হয় না ?) ॥ ৩৯

অনুবাদ । ইষ্টদেবতার সহিত একলোকে অবস্থান, ইষ্টদেবতার নিকটে
থাকা এবং ইষ্টদেবতার সদৃশ মূর্ত্তিলাভ করা প্রভৃতি যে কয়প্রকার মুক্তি
আছে, সে সকলই সংকর্ম্ম-বিশেষের ফল । যাহা কর্ম্মের ফল, তাহা কখনই
নিত্য হইতে পারে না ; ইহা বিচার করিয়া কোন্ ব্যক্তিরই বা (গোণ মুক্তির
প্রতি) বৈরাগ্য প্রাপ্ত হয় না ? ॥ ৩৯

যত্রাস্তি লোকে গতি-তারতম্যম্

উচ্চাবচছান্নিতমত্র তৎ কৃতম্ ।

যথেষ তদ্বৎ খলু দুঃখমস্তী-

ত্যালোচ্য কো বা বিরতিং ন যাতি ॥ ৪০

অর্থ । লোকে (সংসারে) যত্র (যেখানে) উচ্চাবচছান্নিতং (উৎকর্ষ
ও অপকর্ষযুক্ত) গতিতারতম্যং (ফলের ন্যূনাধিকভাব) অস্তি (বিদ্যমান আছে),
তৎ (সেই বস্তু) কৃতং (কার্য্য অর্থাৎ বিনাশ-স্বভাব) অস্তি (হইয়া থাকে) ;
ইহ (এই লোকে) যথা (যেমন, দুঃখং সেই বস্তু পরিণামে দুঃখকর) [হইয়া থাকে] ;
তদ্বৎ (সেইরূপ) অন্তত্রাপি লোকে (অন্য লোকেও) অস্তি (হইয়া থাকে) ;

ইতি (ইহা) আলোচ্য (বিচার করিয়া) কো বা (কোন্ ব্যক্তিই বা)
বিরতিং (বৈরাগ্যকে) ন যাতি (প্রাপ্ত হয় না ?) ॥ ৪০

অনুবাদ । সংসারে যে স্থানে উৎকর্ষ ও অপকর্ষযুক্ত গতি-তারতম্য অর্থাৎ
ফলের ন্যূনাধিকভাব বিद्यমান আছে, সেই স্থানই কৃত অর্থাৎ কৰ্ম দ্বারা
নিষ্পাদিত এবং পরিণামে দুঃখের হেতু হয়—এই নিয়ম যেমন এই পৃথিবীতে
পরিদৃষ্ট হয়, সেইরূপ লোকান্তরেও পরিদৃষ্ট হইয়া থাকে, এই প্রকার চিন্তা করিয়া
কোন্ ব্যক্তিই বা বৈরাগ্য প্রাপ্ত না হয় ? ॥ ৪০

কো নাম লোকে পুরুষো বিবেকী

বিনশ্বরে তুচ্ছস্থে গৃহাদৌ ।

কুর্যাদ্রতিং নিত্যমবেক্ষমাণো

বুথৈব মোহান্ত্রিয়মাণজন্তুন্ ॥ ৪১

অর্থঃ । লোকে (এই পৃথিবীতে) কো নাম (কোন্) বিবেকী (বিবেক-
সম্পন্ন) পুরুষঃ (মনুষ্য) বিনশ্বরে (বিনাশস্বভাব) তুচ্ছস্থে (অল্পমাত্র স্থানের
হেতুভূত) গৃহাদৌ (গৃহ প্রভৃতিতে) ত্রিয়মাণান্ (মরণশীল) জন্তুন্ (প্রাণিগণকে)
নিত্যং (সর্বদা) অবেক্ষমাণঃ (বিলোকন করিয়াও) রতিং (অনুরাগ) মোহাৎ
(মোহবশতঃ) কুর্যাৎ (করিতে পারে ?) ॥ ৪১

অনুবাদ । এই সংসারে প্রতিদিন প্রাণিগণ মরিতেছে, ইহা দেখিয়াও,
কোন্ বিবেকশালী পুরুষ যৎসামান্য স্থানের হেতু অথচ বিনশ্বর গৃহ প্রভৃতি ভোগ্য
বস্তুতে মোহবশতঃ আসক্ত হইয়া থাকে ? ॥ ৪১

স্থখং কিমস্ত্যত্র বিচার্যমাণে

গৃহেহপি বা যোষিতি বা পদার্থে ।

মায়াতমোহক্লীকৃতচক্ষুষো যে

ত এব মুহন্তি বিবেকশূন্যাঃ ॥ ৪২

অর্থঃ । বিচার্যমাণে (বিচার করিয়া দেখিলে) অত্র (এই সংসারে)
গৃহে অপি (ঘর বাড়ী প্রভৃতিতেও) বা (অথবা) যোষিতি (রমণীতে) বা পদার্থে
(অত্যাশ্রয় বস্তুতে) স্থখং (স্থখ) অস্তি কিং (আছে কি ?) (কিংবা) যে (বাহারা)
মায়াতমোহক্লীকৃতচক্ষুষঃ (মায়া অর্থাৎ অবিচাররূপ অন্ধকারে লুপ্তদৃষ্টি), তে এব
(তাহারা) বিবেকশূন্যাঃ (সদসদবোধহীন হইয়া) মুহন্তি (মোহ প্রাপ্ত হইয়া
থাকে) ॥ ৪২

অনুবাদ । বিচার করিয়া দেখিলে, এই সংসারে, গৃহ কিংবা স্ত্রী অথবা অন্যান্য ভোগ্য বস্তুতে কি সুখলাভ হয় ? মায়াময় অন্ধকারে যাহাদের চক্ষু অন্ধ হইয়াছে, সেই সকল বিবেকশূন্য ব্যক্তিই (এই সকল বিষয়ে) মোহ প্রাপ্ত হইয়া থাকে ॥ ৪২

অবিচারিতরমণীয়ং সর্বমুদ্বন্ধর-ফলোপমং ভোগ্যম্ ।

অজ্ঞানামুপভোগ্যং ন তু তজ্জ্ঞানাম্..... ॥ ৪৩

অর্থ । অবিচারিতরমণীয়ং (যে পর্য্যন্ত বিচার করিয়া দেখা না যায়, সেই পর্য্যন্ত রমণীয়) উদ্বন্ধরফলোপমং (ডুমুরের ফলের ত্রায়) ভোগ্যং (ভোগের বিষয় বস্তু) অজ্ঞানাং (বিবেকশূন্য ব্যক্তিগণেরই) উপভোগ্যং (উপভোগের যোগ্য হইয়া থাকে), জ্ঞানাং (বিবেকশালী ব্যক্তিগণের) তৎ (তাহা) ন তু (উপভোগের যোগ্য নহে) ॥ ৪৩

অনুবাদ । [জগতের] সকল প্রকার ভোগ্য বস্তুই যে পর্য্যন্ত বিচারিত না হয়, সে পর্য্যন্তই রমণীয় [বলিয়া প্রতীত হইয়া থাকে] ; শেষে উদ্বন্ধর ফলের ত্রায় [আশ্বাদে বিরস হইয়া থাকে] ; যাহারা অজ্ঞ, তাহাদের নিকটেই ঐসকল বস্তু উপভোগ্য হইয়া থাকে ; কিন্তু যাহারা জ্ঞানী, তাহাদের নিকট ঐ সকল বস্তু উপভোগ্য হইতে পারে না ॥ ৪৩

গতেহপি তোয়ে স্মধিরং কুলীরো

হাতুং হশক্তো ত্রিয়তে বিমোহাৎ ।

যথা, তথা গেহসুখানুঘতঃ

বিনাশমায়াতি নরো ভ্রমেণ ॥ ৪৪

অর্থ । তোয়ে (জল) গতে (চলিয়া গেলে) অপি (ও) স্মধিরং (গর্ভকে) হাতুং (পরিত্যাগ করিতে) অশক্তঃ (অসমর্থ হইয়া) কুলীরঃ (কর্কট), যথা (যেমন), বিমোহাৎ (মোহবশতঃ) ত্রিয়তে (মরিয়া যায়), তথা (সেইরূপই) গেহসুখানুঘতঃ (গৃহস্থে আসক্ত) নরঃ (মনুষ্য) ভ্রমেণ (মোহবশতঃ) বিনাশং (মৃত্যুকে) আয়াতি (প্রাপ্ত হইয়া থাকে) ॥ ৪৪

অনুবাদ । জল চলিয়া বাইলেও, কর্কট মায়া-মোহবশতঃ গর্ভ ছাড়িতে অসমর্থ হইয়া পরিণামে যেমন মৃত্যু প্রাপ্ত হয়, সেইরূপ গৃহ প্রভৃতির সূখে আসক্তচিত্ত মানবও মোহবশতঃ মৃত্যু প্রাপ্ত হইয়া থাকে ॥ ৪৪

কোশক্রিমিস্তস্তভিরাঅদেহম্
 আবেষ্ট্য চাবেষ্ট্য চ গুপ্তিমিচ্ছন্ ।
 স্বয়ং বিনির্গন্তুমশক্ত এব সন্
 ততস্তদন্তে ত্রিয়তে চ লগ্নঃ ॥ ৪৫

অর্থঃ । গুপ্তিম্ (আত্মগোপন) ইচ্ছন্ (ইচ্ছা করিয়া) কোশক্রিমিঃ (গুটি-
 পোকা) তস্তভিঃ (নিজদেহনির্মিত সূত্রসমূহের দ্বারা) আবেষ্ট্য আবেষ্ট্য চ
 (আপনাকে বার বার বেষ্টিত করিয়া) স্বয়ং (নিজে) বিনির্গন্তুং (বাহিরে
 যাইতে) অশক্তঃ (অসমর্থ) এব (ই) সন্ (হইয়া) ততঃ (তাহার পর) তদন্তে
 (তাহার মধ্যে) লগ্নঃ (সংলগ্ন থাকিয়াই) ত্রিয়তে (মরিয়া যায়) ॥ ৪৫

অনুবাদ । গুটিপোকা আত্মরক্ষার্থ [নিজদেহপ্রসূত] সূত্রসমূহের দ্বারা
 বারংবার [আপনাকে] বেষ্টিত করিয়া, সেই সূত্রনির্মিত 'আত্মকারাগারের মধ্যে
 সংলগ্ন হইয়া পড়ে এবং পরিশেষে তাহার মধ্য হইতে বাহির হইতে অসমর্থ
 হইয়া স্বয়ং মৃত্যুমুখে পতিত হয় ॥ ৪৫

যথা, তথা পুত্রকলত্রমিত্র-
 স্নেহানুবন্ধৈগ্রথিতো গৃহস্থঃ ।
 কদাপি বা তান্ পরিমুচ্য গেহাদ্
 গন্তুং ন শক্তো ত্রিয়তে মূর্ধৈব ॥ ৪৬

অর্থঃ । যথা (যেমন গুটিপোকা), তথা (সেইরূপই) গৃহস্থঃ (গৃহস্বামী)
 পুত্রকলত্রমিত্রস্নেহানুবন্ধৈঃ (পুত্র পত্নী ও মিত্র প্রভৃতির প্রতি স্নেহরূপ বন্ধনের
 দ্বারা) গ্রথিতঃ (বন্ধ হইয়া) কদাপি (কোন সময়েও) তান্ (তাহাদিগকে)
 পরিমুচ্য (পরিত্যাগপূর্বক) গেহাৎ (গৃহ হইতে) গন্তুং (বাহিরে যাইতে)
 ন শক্তঃ (সমর্থ না হইয়া) মূর্ধৈব (অকৃতকার্য হইয়াই) ত্রিয়তে (মৃত্যুকে প্রাপ্ত
 হয়) ॥ ৪৬

অনুবাদ । গুটিপোকার অবস্থা যেরূপ, সেইরূপই গৃহস্থ ব্যক্তিও পুত্র
 পত্নী এবং মিত্র প্রভৃতির প্রতি যে স্নেহরূপ বন্ধন, তাহা দ্বারা বন্ধ হইয়া, কোন
 কালেই সেই পুত্র পত্নী প্রভৃতিকে পরিত্যাগপূর্বক গৃহ হইতে বাহিরে যাইতে
 (অর্থাৎ বিরক্তিসহকারে সন্ন্যাস অবলম্বন করিতে) সমর্থ হয় না এবং (শেষে)
 যথাই মৃত্যুবশ প্রাপ্ত হয় ॥ ৪৬

কারণ্‌গৃহস্য চ কো বিশেষঃ

প্রদৃশতে সাধু বিচার্যমাণে ।

মুক্তেঃ প্রতীপত্বমিহাপি পুংসঃ

কান্তাস্থখাভ্যুথিত-মোহপাশৈঃ ॥ ৪৭

অন্বয় । সাধু (ভাল করিয়া) বিচার্যমাণে (বিচার করিয়া দেখিলে) অশ্রু (এই গৃহের) চ (এবং) (কারণ্‌গৃহস্য কারণ্‌গৃহের) কঃ (কি) বিশেষঃ প্রদৃশতে (পার্থক্য) (পরিদৃষ্ট হয়) ? ইহ (এইখানে) অপি (ও) কান্তাস্থখাভ্যুথিত-মোহপাশৈঃ (কান্তার সমাগম-জনিত যে স্থখ, তাহাতে মোহরূপ রজ্জু-সমূহের দ্বারা) মুক্তেঃ (মোক্ষের) প্রতীপত্বং (প্রতিকূলতা) পুংসঃ (পুরুষের) [সর্বদাই হইয়া থাকে] ॥ ৪৭

অনুবাদ । ভাল করিয়া বিচার করিয়া দেখিলে, এই গৃহের সহিত কারণ্‌গৃহের কি পার্থক্য পরিদৃষ্ট হইয়া থাকে ? [কিছুই নহে।] কারণ, এই গৃহেও কান্তার সমাগম হইতে সমুৎপন্ন স্থখের মোহরূপ বন্ধনরজ্জুসমূহের দ্বারা পুরুষের মুক্তির প্রতিবন্ধ হইয়াই থাকে ॥ ৪৭

গৃহস্পৃহা পাদনিবন্ধ-শৃঙ্খলা

কান্তাস্থতাশা পটুকণ্ঠপাশঃ ।

শীর্ষে পতদ্ভূর্যশনির্হি সাক্ষাৎ

প্রাণান্তহেতুঃ প্রবলা ধনাশা ॥ ৪৮

অন্বয় । গৃহস্পৃহা (গৃহটিকে ভোগ করিবার ইচ্ছাই) পাদনিবন্ধশৃঙ্খলা (পাদদেশে সংলগ্ন শিকল), কান্তাস্থতাশা (পত্নী ও পুত্রের আশাই) পটুকণ্ঠপাশঃ (কণ্ঠের সূদৃঢ় রজ্জু), প্রবলা (অতিশয়) ধনাশা (ধনার্জ্জনের আশাই) শীর্ষে (মাথার উপর) পতদ্ভূর্যশনিঃ (পতনশীল বহু বজ্রের আয়) প্রাণান্তহেতুঃ (প্রাণ-বিনাশের কারণ) [হইয়া থাকে] ॥ ৪৮

অনুবাদ । গৃহভোগ করিবার আশাই [এখানে] চরণদেশে সংলগ্ন শিকলের সদৃশ, কান্তা ও পুত্র-বিষয়ে যে আশা, তাহাই [এখানে] সূদৃঢ় কণ্ঠপাশের সদৃশ, এবং অতিশয় ধনের আশাই [এখানে] মস্তকের উপর পতনোন্মুখ বহু বজ্রের আয় প্রাণবিনাশের কারণস্বরূপ বিद्यমান রহিয়াছে । [সুতরাং কারণ্‌গৃহ হইতে এই গৃহের পার্থক্য কিছুই নাই, ইহাই তাৎপর্য] ॥ ৪৮

কাম-দোষঃ ।

আশাপাশ-শতেন পাশিতপদো নোখাতুমেব ক্ষমঃ

কাম-ক্রোধ-মদাদিভিঃ প্রতিভট্টেঃ সংরক্ষ্যমাণোহনিশম্ ।

সংমোহাবরণেন গোপনবতঃ সংসার-কারাগৃহাদ্

নির্গন্তুং ত্রিবিধৈষণাপরবশঃ কঃ শরুয়াদ্রাগিষু ॥ ৪৯

অনুয় । রাগিষু (আনক্ত ব্যক্তিগণের মধ্যে) আশাপাশশতেন (আশারূপ শত রজ্জুদ্বারা) পাশিতপদঃ (বন্ধচরণ) উখাতুমেব (উঠিতেই) ন ক্ষমঃ (অসমর্থ) কামক্রোধমদাদিভিঃ (কাম ক্রোধ এবং মদ প্রভৃতি রূপ) প্রতিভট্টেঃ (বিপক্ষ মৈনিকপুরুষগণ কর্তৃক) অনিশং (সর্বদা) সংরক্ষ্যমাণঃ (সম্যক্ প্রকারে রক্ষিত) ত্রিবিধৈষণাপরবশঃ (পুত্রৈষণা বিত্রৈষণা এবং লোকৈষণা এই ত্রিবিধ কামনার পরবশ) কঃ (কোন্ ব্যক্তি) সংমোহাবরণেন (সম্যক্ প্রকার মোহরূপ আবরণ দ্বারা) গোপনবতঃ (সুরক্ষিত) সংসারকারাগৃহাৎ (সংসার-স্বরূপ কারাগৃহ হইতে) নির্গন্তুং (বাহির হইতে) শরুয়াৎ (সমর্থ হইতে পারে ?) ॥৪৯ ।

অনুবাদ । [সংসারে] আনক্ত ব্যক্তিগণের মধ্যে কোন্ ব্যক্তি এই সংসার-রূপ কারাগৃহ হইতে নির্গত হইতে পারে ? [অর্থাৎ কেহই নির্গত হইতে পারে না] কারণ, এই সংসাররূপ কারাগৃহ সংমোহরূপ আবরণ [ভিত্তি] দ্বারা সুরক্ষিত, আর সেই রাগী ব্যক্তিও আশারূপ শত রজ্জু দ্বারা বন্ধচরণ ; সুতরাং তাহার উত্থান করিবারও শক্তি নাই । তাহার উপর কাম ক্রোধ মদ প্রভৃতি শত্রুসেনাগণ তাহাকে সর্বদা আবদ্ধ করিয়া রাখিয়াছে এবং পুত্রৈষণা বিত্রৈষণা ও লোকৈষণা-রূপ ত্রিবিধ এষণা তাহাকে সকল প্রকারে অধীন করিয়া রাখিয়াছে ॥ ৪৯

কামান্ধকারেণ নিরুদ্ধদৃষ্টি-

মূহৃত্যসত্যপ্যবলাস্বরূপে ।

নহৃদ্ধৃষ্টি রসতঃ সতো বা

সুখত্ব-দুঃখত্ব-বিচারগাস্তি ॥ ৫০

অনুয় । কামান্ধকারেণ (কামরূপ অন্ধকারের দ্বারা) নিরুদ্ধদৃষ্টিঃ (যাহার

দৃষ্টি নিরুদ্ধ হইয়াছে, এইরূপ ব্যক্তি) অসতি অপি (বস্তুতঃ সৎ না হইলেও)
 অবলাস্বরূপে (স্ত্রীরূপ বিষয়ে) মুহুতি (মোহ প্রাপ্ত হয়) । অন্ধদৃষ্টেঃ (যাহার
 দৃষ্টিশক্তি লুপ্ত হইয়াছে, এইরূপ ব্যক্তির) অসতঃ (অবিद्यমান বস্তুর) সতো বা
 (অথবা বিद्यমান বস্তুর মধ্যে) সুখত্ব-দুঃখত্ব-বিচারণা (এইটি সুখের কারণ বা
 এইটি দুঃখের কারণ, এইপ্রকার যথার্থ বিবেক) ন অস্তি (হয় না) ॥৫০

অনুবাদ । কামরূপ অন্ধকারে যাহার দৃষ্টিকে নিরুদ্ধ করিয়াছে, সেই ব্যক্তিই
 অসৎকল্প অবলা-বিষয়ে মোহপ্রাপ্ত হইয়া থাকে । যাহার দেখিবার শক্তি নাই,
 সে ব্যক্তির সুখ এবং দুঃখের হেতুতা সদ্বস্তুতে আছে বা অসদ্বস্তুতে আছে,
 এই প্রকার বিচার করিবার শক্তি নাই ॥৫০

শ্লেষ্মোদগারি মুখং শবন্মলবতী নাসাশ্রমল্লোচনং

শ্বেদশ্রাবি মলাভিপূর্ণমভিতো দুর্গন্ধদুষ্টং বপুঃ ।

অন্যদ্বন্তু মশক্যমেব মনসা মন্তুং কচিন্নাইতি

স্ত্রীরূপং কথমীদৃশং স্মনসাং পাত্নীভবেন্নেত্রয়োঃ ॥ ৫১

অর্থ । মুখং (মুখ) শ্লেষ্মোদগারি (শ্লেষ্মা উদগিরণ করে), নাসা (নাসিকা)
 শবন্মলবতী (কন্দরূপমলশ্রাবিণী), লোচনং (নয়ন) অশ্রমং (অশ্রবারিযুক্ত),
 বপুঃ (শরীর) শ্বেদশ্রাবি (অনবরত শ্বেদক্ষরণযুক্ত), মলাভিপূর্ণং (ভিতরে বিষ্ঠা
 ও মূত্র প্রভৃতি মলে পরিপূর্ণিত) অভিতঃ (সর্বাংশেই) দুর্গন্ধদুষ্টং (দুর্গন্ধরূপ
 দোষদ্বারা দুষ্ট), অন্যৎ (আর যাহা কিছু [অর্থাৎ স্ত্রীলোকের সঙ্গন্ধে], তাহা)
 বন্তুং (বলিতে) অশক্যং (পারা যায় না), কচিৎ (জায় কোন কোন
 দোষবিষয়) মন্তুং (মনে করিতেও) ন আইতি (পারা যায় না), ইদৃশং (এই প্রকার)
 স্ত্রীরূপং (রমণীমূর্তি) স্মনসাং (স্মবুদ্ধি ব্যক্তিগণের) কথং (কি প্রকারে)
 নেত্রয়োঃ (নয়নদ্বয়ের) পাত্নীভবেন্ (দেখিবার যোগ্য বলিয়া বিবেচিত হইয়া
 থাকে ?) ॥৫১

অনুবাদ । মুখ শ্লেষ্মা উদগিরণ করিয়া থাকে, নাসিকা মলযুক্ত, নয়ন অশ্র-
 যুক্ত, শরীর সর্বাংশেই শ্বেদশ্রাবি, অভ্যন্তর মলপরিপূর্ণ এবং দুর্গন্ধযুক্ত ; ইহা
 ছাড়া অন্যত্র যাহা কিছু দোষ আছে, তাহা মুখেও বলা যায় না, এবং মনেও চিন্তা
 করা যায় না ; এইত হইল স্ত্রীলোকের স্বরূপ । এই স্ত্রীরূপ কি প্রকারে স্মবুদ্ধি
 ব্যক্তিগণের নয়নদ্বয়ের দর্শনযোগ্য বলিয়া প্রতীত হয় ? ॥ ৫১

দূরাদবেক্ষ্যাগ্নিশিখাং পতঙ্গো

রম্যত্ব-বুদ্ধ্যা বিনিপত্য নশ্যতি ।

যথা তথা নষ্টদৃগেব সূক্ষ্মং

কথং নিরীক্ষেত বিমুক্তিমার্গম্ ॥৫২

অর্থঃ । যথা (যেমন) পতঙ্গঃ (পোকামাকড়্ প্রভৃতি) দূরাৎ (দূর হইতে)
গ্নিশিখাং (আগুনের শিখাকে) রম্যত্ববুদ্ধ্যা (ইহা অতি সুন্দর, এই প্রকার
রূপে) অবেক্ষ্য (বিলোকন করিয়া), বিনিপত্য (তাহার উপর পড়িয়া)
শ্যতি (নাশ প্রাপ্ত হয়), তথা (সেইরূপ) নষ্টদৃগ্ (মূঢ়বুদ্ধি) এব (নিশ্চয়ই) সূক্ষ্মং
হৃজ্জের) বিমুক্তিমার্গং (মুক্তির উপায়) কথং (কি প্রকারে) নিরীক্ষেত
বিলোকন করিবে ?) ॥৫২

অনুবাদ । পতঙ্গ যেমন দূর হইতে অগ্নিশিখাকে পরম সুন্দর বুদ্ধিতে
লোকন পূর্বক [তাহার উপর] নিপতিত হইয়া মৃত্যুমুখে পতিত হয় । [এবং
হৃজের সেই অগ্নিশিখা হইতে বিমুক্তির পথ দেখিতে পায় না], মূঢ়চেতা ব্যক্তিও
ইরূপই অতি দুঃখের মুক্তির পথ কি প্রকারে বিলোকন করিতে পাইবে ? ॥ ৫২

কামেন কান্তাং পরিগৃহ্য তদ্বৎ

জনোহপ্যয়ং নশ্যতি নষ্টবুদ্ধিঃ । *

মাংসাস্থিমজ্জামলমূত্রপাত্রং

স্মিয়ং তথা + রম্যতয়েব পশ্যতি ॥ ৫৩

অর্থঃ । তদ্বৎ (সেই প্রকার) অয়ং (এই) জনঃ (প্রাকৃত ব্যক্তি) অপি
ও) নষ্টবুদ্ধিঃ (মূঢ়চেতা হইয়া) কামেন (কামের বশে) কান্তাং (স্ত্রীকে
মণীয়) পরিগৃহ্য (বিবেচনা করিয়া) নশ্যতি (বিনাশ প্রাপ্ত হইয়া থাকে),
যথা (আরও) মাংসাস্থিমজ্জামলমূত্রপাত্রং (মাংস, অস্থি, মজ্জা, মল ও মূত্রের
আধারস্বরূপ) স্মিয়ং (স্ত্রীলোককে) রম্যতয়া (রমণীয় বলিয়া) এব (ই) পশ্যতি
দেখিয়া থাকে) ॥ ৫৩

অনুবাদ । এই প্রাকৃত (অর্থাৎ বিষয়াসক্ত) ব্যক্তিও সেইরূপ কামের বশেই
স্ত্রীকে) কান্তা (অর্থাৎ পরম রমণীয়া) বলিয়া বোধ করে এবং সেই জন্তই
বিনাশ প্রাপ্ত হইয়া থাকে । [আরও দ্রষ্টব্য এই যে, ঈদৃশ ব্যক্তিই] মাংস
অস্থি, মজ্জা, মল ও মূত্রের আধারস্বরূপ স্ত্রীমূর্ত্তিকে মনোহারিণী বলিয়া
বিলোকন করিয়া থাকে ॥৫৩

* নষ্টদৃষ্টিঃ ইতি বা পাঠঃ ।

+ স্মিয়ং স্বয়ম্ ইতি বা পাঠঃ

কাম এব যমঃ সাক্ষাৎকাস্তা বৈতরণী নদী ।

বিবেকিনাং মুমুকুণাং নিলয়স্তু যমালয়ঃ ॥ ৫৪

অর্থঃ । বিবেকিনাং (বিবেকসম্পন্ন) মুমুকুণাং (মোক্ষার্থীব্যক্তিগণের পক্ষে) কামঃ (কাম) এব (ই) সাক্ষাৎ (প্রত্যক্ষ) যমঃ (মৃত্যুর অধিষ্ঠাত্রী দেবতা), কাস্তা (স্ত্রীই) বৈতরণী (যমালয়ের দ্বারে বহনশীল বৈতরণী নামে প্রসিদ্ধ) নদী (নদীর গায়), [এবং] নিলয়ঃ (গৃহ) তু (ই) যমালয়ঃ (যমগৃহের গায়) [প্রতীত হইয়া থাকে] ॥ ৫৪

অনুবাদ । বিবেকসম্পন্ন মোক্ষার্থীব্যক্তিগণের সমক্ষে কামই সাক্ষাৎ যম, স্ত্রীই বৈতরণী নদী এবং নিজ গৃহই সাক্ষাৎ যমের গৃহ বলিয়া বিবেচিত হইয়া থাকে ॥ ৫৪

যমালয়ে বাপি গৃহেহপি নো নৃণাং

তাপত্রয়ক্লেশনিবৃত্তিরস্তি ।

কিঞ্চিৎ সমালোক্য তু তদ্বিরামং

দুখাত্মনা পশ্চতি মূঢ়লোকঃ ॥ ৫৫

অর্থঃ । যমালয়ে (যমের ভবনে), অপি বা (অথবা) গৃহে (নিজভবনে) নৃণাং (মনুষ্যগণের) তাপত্রয়ক্লেশনিবৃত্তিঃ (তাপত্রয়জনিত ক্লেশের বিরাম) ন অস্তি (হয় না), মূঢ়লোকঃ তু (মূঢ়বুদ্ধিলোক কিন্তু) কিঞ্চিৎ (কোন একটা বস্তুকে) সুখাত্মনা (সুখহেতুস্বরূপে) সমালোক্য (দর্শন করিয়া) তদ্বিরামং (সেই তাপত্রয়ের নিবৃত্তি) পশ্চতি (ভাবিয়া থাকে) ॥ ৫৫

অনুবাদ । মনুষ্যগণের, কি যমালয়ে, অথবা নিজগৃহে—কোন স্থলেই তাপত্রয়জনিত ক্লেশের নিবৃত্তি হয় না। কিন্তু, মূঢ়বুদ্ধি ব্যক্তি কোন একটা বস্তুকেই [সংস্কারবশে] সুখের কারণ বলিয়া বিবেচনা করে, আর তাহা দ্বারাই উক্ত তাপত্রয়জনিত ক্লেশের নিবৃত্তি হইবে, এই প্রকার বিবেচনা করিয়া থাকে ॥ ৫৫

যমস্য কামস্য চ তারতম্যং

বিচার্যমাণে মহদস্তি লোকে ।

হিতং করোত্যস্য যমোহপ্রিয়ঃ সন্

কামস্তনর্থং কুরুতে প্রিয়ঃ সন্ ॥ ৫৬

অর্থঃ । লোকে (জগতে) বিচার্যমাণে (বিচার করিয়া দেখিলে) যমস্য

(যমের) কামশ্চ চ (এবং কামের মধ্যে) মহৎ (অতিশয়) ভারতম্যং (বৈষম্য)
অস্তি (আছে) ; যমঃ (যম) অশ্চ (এই পুরুষের) অপ্ৰিয়ঃ সন্ (অপ্ৰিয়
হইয়াও) হিতং (শুভ) করোতি (করিয়া থাকে), কামঃ (কাম) তু (কিন্তু)
প্ৰিয়ঃ সন্ (প্ৰিয় হইয়াও) অনর্থং (অহিত) করোতি (করিয়া থাকে) ॥ ৫৬

অনুবাদ । বিচার করিয়া দেখিলে [বুদ্ধিতে পারা যায় যে,] যমও কাম
এই উভয়ের মধ্যে অতিশয় বৈষম্য বিद्यমান রহিয়াছে । [কারণ] যম অপ্ৰিয়
হইয়াও হিত সাধন করিয়া থাকে, কিন্তু কাম প্ৰিয় হইয়াও অহিতই করিয়া
থাকে ॥৫৬

যমোহসতামেব করোত্যনর্থং

সতাং তু সৌখ্যং কুরুতে হিতঃ সন্ ।

কামং সতামেব গতিং নিরুদ্ধন

করোত্যনর্থং হসতাং নু কথা কা ॥ ৫৭

অর্থ । যমঃ (যম) অসতাং (অসাধু জনগণের) এব (ই) অনর্থং
(অনিষ্ট) করোতি (করিয়া থাকে) ; তু (কিন্তু) সতাং (সাধুগণের) হিতঃ সন্
(অনুকূলকারী হইয়া) সৌখ্যং (সুখ) করোতি (সম্পাদন করিয়া থাকে) ;
তু (কিন্তু) কামঃ (কাম) সতাং (সাধুগণের) এব (ই) গতিং (সদ্গতিকে)
নিরুদ্ধন (রুদ্ধ করিয়া) অনর্থং করোতি (অহিত সম্পাদন করিয়া থাকে) ;
অসতাং (অসাধুগণের) কা (কি) কথা [বক্তব্য ?] ॥ ৫৭

অনুবাদ । যম অসাধুগণেরই অনিষ্ট বিধান করিয়া থাকে, কিন্তু (যম)
সাধুগণের অনুকূল হইয়া সুখেরই বিধান করিয়া থাকে । কিন্তু কাম যখন
সাধুগণেরও সদ্গতি রুদ্ধ করিয়া অহিতই সাধন করে, তখন অসাধুগণের [যে
অহিতা চরণ করে, সে বিষয়ে আর] কথা কি ? ॥ ৫৭

বিশ্বস্য বুদ্ধিং স্বয়মেব কাঙ্ক্ষন

প্রবর্তকং কামিজনং সসর্জ ।

তেনৈব লোকঃ পরিমুহমানঃ

প্রবর্ততে চন্দ্রমসেব চাক্ষিঃ ॥ ৫৮

অর্থ । [বিধাতা] স্বয়মেব (নিজেই) বিশ্বস্য বিশ্বের) বুদ্ধিং (বুদ্ধি)
কাঙ্ক্ষন (কামনা করিয়া) প্রবর্তকং (প্রবৃত্তির জনক) কামিজনং (কামনাযুক্ত
জীবসমূহকে) সসর্জ (সৃষ্টি করিয়াছেন) ; তেন (সেই হেতু দ্বারা) এব (ই)

পরিমুহমানঃ (মোহপ্রাপ্ত হইয়া) লোকঃ (এই জীব-নিবহ) চন্দ্রমসা (চন্দ্রের দ্বারা) অন্ধিঃ (সমুদ্রের) ইব (গ্রায়) প্রবর্দ্ধতে (প্রকৃষ্টরূপে বৃদ্ধি প্রাপ্ত হইতেছে) ॥ ৫৮

অনুবাদ । [বিধাতা] নিজেই সংসারের বৃদ্ধি কামনা করিয়া প্রবৃত্তির হেতুস্বরূপ কামিজনকে সৃষ্টি করিয়াছেন । সেই কামের দ্বারাই মোহপ্রাপ্ত হইয়া চন্দ্রের দ্বারা সমুদ্রের গ্রায় এই জীবলোক বৃদ্ধিপ্রাপ্ত হইতেছে ॥ ৫৮

কামো নাম মহান্ জগদ্ভ্রময়িতা স্থিত্বাহন্তরঙ্গৈ স্বয়ং

স্ত্রীপুংসাবিতরেতরাঙ্গকগুণৈর্হাসৈশ্চ ভাবৈঃ স্ফুটম্ ।

অন্যোন্য়ং পরিমোহ নৈজতমসা প্রেমানুবন্ধেন তৌ

বন্ধা ভ্রাময়তি প্রপঞ্চরচনাং সংবর্দ্ধয়ন্ ব্রহ্মহা ॥ ৫৯

অর্থঃ । কামঃ (কন্দর্প) নাম (প্রসিদ্ধ) মহান্ (বড়) জগদ্ভ্রময়িতা (সংসারের ভ্রান্তিজনক) অন্তরঙ্গৈ (আঙ্গুর মধ্যহৃদয়ে) পরং (প্রকৃষ্টভাবে) স্থিত্বা (অবস্থিতি করিয়া) ইতরেতরাঙ্গকগুণৈঃ (পরস্পরের অঙ্গে স্থিত লাবণ্য প্রভৃতি গুণের সাহায্যে) হাসৈঃ (হাস্তের দ্বারা) ভাবৈঃ (নানাপ্রকার মনোবিকারের দ্বারা) তৌ (সেই) স্ত্রীপুংসৌ (স্ত্রী ও পুরুষকে) অন্যোন্য়ং (পরস্পর) পরিমোহ (অতিশয়রূপে মোহের বশীভূত করিয়া) নৈজতমসা (স্বকীয় তমোগুণের দ্বারা) প্রেমানুবন্ধেন (প্রেমরূপ বন্ধনরজ্জু দ্বারা) বন্ধা (বন্ধন করিয়া) প্রপঞ্চরচনাং (বিশ্বসৃষ্টিকে) সংবর্দ্ধয়ন্ (বাড়াইয়া) ব্রহ্মহা (পরব্রহ্মের বিরোধানকারী হইয়া) ভ্রাময়তি (ভ্রান্তি করাইতেছে) ॥ ৫৯

অনুবাদ । কামই জগতের বিষম ভ্রান্তিজনক । এই কাম হৃদয়ে অবস্থিত হইয়া স্ত্রী এবং পুরুষকে পরস্পর অনুরাগরূপ রজ্জু দ্বারা আবদ্ধ করিয়া থাকে , কামজনিত মোহই সেই অনুরাগরূপ রজ্জুর উপাদান হইয়া থাকে ; এই কামের প্রভাবে স্ত্রী ও পুরুষ পরস্পরের অঙ্গের সৌন্দর্য্যপ্রভৃতি গুণ দেখিতে পায়, ইহারই প্রভাবে তাহাদের পরস্পরের হাস্ত ভাব ও ভঙ্গি তাহাদের মোহের কারণ হইয়া থাকে ; এইরূপে কামই তাহাদিগকে পরিমোহিত করিয়া এবং মোহক্লিত প্রেম-রজ্জু দ্বারা বন্ধন করিয়া প্রপঞ্চ-রচনাকে বাড়াইবার জন্ত ভ্রান্তি-জালের মধ্যে নিক্ষেপ করিতেছে । [এই কারণে] কামই ব্রহ্মহা (অর্থাৎ পরব্রহ্মের স্বরূপকে আবৃত করিয়া রাখিয়াছে) ॥ ৫৯

অতোহন্তরঙ্গস্থিত-কামবেগাদ্

ভোগ্যে প্রবৃত্তিঃ স্বতএব সিদ্ধা ।

সর্বস্য জন্তোঞ্চ বমন্থথা চেদ্

অবোধিতার্থেষু কথং প্রবৃতিঃ ॥ ৬০

অর্থঃ । অতঃ (এই কারণে) সর্বত্র (সকল) জন্তোঃ (জীবের) অন্তরঙ্গ-
স্থিতকামবেগাৎ (হৃদয়স্থিত কামের বেগবশতঃ) ভোগ্যে (ভোগ্য বস্তুতে)
প্রবৃতিঃ (অভিরুচি) স্বতএব (স্বভাবতই) সিদ্ধা (প্রসিদ্ধ আছে) ; চেৎ (যদি)
অন্থথা (ইহা না হইবে), [তবে] অবোধিতার্থেষু (যাহার স্বরূপ জ্ঞাত নহে,
তাদৃশ বস্তুসমূহে) প্রবৃতিঃ (অভিরুচি) কথং (কি প্রকারে হইয়া থাকে) ॥ ৬০

অনুবাদ । এই কারণেই সকল জীবেরই হৃদয়স্থিত কামের বেগবশতই
ভোগ্যবস্তুতে প্রবৃতি স্বতই উৎপন্ন হইয়া থাকে । তাহা যদি না হইবে, তবে
অজ্ঞাত বস্তু প্রতি ভোগ করিবার এই প্রকার প্রবৃতি (লোকের) কি প্রকারে
হইয়া থাকে ? ॥ ৬০

তেনৈব সর্বজন্তুনাং কামনা বলবত্তরা ।

জীর্ঘ্যত্যাপি চ দেহেহস্মিন্ কামনা নৈব জীর্ঘ্যতি ॥* ৬১

অর্থঃ । তেন (সেই কারণে) এব (ই) সর্বজন্তুনাং (সকল প্রাণীর)
কামনা (ভোগাভিলাষ) বলবত্তরা (অতিশয় প্রবল) [ভবতীতি শেষঃ (হইয়া
থাকে)] । অস্মিন্ (এই) দেহে (শরীর) জীর্ঘ্যতি [জীর্ণ হইলে] অপি (ও)
কামনা (ভোগাভিলাষ) নৈব জীর্ঘ্যতি (জীর্ণ হয় না) ॥ ৬০

অনুবাদ । সেই কারণে প্রভাবেই সকল প্রাণীর কামনা অতিশয় প্রবল
হইয়া থাকে । [এমন কি], এই দেহ জীর্ণ হইলেও, কামনা কিছুতেই জীর্ণ
হয় না ॥ ৬১

অবেক্ষ্য বিষয়ে দোষং বুদ্ধিযুক্তো বিচক্ষণঃ ।

কামপাশেন যো মুক্তঃ স মুক্তোঃ পথগোচরঃ ॥ † ৬২

অর্থঃ । যঃ (যে) বুদ্ধিযুক্তঃ (বুদ্ধিমান্) বিচক্ষণঃ (বিবেচক ব্যক্তি)
বিষয়ে (ভোগ্য বস্তুতে) দোষং (দোষ) অবেষ্য (বিচার করিয়া) কাম-
পাশেন (কামপাশ হইতে) মুক্তোঃ (মুক্তিলাভ করিয়াছে), সঃ (সেই ব্যক্তিই)
মুক্তোঃ (মুক্তির) পথগোচরঃ (পথে আকৃষ্ট হইয়া থাকে) ॥ ৬২

অনুবাদ । যে বুদ্ধিমান্ এবং বিবেচক ব্যক্তি এইরূপে ভোগ্য বস্তুতে দোষ
দর্শন করিয়া কাম-পাশ হইতে মুক্তিলাভ করে, সেই ব্যক্তিই মুক্তির পথে
আকৃষ্ট হইতে পারে ॥ ৬২

* জীর্ঘ্যতে ইতি পাঠঃ ॥

† পথগোচরঃ ইতি বা পাঠঃ ॥

কামবিজয়োপায়ঃ ।

কামস্য বিজয়োপায়ং সূক্ষ্মং বক্ষ্যাম্যহং সতাম্ ।

সংকল্পস্য পরিত্যাগ উপায়ঃ সুলভো মতঃ ॥ ৬৩

অর্থঃ । অহং (আমি) সতাম্ (সজ্জনগণের) সূক্ষ্মং (দুর্বিজ্ঞেয়) কামশ্চ (কামের) বিজয়োপায়ং (জয় করিবার উপায়) বক্ষ্যামি (বলিব) । সংকল্পশ্চ (সংকল্পের) পরিত্যাগঃ (পরিবর্জন) সুলভঃ (অনায়াসসাধ্য) উপায়ঃ (কাম বিজয়ের উপায়) মতঃ (বিবেচিত হইয়া থাকে) ॥ ৬৩

অনুবাদ । আমি সজ্জনগণের (পক্ষে) কামবিজয়ের দুর্জ্ঞেয় উপায় (কি, তাহা) বলিব । সংকল্পের পরিত্যাগই কামবিজয়ের অনায়াসসাধ্য উপায় বলিয়া বিবেচিত হইয়া থাকে ॥ ৬৩

শ্রুতে দৃষ্টেহপি বা ভোগ্যে যস্মিন্ কস্মিংশ্চ বস্তুনি ।

সমীচীনত্ব-ধীত্যাগাৎ কামো নোদেতি কহিচিৎ ॥ ৬৪

অর্থঃ । শ্রুতে (শ্রুতিগোচরই হউক) দৃষ্টেহপি বা (দৃষ্টিগোচরই বা হউক) যস্মিন্ (যে) কস্মিন্ (কোন) ভোগ্যে (ভোগের সাধন) বস্তুনি (বস্তুতে) সমীচীনত্ব-ধীত্যাগাৎ (ইহা সমীচীন এই প্রকার বুদ্ধি পরিহার করিলে) কহিচিৎ (কোন কালেই) কামঃ (কাম) ন উদেতি (উদিত হইতে পারে না) ॥ ৬৪

অনুবাদ । শ্রুতিগোচরই হউক বা দৃষ্টিগোচরই হউক, যে কোন ভোগ্য বস্তু আছে, তাহাতে—ইহা সমীচীন (অর্থাৎ আমার সুখসাধন) এইপ্রকার বুদ্ধি পরিত্যাগ করিতে পারিলে, কোন সময়েই আর কাম উদিত হইতে পারে না ॥ ৬৪

কামস্য বীজং সঙ্কল্পঃ সঙ্কল্পাদেব জায়তে ।

বীজে নষ্টেহক্ষুর ইব তস্মিন্ নষ্টে বিনশ্চতি ॥ ৬৫

অর্থঃ । সঙ্কল্পঃ (অভিলাষ) কামশ্চ (কামের) বীজং (বীজ = উৎপত্তির কারণ) ; [অতএব] সঙ্কল্লাৎ (সঙ্কল্প হইতে) এব (ই) [কামঃ] জায়তে (জন্মে) । বীজে নষ্টে (বীজ নষ্ট হইলে) অক্ষুরঃ ইব (অক্ষুরবৎ) তস্মিন্ নষ্টে (তাহা—সঙ্কল্প, নষ্ট হইলে) [কামঃ] বিনশ্চতি (বিনষ্ট হইয়া যায়) ॥ ৬৫

অনুবাদ । অভিলাষ কামের বীজ [স্বরূপ] ; [অতএব] সফল হইতেই কাম উৎপন্ন হইয়া থাকে ; বীজ নষ্ট হইলে অক্ষরের গায়, অভিলাষ বিনষ্ট হইলে কামও বিনষ্ট হইয়া থাকে ॥ ৬৫

ন কোহপি সম্যক্ত্বুধিয়া বিনৈব
ভোগ্যং নরঃ কাময়িতুং সমর্থঃ ।

যতস্ততঃ কামজয়েচ্ছুরেতাং

সম্যক্ত্বুধিঃ বিষয়ে নিহন্তাৎ ॥ ৬৬

অর্থ । কোহপি (কোনও) নরঃ (মনুষ্য) সম্যক্ত্বুধিয়া (ইহা সম্যক্, এই প্রকার বুদ্ধির) বিনা (বিরহে) ভোগ্যং (ভোগসাধন বস্তুকে) কাময়িতুং (কামনা করিতে) সমর্থঃ (যোগ্য) ন এব (হইতেই পারে না) । যতঃ (যেহেতু এই প্রকার) ততঃ (সেই কারণে) কামজয়েচ্ছুঃ (কাম বিজয় করিতে অভিলাষী) বিষয়ে (ভোগ্য বস্তুতে) এতাং (এই) সম্যক্ত্বুধিঃ (চারুতাজ্ঞান) নিহন্তাৎ (বিনষ্ট করিবে) ॥ ৬৬

অনুবাদ । যে কারণে কোন মনুষ্যই এই সম্যক্ত্ব-বোধ অর্থাৎ চারুতা জ্ঞান ব্যতিরেকে ভোগ্য বিষয়কে কামনা করিতে সমর্থ নহে ; সেই কারণে, যে ব্যক্তি কামকে জয় করিতে ইচ্ছা করে, সে ভোগ্য বিষয়ে এই চারুতা-বুদ্ধিকে বিনষ্ট করিবে ॥ ৬৬

ভোগ্যে নরঃ কামজয়েচ্ছুরেতাং

সুখত্ববুদ্ধিঃ বিষয়ে নিহন্তাৎ ।

যাবৎ সুখত্ব-ভ্রমধীঃ পদার্থে

তাবন্ন জেতুং প্রভবেদ্ধি কামম্ ॥ ৬৭

অর্থ । কামজয়েচ্ছুঃ (কামকে জয় করিতে অভিলাষী) নরঃ (মনুষ্য) বিষয়ে (ভোগ্য বস্তুতে) এতাং (এই) সুখত্ববুদ্ধিঃ (ইহা সুখের হেতু এইপ্রকার বুদ্ধিকে) নিহন্তাৎ (অবশ্যই বিনষ্ট করিবে) । হি (যেহেতু) যাবৎ (যেকাল পর্য্যন্ত) পদার্থে (ভোগ্য বস্তুতে) সুখত্বভ্রমধীঃ অস্তি (ইহা সুখের হেতু, এইরূপ ভ্রান্তিজ্ঞান) থাকে, তাবৎ (সেই কাল পর্য্যন্ত) কামম্ (কামকে) জেতুং (জয় করিতে) ন প্রভবেৎ (কেহই সমর্থ হয় না) ॥ ৬৭

অনুবাদ । কামকে জয় করিতে যাহার অভিলাষ আছে, সেই ব্যক্তি ভোগ্য বস্তুতে এই সুখকরত্ব-জ্ঞান পরিহার করিবে । কারণ, যে পর্য্যন্ত ভোগ্য বস্তুতে

এইরূপ স্বথহেতু-জ্ঞানরূপ ভ্রান্তি বিদ্যমান থাকিবে, সেই পর্য্যন্ত কেহই কামকে জয় করিতে সমর্থ হইবে না ॥ ৬৭

সংকল্পানুদয়ে হেতুৰ্যথাভূতার্থদর্শনম্ ।

অনর্থচিন্তনং চাভ্যাং নাবকাশোহস্মি বিদ্যতে ॥ ৬৮

অর্থ্য । যথাভূতার্থ-দর্শনং (যে বস্তুর যাহা প্রকৃত স্বরূপ, তাহারই বোধ) অনর্থচিন্তনং চ (এবং তাহা দ্বারা যে অনর্থ হইতে পারে, তাহার চিন্তা, এই দুইটিই) সংকল্পানুদয়ে (সংকল্পের অনুদয়ের প্রতি) হেতুঃ (কারণ) ; আভ্যাং (এই দুইটির দ্বারা) অস্মি (এই কামের) অবকাশঃ (অবসর) ন বিদ্যতে থাকে না) ॥ ৬৮

অনুবাদ । বস্তুর যাহা প্রকৃত স্বভাব, তাহার বোধ এবং ঐ বস্তু হইতে যে প্রকার অনিষ্ট হইবার সম্ভাবনা, তাহারও বোধ—এই দ্বিবিধ জ্ঞানই সংকল্পের অনুদয়ের প্রতি কারণ [হইয়া থাকে] ; এই দুইপ্রকার বোধ দ্বারা কামের অবসর লুপ্ত হইয়া থাকে (অর্থাৎ এই দুইপ্রকার বোধ হৃদয়ে জাগরুক থাকিলে, কামের উদয় হইবার কোন সম্ভাবনা থাকে না) ॥ ৬৮

রত্নে যদি শিলাবুদ্ধির্জায়তে বা ভয়ং ততঃ ।

সমীচীনত্বধীনৈতি নোপাদেয়ত্বধীরপি ॥ ৬৯

অর্থ্য । রত্নে (কোন রত্নে) যদি (যদি) শিলাবুদ্ধিঃ (ইহা প্রস্তুত মাত্র এই প্রকার বুদ্ধি) জায়তে (উৎপন্ন হয়), ততঃ (তাহা হইতে) ভয়ং বা (ভয়ও) জায়তে (উৎপন্ন হয়) । সমীচীনত্বধীঃ (তাহা হইলে ইহা সমীচীন এই প্রকার বুদ্ধি) উপাদেয়ত্বধীঃ অপি (অথবা ইহাকে উপাদান করিতে হইবে, এই প্রকার বুদ্ধিঃ) ন এতি (কখনও মনে উদ্ভিত হয় না) ॥ ৬৯

অনুবাদ । কোন রত্নে যদি ইহা প্রস্তুত মাত্র, এইপ্রকার জ্ঞান হয়, অথবা ঐ রত্ন হইতে যদি কোন [অনিষ্ট-সম্ভাবনা প্রযুক্ত] ভয় হয়, তাহা হইলে, তাহাতে কাহারও, ইহা সমীচীন এবং ইহা উপাদেয় এইপ্রকার বুদ্ধি উৎপন্ন হয় না ॥ ৬৯

যথার্থদর্শনং বস্তুন্যনর্থস্যাপি চিন্তনম্ ।

সংকল্পস্যাপি কামস্য তদ্বোধোপায় ইষ্যতে ॥ ৭০

অর্থ্য । তৎ (সেই কারণে) বস্তুনি (ভোগ্য বস্তুতে) যথার্থদর্শনং (তাহার যাহা প্রকৃত স্বরূপ, তাহার জ্ঞান) অনর্থস্য চিন্তনং চ (এবং তাহা হইতে যে অনর্থ ঘটিতে পারে, তাহার চিন্তা) সংকল্পস্য (সংকল্পের) কামস্য অপি চ (এবং কামেরও) বোধোপায়ঃ (বিধ্বংস করিবার হেতু বলিয়া) ইষ্যতে (অভিযুক্ত হইয়া থাকে) ॥ ৭০

অনুবাদ । সেই কারণে ভোগ্য বস্তুবিষয়ে যথার্থ দৃষ্টি (অর্থাৎ ঐ ভোগ্য
র যাহা প্রকৃত স্বভাব তাহার অবধারণ) এবং ঐ ভোগ্য বস্তু হইতে যে
নর্থপাত হইতে পারে, তাহার চিন্তা, এই দুইটিই সংকল্প এবং কামকে বিধ্বস্ত
রিবার হেতু বলিয়া অভিমত হইয়া থাকে ॥ ৭০

ধনদোষঃ ।

ধনং ভয়নিবন্ধনং সততদুঃখসংবন্ধনং

প্রচণ্ডতর-কর্দনং স্ফুটিত-বন্ধুসংবন্ধনম্ ।

বিশিষ্টগুণবাধনং কৃপণধী-সমারাধনং

ন মুক্তিগতিসাধনং ভবতি নাপি হৃচ্ছোধনম্ ॥ ৭১

অর্থ । ধনং (অর্থ) ভয়নিবন্ধনং (ভীতির হেতু); [স্তত্রাং] সততদুঃখ-
ংবন্ধনং (সর্বদা দুঃখ বাড়াইয়া থাকে), স্ফুটিত-বন্ধুসংবন্ধনং (বন্ধুবিচ্ছেদকে
ড়াইয়া থাকে) প্রচণ্ডতরকর্দনং (ইহা অতি ভয়ঙ্কর বিড়ম্বনার হেতু), বিশিষ্ট-
গুণবাধনং (উৎকৃষ্ট গুণসমূহের বাধাকর) এবং কৃপণধীসমারাধনং (একমাত্র
পণেরই অভিরুচিজনক), [উহা] মুক্তিগতিসাধনং (মুক্তিপ্রাপ্তির উপায়) ন
বতি (হইতে পারে না), হৃচ্ছোধনং (চিত্তশুদ্ধিরও হেতু) ন অপি [ভবতি
তি শেষঃ = হইতে পারে না] ॥ ৭১

অনুবাদ । ধন ভয়ের হেতু এবং সতত দুঃখবৃদ্ধির কারণ হয় । ইহা অতি
য়ঙ্কর বিড়ম্বনারই হেতু । ইহা বন্ধুবিচ্ছেদের বৃদ্ধিকর, ইহা উৎকৃষ্ট গুণ
কলকে বিলুপ্ত করে, কেবল কৃপণগণেরই মতি ইহাতে আকৃষ্ট হইয়া থাকে ।
ই ধন মুক্তিলাভের কারণ হয় না এবং ইহা চিত্তশুদ্ধিরও কারণ হইতে
ারে না ॥ ৭১

রাজ্ঞো ভয়ং চৌরভয়ং প্রমাদাদ্

ভয়ং তথা জ্ঞাতিভয়ং চ বস্তুতঃ ।

ধনং ভয়গ্রাস্তমনর্থমূলং

যতঃ সূতাং তন্ন স্থথায় কল্পতে ॥ * ৭২

অর্থ । রাজ্ঞঃ (নৃপতি হইতে) ভয়ং (ভয়) চৌরভয়ং (চোর হইতে

* নৈব স্থথায় কল্পতে ইতি বা পাঠঃ ।

হয়) প্রমাদাৎ (অসাবধানতা হইতে) ভয়ং (ভয়), তথা (সেই প্রকার) জ্ঞাতি
ভয়ং (জ্ঞাতি হইতে ভয়)। বস্তুতঃ (যথার্থ কথা এই যে,) যতঃ (যে হেতু) ধন
(অর্থ) ভয়গ্রস্ত (ভয়সমূহ দ্বারা গ্রস্ত) অনর্থমূলং (এবং দুঃখের কারণ) ; ত
(সেইজন্য) সুখায় (সুখের হেতু বলিয়া) ন কল্পতে (কল্পিত হইতে পারে না) ॥ ৭১

অনুবাদ । (ধন থাকিলে) নৃপতি হইতে ভয়, চোর হইতে ভয়, অসাব
ধানতা হইতে ভয় এবং জ্ঞাতিজন হইতেও ভয় হইয়া থাকে । বাস্তবপক্ষে
যেহেতু ধন এইরূপে (নানাপ্রকার) ভয়েরই হেতু এবং অনর্থেরই নিদান
সেইজন্য (বিবেকসম্পন্ন ব্যক্তির পক্ষে) ইহা (কখনই) সুখের হেতু বলিয়
বিবেচিত হয় না ॥ ৭২

অর্জ্জনে রক্ষণে দানে ব্যয়ে বাপি চ বস্তুতঃ ।

দুঃখমেব সদা নৃগাং ন ধনং সুখসাধনম্ ॥ ৭৩

অর্থ । নৃগাং (মনুষ্যাগণের) অর্জ্জনে (ধনের অর্জ্জনে) রক্ষণে (রক্ষায়)
দানে (দানে), ব্যয়েহপি বা (কিংবা ব্যয়েও), সদা (সকল সময়েই) দুঃখং (দুঃখের
কারণ) এব (ই) ; ধনং (এইরূপ ধন) বস্তুতঃ (বাস্তবিকপক্ষে) সুখসাধনং
(সুখের সাধন)। [ন ভবতীতি শেষঃ] (হইতে পারে না) ॥ ৭৩

অনুবাদ । অর্জ্জনে রক্ষণে দানে এবং ব্যয়ে ধন মনুষ্যাগণের
সর্বদাই দুঃখেরই কারণ হইয়া থাকে ; এই কারণে, ইহা সুখের সাধন
হয় না ॥ ৭৩

সতামপি পদার্থস্য লাভাল্লোভঃ প্রবর্ততে ।

বিবেকো লুপ্যতে লোভাৎ তস্মিন্ লুপ্তে বিনশ্যতি ॥ ৭৪

অর্থ । সতাং (সাধুগণের) অপি (ও) পদার্থস্য (ধনের) লাভাৎ (লাভ
হইতে) লোভঃ (লোভ) প্রবর্ততে (উদিত হয়)। লোভাৎ (লোভ হইতে)
বিবেকঃ (সদসদ্বিচারবুদ্ধি) লুপ্যতে (লুপ্ত হইয়া থাকে), তস্মিন্ (সেই
বিবেক) লুপ্তে (বিনষ্ট হইলে) বিনশ্যতি (লোক বিনাশ প্রাপ্ত হয়) ॥ ৭৪

অনুবাদ । ধনলাভ হইলে (ক্রমে) সাধুগণেরও লোভের উদয় হইয়া থাকে ।
লোভ হইলে, ইহা সৎ, উহা অসৎ এইপ্রকার বুঝিবার শক্তিরূপ যে বিবেক
বুদ্ধি, তাহাও বিলুপ্ত হয় ; বিবেক বিলুপ্ত হইলে মনুষ্য বিনাশ প্রাপ্ত হয় ॥ ৭৪

দহত্যালাভে নিঃস্বত্বং লাভে লোভো দহত্যমুম্ ।

তস্মাৎ সন্তাপকং বিভ্রং কস্য সৌখ্যং প্রযচ্ছতি ॥ ৭৫

অর্থ । অলাভে (ধনলাভ না হইলে) নিঃস্বত্বং (দারিদ্র লোককে) দহতি

(তাপিত করিয়া থাকে), লাভে (লাভ হইলে) অমুং (এই ব্যক্তিকেই)
লোভঃ (লোভ) দহতি (তাপিত করে) ; তস্মাৎ (সেই কারণে) সস্তাপকং
(সস্তাপজনক) বিভ্রং (ধন) কশ্চ (কোন্ ব্যক্তির) সৌখ্যং (সুখ) প্রযচ্ছতি
(দান করে ?) ॥ ৭৫

অনুবাদ । যদি লব্ধ না হয়, তাহা হইলে ধনই দরিদ্র ব্যক্তিকে তাপযুক্ত
করিয়া থাকে ; আবার ধনলাভ হইলে, লোভ (উদিত হইয়া) হৃদয়ের সস্তা-
পকর হইয়া থাকে । এই কারণে (সর্বপ্রকারেই) (হৃদয়ের) তাপজনক ধন
(এই সংসারে) কাহার সুখ প্রদান করে ? অর্থাৎ কাহারও সুখের হেতু
হয় না ॥ ৭৫

ভোগেন মত্ততা জন্তোর্দানেন পুনরুদ্ভবঃ ।

বৃথৈবোভয়থা বিভ্রং নাস্ত্যেব গতিরন্থথা ॥ ৭৬

অন্বয় । ভোগেন (ধনভোগের দ্বারা) জন্তোঃ (জীবের) মত্ততা (গর্ভ)
[ভবতি ইতি শেষঃ = হইয়া থাকে], দানেন (দানের দ্বারা) পুনরুদ্ভবঃ (দানজনিত
পুণ্যের প্রভাবে সুখভোগ করিবার জন্ত—আবার জন্মলাভ) [ভবতীতিশেষঃ =
হইয়া থাকে] । উভয়থা (উভয় প্রকারেই) বিভ্রং (ধন) বৃথা (নিরর্থক) এব
(নিশ্চয়) ; অন্থথা (ধনের এই দুই প্রকার ছাড়া অন্য কোন) গতিঃ (পরিণতি)
ন অস্তি এব (নিশ্চয়ই বিদ্যমান নাই) ॥ ৭৬

অনুবাদ । ধনের ভোগে জীবের মত্ততা উপস্থিত হয়, (সং বা অসং
কার্যে) দান করিলে (তজ্জনিত পুণ্য বা পাপের প্রভাবে সুখ বা দুঃখ ভোগ
করিবার জন্ত) পুনর্বার জন্মলাভ করিতে হয় । উভয় প্রকারেই ধন বৃথা ;
এই দুইটি প্রকার ছাড়া ধনের অন্য কোনও প্রকার পরিণতি নাই ॥ ৭৬

ধনেন মদবুদ্ধিঃ স্ত্যান্মদেন স্মৃতিনাশনম্ ।

স্মৃতিনাশাদ্ বুদ্ধিনাশো বুদ্ধিনাশাৎ প্রণশ্চতি ॥ ৭৭

অন্বয় । ধনেন (ধনের দ্বারা) মদবুদ্ধিঃ (অভিমানের) বুদ্ধি) স্ত্যৎ (হইয়া
থাকে), মদেন (অভিমানের দ্বারা) স্মৃতিনাশনং (স্মৃতির বিলোপ হয়), স্মৃতি-
নাশাৎ (স্মৃতির বিলোপ হইলে) বুদ্ধিনাশঃ (বুদ্ধির নাশ হয়), বুদ্ধিনাশাৎ
(বুদ্ধির নাশ হইলে) প্রণশ্চতি (লোক বিনাশপ্রাপ্ত হইয়া থাকে) ॥ ৭৭

অনুবাদ । ধন হইলে (লোকের) অভিমান বাড়িয়া থাকে ; অভিমান
অতিশয় বাড়িলে, উহা স্মৃতিকে বিলুপ্ত করিয়া দেয় । স্মৃতির বিলোপ হইলে
বুদ্ধিনাশ হয় এবং বুদ্ধিনাশ হইলে লোক বিনাশ প্রাপ্ত হইয়া থাকে ॥ ৭৭

সুখয়তি ধনমেবেত্যন্তরাশা-পিশাচ্যা

দৃঢ়তরমুপগৃঢ়ো মূঢ়লোকো জড়াত্মা ।

নিবসতি তদুপান্তে সন্ততং প্রেক্ষমাণো

ব্রজতি তদপি পশ্চাৎ প্রাণমেতশ্চ হ্রত্বা ॥ ৭৮

অর্থঃ । ধনং (ধন) সুখয়তি (সুখ প্রদান করে) এব (ই) ইতি (এই প্রকার) অন্তরাশা-পিশাচ্যা (মনের মধ্যে স্থিত আশারূপধারিণী পিশাচী কর্তৃক) দৃঢ়তরং (অতি দৃঢ়ভাবে) উপগৃঢ়ঃ (আলিঙ্গিত হইয়া) জড়াত্মা (জড়তাবাপন্ন) মূঢ়লোকঃ (মূর্খ ব্যক্তি) তদুপান্তে (ধনের কাছে) সন্ততং (সর্বদা) প্রেক্ষমাণঃ (দেখিতে দেখিতে) নিবসতি (বাস কবে) ; পশ্চাৎ (শেষে কিন্তু) তং (সেই ধনই) এতশ্চ (এই মূঢ়ব্যক্তির) প্রাণং (প্রাণকে) হ্রত্বা (হরণ করিয়া) ব্রজতি (চলিয়া যায়) ॥ ৭৮

অনুবাদ । ধন আমাদের সুখপ্রদান করিবেই—এই প্রকার হৃদয়স্থিত যে আশা, তাহাই পিশাচী স্বরূপে মূঢ় ব্যক্তিকে গাঢ়রূপে আলিঙ্গন করিয়া থাকে ; তাহারই বশে জড়বুদ্ধি মূর্খ মনুষ্য ধনের দিকে চাহিয়া সর্বদাই ধনের নিকট বাস করিতে থাকে । শেষে কিন্তু, সেই ধনই তাহার প্রাণবিনাশের হেতু হয় এবং তাহাকে পরিত্যাগ করিয়া চলিয়া যায় ॥ ৭৮

সম্পন্নোহন্ধবদেব কিঞ্চিদপরং নো বীক্ষতে চক্ষুষা

সন্দিবর্জিতমার্গ এব চরতি প্রোৎসাহিতো বালিশৈঃ !

তস্মিন্বেব মুহুঃ স্থলন্ প্রতিপদং গহ্বাক্কূপে পত-

ত্যস্মাক্ত্ব-নিবর্তকৌষধমিদং দারিদ্র্যমেবাঞ্জনম্ ॥ ৭৯

অর্থঃ । সম্পন্নঃ (ধনী) অন্ধবৎ (অন্ধের ত্যায়) অপরং (অল্প) কিঞ্চিৎ (কোন বস্তুই) চক্ষুষা (নয়ন দ্বারা) নো বীক্ষতে এব (দেখিতেই পায় না), সন্দিঃ (সাধুগণকর্তৃক) বর্জিতমার্গে (পরিত্যক্ত পথে) এব (ই) বালিশৈঃ (মূর্খগণ কর্তৃক) প্রোৎসাহিতঃ (প্রকৃষ্টরূপে উৎসাহিত হইয়া) চরতি (বিচরণ করিয়া থাকে) । তস্মিন্ (সেই পথে) এব (ই) গহ্বা (যাইয়া):প্রতিপদং (প্রত্যেক পদক্ষেপে) মুহুঃ (বারবার) স্থলন্ (স্থলিত হইয়া) অন্ধকূপে (অন্ধকূপ-সদৃশ মহাবিপদে) পততি (পতিত হইয়া থাকে), তশ্চ (সেই ব্যক্তির) অন্ধনিবর্তকং (এইপ্রকার অন্ধত্বকে নিবারণ করিতে সমর্থ) ইদং অঞ্জনং (অঞ্জন) এব (ই) ঔষধং (ঔষধস্বরূপ) [ভবতি ইতি শেষঃ = হইয়া থাকে] ॥ ৭৯

অনুবাদ । সম্পত্তিশালী মনুষ্য অন্ধের ত্রায় (ধন ছাড়া) অপর কোন বস্তুই নেত্র দ্বারা দেখিতে পায় না। সে মুখজনের বাক্যে উৎসাহিত হইয়া সাধুজন-বিগর্হিত পথে বিচরণ করিয়া থাকে। সেই পথে যাইতে যাইতে প্রতি-পদক্ষেপেই বারংবার স্থলিত হইয়া সে অবশেষে অন্ধকূপসদৃশ মহাবিপদে পতিত হইয়া থাকে। দারিদ্র্যরূপ অজ্ঞানই তাহার সেই ধনমদাক্তারূপ রোগ-নিবৃত্তির একমাত্র ঔষধ ॥ ৭৯

লোভঃ ক্রোধশ্চ দম্বশ্চ মদো মৎসর এব চ ।

বর্দ্ধতে বিত্ত-সম্প্রাপ্ত্যা কথং তচ্চিত্তশোধনম্ ॥ ৮০

অন্বয় । বিত্তসম্প্রাপ্ত্যা (প্রচুর ধন হইলে) লোভঃ ক্রোধশ্চ দম্বশ্চ মদঃ (লোভ, ক্রোধ, দম্ব, মদ) মৎসরঃ এব চ (এবং পরের গুণ দেখিয়া তাহার উপর বিদ্বেষ) বর্দ্ধতে (বৃদ্ধিপ্রাপ্ত হয়), তৎ (সেই ধন) কথং (কি প্রকারে) চিত্তশোধনং (চিত্তশুদ্ধির কারণ) [ভবতীতি শেষঃ = হয় ?] ॥ ৮০

অনুবাদ । ধনের সম্যক্ প্রকারে লাভের দ্বারা লোভ, ক্রোধ, দম্ব, মদ এবং মৎসর বাড়িয়া থাকে। সেই ধন কি প্রকারে অন্তঃকরণের বিশুদ্ধতা সম্পাদন করিবে ? ॥ ৮০

অলাভাদ্বিগুণং দুঃখং বিত্তস্য ব্যয়সম্ভবে ।

ততোহপি দ্বিগুণং * দুঃখং দুর্ব্যয়ে বিদুষামপি ॥ ৮১

অন্বয় । বিত্তস্য (ধনের) ব্যয়সম্ভবে (ব্যয়ের সম্ভাবনা হইলে) অলাভাৎ (অপ্রাপ্তি অপেক্ষা) দ্বিগুণং (যে দুঃখ হইতে পারে, তাহা অপেক্ষা দুইগুণ অধিক) দুঃখং (দুঃখ) [ভবতি = হইয়া থাকে], দুর্ব্যয়ে (অশ্রায়রূপে ব্যয় হইলে) বিদুষামপি (অভিজ্ঞ ব্যক্তিগণেরও) ততোহপি (তাহা হইতেও) দ্বিগুণং (দুইগুণ অধিক) দুঃখং (দুঃখ) [ভবতি = হইয়া থাকে] ॥ ৮১

অনুবাদ । ধনব্যয়ের সম্ভাবনা হইলে, অপ্রাপ্তিনিবন্ধন দুঃখ হইতে দুইগুণ অধিক দুঃখ হইয়া থাকে। অশ্রায়রূপে ব্যয় হইলে অভিজ্ঞ ব্যক্তিগণেরও তাহা হইতে দুইগুণ অধিক দুঃখ হইয়া থাকে ॥ ৮১

নিত্যাহিতেন বিত্তেন ভয়চিন্তানপায়িনা ।

চিত্তস্বাস্থ্যং কুতো জন্তোঃ গৃহস্থেনাহিহিনা যথা ॥ ৮২

অন্বয় । ভয়চিন্তানপায়িনা (ভয় ও চিন্তার সহিত সর্বদা সম্বন্ধ) নিত্যা-হিতেন (স্মৃতরাং সর্বদাই অহিতকর) বিত্তেন (বিত্তের দ্বারা) জন্তোঃ (প্রাণীর)

* ততোহপি ত্রিগুণং দুঃখম্ ইতি বা পাঠঃ ।

যথা (যেমন) গৃহস্থিতেন (গৃহেতে অবস্থিত) অহিনা (সর্পের দ্বারা চিত্তস্বাস্থ্যং
(চিত্তের স্বাস্থ্য) কুতঃ (কি প্রকারে হইবে ?) ॥ ৮২ ।

অনুবাদ । গৃহে সর্প থাকিলে যেমন [গৃহস্থের চিত্ত-স্বাস্থ্য হয় না], সেইরূপ
ভয় ও চিন্তার সহিত সর্বদা সম্বন্ধ, সুতরাং সতত অনিষ্টকর—ধন থাকিলে এবম্বিধ
জীবের স্বেচ্ছচিত্ততা কিরূপে হইতে পারে ? ॥ ৮২

কান্তারে বিজনে পুরে * জনপদে সেতো নিরীতো চ বা

চৌরৈর্বাপি তথৈতৈর্নরবরৈ যুক্তো বিযুক্তোহপি বা ।

নিঃস্বঃ স্বস্থতয়া স্মথেন বসতি হ্যাদ্রীয়মাণো জনৈঃ

ক্লিশাত্যেব ধনী সদাকুলমতিভীতশ্চ পুত্রাদপি ॥ ৮৩

অর্থ । বিজনে (জনহীন) কান্তারে (বনে), পুরে (নগরে) জনপদে
(দেশে), সেতো (সেতুতে), নিরীতো চ বা (কিংবা নিরূপদ্রব স্থানে—যে কোন
স্থানেই হোক না কেন), চৌরৈঃ (চোরগণ কর্তৃক) তথা (সেইরূপ) ইতরৈঃ
(হীনপ্রকৃতি ব্যক্তিগণ কর্তৃক) নরবরৈঃ (অথবা মনুষ্যশ্রেষ্ঠগণ কর্তৃক) যুক্তঃ
(মিলিত) বিযুক্তঃ অপি বা (কিংবা) বিরহিত হইয়া) নিঃস্বঃ (নির্ধন ব্যক্তি)
স্মথেন (অনায়াসে) বসতি (বাস করিয়া থাকে); জনৈঃ (সকল লোকই)
আদ্রীয়মাণঃ (তাহাকে আদর করিয়া থাকে । পুত্রাদপি (পুত্র হইতেও) ভীতঃ
(ভয়যুক্ত) ধনী (ধনবান্) সদা (সর্বদা) আকুলমতিঃ (ব্যাকুলচিত্ত হইয়া)
ক্লিশাতি (নিজকে ক্লেশ দিয়া থাকে) ॥ ৮৩

অনুবাদ । নির্জনবনে বা জনপদে কিংবা নগরে অথবা সেতুতে কিংবা
সর্বপ্রকার ছুঁড়িকাদি-ভয়-হীন স্থানে—যেখানেই নিঃস্ব ব্যক্তি বাস করে, সেখানে
চোর বা ইতরজন কিংবা নৃপতি প্রভৃতি শ্রেষ্ঠ ব্যক্তির সহিত মিলিত হউক বা না
হউক, সে বিনা ক্লেশেই বাস করিয়া থাকে এবং সকল লোকেই তাহাকে আদর
করিয়া থাকে ; কিন্তু ধনী সর্বদাই ব্যাকুলচিত্ত (এমন কি) পুত্র হইতেও ভয়যুক্ত
হইয়া—সর্বদাই ক্লেশ ভোগ করিয়া থাকে ॥ ৮৩

তস্মাদনর্থস্য নিদানমর্থঃ

পুমর্থসিদ্ধির্ন ভবত্যনেন ।

ততো বনান্তে নিবসন্তি সন্তঃ

সন্ন্যস্ত সর্বং প্রতিকূলমর্থম্ ॥ ৮৪

* বনে ইতি বা পাঠঃ ।

অন্থয় । তস্মাৎ (সেই কারণে) অর্থঃ (ধন) অনর্থশ্চ (অনর্থের) নিদানং (মূল কারণ), অনেন (এই (অর্থের দ্বারা) পুমর্থসিদ্ধিঃ) (পুরুষার্থের সিদ্ধি) ন ভবতি (হইতে পারে না) ; ততঃ (সেই কারণে) সন্তঃ (সাধুগণ) প্রতিকূলং (মোক্ষমার্গের বিরোধী) সর্বং (সকল) অর্থং (ধনকে) সন্ন্যশ্চ (পরিত্যাগ করিয়া) বনাস্তে (বনমধ্যে) নিবসন্তি (বাস করিয়া থাকেন) ॥ ৮৪

অনুবাদ । সেই হেতু অর্থ অনর্থের নিদান । এই অর্থের দ্বারা পুরুষার্থের (অর্থাৎ মোক্ষের) সিদ্ধি হইতে পারে না ; সেই জগুই মোক্ষমার্গের প্রতিকূল বলিয়া সকলপ্রকার অর্থ ত্যাগ করিয়া সাধুগণ অরণ্যমধ্যে বাস করিয়া থাকেন ॥ ৮৪

বিরক্তি-ফলোপসংহারঃ ।

শ্রদ্ধাভক্তিমতীং সতীং গুণবতীং পুত্রান্ শ্রুতান্ সন্ন্যতান্

অক্ষয়ং বসু ধন্যভোগবিভবৈঃ শ্রীসুন্দরং মন্দিরম্ ।

সর্বং নশ্বরমিত্যবেত্য কবয়ঃ শ্রুতু্যক্তিভিষু ক্তিভিঃ

সংন্যস্যন্ত্যপরে তু তৎ সুখমিতি ভ্রাম্যন্তি দুঃখার্ণবে ॥৮৫

অন্থয় । শ্রদ্ধাভক্তিমতীং (শ্রদ্ধাভক্তিসম্পন্ন) গুণবতীং (গুণবতী) সতীং (সাধ্বী পত্নী), শ্রুতান্ (সুপণ্ডিত) সন্ন্যতান্ (অনুগত) পুত্রান্ (পুত্রগণ) অক্ষয়ং (ক্ষয় হইবার নহে এইরূপ) বসু (ধন) ধন্যভোগবিভবৈঃ (পুণ্যের দ্বারা লক্ষ্য নানাবিধ ভোগসাধনবিভব-সমূহের দ্বারা) শ্রীসুন্দরং (পরম-শোভায় মনোহর) মন্দিরং (ভবন) সর্বং (এইপ্রকার সকল বস্তুই) নশ্বরং (বিনাশশীল) ইতি (ইহা) শ্রুতু্যক্তিভিঃ (শ্রুতির বচনসমূহের দ্বারা) যুক্তিভিঃ (এবং যুক্তিসমূহের দ্বারা) অবৈত্য (বুঝিয়া) কবয়ঃ (তদ্বদর্শী ব্যক্তিগণ) সংন্যশ্চ (সংন্যাস অবলম্বন করিয়া থাকেন) । অপরে তু (কিন্তু প্রাকৃত ব্যক্তিগণ) তৎ (সেই বস্তুকেই) সুখম্ (সুখের হেতু) ইতি (এই প্রকার) [অবেত্য—নিশ্চয় করিয়া] দুঃখার্ণবে (দুঃখ-সমূহে) ভ্রাম্যন্তি (ভ্রমণ করিয়া থাকে) ॥ ৮৫

অনুবাদ । শ্রদ্ধা-ভক্তিসম্পন্ন গুণবতী পতিব্রতা পত্নী, অনুগত এবং পণ্ডিত পুত্রগণ, প্রচুর ধন, ও পুণ্যবলে লক্ষ্য নানাবিধ ভোগজন কবিলাসসামগ্রীতে পরিপূর্ণ পরম সুন্দর ভবন, এ সকল বস্তুই বিনশ্বর, ইহা শ্রুতিবাক্য এবং যুক্তিসমূহের

সাহায্যে বৃদ্ধিতে পারিয়া, তৎসদৃশী ব্যক্তিগণ সংস্থানাপ্রম অবলম্বন করিয়া থাকেন ; কিন্তু মোহান্ব ব্যক্তিগণ এই সকল বস্তুকেই (একমাত্র) স্বথের সাধন বিবেচনা করিয়া, দুঃখ-সমুদ্রে পতিত হইয়া ঘুরিতে থাকে ॥ ৮৫

স্বখমিতি মলরাশৌ যে রমন্তেহত্র গেহে

ক্রিময় ইব কলত্র-ক্ষেত্র-পুত্রানুষক্ত্যা ।

স্বরপদ ইব তেষাং নৈব মোক্ষপ্রসঙ্গ-

স্তুপি তু নিরয়গর্ভাবাস-দুঃখপ্রবাহঃ ॥ ৮৬

অর্থ । অত্র (এই) মলরাশৌ (মলসমূহ-পরিপূর্ণ) গেহে (গৃহে) স্বরপদ ইব (ইহা স্বর্গসদৃশ এইপ্রকার বিবেচনা করিয়া) কলত্র-ক্ষেত্র-পুত্রানুষক্ত্যা (স্ত্রী, ভূমি এবং পুত্র প্রভৃতির প্রতি একান্ত অনুরাগের বশে) স্বখমিতি (স্বখসাধন মনে করিয়া) ক্রিময়ঃ ইব (ক্রিমিসমূহের তায়), যে (যাহারা) রমন্তে (রতি অনুভব করে), তেষাং (তাহাদিগের) মোক্ষপ্রসঙ্গঃ (মুক্তির সম্ভাবনা) নৈব [ভবতীতি শেষঃ—হইতে পারে না] । অপিতু (কিন্তু) নিরয়গর্ভাবাস-দুঃখ-প্রসঙ্গঃ (নরক এবং গর্ভে বাসজনিত দুঃখধারার সম্ভাবনা) [ভবতীতি শেষঃ—হইয়া থাকে] ॥ ৮৬

অনুবাদ । এই মলরাশিপূর্ণ গৃহকেই স্বর্গসদৃশ বিবেচনা করিয়া—স্ত্রী, ভূমি এবং পুত্রগণের প্রতি একান্ত আসক্তিবশতঃ ক্রিমিসদৃশ যে সকল ব্যক্তি প্রীতি অনুভব করে, তাহাদের মোক্ষের সম্ভাবনা নাই ; প্রত্যুত, (বারংবার) নরক এবং গর্ভবাসজনিত দুঃখপ্রবাহ (তাহাদের বিরত হয় না) ॥ ৮৬

যেষামাশা নিরাশা স্যাৎ দারাপত্যধনাদিষু ।

তেষাং সিধ্যতি নাশ্চেমাং মোক্ষাশাভিমুখী গি . ॥ ৮৭

অর্থ । দারাপত্যধনাদিষু (পত্নী পুত্র এবং অর্থ প্রভৃতিতে) যেষাং (যাহাদের) নিরাশা (নৈরাশুই) আশা (আশার স্থলাভিষিক্ত), তেষাং (তাহাদিগেরই) মোক্ষাশাভিমুখী (মোক্ষের দিকে অনুকূল) গতিঃ (যাত্রা) সিধ্যতি (সিদ্ধ হয়) ; অশ্চেমাং (অপর ব্যক্তিগণের) ন সিধ্যতি (সিদ্ধ হয় না) ॥ ৮৭

অনুবাদ । পত্নী, পুত্র এবং অর্থ প্রভৃতি ভোগ্য বস্তুসমূহে নিরাশাই যাহাদের আশার স্থলাভিষিক্ত হয়, তাহাদেরই মুক্তির দিকে অনুকূল গতি সিদ্ধ হয়, অপরের হয় না ॥ ৮৭

সৎকর্মান্ধক্ৰয়পাপ্যনাং শ্রুতিমতাং সিদ্ধান্তানাং ধীমতাং
 নিত্যানিত্যপদার্থশোধনমিদং যুক্ত্যা মুহুঃ কুর্ব্বতাম্ ।
 তস্মাদুখমহাবিরক্ত্যসিমতাং মোক্ষৈক-কাজ্জাবতাং
 ধন্যানাং স্থলভং প্রিয়াদি-বিষয়েষাশালতাচ্ছেদনম্ ॥ ৮৮

অর্থঃ । সৎকর্মান্ধক্ৰয়পাপ্যনাং (সাধুকার্যের অনুষ্ঠান দ্বারা যাহাদের পাপ
 হইয়াছে),- শ্রুতিমতাং (যাহারা বেদার্থগ্রহণ করিয়াছে), সিদ্ধান্তানাং
 যাহাদের আত্মা যোগবলে সমাধি-সিদ্ধি লাভ করিয়াছে), মুহুঃ (বারংবার)
 দং (এই পূর্বোক্ত প্রকার) নিত্যানিত্যপদার্থশোধনং (এই প্রকার বস্তু
 নিত্য এবং এই প্রকার বস্তু অনিত্য, এই ভাবে বিচার) ও যুক্ত্যা (যুক্তি দ্বারা)
 কুর্ব্বতাম্ (করিয়া থাকেন) তস্মাৎ (সেই নিত্যানিত্য বিচার হইতে) উখ
 মহাবিরক্ত্যসিমতাং (উখিত তীব্রবৈরাগ্যরূপ অসি যাহারা সংগ্রহ করিতে
 পারিয়াছে) মোক্ষৈক কাজ্জাবতাং (একমাত্র মুক্তিকেই যাহারা অভিলাষকরে)
 ধন্যানাং) সেই ভাগ্যবান্ পুরুষগণেরই) প্রিয়াদি-বিষয়েষু (কান্তা প্রভৃতি ভোগ্য-
 সমূহে) আশালতাচ্ছেদনং (আশারূপ লতার উচ্ছেদ) স্থলভং (স্থলভ)
 ভবতীতি শেষঃ = হইয়া থাকে] ॥ ৮৮

অনুবাদ । সাধুকার্যের অনুষ্ঠানের দ্বারা যাহাদের [পূর্ব এবং বর্তমান
 আর্জিত] পাপের ক্ষয় হইয়াছে, যাহারা বেদের অধ্যয়ন করিয়াছেন, যাহারা
 প্রাণায়ামাদি দ্বারা) সমাধি-সিদ্ধি লাভ করিতে পারিয়াছেন, যাহারা সর্বদাই
 স্তির সাহায্যে নিত্য এবং অনিত্য বস্তুর বিবেক-জ্ঞান লাভ করিয়াছেন,
 যাহারা সেই বিবেক-জ্ঞান হইতে উদ্ভিত তীব্র বৈরাগ্যরূপ অসি সংগ্রহ করিতে
 পারিয়াছেন, এবং যাহারা একমাত্র মুক্তিরই কামনা করিয়া থাকেন, সেই সকল
 পুরুষ মানবগণের পক্ষেই কান্তা পুত্র প্রভৃতি ভোগ্য বিষয়সমূহে আশালতার উচ্ছেদ
 দ্বারা স্থলভ হইয়া থাকে ॥ ৮৮

সংসার-মৃত্যোর্বলিনঃ প্রবেষ্টুং
 দ্বারানি চ ত্রীণি মহান্তি লোকে ।
 কান্তা চ জিহ্বা কনকঞ্চ তানি
 রুণদ্ধি যস্তশ্চ ভয়ং ন মৃত্যোঃ ॥ ৮৯

অর্থঃ । বলিনঃ (বলবান্) সংসারমৃত্যোঃ (সংসাররূপ মৃত্যুর) প্রবেষ্টুং
 প্রবেশ করিবার) কান্তা (প্রিয়তমা) জিহ্বা (রসনা) কনকঞ্চ (এবং স্বর্ণ)

ত্রীণি (এই তিনটি) মহান্তি (বৃহৎ) দ্বারিণি (দ্বারস্বরূপ) [ভবন্তি ইতি শে
হইয়া থাকে]। যঃ (যে ব্যক্তি) তানি (সেই তিনটি দ্বারকে) রুগন্ধি
করিয়া থাকে), তস্মৈ (সেই ব্যক্তির) মৃত্যোঃ (মৃত্যু হইতে) ন
(ভয় নাই) ॥ ৮৯

অনুবাদ। বলবান্ সংসার-রূপ মৃত্যুর (মনুষ্য-শরীরে) প্রবেশ করিবার
কান্তা, রসনা ও স্তব্ধ—এই তিনটি বস্তুই স্প্রশস্ত দ্বারস্বরূপ হইয়া থাকে ।
এই তিনটি দ্বারকে রুদ্ধ করিতে পারেন, অর্থাৎ এই তিনটি বস্তুর
আসক্তি পরিত্যাগ করিতে পারেন, তাঁহার আর মরণের ভয় থাকে না ॥ ৮৯

মুক্তি-শ্রীনগরস্য দুর্জয়তরং দ্বারং যদস্ত্যাদিমং

তস্মৈ অররে ধনং চ যুবতী তাভ্যাং পিনদ্ধং দৃঢ়ম্ ।

কামাখ্যাৰ্গলদারুণা বলবতা দ্বারং তদেতৎ ত্রয়ং

ধীরো যস্তু ভিনত্তি সোহহঁতি স্মখং ভোক্তুং বিমুক্তিশ্রিয়ম্ ॥৯

অর্থ। মুক্তি-শ্রীনগরস্য (মুক্তি-লক্ষ্মী যে নগরে বিদ্যমান আছেন, সে
নগরের) দুর্জয়তরং (অতিশয় দুর্জয়) আদিমং (প্রথম) যৎ (যে) দ্বারং (এক
দ্বার) অস্তি (বিদ্যমান আছে), তস্মৈ (সেই দ্বারের) ধনং (অর্থ) যুবতী চ (এই
যুবতী স্ত্রী) তস্মৈ (এই দুইটি) অররে (কপাট) ; তাভ্যাং (সেই দুইখানি কপাট দ্বার
বলবতা (অতিশয় প্রবল) কামাখ্যাৰ্গলদারুণা (কাম নামক যে কাষ্ঠময় অর্গল
তাঁহা দ্বারা) দ্বারং (ঐ দ্বার) (দৃঢ়ভাবে) পিনদ্ধং (আবৃত রহিয়াছে)
তদেতৎ ত্রয়ং (সেই তিনটি বস্তু অর্থাৎ যুবতী, অর্থ এবং কামকে) যঃ (যে
ধীরঃ (ধীর ব্যক্তি) ভিনত্তি (ভেদ করিতে পারে), সঃ (সেই ব্যক্তি
বিমুক্তিশ্রিয়ং (মোক্ষলক্ষ্মীকে) স্মখং (স্মখে) ভোক্তুং (ভোগ করিতে) অর্হি
(সমর্থ হয়) ॥ ৯০

অনুবাদ। যে নগরীতে মোক্ষ-লক্ষ্মী বাস করেন, তাঁহার প্রথম দ্বার
অতিশয় দুর্জয়। কারণ, ধন এবং যুবতী এই দুইটি (ভোগ্য বস্তুই) সে
দ্বারের দুইখানি কপাট। সেই কপাট দুইখানির দ্বারা এবং কামরূপ কাষ্ঠম
অর্গলের সাহায্যে ঐ দ্বার সূদৃঢ়ভাবে আবদ্ধ রহিয়াছে। এই তিনটি বস্তুকে
ধীর ব্যক্তি ভেদ করিতে পারেন, তিনিই মোক্ষলক্ষ্মীকে ভোগ করিতে সম
হইয়া থাকেন ॥ ৯০

আরুঢ়স্য বিবেকাশ্চ তীব্রবৈরাগ্য-খড়্গিনঃ ।

তিতিক্ষা-বর্ষযুক্তস্য প্রতিযোগী ন দৃশ্যতে ॥ ৯১

অন্য। বিবেকাশ্বঃ (বিবেকরূপ অশ্বে) „আরুঢ়শ্চ যে ব্যক্তি আরোহণ
 যাচ্ছে), তীব্রবৈরাগ্য-খড়্গিনঃ (তীব্র বৈরাগ্যরূপ অসি যাহার আছে),
 তক্ষা-বর্ষযুক্তশ্চ (এবং সহনশীলতারূপ বর্ষ যে ব্যক্তি পরিধান করিয়াছে,
 ব্যক্তির) প্রতিযোগী (প্রতিদ্বন্দ্বী) ন দৃশ্যতে (দৃষ্ট হয় না) ॥ ৯১

অনুবাদ। যে ব্যক্তি বিবেকরূপ অশ্বে আরোহণ করিয়াছেন, তীব্র বৈরাগ্য-
 অসি যাহার অধিকৃত, এবং যিনি তিতিক্ষারূপ বর্ষ পরিধান করিয়াছেন,
 তার প্রতিদ্বন্দ্বী দেখিতে পাওয়া যায় না ॥ ৯১

বিবেকজাং তীব্রবিরক্তিমেব

মুক্তেনির্দানং প্রবদন্তি সন্তঃ ।

তস্মাদ্বিবেকী বিরতিং মুমুক্ষুঃ

সম্পাদয়েৎ তাং প্রথমং প্রযত্নাৎ ॥ ৯২

অন্য। সন্তঃ (সাধুগণ) বিবেকজাং (সদসদবিচার হইতে প্রসূত) তীব্র-
 বিরক্তিমেব (তীব্র বৈরাগ্যকেই) মুক্তেঃ (মোক্ষের) নির্দানং (মূল কারণ)
 প্রবদন্তি (বলিয়া থাকেন) ; তস্মাৎ (সেই কারণে) বিবেকী (বিবেকসম্পন্ন) মুমুক্ষুঃ
 (মোক্ষার্থী পুরুষ) প্রযত্নাৎ (যত্নের দ্বারা) তাং (সেই বৈরাগ্যকেই) প্রথমং
 (প্রথমতঃ) সম্পাদয়েৎ (সম্পাদন করিবেন) ॥ ৯২

অনুবাদ। সৎ এবং অসদ্বস্তুর বিচার হইতে প্রসূত তীব্র বৈরাগ্যকেই
 সাধুগণ মুক্তির মূল কারণ বলিয়া নির্দেশ করিয়া থাকেন। সেইজন্য বিবেক-
 সম্পন্ন মোক্ষার্থী পুরুষ যত্নের দ্বারা প্রথমতঃ সেই বৈরাগ্যকেই সম্পাদিত
 করিবেন ॥ ৯২

পুমানজাতনির্বেদো দেহবন্ধং জিহাসিতুম্ ।

নহি শক্নোতি নির্বেদো বন্ধভেদো মহানসৌ ॥ ৯৩

অন্য। অজাতনির্বেদঃ (যাহার বৈরাগ্যের উদয় হয় নাই, এইরূপ)
 পুমান্ (পুরুষ) দেহবন্ধং (দেহরূপ বন্ধনকে) জিহাসিতুং (উচ্ছিন্ন করিবার
 ইচ্ছা করিতেও) নহি শক্নোতি (সমর্থ হয় না) ; [যস্মাৎ যেহেতু] অসৌ (এই)
 নির্বেদঃ (বৈরাগ্যই) মহান্ (প্রবল) বন্ধভেদঃ (বন্ধন ভেদ করিবার
 উপায়) ॥ ৯৩

অনুবাদ। যাহার বৈরাগ্য হয় নাই, সেই পুরুষ দেহরূপ বন্ধনকে ছিন্ন
 করিবার ইচ্ছাও করিতে পারে না। এই বৈরাগ্যই বন্ধন ভেদ করিবার মহান্
 উপায় ॥ ৯৩

বৈরাগ্যরহিতা এব যমালয় ইবালয়ে ।

ক্লিশস্তি ত্রিবিধৈস্তাপৈর্মোহিতা অপি পণ্ডিতাঃ ॥ ৯৪

অন্বয় । বৈরাগ্যরহিতা এব (যাহাদের বৈরাগ্য উদিত হয় নাই, তাহ পণ্ডিতা অপি (পণ্ডিত হইলেও) মোহিতাঃ (মোহপরবশ হইয়া) ত্রিবিধৈঃ (তিন প্রকার তাপের দ্বারা) ক্লিশস্তি (ক্লেশপ্রাপ্ত হইয়া থাকে) ॥ ৯৪

অনুবাদ । যাহারা বৈরাগ্যহীন, তাহারা পণ্ডিত হইলেও মোহপরবশ আধ্যাত্মিক আধিতৌতিক এবং আধিদৈবিক, এই ত্রিবিধ তাপের দ্বারা ক্লেশ হইয়া থাকে ॥ ৯৪

শমাদিসাধন-নিরূপণম্ ।

শমো দমস্তিতিক্ষোপরতিঃ শ্রদ্ধা ততঃ পরম্ ।

সমাধানমিতি প্রোক্তং ষড়্ভৈতে শমাদয়ঃ ॥ ৯৫

অন্বয় । শমঃ (শম) দমঃ (দম) তিতিক্ষা (সহিষ্ণুতা) উপরতিঃ (সন্ন শ্রদ্ধা (বিশ্বাস), ততঃ পরং (তাহার পর) সমাধানঃ (সমাধি), ইতি (ই প্রোক্তং (কথিত হইয়াছে) । এতে (এই) শমাদয়ঃ (শম প্রভৃতি উপায়) এব (ছয়টিই) [ভবন্তীতি শেষঃ = হইয়া থাকে] ॥ ৯৫

অনুবাদ । শম, দম, তিতিক্ষা, সন্ন্যাস, শ্রদ্ধা এবং তৎপরে সমাধান [ক হইয়া থাকে] ; এই শমাদি [উপায়] ছয়টিই [হইয়া থাকে] ॥ ৯৫

শমঃ ।

একবৃত্ত্যৈব মনসঃ স্বলক্ষ্যে নিয়তস্থিতিঃ ।

শম ইত্যাচ্যতে সদ্ভিঃ শমলক্ষণবেদিভিঃ ॥ ৯৬

অন্বয় । মনসঃ (অন্তঃকরণের) স্বলক্ষ্যে (নিজের লক্ষ্য বস্তুতে) একবৃত্ত (একাকার বৃত্তির দ্বারা) এব (ই) নিয়তস্থিতিঃ (অচঞ্চল ভাবে অবস্থানই) শ লক্ষণবেদিভিঃ (শমের লক্ষণ যাহারা জানেন এই প্রকার) সদ্ভিঃ (সাধুগণ কর্তৃক শমঃ (শম) ইতি (এই বলিয়া) উচ্যতে (উক্ত হইয়া থাকে) ॥ ৯৬

অনুবাদ । ধ্যেয় বস্তুতে একাকার বৃত্তির দ্বারা চিত্তের নিয়ত অবস্থিতিই শম ; এইরূপ শমলক্ষণবিৎ সাধুগণ নির্দেশ করেন ॥

উত্তমো মধ্যমশ্চৈব জঘন্যশ্চৈতি চ ত্রিধা । *

নিরূপিতো বিপশ্চিচ্ছিত্তিঃ তত্তল্লক্ষণবেদিভিঃ ॥ ১৭

অর্থ । তত্তল্লক্ষণ-বেদিভিঃ (বিশেষ-লক্ষণজ্ঞ) বিপশ্চিচ্ছিত্তিঃ (পণ্ডিতগণ কর্তৃক) উত্তমঃ (উত্তম) মধ্যমঃ (মধ্যম) জঘন্যশ্চ (এবং অধম) ইতি (এইরূপে) স শমঃ (সেই শম) ত্রিধা (ত্রিবিধ) নিরূপিতঃ (নির্ণীত হইয়া থাক) ॥ ১৭

অনুবাদ । বিশেষ-লক্ষণজ্ঞ পণ্ডিতগণ এই শম তিন প্রকার, এইরূপ নিরূপণ করিয়া থাকেন ; যথা—উত্তম, মধ্যম এবং অধম ॥ ১৭

স্ববিকারং পরিত্যজ্য বস্তুমাত্রতয়া স্থিতিঃ ।

মনসঃ সোত্তমা শান্তিব্রহ্মনির্বাণলক্ষণা ॥ ১৮

অর্থ । স্ববিকারং (নিজ বিকারকে) পরিত্যজ্য (পরিত্যাগ করিয়া) বস্তু-মাত্রতয়া (কেবল বস্তুস্বরূপে) মনসঃ (অন্তঃকরণের) যা স্থিতিঃ (যে অবস্থান), সা (তাহাই) উত্তমা (উৎকৃষ্ট) ব্রহ্মনির্বাণলক্ষণা (পরব্রহ্মলয়স্বরূপা) শান্তিঃ (শম) [উচ্যতে ইতি শেষঃ = কথিত হয়] ॥ ১৮

অনুবাদ । নিজ বিকারকে [একেবারে] পরিত্যাগ করিয়া কেবল পরমার্থ-বস্তু-স্বরূপে চিত্তের যে অবস্থান, তাহাই উত্তম শম ; তাহাই ব্রহ্মনির্বাণ-স্বরূপ ॥ ১৮

প্রত্যক্-প্রত্যয়-সন্তান-প্রবাহ-করণং ধিয়ঃ ।

যদেষা মধ্যমা শান্তিঃ শুদ্ধসত্ত্বৈকলক্ষণা ॥ ১৯

অর্থ । ধিয়ঃ (অন্তঃকরণের) যৎ (যে) প্রত্যক্-প্রত্যয়-সন্তান-প্রবাহ-করণং (বাহ্য বস্তু ব্যতিরেকে কেবল সেই আভ্যন্তর বস্তুকে অবলম্বন করিয়া ধারা-বাহিকরূপে একাকার পরিণামরূপ প্রত্যয়সমূহের সৃষ্টি), এষা (ইহাই) শুদ্ধসত্ত্বৈক লক্ষণা (বিশুদ্ধসত্ত্বস্বরূপ) মধ্যমা (মধ্যম) শান্তিঃ (শম) [উচ্যতে ইতি শেষঃ = কথিত হইয়া থাকে] ॥ ১৯

অনুবাদ । (বাহ্য বস্তুর সম্পর্ক একেবারে পরিত্যাগ করিয়া) মনের যে, আভ্যন্তর বস্তুতে একজাতীয় প্রত্যয়সমূহের ধারা সম্পাদন, তাহাই মধ্যম শান্তি বলিয়া উক্ত হইয়া থাকে ; ইহার নাম বিশুদ্ধ সত্ত্ব ॥ ১৯

* জঘন্য ইতি চ ত্রিধা ইতি বা পাঠঃ ।

বিষয়-ব্যাপ্তিঃ ত্যক্ত্বা শ্রবণৈকমনঃস্থিতিঃ ।

মনসশ্চেতরা শান্তিঃ মিশ্রসত্ত্বৈকলক্ষণা ॥ ১০০

অর্থঃ । বিষয়ব্যাপ্তিঃ (বিষয়ান্তরে সঞ্চার) ত্যক্ত্বা (পরিত্যাগ করিয়া) শ্রবণৈকমনঃস্থিতিঃ (বেদান্তবাক্যের শ্রবণে মনের স্থিরতা) মনসঃ (অন্তঃকরণের) ইতরা শান্তিঃ (অধম শম) মিশ্রসত্ত্বৈকলক্ষণা (ইহা মিশ্রসত্ত্বস্বরূপ) [কথ্যতে ইতি শেষঃ = কথিত হইয়া থাকে] ? ১০০

অনুবাদ । বাহ্যবিষয়সমূহে সঞ্চার পরিত্যাগপূর্বক বেদান্তবাক্যের দ্বারা আত্মার স্বরূপ শ্রবণরূপ বিষয়ে চিত্তের যে স্থিরতা, তাহাই চিত্তের মধ্যম শম ; ইহারই নাম মিশ্রসত্ত্ব ॥ ১০০

প্রাচ্যোদীচ্যাঙ্গ-সদ্ভাবে শমঃ সিধ্যতি নানুথা ।

তীত্রা বিরক্তিঃ প্রাচ্যাঙ্গমুদীচ্যাঙ্গং দমাদয়ঃ ॥ ১০১

অর্থঃ । প্রাচ্যোদীচ্যাঙ্গ-সদ্ভাবে (পূর্ববর্তী এবং পরবর্তী অঙ্গের সম্ভাব হইলেই) শমঃ (শম) সিধ্যতি (সিদ্ধ হইয়া থাকে), নানুথা (অন্তপ্রকারে) ন (সিদ্ধ হয় না) । তীত্রা (তীত্র) বিরক্তিঃ (বৈরাগ্য) প্রাচ্যাঙ্গং (পূর্ববর্তী অঙ্গ), দমাদয়ঃ (দম প্রভৃতিই) উদীচ্যাঙ্গম্ (উত্তরবর্তী অঙ্গ) ॥ ১০১

অনুবাদ । প্রাচ্য এবং উদীচ্য (অর্থাৎ পূর্ববর্তী এবং পশ্চাত্ত্বর্তী) অঙ্গের সম্ভাব হইলেই এই শম সিদ্ধি লাভ করে । তীত্র বৈরাগ্যই ইহার পূর্ববর্তী অঙ্গ, এবং দম (প্রভৃতি (বক্ষ্যমাণ উপায়গুলিই) পরবর্তী [অঙ্গ হইয়া থাকে] ॥ ১০১

কামঃ ক্রোধশ্চ লোভশ্চ মদো মোহশ্চ মৎসরঃ ।

ন জিতাঃ ষড়্ভিমে যস্য * তস্য শান্তিঃ ন সিধ্যতি ॥ ১০২

অর্থঃ । কামঃ (কাম) ক্রোধঃ (কোপ) লোভঃ (লোভ) মদঃ (মদ) মোহঃ (মোহ) মৎসরশ্চ (এবং মৎসর), ইমে (এই) ষট্ (ছয়টি) বশু (যে ব্যক্তির) ন জিতাঃ (বশীকৃত হয় নাই), তস্য (তাহার) শান্তিঃ (শম) ন সিধ্যতি (সিদ্ধ হয় না) ॥ ১০২

অনুবাদ । কাম, ক্রোধ, লোভ, অভিমান, মোহ এবং পরগুণবিষেষ, এই ছয়টি (রিপু) ষাহার বশীকৃত হয় নাই, তাহার শান্তি সিদ্ধ হয় না ॥ ১০২

শব্দাদি-বিষয়েভ্যো যো বিষবন্ন নিবর্ততে ।

তীত্রমোক্ষেচ্ছয়া ভিক্ষুস্তস্য * শান্তির্ন বিদ্যতে ॥ ১০৩

অর্থঃ । যঃ (যে) ভিক্ষুঃ (সন্ন্যাসী) তীত্রমোক্ষেচ্ছয়া (মুক্তিতে উৎকট

* ষড়্ভিমে যেন ইতি বা পাঠঃ ।

অভিলাষ নিবন্ধন) বিষবৎ (বিষসদৃশ) শব্দাদি-বিষয়েভ্যঃ (শব্দাদি-ভোগ্যবস্তু-সমূহ হইতে) ন নিবর্ত্ততে (নিবৃত্ত হয় না), তস্ম (তাহার) শান্তিঃ (শম) ন বিদ্যতে (হইতে পারে না) ? ১০৩

অনুবাদ । মোক্ষে তীত্র অভিলাষ বশতঃ যে সন্ন্যাসী বিষসদৃশ শব্দাদি ভোগ্যবস্তু হইতে নিবৃত্ত হয় ন', তাহার শান্তি হইতে পারে না ? ১০৩

যেন নারাধিতো দেবো যস্য নো গুৰ্বনুগ্রহঃ ।

ন বশ্যং হৃদয়ং যস্য তস্ম শান্তিন্ সিধ্যতি ॥ ১০৪

অর্থ । যেন (যে ব্যক্তি-কর্তৃক) দেবঃ (ইষ্ট দেবতা) ন আরাধিতঃ (উপাসিত হয় নাই), যস্য (যাহার উপর) গুৰ্বনুগ্রহঃ (গুরুর কৃপা নাই) যস্য (যাহার) হৃদয়ং (অন্তঃকরণ) ন বশ্যং (বশীভূত হয় নাই) তস্ম (সেই ব্যক্তির) শান্তিঃ (শম) ন সিধ্যতি (সিদ্ধ হইতে পারে না) ॥ ১০৪

অনুবাদ । যে দেবতার আরাধনা করে নাই, যাহার উপর গুরুর কৃপা নাই, এবং যাহার অন্তঃকরণ বশীভূত হয় নাই, সেই ব্যক্তির কখনই শম সিদ্ধ হয় না ॥ ১০৪

মনঃপ্রসাদ-সাধনম্ ।

মনঃপ্রসাদসিদ্ধার্থং সাধনং শ্রয়তাং বুদ্ধিঃ ।

মনঃপ্রসাদো যৎসত্ত্বে যদভাবে ন সিধ্যতি ॥ ১০৫

অর্থ । যৎসত্ত্বে (যাহা বিদ্যমান থাকিলে) মনঃপ্রসাদঃ (চিত্তের প্রশান্ততা) [ভবতীতি শেষঃ = হইয়া থাকে], যদভাবে (যাহার অভাব হইলে) ন সিধ্যতি (মনঃপ্রসাদ সিদ্ধ হয় না); মনঃপ্রসাদসিদ্ধার্থং (মনের প্রশান্ততা-সিদ্ধির জন্ত) সাধনং (সেই সাধন) বুদ্ধিঃ (পণ্ডিতগণ-কর্তৃক) শ্রয়তাম্ (শ্রুত হউক) ॥ ১০৫

অনুবাদ । যাহা হইলে চিত্তের প্রশান্ততা অবশ্য হয়, [এবং] যাহার অভাবে [চিত্তের প্রশান্ততা] হয় না, চিত্তের প্রশান্ততা সম্পাদনের সেই সাধন [কি, তাহা] পণ্ডিতগণ শ্রবণ করুন ॥ ১০৫

ব্রহ্মচর্য্যমহিংসা চ দয়া ভূতেশ্ববক্রতা ।

বিষয়েষু তিবৈতৃণ্যং শৌচং দন্তুবিবর্জ্জনম্ ॥ ১০৬

অর্থ । ব্রহ্মচর্য্যং (মৈথুনবর্জ্জন), অহিংসা (প্রাণিহিংসা-বর্জ্জন), ভূতেষু

(জীবগণের প্রতি) দয়া (করুণা), অবক্রতা (সরলতা), বিষয়েষু (বিষয় সমূহে) অতিবৈতৃষ্ণ্যং (অত্যন্ত বিতৃষ্ণা) শৌচং (বাহু এবং আভ্যন্তর শুচিতা) দন্তবিসর্জন (দাস্তিকতা পরিহার) ॥ ১০৬

অনুবাদ । মৈথুন-বর্জন, প্রাণিহিংসা-পরিত্যাগ, জীবসমূহে করুণা, সরলতা, ভোগ্য বস্তুসমূহে অতিশয় বৈরাগ্যা, বাহু এবং আভ্যন্তর শৌচ, অদাস্তিকতা ॥ ১০৬

সত্যং নিশ্চয়তা শৈশ্ব্যমভিমানবিসর্জনম্ । *

ঈশ্বরধ্যানপরতা ব্রহ্মবিদ্বিঃ সহ স্থিতিঃ ॥ ১০৭

অন্বয় । সত্যং (মিথ্যাব্যবহার পরিত্যাগ), শৈশ্ব্যং (স্থিরতা), অভিমান-বিসর্জনং (অভিমান পরিহার), ঈশ্বরধ্যানপরতা (ঈশ্বর-চিন্তাভ্যাস), ব্রহ্মবিদ্বিঃ (ব্রহ্মজ্ঞব্যক্তিগণের) সহ (সহিত) স্থিতিঃ (অবস্থান) ॥ ১০৭

অনুবাদ । মিথ্যা-ব্যবহার-বর্জন, স্থিরতা, অভিমানত্যাগ, ঈশ্বরচিন্তাভ্যাস, ব্রহ্মবিদগণের সহিত অবস্থান ॥ ১০৭

জ্ঞানশাস্ত্রৈকপরতা সমতা স্মৃৎসুখয়োঃ ।

মানানাসক্তিরেকান্তশীলতা চ মুমুক্ষুতা ॥ ১০৮

অন্বয় । জ্ঞানশাস্ত্রৈকপরতা (অধ্যাত্মশাস্ত্রের অনুশীলন), স্মৃৎসুখয়োঃ (স্মৃথে ও সুখে) সমতা (অবিচলভাবে স্থিতি), :মানানাসক্তিঃ (সম্মানে অনাসক্তি, নির্জনবাস-রতি ও মোক্ষলাভের ইচ্ছা ॥ ১০৮

অনুবাদ । অধ্যাত্মশাস্ত্রের অনুশীলন, স্মৃথে ও সুখে চঞ্চল না হওয়া, সম্মানে অনাসক্তি, নির্জনবাস-রতি ও মোক্ষলাভের ইচ্ছা ॥ ১০৮

যস্যৈতদ্বিঘ্নতে সর্বং তস্য চিত্তং প্রসীদতি ।

নত্বেতদ্বর্ষশূন্যস্য প্রকারান্তরকোটিভিঃ ॥ ১০৯

অন্বয় । যস্য (যাহার) এতৎ (এই) সর্বং (সকল) বিঘ্নত (বিঘ্নমান আছে), তস্য (তাহার) চিত্তং (অন্তঃকরণ) প্রসীদতি (প্রসন্ন হয়); এতদ্বর্ষ-শূন্যস্য (এই কয়টি ধর্ম যাহার নাই, তাহার) প্রকারান্তরকোটিভিঃ (অল্প কোটি উপায়ের দ্বারাও) [ন প্রসীদতি ইতি শেষঃ = অন্তঃকরণ প্রসন্ন হয় না] ॥ ১০৯

অনুবাদ । এই সকল ধর্ম যাহার বিঘ্নমান আছে, তাহারই অন্তঃকরণ প্রসন্ন হইয়া থাকে, কিন্তু যাহার এই কয়টি ধর্ম নাই, তাহার অল্প কোটি কোটি উপায়ের দ্বারাও অন্তঃকরণ প্রসন্ন হইতে পারে না ॥ ১০৯

* অভিমান বিসর্জনমিতি বা পাঠঃ ।

যেহেতু সাধারণ লোকের অনুরোধ পথ ত্যাগ করিয়া তুমি ব্রহ্ম অবগতির
নিমিত্ত যত্নবান হইয়াছ ॥ ২৮০

শিবপ্রসাদেন বিনা ন সিদ্ধিঃ

শিবপ্রসাদেন বিনা ন বুদ্ধিঃ ।

শিবপ্রসাদেন বিনা ন যুক্তিঃ

শিবপ্রসাদেন বিনা ন মুক্তিঃ ॥ ২৮১

অর্থঃ । শিবপ্রসাদেন (মহাদেবের অনুগ্রহ) বিনা (ব্যতীত) সিদ্ধিঃ
(সফলতা) ন (না—হয়না) শিবপ্রসাদেন (শিবের অনুগ্রহ) বিনা (ব্যতীত)
বুদ্ধিঃ (জ্ঞান) ন (না—হয় না) শিবপ্রসাদেন (শিবের অনুগ্রহ) বিনা
(ব্যতীত) যুক্তিঃ (যোগ) ন (না—হয় না) শিবপ্রসাদেন (শিবের অনুগ্রহ)
বিনা (ব্যতীত) মুক্তিঃ (মোক্ষ) ন (না—হয় না) ॥ ২৮১

অনুবাদ । শিবের অনুগ্রহ ভিন্ন সিদ্ধি হয় না, শিবানুগ্রহ ব্যতীত জ্ঞান-
লাভ হয় না, শিবানুগ্রহ ভিন্ন যোগ হয় না, শিবানুগ্রহ ব্যতীত মোক্ষলাভ
হয় না ॥ ২৮১

যস্য প্রসাদেন বিমুক্তসঙ্গাঃ

শুকাদয়ঃ সংসৃতিবন্ধমুক্তাঃ ।

তস্য প্রসাদো বহুজন্মলভ্যো

ভক্ত্যৈকগম্যো ভবমুক্তিহেতুঃ ॥ ২৮২

অর্থঃ । যস্য (ঐহ্যার, যে শিবের) প্রসাদেন (অনুগ্রহ দ্বারা) শुकাদয়ঃ
(শুক প্রভৃতি মুনিগণ) বিমুক্তসঙ্গাঃ (সঙ্গ ত্যাগ করিয়া) সংসৃতিবন্ধমুক্তাঃ
(সংসার-বন্ধন হইতে মুক্ত হইয়াছেন) তস্য (ঐহ্যার) প্রসাদঃ (অনুগ্রহ)
বহুজন্মলভ্যঃ (অনেক জন্মে লাভ করা যায়) ভক্ত্যৈকগম্যঃ (একমাত্র ভক্তি
দ্বারা লভ্য) ভবমুক্তিহেতুঃ (সংসার হইতে মুক্তির কারণ) ॥ ২৮২

অনুবাদ । ঐহ্যার (শিবের) অনুগ্রহে শুক প্রভৃতি মুনিগণ সঙ্গত্যাগ
করিয়া সংসার-বন্ধন হইতে মুক্ত হইয়াছেন, ঐহ্যার অনুগ্রহ অনেক জন্মে
পাওয়া যায়, তাহাই একমাত্র ভক্তিদ্বারা লভ্য এবং সংসার হইতে মুক্তির
কারণ ॥ ২৮২

বিবেকো জন্তুনাং প্রভবতি জনিস্বেব বহুশু

প্রসাদাদেবৈশাদ্ভবত্বকৃতপাকোদয়বশাৎ ।

যতশ্রমাদেব ত্বমপি পরমার্থাবগমনে

কৃতারম্ভঃ পুংসামিদমিহ বিবেকশ্চ তু ফলম্ ॥ ২৮৩

অনয়। যতঃ (যেহেতু) বহু (অনেক) জনিষু (জন্মে) এব (অবধার
বহুস্কৃতপাকোদয়বশাৎ (অনেক পুণ্যের পরিণাম ফলে) ত্রিশাৎ (ঈ
সম্বন্ধীয়) প্রসাদাৎ (অনুগ্রহবশতঃ) এব (নিশ্চিত) জন্তুনাৎ (প্রাণিগণে
বিবেকঃ (বিচার, বৈরাগ্য) প্রভবতি (উৎপন্ন হয়) তস্মাৎ (সেইজন্তু)
(ই) ত্বং (তুমি) অপি (ও) পরমার্থাবগমনে (যথার্থ বস্তু জানে) কৃতার
(উদ্যোগী) ইহ (এই সংসারে) ইদং (ইহা) তু (পাদপূরণার্থক) পুং
(পুরুষের) বিবেকশ্চ (বিচারের) ফলম্ (কার্য) ॥ ২৮৩

অনুবাদ। যেহেতু অনেক পুণ্যবলে ঈশ্বরানুগ্রহে বহুজন্মের পর প্রাণিগণ
বিবেক উৎপন্ন হয়, তজ্জন্তু তুমিও পরমার্থ-তত্ত্ব বুঝিতে উদ্যোগী হইয়াছ; ;
মনুষ্যের বিবেকেরই ফল ॥ ২৮৩

মর্ত্যত্বসিদ্ধেরপি পুংস্বসিদ্ধে-

বিপ্রত্বসিদ্ধেশ্চ বিবেকসিদ্ধেঃ ।

বদন্তি মুখ্যং ফলমেব মোক্ষং

ব্যর্থং সমস্তং যদি চেন্ন মোক্ষঃ ॥ ২৮৪

অনয়। মর্ত্যত্বসিদ্ধেঃ (মনুষ্যত্ব লাভ) অপি (এবং) পুংস্বসিদ্ধেঃ (পুরু
জন্ম লাভ) বিপ্রত্বসিদ্ধেঃ (বিপ্রজন্ম লাভ) চ (এবং) বিবেকসিদ্ধেঃ (বৈরাগ্য
লাভ) মোক্ষং (মুক্তিকে) এব (নিশ্চিত) মুখ্যং (প্রধান) ফলং (প্রয়োজন
বদন্তি (বলিয়া থাকেন) যদি চেৎ (যদ্যপি) মোক্ষঃ (মুক্তিঃ) ন (না
[ভবেৎ=হয়] [তহি=তবে] সমস্ত (সকল) ব্যর্থং (মিথ্যা) ॥ ২৮৪

অনুবাদ। পণ্ডিতেরা বলিয়াছেন ;—মনুষ্যত্বপ্রাপ্তি, পুরুষত্বলাভ ব্রাহ্মণজন্ম
প্রাপ্তি এবং বিবেকলাভের একমাত্র মুখ্য ফল মুক্তি ; যদি মুক্তি না হইল, তাহ
হইলে এই সমস্তই বৃথা ॥ ২৮৪

প্রশ্নঃ সমীচীনতরস্তবায়ং

যদাত্মতত্ত্বাবগমে প্রবৃত্তিঃ ।

ততস্তবৈতৎ সকলং সমূলং

নিবেদয়িষ্যামি মুদা শৃণু ॥ ২৮৫

অনয়। তব (তোমার) অয়ং (এই) প্রশ্নঃ (প্রশ্ন) সমীচীনতরঃ (অতি
উৎকৃষ্ট) যৎ (যেহেতু) আত্মতত্ত্বাবগমে (আত্মস্বরূপ জানে) প্রবৃত্তিঃ (ইচ্ছা),
ততঃ (তজ্জন্তু) তব (তোমার) এতৎ (এই) সকলং (সমস্ত) সমূলং (মূলতঃ)
নিবেদয়িষ্যামি (বলিব) মুদা (হর্ষে) শৃণু (শ্রবণ কর) ॥ ২৮৫

অনুবাদ। তোমার প্রশ্নটি উত্তম, যেহেতু তোমার আত্মতত্ত্বজ্ঞানে বাসনা
হইয়াছে ; অতএব তোমাকে এই সমস্ত বিষয় যথাযথ বর্ণন করিতেছি, তুমি
হৃষ্টচিত্তে শ্রবণ কর ॥ ২৮৫

মৃষাত্বনিকূপণম্ ।

মর্ত্যত্বং ত্বয়ি কল্পিতং ভ্রমবশাৎ তেনৈব জন্মাদয়ঃ

তৎসম্ভাবিতমেব দুঃখমপি তে নো বস্তুতস্তন্মৃষা ।

নিদ্রামোহবশাদুপাগতসুখং দুঃখং চ কিম্বু ত্বয়া

সত্যত্বেন বিলোকিতং কচিদপি ক্রহি প্রবোধাগমে ॥২৮৬

অন্বয় । ভ্রমবশাৎ (ভ্রান্তি প্রযুক্ত) ত্বয়ি (তোমাতে—আত্মায়) মর্ত্যত্বং (মরণশীলত্ব—মনুষ্যত্ব) কল্পিতং (আরোপিত হইয়াছে) তেন (ভ্রমবশতঃ) এব (অবধারণ) জন্মাদয়ঃ (জন্ম, নাশ প্রভৃতি) তৎসম্ভাবিতং (জন্মাদিজনিত) এব (পাদপূরণার্থক) দুঃখং (ক্লেশ) অপি (ও) তে (তোমার) নো (নাই) বস্তুতঃ (যথার্থতঃ) তৎ (দুঃখ) মৃষা (মিথ্যা) নু (সম্বোধন) নিদ্রামোহবশাৎ (নিদ্রারূপ অজ্ঞান প্রযুক্ত) উপাগতসুখং (প্রাপ্ত সুখ) দুঃখং (ক্লেশ) চ (ও) ত্বয়া (তোমা কর্তৃক) প্রবোধাগমে (জাগরণে) কচিৎ (কোথায়) অপি (ও) সত্যত্বেন (যথার্থত্বরূপে) বিলোকিতং (দৃষ্ট) কিং (কি) ক্রহি (বল) ॥ ২৮৬

অনুবাদ । তুমি অজ্ঞানের বশীভূত হইয়া আপনাতে (আত্মায়) মনুষ্যত্বের আরোপ করিয়াছ, সেই অজ্ঞান বশতঃ জন্মনাশ প্রভৃতি হইয়া থাকে ; বস্তুতঃ তজ্জনিত দুঃখ মিথ্যা বলিয়া তোমাতে তাহার সম্ভাবনা নাই, নিদ্রারূপ মোহে অভিভূত হইয়া লোকে সুখ কিংবা দুঃখ প্রাপ্ত হয়, বল দেখি, জাগ্রদবস্থায় তাহার সত্যত্ব কোথাও দেখিয়াছ কি ? ॥ ২৮৬

নাশেষলোকৈরনুভূয়মানঃ

প্রত্যক্ষতোহয়ং সকলপ্রপঞ্চঃ ।

কথং মৃষা স্মাদিতি শঙ্কনীয়ং

বিচারশূন্যেন বিমূহতা ত্বয়া ॥ ২৮৭

অন্বয় । অশেষলোকৈঃ (সমস্ত জনকর্তৃক) প্রত্যক্ষতঃ (প্রত্যক্ষরূপে) অনুভূয়মানঃ (যাহা জানা বাইতেছে এরূপ) অয়ং (এই) সকলপ্রপঞ্চঃ (সমস্ত জগৎ) কথং (কিরূপে) মৃষা (মিথ্যা) স্মাৎ (হয়) ইতি (এইরূপ) বিচারশূন্যেন (বিবেকবিহীন) বিমূহতা (মোহপ্রাপ্ত) ত্বয়া (তোমা কর্তৃক) ন শঙ্কনীয়ং (শঙ্কা করা কর্তব্য নহে) ॥ ২৮৭

অনুবাদ । সকল লোকই যখন [ঘটপট প্রভৃতি] সমস্ত জগৎ প্রত্যক্ষভাবে অনুভব করিতেছেন, তখন তাহা কিরূপে মিথ্যা হইবে,—বিবেকশূন্য এবং মোহের বশীভূত হইয়া এরূপ আশঙ্কা করা তোমার উচিত নহে ॥ ২৮৭

দিবাক্ষদৃষ্টেস্তু দিবাক্ষকারঃ

প্রত্যক্ষসিদ্ধোহপি স কিং যথার্থঃ ।

তদ্বদভ্রমেণাবগতঃ পদার্থো

ভ্রান্তস্ত সত্যঃ স্মৃতে মূষেব ॥ ২৮৮

অনুয়। দিবাক্ষদৃষ্টেঃ (দিবসে দৃষ্টিশক্তিবিহীন লোকের) তু (কিং
দিবা (দিবসে) অক্ষকারঃ (তমঃ) প্রত্যক্ষসিদ্ধঃ অপি (প্রত্যক্ষপ্রমাণ দ্ব
নিশ্চিত হইলেও) সঃ (তাহা) যথার্থঃ (প্রকৃত) কিং (কি) ? তদ্
(সেইরূপ) ভ্রমেণ (ভ্রান্তি দ্বারা) অবগতঃ (জ্ঞাত) পদার্থঃ (বস্তু) ভ্রান্ত
(ভ্রমযুক্ত জনের) সত্যঃ (যথার্থ) স্মৃতেঃ (বুদ্ধিমানের) মূষা (মিথ্যা)
(নিশ্চয়ে) ॥ ২৮৮

অনুবাদ। [প্রত্যক্ষপ্রমাণ সিদ্ধ হইলেই যে ভ্রান্ত হইবে এরূপ কে
নিয়ম নাই, কেননা,] যে ব্যক্তি দিবাক্ষদৃষ্টি অর্থাৎ প্রথর জ্যোতির্শয় পদা
দৃষ্টিপাত করায় যাহার দর্শনশক্তি বিনষ্ট হইয়াছে, সে দিব্যভাগে অক্ষকার দে
স্মৃতাং সেই অক্ষকার তাহার প্রত্যক্ষ প্রমাণসিদ্ধ বটে; তাই বলিয়া
তাহা সত্য বলা যাইবে। সেইরূপ ভ্রমবশতঃ যে পদার্থ অনুভূত হইতে
ভ্রান্তের নিকট তাহা সত্য বলিয়া প্রতীত হয়, পরন্তু বুদ্ধিমান তাহা মি
বলিয়াই জানেন ॥ ২৮৮

ঘটোহয়মিত্যত্র ঘটভিমানঃ *

প্রত্যক্ষতঃ কশ্চিছুদেতি দৃষ্টেঃ ।

বিচার্যমাণে স তু নাস্তি তত্র

মুদস্তি তদ্বাব-বিলক্ষণা সা ॥ ২৮৯

অনুয়। অত্র (এই স্থানে) অয়ং (এই) ঘটঃ (কুন্ড [অস্তি=আছে
ইতি (ইহা) প্রত্যক্ষতঃ (প্রত্যক্ষ, সাক্ষাৎ) দৃষ্টেঃ (দর্শন বা বোধ হইতে
কশ্চিৎ (কোন এক) ঘটভিমানঃ (ঘটবুদ্ধি) উদেতি (উৎপন্ন হয়);
(কিন্তু) বিচার্যমাণে (বিচার করিয়া দেখিলে) সঃ (ঘট) তত্র (তথায়
নাস্তি (নাই) তদ্বাব-বিলক্ষণা (ঘটস্বভাব হইতে বিভিন্ন) সা (সেই) স
(মৃত্তিকা) অস্তি (আছে) ॥ ২৮৯

অনুবাদ। 'এখানে এই ঘটটি রহিয়াছে'—বলিলে প্রত্যক্ষরূপে ঘটজ্ঞা
উৎপন্ন হয়, কিন্তু বিচার করিয়া দেখিলে ঘট বলিয়া কোন বস্তু নাই, কেব
ঘটের বিভিন্নস্বভাব মৃত্তিকাই বিদ্যমান আছে [দেখা যায়] ॥ ২৮৯

* ঘটভিধানঃ ইতি বা পাঠঃ ।

প্রাদেশমাত্রঃ পরিদৃশ্যতেহর্কঃ

শাস্ত্রেণ সন্দর্শিত-লক্ষ্যযোজনঃ ।

মানান্তরেণ কচিদেতি বাধাং

প্রত্যক্ষমপ্যত্র হি ন ব্যবস্থা ॥ ২৯০

অর্থঃ । অর্কঃ (সূর্য) প্রাদেশমাত্রঃ (প্রাদেশ-পরিমিত) পরিদৃশ্যতে (দৃষ্ট
য়) শাস্ত্রেণ (শাস্ত্র কর্তৃক) সন্দর্শিতলক্ষ্যযোজনঃ (লক্ষ্য যোজন পরিমিত বলিয়া
জানা যায়) মানান্তরেণ (অত্র প্রমাণের দ্বারা) কচিৎ (কখন কখন) বাধাং
অপবাদ) এতি (প্রাপ্ত হয়) হি (যেহেতু) অত্র (এখানে) প্রত্যক্ষং
প্রত্যক্ষ প্রমাণ) অপি (ও) ব্যবস্থা (নির্ণায়ক) ন (নহে) ॥ ২৯০

অনুবাদ । সূর্য্য প্রাদেশ-পরিমিত দৃষ্ট হইয়া থাকে, [পরন্তু] শাস্ত্র দ্বারা
লক্ষ্যযোজন-পরিমিত বলিয়া জানা যায় ; প্রত্যক্ষদৃষ্ট বস্তু যখন প্রমাণান্তর দ্বারা
সিদ্ধি হয় তখন প্রত্যক্ষ প্রমাণই বস্তুর নিরূপক হইতে পারে না ॥ ২৯০

তস্মাৎ ত্বয়ীদং ভ্রমতঃ প্রতীতং

মৃষেব নো সত্যমবেহি সাক্ষাৎ ।

ব্রহ্ম ত্বমেবাসি সূখস্বরূপং

ত্বত্তো ন ভিন্নং বিচিনুষ্ব বুদ্ধৌ ॥ ২৯১

অর্থঃ । তস্মাৎ (সেই জন্ত) ত্বয়ি (তোমাতে) ভ্রমতঃ (ভ্রান্তিবশতঃ)
প্রতীতং (জ্ঞাত) ইদং (ইহা) মৃষা (মিথ্যা) এব (অবধারণ) সাক্ষাৎ
(প্রত্যক্ষ) সত্যং (যথার্থ) নো (না) অবেহি (জানিও) ; ত্বমেব (তুমিই)
সূখস্বরূপং (আনন্দস্বরূপ) ব্রহ্ম (পরমাত্মা) অসি (হও) ; ত্বত্তঃ (তোমা
হইতে) [ব্রহ্ম] ভিন্নং (পৃথক) ন (না) বুদ্ধৌ (অন্তঃকরণে) [ইতি ইহা]
বিচিনুষ্ব (বিচার কর) ॥ ২৯১

অনুবাদ । অতএব তোমাতে ভ্রম প্রযুক্ত যাহা (মনুষ্যত্বাদি) প্রতীত
হইতেছে, তাহা বস্তুতঃ মিথ্যা জানিও । তুমি আনন্দস্বরূপ ব্রহ্ম ; বিচার করিয়া
দেখ, তোমা হইতে ব্রহ্ম পৃথক নহেন ॥ ২৯১

লোকান্তরে বাত্র গুহান্তরে বা

তীর্থান্তরে কৰ্ম্মপরম্পরান্তরে ।

শাস্ত্রান্তরে নাস্ত্যানুপশ্যতামিহ

স্বয়ং পরং ব্রহ্ম বিচার্যমাণে ॥ ২৯২

অর্থঃ । অত্র (এই সংসারে) লোকান্তরে (স্বর্গাদি লোকে) বা (কিংবা)
গুহান্তরে (গুহামধ্যে) বা (অথবা) তীর্থান্তরে (ভিন্ন ভিন্ন তীর্থে) কৰ্ম্ম-

পরম্পরাস্তরে (কৰ্মরাশির মধ্যে) শাস্ত্রাস্তরে (শাস্ত্রাভ্যস্তরে) [ব্রহ্ম] নাস্তি (নাই) ; অনুপশ্চতাং (তত্ত্বজ্ঞানিগণের) ইহ (এ বিষয়ে) বিচার্যমাণে (বিচার করিলে) স্বয়ং (নিজেই) পরং ব্রহ্ম (পরমাত্মা) ॥ ২৯২

অনুবাদ । এই সংসারে, স্বর্গাদি লোকাস্তরে, গিরিগুহার অভ্যস্তরে ভিন্ন ভিন্ন তীর্থে কিংবা কৰ্মসমূহের মধ্যে অথবা শাস্ত্রাভ্যস্তরে ব্রহ্ম নাই (খুঁজিয়া পাওয়া যায় না), [কিন্তু] জ্ঞানিগণ বিচার করিয়া আপনাকেই 'পরং ব্রহ্ম' বলিয়া জানিয়া থাকেন ॥ ২৯২

তদ্বমাত্মস্থমজ্ঞাত্বা মূঢ়ঃ শাস্ত্রেষু পশ্চতি ।

গোপঃ কক্ষগতং ছাগং যথা কূপেষু দুৰ্ম্মতিঃ ॥২৯৩

অর্থ । মূঢ়ঃ (অজ্ঞ) আত্মস্থং (স্থিত) তদ্বম্ (স্বরূপ) অজ্ঞাত্বা (না জানিয়া) শাস্ত্রেষু (শ্রুতিস্মৃতি প্রভৃতিতে) পশ্চতি (দেখে), যথা (যেরূপ) দুৰ্ম্মতিঃ (মন্দবুদ্ধিঃ) গোপঃ (গোপ) কক্ষগতং (বাহুমূলে—বগলে স্থিত) ছাগং (ছাগকে) কূপেষু (কূপে) [পশ্চতি=দেখে] ॥ ২৯৩

অনুবাদ । যেমন অজ্ঞ গোপ স্বীয় কক্ষস্থ ছাগকে [না জানিয়া] কূপ মধ্যে [প্রতিবিম্বরূপে] দেখিয়া থাকে, তদ্রূপ মূঢ়ব্যক্তি আত্মস্থ ব্রহ্মকে না জানিয়া শাস্ত্রে অবলোকন (অন্বেষণ) করে ॥ ২৯৩

স্বমাত্মানং পরং মত্বা পরমাত্মানমন্যথা ।

বিমৃগ্যতে পুনঃ স্বাত্মা বহিঃ কোশেষু পণ্ডিতৈঃ ॥২৯৪

অর্থ । স্বম্ (স্বীয়ম্) আত্মানং (স্বরূপকে) পরং (অগ্র—ব্রহ্মভিন্ন) [মত্বা=জানিয়া] পরমাত্মানং (ব্রহ্মকে) অগ্রথা (অগ্ররূপ—জীবব্যতিরিক্ত) মত্বা (জানিয়া) পণ্ডিতৈঃ (পণ্ডিতমানীরা) কোশেষু (পঞ্চকোশের) বহিঃ (বাহিরে) পুনঃ (বাক্যালঙ্কার) স্বাত্মা (স্বস্বরূপ) বিমৃগ্যতে (অন্বেষণ করে) ॥ ২৯৪

অনুবাদ । [শব্দার্থবিৎ] [পণ্ডিতমানী ব্যক্তিগণ] স্বকীয় আত্মাকে ব্রহ্মভিন্ন এবং ব্রহ্মকে আত্মভিন্ন মনে করিয়া অন্তময়াদি পঞ্চকোশের বাহিরে আত্মাকে অন্বেষণ করিয়া থাকেন ॥ ২৯৪

বিস্মৃত্য বস্তুনস্তত্ত্বমধ্যারোপ্য চ বস্তুনি ।

অবস্তুতাঞ্চ তদ্বস্তুান্ মুধা শোচতি নান্যথা ॥ ২৯৫

অর্থ । বস্তুনঃ (পদার্থের) তত্ত্বং (স্বরূপ) বিস্মৃত্য (ভুলিয়া) বস্তুনি (বস্তুতে) অবস্তুতাং (মিথ্যাবস্তু) তদ্বস্তুান্ (অবস্তুর ধর্মসমুদায়) চ (এবং) অধ্যারোপ্য (আরোপ করিয়া) মুধা (বৃথা) শোচতি (শোক করে) অগ্রথা (অগ্রপ্রকার) ন (না) ॥ ২৯৫

অনুবাদ । [অজ্ঞলোক] বস্তুর স্বরূপ বিস্মৃত হইয়া যথার্থ বস্তুতে (রজু

প্রভৃতিতে) অবস্ত (সর্পাদি) ও তাহার ধর্মসমূহ (ভীষণত্বাদি) আরোপ করত
বৃথা শোক করিয়া থাকে, ইহার অর্থ হয় না ॥ ২১৫

(আত্মানাত্মবিবেকঃ)

আত্মানাত্মবিবেকং তে বক্ষ্যামি শৃণু সাদরম্ ।

যস্য শ্রবণমাত্রেণ মুচ্যতেহনাত্মবন্ধনাৎ ॥ ২১৬

অনুয় । আত্মানাত্মবিবেকং (আত্মা ও অনাত্মার ভেদ) তে (তোমাকে)
বক্ষ্যামি (বলিব) সাদরং (আদরের সহিত) শৃণু (শ্রবণ কর), যস্য (যাহার)
শ্রবণমাত্রেণ (শুনিবামাত্র) অনাত্মবন্ধনাৎ (অনাত্মবস্তুরা বন্ধন হইতে)
মুচ্যতে (মুক্ত হয়) ॥ ২১৬

অনুবাদ । আমি তোমাকে আত্মা ও অনাত্মার বিবেক (পার্থক্য)
উপদেশ দিব, তুমি সমাদরপূর্বক শ্রবণ কর, যাহা শ্রবণ করিলে আত্মা ভিন্ন বস্তুর
বন্ধন হইতে মুক্ত হওয়া যায় ॥ ২১৬

ইত্যুক্ত্যভিমুখীকৃত্য শিষ্যং করুণয়া গুরুঃ ।

অধ্যারোপাপবাদাত্ম্যাং নিস্প্রপঞ্চং প্রপঞ্চয়ন্ ॥ ২১৭

সম্যক্ প্রাবোধয়ৎ তত্ত্বং শাস্ত্রদৃষ্টেন বত্সনা ।

সর্বেষামুপকারায় তৎপ্রকারোহত্র দর্শ্যতে ॥ ২১৮

অনুয় । গুরুঃ (উপদেষ্টা) ইতি (এইরূপ) উক্ত্য (বলিয়া) করুণয়া
(দয়াবশতঃ) শিষ্যং (ছাত্রকে) অভিমুখীকৃত্য (সম্মুখীন করিয়া) অধ্যা-
রোপাপবাদাত্ম্যাং (অধ্যারোপ এবং অপবাদের দ্বারা) নিস্প্রপঞ্চং (প্রপঞ্চ-
রহিত ব্রহ্ম) প্রপঞ্চয়ন্ (বিস্তৃতভাবে প্রতিপাদন করিয়া) শাস্ত্রদৃষ্টেন (শাস্ত্র দ্বারা
জ্ঞাত) বত্সনা (উপায় দ্বারা) তত্ত্বং (স্বরূপ) সম্যক্ (উত্তমরূপে) প্রাবোধয়ৎ
(অববোধিত করিয়াছিলেন) অত্র (এ বিষয়ে) সর্বেষাং (সকল লোকের)
উপকারায় (হিতের নিমিত্ত) তৎপ্রকারঃ (তাহার রীতি) দর্শ্যতে (প্রদর্শিত
হইতেছে) ॥ ২১৭—২১৮

অনুবাদ । এই বলিয়া গুরু শিষ্যকে সম্মুখীন করতঃ করুণা-পরবশ হইয়া
অধ্যারোপ এবং অপবাদ দ্বারা প্রপঞ্চশূন্য ব্রহ্মকে বিস্তৃতরূপে প্রতিপাদন করিয়া
শাস্ত্রানুসারী উপায় দ্বারা সম্যগ্রূপে [শিষ্যকে] তত্ত্ব অববোধিত করিয়াছিলেন ;
সকল লোকের উপকারের জন্ত তাহার প্রণালী এস্থলে প্রদর্শিত হই-
তেছে ॥ ২১৭—২১৮

(অধ্যারোপঃ)

বস্তুবস্তুারোপো যঃ সোহধ্যারোপ ইতীৰ্য্যতে ।

অসৰ্পভূতে রজ্জ্বাদৌ সৰ্পহ্যারোপণং যথা ॥ ২৯৯

অন্বয় । বস্তুনি (সত্যপদার্থে) যঃ (যে) অবস্থারোপঃ (মিথ্যা বস্তু-
কল্পনা) সঃ (তাহা) অধ্যারোপঃ (আরোপ) ইতি (ইহা) ঈৰ্য্যতে (কথিত
হয়) যথা (যেরূপ) অসৰ্পভূতে (বস্তুতঃ যাহা সৰ্প নহে তাদৃশ) রজ্জ্বাদৌ
(দড়িতে) সৰ্পহ্যারোপণং (সৰ্পের অধ্যাস—কল্পনা) ॥ ২৯৯

অনুবাদ । [এক্ষণে পূর্বে কৃত অধ্যারোপ ও অপবাদের মধ্যে অধ্যারোপ
বলা যাইতেছে]—[প্রকৃত] বস্তুতে মিথ্যাভূত বস্তুর আরোপকে পণ্ডিতের
অধ্যারোপ বলিয়া থাকেন ; যেমন রজ্জু সৰ্প না হইলেও লোকে (ভ্রমপ্রযুক্ত
তাহাতে সৰ্পের আরোপ করিয়া থাকে ॥ ২৯৯

বস্তু তাবৎ পরং ব্রহ্ম সত্যজ্ঞানাদিলক্ষণম্ ।

ইদমারোপিতং যত্র ভাতি খে নীলতাদিবৎ ॥ ৩০০

অন্বয় । পরং ব্রহ্ম (পরমাত্মা) বস্তু (যথার্থ পদার্থ) তাবৎ (বাক্যালঙ্কার
সত্যজ্ঞানাদি লক্ষণং (সত্য, জ্ঞান, আনন্দ বাঁহার স্বরূপ লক্ষণ), খে (আকাশে
নীলতাদিবৎ (নৈল্য প্রতীতির ঞ্চায়) যত্র (যাহাতে—ব্রহ্মে) ইদং (ইহা-
জগৎ) আরোপিতং (কল্পিত) ভাতি (প্রকাশ পায়) ॥ ৩০০

অনুবাদ । পরং ব্রহ্ম প্রকৃত বস্তু, সত্য, জ্ঞান, ও আনন্দ তাঁহার স্বরূপ
লক্ষণ ; আকাশে যেমন নীলরূপ কল্পিত, সেইরূপ ব্রহ্মে আরোপিত জগৎ
প্রতীত হয় ॥ ৩০০

(অজ্ঞানম্)

তৎ কারণং যদজ্ঞানং সকার্য্যং সদ্বিলক্ষণম্ ।

অবস্তিত্ব্যচ্যতে সদ্ভিৰ্যশ্চ বাধা প্রদৃশ্যতে ॥ ৩০১

অন্বয় । সকার্য্যং (ঘটপটাদি সমস্ত জগৎরূপ কার্য্যের সহিত বিদ্যমান)
সদ্বিলক্ষণং (ব্রহ্ম ভিন্ন) যৎ (যে) কারণং (সমস্ত জগতের উপাদান কারণ)
অজ্ঞানং (অবিজ্ঞা) তৎ (তাহা) সদ্ভিঃ (সাধুগণকর্তৃক) অবস্ত (মিথ্যা বস্তু—
কিছুই নহে) ইতি (ইহা) উচ্যতে (কথিত হয়) যশ্চ (যাহার) বাধা (নিবৃত্তি)
প্রদৃশ্যতে (দৃষ্ট হয়) ॥ ৩০১

অনুবাদ । যাহা সমস্ত বস্তুর মূলকারণ, নিখিলজগৎ যাহার কার্য্য, যাহা
ব্রহ্ম হইতে বিভিন্ন এবং যাহার বাধা দেখিতে পাওয়া যায়, এবংবিধ অজ্ঞানকে
পণ্ডিতগণ 'অবস্ত' বলিয়া থাকেন ॥ ৩০১

অবস্ত তৎ প্রমাণৈর্ঘদ্বাধ্যতে শুক্তিরোপ্যবৎ ।

ন বাধ্যতে যত্তদবস্ত ত্রিষু কালেষু শুক্তিবৎ ॥ ৩০২

অনুব্র। যৎ (যাহা) শুক্তিরোপ্যবৎ (শুক্তিতে—ঝিনুকে প্রতীয়মান রজতের আয়) প্রমাণৈঃ (প্রমাণসমূহদ্বারা) বাধ্যতে (বাধিত হয়) তৎ (তাহা) অবস্ত (মিথ্যা বস্ত) যৎ (যাহা) শুক্তিবৎ (শুক্তির মত) ত্রিষু (তিন) কালেষু (কালে) ন (না) বাধ্যতে (বাধিত হয়) তৎ (তাহা) বস্ত (সত্যাদর্শ—যথা ব্রহ্ম) ॥ ৩০২

অনুবাদ। শুক্তিতে প্রতীয়মান রজতের আয় যেটি প্রমাণের দ্বারা— বাধিত হয়, তাহাই অবস্ত ; যাহা শুক্তির আয় কালত্রয়ে বাধিত হয় না, তাহাকে বস্ত বলা যায় ॥ ৩০২

শুক্তে বাধা ন খলুস্তি রজতশ্চ যথা তথা ।

অবস্তসংজ্ঞিতং যত্তজ্জগদধ্যাসকারণম্ ॥ ৩০৩

অনুব্র। যথা (যেরূপ) রজতশ্চ (রৌপ্যের) বাধা (নিবৃত্তি) তথা (সেইরূপ) ন (না) খলু (নিশ্চিত) শুক্তেঃ (ঝিনুকের) বাধা (নিবৃত্তি) অস্তি (হয়) ; যৎ (যাহা) অবস্তসংজ্ঞিতং (অবস্ত এই নাম যুক্ত) তৎ (তাহা) জগদধ্যাসকারণং (জগতের আরোপের হেতু) ॥ ৩০৩

অনুবাদ। [শুক্তিরজতস্থলে] রজতের যেমন বাধ হয়, তদ্রূপ শুক্তির বাধ হয় না, যাহাকে (অজ্ঞানকে) অবস্ত বলা যায়, সেই জগতের অধ্যাসের কারণ ॥ ৩০৩

সদসদ্যামনির্বাচ্যমজ্ঞানং ত্রিগুণাত্মকম্ ।

বস্ততদ্বাববোধৈকবাধ্যং তদ্ভাবলক্ষণম্ ॥ ৩০৪

অনুব্র। অজ্ঞানং (অবিজ্ঞা) সদসদ্যাং (সৎ-ব্রহ্ম এবং অসৎ তুচ্ছ হইতে) অনির্বাচ্যং (বচনযোগ্য নহে) ত্রিগুণাত্মকং (সত্ত্ব রজঃ তমঃ গুণস্বরূপ) বস্ততদ্বাববোধৈকবাধ্যং (একমাত্র যথার্থ বস্ত কালে বাধিত হয়) তদ্ভাবলক্ষণং (তত্ত্বজ্ঞান বাধ্যত্বই তাহার স্বরূপ) ॥ ৩০৪

অনুবাদ। সৎ (ব্রহ্ম) এবং অসৎ (শশশৃঙ্গাদি) হইতে অজ্ঞান অনির্বাচ্য (নির্বাচন করিয়া লওয়া যায় না) [পরন্তু ইহা মিথ্যা ; কেবলমাত্র জ্ঞাননিবর্তী], সত্ত্ব, রজঃ ও তমঃ এই গুণত্রয় তাহার স্বরূপ, একমাত্র বস্ততত্ত্ব-জ্ঞান দ্বারা উহা বাধিত হয় এবং জ্ঞান-নিবর্তীত্বই তাহার লক্ষণ ॥ ৩০৪

মিথ্যাসম্বন্ধতস্তত্র ব্রহ্মণ্যাশ্রিত্য তিষ্ঠতি ।

মণৌ শক্তির্যথা তদ্বনৈতদাশ্রয়দূষকম্ ॥ ৩০৫

অনুবাদ । এতৎ (অজ্ঞান) মিথ্যাসম্বন্ধতঃ (মিথ্যাসম্বন্ধপ্রযুক্ত) মে (মনিতে) শক্তিঃ (দাহিকাশক্তি) যথা (যেমন) তত্র (সেই) ব্রহ্মণি (ব্রহ্মে) আশ্রিত্য (অবলম্বন করিয়া) তিষ্ঠতি (থাকে) তদ্বৎ (মণির গ্ৰায়) আশ্রয়দূষকং (আধারের বিকারজনক) ন (না) ॥ ৩০৩ ॥

অনুবাদ । শক্তি (দাহিকাশক্তি) যেমন শূন্যস্থানে মনিতে থাকে, সেইরূপ অজ্ঞান মিথ্যা সম্বন্ধবশতঃ ব্রহ্মকে আশ্রয় করিয়া অবস্থান করে বটে; কি ইহা মণির গ্ৰায় আশ্রয়দূষক (আশ্রয়ের বিকারজনক) নহে ॥ ৩০৩ ॥

সদৃশ্যে লিঙ্গমেতস্য কার্য্যমেতচ্চরাচরম্ ।

মানং শ্রুতিঃ স্মৃতিশ্চাজ্জোহমিত্যনুভবোহপি চ ॥ ৩০৬ ॥

অনুবাদ । এতস্য (ইহার—অজ্ঞানের) সদৃশ্যে (অন্তর্ভুক্ত) এতৎ (এই-দৃশ্যমান) চরাচরং (জঙ্গম ও স্থাবররূপ জগৎ) কার্য্যং (কার্য্য) লিঙ্গং (কার্য্যরূপ চিহ্ন) শ্রুতিঃ (বেদ) স্মৃতিঃ (ধর্ম্মশাস্ত্র) চ (এবং) অহং (আমি) অজ্ঞঃ (জ্ঞানহীন, বিপরীতজ্ঞানবান্) ইতি (এইরূপ) অনুভবঃ (অনুভূতি-জ্ঞান) অপি (ও) চ (সমুচ্চয়ে) মানং (অজ্ঞানতার প্রমাণ) ॥ ৩০৬ ॥

অনুবাদ । এই স্থাবরজঙ্গমাভ্যক জগৎ অজ্ঞানের কার্য্য; কার্য্যরূপ লক্ষ্য দ্বারা অজ্ঞানের অস্তিত্ব অনুমিত হয়; শ্রুতি, স্মৃতি এবং 'আমি অজ্ঞ' এইরূপ অনুভবও অজ্ঞানের অস্তিত্বসাধক প্রমাণ ॥ ৩০৬ ॥

অজ্ঞানং প্রকৃতিঃ শক্তিরবিদ্যেতি নিগদ্যতে ।

তদেতৎ সন্ন ভবতি নামদ্বা শুক্তিরৌপ্যবৎ ॥ ৩০৭ ॥

অনুবাদ । অজ্ঞানং (বিপরীতজ্ঞান) প্রকৃতিঃ (জগৎকর্ত্রী) শক্তিঃ (জগৎ-নির্মাণশক্তিঃ) অবিদ্যা (অজ্ঞান) ইতি (ইহা) নিগদ্যতে (কথিত হয়) তৎ (সেই) এতৎ (ইহা) শুক্তিরৌপ্যবৎ (শুক্তিতে ভ্রমবশতঃ দৃষ্ট রজতের গ্ৰায় সৎ (সত্তাবিশিষ্ট) ন ভবতি (হয় না) বা (অথবা) অসৎ (তুচ্ছ) ন (না) [ভবতি=হয়] ॥ ৩০৭ ॥

অনুবাদ । পণ্ডিতেরা অজ্ঞানকে প্রকৃতি, শক্তি ও অবিদ্যা বলিয়া থাকেন ইহা শুক্তিতে দৃষ্ট রজতের গ্ৰায় সৎ কিংবা অসৎ নহে ॥ ৩০৭ ॥

সতো ভিন্নমভিন্নং বা ন দীপস্য প্রভা যথা ।

ন সাবয়বমন্তদ্বা বীজস্যাকুরবৎ কচিৎ ॥ ৩০৮ ॥

অনুবাদ । যথা (যেমন) দীপস্য (প্রদীপের) প্রভা (দীপ্তি) [তদ্বৎ সেইরূপ] সতঃ (সৎ অর্থাৎ ব্রহ্ম হইতে) [অজ্ঞানম্=অজ্ঞান] ভিন্নম্ (পৃথক্ বা (কিংবা) অভিন্নম্ (অপৃথক্) ন (না) [ন নিরূপ্যতে ইত্যর্থঃ=নিরূপ করা যায় না] । বা (কিংবা) কচিৎ (কখনও) বীজস্য (বীজের) অকুরবৎ (অকুরের গ্ৰায়) সাবয়বৎ (অবয়ব-বিশিষ্ট) অন্তঃ (অবয়বশূন্য) ন (নহে) ॥ ৩০৮ ॥

অনুবাদ । প্রদীপের প্রভা যেমন প্রদীপ হইতে ভিন্ন কিংবা অভিন্ন কিছুই
না যায় না, সেইরূপ অজ্ঞান সং (ব্রহ্ম) হইতে ভিন্ন কিংবা অভিন্ন তাহা
রূপণ করা যায় না । অক্ষুর যেরূপ বীজের অংশ অথবা অনংশ কিছুই স্থির
রা যায় না, তদ্রূপ অজ্ঞান ব্রহ্মের অবয়ব বা অনবয়ব, তাহা বলা
যা না ॥ ৩০৮

অত এতদনির্বাচ্যমিত্যেব কবয়ো বিদুঃ ।

সমষ্টিব্যাপ্তিরূপেণ দ্বিধাজ্ঞানং নিগদ্যতে ॥ ৩০৯

অর্থ । অতঃ (এইজন্য) কবয়ঃ (পণ্ডিতগণ) এতৎ (ইহাকে) অনির্বাচ্যং
অনির্বাচনীয়) ইতি (এইরূপ) এব (ই) বিদুঃ (জানেন), অজ্ঞানং
অবিদ্যা) সমষ্টিব্যাপ্তিরূপেণ (একরূপে ও পৃথগ্‌রূপে) দ্বিধা (দুই প্রকার)
গদ্যতে (কথিত হয়) ॥ ৩০৯

অনুবাদ । অতএব পণ্ডিতগণ ইহাকে অনির্বাচ্য বলিয়া জানেন । সেই
জ্ঞান সমষ্টি ও ব্যাপ্তি-ভেদে দুই প্রকার কথিত হয় ॥ ৩০৯

নানাৎনেন প্রতীতানামজ্ঞানানামভেদতঃ ।

একৎনেন সমষ্টিঃ স্মাদ্ ভূরুহাণাং বনং যথা ॥ ৩১০

অর্থ । যথা (যেমন) ভূরুহাণাং (বৃক্ষসমূহের) বনং (অরণ্য) অভেদতঃ
ভেদ না থাকায়) একৎনেন (একরূপে) তথা নানাৎনেন (ভিন্ন ভিন্ন রূপে)
প্রতীতানাং (প্রতিভাত) অজ্ঞানানাং (অবিদ্যাসমূহের) সমষ্টিঃ (এক) স্মাদ্
হয়) ॥ ৩১০

অনুবাদ । যেমন বৃক্ষ নানা হইলেও 'বন'-রূপে একত্ব ব্যবহার হয়, তদ্রূপ
বিভেদে অজ্ঞান ভিন্ন ভিন্ন প্রতীত হইলেও অভেদবশতঃ একত্ব ব্যবহার হয়,
ই একরূপতাকে সমষ্টি বলে ॥ ৩১০

ঈশ্বর ।

ইয়ং সমষ্টিরূৎকৃষ্টা সত্ত্বাংশোৎকর্ষতঃ পুরা ।

মায়েতি কথ্যতে তজ্জৈঃ শুদ্ধসত্ত্বৈকলক্ষণা ॥ ৩১১

অর্থ । ইয়ং (এই) সমষ্টিঃ (একরূপ অজ্ঞান) সত্ত্বাংশোৎকর্ষতঃ
সত্ত্বগুণের আধিক্য প্রযুক্ত) পুরা (পূর্বে) তজ্জৈঃ (মায়াজগৎ কর্তৃক)
শুদ্ধসত্ত্বৈকলক্ষণা (রজস্তমোগুণ হীনমাত্র স্বভাব) মায়া (ঈশ্বরের উপাধি)
ইতি (ইহা) কথ্যতে (কথিত হয়) ॥ ৩১১

অনুবাদ । এই অজ্ঞানসমষ্টি—সত্ত্বগুণের আধিক্যপ্রযুক্ত উৎকৃষ্ট, কেবল সত্ত্বগুণই তাহার স্বভাব ; তাহার স্বরূপ যাহারা জানেন, তাহারা ইহাকে মায় বলিয়া থাকেন ॥ ৩১১

মায়োপহিতচৈতন্যং সাভাসং সত্ত্ববৃংহিতম্ ।

সর্বজ্ঞত্বাদিগুণকং সৃষ্টিস্থিত্যন্তু কারণম্ ।

অব্যাকৃতং তদব্যক্তমীশ ইত্যপি গীয়তে ॥ ৩১২

অর্থ । মায়োপহিতচৈতন্যং (যে চৈতন্যের উপাধি মায়) সাভাস (চিদাভাসযুক্ত) সত্ত্ববৃংহিতং (সত্ত্বগুণবহুল) সর্বজ্ঞত্বাদিগুণকং (সর্বজ্ঞ প্রভৃতি যাহার গুণ) সৃষ্টিস্থিত্যন্তু কারণম্ (উৎপত্তি, স্থিতি ও নাশের কারণ) তৎ (সেই প্রসিদ্ধ বস্তু) অব্যাকৃতং (নাম ও রূপের দ্বারা ব্যক্ত নহে) অব্যক্তং (স্মৃট নহে) ঈশ (ঐশ্বর্যশালী) ইতি (ইহা) অপি (ও) গীয়তে (কথিত হয়) ॥ ৩১২

অনুবাদ । [এবংবিধ] মায় যাহার (চৈতন্যের) উপাধি, যিনি চিদাভাস-সমন্বিত, সত্ত্বগুণবহুল, সর্বজ্ঞত্বাদিধর্ম্মবান্ এবং সৃষ্টি স্থিতি ও নাশের কারণ ; তাহাকে পণ্ডিতেরা অব্যাকৃত, অব্যক্ত ও ঈশ বলিয়া থাকেন ॥ ৩১২

সর্বশক্তিগুণোপেতঃ সর্বজ্ঞানাবভাসকঃ ।

স্বতন্ত্রঃ সত্যসঙ্কল্পঃ সত্যকামঃ স ঈশ্বরঃ ॥ ৩১৩

অর্থ । [যঃ=যিনি] সর্বশক্তিগুণোপেতঃ (সর্বশক্তিরূপগুণযুক্ত) সর্বজ্ঞানাবভাসকঃ (সমস্তজ্ঞানের প্রকাশক) স্বতন্ত্র (মায়ার পরতন্ত্র নহেন) সত্যসঙ্কল্পঃ (যাহার সঙ্কল্প বার্থ) সত্যকামঃ (বার্থ কামনাবান্) সঃ (তিনি) ঈশ্বরঃ (ঈশ্বর এই নামযুক্ত) ॥ ৩১৩

অনুবাদ । যিনি সর্বশক্তিরূপগুণযুক্ত, সমস্ত জ্ঞানের প্রকাশক, স্বতন্ত্র, সত্যসঙ্কল্প এবং সত্যকাম, তিনিই ঈশ্বর ॥ ৩১৩

তস্মৈতস্ম মহাবিষ্ণোর্মহাশক্তের্মহীয়সঃ ॥

সর্বজ্ঞত্বেশ্বরত্বাদিকারণত্বান্মনীষিণঃ ।

কারণং বপূরিত্যাছঃ সমষ্টিং সত্ত্ববৃংহিতম্ ॥ ৩১৪

অর্থ । মনীষিণঃ (মহাত্মগণ) তস্মৈ (সেই) এতস্ম (ইহার) মহাশক্তেঃ (মহাশক্তিসম্পন্ন) মহীয়সঃ (সর্বব্যাপক) মহাবিষ্ণোঃ (ঈশ্বরের) সর্বজ্ঞত্বেশ্বরত্বাদিকারণত্বাৎ (সর্বজ্ঞত্ব, ঈশ্বরত্ব প্রভৃতির কারণ বলিয়া) সত্ত্ববৃংহিতং (সত্ত্ববহুল) সমষ্টিং (সমষ্টিকে) কারণং বপুঃ (কারণশরীর) ইতি (ইহা) ত্যাছঃ (বলিয়া থাকেন) ॥ ৩১৪

অনুবাদ । সত্ত্ববহুল সমষ্টি অজ্ঞান সর্বজ্ঞত্ব ঈশ্বরত্ব প্রভৃতির কারণ বলিয়া মনীষিগণ তাঁহাকে মহাশক্তিসম্পন্ন সর্বব্যাপক মহাবিশ্বর (ঈশ্বরের) কারণ-শরীর বলিয়া থাকেন ॥ ৩১৪

আনন্দপ্রচুরত্বেন সাধকত্বেন কোশবৎ ।

সৈষানন্দময়ঃ কোশ ইতীশশ্চ নিগদ্যতে ॥ ৩১৫

অর্থ । কোশবৎ (কোশের পোকার গুটির ত্রায়) সাধকত্বেন (আবরণ-কারকত্ব হেতু) আনন্দপ্রচুরত্বেন (আনন্দাধিক্য হেতু) সঃ (সেই) এষঃ (এই) ঈশশ্চ (ঈশ্বরের) আনন্দময়ঃ (আনন্দ-প্রচুর) কোশঃ (তন্মাক) ইতি (ইহা) নিগদ্যতে (বলা হয়) ॥ ৩১৫

অনুবাদ । আনন্দের বাহুল্য হেতু এবং কোশের (পোকার গুটির) ত্রায় আবরণক বলিয়া পণ্ডিতেরা [ইহাকে] ঈশ্বরের 'আনন্দময় কোশ' বলিয়া থাকেন ॥ ৩১৫

সর্বোপারমহেতুত্বাৎ স্মৃষ্টিস্থানমিষ্যতে ।

প্রাকৃতঃ প্রলয়ো যত্র শ্রাব্যতে শ্রুতিভিমূহঃ ॥ ৩১৬

অর্থ । সর্বোপারমহেতুত্বাৎ (সকলের লয়ের কারণ বশতঃ) স্মৃষ্টিস্থানম্ (তন্মাক স্থান) ইষ্যতে (ইচ্ছা করিয়া থাকেন—বলেন) যত্র (যাহাতে) প্রাকৃতঃ (তন্মাক) প্রলয়ঃ (লয়) [ভবতীতিশেষঃ] শ্রুতিভিঃ (বেদকর্তৃক) মুহঃ (পুনঃপুন) ইতি (ইহা) শ্রাব্যতে (শ্রাবিত অর্থাৎ অভিহিত হয়) ॥ ৩১৬

অনুবাদ । সমস্ত প্রাণীর লয়ের কারণ বলিয়া [ইহাকে] স্মৃষ্টিস্থান বলা হইয়া থাকে । শ্রুতি পুনঃপুনঃ যে অবস্থাকে প্রাকৃত প্রলয় নামে অভিহিত করিয়াছেন ॥ ৩১৬

অজ্ঞানং ব্যষ্টিভিপ্রায়াদনেকত্বেন ভিদ্যতে ।

অজ্ঞানবৃত্তয়ো নানা তত্তদগুণবিলক্ষণাঃ ॥ ৩১৭

অর্থ । অজ্ঞানং (অবিদ্যা) ব্যষ্টিভিপ্রায়াৎ (ব্যষ্টি—নানা তাৎপর্যে) অনেকত্বেন (বহুরূপে) ভিদ্যতে (ভিন্ন হয়), তত্তদগুণবিলক্ষণাঃ (ভিন্ন ভিন্ন গুণযুক্ত) অজ্ঞানবৃত্তয়ঃ (অজ্ঞানের বৃত্তি—পরিণাম) নানা (অনেকবিধ) [হইয়া থাকে] ॥ ৩১৭

অনুবাদ । ব্যষ্টিরূপে (ভিন্ন ভিন্ন ভাবে) অজ্ঞান অনেক, এবং সত্ত্বরজ-স্তমোগুণের দ্বারা বিলক্ষণস্বভাব অজ্ঞানের বৃত্তিও অসংখ্য হইয়া থাকে ॥ ৩১৭

বনস্য ব্যষ্টিভিপ্রায়াদ্ ভূরুহা ইত্যনেকতা ।

যথা তথৈবাজ্ঞানস্য ব্যষ্টিতঃ স্যাদনেকতা ॥ ৩১৮

অন্বয় । যথা (যে রূপ) বনশ্চ (অরণ্যের) ব্যষ্টাভিপ্রায়াদ্ (ব্যষ্টি-তাৎ-পর্যে) ভূরুহাঃ (অনেক বৃক্ষ) ইতি (এইরূপ) অনেকতা (বহুত্ব), তথা (সেইরূপ) এব (ই) অজ্ঞানশ্চ (অজ্ঞানের) ব্যষ্টিতঃ (ব্যষ্টিরূপে) অনেকতা (বহুত্ব) শ্চাৎ (হয়) ॥ ৩১৮

অনুবাদ । বন [সমষ্টিরূপে] এক হইলে অনেক বৃক্ষ থাকায় ব্যষ্টিরূপে যেমন নানাত্ব-ব্যবহার হয়, তদ্রূপ একই অজ্ঞান ব্যষ্টিরূপে অনেকত্ব-ব্যপদেশ-যোগ্য হইয়া থাকে ॥ ৩১৮

প্রত্যগাত্মা ।

ব্যষ্টির্মলিনসত্ত্বৈষা রজসা তমসা যুতা ।

ততো নিকৃষ্টা ভবতি যোপাধিঃ প্রত্যগাত্মনঃ ॥ ৩১৯

অন্বয় । এষা (এই) ব্যষ্টিঃ (ব্যষ্টি অজ্ঞান) মলিনসত্ত্বা (অভিভূতসত্ত্বা—রজঃ ও তমোগুণ দ্বারা সত্ত্বগুণ অভিভূত হইয়াছে) রজসা (রজোগুণের দ্বারা) [এবং] তমসা (তমোগুণের দ্বারা) যুতা (যুক্ত), যা (যাহা) প্রত্যগাত্মনঃ (ব্যাপক আত্মার) উপাধিঃ (ভেদক ধর্ম) ততঃ (তাহা হইতে) নিকৃষ্টা (হীন) ভবতি (হয়) ॥ ৩১৯

অনুবাদ । এই ব্যষ্টি-অজ্ঞানে সত্ত্বগুণ অভিভূত থাকে, ইহা রজঃ ও তমো-গুণ দ্বারা আক্রান্ত, এবং ইহা প্রত্যগাত্মার উপাধি হইতে নিকৃষ্ট ॥ ৩১৯

জীব ।

চৈতন্যং ব্যক্ত্যবচ্ছিন্নং প্রত্যগাত্মেতি গীয়তে ।

সাভাসং ব্যক্ত্যুপহিতং সত্ত্বাদাত্মেন তদগুণৈঃ ॥ ৩২০

অভিভূতঃ স এবাত্মা জীব ইত্যভিধীয়তে ।

কিঞ্চিজ্জ্ঞানীশ্বরত্ব-সংসারিত্বাদিধর্মবান্ ॥ ৩২১

অন্বয় । ব্যক্ত্যবচ্ছিন্নং (ব্যষ্টি-অজ্ঞান-বিশিষ্ট) চৈতন্যং (চেতনাশক্তি) প্রত্যগাত্মা (তন্মামক) ইতি (ইহা) গীয়তে (অভিহিত হয়), সাভাসং (ব্যষ্টি-অজ্ঞানে প্রতিফলিত চিদাভাস) ব্যক্ত্যুপহিতং (ব্যষ্টি-অজ্ঞান কর্তৃক উপহিত হয়) সত্ত্বাদাত্মেন (ব্রহ্মের সহিত একাত্মতা প্রযুক্ত) তদগুণৈঃ (ব্রহ্মভাবাপন্ন-অজ্ঞানের গুণসমূহ কর্তৃক) অভিভূতঃ (আক্রান্ত) সঃ (সেই) এব (ই) আত্মা (স্বরূপ) কিঞ্চিজ্জ্ঞানীশ্বরত্ব-সংসারিত্বাদিধর্মবান্ (অল্পজ্ঞত্ব, অনীশ্বরত্ব, সংসারি-ত্বাদিধর্মবিশিষ্ট) জীবঃ (জীব এই নাম) ইতি (ইহা) অভিধীয়তে (উক্ত হয়) ॥ ৩২০—৩২১

অনুবাদ । ব্যষ্টি-অজ্ঞান দ্বারা অবচ্ছিন্ন চৈতন্যকে 'প্রত্যগাত্মা' বলা যায়, ব্যষ্টি-অজ্ঞান উপাধি হইলে, তাহাকে সাতাস (চিদাস) বলে । প্রত্যগাত্মাও ব্রহ্মের সহিত অভিন্ন, তদীয় গুণসমূহের দ্বারা সেই আত্মা যখন অভিভূত হয়, তখন স্বল্পজ্ঞত্ব অনীশ্বরত্ব সংসারিত্ব প্রভৃতি ধর্মবিশিষ্ট জীবনামে অভিহিত হইয়া থাকে ॥ ৩২০—৩২১

অস্য ব্যষ্টিরহঙ্কারকারণত্বেন কারণম্ ।

বপুস্তত্রাভিমানাত্মা প্রাজ্ঞ ইত্যুচ্যতে বুধৈঃ ॥ ৩২২

অর্থ । বুধৈঃ (পণ্ডিতগণ কর্তৃক) অশ্র [জীবশ্র] (এই জীবের) ব্যষ্টিঃ (ব্যষ্টি-অজ্ঞান) অহঙ্কারকারণত্বেন (অহঙ্কারের হেতু বলিয়া) কারণং বপুঃ (কারণ-শরীর) তত্র (তাহাতে—কারণ-শরীরে) অভিমানী (অহঙ্কারবান্) আত্মা (স্বরূপ-জীব) প্রাজ্ঞঃ (প্রাজ্ঞ ইতি নামযুক্ত) ইতি (ইহা) উচ্যতে (উক্ত হয়) ॥ ৩২২

অনুবাদ । পণ্ডিতগণ অহঙ্কারের কারণ বলিয়া জীবের ব্যষ্টি-অজ্ঞানকে কারণ-শরীর এবং সেই কারণ-শরীরে অভিমানী আত্মাকে (জীবকে) 'প্রাজ্ঞ' বলিয়া অভিহিত করেন ॥ ৩২২

প্রাজ্ঞত্বমস্যেকাজ্ঞানভাসকত্বেন সম্মতম্ ।

ব্যষ্টির্নিকৃষ্টত্বেনাস্য নানেকাজ্ঞানভাসকম্ ॥ ৩২৩

অর্থ । অশ্র (এই জীবের) একাজ্ঞানভাসকত্বেন (একটীমাত্র অজ্ঞানের প্রকাশক—সাক্ষী বলিয়া) প্রাজ্ঞত্বং (জীবত্ব) সম্মতং (অভিমত), ব্যষ্টিঃ (ব্যষ্টি-অজ্ঞানের) নিকৃষ্টত্বেন (হেয়ত্ববশতঃ) নানেকাজ্ঞানভাসকং (অনেক অজ্ঞানের প্রকাশক—সাক্ষী) ন (নহে) ॥ ৩২৩

অনুবাদ । এই জীব একটীমাত্র [স্বকীয়] অজ্ঞানের প্রকাশক (সাক্ষী) বলিয়া ইহাকে 'প্রাজ্ঞ' বলা যায় ; ব্যষ্টি-অজ্ঞান ইহার উপাধি, [মলিন-সত্ত্ব বলিয়া] তাহার নিকৃষ্টত্ব প্রযুক্ত [সে] অনেক অজ্ঞানের প্রকাশক হইতে পারে না ॥ ৩২৩

স্বরূপাচ্ছাদকত্বেনাপ্যনন্দপ্রচুরত্বতঃ ।

কারণং বপুরানন্দময়ঃ কোশ ইতীর্ষ্যতে ॥ ৩২৪

অর্থ । কারণং বপুরপি (কারণশরীরও অর্থাৎ ব্যষ্টি-অজ্ঞান) স্বরূপাচ্ছাদকত্বেন (নিজ রূপের আবরক বলিয়া) আনন্দপ্রচুরত্বতঃ (আনন্দের বাহুল্য হেতু) আনন্দময়ঃ (তন্মায়ক) কোশঃ (কোশ), ইতি (ইহা) ইর্ষ্যতে (কথিত হয়) ॥ ৩২৪

অনুবাদ । [এই] কারণ-শরীরও জীবস্বরূপকে আবৃত করে এবং ইহাতে প্রচুর আনন্দ বিদ্যমান থাকে, এই হেতু পণ্ডিতেরা ইহাকে 'আনন্দময় কোশ' বলিয়া থাকেন ॥ ৩২৪

অস্যাবস্থা সুষুপ্তিঃ স্যাৎ যত্রানন্দঃ প্রকৃষ্যতে ।

এষোহহং সুখমস্বাপ্সং ন তু কিঞ্চিদবেদিষম্ ॥৩২৫

ইত্যনন্দসমুৎকর্ষঃ প্রবুদ্ধেষু প্রদৃশ্যতে ।

সমষ্টিরপি চ ব্যষ্টিরুভয়োর্বনবৃক্ষবৎ ॥ ৩২৬

অভেদ এব নো ভেদো জাত্যেকত্বেন বস্তুতঃ ।

অভেদ এব জ্ঞাতব্যস্তথেশপ্রাজ্ঞয়োরপি ॥ ৩২৭

অর্থঃ । সুষুপ্তিঃ (গাঢ় নিদ্রা) অশ্রু (জীবের) অবস্থা (প্রকার—দশা)
স্যাৎ (হয়) যত্র (যাহাতে) আনন্দঃ (সুখ) প্রকৃষ্যতে (প্রবর্তিত হয়) এষঃ
(এই) অহং (আমি), সুখম্ (সুখে) অস্বাপ্সং (নিদ্রা গিয়াছিলাম) তু
(কিন্তু) কিঞ্চিৎ (কিছু) ন অবেদিষং (জানিতে পারি নাই) ॥ ইতি (এইরূপ)
আনন্দসমুৎকর্ষঃ (সুখপ্রকর্ষ) প্রবুদ্ধেষু (জাগরিত পুরুষে) প্রদৃশ্যতে (দৃষ্ট হয়)
সমষ্টিঃ (সমষ্টি অজ্ঞানের) ব্যষ্টিঃ (ব্যষ্টি অজ্ঞানের) উভয়োঃ (দুয়ের) 'অপি
চ (এবং) বনবৃক্ষবৎ (বন ও ভিন্ন ভিন্ন বৃক্ষের অভেদের ত্রায়) ॥ বস্তুতঃ
(বাস্তবিক) জাত্যেকত্বেন (জাতি ও একত্ব দ্বারা) অভেদঃ (অভিন্নত্ব) এব
(ই) নো (না) ভেদঃ (ভিন্নত্ব—অনেকত্ব) তথা (সেইরূপ) ঈশপ্রাজ্ঞয়োঃ
(ঈশ্বর এবং জীবের) অপি (ও) অভেদঃ (একত্ব) এব (ই) জ্ঞাতব্যঃ
(বোধব্য—জানিবে) ॥ ৩২৫—৩২৬—৩২৭

অনুবাদ । সুষুপ্তি জীবের অবস্থা-বিশেষ, যে অবস্থায় আনন্দ প্রকর্ষ প্রাপ্ত
হয়, 'আমি সুখে নিদ্রা গিয়াছিলাম. কিছুই জানিতে পারি নাই'—প্রবুদ্ধ ব্যক্তির
এবংবিধ প্রকৃষ্ট আনন্দ অনুভূত হইয়া থাকে । বন ও বৃক্ষ-সমুদায়ের ত্রায় সমষ্টি
ও ব্যষ্টির (অজ্ঞানের) অভেদই পরিদৃষ্ট হয়—ভেদ নাই ; বস্তুতঃ জাতি ও
তদন্তর্গত ভিন্ন ভিন্ন ব্যক্তির যেনন ভেদ নাই, সেইরূপ ঈশ্বর ও জীবের
অভেদ জানিবে ॥ ৩২৫—৩২৬—৩২৭

সত্ব্যপাধ্যোরভিন্নত্বে ক ভেদস্তদ্বিশিষ্টমে ।

একীভাবে তরঙ্গাক্যোঃ কো ভেদঃ প্রতিবিন্দয়োঃ ॥৩২৮

অর্থঃ । উপাধ্যোঃ (সমষ্টি ও ব্যষ্টি এই উপাধিদ্বয়ের) অভিন্নত্বে সতি
(একত্ব হইলে) তদ্বিশিষ্টয়োঃ (উপাধিদ্বয়-বিশিষ্টের) ভেদ (ভিন্নতা) ক
(কোথায়) ? তরঙ্গাক্যোঃ (তরঙ্গ এবং সমুদ্রের) একীভাবে (একত্বে)
প্রতিবিন্দয়োঃ (তরঙ্গ ও সমুদ্রে পতিত প্রতিবিন্দুদ্বয়ের) কঃ (কি) ভেদঃ
(ভিন্নত্ব) ? ॥ ৩২৮

অনুবাদ । উপাধিদ্বয় (অজ্ঞান-সমষ্টি ও ব্যষ্টি) অভিন্ন হইলে উপাধিবিশিষ্ট
ঈশ্বর ও জীবের ভেদ অসম্ভব ; তরঙ্গ ও সমুদ্র যখন একই, তখন তাহাতে
পতিত প্রতিবিন্দুদ্বয়ের ভেদ কিরূপে হইবে ? ॥ ৩২৮

অজ্ঞানতদবচ্ছিন্নাভাসয়োরুভয়োরপি ।

আধারঃ শুদ্ধচেতন্যং যত্ত্বং তুর্য্যমিতীর্ঘ্যতে ॥ ৩২৯

অর্থঃ । অজ্ঞানতদবচ্ছিন্নাভাসয়োঃ (অজ্ঞান এবং অজ্ঞানাবচ্ছিন্ন চিদা-
স) উভয়োরপি (দুয়েরই) [যঃ=যে] আধারঃ (অধিকরণ—আশ্রয়)
(তাহা) শুদ্ধচেতন্যং (শুদ্ধব্রহ্ম) যৎ (যাহা) তুর্য্যং (চতুর্থ—তুরীয়)
ত (ইহা) ইতীর্ঘ্যতে (কথিত হয়) ॥ ৩২৯

অনুবাদ । অজ্ঞান এবং অজ্ঞানাবচ্ছিন্ন চিদাভাস (চৈতন্যপ্রতিবিম্ব)
ই উভয়ের আধার শুদ্ধচেতন্য (শুদ্ধব্রহ্ম), পণ্ডিতেরা তাহাকে তুরীয়
লিয়া থাকেন ॥ ৩২৯

জগৎসর্গঃ ।

এতদেবাবিবিক্তং সত্বুপাধিভ্যাঞ্চ তদগুণৈঃ ।

মহাবাক্যস্য বাচ্যার্থো বিবিক্তং লক্ষ্য ইষ্যতে ॥ ৩৩০

অর্থঃ । এতদেব (ইহাই—শুদ্ধচেতন্য) উপাধিভ্যাঞ্চ (সমষ্টি, ব্যষ্টি অজ্ঞান-
প উপাধিদ্বয় দ্বারা) তদগুণৈশ্চ (এবং তাহার—উপাধিদ্বয়ের গুণসমূহের
রা) অবিবিক্তং সৎ (অগৃথগ্ভূত হইয়া) মহাবাক্যস্য ('তত্ত্বমসি' মহা-
ক্যের) বাচ্যার্থঃ (অভিধাশক্তিলভ্য অর্থ) [তথা=সেইরূপ] বিবিক্তং
পৃথক্) [সৎ—হইয়া] লক্ষ্যঃ (লক্ষ্যার্থ) ইষ্যতে (ইষ্ট হয়) ॥ ৩৩০

অনুবাদ । শুদ্ধচেতন্য যখন [পূর্বোক্ত] উপাধি দুইটি এবং তাহাদের গুণ-
সমূহের সহিত অবিবিক্তভাবে (মিলিত ভাবে) অবস্থান করেন, তখনই
নি 'তত্ত্বমসি'—মহাবাক্যের বাচ্যার্থ, এবং পৃথক্ হইলে লক্ষ্যার্থ বলিয়া
বহত হ'ন ॥ ৩৩০

অনন্তশক্তিসম্পন্নো মায়াপাধিক ঈশ্বরঃ ।

ঈক্ষামাত্রেন সৃজতি বিশ্বমেতচ্চরাচরম্ ॥ ৩৩১

অর্থঃ । অনন্তশক্তিসম্পন্নঃ (অসীমশক্তিশালী) ঈশ্বরঃ (পরমাত্মা) মায়া-
পাধিকঃ (মায়াৰূপ উপাধিবিশিষ্ট হইয়া) ঈক্ষামাত্রেন (দর্শনমাত্রই) এতৎ
(ই—দৃশ্যমান) চরাচরম্ (জঙ্গম-স্থাবর-যুক্ত) বিশ্বং (জগৎ) সৃজতি (সৃষ্টি
করেন) ॥ ৩৩১

অনুবাদ । অনন্তশক্তিশালী ঈশ্বর মায়াৰূপ উপাধিবিশিষ্ট হইয়া দর্শনমাত্রই
স্থাবর-জঙ্গমাঙ্ক জগৎ সৃষ্টি করেন ॥ ৩৩১

অদ্বিতীয়-স্বমাত্রোহসৌ নিরুপাদান ঈশ্বরঃ ।

স্বয়মেব কথং সর্বং সৃজতীতি ন শক্যতাম্ ॥ ৩৩২

অন্বয় । অদ্বিতীয়-স্বমাত্রঃ (দ্বিতীয়রহিত এবং কেবল একই ব্রহ্ম)
পাদানঃ (উপাদানকাণ্ডশূন্য) অসৌ (সেই) ঈশ্বরঃ (পরমেশ্বর) স্ব
(নিজেই) কথং (কিরূপে) সর্বং (সমস্ত) সৃজতি (সৃষ্টি করেন)
(ইহা) ন (না) শক্যতাম্ (শক্য করিও) ॥ ৩৩২

অনুবাদ । অদ্বিতীয় শুদ্ধস্বভাব উপাদান-কাণ্ড-শূন্য পরমেশ্বর ঈ
(অপরের সাহায্য ব্যতীত) সমস্ত বস্তু কিরূপে সৃষ্টি করেন, একরূপে
করিতে পার না ॥ ৩৩২

নিমিত্তমপ্যুপাদানং স্বয়মেব ভবন্ প্রভুঃ ।

চরাচরাত্মকং বিশ্বং সৃজত্যবতি লুম্পতি ॥ ৩৩৩

অন্বয় । প্রভুঃ (ঈশ্বর) স্বয়মেব (নিজেই) নিমিত্তং (নিমিত্তক
অপি (ও) উপাদানং (উপাদান-কাণ্ড) ভবন্ (হইয়া) চরাচরাত্মকং (স
জঙ্গমরূপ) বিশ্বং (জগৎ) সৃজতি (সৃষ্টি করেন) অবতি (পালন কা
[এবং] লুম্পতি (প্রলয় করেন) ॥ ৩৩৩

অনুবাদ । সর্বশক্তিমান পরমেশ্বর স্বয়ংই নিমিত্ত ও উপাদানকাণ্ড
এই স্বাবরজঙ্গমরূপ বিশ্বকে সৃষ্টি, পালন এবং সংহার করিতেছেন ॥ ৩৩৩

স্বপ্রাধান্যেন জগতো নিমিত্তমপি কারণম্ ।

উপাদানং তথোপাধিপ্ৰাধান্যেন * ভবত্যয়ম্ ॥ ৩৩৪

অন্বয় । অয়ং (এই—ঈশ্বর) স্বপ্রাধান্যেন (আপনার [চৈতন্যের] প্র
বশতঃ) নিমিত্তং কারণং (ঘটনির্মাণে কুস্তকারের জায় নিমিত্তকারণ)
(সেইরূপ) উপাধিপ্ৰাধান্যেন (মায়ারূপ উপাধির প্রাধান্য-বশতঃ) উপাদা
(উপাদানকাণ্ড) ভবতি (হন) ॥ ৩৩৪

অনুবাদ । ঈশ্বর স্বপ্রাধান্যবশতঃ অর্থাৎ চৈতন্যশক্তি হেতু জগৎ
নিমিত্তকারণ এবং মায়ারূপ উপাধির প্রাধান্য প্রযুক্ত উপাদান-কাণ্ড
থাকেন ॥ ৩৩৪

ভূতানি ।

যথা লূতা নিমিত্তঞ্চ স্বপ্রধানতয়া ভবেৎ ।

স্বশরীরপ্রধানত্বেনোপাদানং তথেশ্বরঃ ॥ ৩৩৫

অন্বয় । যথা (যেমন) লূতা (মাকড়শা) স্বপ্রধানতয়া (চৈত

* ততোপাধিপ্ৰাধান্যেন ইতি পাঠঃ কচিৎ ।

প্রাধান্য-বশতঃ) নিমিত্তং (নিমিত্তকারণ) চ (পাদপূরণে) স্বশরীরপ্রধানত্বেন
স্বকীয় শরীরের প্রাধান্য হেতু) উপাদানং (উপাদানকারণ) ভবেৎ (হয়),
থা (সেইরূপ) ঈশ্বরঃ (পরমেশ্বর) [উভয়বিধ কারণ হইয়া থাকেন] ॥ ৩৩৫
অনুবাদ । লুতাকীট (মাকড়শা) যেমন চৈতন্যাংশের প্রাধান্যবশতঃ
স্বকৃত তন্তুর] নিমিত্তকারণ এবং স্বকীয় শরীরাত্মশের প্রাধান্যরূপে উপাদান-
কারণ হয়. সেইরূপ ঈশ্বরও জগতের উভয়বিধ কারণ হইয়া থাকেন ॥ ৩৩৫

তমঃপ্রধানপ্রকৃতিবিশিষ্টাৎ পরমাত্মনঃ ।

অভূৎ সকাশাদাকাশমাকাশাদ্বায়ুরুচ্যতে ॥ ৩৩৬

অন্বয় । তমঃপ্রধানপ্রকৃতিবিশিষ্টাৎ (তমোগুণপ্রধান মায়্যা সংবলিত)
পরমাত্মনঃ (ব্রহ্মের—ঈশ্বরের) সকাশাৎ (নিকট হইতে) আকাশম্ (গগন)
অভূৎ (উৎপন্ন হইয়াছে) আকাশাৎ (আকাশ হইতে) বায়ুঃ (পবন) উচ্যতে
(উক্ত হয়) ॥ ৩৩৬

অনুবাদ । মায়্যা যখন তমোগুণপ্রধান হয়, তখন তৎসংযুক্ত ব্রহ্ম হইতে
আকাশ উৎপন্ন হয় এবং আকাশ হইতে বায়ুর উৎপত্তি কথিত হয় ॥ ৩৩৬

বায়োরগ্নিস্তথৈবাগ্নেরাপোহদ্ভ্যঃ পৃথিবী ক্রমাৎ ।

শক্তেস্তুমঃপ্রধানত্বং তৎকার্যো জাদ্যদর্শনাৎ ॥ ৩৩৭

আরভন্তে কার্যগুণান্ যে কারণগুণা হি তে ।

এতানি সূক্ষ্মভূতানি ভূতমাত্রা অপি ক্রমাৎ ॥ ৩৩৮

অন্বয় । তথৈব (সেইরূপ) বায়োঃ (পবন হইতে) আপঃ (জল),
মন্ড্যঃ (জল হইতে) পৃথিবী (ভূ) ক্রমাৎ (ক্রমে) [উৎপন্ন হয়]. তৎ-
কার্যো (মায়্যার কার্য আকাশাদিতে) জাদ্যদর্শনাৎ (অচৈতন্য দেখা যায়
বলিয়া) শক্তেঃ (মায়্যাশক্তির) তমঃপ্রধানত্বং (তমোগুণের প্রাধান্য)
[অনুমিত] হয়, যে (যাহারা) কার্যগুণান্ (কার্যের গুণসমূহকে) আরভন্তে
(আরম্ভ করে) হি (যেহেতু) তে (তাহারা) কারণগুণাঃ (কার-
ণেরই গুণ); এতানি (এই) সূক্ষ্মভূতানি (সূক্ষ্ম—অপঞ্চীকৃত ভূতসমূহ)
ভূতমাত্রাঃ (ভূততন্মাত্র) অপি (ও) ক্রমাৎ (ক্রমে) [জায়ন্তে—উৎপন্ন
হয়] ॥ ৩৩৭—৩৩৮

অনুবাদ । [যেমন আকাশ হইতে বায়ু উৎপন্ন হইয়াছে] সেইরূপ বায়ু
হইতে অগ্নি, অগ্নি হইতে জল এবং জল হইতে পৃথিবী যথাক্রমে উৎপন্ন হইয়াছে ।
মায়্যার কার্য আকাশ প্রভৃতি যখন জড় দেখা যায়, তখন তাহার কারণ মায়্যা-
শক্তিকেও তমোগুণপ্রধান বলিতে হইবে । যেহেতু কারণগুণ কার্যগুণের
সারস্বত (জনক) হয় ; [এই আকাশাদি পঞ্চভূতকে] সূক্ষ্মভূত, ভূততন্মাত্র
বলা যায় ॥ ৩৩৭—৩৩৮

লিঙ্গ-শরীরম্ ।

এতেভ্যঃ সূক্ষ্মভূতেভ্যঃ সূক্ষ্মদেহা ভবন্ত্যপি ।

স্থূলান্যপি চ ভূতানি চাত্তোষ্ঠাংশবিমেলনাৎ ॥* ৩৩৯

অনুবাদ । এতেভ্যঃ (এই সমস্ত) সূক্ষ্মভূতেভ্যঃ (সূক্ষ্মভূত—অপক্ষীকৃত ভূত হইতে) সূক্ষ্মদেহাঃ (সূক্ষ্মশরীরসমূহ) অপ (ও) অত্তোষ্ঠাংশবিমেলনাৎ (সূক্ষ্মভূত-পঞ্চকের পরস্পর অংশ সংমিশ্রণে) স্থূলানি (স্থূল—উপভোগোপ-যোগী) ভূতানি (পাঁচটি ভূত) অপি চ (এবং) চ (পাদপূরণে) ভবন্তি (উৎপন্ন হয়) ॥ ৩৩৯

অনুবাদ । এই সমস্ত সূক্ষ্মভূত হইতে সূক্ষ্মশরীর সমুদায় এবং আকাশাদি পঞ্চ সূক্ষ্মভূতের পরস্পর অংশ-সম্মিলনে স্থূল ভূতসমূহ উৎপন্ন হয় ॥ ৩৩৯

অপক্ষীকৃতভূতেভ্যো জাতং সপ্তদশাঙ্গকম্ ।

সংসারকারণং লিঙ্গমাত্মনো ভোগসাধনম্ ॥ ৩৪০

অনুবাদ । অপক্ষীকৃতভূতেভ্যঃ (বাহাদের পক্ষীকরণ করা হয় নাই, একপ ভূত সমুদায় হইতে) সংসারকারণং (সংসারের—জন্ম-মরণ-প্রবাহের হেতু) আত্মনঃ (আত্মার—জীবের) ভোগসাধনং (উপভোগ-সম্পাদক) সপ্তদশাঙ্গকং (সপ্তদশ—সত্বরটি অবয়বযুক্ত) লিঙ্গং (লিঙ্গশরীর—সূক্ষ্মশরীর) জাতম্ (উৎপন্ন হইয়াছে) ॥ ৩৪০

অনুবাদ । অপক্ষীকৃত ভূতপঞ্চক (সূক্ষ্মভূতসমূহ) হইতে সপ্তদশ অবয়ব-বিশিষ্ট—লিঙ্গশরীর (সূক্ষ্মদেহ) উৎপন্ন হইয়াছে, ইহা সংসারের কারণ, এবং আত্মার উপভোগ সম্পাদন করিয়া থাকে ॥ ৩৪০

ধীন্দ্রিয়ানি ।

শ্রোত্রাদিপঞ্চকৈকেব বাগাদীনাঞ্চ পঞ্চকম্ ।

প্রাণাদিপঞ্চকং বুদ্ধিমনসী লিঙ্গমুচ্যতে ॥ ৩৪১

* তাৎপর্য—‘অত্তোষ্ঠাংশবিমেলনাৎ’—ইহা দ্বারা পক্ষীকরণ বুঝিতে হইবে । পক্ষীকরণ-প্রণালী এইরূপ—আকাশাদি প্রত্যেক ভূতকে প্রথমে দুইভাগে বিভক্ত করিতে হইবে, তৎপরে প্রত্যেক ভূতের পাঁচটি অর্দ্ধাংশ রাখিয়া অপর অর্দ্ধাংশের প্রত্যেকটি চারিভাগে বিভক্ত করিবে । অনন্তর আকাশের অর্দ্ধাংশের সহিত বায়ু, তেজঃ, জল ও পৃথিবীর প্রত্যেকের দুই আনা অংশ সংমিশ্রণ করিলে পক্ষীকৃত (স্থূল) আকাশ উৎপন্ন হইল । এইরূপ বায়ুর অর্দ্ধাংশ ও অগ্নি চারিটি ভূতের প্রত্যেকের দুই আনা অংশ সম্মিলিত হইলে, পক্ষীকৃত বায়ু উৎপন্ন হইল । তেজঃ, জল ও পৃথিবীর সম্বন্ধে এইরূপই জানিবে । যদিও প্রত্যেক ভূতে অগ্নি ভূতের অংশ বিদ্যমান আছে, তথাপি যাহার অংশ অধিক, তাহার নাম ব্যবহার হয় ।

অনুবাদ । শ্রোত্রাদিপঞ্চকং (শ্রোত্রপ্রভৃতি পাঁচটি জ্ঞানেন্দ্রিয়) চ (৩)
এব (ই) বাগাদীনাং (বাক্ প্রভৃতি কর্মেন্দ্রিয়ের) পঞ্চকং (পাঁচটি) চ
(৩) প্রাণাদিপঞ্চকং (প্রাণ, অপান প্রভৃতি পাঁচটি বায়ু) বুদ্ধিমনসী
(বুদ্ধি ও মনঃ) [এই সতরটি] লিঙ্গম্ (লিঙ্গশরীর—স্থলশরীর) উচ্যতে
(কথিত হয়) ॥ ৩৪১

অনুবাদ । শ্রোত্র প্রভৃতি পাঁচটি জ্ঞানেন্দ্রিয়, বাক্ প্রভৃতি পাঁচটি কর্মে-
ন্দ্রিয়, প্রাণ, অপান, সমান, উদান ও ব্যান এবং বুদ্ধি ও মনঃ (এই মিলিত
সপ্তদশটি) লিঙ্গশরীর বলিয়া কথিত হয় ॥ ৩৪১

অন্তঃকরণম্ ।

শ্রোত্রত্বক্চক্ষুর্জিহ্বাপ্রাণানি পঞ্চ জাতানি ।

আকাশাদীনাং সত্ত্বাংশেভ্যো ধীন্দ্রিয়াণ্যনুক্রমতঃ ॥ ৩৪২

অনুবাদ । শ্রোত্রত্বক্চক্ষুর্জিহ্বাপ্রাণানি (শ্রবণ, ত্বক্, নমন, রসনা ও ঘ্রাণ)
পঞ্চ (পাঁচটি) ধীন্দ্রিয়ানি (জ্ঞানেন্দ্রিয়) অনুক্রমতঃ (যথাক্রমে) আকাশ-
াদীনাং (আকাশ বায়ু প্রভৃতির) সত্ত্বাংশেভ্যঃ (সাত্ত্বিকভাগ হইতে) জাতানি
(উৎপন্ন হইয়াছে) । ৩৪২

অনুবাদ । শ্রোত্র, ত্বক্, চক্ষু, জিহ্বা এবং ঘ্রাণ এই পাঁচটি জ্ঞানেন্দ্রিয়
যথাক্রমে আকাশ, বায়ু, তেজঃ, জল ও পৃথিবীর সাত্ত্বিকভাগ হইতে উৎপন্ন
হইয়াছে ॥ ৩৪২

আকাশাদিগতাঃ পঞ্চ সাত্ত্বিকাংশাঃ পরস্পরম্ ।

মিলিত্বৈবাস্তঃকরণমভবৎ সর্বকারণম্ ॥ ৩৪৩

অনুবাদ । আকাশাদিগতাঃ (আকাশ বায়ু প্রভৃতিতে বিদ্যমান) পঞ্চ
(পাঁচটি) সাত্ত্বিকাংশাঃ (সাত্ত্বিকভাগ) পরস্পরং (অত্মোত্ত) মিলিত্বা (মিলিত
হইয়া) এব (অবধারণে) সর্বকারণম্ (সকলের হেতু) আস্তঃকরণম্ (মনঃ,
বুদ্ধি, চিন্তা, অহঙ্কার) অভবৎ (উৎপন্ন হইয়াছে) ॥ ৩৪৩

অনুবাদ । আকাশ, বায়ু প্রভৃতি ভূতসমূহের পরস্পর মিলিত সাত্ত্বিক ভাগ
হইতে আস্তঃকরণ উৎপন্ন হইয়াছে, এই আস্তঃকরণই [স্মৃতিঃখাদি] সকলের
কারণ * ॥ ৩৪৩

প্রকাশকত্বাদেতেষাং সাত্ত্বিকাংশত্বমিষ্যতে ।

প্রকাশকত্বং সত্ত্বস্য স্বচ্ছত্বেন যতস্ততঃ ॥ ৩৪৪

* তাৎপর্য—আস্তঃকরণই সমস্ত বস্তুর কলক, এই হেতু ইহাকে সকলের কারণ বলা যায় ।

অন্বয় । যতঃ (যেহেতু) এতেষাং (ইহাদের—জ্ঞানেন্দ্রিয়পঞ্চক ও অন্তঃ-
করণের) প্রকাশকত্বাৎ (বস্তুর প্রকাশকারিত্ব বলিয়া) সাত্ত্বিকাংশত্বাৎ (আকা-
শাদির সাত্ত্বিকভাগত্ব) ইয়াতে (ইষ্ট হয়), ততঃ (সেই হেতু) সত্বশ্চ (সত্ব-
শুণের) স্বচ্ছত্বেন (নির্মলত্ব হেতু) প্রকাশকত্বং (প্রকাশজনকত্ব) [ইয়াতে=
ইষ্ট হয়] ॥ ৩৪৪

অনুবাদ । জ্ঞানেন্দ্রিয়-পঞ্চক ও অন্তঃকরণ বস্তু-প্রকাশক বলিয়া আকা-
শাদির সাত্ত্বিকভাগ হইতে উৎপন্ন হইয়াছে, যেহেতু সত্বশুণ স্বচ্ছ, অতএব
তাহার প্রকাশকত্ব সিদ্ধ হয় ॥ ৩৪৪

তদন্তঃকরণং বৃত্তিভেদেন স্মাচ্চতুর্বিধম্ ।

মনোবুদ্ধিরহঙ্কারশ্চিত্তক্ষেতি তদুচ্যতে ॥ ৩৪৫

অন্বয় । তৎ (সেই) অন্তঃকরণং (অন্তঃকরণ) বৃত্তিভেদেন (পরিণাম ভেদে)
চতুর্বিধং (চারি প্রকার) স্মাৎ (হইয়া থাকে), তৎ (অন্তঃকরণ) মনঃ (মন), বুদ্ধিঃ
(বুদ্ধি) অহঙ্কারঃ (অহঙ্কৃতি) চিত্তং চ (এবং চিত্ত) ইতি (এইরূপ) উচ্যতে
(কথিত হয়) ॥ ৩৪৫

অনুবাদ । সেই [একই] অন্তঃকরণ বৃত্তিভেদে মনঃ, বুদ্ধি, অহঙ্কার ও
চিত্ত এই চারি প্রকার কথিত হয় ॥ ৩৪৫

সঙ্কল্পান্মন ইত্যাহুবুদ্ধিরর্থস্য নিশ্চয়াৎ ।

অভিমানাদহঙ্কারশ্চিত্তমর্থস্য চিন্তনাৎ ॥ ৩৪৬

অন্বয় । সঙ্কল্লাৎ (সঙ্কল্প করে বলিয়া) মনঃ (মন) ইতি (এইরূপ)
আহঃ (বলিয়া থাকেন); অর্থস্য (বিষয়ের) নিশ্চয়াৎ (নিশ্চয় জ্ঞান)
বুদ্ধিঃ (বুদ্ধি) [ইতি আহঃ=এইরূপ বলিয়া থাকেন]; অভিমানাৎ
(অভিমান বশতঃ) অহঙ্কারঃ, [ইতি আহঃ=এইরূপ বলিয়া থাকেন], অর্থস্য
(বিষয়ের) চিন্তনাৎ (ভাবনাবশতঃ) চিত্তং, [ইতি আহঃ=এইরূপ বলিয়া
থাকেন] ॥ ৩৪৬

অনুবাদ । [একই অন্তঃকরণ] সঙ্কল্প, বিষয়ের নিশ্চয়, অভিমান ও বিষয়-
চিন্তা করে বলিয়া [পণ্ডিতেরা] তাহাকে যথাক্রমে মনঃ, বুদ্ধি, অহঙ্কার
ও চিত্ত বলিয়া থাকেন ॥ ৩৪৬

মনস্যপি চ বুদ্ধৌ চ চিত্তাহঙ্কারয়োঃ ক্রমাৎ ।

অন্তর্ভাবোহত্র বোদ্ধব্যো লিঙ্গলক্ষণসিদ্ধয়ে ॥ ৩৪৭

অন্বয় । লিঙ্গলক্ষণসিদ্ধয়ে (লিঙ্গরূপীরের লক্ষণ সিদ্ধির নিমিত্ত) অত্র
(এখানে) মনসি অপি (মনেও) চ (পাদ-পূরণ) বুদ্ধৌ চ (বুদ্ধিতেও)
ক্রমাৎ (যথাক্রমে) চিত্তাহঙ্কারয়োঃ (চিত্ত এবং অহঙ্কারের) অন্তর্ভাবঃ
(মধ্যনিবেশ) বোদ্ধব্যঃ (জ্ঞাতব্য) ॥ ৩৪৭

অনুবাদ । লিঙ্গশরীরের লক্ষণ সিদ্ধির নিমিত্ত মনে চিন্তের এবং বুদ্ধিতে অহঙ্কারের অন্তর্ভাব জানিবে * ॥ ৩৪৭

চিন্তনঞ্চ মনোধর্ম্যঃ সঙ্কল্পাদির্ঘথা তথা ।

অন্তর্ভাবো মনশ্চৈব সম্যক্‌চিন্তস্য সিধ্যতি ॥ ৩৪৮

অর্থ । যথা (যেমন) সঙ্কল্পাদিঃ (সঙ্কল্প, বিকল্প প্রভৃতি) মনোধর্ম্যঃ (মনের ধর্ম—বৃত্তি) তথা (সেইরূপ) চিন্তনঞ্চ (চিন্তা করাও) [মনোধর্ম্যঃ— মনের ধর্ম], মনসি এব (মনেই) চিন্তস্য (চিন্তের) অন্তর্ভাবঃ (অন্তর্নিবেশ) সম্যক্ (ভালরূপে) সিধ্যতি (সিদ্ধ হয়) ॥ ৩৪৮

অনুবাদ । সঙ্কল্প প্রভৃতির গ্রাম চিন্তাও মনের ধর্ম, [অতএব] মনেই চিন্তের অন্তর্ভাব সম্যকরূপে সিদ্ধ হয় ॥ ৩৪৮

দেহাদাবহমিত্যেব ভাবো দৃঢ়তরো ধিয়ঃ ।

দৃশ্যতেহহঙ্কতেস্তস্মাদন্তর্ভাবোহত্র যুজ্যতে ॥ ৩৪৯

অর্থ । দেহাদৌ (শরীর প্রভৃতিতে) ধিয়ঃ (বুদ্ধির) অহং (আমি) ইত্যেব (এইরূপই) দৃঢ়তরঃ (সুদৃঢ়) ভাবঃ (সংস্কার) দৃশ্যতে (দৃষ্ট হয়), তস্মাৎ (তজ্জগৎ) অত্র (ইহাতে, বুদ্ধিতে) অহঙ্কতেঃ (অহঙ্কারের) অন্তর্ভাবঃ (অন্তর্নিবেশ) যুজ্যতে (যুক্ত হয়) ॥ ৩৪৯

অনুবাদ । শরীর প্রভৃতিতে 'আমি সুখী'—'আমি দুঃখী'—ইত্যাদি বুদ্ধি-গত সুদৃঢ় ভাব (সংস্কার,—অহংভাব) পরিদৃষ্ট হয়, অতএব বুদ্ধিতে অহঙ্কারের অন্তর্ভাব যুক্তিযুক্ত বলিয়া বিবেচিত হয় ॥ ৩৪৯

তস্মাদেব তু বুদ্ধেঃ কর্তৃত্বং তদিতরস্য করণত্বম্ ।

সিধ্যত্যাত্মন উভয়াদ্বিঘ্নাৎ সংসারকারণং মোহাৎ ॥ ৩৫০

অর্থ । তস্মাদেব (সেই হেতুই) বুদ্ধেঃ (বুদ্ধির) কর্তৃত্বং (কর্তৃত্ব) তদিতরস্য তু (মনেরও) করণত্বং (করণত্ব) সিধ্যতি (সিদ্ধ হয়); উভয়াৎ (উভয়বিধ) মোহাৎ (অজ্ঞানবশতঃ) আত্মনঃ (আত্মার) সংসার-কারণং (জন্মমরণের হেতু) বিঘ্নাৎ (জানিবে) ॥ ৩৫০

অনুবাদ । সেই জগুই (দেহাদিতে বুদ্ধির অহংভাব দেখা যায় বলিয়া) বুদ্ধির কর্তৃত্ব এবং মনের করণত্ব সিদ্ধ হইল,—কর্তৃত্ব করণত্বরূপ উভয়বিধ মোহবশতঃ [ধর্ম্মাধর্ম্ম] আত্মার সংসারের হেতু হইয়া থাকে ॥ ৩৫০

* তাৎপর্য । যদি মনে চিন্তের এবং বুদ্ধিতে অহঙ্কারের অন্তর্ভাব করা না হয়, তবে সপ্তদশ অবয়বত্বরূপ লিঙ্গ শরীর সিদ্ধ হয় না, অধিক অবয়ব হইয়া যায় ।

বিজ্ঞানময়কোশঃ ।

বিজ্ঞানময়কোশঃ শ্চাদ্ বুদ্ধিজ্ঞানেন্দ্রিয়ৈঃ সহ ।

বিজ্ঞান-প্রচুরত্বেনাপ্যাচ্ছাদকতয়াত্মনঃ ॥ ৩৫১

বিজ্ঞানময়কোশোহয়মিতি বিদ্বদ্ভিরুচ্যতে ।

অয়ং মহানহঙ্কারবৃত্তিমান্ কর্তৃলক্ষণঃ ॥

সর্বসংসারনির্কোটা বিজ্ঞানময়শব্দভাক্ ॥ ৩৫২

অন্বয় । জ্ঞানেন্দ্রিয়ৈঃ সহ (শ্রোত্রাদি পাঁচটি বুদ্ধীন্দ্রিয়ের সহিত) বুদ্ধিঃ (বুদ্ধি), বিজ্ঞানময়-কোশঃ (বিজ্ঞানময় কোশ) শ্চাৎ (হয়), বিজ্ঞান-প্রচুরত্বেন (জ্ঞানের বাহুলা হেতু) আত্মনঃ (জীবের) আচ্ছাদকতয়া অপি (এই আবরকত্ব-হেতু) অয়ং (এই) বিজ্ঞানময়কোশঃ (বিজ্ঞানময় নামক কোশ) ইতি (ইহা) বিদ্বদ্ভিঃ (পণ্ডিতগণ কর্তৃক) উচ্যতে (উক্ত হয়) । অয়ং (এই—বিজ্ঞানময় কোশ) মহান্ (মহান্ এই নাম) অহঙ্কার-বৃত্তিমান্ (অভিমান বৃত্তিযুক্ত) কর্তৃলক্ষণঃ (কর্তৃত্বাদি-ধর্মনিশিষ্ট) সর্বসংসার-নির্কোটা (জন্মমরণাদি সমস্ত সংসারের জনক) বিজ্ঞানময়শব্দভাক্ (বিজ্ঞানময়-সংজ্ঞাযুক্ত) [ভবতি=হয়] ॥ ৩৫১—৩৫২

অনুবাদ । শ্রোত্রপ্রভৃতি পাঁচটি জ্ঞানেন্দ্রিয়ের সহিত বুদ্ধি ‘বিজ্ঞানময় কোশ’ নামে অভিহিত হয়, বিজ্ঞান-বাহুল্যবশতঃ এবং আত্মার আবরকত্ববশতঃ পণ্ডিতেরা ইহাকে ‘বিজ্ঞানময় কোশ’ বলিয়া থাকেন । ইহাকে ‘মহান্’ বলে, অভিমানও ইহার একটি বৃত্তি (ধর্ম) এবং ইহা কর্তৃত্বাদি লক্ষণবিশিষ্ট সর্বসংসারের নির্বাহক এবং বিজ্ঞানময় শব্দ-বাচ্য ॥ ৩৫১—৩৫২

অহং মমেত্যেব সদাভিমানঃ

দেহেন্দ্রিয়াদৌ কুরুতে গৃহাদৌ ।

জীবাভিমানঃ পুরুষোহয়মেব

কর্তা চ ভোক্তা চ স্মৃথী চ হুঃখী ॥ ৩৫৩

অন্বয় । জীবাভিমানঃ (আমি জীব এইরূপ অভিমানবিশিষ্ট) অয়ং (এই, দৃশ্যমান) পুরুষঃ এব (পুরুষই) সদা (সর্বদা) দেহেন্দ্রিয়াদৌ (শরীর এবং ইন্দ্রিয়াদিতে) গৃহাদৌ (গৃহাদিতে) অহং (আমি) মম (আমার) ইতি এব (এইরূপই) অভিমানং (অহঙ্কার) কুরুতে (করিয়া থাকে) ; অতঃ [অয়মেব=অতএব ইনিই] কর্তা (কর্তৃত্ববান্) চ (এবং) ভোক্তা (ভোগকারী) চ (ও) স্মৃথী (স্মৃথযুক্ত) চ (ও) হুঃখী (হুঃখযুক্ত) [ভবতি=হয়] ৩৫৩

অনুবাদ । 'আমি জীব'—এইরূপ অভিমানশালী পুরুষ সর্বদা শরীর ও
 ইন্দ্রিয় প্রভৃতিতে এবং গৃহাদি (বাহুবস্তুতে) 'আমি', 'আমার' এইরূপ অভিমান
 বিয়া থাকেন, [তজ্জগ] কর্তা, ভোক্তা, সুখী ও দুঃখী হইয়া থাকেন * ॥ ৩৫৩

স্ববাসনা-প্রেরিত এব নিত্যং

করোতি কর্মোভয়লক্ষণঞ্চ ।

ভুঙ্ক্তে তদুৎপন্নফলং বিশিষ্টং

সুখঞ্চ দুঃখঞ্চ পরত্র চাত্র ॥ ৩৫৪

অনয় । [পুরুষঃ=পুরুষ] স্ববাসনাপ্রেরিতঃ এব (স্বকীয় সংস্কার দ্বারা
 নিয়োজিত হইয়াই) নিত্যং (সতত) উভয়লক্ষণং (পুণ্যরূপ এবং পাপরূপ)
 কর্ম (কর্ম) করোতি (করে—অনুষ্ঠান করে) ; অত্র (এই সংসারে) চ
 (এবং) পরত্র (পরলোকে) বিশিষ্টং (বিশেষ) তদুৎপন্নফলং (কর্মোৎপন্ন
 ফল) সুখঞ্চ (এবং সুখ) দুঃখঞ্চ (আর অসুখ) ভুঙ্ক্তে (ভোগ করিয়া
 থাকে) ॥ ৩৫৪

অনুবাদ । জীব স্বকীয় বাসনা দ্বারা প্রেরিত হইয়া সর্বদা পুণ্য পাপ-
 রূপ উভয়বিধ কর্মের অনুষ্ঠান করে, এবং ইহলোকে ও পরলোকে কর্মজনিত
 বিশিষ্ট ফল—সুখ ও দুঃখ ভোগ করিয়া থাকে ॥ ৩৫৪

নানাযোনিসহশ্রেষু জায়মানো মুহুমুহুঃ ।

ত্রিয়মাণো ভ্রমত্যেষ জীবঃ সংসারমণ্ডলে ॥ ৩৫৫

অনয় । এষঃ (এই) জীবঃ (প্রাণী) নানাযোনিসহশ্রেষু (বহু বহু
 জাতিতে) মুহুমুহুঃ (পুনঃ পুনঃ) জায়মানঃ (জন্মগ্রহণ করিয়া) ত্রিয়মাণঃ
 (মরিয়া) সংসারমণ্ডলে (সংসারে) ভ্রমতি (ভ্রমণ করে) ॥ ৩৫৫

অনুবাদ । এই জীব তির্যক্ প্রভৃতি বহুসহস্র যোনিতে পুনঃ পুনঃ জন্ম-
 গ্রহণ করে এবং মরিয়া যায়, [এইরূপে সর্বদা] সংসারমণ্ডলে ভ্রমণ করিয়া
 থাকে ॥ ৩৫৫

মনোময়-কোশঃ ।

মনো মনোময়ঃ কোশো ভবেজ্ জ্ঞানেন্দ্রিয়ৈঃ সহ ।

প্রাচুর্য্যং মনসো যত্র দৃশ্যতেহসৌ মনোময়ঃ ॥ ৩৫৬

* তাৎপর্য—দেহ ও ইন্দ্রিয় প্রভৃতিতে লোকের অহং-অভিমান দেখিতে পাওয়া যায় ;
 যমন আমি স্থূল, আমি কৃশ, আমি অন্ধ, আমি বধির ইত্যাদি । তদ্রূপ বাহুবস্তু গৃহাদিতেও
 আমি-অভিমান দৃষ্ট হয় ; যেমন আমার গৃহ, আমার ধন ইত্যাদি । এইরূপ অভিমানবশতঃ
 লোক আপনাকে কর্তৃক, ভোক্তৃক, সুখ ও দুঃখ আরোপ করিয়া থাকে ।

অনুবাদ । জ্ঞানেন্দ্রিয়ৈঃ সহ (শ্রোত্রপ্রভৃতি পাঁচটি জ্ঞানেন্দ্রিয়ের সহিত) মনঃ (মন), মনোময়ঃ কোশঃ (মনোময়-কোশ-সংজ্ঞক) ভবেৎ (হয়), যত্র (যেখানে) মনসঃ (মনের) প্রাচুর্য্যং (আধিক্য) দৃশ্যতে (দেখা যায়) অসৌ (তাহা) মনোময়ঃ (মনোময় কোশ) ॥ ৩৫৬

অনুবাদ । শ্রোত্র প্রভৃতি পাঁচটি জ্ঞানেন্দ্রিয়ের সহিত মনঃ 'মনোময়কোশ' নামে অভিহিত হইয়া থাকে, যাহাতে মনের প্রাধান্য দেখা যায়, তাহাকে মনোময় কোশ বলা যায় ॥ ৩৫৬

চিন্তাবিষাদহর্ষাদ্যাঃ কামাদ্যা অস্য বৃত্তয়ঃ ।

মনুতে মনসৈবৈষ ফলং কাময়তে বহিঃ ।

যততে কুরুতে ভুঙ্কতে তন্মনঃ সর্বকারণম্ ॥ ৩৫৭

অনুবাদ । চিন্তাবিষাৎ (চিন্তারূপ বিষ হইতে) অশ্চ (ইহার, মনোময় কোশের) অহর্ষাঢ্যাঃ (দুঃখাদি) [এবং] কামাঢ্যাঃ (কাম প্রভৃতি) বৃত্তয়ঃ (ধর্ম—অবস্থা) [ভবন্তি—হয়]; এষঃ (এই মনোময় কোশ) মনসা এব (মনের দ্বারাই) মনুতে (মনন করে—সঙ্কল্প করে) বহিঃ (বাহিরে) ফলং (ফল,—প্রয়োজন) কাময়তে (প্রার্থনা করে) যততে (যত্ন করে) কুরুতে (কার্য্য করে) ভুঙ্কতে (ভোগ করে) তৎ (সেই) মনঃ (মন) সর্বকারণম্ (সকলের হেতু) ॥ ৩৫৭

অনুবাদ । এই মনোময় কোশ চিন্তাবিষে জর্জরিত হইলে, অহর্ষ (দুঃখ) প্রভৃতি এবং কামক্রোধাদি বৃত্তিগুলি উৎপন্ন হয়, এবং মনের দ্বারা [গো হিরণ্য প্রভৃতি] বাহ্য ফল কামনা করিয়া থাকে, এবং মনঃ প্রযত্ন করে, কার্য্যের অনুষ্ঠান করে এবং ভোগ করে, মনই সকলের কারণ ॥ ৩৫৭

মনো হুমুশ্য প্রবণস্য হেতু-

রন্তর্বহিষ্চার্থমেনে বৈত্তি ।

শৃণোতি জিহ্বত্যমুনৈব চেক্ষতে ।

বক্তি স্পৃশত্যতি করোতি সর্বম্ ॥ ৩৫৮

অনুবাদ । হি (নিশ্চিত) মনঃ (মন) অমুশ্য (পূর্বেকৃত) প্রবণস্য (বিষয়ে আভিমুখ্যের) হেতুঃ (কারণ); [পুরুষঃ=পুরুষ] অনেন (মনের দ্বারা) অন্তঃ (অন্তরের) বহিষ্চ (এবং বাহিরের) চ অর্থং (বিষয়) বৈত্তি (জানে) অমুনৈব (ইহা দ্বারাই) সর্বং (সমস্ত বিষয়) শৃণোতি (শ্রবণ করে) জিহ্বতি (গন্ধগ্রহণ করে) ঙ্ক্ষতে (দর্শন করে) বক্তি (কথা বলে) স্পৃশতি (স্পর্শ করে) অতি (খায়) করোতি চ (এবং কার্য্য করে) ॥ ৩৫৮

অনুবাদ । একমাত্র মনই এবংবিধ বিষয়প্রবণতার (বিষয়াভিমুখ্যের) কারণ; লোক মনঃ দ্বারাই আন্তর ও বাহ্য বস্তু অবগত হয়, সমস্ত বিষয় শ্রবণ

করে, গন্ধ গ্রহণ করে, দর্শন করে, বাক্য প্রয়োগ করে, স্পর্শ করে, আহার করে এবং কর্মের অনুষ্ঠান করিয়া থাকে * ॥ ৩৫৮

বন্ধশ্চ মোক্ষো মনসৈব পুংসা-

মর্থোহপ্যনর্থোহপ্যমুনৈব সিধ্যতি ।

শুদ্ধেন মোক্ষো মলিনেন বন্ধো

বিবেকতোহর্থোহপ্যবিবেকতোহন্যঃ ॥ ৩৫৯

অন্বয় । পুংসাং (পুরুষের) মনসা এব (মনের দ্বারাই) বন্ধঃ (বন্ধন) মোক্ষশ্চ (এবং মুক্তি) [ভবতি=হয়] ; অমুনা এব (মনের দ্বারাই) অর্থোহপি (ভালও) [সিধ্যতি=সিদ্ধ হয়] ; অনর্থোহপি (মন্দও) সিধ্যতি (সিদ্ধ হয়) ; শুদ্ধেন (নির্মল মনের দ্বারা) মোক্ষঃ (মুক্তি) মলিনেন (কলুষিত মনের দ্বারা) বন্ধঃ (বন্ধন) [ভবতি=হয়] ; বিবেকতঃ (আত্মা ও অনাত্মার পার্থক্যবশতঃ) অর্থঃ (অর্থ) অবিবেকতঃ (অভেদবশতঃ) অনর্থোহপি (অনর্থও) [ভবতি=হইয়া থাকে] ॥ ৩৫৯

অনুবাদ । মনের দ্বারা পুরুষের বন্ধ ও মোক্ষ হইয়া থাকে, এবং ইহা দ্বারাই অর্থ ও অনর্থ ঘটে ; [একমাত্র মনই বন্ধ ও মোক্ষ এই পরস্পর বিরুদ্ধ-বস্তুর কারণ কিরূপে হয় এই আশঙ্কায় বলিতেছেন] বিশুদ্ধ (রজঃ ও তমোগুণ-বিহীন) মনের দ্বারা মোক্ষ এবং মলিন (রজস্তমোগুণযুক্ত) মনের দ্বারা বন্ধন হয়, বিবেকবশতঃ (আত্মা ও অনাত্মার পার্থক্যবশতঃ) অর্থ এবং অবিবেক-বশতঃ অনর্থ উৎপন্ন হয় ॥ ৩৫৯

রজস্তমোভ্যাং মলিনং ত্বশুদ্ধ-

মজ্ঞানজং সত্বগুণেন রিক্তম্ ।

মনস্তমোদোষসম্বিতত্বা-

জ্জড়ত্বমোহালসতা প্রমাদৈঃ ।

তিরস্কৃতং সন্ন তু বেত্তি বাস্তবং

পদার্থতত্ত্বং হু পলভ্যমানম্ ॥ ৩৬০

অন্বয় । তু (কিন্তু) অজ্ঞানজং (অবিজ্ঞানজনিত) মনঃ (মন) রজস্তমোভ্যাং (রজঃ এবং তমোগুণের দ্বারা) মলিনং (কলুষিত) (অতএব) অশুদ্ধং (অশুদ্ধ, অস্বস্থ) সত্বগুণেন রিক্তং (সত্বগুণশূন্য) তমোদোষসম্বিতত্বাং

* তাৎপর্য—মনই সর্বদা বাহ্যবস্তুর বিষয়ে সঙ্কল্প করিয়া থাকে তজ্জন্ত মনই সকলের কারণ । মনঃ যদি স্থির না থাকে, তবে অজ্ঞান ইন্দ্রিয়ের সহিত বিষয়ের সন্নির্কর্ষ হইলেও যথার্থ জ্ঞান উৎপন্ন হয় না ; এই জন্ত মনঃ শ্রবণ করে, দর্শন করে—এইরূপ বলা হইয়াছে ।

(তমোরূপ দোষযুক্তত্ব হেতু) জড়মোহালসতাপ্রমাদৈঃ (জড়তা, অজ্ঞান, আলস্য ও অনবধানতা দ্বারা) তিরস্কৃতং (আচ্ছাদিত) সৎ (হইয়া) হি (নিশ্চিত) উপলভ্যমানং (জ্ঞায়মান) বাস্তবং (যথার্থ) পদার্থতত্ত্বং (পদার্থের স্বরূপ) ন তু বেত্তি (জানে না) ॥ ৩৬০

অনুবাদ । অজ্ঞানসম্বৃত্ত মনঃ . যখন রজঃ ও তমোগুণদ্বারা কলুষিত হয়, সত্ত্বগুণ-শূন্য হয়, এবং তমোরূপ দোষের দ্বারা যুক্ত হওয়ায় (তমোগুণের কার্য) জড়তা, মোহ, আলস্য ও প্রমাদের দ্বারা আবৃত হইয়া থাকে, তখন পদার্থ উপলব্ধি করিলেও যথার্থ বস্তুস্বরূপ জানিতে পারে না ॥ ৩৬০

রজোদোষৈযুক্তং যদি ভবতি বিক্ষেপকগুণৈঃ

প্রতীপৈঃ কামাঠৌরনিশমভিভূতং ব্যথয়তি ।

কথঞ্চিৎ সূক্ষ্মার্থাবগতিমদপি ভ্রাম্যতি ভৃশং

মনো দীপো যদ্বৎ প্রবলমরুতা ধ্বস্তমহিমা ॥৩৬১

অর্থ । দীপঃ (প্রদীপ) যদ্বৎ (যেরূপ) প্রবলমরুতা (প্রবল বায়ু কর্তৃক) ধ্বস্তমহিমা (মাহাত্ম্যশূন্য—প্রকাশবিহীন-অতিচঞ্চল) [ভবতি=হয়], [তদ্বৎ=সেইরূপ] মনঃ (মন) যদি (যত্বপি) রজোদোষৈঃ (রজোরূপদোষের দ্বারা) যুক্তং (বিশিষ্ট) ভবতি (হয়), [তর্হি—তাহা হইলে] প্রতীপৈঃ (প্রতিকূল) কামাঠৌঃ (কামক্রোধপ্রভৃতি) বিক্ষেপকগুণৈঃ (বিক্ষেপজনক গুণসমূহ দ্বারা) অনিশং (সর্বদা) অভিভূতং (আবৃত) [সৎ—হইয়া] [আত্মানং—জীবকে] ব্যথয়তি (ব্যথিত করে) কথঞ্চিৎ (কোন প্রকারে) সূক্ষ্মার্থাবগতিমদপি (সূক্ষ্মবিষয় আত্মাদি জানিতে পারিলেও) ভৃশং (পুনঃ পুনঃ, অধিকতর-রূপে) ভ্রাম্যতি (ঘুরিয়া বেড়ায়) ॥ ৩৬১

অনুবাদ । প্রদীপ যেমন প্রবল বায়ুর দ্বারা অতি চঞ্চলভাবে (বস্তু প্রকাশে অসামর্থ্য) ধারণ করে, সেইরূপ মনঃ যদি রজোগুণরূপ দোষ যুক্ত হয়, তাহা হইলে প্রতিকূল কামক্রোধাদি বিক্ষেপজনক গুণসমূহের দ্বারা অভিভূত হইয়া পুরুষকে ব্যথিত করে, কোনরূপে অতি সূক্ষ্ম বিষয় অবগত হইলেও [পদার্থকে] তদপেক্ষা অধিকভাবে ইতস্ততঃ ধাবিত হয় ॥ ৩৬১

ততো মুমুক্ষুর্ভববন্ধমুক্ত্যৈ

রজস্তমোভ্যাঞ্চ তদীয়কার্ষ্যৈঃ ।

বিয়োজ্য চিত্তং পরিশুদ্ধমত্বং

প্রিয়ং প্রযত্নেন সর্দৈব কুর্য্যাৎ ॥ ৩৬২

অর্থ । ততঃ (তজ্জন্ম) মুমুক্ষুঃ (মুক্তিকাম) ভববন্ধমুক্ত্যৈ (সংসার-বন্ধন হইতে মুক্তি পাইবার নিমিত্ত) রজস্তমোভ্যাঞ্চ (রজঃ এবং তমঃ দ্বারা) তদীয়কার্ষ্যৈশ্চ (এবং রজঃ ও তমোগুণের কার্যসমূহ দ্বারা) চিত্তং (মনকে)

বিয়োজ্য (বিযুক্ত করিয়া) সदैব (সর্বদাই) প্রযত্নেন (যত্নের সহিত) পরিশুদ্ধসত্ত্বং (নির্মলসত্ত্ব) [এবং] প্রিয়ং (প্রীতিকর—অনুকূল) কুর্য্যাৎ (করিবে) ॥ ৩৬২
 অনুবাদ । [যেহেতু রজঃ ও তমঃ দ্বারা মনঃ বিক্ষিপ্ত হয়] অতএব মুক্তি-
 কাম পুরুষ সংসার-বন্ধন হইতে মুক্তিলাভ করিবার নিমিত্ত চিত্তকে রজঃ
 ও তমঃ এবং তাহাদের কার্য্য মোহ প্রভৃতি হইতে বিযুক্ত করিয়া সর্বদা প্রযত্ন-
 সহকারে বিশুদ্ধ সত্ত্ব-সম্বিত প্রীতিকর কার্য্য সম্পাদন করিবে ॥ ৩৬২

গর্ভাবাস-জনি-প্রণাশন-জরাব্যাদ্যাдиষু প্রাণিনাং

যদুঃখং পরিদৃশ্যতে চ নরকে তচ্চিত্তয়িত্বা মুহুঃ ।

দোষানেব বিলোক্য সর্ববিষয়েষাশাং বিমুচ্যাভিত-

শ্চিত্তগ্রন্থিবিমোচনায় স্মৃতিঃ সত্ত্বং সমালম্বতাম্ ॥ ৩৬৩

অন্বয় । স্মৃতিঃ (বুদ্ধিমান্ ব্যক্তি) প্রাণিনাং (জীবসমূহের) গর্ভা-
 বাস-জনি-প্রণাশন-জরা-ব্যাদ্যাदिষু (গর্ভে স্থিতি, জন্ম, মরণ, জরা, রোগ
 প্রভৃতিতে) নরকে চ (এবং কুস্তীপাক প্রভৃতিতে) যৎ (যে) দুঃখং
 (ক্লেশ) পরিদৃশ্যতে (দৃষ্ট হয়) মুহুঃ (পুনঃ পুনঃ) তৎ (তাহা) চিত্তয়িত্বা
 (চিত্তা করিয়া) দোষান্ এব (দোষ সকলকেই) বিলোক্য (দেখিয়া)
 সর্ববিষয়েষু (সমস্ত বিষয়ে) আশাং (অভিলাষ) বিমুচ্যা (ত্যাগ করিয়া)
 অভিতঃ (চারিদিকে—সকল প্রকারে) চিত্তগ্রন্থিবিমোচনায় (মনের কামাদি
 গ্রন্থি (গাঁট) সমূহের বিনাশের জন্ত) সত্ত্বং (সত্ত্বগুণকে) সমালম্বতাম্
 (আশ্রয় করুক) ॥ ৩৬৩

অনুবাদ । মাতৃগর্ভে স্থিতি, জন্ম, মরণ, জরা রোগ প্রভৃতি দ্বারা এবং
 নরকে প্রাণিগণের যেরূপ দুঃখ পরিদৃষ্ট হয়, তাহা পুনঃ পুনঃ চিত্তা করিয়া,
 তাহাতে দোষ দর্শন করিয়া, সমস্ত বিষয়ে আকাঙ্ক্ষা নিবৃত্তি করিয়া,
 কামাদি চিত্তগ্রন্থিসমূহের বিনাশের জন্ত বুদ্ধিমান্ লোক [একমাত্র] সত্ত্ব-
 গুণকে আশ্রয় করিবে ॥ ৩৬৩

চিত্ত-প্রসাদঃ ।

যমেধু নিরতো যস্ত নিয়মেধু চ যত্নতঃ ।

বিবেকিনস্তস্য চিত্তং প্রসাদমধিগচ্ছতি ॥ ৩৬৪

অন্বয় । তু (কিন্তু) যঃ (যে) যত্নতঃ (যত্ন সহকারে) যমেধু (অহিংসা
 প্রভৃতি পাঁচটিতে) নিয়মেধু চ (এবং শৌচ প্রভৃতি পাঁচটিতে) নিরতঃ (যুক্তঃ),
 তস্য (সেই) বিবেকিনঃ (আত্মানুবিবেকশালী লোকের) চিত্তং (মন)
 প্রসাদং (প্রসন্নতা—নির্মলতা) অধিগচ্ছতি (লাভ করে) ॥ ৩৬৪

অনুবাদ । যিনি যত্নসহকারে ষম এবং নিয়মে * রত থাকেন সেই আত্ম-নাশ্ববিবেকী পুরুষের চিত্ত প্রসন্নতা লাভ করে ॥ ৩৬৪

আসুরীং সম্পদং ত্যক্ত্বা ভজেদ্যো দৈবসম্পদম্ ।

মোক্শককাঙ্ক্ষয়া নিত্যং তস্য চিত্তং প্রসীদতি ॥ ৩৬৫

অর্থ । যঃ (যে ব্যক্তি) মোক্শককাঙ্ক্ষয়া (একমাত্র মোক্শের ইচ্ছায়) আসুরীং (অসুর সম্বন্ধীয়) সম্পদং (দম্ভ দৰ্প প্রভৃতি) ত্যক্ত্বা (ত্যাগ করিয়া) নিত্যং (সৰ্বদা) দৈবসম্পদং (দেবসম্বন্ধীয় সম্পৎ—অভয়, অহিংসা প্রভৃতি সম্পত্তি) ভজেৎ (ভজনা করে—আশ্রয় করে) তস্য (তাঁহার) চিত্তং (মনঃ) প্রসীদতি (প্রসন্ন হয়) ॥ ৩৬৫

অনুবাদ । যিনি মোক্ষলাভের আকাঙ্ক্ষায় আসুরী সম্পদকে পরিত্যাগ পূৰ্বক সতত দৈবী সম্পদকে † ভজনা করেন, তাঁহার চিত্ত প্রসন্নতা লাভ করে ॥ ৩৬৫

পরদ্রব্য-পরদ্রোহ-পরনিন্দা-পরস্তুমিঃ ।

নালম্বতে মনো যস্য তস্য চিত্তং প্রসীদতি ॥ ৩৬৬

অর্থ । যস্য (যাহার) মনঃ (চিত্ত) পরদ্রব্য-পরদ্রোহ-পরনিন্দা-পরস্তুমিঃ (অত্নের দ্রব্য, অত্নের প্রতি অপকার, অত্নের কুৎসা, অত্নের নারী) ন আলম্বতে (বিষয় করে না) তস্য (তাঁহার) চিত্তং (মনঃ) প্রসীদতি (স্বচ্ছতা লাভ করে) ॥ ৩৬৬

অনুবাদ । যাহার চিত্ত পরদ্রব্যে, পরদ্রোহে, পর-নিন্দায় ও পরস্তুমিতে আসক্ত না হয়, তাঁহার চিত্ত প্রসন্নতা লাভ করে ॥ ৩৬৬

* তাৎপর্য । অহিংসা, সত্য, অস্তেয় (চুরি না করা), ব্রহ্মচর্য ও অপরিগ্রহ (জীবনরক্ষার অতিরিক্ত বস্তুর প্রতিগ্রহ না করা) এইগুলিকে ষম বলে । শৌচ, সন্তোষ, তপস্যা, স্বাধ্যায় (মন্ত্রজপ কিংবা মোক্ষ শাস্ত্রের অধ্যয়ন) ও ঈশ্বর প্রণিধান (সমস্ত ক্রিয়াফল ঈশ্বরে অর্পণ) এইগুলিকে নিয়ম বলে । অহিংসাসত্যাস্তেয়ব্রহ্মচর্যাপরিগ্রহা যমাঃ শৌচ-সন্তোষতপঃ-স্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি নিয়মাঃ ॥ ২।৩২ । পাতঞ্জল সূত্র ।

† তাৎপর্য । ভগবদ্গীতায় নবম অধ্যায়ে দৈবী, আসুরী এবং রাক্ষসী এই তিন প্রকার সম্পদের কথা বলিয়াছেন । ষোড়শ অধ্যায়ে—তাহা বিস্তৃতরূপে প্রদর্শন করিয়াছেন ।—
দৈবী সম্পদ যথা—

অভয়ং সত্ত্বসংশুদ্ধির্জ্ঞানযোগ-ব্যবস্থিতিঃ ।

দানং দমশ্চ যজ্ঞশ্চ স্বাধ্যায়স্তপ আর্জ্জবম্ ॥ ১

অহিংসা সত্যমক্রোধস্ত্যাগঃ শান্তিরপৈশুনম্ ।

দয়া ভূতেষলোলুপ্তং মার্দিবং হ্রীরচাপলম্ ॥ ২

তেজঃ ক্ষমা ধৃতিঃ শৌচমদ্রোহো নাতিমানিতা ।

ভবন্তি সম্পদং দৈবীমভিজাতস্ত ভারত ॥ ৩

আসুরী সম্পদ যথা—

দম্ভো দর্পোহভিমানশ্চ ক্রোধঃ পারশ্বমেব চ ।

অজ্ঞানং চাভিজাতস্ত পার্থ ! সম্পদমাসুরীম্ ॥ ৪

আত্মবৎ সর্বভূতেষু যঃ সমত্বেন পশ্যতি ।

সুখং দুঃখং বিবেকেন তস্য চিত্তং প্রসীদতি ॥ ৩৬৭

অর্থঃ । যঃ (যিনি) আত্মবৎ (নিজের মত) সর্বভূতেষু (সকল জীবে) সমত্বেন (তুল্যরূপে) সুখং (শর্ম্ম) দুঃখং (অসুখ) বিবেকেন (বিচার দ্বারা) পশ্যতি (দেখেন) তস্য (তাঁহার) চিত্তং (মনঃ) প্রসীদতি (প্রসন্নতা লাভ করে) ॥ ৩৬৭

অনুবাদ । যিনি সমস্ত জীবে আপনার ত্রায়—অভেদে বিবেক সহকারে সুখ ও দুঃখ নিরীক্ষণ করেন, তাঁহার চিত্ত প্রসন্নতা লাভ করে ॥ ৩৬৭

অত্যন্তং শ্রদ্ধয়া ভক্ত্যা গুরুমীশ্বরমাত্মনি ।

যো ভজত্যনিশং ক্রান্তস্তস্য চিত্তং প্রসীদতি ॥ ৩৬৮

অর্থঃ । যঃ (যে) ক্রান্তঃ (ক্ষমাশীল পুরুষ) আত্মনি (আত্মাতে) অত্যন্তং (অধিক) শ্রদ্ধয়া (অনুরাগের সহিত) ভক্ত্যা (ভক্তি-সহকার) গুরুম্ (গুরুকে) [এবং] ঈশ্বরং (পরমেশ্বরকে) অনিশং (সতত) ভজতি (ধ্যান করেন, পূজা করেন) তস্য (তাঁহার) চিত্তং (মনঃ) প্রসীদতি (প্রসন্নতা লাভ করে) ॥ ৩৬৮

অনুবাদ । যে ক্ষমাশীল পুরুষ অত্যন্ত শ্রদ্ধা ও ভক্তির সহিত আত্মায় (আপনাতে) গুরু এবং ঈশ্বরকে সতত উপাসনা করেন তাঁহার চিত্ত প্রসন্নতা লাভ করে ॥ ৩৬৮

শিষ্টান্নমীশার্চনমার্ঘ্যসেবাং

তীর্থাটনং স্বাশ্রমধর্ম্মনিষ্ঠাম্ ।

যমানুষক্তিং নিয়মানু বৃত্তিং

চিত্তপ্রসাদায় বদন্তি তজ্জ্ঞাঃ ॥ ৩৬৯

অর্থঃ । তজ্জ্ঞাঃ (যমাদিবিষয়ে অভিজ্ঞ মনীষিগণ) শিষ্টান্নং (যজ্ঞাবশিষ্ট অন্নভক্ষণ) ঈশার্চনং (ঈশ্বরারাধনা) আর্ঘ্যসেবাং (শ্রেষ্ঠজনের সেবা) তীর্থাটনং (তীর্থভ্রমণ) স্বাশ্রমধর্ম্মনিষ্ঠাং (নিজ নিজ আশ্রম-ধর্ম্মে অনুরাগ) যমানুষক্তিং (যমে আসক্তি) [এবং] নিয়মানুবৃত্তিং (নিয়মের অনুবৃত্তি—অনুসরণ) চিত্তপ্রসাদায় (মনের প্রসন্নতার জন্ত) বদন্তি (বলেন) ॥ ৩৬৯

অনুবাদ । ব্রহ্মবিৎ পণ্ডিতগণ যজ্ঞাবশিষ্ট অন্ন ভোজন, ঈশ্বরের আরাধনা, আর্ঘ্যগণের সেবা, তীর্থভ্রমণ, স্বশ্রম-ধর্ম্মে অনুরাগ (যিনি যে আশ্রমে আছেন, তাঁহার সেই আশ্রমধর্ম্মের প্রতি অনুরাগের দৃঢ়তা) যমে আসক্তি এবং নিয়মের অনুসরণ (সেবা) এইগুলিকে চিত্তপ্রসাদের হেতু বলিয়া থাকেন ॥ ৩৬৯

সত্ত্ববৃদ্ধি-হেতুঃ ।

কটু-ম্লনবণাত্যুষ্ণতীক্ষ্ণরুক্ষবিদাহিনঃ ।

পৃতি-পর্যুষিতাদীনাং ত্যাগঃ সত্ত্বায় কল্পতে ॥ ৩৭০

অন্বয় । কটু-ম্লনবণাত্যুষ্ণতীক্ষ্ণরুক্ষবিদাহিনঃ (অতিকটু—নিম্নপ্রভৃতি, অতি ম্লন—অত্যন্ত টক্, অতি লবণ—অত্যন্ত লবণ, অত্যুষ্ণ—অত্যন্ত গরম, অতি তীক্ষ্ণ—মরিচ্যাदी, অতিরুক্ষ—কষু, কোদ্রব প্রভৃতি, অতি বিদাহী—সর্ষপাদি) পৃতিপর্যুষিতাদীনাং (পৃতি—হর্গন্ধ, পর্যুষিত—বাসি—দিনান্তরে পক্ দ্রব্য—এই সকলের) ত্যাগঃ (বর্জন) সত্ত্বায় (সত্ত্বগুণের নিমিত্ত) কল্পতে (যোগ্য হয়) ॥ ৩৭০

অনুবাদ । অতিকটু, অতি ম্লন, অতি লবণ, অতি উষ্ণ, ও অতি বিদাহী এবং হর্গন্ধ ও পর্যুষিত—ঈদৃশ দ্রব্যসমূহের পরিবর্জন সত্ত্বগুণের হেতু হইয়া থাকে ॥ ৩৭০

শ্রুত্যা সত্ত্বপুরাণানাং সেবয়া সত্ত্ববস্তনঃ ।

অনুবৃত্ত্যা চ সাধুনাং সত্ত্ববৃদ্ধিঃ প্রজায়তে ॥ ৩৭১

অন্বয় । সত্ত্বপুরাণানাং (সত্ত্বপ্রধান পুরাণসমূহের) শ্রুত্যা (শ্রবণের দ্বারা) সত্ত্ববস্তনঃ (সত্ত্বগুণপ্রধান দ্রব্যের) সেবয়া (ব্যবহারের দ্বারা) সাধুনাং অনুবৃত্ত্যা চ (এবং সজ্জনগণের সেবা—অনুসরণ দ্বারা) সত্ত্ববৃদ্ধিঃ (চিত্তের সত্ত্বগুণে পরিণতি) প্রজায়তে (হয়) ॥ ৩৭১

অনুবাদ । সত্ত্বগুণ-প্রধান পুরাণ-সমূহের শ্রবণ, সত্ত্বপ্রধান দ্রব্যের সেবা এবং সাধুগণের অনুবৃত্তি—অনুসরণের দ্বারা সত্ত্বগুণ বৃদ্ধিপ্রাপ্ত হয় ॥ ৩৭১

যশ্চ চিত্তং নির্বিষয়ং হৃদয়ং যশ্চ শীতলম্ ।

তস্য মিত্রং জগৎ সর্বং তস্য মুক্তিঃ করস্থিতা ॥ ৩৭২

অন্বয় । যশ্চ (যে পুরুষের) চিত্তং (মনঃ) নির্বিষয়ং (বিষয়শূন্য) যশ্চ (ষাঁহার) হৃদয়ং (মনঃ) শীতলং (রক্তস্তমোগুণ-বিহীন) তশ্চ (তাঁহার) সর্বং (সমস্ত) জগৎ (পৃথিবী) মিত্রং (সূহৃৎ) ; তশ্চ (তাঁহার) মুক্তিঃ (মোক্ষ) করস্থিতা (হস্তাশ্রিতা—অনায়াস-লভ্য) ॥ ৩৭২

অনুবাদ । ষাঁহার মনঃ বিষয়শূন্য, ষাঁহার অন্তঃকরণ শীতল (সত্ত্বগুণ-পূর্ণ), সমস্ত জগৎ তাঁহার মিত্র এবং মোক্ষ তাঁহার নিকট অনায়াস-লভ্য ॥ ৩৭২

হিতপরিমিতভোজী নিত্যমেকান্তসেবী

সকৃদুচিতহিতোক্তিঃ সন্ননিদ্রানিহারাঃ ।

অনুনিয়মনশীলো যো ভজতু্যক্তকালে

স লভত ইহ শীঘ্রং সাধু চিত্তপ্রসাদম্ ॥ ৩৭৩

অর্থঃ । নিত্যং (সর্বদা—প্রতিদিন) হিতপরিমিতভোজী (হিতকর এবং কম বা বেশী নয় এরূপ ভোজনশীল) একান্তসেবী (নির্জনস্থানে অবস্থিত) স্কুচিহিতোক্তিঃ (অল্প অথচ যথার্থ ও প্রিয় বাক্য প্রয়োগ) স্বল্পনিদ্রাবিহারঃ (যাহার নিদ্রা এবং ভ্রমণ অল্প) অনুনিয়মনশীলঃ (যিনি অনুগতরূপে নিয়মন—ইন্দ্রিয়-সংযমন-তৎপর) যঃ (যিনি) উক্তকালে (যথাকালে) ভজতি (ভজনা করেন, অর্থাৎ গুরুদেবতার ও ঈশ্বরের বন্দনা করেন) সঃ (তিনি) ইহ (এই সংসারে) শীঘ্রং (অচিরে) সাধু (ভালরূপে) চিত্তপ্রসাদং (মনের প্রসন্নতাকে) লভতে (লাভ করেন) ॥ ৩৭৩

অনুবাদ । যিনি সতত হিতকর ও পরিমিত দ্রব্য ভোজন করেন, নির্জনস্থানে অবস্থান করেন, যিনি পরিমিত অথচ যথার্থ ও প্রিয়বাক্য প্রয়োগ করেন, যাহার নিদ্রা ও বিহার অল্প, যিনি নিয়মিত ভাবে ইন্দ্রিয়-সংযমন-তৎপর এবং যথাকালে দেবতার আরাধনা করেন, এই সংসারে তিনি শীঘ্রই সম্যক্রূপে চিত্তের প্রসন্নতা লাভ করিয়া থাকেন ॥ ৩৭৩

চিত্তপ্রসাদেন বিনাবগন্তুং

বন্ধং ন শক্নোতি পরাত্মতত্ত্বম্ ।

তদ্বাবগত্যা তু বিনা বিমুক্তি-

র্ন সিধ্যতি ব্রহ্মসহস্রকোটিষু ॥ ৩৭৪

অর্থঃ । [জনঃ—লোক] চিত্তপ্রসাদেন বিনা (মনের প্রসন্নতা ব্যতীত) বন্ধং (বন্ধন) [তথা] পরাত্মতত্ত্বং (পরমাত্মার স্বরূপ) অবগন্তুং (জানিতে) ন শক্নোতি (পারে না), তু (কিন্তু) তদ্বাবগত্যা (তদ্বিজ্ঞান) বিনা (ব্যতীত) ব্রহ্মসহস্রকোটিষু (ব্রহ্মার—হিরণ্যগর্ভের সহস্রকোটি জন্মেও অর্থাৎ এক হাজার কোটি বার হিরণ্যগর্ভ হইয়া ভ্রমগ্রহণ করিলেও) বিমুক্তিঃ (মোক্ষ) ন সিধ্যতি (সিদ্ধ হয় না) ॥ ৩৭৪

অনুবাদ । চিত্তপ্রসন্নতা ব্যতীত [কেহ] বন্ধন এবং পরমাত্মার স্বরূপ অবগত হইতে পারে না, তদ্বিজ্ঞান ব্যতীত সহস্র কোটিবার ব্রহ্মা হইলেও মুক্তিলাভ করিতে সমর্থ হয় না ॥ ৩৭৪

মনোহপ্রসাদঃ পুরুষস্য বন্ধো

মনঃপ্রসাদো ভববন্ধমুক্তিঃ ।

মনঃপ্রসাদাধিগমায় তস্মা-

ন্নোনিরাসং বিদধীত বিদ্বান্ ॥ ৩৭৫

অনুবাদ । মনোঃপ্রসাদঃ (মনের অপ্রসন্নতা) পুরুষস্ত (পুরুষের) ব
(বন্ধন) মনঃপ্রসাদঃ (মনের প্রসন্নতা) ভববন্ধমুক্তিঃ (সংসারবন্ধন হই
মোক্শের কারণ) ; তস্মাৎ (সেইজন্য) বিদ্বান্ (পণ্ডিত) মনঃপ্রসাদাধিগম
(মনের প্রসন্নতা লাভের জন্ম) মনোনিরাসং (চিত্তবৃত্তিনিরোধ) বিদধী
(বিধান করিবে) ॥ ৩৭৫

অনুবাদ । চিত্তের অপ্রসন্নতা পুরুষের বন্ধের কারণ এবং মনের প্রসন্নতা
সংসারবন্ধন হইতে মুক্তির হেতু ; তজ্জন্ম পণ্ডিতবাক্তি চিত্তের প্রসন্ন
লাভের নিমিত্ত চিত্তের নিরোধ সম্পাদন করিবেন ॥ ৩৭৫

প্রাণময়-কোশঃ ।

পঞ্চানাং ভূতানাং রজোহংশেভ্যোহভবন্ ক্রমাৎ ।

বাক্পাণিপাদপায়ুপস্থানি কর্মেন্দ্রিয়াণ্যনু ॥ ৩৭৬

অনুবাদ । পঞ্চানাং (পাঁচটি) ভূতানাং (আকাশাদির) রজোহংশেভ্যঃ
এব (রজোভাগ হইতেই) অনুক্রমাৎ (যথাক্রমে) বাক্পাণিপাদপায়ুপস্থানি
(বাক্য, হস্ত, চরণ, মলত্যাগস্থান ও পুরুষের শিশ্ন) কর্মেন্দ্রিয়াণি (কর্মেন্দ্রিয়-
সমূহ) অভবন্ (উৎপন্ন হইয়াছে) ॥ ৩৭৬

অনুবাদ । আকাশাদি পাঁচটি ভূতের রজোভাগ হইতেই যথাক্রমে বাক
পাণি, পাদ, পায়ু ও উপস্থ এই পাঁচটি কর্মেন্দ্রিয় উৎপন্ন হইয়াছে ॥ ৩৭৬

সমস্তেভ্যো রজোহংশেভ্যো ব্যোমাদীনাং ক্রিয়াত্মকাঃ ।

প্রাণাদয়ঃ সমুৎপন্নাঃ পঞ্চাপ্যন্তর-বায়বঃ ॥ ৩৭৭

অনুবাদ । ব্যোমাদীনাং (আকাশাদির) সমস্তেভ্যঃ (সমষ্টিপ্রাপ্ত) রজো-
হংশেভ্যঃ (রজোভাগ হইতে) ক্রিয়াত্মকাঃ (ক্রিয়াস্বভাব) পঞ্চ (পাঁচটি)
প্রাণাদয়ঃ (প্রাণ, অপান প্রভৃতি), আন্তরবায়বঃ অপি (অভ্যন্তরস্থিত বায়ু-
সকলও) সমুৎপন্নাঃ (জন্মিয়াছে) ॥ ৩৭৭

অনুবাদ । আকাশ বায়ু প্রভৃতির সংমিলিত রজোভাগ হইতে ক্রিয়াস্বভাব
প্রাণাদি পাঁচটি বায়ুও উৎপন্ন হইয়াছে ॥ ৩৭৭

প্রাণঃ প্রাগ্গমনেন স্যাদপানোহবাগ্গমনেন চ ।

ব্যানস্ত বিশ্বগ্গমনাছুৎক্রান্ত্যোদান ইষ্যতে ॥ ৩৭৮

অনুবাদ । [স এক এব বায়ুঃ—সেই একই বায়ু) প্রাগ্গমনেন (আগে
গমন করে—হৃদয় হইতে মুখ নাসিকা পর্য্যন্ত গমন করে বলিয়া) প্রাণঃ
(প্রাণ এই নামক) স্মাৎ (হয়) ; অবাক্গমনেন চ (এবং নিম্নদিকে গমন করে—

নাভি হইতে পাদতল পর্যন্ত গমনশীল বলিয়া) অপানঃ (অপান-নামক) [শ্বাৎ=হয়] ; [পরন্তু] বিশ্বগ্গমনাৎ (সমস্ত শরীরে ব্যাপ্ত থাকায়) ব্যানঃ (ব্যাননামক) উৎক্রান্ত্যা (রসাদিকে উর্দ্ধে লইয়া যায় বলিয়া) উদানঃ (উদান এই নাম) ইষ্যতে (ইষ্ট হয়) ॥ ৩৭৮

অনুবাদ । [একই বায়ু] হৃদয় হইতে মুখ নাসিকা পর্যন্ত গমন করে বলিয়া তাহাকে প্রাণ, নিম্নদিকে গমন করায় অপান, সমস্ত শরীর-বৃত্তি বলিয়া ব্যান এবং রসাদির উর্দ্ধনয়ন করে বলিয়া উদান নামে অভিহিত হয় ॥ ৩৭৮

অশিতান্নরসাদীনাং সমীকরণ-ধর্ম্যতঃ ।

সমান ইত্যভিপ্রেতো বায়ুর্ঘস্তেষু পঞ্চমঃ ॥ ৩৭৯

অনয় । অশিতান্নরসাদীনাং (ভুক্ত অন্নরস প্রভৃতির) সমীকরণধর্ম্যতঃ (একীকরণ ধর্ম্য থাকায়) সমানঃ (সমান) ইতি (ইহা) অভিপ্রেতঃ (ইষ্ট) ; যঃ (যে সমান নামক বায়ু) তেষু (প্রাণাদি বায়ুর মধ্যে) পঞ্চমঃ (পঞ্চ সংখ্যার পূরণ) ॥ ৩৭৯

অনুবাদ । ভুক্ত অন্নরস প্রভৃতির একীকরণ রূপ কার্য্য বশতঃ ইহাকে সমান বলে, ইহাই প্রাণাদি বায়ুর মধ্যে পঞ্চম বলিয়া কথিত হয় ॥ ৩৭৯

ক্রিয়ৈব দিশ্যতে প্রায়ঃ প্রাণকর্মেন্দ্রিয়েষলম্ ।

ততস্তেষাং রজোহংশেভ্যা জনিরঙ্গীকৃতা বুদ্ধৈঃ ॥ ৩৮০

অনয় । প্রাণকর্মেন্দ্রিয়েষু (প্রাণপঞ্চক এবং কর্মেন্দ্রিয় পাঁচটিতে) প্রায়ঃ (প্রায়ই—সর্বদা) ক্রিয়া এব (চলনাদি ব্যাপারই) অলং (প্রাচুর্য্য-রূপে) দিশ্যতে (কথিত হয়) ; ততঃ (সেই জন্ত) বুদ্ধৈঃ (পণ্ডিতগণ কর্তৃক) তেষাং (আকাশাদির) রজোহংশেভ্যাঃ (রজোভাগ হইতে) জনিঃ (উৎপত্তি) মঙ্গীকৃতা (স্বীকৃত হইয়াছে) ॥ ৩৮০

অনুবাদ । প্রাণপঞ্চকে এবং পাঁচটি কর্মেন্দ্রিয়ে বহুল পরিমাণে ক্রিয়া পরিদৃষ্ট হয়, এজন্য পণ্ডিতগণ আকাশাদির রজোভাগ হইতে তাহাদের উৎপত্তি স্বীকার করিয়া থাকেন ॥ ৩৮০

রাজসীং তু ক্রিয়াশক্তিং তমঃশক্তিং জড়াত্মিকাম্ ।

প্রকাশরূপিণীং সত্ত্বশক্তিং প্রাহ্মর্ষয়ঃ ॥ ৩৮১

অনয় । তু (পরন্তু) মহর্ষয়ঃ (মহর্ষিগণ) ক্রিয়াশক্তিং (কার্য্যসামর্থ্যকে) রাজসীং (রজোগুণাত্মিকা) [আহঃ=বলেন] ; তমঃশক্তিং (তমোগুণকে) জড়াত্মিকাং (জড়স্বভাব) [আহঃ=বলেন] ; সত্ত্বশক্তিং (সত্ত্বগুণশক্তিকে) প্রকাশরূপিণীং (প্রকাশস্বভাব) প্রাহ্মঃ (বলিয়া থাকেন) ॥ ৩৮১

অনুবাদ । মর্হিগণ ক্রিয়াশক্তিকে রজোগুণের কার্য্য, তমঃ-শক্তিকে জ্ঞান-স্বভাব এবং সত্ত্বশক্তিকে প্রকাশস্বভাব বলিয়া থাকেন ॥ ৩৮১

এতে প্রাণাদয়ঃ পঞ্চ পঞ্চকর্মেন্দ্রিয়ৈঃ সহ ।

ভবেৎ প্রাণময়ঃ কোশঃ স্থূলো যেনৈব চেষ্টতে ॥ ৩৮২

অর্থ । পঞ্চকর্মেন্দ্রিয়ৈঃ (বাগাদি পাঁচটি কর্মেন্দ্রিয়ের) সহ (সহিত) এতে (এই) প্রাণাদয়ঃ (প্রাণ, অপান প্রভৃতি) পঞ্চ (পাঁচটি বায়ু) প্রাণময় (তন্মামক) কোশঃ (কোশের গায় আবরক বলিয়া কোশ) ভবেৎ (হয়) [স চ=সেই প্রাণময় কোশ] স্থূলঃ (স্থূল) ; যেন এব (যাহা দ্বারাই) [লোকঃ=লোকে] চেষ্টতে (চেষ্টা করে) ॥ ৩৮২

অনুবাদ । বাক্ প্রভৃতি পাঁচটি কর্মেন্দ্রিয় এবং প্রাণাদি পাঁচটি বায়ুকে প্রাণময় কোশ বলা যায়, ইহা স্থূল এবং লোকে ইহা দ্বারাই চেষ্টা করিয়া থাকে ॥ ৩৮২

যদ্যন্নিষ্পাদ্যতে কৰ্ম্ম পুণ্যং বা পাপমেব বা ।

বাগাদিভিঃ চ বপুষা তৎ প্রাণময়কর্তৃকম্ ॥ ৩৮৩

অর্থ । বাগাদিভিঃ (বাক্ প্রভৃতি দ্বারা) বপুষা চ (এবং শরীরের দ্বারা) পুণ্যং বা (কি শুভ) পাপমেব বা (কি অশুভ) যদ্যৎ (যে যে) কৰ্ম্ম (কৰ্ম্ম) নিষ্পাদ্যতে (পুরুষ কর্তৃক সম্পাদিত হয়) তৎ (সে সমুদায় কৰ্ম্ম) প্রাণময়-কর্তৃকম্ (প্রাণময় কোশ তাহার কর্তা) ॥ ৩৮৩

অনুবাদ । বাক্ প্রভৃতি এবং শরীরের দ্বারা যে যে পুণ্য কিংবা পাপ কৰ্ম্ম অনুষ্ঠিত হয়, প্রাণময় কোশই তৎ-সমুদায়ের কর্তা ॥ ৩৮৩

বায়ুনোচ্চালিতো বৃক্ষো নানারূপেণ চেষ্টতে ।

তস্মিন্ বিনিশ্চলে সোহপি নিশ্চলঃ স্যাদ্যথা তথা ॥ ৩৮৪

প্রাণকর্মেন্দ্রিয়ৈর্দেহঃ প্রের্যমাণঃ প্রবর্ততে ।

নানাক্রিয়াসু সর্বত্র বিহিতাবিহিতাদিষু ॥ ৩৮৫

অর্থ । যথা (যেরূপ) বায়ুনা (পবন কর্তৃক) উচ্চালিতঃ (বিশেষরূপে চালিত) বৃক্ষঃ (তরু) নানারূপেণ (বিভিন্ন প্রকারে) চেষ্টতে (চেষ্টা করে, ক্রিয়া করে) তস্মিন্ (সেই—বায়ু) বিনিশ্চলে (নিশ্চল হইলে) সোহপি (সেই-বৃক্ষও) নিশ্চলঃ (স্থির) স্যাৎ (হয়), তথা (সেইরূপ) প্রাণকর্মেন্দ্রিয়ৈঃ (প্রাণপঞ্চক ও কর্মেন্দ্রিয় পাঁচটি কর্তৃক) প্রের্যমাণঃ (প্রেরিত হইয়া) সর্বত্র (সকল স্থলে) বিহিতাবিহিতাদিষু (শাস্ত্রবিহিত এবং অবিহিত) নানা ক্রিয়াসু (বিবিধ ক্রিয়াতে) প্রবর্ততে (প্রবৃত্ত হয়) ॥ ৩৮৪—৩৮৫

অনুবাদ । যেরূপ বায়ুচালিত তরুটির নানাপ্রকার চেষ্টা (ব্যাপার) করি থাকে, বায়ু নিশ্চল ভাব ধারণ করিলে বৃক্ষও স্থির হয়, তদ্রূপ শরীর প্রা

পঞ্চক ও কর্ষেঞ্জিয়-পঞ্চক-কর্তৃক পরিচালিত হইয়া সর্বত্র বিহিত ও অবিহিত
নানাবিধ ক্রিয়ায় প্রবৃত্ত হইয়া থাকে ॥ ৩৮৪—৩৮৫

কোশত্রয়ং মিলিত্বৈতদ্বপুঃ শ্ৰীং সূক্ষ্মমাত্মনঃ ।

অতিসূক্ষ্মতয়া লীনশ্ৰীমাত্মনো গমকত্বতঃ ॥ ৩৮৬

লিঙ্গমিত্যুচ্যতে স্থূলাপেক্ষয়া সূক্ষ্মমিষ্যতে ।

সর্বং লিঙ্গবপূর্জাতমেকধীবিষয়ত্বতঃ ॥ ৩৮৭

সমষ্টিঃ শ্ৰীং তরুগণঃ সামান্যেন বনং যথা ।

এতৎ সমষ্ট্যুপহিতং চৈতন্যং সফলং জগুঃ ॥ ৩৮৮

অর্থঃ । এতৎ (এই) কোশত্রয়ং (তিনটি কোশ—বিজ্ঞানময়, মনোময় ও
প্রাণময়) মিলিত্বা (মিলিত হইয়া) অতিসূক্ষ্মতয়া (অতিসূক্ষ্ম বলিয়া) আত্মনঃ
(আত্মার) সূক্ষ্মং বপুঃ (সূক্ষ্ম শরীর) শ্ৰীং (হয়) ; লীনশ্ৰী (লীন—দূরবগাহ) আত্মনঃ
(আত্মার) গমকত্বতঃ (অনুমাপকত্ব প্রযুক্ত) লিঙ্গং (লিঙ্গশরীর) ইতি (ইহা)
উচ্যতে (কথিত হয়) ; স্থূলাপেক্ষয়া (স্থূলশরীরকে অপেক্ষা করিয়া) সূক্ষ্মং
(সূক্ষ্মশরীর) ইষ্যতে (অভিপ্রেত হয়) ; [এইরূপে] সর্বং (সমস্ত) লিঙ্গবপুঃ
(লিঙ্গ শরীর) জাতং (উৎপন্ন হইয়াছে) ; একধীবিষয়ত্বতঃ (এক জ্ঞানের গোচর
বলিয়া) সমষ্টিঃ (একরূপ) শ্ৰীং (হয়) ; যথা (যেমন) তরুগণঃ (বৃক্ষগণ)
সামান্যেন (জাতিক্রমে) বনং (বন এই একরূপত্ব) শ্ৰীং (হয়) ;
[পণ্ডিতগণ] এতৎ (এই) সমষ্ট্যুপহিতং (সমষ্টি লিঙ্গশরীর দ্বারা উপহিত)
চৈতন্যং (চেতনাশক্তি) সফলং (সফল এই সংজ্ঞায়ুক্ত) জগুঃ (বলিয়া
থাকেন) ॥ ৩৮৬—৩৮৭—৩৮৮

অনুবাদ । বিজ্ঞানময়, মনোময় ও প্রাণময় এই তিনটি কোশ মিলিত
হইলে তাহাকে আত্মার সূক্ষ্মশরীর বলা হয়, অতি সূক্ষ্ম বলিয়া তাহাকে সূক্ষ্ম-
শরীর এবং আত্মার অনুমাপক বলিয়া লিঙ্গশরীর নামে অভিহিত করা হয়
এবং স্থূলশরীর অপেক্ষা সূক্ষ্ম বলা হইয়া থাকে । এইরূপে সমস্ত লিঙ্গশরীর
উৎপন্ন হইয়াছে । একবুদ্ধির (হিরণ্যগর্ভের জ্ঞানের) বিষয় বলিয়া তাহাকে
সমষ্টি বলা হয়, যেমন বৃক্ষসমূহ জাতিক্রমে 'বন' বলিয়া ব্যবহৃত হয় । পণ্ডি-
তেরা এই সমষ্টি-উপহিত চৈতন্যকে 'সফল' বলিয়া থাকেন ॥ ৩৮৬—৩৮৭—৩৮৮

হিরণ্যগর্ভঃ সূত্রাত্মা প্রাণ ইত্যপি পণ্ডিতাঃ ।

হিরণ্যয়ে বুদ্ধিগর্ভে প্রচকাস্তি হিরণ্যবৎ ॥ ৩৮৯

হিরণ্যগর্ভ ইত্যস্মৈ ব্যপদেশস্ততো মতঃ ।

সমস্তলিঙ্গদেহেষু সূত্রবন্মণিপঙক্তিষু ॥

ব্যাপ্য স্থিতত্বাৎ সূত্রাত্মা প্রাণনাৎ প্রাণ উচ্যতে ॥ ৩৯০

অনুবাদ । পণ্ডিতাঃ (পণ্ডিতগণ) হিরণ্যগর্ভঃ সূত্রাত্মা প্রাণঃ (হিরণ্যগর্ভ, সূত্রাত্মা, প্রাণ) ইত্যপি (ইহাও) [জগৎ=বলিয়া থাকেন] । হিরণ্যয়ে (সূবর্ণবর্ণ) বুদ্ধিগর্ভে (বুদ্ধির মধ্যে) হিরণ্যবৎ (সূবর্ণ তুল্য) প্রচকার্ত্তি (শোভা পান), ততঃ (সেইজন্ম) অশ্রু (ইহার) হিরণ্যগর্ভ ইতি (হিরণ্যগর্ভ এই) ব্যপদেশঃ (ব্যবহার) মতঃ (অভিমত) ; মণিশ্রেণীতে (রত্নশ্রেণীতে) সূত্রবৎ (সূতার মত) সমস্তলিঙ্গদেহেষু (সকল লিঙ্গশরীরে) ব্যাপ্য (ব্যাপ্ত হইয়া) স্থিতত্বাৎ (থাকে বলিয়া) সূত্রাত্মা (সূত্রাত্মা এই নাম) [উচ্যতে=কথিত হয়] ; প্রাণনাৎ (শ্বাসাদি ক্রিয়া করে বলিয়া) প্রাণঃ (প্রাণসংজ্ঞা) উচ্যতে (কথিত হয়) ॥ ৩৮৯—৩৯০

অনুবাদ । ইঁহাকে হিরণ্যগর্ভ, সূত্রাত্মা ও প্রাণ বলা যায় । সূবর্ণময় অন্তঃ-করণে সূবর্ণের গ্ৰায় প্রকাশিত হওয়ায় [ইনি] হিরণ্যগর্ভ নামে ব্যবহৃত হন ; মণিশ্রেণীতে সূত্রের গ্ৰায় সমস্ত লিঙ্গশরীরে ব্যাপ্ত হইয়া অবস্থিতি করেন বলিয়া [ইঁহাকে] সূত্রাত্মা বলা হইয়া থাকে এবং শ্বাসাদিক্রিয়া করায় [ইঁহাকে] প্রাণ বলা যায় ॥ ৩৮৯—৩৯০

নৈকধীবিষয়ত্বেন লিঙ্গং ব্যষ্টি ভবত্যথ ।

যদেতদ্ব্যষ্টিপহিতং চিদাভাস-সমন্বিতম্ ॥ ৩৯১

চৈতন্যং তৈজস ইতি নিগদন্তি মনীষিণঃ ।

তেজোময়ান্তঃকরণোপাধিত্বেনৈব তৈজসঃ ॥ ৩৯২

অনুবাদ । অথ (অনন্তর) নৈকধীবিষয়ত্বেন (অনেক বুদ্ধির বিষয় বলিয়া) লিঙ্গং (লিঙ্গশরীর) ব্যষ্টি (ভিন্ন ভিন্ন) ভবতি (হয়) ; যৎ (যে) এতৎ (এই) ব্যষ্টিপহিতং (ব্যষ্টি লিঙ্গশরীর-উপহিত) চিদাভাস-সমন্বিতম্ (অন্তঃকরণে প্রতি-বিশ্বযুক্ত) চৈতন্যং (চেতনা-শক্তিকে) মনীষিণঃ (মনীষিগণ) তৈজসঃ (তৈজস) ইতি (ইহা) নিগদন্তি (বলিয়া থাকেন) ; তেজোময়ান্তঃকরণোপাধিত্বেন (তেজোময় অন্তঃকরণ ইহার উপাধি বলিয়া) এষঃ (ইহা) তৈজসঃ (তৈজস-নামক) ॥ ৩৯১—৩৯২

অনুবাদ । ব্যক্তি ভেদে (পুরুষভেদে) অনেক জ্ঞানের বিষয় হওয়ায় এই লিঙ্গশরীর ব্যষ্টি বলিয়া ব্যবহৃত হয়, এই ব্যষ্টি লিঙ্গশরীরোপহিত চিদাভাসযুক্ত চৈতন্যকে বুদ্ধগণ “তৈজস” বলিয়া থাকেন । তেজোময় অন্তঃকরণ ইহার উপাধি বলিয়া ইঁহাকে তৈজস বলা হয় ॥ ৩৯১—৩৯২

স্থূলাৎ সূক্ষ্মতয়া ব্যষ্টিরশ্রু সূক্ষ্মবপূর্মতম্ ।

অশ্রু জাগরসংস্কারময়ত্বাদ্বপুরুচ্যতে ॥ ৩৯৩

অনুবাদ । স্থূলাৎ (স্থূল শরীর হইতে) সূক্ষ্মতয়া (সূক্ষ্ম বলিয়া) অশ্রু (ইহার —তৈজসের) ব্যষ্টিঃ (ভিন্ন ভিন্ন লিঙ্গশরীর) সূক্ষ্মবপুঃ (সূক্ষ্মশরীর) মতঃ (অভি-

মত), অশ্র (ইহার—তৈজসের) জাগরসংস্কারময়ত্বাৎ (জাগ্ৰৎকালীন সংস্কার-
বিশিষ্টত্ব হেতু) বপুঃ (বপুঃ—শরীর) উচ্যতে (কথিত হয়) ॥ ৩৯৩

অনুবাদ । স্থূল শরীর অপেক্ষা সূক্ষ্ম বলিয়া তৈজসের ব্যষ্টি লিঙ্গশরীরকে সূক্ষ্ম
দেহ বলা যায় ; জাগ্ৰৎকালীন সংস্কারযুক্ত বলিয়া ইহাকে “বপুঃ” বলা হইয়া
গাকে ॥ ৩৯৩

স্বপ্নে জাগরকালীন-বাসনাপরিকল্পিতান্ ।

তৈজসো বিষয়ান্ ভুক্তে সূক্ষ্মার্থান্ সূক্ষ্মবৃত্তিভিঃ ॥ ৩৯৪

অর্থ । তৈজসঃ (ব্যষ্টি লিঙ্গশরীরাভিমানী পুরুষ) স্বপ্নে (স্বপ্নাবস্থায়)
জাগরকালীন-বাসনা-পরিকল্পিতান্ (জাগ্ৰৎ সময়ের বাসনা দ্বারা কল্পিত)
সূক্ষ্মার্থান্ (সূক্ষ্ম সূক্ষ্ম) বিষয়ান্ (অর্থ) সূক্ষ্মবৃত্তিভিঃ (সূক্ষ্ম ইন্দ্রিয়বৃত্তি সমূহ
দ্বারা) ভুক্তে (ভোগ করে) ॥ ৩৯৪

অনুবাদ । স্বপ্নাবস্থায় তৈজস সূক্ষ্ম ইন্দ্রিয়বৃত্তিসমূহের দ্বারা জাগ্ৰৎকালীন
সংস্কারকল্পিত সূক্ষ্ম বিষয়সমূহকে উপভোগ করে ॥ ৩৯৪

সমষ্টিরপি চ ব্যষ্টিঃ সামান্তেনৈব পূর্ববৎ ।

অভেদ এব জ্ঞাতব্যো জাতৈকত্বে কুতো ভিদা ॥ ৩৯৫

অর্থ । সমষ্টিঃ (সমষ্টির) অপিচ (এবং) ব্যষ্টিঃ, (ব্যষ্টির) সামান্তেন
(সামান্ততঃ) পূর্ববৎ এব (পূর্বের গ্ৰায়ই অর্থাৎ বন ও বৃক্ষের মতই) অভেদঃ
(ভেদ নাই) এব (নিশ্চয়) জ্ঞাতব্যঃ (জানিবে) ; জাতৈকত্বে (জাতিতে
এবং তদন্তর্গত একত্বে) ভিদা (ভেদ) কুতো (কোথায়) ॥ ৩৯৫

অনুবাদ । বন ও বৃক্ষ সমূহের গ্ৰায় সমষ্টি ও ব্যষ্টির অভেদ জানিবে, জাতি
এবং তদন্তর্গত একত্বে ভেদ কোথা হইতে আসিবে ॥ ৩৯৫

দ্বয়োরুপাধ্যোরেকত্বে তয়োৰপ্যভিমানিনোঃ ।

সূত্রাত্মনস্তৈজসস্থাপ্যভেদঃ পূর্ববন্মতঃ ॥ ৩৯৬

অর্থ । দ্বয়োঃ (দুইটি) উপাধ্যোঃ (উপাধির ; সমষ্টি ও ব্যষ্টি লিঙ্গশরীরের)
একত্বে (অভেদে) তয়োঃ অপি (তাহাদেরও) অভিমানিনোঃ (অভিমান-
শালী) সূত্রাত্মনঃ (সূত্রাত্মা হিরণ্যগর্ভের) [এবং] তৈজসশ্চ অপি (তৈজসেরও)
পূর্ববৎ (পূর্বের গ্ৰায়) অভেদঃ (অভেদ) মতঃ (অভিমত) ॥ ৩৯৬

অনুবাদ । উপাধিদ্বয়ের একত্ব [প্রতিপাদিত] হইলে পূর্ববৎ তদভিমানী
হিরণ্যগর্ভ ও তৈজসেরও অভেদ [স্থিরীকৃত] হয় ॥ ৩৯৬

স্থূলপ্রপঞ্চঃ ।

এবং সূক্ষ্মপ্রপঞ্চস্য প্রকারঃ শাস্ত্রসম্মতঃ ।

অথ স্থূলপ্রপঞ্চস্য প্রকারঃ কথ্যতে শৃণু ॥ ৩৯৭

অর্থ । সূক্ষ্মপ্রপঞ্চস্ত (সূক্ষ্ম জগতের) প্রকারঃ (রীতি) এবং (এইরূপ) শাস্ত্রসম্মতঃ (শাস্ত্রানুযায়ী) ; অথ (অতঃপর) স্থূলপ্রপঞ্চস্ত (স্থূল জগতের) প্রকারঃ (উৎপত্ত্যাদিরীতি) কথ্যতে (কথিত হইতেছে) শৃণু (শুন) ॥ ৩৯৭

অনুবাদ । এইরূপে স্থূল প্রপঞ্চের [উৎপত্ত্যাদি] প্রকার শাস্ত্রানুসারে বর্ণিত হইল ; অতঃপর স্থূলপ্রপঞ্চের উৎপত্তিপ্রণালী কথিত হইতেছে, শ্রবণ কর ॥ ৩৯৭

তান্বেব সূক্ষ্মভূতানি ব্যোমাদীনি পরম্পরম্ ।

পঞ্চীকৃতানি স্থূলানি ভবন্তি শৃণু তৎক্রমম্ ॥ ৩৯৮

অর্থ । তানি এব (সেই সমুদায়ই) ব্যোমাদীনি (আকাশ প্রভৃতি) সূক্ষ্মভূতানি (সূক্ষ্মভূত—অপঞ্চীকৃতভূত) পরম্পরং (অন্তোন্ত) পঞ্চীকৃতানি (পঞ্চীকৃত হইয়া) স্থূলানি (ব্যবহার-যোগ্য) ভবন্তি (হয়), তৎক্রমম্ (তাহার ক্রম—উৎপত্তি-পরম্পরা) শৃণু (শুন) ॥ ৩৯৮

অনুবাদ । সেই সমুদায় আকাশাদি সূক্ষ্মভূত পরম্পর পঞ্চীকৃত হইয়া স্থূল পঞ্চভূতরূপে পরিণত হয়, তাহার ক্রম শ্রবণ কর ॥ ৩৯৮

পঞ্চীকরণম্ ।

খাদীনাং ভূতমেকৈকং সমমেব দ্বিধা দ্বিধা ।

বিভজ্য ভাগং তত্রাণ্ডং ত্যক্ত্বা ভাগং দ্বিতীয়কম্ ॥ ৪০১

চতুর্দ্বা স্তুবিভজ্যাথ তমেকৈকং বিনিষ্কিপেৎ ।

চতুর্গাং প্রথমে ভাগে ক্রমেণ স্বাৰ্দ্ধমন্তরা ॥ ৪০০

অর্থ । খাদীনাং (আকাশ প্রভৃতি পাঁচটি ভূতের) একৈকং (একটি একটি) ভূতং (ভূতকে) সমমেব (তুল্যই) দ্বিধা দ্বিধা (দুই দুই) ভাগং (অংশ) বিভজ্য (বিভাগ করিয়া) তত্র (প্রত্যেক ভূতের দুই দুই ভাগের মধ্যে) আণ্ডং (প্রথম ভাগ) ত্যক্ত্বা (ত্যাগ করিয়া) দ্বিতীয়কং (দ্বিতীয়) ভাগং (অংশ) চতুর্দ্বা (চারিভাগে) স্তুবিভজ্যা (বিভাগ করিয়া) অথ (অনন্তর) ক্রমেণ (ক্রমে) স্বাৰ্দ্ধং (নিজের অর্দ্ধাংশ) অন্তরা (বিনা) চতুর্গাং (চারিটি ভূতের) প্রথমে (আণ্ড) ভাগে (অংশে) একৈকং (একটি একটি) তং (সেই ভাগ) বিনিষ্কিপেৎ (প্রদান করিবে) ॥ ৩৯৯—৪০০

অনুবাদ । আকাশাদি পাঁচটি ভূতের প্রত্যেককে তুল্যরূপে ছইভাগে বিভক্ত করিয়া তাহাদের প্রথম ভাগকে ত্যাগ করিয়া দ্বিতীয় ভাগকে চারিভাগে বিভক্ত করিবে, অনন্তর স্বীয় অর্দ্ধাংশ পরিত্যাগ করতঃ ক্রমে অপর চারিটির প্রথম ভাগে এক এক ভাগ প্রদান করিবে ॥ ৩৯৯—৪০০ ॥

ততো ব্যোমাদিভূতানাং ভাগাঃ পঞ্চ ভবন্তি তে ।

স্বস্বাধিকভাগেনান্তেভ্যঃ প্রাপ্তং ভাগচতুষ্টয়ম্ ॥ ৪০১ ॥

সংযোজ্য স্থূলতাং যান্তি ব্যোমাদীনি যথাক্রমম্ ।

অমুশ্য পক্ষীকরণশ্চাপ্রামাণ্যং ন শক্যতাম্ ॥ ৪০২ ॥

অনুবাদ । ততঃ (তাহার পর) ব্যোমাদিভূতানাং (আকাশাদি ভূতগণের) পঞ্চ (পাঁচটি) ভাগাঃ (অংশ) ভবন্তি (হয়) তে (তাহার ভাগসমূহ) স্বস্বাধিক-ভাগেন (নিজ নিজ অর্দ্ধ ভাগের সহিত) অন্তেভ্যঃ (অপর চারিটি ভূত হইতে) প্রাপ্তং (লব্ধ) ভাগচতুষ্টয়ং (চারিটি ভাগ) সংযোজ্য (সংযোজিত করিয়া, মিলিত করিয়া) ব্যোমাদীনি (আকাশাদি ভূতপঞ্চক) যথাক্রমং (ক্রমকে অতিক্রম না করিয়া) স্থূলতাং (স্থূলত্বকে) যান্তি (প্রাপ্ত হয়), অমুশ্য (এই) পক্ষীকরণশ্চ (পক্ষীকরণের) অপ্রামাণ্যং (অপ্রমাণত্ব) ন শক্যতাম্ (শঙ্কা করিও না) ॥ ৪০১—৪০২ ॥

অনুবাদ । তৎপরে আকাশাদি ভূত সমূহায়ের নিজ নিজ অর্দ্ধাংশ এবং অপরপর ভূতচতুষ্টয়ের চারিটি ভাগ সম্মিলিত হইয়া যথাক্রমে আকাশ বায়ু প্রভৃতি ভূত-সমূহ স্থূলভাব ধারণ করিয়াছে । এই পক্ষীকরণ প্রক্রিয়ার অপ্রামাণ্য আশঙ্কা করিও না ॥ ৪০১—৪০২ ॥

উপলক্ষণমশ্চাপি তত্রিবৃৎকরণশ্রুতিঃ ।

পঞ্চানামপি ভূতানাং শ্রয়তেহন্যত্র সম্ভবঃ ॥ ৪০৩ ॥

অনুবাদ । তত্রিবৃৎকরণশ্রুতিঃ (সেই ত্রিবৃৎ—ত্র্যাঙ্ককরণ শ্রুতি) অশ্চাপি (পক্ষীকরণেরও) উপলক্ষণং (বোধক) অন্যত্র (অন্য শ্রুতিতে) পঞ্চানাং (পাঁচটি) ভূতানাংপি (ভূতগণেরও) * সম্ভবঃ (উৎপত্তি) শ্রয়তে (শ্রুত হয়) ॥ ৪০৩ ॥

অনুবাদ । ত্রিবৃৎকরণ শ্রুতি * পক্ষীকরণের উপলক্ষণ [বুঝিতে হইবে,] [কেননা] অন্য শ্রুতিতে পাঁচটি ভূতের উৎপত্তি শ্রুত হইয়া থাকে ॥ ৪০৩ ॥

* তাৎপর্য্য । ছান্দোগ্যে দেখিতে পাওয়া যায়, “সেয়ং দেবতৈক্ষত হস্তাহমিমান্ভিশ্চো দেবতা অনেন জীবেনাস্বনাসুপ্রবিষ্ঠ নামরূপে ব্যাকরবাণি” ইতি তাসাং ত্রিবৃৎ ত্রিবৃৎ-মেকৈকাং করবাণীতি ” সেই দেবতা (ঈশ্বর) আলোচনা করিয়াছিলেন, আমি তেজঃ, অপ ও অন্নরূপ তিনটি দেবতার মধ্যে এই জীবরূপে প্রবেশ করিয়া নাম ও রূপকে প্রকাশ করিব । সেই তিনটির মধ্যে এক একটিকে ত্রিবৃৎ (ত্র্যাঙ্ক—তেজঃ, অপ, অন্নরূপ) করিব ।” ছান্দোগ্যের এই ত্রিবৃৎকরণ শ্রুতি পক্ষীকরণের উপলক্ষণ ; কেন না শ্রুত্যন্তরে পাঁচটি ভূতেরও উৎপত্তি কথিত হইয়াছে ।

ততঃ প্রামাণিকং পক্ষীকরণং মন্যতাং বুধৈঃ ।

প্রত্যক্ষাদিবিরোধঃ স্যাৎ অন্যথা ক্রিয়তে যদি ॥ ৪০৪

অনুবাদ। ততঃ (সেই হেতু, শ্রুতি সম্মত বলিয়া) বুধৈঃ (পণ্ডিতগণ কর্তৃক) পক্ষীকরণং (পক্ষীকরণপ্রক্রিয়া) প্রামাণিকং (প্রমাণসিদ্ধ) মন্যতাং (স্বীকৃত হইয়া থাকে) যদি (যত্নপূর্ণ) অন্যথা (অন্যরূপ, — অপ্রামাণিক) ক্রিয়তে (কৃত হয়) [তর্হি—তাহা হইলে] প্রত্যক্ষাদিবিরোধঃ (প্রত্যক্ষাদি প্রমাণের বিরোধ) স্যাৎ (হয়) ॥ ৪০৪

অনুবাদ। অতএব পণ্ডিতগণ পক্ষীকরণ-প্রক্রিয়াকে প্রমাণসিদ্ধ বলিয়া স্বীকার করিয়া থাকেন, যদি ইহার অন্যথা (অপ্রামাণিকত্ব) ঘটে, তাহা হইলে প্রত্যক্ষাদি প্রমাণের সহিত বিরোধ হয় ॥ ৪০৪

আকাশবায়ুর্ধর্মস্তু বহ্যাদাবুপলভ্যতে ।

যথা তথাকাশবায়ুর্নাগ্ন্যাধর্মস্য ঈক্ষ্যতে ॥ ৪০৫

অনুবাদ। যথা (যেরূপ) আকাশবায়ুঃ (আকাশ এবং পবনের) ধর্মঃ (বৃত্তিমত্ব) বহ্যাদৌ (অগ্নি প্রভৃতিতে) উপলভ্যতে (অনুভূত হয়) তথা (সেইরূপ) অগ্ন্যাধর্মঃ (অগ্নি, জল ও ক্ষিতির) ধর্মঃ, আকাশবায়ুঃ (আকাশ ও পবনে) ন ঈক্ষ্যতে (দৃষ্ট হয় না) ॥ ৪০৫

অনুবাদ। যেরূপ আকাশ এবং বায়ুর ধর্ম বহি প্রভৃতিতে অনুভূত হয়, তদ্রূপ বহি প্রভৃতির ধর্ম আকাশ ও বায়ুতে উপলব্ধ হয় না ॥ ৪০৫

ততোহপ্রামাণিকমিতি ন কিঞ্চিদপি চিন্ত্যতাম্ ।

থাংশব্যাপ্তিশ্চ খব্যাপ্তিবিদ্যতে পাবকাদিষু ॥ ৪০৬

অনুবাদ। ততঃ (এইজন্য) কিঞ্চিদপি (কিছুমাত্র) অপ্রামাণিকং (প্রামাণ্য-বিহীন) ইতি (ইহা) ন চিন্ত্যতাম্ (চিন্তা করিও না) পাবকাদিষু (অগ্নি প্রভৃতিতে) থাংশব্যাপ্তিশ্চ (আকাশের অংশের ব্যাপ্তিও, প্রাপ্তি—উপলব্ধি) খব্যাপ্তিঃ (আকাশের বহ্যাদি ব্যাপকত্ব) বিদ্যতে (বর্তমান আছে) ॥ ৪০৬

অনুবাদ। অতএব এই পক্ষীকরণ প্রক্রিয়ার কিঞ্চিন্নাত্রও অপ্রামাণ্য বলিয়া মনে স্থান দেওয়া উচিত নহে, [কেননা] বহি প্রভৃতিতে আকাশাংশের প্রাপ্তি (উপলব্ধি) আছে ॥ ৪০৬

যাহা আপনাকে বুঝাইয়া সন্ধে সন্ধে অপরকেও বুঝায় তাহাকে উপলক্ষণ বলা যায়। যদি কেহ বলে “কাকেভ্যা দধি রক্ষ্যতাম্” অর্থাৎ কাক হইতে দধি রক্ষা কর। এস্থলে “কাকেভ্যাঃ” এই শব্দ কাককে বুঝাইয়া যাবতীয় দধিনাশক প্রাণীকেই বুঝাইয়াছে। অর্থাৎ যে যে প্রাণী দধি নষ্ট করে, তাহাদের গ্রহণ করা হইয়াছে। এস্থলেও শ্রুতিতে ত্রিবৃৎকরণ থাকিলেও ইহা তাহাকে বুঝাইয়া পক্ষীকরণকেও বুঝাইতেছে।

তেনোপলভ্যতে শব্দঃ কারণস্যাতিরেকতঃ ।

তথা নভস্বতো ধর্মোঃপ্যাগ্যাদাবুপলভ্যতে ॥ ৪০৭

অন্বয় । তেন (সেইহেতু—পাবকাদিতে আকাশের ব্যাপ্তি থাকায়) কারণস্যাতিরেকতঃ (শব্দের কারণীভূত আকাশকে অতিক্রম করিয়া—অর্থাৎ আকাশ ভিন্ন অন্য ভূতেও) শব্দঃ (শব্দ) উপলভ্যতে (জ্ঞাত হয়), তথা (তেমন) নভস্বতঃ (বায়ুর) ধর্মঃ অপি (ধর্মও) অগ্যাদৌ (বহি প্রভৃতিতে) উপলভ্যতে (উপলব্ধ হয়) ॥ ৪০৭

অনুবাদ । অতএব [বহি প্রভৃতিতে আকাশাদির প্রাপ্তি থাকায়] শব্দ তদীয় কারণ আকাশকে অতিক্রম করিয়া [বায়ু প্রভৃতিতে] উপলব্ধ হয়, সেইরূপ বায়ুর ধর্মও অগ্নিপ্রভৃতিতে দৃষ্ট হয় ॥ ৪০৭

ন তথা বিদ্যতে ব্যাপ্তিবহ্যাদেঃ খ-নভস্বতোঃ ।

সূক্ষ্মত্বাদংশকব্যাপ্তেস্তদ্বর্মো নোপলভ্যতে ॥ ৪০৮

অন্বয় । তথা (তদ্রূপ—বহি প্রভৃতিতে আকাশাদির প্রাপ্তির গ্রায়) বহ্যাদেঃ (অগ্নি প্রভৃতির) ব্যাপ্তিঃ (প্রাপ্তি—উপলব্ধি) খ-নভস্বতোঃ (আকাশ এবং বায়ুতে) ন বিদ্যতে (নাই), অংশকব্যাপ্তেঃ (আকাশাদি অংশের প্রাপ্তির) সূক্ষ্মত্বাৎ (অতিসূক্ষ্মত্বহেতু) তদ্বর্মঃ (আকাশাদির ধর্ম) ন উপলভ্যতে (উপলব্ধ হয় না) ॥ ৪০৮

অনুবাদ । যেমন বহি প্রভৃতিতে আকাশাদির প্রাপ্তি আছে, তদ্রূপ আকাশাদিতে বহিপ্রভৃতির প্রাপ্তি (উপলব্ধি) নাই, আকাশাদির অংশ সূক্ষ্ম-ভাবে বহিপ্রভৃতিতে প্রাপ্তি থাকায় তাহাদের (আকাশাদির) ধর্ম উপলব্ধ হয় না ॥ ৪০৮

কারণশ্চানুরূপেণ কার্যং সর্বত্র দৃশ্যতে ।

তস্মাৎ প্রামাণ্যমেচ্চব্যং বুধৈঃ পঞ্চীকৃতেরপি ॥ ৪০৯

অন্বয় । সর্বত্র (সকলস্থানে) কারণশ্চ (হেতুর) অনুরূপেণ (তুল্যরূপে) কার্যং (ফল) দৃশ্যতে (দৃষ্ট হয়); তস্মাৎ (তজ্জন্ম) বুধৈঃ (পণ্ডিতগণ কর্তৃক) পঞ্চীকৃতেরপি (পঞ্চীকরণ প্রক্রিয়ারও) প্রামাণ্যং (প্রমাণতা) এষ্টব্যং (অভিলষিত) ॥ ৪০৯

অনুবাদ । সর্বত্র কারণের তুল্যরূপ কার্য পরিদৃষ্ট হয়, তজ্জন্ম পণ্ডিতগণের পঞ্চীকরণ প্রক্রিয়ার প্রামাণ্য স্বীকার করা বিধেয় ॥ ৪০৯

ভূতগুণাঃ ।

অনেনোদ্ভূতগুণকং ভূতং বক্ষ্যেহবধারণয় ।

শব্দৈকগুণমাকাশং শব্দস্পর্শগুণোহনিলঃ ॥ ৪১০

অনয় । অনেন (এইক্রমে) উদ্ভূতগুণকং (অভিব্যক্তগুণ) ভূতং (ভূতকে) বক্ষ্যে (বলিব) অবধারণয় (নিশ্চয় কর) ; আকাশং (আকাশ) শব্দৈকগুণং (একমাত্র শব্দ বাহার গুণ) অনিলঃ (বায়ু) শব্দস্পর্শগুণঃ (শব্দস্পর্শগুণশালী) ॥ ৪১০

অনুবাদ । এইরূপে উদ্ভূত (অভিব্যক্ত) গুণশালী ভূতের বিষয় বিবরণ করিব, তুমি অবধারণ কর ; আকাশের একমাত্র শব্দই গুণ এবং বায়ুর শব্দস্পর্শ এই দুইটি গুণ ॥ ৪১০

তেজঃশব্দস্পর্শরূপৈ গুণবৎ কারণং ক্রমাৎ ।

আপশ্চতুর্গুণঃ শব্দস্পর্শরূপরসৈঃ ক্রমাৎ ॥ ৪১১

অনয় । তেজঃ (তেজ), শব্দস্পর্শরূপৈঃ (শব্দস্পর্শরূপের দ্বারা) গুণবৎ (গুণযুক্ত) [ভবতি=হয়] ; [তচ্চ=সেই তেজঃ] ক্রমাৎ (ক্রমে) কারণং (হেতু জলাদির কারণ) ক্রমাৎ (ক্রমে) জল (জল) শব্দস্পর্শরূপরসৈঃ (শব্দ, স্পর্শ, রূপ এবং রসের দ্বারা) চারিগুণৈঃ (চারিটিগুণবিশিষ্ট) [ভবন্তি=হয়] ॥ ৪১১

অনুবাদ । শব্দ, স্পর্শ, রূপ, এই তিনটি গুণ তেজে বিদ্যমান আছে, তেজঃ পরবর্তী ভূতের কারণ ; জল শব্দ, স্পর্শ, রূপ ও রস এই চারি গুণবিশিষ্ট ॥ ৪১১

এতৈশ্চতুর্ভির্গন্ধেন সহ পঞ্চগুণা মহী ।

অনয় । গন্ধেন (গন্ধের) সহ (সহিত) এতৈঃ (এই) চতুর্ভিঃ (চারি শব্দ, স্পর্শ, রূপ, রস এই কয়টি দ্বারা) মহী (পৃথিবী) পঞ্চগুণা (পাঁচ গুণযুক্ত) [ভবতি=হয়] ॥

অনুবাদ । শব্দ, স্পর্শ, রূপ, রস এবং গন্ধ এই পাঁচটি পৃথিবীর গুণ ।

ইন্দ্রিয়-সামর্থ্যম্ ।

আকাশাংশতয়া শ্রোত্রং শব্দং গৃহ্নাতি তদগুণম্ ॥ ৪১২

অনয় । শ্রোত্রং (শ্রবণেন্দ্রিয়) আকাশাংশতয়া (আকাশের অংশহেতু : আকাশের কার্য্য শ্রোত্র বলিয়া) তদগুণং (আকাশের গুণ) শব্দং (শব্দকে) গৃহ্নাতি (গ্রহণ করে) ॥ ৪১২

অনুবাদ । শ্রবণেন্দ্রিয় আকাশ হইতে উৎপন্ন হইয়াছে বলিয়া তাহাতে কাশের অংশ বিদ্যমান আছে ; অতএব সে আকাশের গুণ শব্দকে গ্রহণ করে ॥ ৪১২

ত্বঙ্মারুতাংশকতয়া স্পর্শং গৃহ্নাতি তদগুণম্ ।

তেজোহংশকতয়া চক্ষুরূপং গৃহ্নাতি তদগুণম্ ॥৪১৩

অর্থ । ত্বক্ (শ্রবণেন্দ্রিয়) মারুতাংশকতয়া (বায়ুর অংশ বলিয়া—বায়ু হইতে উৎপন্ন হওয়ার, বায়ুর অংশ বিদ্যমান থাকায়) তদগুণং (বায়ুর গুণ) স্পর্শং (স্পর্শকে) গৃহ্নাতি (গ্রহণ করে), চক্ষুঃ (নয়নেন্দ্রিয়) তেজোহংশকতয়া (তেজের অংশ বলিয়া—তেজঃ হইতে উৎপন্ন হওয়ার, তাহাতে তেজের অংশ বিদ্যমান থাকায়) তদগুণং (তেজের গুণ) রূপং (রূপকে) গৃহ্নাতি (গ্রহণ করে) ॥ ৪১৩

অনুবাদ । ত্বক্ (শ্রবণেন্দ্রিয়) বায়ু হইতে উৎপন্ন বলিয়া তাহাতে বায়ুর অংশ বিদ্যমান আছে ; সুতরাং সে বায়ুর গুণ স্পর্শকেই গ্রহণ করে, এবং চক্ষুঃ তেজঃ হইতে উৎপন্ন, তাহাতে তেজের অংশ বিদ্যমান থাকায় সে তেজের গুণ রূপকেই গ্রহণ করিতে পারে ॥ ৪১৩

অবংশকতয়া জিহ্বা রসং গৃহ্নাতি তদগুণম্ ।

ভূম্যাংশকতয়া ঘ্রাণং গন্ধং গৃহ্নাতি তদগুণম্ ॥৪১৪

অর্থ । জিহ্বা (রসেন্দ্রিয়) অবংশকতয়া (জল হইতে উৎপন্ন হওয়ার—তাহাতে জলের অংশ আছে বলিয়া) তদগুণং (জলের গুণ) রসং (রসকে) গৃহ্নাতি (গ্রহণ করে), ঘ্রাণং (ঘ্রাণেন্দ্রিয়) ভূম্যাংশকতয়া (পৃথিবী হইতে উৎপন্ন হওয়ার—তাহাতে পৃথিবীর অংশ আছে বলিয়া) তদগুণং (পৃথিবীর গুণ) গন্ধং (গন্ধকে) গৃহ্নাতি (গ্রহণ করে) ॥ ৪১৪

অনুবাদ । জিহ্বা (রসেন্দ্রিয়) জল হইতে উৎপন্ন বলিয়া, তাহাতে জলের অংশ বর্তমান আছে, সুতরাং সে জলের গুণ রসকেই গ্রহণ করে, এবং ঘ্রাণেন্দ্রিয় পৃথিবী হইতে জাত, তাহাতে পৃথিবীর অংশ থাকায়, সে পৃথিবীর গুণ গন্ধকেই গ্রহণ করে ॥ ৪১৪

করোতি খাংশকতয়া বাক্ শব্দোচ্চারণক্রিয়াম্ ।

বায়ুংশকতয়া পাদৌ গমনাদিক্রিয়াপরৌ ॥ ৪১৫

অর্থ । বাক্ (বাগিন্দ্রিয়) খাংশকতয়া (আকাশের অংশ বলিয়া) শব্দোচ্চারণক্রিয়াং (শব্দের উচ্চারণরূপ কার্য) করোতি (করে), পাদৌ (পাদদ্বয়) বায়ুংশকতয়া (বায়ুর অংশ বলিয়া) গমনাদিক্রিয়াপরৌ (গমন প্রভৃতি ক্রিয়া-সম্বন্ধ) [ভবতঃ=হয়] ॥ ৪১৫

অনুবাদ । বাগিন্দ্রিয় (আকাশের রাজ্যভাগ হইতে উৎপন্ন হওয়ার) আকা-

শের অংশ বলিয়া শকোচ্চারণরূপ ক্রিয়া সম্পাদন করিয়া থাকে, এবং পা
(বায়ুর রজোভাগ হইতে উৎপন্ন হওয়ায়) গমনাদি ক্রিয়ার সমর্থ হয় ॥ ৪১৫

তেজোহংশকতয়া পানী বহ্যাদ্যর্চনতৎপরৌ ।

জলাংশকতয়োপস্থো রেতোমূত্রবিসর্গকৃৎ ॥৪১৬

অন্বয় । পানী (হস্তদ্বয়) তেজোহংশকতয়া (তেজের অংশ বলিয়া—
তেজের রজোভাগ হইতে উৎপন্ন হইয়াছে বলিয়া) বহ্যাদ্যর্চনতৎপরৌ (বি
প্রভৃতি দেবতার পূজায় ব্যগ্র—ব্যস্ত) [ভবতঃ=হয়], উপস্থঃ (শিল্প) জলাংশ
কতয়া (জলের অংশ বলিয়া—জলের রজোভাগ হইতে উৎপন্ন হওয়ায়
তাহাতে জলের অংশ আছে এইজন্ত) রেতোমূত্রবিসর্গকৃৎ (বীৰ্য্য এবং মূ
ত্র ত্যাগ করে) ॥ ৪১৬

অনুবাদ । হস্ত (তেজের রজোভাগ হইতে উৎপন্ন হওয়ায়) তেজের
অংশ বলিয়া বিহি প্রভৃতি দেবতার পূজাতৎপর হইয়া থাকে এবং উপস্থ
(জলের রজোভাগ হইতে উৎপন্ন হওয়ায়) রেতঃ ও মূত্র ত্যাগ করিয়া
থাকে ॥ ৪১৬

ভূম্যাংশকতয়া পায়ুং কঠিনং মলমুৎসৃজেৎ ।

অন্বয় । পায়ু (মলত্যাগস্থান) ভূম্যাংশকতয়া (পৃথিবীর রজোভাগ হইতে
উৎপন্ন হওয়ায়, পৃথিবীর অংশ বলিয়া) কঠিনং (শক্ত) মলং (বিষ্ঠা)
উৎসৃজেৎ (ত্যাগ করে) ।

অনুবাদ । পায়ু (পৃথিবীর রজোভাগ হইতে উৎপন্ন হওয়ায়) পৃথিবীর
অংশ বলিয়া কঠিন মলত্যাগ করিয়া থাকে ।

ইন্দ্রিয়াধিদৈবতানি ।

শ্রোত্রস্য দৈবতং দিক্ স্মাৎ ত্বচো বায়ুর্দৃশো রবিঃ ॥৪১৭

অন্বয় । দিক্ (দিকের অধিষ্ঠাত্রী দেবতা) শ্রোত্রস্য (শ্রবণে ক্রিয়ের) দৈবতং
(অধিষ্ঠাত্রী দেবতা) ত্বচঃ (ত্বগিন্দ্রিয়ের অধিষ্ঠাত্রী দেবতা) বায়ুঃ (পবন) দৃশ
(নয়নেন্দ্রিয়ের অধিষ্ঠাত্রী দেবতা) রবিঃ (সূর্য্যঃ) ॥ ৪১৭

অনুবাদ । শ্রবণেন্দ্রিয়ের অধিষ্ঠাত্রীদেবতা দিক্ (দিকের অধিষ্ঠাত্রী
দেবতা) ; ত্বগিন্দ্রিয়ের বায়ু এবং চক্ষুর সূর্য্য ॥ ৪১৭

জিহ্বায়া বরুণো দৈবং ঘ্রাণস্য ত্বশ্বিনাবুভৌ ।

বাচোহগ্নির্হস্তয়োৱিন্দ্রঃ পাদয়োস্তু ত্রিবিক্রমঃ ॥৪১৮

অন্বয় । জিহ্বায়াঃ (রসেন্দ্রিয়ের) দৈবং (অধিষ্ঠাত্রী দেবতা) বরুণ
ঘ্রাণস্য (ঘ্রাণেন্দ্রিয়ের) উভৌ (উভয়, দুই) অশ্বিনৌ (অশ্বিনীকুমারদ্বয়

[ভবতঃ=হয়] বাচঃ (বাগিক্রিয়ের অধিষ্ঠাত্রী দেবতা) অগ্নিঃ (বহি), হস্তয়োঃ (হস্তদ্বয়ের অধিষ্ঠাত্রী দেবতা) ইন্দ্রঃ (স্বর্গাধিপ) পাদয়োঃ (পাদদ্বয়ের অধিষ্ঠাত্রী দেবতা) তু (এব) ত্রিবিক্রমঃ (বিষ্ণু) ॥ ৪১৮

অনুবাদ । জিহ্বার (রসনেক্রিয়ের) অধিষ্ঠাত্রী দেবতা বক্রণ, অশ্বিনী-কুমারদ্বয় ঘ্রাণেন্দ্রিয়ের অধিদেবতা, বাগিক্রিয়ের অগ্নি, হস্তদ্বয়ের ইন্দ্র এবং বিষ্ণু পাদদ্বয়ের অধিদেবতা ॥ ৪১৮

পায়োমৃত্যুরূপস্থ্য অধিদৈবং প্রজাপতিঃ ।

মনসো দৈবতং চন্দ্রো বুদ্ধৈদৈবং বৃহস্পতিঃ ॥ ৪১৯

অনয় । মৃত্যুঃ (যম) পায়োঃ (পায়ুর) প্রজাপতিস্তু (প্রজাপতি) উপস্থ্য (উপস্থের) অধিদৈবং (অধিদেবতা) চন্দ্রঃ (শশধবঃ) মনসঃ (মনের) দৈবতং (অধিদেবতা), বৃহস্পতিঃ (দেবগুরু) বুদ্ধেঃ (বুদ্ধির) দৈবং (অধিদেবতা) [ভবতি=হয়] ॥ ৪১৯

অনুবাদ । যম পায়ুর অধিদেবতা, প্রজাপতি উপস্থের, চন্দ্র মনের এবং বৃহস্পতি বুদ্ধির অধিদেবতা ॥ ৪১৯

রুদ্রস্ত্বহংকৃতেদৈবং ক্ষেত্রজ্ঞশ্চিত্তদৈবতম্ ।

দিগাদ্যা দেবতাঃ সর্বাঃ খাদিসত্ত্বাংশসম্ভবাঃ ॥ ৪২০

অনয় । অহঙ্কতেঃ (অহঙ্কারের) দৈবং (অধিদেবতা) রুদ্রঃ, ক্ষেত্রজ্ঞঃ (জীব) চিত্তদৈবতম্ (চিত্তের অধিদেবতা) দিগাদ্যাঃ (দিক্ প্রভৃতি) সর্বাঃ (সমস্ত) দেবতাঃ (দেব) খাদিসত্ত্বাংশসম্ভবাঃ (আকাশাদির সত্ত্বভাগ হইতে উৎপন্ন হইয়াছে) ॥ ৪২০

অনুবাদ । রুদ্র অহঙ্কারের অধিদেবতা, ক্ষেত্রজ্ঞ চিত্তের অধিদেবতা ; দিক্ প্রভৃতি সমস্ত দেবতা আকাশাদিভূতের সাত্ত্বিকভাগ হইতে উৎপন্ন হইয়াছে ॥ ৪২০

সন্ধিতা ইন্দ্রিয়স্থানেষ্বিন্দ্রিয়াণি * সমস্ততঃ ।

নিগৃহস্ত্যানুগৃহস্তি প্রাণিকর্মানুরূপতঃ ॥ ৪২১

অনয় । ইন্দ্রিয়স্থানেষু (চক্ষুঃপ্রভৃতি ইন্দ্রিয়ের গোলকে) সমস্ততঃ (চারি-দিকে) সন্ধিতাঃ (মিলিতা) [দেবতাঃ=অধিষ্ঠাত্রী দেবতারা] প্রাণিকর্মানুরূপতঃ (প্রাণিগণের কর্মের অনুসারে) ইন্দ্রিয়াণি (ইন্দ্রিয়-সমূহকে) নিগৃহস্তি (নিগৃহ করেন) [এবং] অনুগৃহস্তি (অনুগৃহ করেন) ॥ ৪২১

অনুবাদ । দেবতাগণ ইন্দ্রিয়গোলকের চতুর্দিকে অধিষ্ঠিত থাকিয়া প্রাণি-গণের কর্মানুসারে ইন্দ্রিয়ের নিগৃহ ও অনুগৃহ করিয়া থাকেন ॥ ৪২১

* সন্ধিতা ইন্দ্রিয়স্থানেষ্বিন্দ্রিয়াণাম্—ইতি পাঠান্তরম্ ।

শরীরকরণগ্রামপ্রাণাহমধিদৈবতম্ । *

পঞ্চৈতে হেতবঃ প্রোক্তা নিষ্পত্তৌ সর্বকর্মণাম্ ॥৪২২ ॥

অর্থঃ । শরীরকরণগ্রামপ্রাণাহমধিদৈবতম্ (শরীর—অধিষ্ঠান, করণগ্রাম—
চক্ষুঃশ্রোত্রপ্রভৃতি ইন্দ্রিয়সমূহ, প্রাণ--প্রাণাদি পঞ্চবায়ুর ব্যাপার, অহং—অহঙ্কার
(কর্তা), অধিদৈবত—দৈব—চক্ষুরাদির অনুগ্রাহিকা দেবতা, কিংবা আদিত্যাদির
প্রেরক অন্তর্ধ্যামী) এতে (এই) পঞ্চ (পাঁচটি) সর্বকর্মণাম্ (সমস্ত কার্যের)
নিষ্পত্তৌ (সম্পাদনে) হেতবঃ (কারণ) প্রোক্তাঃ (কথিত হয়) ॥ ৪২২

অনুবাদ । শরীর, চক্ষুঃশ্রোত্রাদি ইন্দ্রিয়সমূহ, প্রাণ (প্রাণাপানাদির ব্যাপার),
অহঙ্কার এবং চক্ষুরাদি ইন্দ্রিয়সমূহের অধিষ্ঠাত্রী দেবতা এই পাঁচটি সমস্ত কর্মের
সম্পাদনে কারণ বলিয়া অভিহিত হয় ॥ ৪২২

কর্মানুরূপেণ গুণোদয়ো ভবেৎ

গুণানুরূপেণ মনঃপ্রবৃতিঃ ।

মনোহনুবৃত্তৈরুভয়াত্মকেন্দ্রিয়ে-

নির্বর্ত্যতে পুণ্যমপুণ্যমত্র ॥ ৪২৩

অর্থঃ । কর্মানুরূপেণ (কর্মানুসারে—যে যেরূপ কর্ম করে তদনুসারে)
গুণোদয়ঃ (গুণের আবির্ভাব, যেমন সংকর্মে অনুষ্ঠানে সত্ত্বগুণ) ভবেৎ (হয়)
গুণানুরূপেণ (গুণানুসারে) মনঃ-প্রবৃতিঃ (চিত্তের প্রবৃতি কার্য) [ভবেৎ—
হয়] অত্র (এই সংসারে) মনোহনুবৃত্তৈঃ (মনের অনুসরণকারী) উভয়াত্ম-
কেন্দ্রিয়েঃ (জ্ঞানেন্দ্রিয় ও কর্মেন্দ্রিয় দ্বারা) পুণ্যং (শুভ) অদৃষ্ট [এবং]
অপুণ্যং (অশুভ অদৃষ্ট) নির্বর্ত্যতে (সম্পাদিত হয়) ॥ ৪২৩

অনুবাদ । যে যেরূপ কর্মের অনুষ্ঠান করে, তদনুসারে তাহার (সত্ত্ব, রজঃ
কিংবা তমঃ) গুণ আবির্ভূত হয়, গুণানুসারে মনেরও প্রবৃতি তন্ময় ; এই
সংসারে লোক মনের অনুবর্তী জ্ঞান ও কর্ম এই উভয়বিধ ইন্দ্রিয়ের দ্বারা পুণ্য ও
পাপকর্মের অনুষ্ঠান করিয়া থাকে ॥ ৪২৩

* শরীরকরণগ্রামা প্রাণাহমধিদৈবতাঃ—ইতি কচিং পাঠঃ ।

† তাৎপর্য্য । শ্রীমদ্ভগবদ্গীতার অষ্টাদশাধ্যায়ে এইরূপ শ্লোক দৃষ্ট হয় ; যথা—

অধিষ্ঠানং তথা কর্তা করণঞ্চ পৃথগ্বিধম্ ।

বিবিধাশ্চ পৃথক্চেষ্টা দৈবকৈবাত্র পঞ্চমম্ ॥ ১৪

অধিষ্ঠান (শরীর), কর্তা (অহঙ্কার), নানাবিধ করণ (ইন্দ্রিয়) নানাবিধ চেষ্টা (প্রাণাপান-
প্রভৃতির ব্যাপার) ও দৈব (চক্ষুঃ প্রভৃতির অধিষ্ঠাত্রী দেবতা) এই পাঁচটি [সমস্ত কর্ম-
সম্পাদনে] নির্দিষ্ট আছে ॥ ১৪

সুতরাং গীতোক্ত এই শ্লোক অবলম্বনে এই শ্লোকটি রচিত হইয়াছে বলিয়া বোধ হয়,
কেবল শঙ্কাস্তর গৃহীত হইয়াছে মাত্র ।

করোতি বিজ্ঞানময়োহভিমানং *

কর্তাহমেবেতি তদাত্মনা স্থিতঃ ।

আত্মা তু সাক্ষী ন করোতি কিঞ্চি-

ন্ন কারয়ত্যেব তটস্থবৎ সদা ॥৪২৪

অন্বয় । বিজ্ঞানময়ঃ (বিজ্ঞানময় কোশ) অহমেব (আমিই) কর্তা (কর্তৃত্ববান্) ইতি (এইরূপ) অভিমানং (অহঙ্কার) করোতি (করে), দাত্মনা (স্বস্বরূপে) স্থিতঃ (বিদ্যমান) আত্মা (স্বরূপ) তু (কিন্তু) সাক্ষী (দৃষ্টা) সদা (সর্বদা) তটস্থবৎ (উদাসীনের ঞায়) কিঞ্চিং (কিছু) ন করোতি (করেন না), ন কারয়তি (করান না) এব (নিশ্চিত) ॥ ৪২৪

অনুবাদ । বিজ্ঞানময় কোশ 'আমিই কর্তা' এইরূপে অভিমান করিয়া থাকে ; সকলের সাক্ষিস্বরূপ আত্মা স্বস্বরূপে বিদ্যমান আছেন, তিনি উদাসীনের ঞায় কিছু করেন না এবং কাহাকেও কিছু করান না ॥ ৪২৪

দ্রষ্টা শ্রোতা বক্তা কর্তা ভোক্তা ভবত্যহঙ্কারঃ ।

স্বয়মেতদ্বিকৃতীনাং সাক্ষী নির্লেপ এবাত্মা ॥৪২৫

অন্বয় । অহঙ্কারঃ (অহং এই অভিমানশালী জীব) স্বয়ং (নিজে) এতদ্বিকৃতীনাং (এই সমস্ত কার্যাবর্গের) দ্রষ্টা (দর্শনকর্তা) শ্রোতা (শ্রবণকর্তা) বক্তা (বাক্-প্রযোক্তা) কর্তা (কর্তৃত্ববান্) [এবং] ভোক্তা (ভোক্তৃত্ববান্) ভবতি (হইয়া থাকে) আত্মা (স্বস্বরূপ) সাক্ষী (উদাসীন) [অতএব] নির্লেপ এব (সঙ্গরহিতই) [বিদ্যতে বিদ্যমান আছেন] ॥ ৪২৫

অনুবাদ । অহঙ্কারই এই সমস্ত কার্যাবর্গের দ্রষ্টা, শ্রোতা, বক্তা, কর্তা এবং ভোক্তা ; আত্মা উদাসীন এবং সঙ্গরহিত ॥ ৪২৫

আত্মনঃ সাক্ষিমাত্রত্বং ন কর্তৃত্বং ন ভোক্তৃত্বা ।

রবিবৎ প্রাণিভিলোকে ক্রিয়মাণেষু কর্মসু ॥৪২৬

অন্বয় । লোকে (সংসারে) প্রাণিভিঃ (জীবগণকর্তৃক) ক্রিয়মাণেষু (অনুষ্ঠেয়) কর্মসু (কর্মসমূহে) রবিবৎ (সূর্যের ঞায়--যেমন সূর্য্যোদয়ে লোক কর্ম করে, অথচ সূর্য্য স্বয়ং কর্ম করেন না, বা করানও না, তদ্রূপ) আত্মনঃ (আত্মার) সাক্ষিমাত্রত্বং (সাক্ষিস্বরূপত্ব) ; ন (না) কর্তৃত্বং (কর্তার ধর্ম) ন (না) ভোক্তৃত্বং (ফল-ভোক্তার ধর্ম) [বর্ততে=আছে] ॥ ৪২৬

অনুবাদ । যেমন সূর্য্য উদ্ভিত হইলে লোক কর্মের অনুষ্ঠান করে, কিন্তু সূর্য্য কর্ম করেন না বা করানও না । তদ্রূপ, প্রাণিগণের অনুষ্ঠিত কর্মে আত্মার কর্তৃত্ব বা ভোক্তৃত্ব নাই, কেবল তিনি সাক্ষি-স্বরূপ ॥ ৪২৬

* আত্মাতু কিঞ্চিন্ন করোতি সাক্ষী ইতি ঋচিং পাঠঃ ।

ন স্বর্কঃ কুরুতে কর্ম ন কারয়তি জন্তবঃ ।

স্বস্বভাবানুরোধেন বর্তন্তে স্বস্বকর্মসু ॥ ৪২৭

অর্থঃ । হি (নিশ্চিত) অর্কঃ (সূর্য) কর্ম (কার্য) ন কুরুতে (করেন না) ন কারয়তি (করান না) ; জন্তবঃ (প্রাণিগণ) স্বস্বকর্মসু (নিজ নিজ কর্মে) স্বস্বভাবানুরোধেন (নিজ নিজ স্বভাবানুসারে) বর্তন্তে (বর্তমান থাকে) ॥ ৪২৭

অনুবাদ । সূর্য্য কোন কর্ম করেন না কিংবা করানও না, প্রাণিগণ নিজ নিজ স্বভাবানুসারে নিজ নিজ কর্মে প্রবৃত্ত হয় ॥ ৪২৭

তথৈব প্রত্যগাত্মাপি রবিবন্ধিন্ধ্রিয়াত্মনা ।

উদাসীনতয়ৈবাস্তে দেহাদীনাং প্রবৃত্তিষু ॥ ৪২৮

অর্থঃ । প্রত্যগাত্মা অপি (জীবাাত্মাও) তথা এব (সেইরূপই) রবিবৎ (সূর্য্যের ন্যায়) নিধ্রিয়াত্মনা (স্বয়ং নিধ্রিয়ভাবে) দেহাদীনাং (শরীরপ্রভৃতির) প্রবৃত্তিষু (ব্যাপারে) উদাসীনতয়া এব (নির্লেপভাবেই) আস্তে (থাকেন) ॥ ৪২৮

অনুবাদ । সেইরূপ প্রত্যগাত্মা (ব্যাপকাত্মা) সূর্য্যের ন্যায় স্বয়ং নিধ্রিয় থাকিয়া শরীরাদির চেষ্টায় উদাসীন অবলম্বন পূর্ব্বক অবস্থিত আছেন ॥ ৪২৮

অজ্ঞাত্বৈবং পরং তত্ত্বং মায়ামোহিতচেতসঃ ।

স্বাত্মন্যারোপয়ন্ত্যেতৎ কর্তৃত্বাদ্যন্তগোচরম্ ॥ ৪২৯

অর্থঃ । এবং (এইরূপ) পরং (শ্রেষ্ঠ) তত্ত্বং (স্বরূপ) অজ্ঞাত্বা (জানিতে না পারিয়া) মায়ামোহিতচেতসঃ (মায়ার দ্বারা যাহার চিত্ত মোহ প্রাপ্ত হইয়াছে, এবংবিধ ব্যক্তিগণ) স্বাত্মান (নিজেতে) এতৎ (এই) অন্তগোচরং (অন্তবিষয়ক, বুদ্ধিধর্ম্ম) কর্তৃত্বাদি (কর্তৃত্ব ভোক্তৃত্ব প্রভৃতি) আরোপয়ন্তি (আরোপিত করে) ॥ ৪২৯

অনুবাদ । মায়ামোহে সমাচ্ছন্নচিত্ত ব্যক্তিগণ আত্মতত্ত্ব অবগত হইতে না পারিয়া আত্মায়—কর্তৃত্ব, ভোক্তৃত্ব প্রভৃতি অনাত্মধর্ম্মসমূহ আরোপ করিয়া থাকে ॥ ৪২৯

আত্মস্বরূপমবিচার্য্য বিমূঢ়বুদ্ধি-

রারোপয়ত্যখিলমেতদনাত্মকার্য্যম্ ।

স্বাত্মন্যসঙ্গচিতিনিধ্রিয় এব চন্দ্রে

দূরস্বমেঘকৃতধাবনবদ্ভ্রমেণ ॥ ৪৩০

অর্থঃ । বিমূঢ়বুদ্ধিঃ (ভ্রান্তমতি) আত্মস্বরূপং (আত্মতত্ত্ব) অবিচার্য্য (বিচার না করিয়া) ভ্রমেণ (ভ্রান্তিবশতঃ) চন্দ্রে (শশাঙ্কে) দূরস্বমেঘকৃত-

বনবৎ (দূরদেশে অবস্থিত মেঘের চলনে চলনের গ্ৰায় প্রতীয়মান হয়) অসঙ্গ-
চতিনিক্রিয়ে (সঙ্গরহিত, জ্ঞানস্বরূপ, ক্রিয়াশূণ্য) স্বাত্মনি এব (আত্মায়ই)
প্রথিলং (সমস্ত) এতৎ (এই) অনাত্মকার্যং (দেহ, ইন্দ্রিয় প্রভৃতির ধর্ম)
প্রারোপয়তি (আরোপ করে) ॥ ৪৩০

অনুবাদ । যেমন চন্দ্র নিক্রিয় হইলেও ভ্রমবশতঃ দূরস্থিত মেঘের গমন
তাহাতে আরোপিত হয়, তদ্রূপ অজ্ঞান ব্যক্তি আত্মার যথার্থস্বরূপ জানিতে
না পারিয়া অসঙ্গ, চৈতন্যস্বরূপ এবং নিক্রিয় আত্মায় সমস্ত অনাত্মার (দেহ
ইন্দ্রিয় প্রভৃতির) ধর্ম আরোপ করিয়া থাকে ॥ ৪৩০

ব্রহ্মাণ্ড-সৃষ্টিঃ ।

আত্মানাত্মবিবেকং স্ফুটতরমগ্রে নিবেদয়িষ্যামঃ ।

ইমমাকর্ষণ্য বিদ্বন্ জগদুৎপত্তিপ্ৰকারমাবৃত্ত্যা ॥ ৪৩১

অন্বয় । অগ্রে (ইহার পর) আত্মানাত্মবিবেকং (আত্মা ও অনাত্মার ভেদ)
স্ফুটতরং (বিশদভাবে) নিবেদয়িষ্যামঃ (বলিব) বিদ্বন্ (হে জ্ঞানিন্) ইমং
(এই) জগদুৎপত্তিপ্ৰকারং (জগতের উৎপত্তির রীতি) আবৃত্ত্যা (অভ্যাস-
দ্বারা—পুনঃ) আকর্ষণ্য (শ্রবণ কর) ॥ ৪৩১

অনুবাদ । হে বিদ্বন্ ! অগ্রে আত্মা এবং অনাত্মার (দেহ, ইন্দ্রিয় প্রভৃতির)
বিবেক বিশদভাবে বিবৃত করিব, [এক্ষণে] পুনর্বার জগতের উৎপত্তি-প্রণালী
শ্রবণ কর ॥ ৪৩১

পঞ্চীকৃতেভ্যঃ খাদিভ্যো ভূতেভ্যস্তীক্ষয়েশিতুঃ ।

সমুৎপন্নমিদং স্কুলং ব্রহ্মাণ্ডং সচরাচরম্ ॥ ৪৩২

অন্বয় । ঈশিতুঃ (ঈশ্বরের) ঈক্ষয়া (দর্শনের দ্বারা) পঞ্চীকৃতেভ্যঃ (পঞ্চী-
করণসম্পন্ন হইয়াছে এবংবিধ) খাদিভ্যঃ (আকাশাদি) ভূতেভ্যঃ (পাঁচটি ভূত
হইতে) ইদং (এই) সচরাচরম্ (জঙ্গম ও স্থাবরের সহিত) স্কুলং (দৃশ্যমান)
ব্রহ্মাণ্ডং (জগৎ) সমুৎপন্নং (উৎপন্ন হইয়াছে) ॥ ৪৩২

অনুবাদ । ঈশ্বরের দর্শনদ্বারা আকাশাদি পঞ্চীকৃত ভূত-পঞ্চক হইতে
স্থাবর-জঙ্গমবিশিষ্ট এই স্কুল জগৎ উৎপন্ন হইয়াছে ॥ ৪৩২

ব্রীহাদ্যোষধয়ঃ সর্বা বায়ুতেজোহম্বুভূময়ঃ ।

সর্বেষামপ্যভূদন্নং চতুর্বিধশরীরিণাম্ ॥ ৪৩৩

অন্বয় । সর্বাঃ (সমস্ত) ব্রীহাদ্যোষধয়ঃ (ধাতুপ্রভৃতি ওষধি,—ফল পাকিলে
যে রুক্ষ মারা যায় তাহাকে ওষধি বলে) বায়ুতেজোহম্বুভূময়ঃ (পবন, তেজঃ

জল এবং পৃথিবী) সর্বেষাং (সকলের) চতুর্বিধশরীরিণামপি (জরায়ুজ, অণুজ, শ্বেদজ এবং উদ্ভিজ্জ এই প্রকার প্রাণীরও) অন্নং (খাদ্য) অভূং (হইয়াছিল) ॥ ৪৩৩

অনুবাদ। ব্রীহি (ধান) প্রভৃতি সমস্ত ওষধি, বায়ু, তেজঃ জল এবং পৃথিবী জরায়ুজ, অণুজ, শ্বেদজ ও উদ্ভিজ্জ এই চারি প্রকার প্রাণীর অন্ন (আহার্য খাদ্য) নির্দিষ্ট হইয়াছিল ॥ ৪৩৩

কেচিন্মারুতভোজনাঃ খলু পরে চন্দ্রার্কতেজোহশনাঃ

কেচিত্তোয়কণাশিনোহপরিমিতাঃ কেচিত্তু মৃদভক্ষকাঃ

কেচিং পর্ণশিলাতৃণাদনপরাঃ কেচিত্তু মাংসাশিনঃ

কেচিদ ব্রীহিবান্নভোজনপরা জীবন্ত্যমী জন্তবঃ ॥ ৪৩৪

অনয়। কেচিং (কোন কোন প্রাণী) মারুতভোজনাঃ (বায়ুভক্ষক) গুরু (নিশ্চিত) পরে (অপর প্রাণিগণ) চন্দ্রার্কতেজোহশনাঃ (চন্দ্র ও সূর্যের কিরণ ভক্ষণ করে) অপরিমিতাঃ (বাহার পরিমাণ করা যায় না, অনেক) কেচিং (কোন কোন প্রাণী) তোয়কণাশিনঃ (জলবিন্দু পান করে) কেচিত্তু (কোন কোন প্রাণী) মৃদভক্ষকাঃ (মৃত্তিকা ভক্ষণ করে) কেচিং (কোন কোন প্রাণী) পর্ণশিলাতৃণাদনপরাঃ (বৃক্ষপত্র, প্রস্তুতখণ্ড, ঘাস ভক্ষণশীল) কেচিত্তু (পরন্তু কোন কোন প্রাণী) মাংসাশিনঃ (মাংস ভক্ষণশীল) কেচিং (কোন কোন প্রাণী) ব্রীহিবান্নভোজনপরাঃ (ধান, যব, অন্ন ভক্ষণ-ভংগ) [এইরূপে] অন্নী (এই) জন্তবঃ (প্রাণিগণ) জীবন্তি (জীবন ধারণ করে) ॥ ৪৩৪

অনুবাদ। কোন কোন প্রাণী (সর্পাদি) বায়ু ভক্ষণ করে, অপর প্রাণিগণ চন্দ্র ও সূর্যের কিরণ ভক্ষণ করিয়া থাকে, বহু প্রাণী জল-বিন্দু পান করিয়া থাকে, কোন কোন জীব মৃত্তিকা ভক্ষণ করে, কোন কোন প্রাণী বৃক্ষপত্র, প্রস্তুতখণ্ড, ও তৃণ ভক্ষণ করিয়া থাকে, অপর প্রাণীরা মাংস ভক্ষণশীল, কোন কোন প্রাণী ব্রীহি, যব ও অন্ন ভক্ষণ করিয়া থাকে, এইরূপে প্রাণিগণ জীবন ধারণ করে ॥ ৪৩৪

চতুর্বিধ-জন্তবঃ ।

জরায়ুজাণ্ডশ্বেদজোদ্ভিজ্জাশ্চতুর্বিধাঃ ।

স্বস্বকর্মানুরূপেণ জাতান্তিষ্ঠন্তি জন্তবঃ ॥ ৪৩৫

অনয়। জরায়ুজাণ্ডশ্বেদজোদ্ভিজ্জাদায়াঃ (জরায়ুজ—জরায়ু—গর্ভ-বেষ্টনচর্য তাহা হইতে জাত, অণুজ—অণু—ডিম্ব হইতে জাত, শ্বেদজ—শ্বেদ হইতে

জাত, উদ্ভিজ্জ—উদ্ভিদ হইতে জাত) চতুর্বিধাঃ (চারিপ্রকার) জন্তবঃ (প্রাণি-
সমূহ) স্বস্বকর্মানুরূপেণ (নিজ নিজ কর্মানুসারে) জাতাঃ (জন্ম গ্রহণ করিয়া)
তিষ্ঠন্তি (বিদ্যমান আছে) ॥ ৪৩৫

অনুবাদ । জরায়ুজ, অণুজ, শ্বেদজ এবং উদ্ভিজ্জ এই চারি প্রকার প্রাণী
নিজ নিজ কর্মানুসারে জন্ম গ্রহণ করিয়া থাকে ॥ ৪৩৫

যেত্র জাতা * জরায়ুভ্যন্তে নরাঢ়া জরায়ুজাঃ ।

অণুজান্তে স্ম্যরণ্ডেভ্যা জাতা যে বিহগাদয়ঃ ॥৪৩৬

অর্থ । অত্র (এই সংসারে) যে (বাহারা) জরায়ুভ্যঃ (জরায়ু—গর্ভবেষ্টন
চর্মা হইতে) জাতাঃ (জন্ম গ্রহণ করিয়াছে) তে (তাহারা) নরাঢ়াঃ (মানুষ
প্রভৃতি) জরায়ুজাঃ (জরায়ু হইতে উৎপন্ন), যে (বাহারা) বিহগাদয়ঃ (পক্ষি-
সমূহ) অণ্ডেভ্যঃ (অণ্ড—ডিম্ব হইতে) জাতাঃ (উৎপন্ন, জন্ম গ্রহণ করে) তে
(তাহারা) অণুজাঃ (অণ্ড—ডিম্ব হইতে উৎপন্ন) স্ম্যঃ (হয়) । ৪৩৬

অনুবাদ । এই সংসারে বাহারা জরায়ু হইতে উৎপন্ন হয়—তাহাদিগকে
জরায়ুজ বলে, যেমন মনুষ্য প্রভৃতি, বাহারা অণ্ড হইতে জন্মগ্রহণ করে, তাহা-
দিগকে অণুজ বলে, যেমন পক্ষী প্রভৃতি ॥ ৪৩৬

শ্বেদাজ্জাতাঃ শ্বেদজান্তে যুকা লূক্ষাদয়োহপি চ ।

ভূমিমুদ্ভিত্তা যে জাতা উদ্ভিজ্জান্তে ক্রমাদয়ঃ ॥৪৩৭

অর্থ । যুকাঃ (উকুন) অপি চ (এবং) লূক্ষাদয়ঃ (কীটবিশেষ) যে
[বাহারা] শ্বেদাৎ (শ্বেদ—ক্লেদ বা তাপ হইতে) জাতাঃ (উৎপন্ন) তে
(তাহারা) শ্বেদজাঃ (শ্বেদ হইতে উৎপন্ন), যে (বাহারা) ভূমিৎ (মৃত্তিকা)
উদ্ভিদ্যা (ভেদ করিয়া) জাতাঃ (জন্ম গ্রহণ করে) তে (তাহারা) ক্রমাদয়ঃ
(বৃক্ষসমূহ) উদ্ভিজ্জাঃ (উদ্ভিদ হইতে উৎপন্ন) ॥ ৪৩৭

অনুবাদ । যুক (উকুন) লূক্ষ (কীটবিশেষ) প্রভৃতি বাহারা শ্বেদ হইতে
উৎপন্ন হইয়াছে, তাহাদিগকে শ্বেদজ বলে, বাহারা ভূমি ভেদ করিয়া উৎপন্ন
হইয়াছে তাহাদিগকে উদ্ভিজ্জ বলা যায়, যেমন বৃক্ষ প্রভৃতি ॥ ৪৩৭

ইদং শূলবপূর্জাতং ভৌতিকঞ্চ চতুর্বিধম্ ।

সামান্যেন সমষ্টিঃ শ্রাদেকধীবিষয়ত্বতঃ ॥ ৪৩৮

অর্থ । ইদং (এই) চতুর্বিধং (চারি প্রকার) ভৌতিকং (ভূত হইতে
উৎপন্ন) শূলবপুঃ (শূল শরীর) জাতং (উৎপন্ন হইয়াছে), একধীবিষয়ত্বতঃ
(এক জ্ঞানের—বিরাট পুরুষের জ্ঞানের বিষয় বলিয়া) সামান্যেন (জাতি-
রূপে) সমষ্টিঃ (এক) শ্রাৎ (হয়) ॥ ৪৩৮

অনুবাদ । [এইরূপে] এই চারিপ্রকার ভৌতিক স্থূল শরীর উৎপন্ন হইয়াছে, এক জ্ঞানের (বিরাট পুরুষের জ্ঞানের) বিষয় বলিয়া ইহাকে জাতিক্রমে সমষ্টি বলা হয় ॥ ৪৩৮

এতৎ সমষ্ট্যবচ্ছিন্নং চৈতন্যং ফলসংযুতম্ ।

প্রাহু বৈশ্বানর ইতি বিরাডিতি চ বৈদিকাঃ ॥৪৩৯

অর্থ । বৈদিকাঃ (বেদজ্ঞ ব্যক্তিগণ) ফলসংযুতং (ফলযুক্ত) এতৎ (এই) সমষ্ট্যবচ্ছিন্নং (স্থূলশরীর-সমষ্টিবিশিষ্ট) চৈতন্যং (চেতনাশক্তিকে) বৈশ্বানরঃ (বৈশ্বানর এই নাম) ইতি (ইহা) বিরাট্ (বিরাটসংজ্ঞক) ইতি চ (ইহাও) প্রাহুঃ (বলিয়া থাকেন) ॥ ৪৩৯

অনুবাদ । বেদজ্ঞ পণ্ডিতগণ ফলসংযুক্ত এই সমষ্টি স্থূলশরীরাবচ্ছিন্ন চৈতন্যকে 'বৈশ্বানর' এবং "বিরাট্" নামে অভিহিত করিয়া থাকেন ॥ ৪৩৯

বৈশ্বানরো বিশ্বনরেষাত্মত্বেনাভিমানতঃ ।

বিরাট্ শ্চাদ্বিবিধত্বেন স্বয়মেব বিরাজনাৎ ॥৪৪০

অর্থ । বিশ্বনরেষু (জগতের সমস্ত মনুষ্যে—প্রাণীতে) আত্মত্বেন (আত্ম-ভাবে, স্বীয়স্বরূপরূপে) অভিমানতঃ (অভিমান করায়) বৈশ্বানরঃ (এই নামে) [শ্চাৎ=হন], স্বয়মেব (নিজেই) বিবিধত্বেন (নানাভাবে, মনুষ্য পশু প্রভৃতি রূপে) বিরাজনাৎ (বিরাজমান থাকেন বলিয়া) বিরাট্ (বিরাট্-সংজ্ঞক) শ্চাৎ (হন) ॥ ৪৪০

অনুবাদ । ব্রহ্মাণ্ডের বাবতীয় মনুষ্যের (জীবের) [স্থূলশরীরে] স্বকীয়ত্ব-রূপে অভিমান থাকায় তাঁহাকে 'বৈশ্বানর' বলা যায়, এবং তিনিই নানাভাবে [দেব, তিৰ্য্যক্, মনুষ্যরূপে] বিরাজমান থাকেন, এইজন্ত তাঁহাকে 'বিরাট্' নামে অভিহিত করা হয় ॥ ৪৪০

চতুর্বিধং ভূতজাতং তত্তজ্জাতিবিশেষতঃ ।

নৈকধীবিষয়ত্বেন পূর্ববদ্ব্যপ্তিরিষ্যতে ॥ ৪৪১

অর্থ । তত্তজ্জাতিবিশেষতঃ (মনুষ্য, পক্ষী, কীট এবং বৃক্ষাদি বিশেষ বিশেষ জাতিক্রমে পরিণত হওয়ায়) চতুর্বিধং (জরায়ুজ প্রভৃতি চারি প্রকার) ভূতজাতং (প্রাণিসমূহ) নৈকধীবিষয়ত্বেন (অনেক জ্ঞানের গোচর বলিয়া) পূর্ববৎ (পূর্বের স্থায়—স্থূল শরীরের স্থায়) ব্যাপ্তিঃ (ভিন্ন ভিন্ন) ইষ্যতে (ইষ্ট হয়) ॥ ৪৪১

অনুবাদ । জরায়ুজ প্রভৃতি চারিপ্রকার প্রাণিসমূহ—মনুষ্য, পক্ষী, কীট, তরু প্রভৃতি ভিন্ন ভিন্ন জাতিতে পরিণত হওয়ায় অনেকের বুদ্ধিগোচর হইয়া থাকে, তাহাদিগকে পূর্বের স্থায় 'ব্যাপ্তি' বলা যায় ॥ ৪৪১

সাভাসং ব্যষ্ট্যুপহিতং তত্তাদাত্ম্যুপাগতম্ ।

চৈতন্যং বিশ্ব ইত্যাহ্বেদান্তনয়কোবিদাঃ ॥ ৪৪২

অনুবাদ । বেদান্তনয়কোবিদাঃ (বেদান্তশাস্ত্রে নিপুণ পণ্ডিতগণ) ব্যষ্ট্যুপ-
হিতং (ব্যষ্টি স্থূলশরীর উপাধিযুক্ত) তত্তাদাত্ম্যং (ব্যষ্টি স্থূলশরীরের সহিত
একাত্ম্যভাব) উপাগতং (প্রাপ্ত) সাভাসং (আভাস—চৈতন্যস্বরূপযুক্ত)
চৈতন্যং (চেতনা-শক্তিকে) বিশ্বঃ (বিশ্ব) ইতি (ইহা) আহ্বেদাঃ (বলিয়া
থাকেন) ॥ ৪৪২

অনুবাদ । বেদান্তশাস্ত্রে নিষ্কাত মনীষিগণ ব্যষ্টি স্থূলশরীর-উপহিত এবং
তাহার সহিত একাত্ম্যভাবপ্রাপ্ত সাভাস চৈতন্যকে 'বিশ্ব' বলিয়া থাকেন ॥ ৪৪২

বিশ্বোহস্মিন্ স্থলদেহেহত্র স্বাভিমানেন তিষ্ঠতি ।

যতস্ততো বিশ্ব ইতি নাম্না সার্থো ভবত্যয়ম্ ॥৪৪৩

অনুবাদ । যতঃ (যেহেতু) অত্র (এই সংসারে) বিশ্বঃ (বিশ্বনামক জীব)
অস্মিন্ (এই) স্থলদেহে (স্থূলশরীরে) স্বাভিমানেন (স্বকীয়ত্বাভিমানের দ্বারা)
তিষ্ঠতি (থাকেন) ততঃ (তজ্জগৎ) অয়ং (এই) বিশ্বঃ (বিশ্ব) ইতি (এই)
নাম্না (নামে) সার্থঃ (সার্থক) ভবতি (হয়) ॥ ৪৪৩

অনুবাদ । এই সংসারমণ্ডলে স্থূলদেহে স্বকীয়ত্বের অভিমান করায়, তিনি
'বিশ্ব' এই সার্থক নাম ধারণ করেন ॥ ৪৪৩

ব্যষ্টিরেষাস্ত্ব বিশ্বস্য ভবতি স্থলবিগ্রহঃ ।

উচ্যতে হ্নম্বিকারিত্বাৎ কোশোহ্নমময় ইত্যয়ম্ ॥৪৪৪

অনুবাদ । অস্ত্র (এই) বিশ্বস্য (বিশ্বের) এষা (এই) ব্যষ্টিঃ (ব্যষ্টি শরীর)
স্থলবিগ্রহঃ (স্থূল শরীর) ভবতি (হয়), অয়ং (এই স্থূল শরীর) হ্নম্বিকারিত্বাৎ
(অন্নের বিকার—পরিণাম বলিয়া) হ্নমময়ঃ (হ্নমময়নামক) কোশঃ (কোশ)
ইতি (ইহা) উচ্যতে (কথিত হয়) ॥ ৪৪৪

অনুবাদ । বিশ্বের এই ব্যষ্টি শরীরের নাম স্থূলশরীর, এই স্থূলশরীর অন্নের
পরিণাম বলিয়া ইহাকে 'হ্নমময় কোশ' বলা হইয়া থাকে ॥ ৪৪৪

দেহোহয়ং পিতৃভুক্তান্নবিকারাৎ শুক্রশোণিতাৎ ।

জাতঃ প্রবর্দ্ধতেহ্নমেন তদভাবে বিনশ্চতি ॥৪৪৫

অনুবাদ । পিতৃভুক্তান্নবিকারাৎ (পিতা ও মাতা কর্তৃক ভুক্ত অন্নের পরিণাম)
শুক্রশোণিতাৎ (রেতঃ এবং রক্ত হইতে) জাতঃ (উৎপন্ন) অয়ং (এই) দেহঃ
(শরীর) হ্নমেন (হ্নম দ্বারা) প্রবর্দ্ধতে (বর্দ্ধিত হয়) তদভাবে (অন্নের
অভাবে) বিনশ্চতি (নষ্ট হয়) ॥ ৪৪৫

অনুবাদ । পিতা-মাতা কর্তৃক ভুক্ত অন্নের পরিণামভূত শুক্র ও শোণিত হইতে উৎপন্ন এই শরীর অন্ন দ্বারা বর্দ্ধিত হয় এবং অন্নের অভাব হইলে বিনাশ প্রাপ্ত হয় ॥ ৪৪৫

তস্মাদন্নবিকারিত্বেনায়ন্নময়ো মতঃ ।

আচ্ছাদকত্বাদেতস্মাপ্যসেঃ কোশবদাত্মনঃ ॥৪৪৬

অর্থঃ । তস্মাৎ (তজ্জগৎ, অতএব) অয়ং (এই স্থলদেহ) অন্ন-বিকারিত্বেন (অন্নের পরিণামিত্ব হেতু) অসেঃ (খড়্গের) কোশবৎ (খাপের ঞায়) এত-স্মাপি আত্মনঃ (এই আত্মারও) আচ্ছাদকত্বেন (আবরণকত্ববশতঃ) অন্নময়ঃ (অন্নময় কোশ) মতঃ (সম্মত) ॥ ৪৪৬

অনুবাদ । অতএব এই স্থল দেহ অন্নের পরিণাম এবং খড়্গের কোশের (খাপের) ঞায় আত্মাকে আবরণ করে বলিয়া ইহাকে অন্নময় কোশ বলা যায় ॥ ৪৪৬

আত্মনঃ স্থলভোগানাংমেতদায়তনং বিদুঃ ।

শব্দাদিবিষয়ান্ ভুঙ্ক্তে স্থলান্ স্থলান্নানি স্থিতঃ ॥৪৪৭

অর্থঃ । এতৎ (এই—স্থলশরীর) আত্মনঃ (আত্মার) স্থলভোগানাং (স্থল বিষয়ের উপভোগের) আয়তনং (আশ্রয়—অবলম্বন) বিদুঃ (বলেন) ; [আত্মা] স্থলান্নানি (স্থল আত্মায়—শরীরে) স্থিতঃ (বর্তমান) স্থলান্ (স্থল) শব্দাদি-বিষয়ান্ (শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ এই পাঁচটি বিষয়) ভুঙ্ক্তে (উপ-ভোগ করে) ॥ ৪৪৭

অনুবাদ । পণ্ডিতগণ এই স্থল দেহকে আত্মার স্থল বিষয়ভোগের আশ্রয় বলিয়া থাকেন, আত্মা এই স্থল দেহে বিদ্যমান থাকিয়া শব্দ-স্পর্শাদি স্থল বিষয়সমূহ উপভোগ করেন ॥ ৪৪৭

বহিরাত্মা ততঃ স্থলভোগায়তনমুচ্যতে ।

ইন্দ্রিয়ৈরুপনীতানাং শব্দাদীনাময়ং স্বয়ম্ ।

দেহেন্দ্রিয়মনোযুক্তো ভোক্তেত্যাহ্বর্মনীষিণঃ ॥৪৪৮

অর্থঃ । ততঃ (অতএব) বহিরাত্মা (বাহ্য আত্মা—স্থলদেহ) স্থলভোগায়-তনং (স্থল বিষয়ভোগের আশ্রয়) উচ্যতে (কথিত হয়) অয়ং (আত্মা) স্বয়ং (নিজে) ইন্দ্রিয়ৈঃ (ইন্দ্রিয়গণকর্তৃক) উপনীতানাং (উপভূত) শব্দাদীনাং (শব্দস্পর্শাদির) [ভোগায়তনম্=ভোগায়তন], মনীষিণঃ (সাধুগণ) দেহেন্দ্রিয়-মনোযুক্তঃ (শরীর ইন্দ্রিয়সমূহ এবং মনের সহিত) [আত্মানম্=আত্মাকে] ভোক্তা (উপ-ভোগকারী) ইতি (ইহা) আহ্বঃ (বলিয়া থাকেন) ॥ ৪৪৮

অনুবাদ । অতএব বাহ্য আত্মা (স্থলদেহ)-কে স্থল বস্তুর উপভোগের

আশ্রয় বলা যায় ; এই স্থূল দেহ ইন্দ্রিয়সমূহ কর্তৃক উপনীত শব্দস্পর্শপ্রভৃতি বিষয়সমূহ ভোগ করেন ; এই জগৎ পণ্ডিতেরা শরীর, ইন্দ্রিয়বর্গ ও মনোবিশিষ্ট আত্মাকে ভোক্তা বলিয়া থাকেন ॥ ৪৪৮

একাদশদ্বারবতীহ দেহে

সৌধে মহারাজ ইবাক্ষবর্গেঃ ।

সংসেব্যমানো বিষয়োপভোগা-

নুপাধিসংস্থো বুভুজেহয়মাত্মা ॥ ৪৪৯

অর্থ । অয়ং (এই) আত্মা (জীব) উপাধিসংস্থঃ (উপাধিবিশিষ্ট) [সন্=হইয়া] সৌধে (অট্টালিকায়) মহারাজইব (নৃপতির ঞ্চায়) একাদশ-দ্বারবতি (কর্মেন্দ্রিয় পাঁচটি, জ্ঞানেন্দ্রিয় পাঁচটি এবং মনোরূপ একাদশ দ্বারযুক্ত—সৌধপক্ষে এগারটি দরজা) ইহ (এই) দেহে (শরীরে) অক্ষবর্গেঃ (ইন্দ্রিয়সমূহ দ্বারা, সৌধপক্ষে গবাক্ষসমূহ দ্বারা) সংসেব্যমানঃ (সেবিত হইয়া) বিষয়োপ-ভোগান্ (বিষয়-ভোগসমূহ) বুভুজে (ভোগ করে) ॥ ৪৪৯

অনুবাদ । মহারাজ যেরূপ অনেকদ্বারবিশিষ্ট অট্টালিকায় বাস করতঃ বিবিধ বিষয় উপভোগ করেন, তদ্রূপ এই আত্মা উপাধিবিশিষ্ট হইয়া একাদশ-দ্বার (পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্মেন্দ্রিয় ও মনো)-যুক্ত দেহে ইন্দ্রিয়গণ কর্তৃক সেবিত হইয়া বিবিধ বিষয়ের উপভোগ করেন ॥ ৪৪৯

জ্ঞানেন্দ্রিয়ানি নিজদৈবতচোদিতানি

কর্মেন্দ্রিয়াণ্যপি তথা মন-আদিকানি ।

স্বস্বপ্রয়োজনবিধৌ নিয়তানি সন্তি

যত্নেন কিঙ্করজনা ইব তং ভজন্তে ॥৪৫০

অর্থ । নিজদৈবতচোদিতানি (স্বস্বঅধিষ্ঠাত্রী দেবতা কর্তৃক প্রেরিত) জ্ঞানেন্দ্রিয়ানি (জ্ঞানেন্দ্রিয় পাঁচটি) কর্মেন্দ্রিয়াণ্যপি (কর্মেন্দ্রিয় পাঁচটিও) তথা (তদ্বৎ) মন-আদিকানি (মনঃ প্রভৃতি) স্বস্বপ্রয়োজনবিধৌ (নিজ নিজ কার্য্যে) নিয়তানি সন্তি (রত হইয়া) কিঙ্করজনা ইব (ভৃত্যগণের ঞ্চায়) যত্নেন (বহুপূর্ব্বক) তং (আত্মাকে) ভজন্তে (ভজনা করে) ॥ ৪৫০

অনুবাদ । স্বস্বঅধিষ্ঠাত্রী দেবতা-কর্তৃক প্রেরিত জ্ঞানেন্দ্রিয় ও কর্মেন্দ্রিয় এবং মন বুদ্ধি প্রভৃতি স্বীয় স্বীয় কার্য্যে নিযুক্ত থাকিয়া ভৃত্যের ঞ্চায় যত্ন-সহকারে তাঁহাকে (আত্মাকে) ভজনা করে ॥ ৪৫০

যত্রোপভুক্তো বিষয়ান্ স্থূলানেষ মহামতিঃ ।

অহং মমেতি সৈষাশ্চাবস্থা জাগ্রদিতীর্ষ্যতে ॥৪৫১

অন্বয় । যত্র (যে অবস্থায়) এষঃ (এই) মহামতিঃ (মহামনাঃ, জীব) অহং (আমি) মম (আমার) ইতি (এইরূপে) স্থূলান্ (স্থূল) বিষয়ান্ (শব্দস্পর্শাদিবিষয়সমূহ) উপভুক্তে (উপভোগ করেন), সা (সেই) এষা (এই) অশ্র (আত্মার) জাগ্রৎ (প্রবুদ্ধ) অবস্থা (পরিণাম) ইতি (ইহা) কীর্যতে (কথিত হয়) ॥ ৪৫১

অনুবাদ । যে অবস্থায় এই মহামনাঃ আত্মা “অহং মম” (আমি ভোগ করিতেছি, আমার ইহা ভোগ্য) এইরূপে স্থূল বিষয়সমূহ উপভোগ করেন, তাহাকে আত্মার জাগ্রদবস্থা বলা যায় ॥ ৪৫১

এতৎসমষ্টিব্যষ্টিশ্চোভয়োরপ্যভিমানিনোঃ ।

তদ্বিশ্ববৈশ্বানরয়োঃ পূর্ববন্মতঃ ॥ ৪৫২

অন্বয় । এতৎসমষ্টিব্যষ্টিশ্চোভয়োরপ্যভিমানিনোঃ (এই সমষ্টি ও ব্যষ্টি স্থূল শরীরের) চ (এবং) উভয়োরপি (ছয়েরও) অভিমানিনোঃ (সমষ্টি ও ব্যষ্টি শরীরের অভিমানী) তদ্বিশ্ববৈশ্বানরয়োঃ (সেই বিশ্ব এবং বৈশ্বানরের একাত্মতা) পূর্ববৎ (পূর্বের ঠায়, তৈজস সূত্রাত্মার ঠায়) মতঃ (অভিমত) ॥ ৪৫২

অনুবাদ । এই ব্যষ্টি ও সমষ্টি স্থূলশরীর এবং উভয়বিধ স্থূলশরীরাবিমানী বিশ্ব এবং বৈশ্বানরের পূর্বের ঠায় অভেদ জানিবে ॥ ৪৫২

স্থূলসূক্ষ্মকারণাখ্যাঃ প্রপঞ্চা যে নিরূপিতাঃ ।

তে সর্বেহপি মিলিত্বৈকঃ প্রপঞ্চোহপি মহান্ ভবেৎ ॥ ৪৫৩

অন্বয় । যে (যাহা) স্থূলসূক্ষ্মকারণাখ্যাঃ (স্থূল এবং সূক্ষ্ম যাহার কারণ এবংবিধ আখ্যাধারী) প্রপঞ্চাঃ (জগৎসমূহ) নিরূপিতাঃ (স্থিরীকৃত হইয়াছে) তে (তাহারা) সর্বেহপি (সকলেও) মিলিত্বা (মিলিত হইয়া) একঃ (সমষ্টি) মহান্ (বৃহৎ) প্রপঞ্চোহপি (জগৎও) ভবেৎ (হয়) ॥ ৪৫৩

অনুবাদ । স্থূলসূক্ষ্মকারণক যে সমস্ত প্রপঞ্চ (জগৎ) নিরূপিত হইয়াছে, সেই সমুদয় মিলিত হইয়া এক বৃহৎ প্রপঞ্চ পরিণত হয় ॥ ৪৫৩

মহাপ্রপঞ্চাবচ্ছিন্নং বিশ্বপ্রাজ্ঞাদিলক্ষণম্ ।

বিরাড়াদীশপর্য্যন্তং চৈতন্যং চৈকমেব তৎ ॥ ৪৫৪

অন্বয় । মহাপ্রপঞ্চাবচ্ছিন্নং (বিশাল জগৎ দ্বারা যে অবচ্ছিন্ন—বিশিষ্ট) বিশ্বপ্রাজ্ঞাদিলক্ষণম্ (বিশ্বপ্রাজ্ঞাদিরূপ) বিরাড়াদীশপর্য্যন্তং (বিরাট হইতে ঈশ পর্য্যন্ত) তৎ (সেই) চৈতন্যং (চেতনা) চ (ও) একমেব (অভিন্নই) ॥ ৪৫৪

অনুবাদ । সেই বিশাল প্রপঞ্চাবচ্ছিন্ন বিশ্ব, প্রাজ্ঞাদিরূপ এবং বিরাট হইতে ঈশ্বর পর্য্যন্ত সমস্ত চৈতন্য অভিন্ন ॥ ৪৫৪

যদনাগন্তুমব্যক্তং চৈতন্যমজমক্ষরম্ ।

মহাপ্রপঞ্চে ন সহাবিবিক্তং সদয়োগ্নিবৎ ॥ ৪৫৫

অনয় । যৎ (যে) অনাত্মন্তঃ (উৎপত্তি-বিনাশ-রহিত) অজং (জন্মশূন্য)
অব্যক্তং (অনভিব্যক্ত) অক্ষরং (নাশশূন্য) চৈতন্যং (চেতনা) মহাপ্রপঞ্চেন
(সমষ্টি প্রপঞ্চের) সহ (সহিত) অয়োহগ্নিবৎ (লৌহ এবং অগ্নির গ্ৰায়) অবি-
বিক্তং (অপ্ৰগ্ভূত—অভিন্ন) সৎ (হইয়া) [বর্ততে=থাকেন] ॥ ৪৫৫

অনুবাদ । যে উৎপত্তি-বিনাশ-রহিত অজ অব্যক্ত অক্ষর চৈতন্য লৌহ এবং
অগ্নির গ্ৰায় মহাপ্রপঞ্চের (সমষ্টি জগতের) সহিত অবিবিক্তভাবে (অভিন্ন-
ভাবে) বিদ্যমান আছেন ॥ ৪৫৫

তৎ সর্বং খল্বিদং ব্রহ্মেত্যশ্চ বাক্যশ্চ পণ্ডিতৈঃ ।

বাচ্যার্থ ইতি নির্ণীতং বিবিক্তং লক্ষ্য ইত্যপি ॥৪৫৬

অনয় । পণ্ডিতৈঃ (পণ্ডিতগণকর্তৃক) তৎ (সেই) মহাপ্রপঞ্চের সহিত
অবিবিক্ত চৈতন্য) সর্বং (সমস্ত) খলু (নিশ্চিত) ইদং (ইহা) ব্রহ্ম (ব্রহ্ম-
স্বরূপ) ইতি (এই) অশ্চ (এই) বাক্যশ্চ (বাক্যের) বাচ্যার্থঃ (অভিধেয়
রূপ) ইতি (ইহা) নির্ণীতং (স্থিরীকৃত হইয়াছে) বিবিক্তং (ভিন্ন হইয়া)
লক্ষ্যঃ (লক্ষ্যার্থ) ইতি (এইরূপ) অপি (ও) ৪৫৬

অনুবাদ । পণ্ডিতগণ মহাপ্রপঞ্চের সহিত সেই অবিবিক্ত চৈতন্যকে "এই
সমস্তই ব্রহ্ম" এই বাক্যের বাচ্যার্থ স্থির করিয়াছেন এবং তাহা বিবিক্ত (পৃথক)
হইলে তাহাকে লক্ষ্যার্থ বলা যায় ॥ ৪৫৬

স্থূলাদৃজ্ঞানপর্য্যন্তং কার্য্যকারণলক্ষণম্ ।

দৃশ্যং সর্বমনাৎনেতি বিজানীহি বিচক্ষণ ॥ ৪৫৭

অনয় । হে বিচক্ষণ ! (হে বিবেচক) স্থূলাদৃজ্ঞানপর্য্যন্তং (স্থূল প্রপঞ্চ
হইতে অবিদ্যা অবধি) কার্য্যকারণলক্ষণং (কার্য্যকারণরূপ) সর্বং (সমস্ত) দৃশ্যং
(জড়বর্গ) অনাত্মা (আত্মভিন্ন) ইতি (ইহা) বিজানীহি (জানিও) ॥ ৪৫৭

অনুবাদ । হে বিচক্ষণ ! স্থূল জগৎ হইতে অজ্ঞান অবধি কার্য্যকারণরূপ
এই সমস্ত দৃশ্যকে আত্মা বলিয়া জানিও ॥ ৪৫৭

আত্ম-নিরূপণম্ ।

অন্তঃকরণতদ্বৃত্তিদ্রষ্ট্ নিত্যমবিক্রিয়ম্ ।

চৈতন্যং যত্তদাত্তেতি বুদ্ধ্যা বুদ্ধ্যশ্চ সূক্ষ্ময়া ॥৪৫৮

অনয় । অন্তঃকরণতদ্বৃত্তিদ্রষ্ট্ (অন্তঃকরণ এবং অন্তঃকরণের বৃত্তি অর্থাৎ
পরিণামের দ্রষ্টা—সাক্ষী) নিত্যং (ক্ষয়োদয়-রহিত) অবিক্রিয়ং (বিকার-শূন্য)
যৎ (যে) চৈতন্যং (চেতনাশক্তি) তৎ (সেই) আত্মা (স্বরূপ) ইতি (ইহা)

স্বপ্নয়া (সক্র, দূরবগাহবস্তুগ্রহণসমর্থ) বুদ্ধ্যা (বুদ্ধির দ্বারা—মনের দ্বারা) বুধ্যস্ব
(জ্ঞান) ॥ ৪৫৮

অনুবাদ । অন্তঃকরণ এবং অন্তঃকরণবৃত্তির দ্রষ্টা (সাক্ষী) নিত্য বিকার-
শূন্য চৈতন্যই আত্মা, তাঁহাকে স্বপ্নবুদ্ধিদ্বারা অবগত হও ॥ ৪৫৮

এষ প্রত্যক্ স্বপ্রকাশো নিরংশো-

অসঙ্গঃ শুদ্ধঃ সর্বদৈকস্বভাবঃ ।

নিত্যাথগুণানন্দরূপো নিরীহঃ

সাক্ষী চেতা কেবলো নিগুণশ্চ ॥৪৫৯

অর্থ । এষঃ (এই) প্রত্যক্ (আত্মা) স্বপ্রকাশঃ (অন্তের প্রকাশ
অপেক্ষা না করিয়া প্রকাশস্বরূপ) নিরংশঃ (অংশবিহীন) অসঙ্গঃ (সঙ্গরহিত)
শুদ্ধঃ (দোষশূন্য) সর্বদৈকস্বভাবঃ (সকল সময় একরূপ) নিত্যাথগুণানন্দরূপঃ
(সর্বদা অথগুণস্বরূপ) নিরীহঃ (চেষ্টা—ক্রিয়ারহিত) সাক্ষী (উদাসীন)
চেতা (জ্ঞানরূপ) কেবলঃ (শুদ্ধ—দেহান্তঃকরণাদি-সঙ্গশূন্য) চ (এবং) নিগুণঃ
(গুণরহিত) ॥ ৪৫৯

অনুবাদ । এই আত্মা স্বয়ংপ্রকাশ, অংশরহিত, সঙ্গশূন্য, শুদ্ধ, সর্বদা একরূপ,
অবিনশ্বর—অথগুণ-আনন্দস্বরূপ, নির্ক্যাপার, সাক্ষী, জ্ঞানস্বরূপ, কেবল এবং
নিগুণ ॥ ৪৫৯

নৈব প্রত্যগ্ জায়তে বর্দ্ধতে নো

কিঞ্চিন্নাপক্ষীয়তে নৈব নাশম্ ।

আত্মা নিত্যঃ শাশ্বতোহয়ং পুরাণো

নাসৌ হন্যো হন্যমানৈ শরীরে ॥ ৪৬০

অর্থ । প্রত্যক্ (প্রত্যগাত্মা—জীবাত্মা) নৈব জায়তে (নিশ্চয়ই জন্ম-
গ্রহণ করে না) নো বর্দ্ধতে (বৃদ্ধি প্রাপ্ত হয় না) কিঞ্চিং (কিছুমাত্র) ন
অপক্ষীয়তে (হ্রাস হয় না) নৈব নাশং এতি (নিশ্চয়ই বিনাশ প্রাপ্ত হয় না)
অয়ং (এই) . আত্মা (স্বরূপ) নিত্যঃ (অবিনাশী) শাশ্বতঃ (সদা বিদ্যমান)
পুরাণঃ (পুরাতন) ; শরীরে (দেহে) হন্যমানৈ (বিনাশিত হইলে) অসৌ
(এই আত্মা) ন হন্যঃ (বধ্য নহে) ॥ ৪৬০

অনুবাদ । প্রত্যগাত্মা (জীবাত্মা) জন্মগ্রহণ করে না, বৃদ্ধি ও হ্রাস প্রাপ্ত
হয় না, এবং ইহার বিনাশ নাই, এই আত্মা নিত্য, সর্বদা বর্তমান এবং পুরাণ;
শরীর বিনাশ প্রাপ্ত হইলেও আত্মা বিনষ্ট হয় না ॥ ৪৬০

জন্মাস্তিত্ববিবৃদ্ধয়ঃ পরিণতিশ্চাপক্ষিতিনাশনং

দৃশ্যশ্চৈব ভবন্তি ষড়্ বিকৃতয়ো নানাবিধা ব্যাধয়ঃ ।

স্থূলত্বাদি চ নীলতাদ্যপি মিতিবর্ণাশ্রমাদিপ্রথা

দৃশ্যন্তে বপুষো নচাত্মন ইমে তদ্বিক্রিয়াসাক্ষিণঃ ॥৪৬১

অর্থঃ । জন্মান্তিত্ববিবৃদ্ধয়ঃ (উৎপত্তি, বিচ্যুমানতা ও বৃদ্ধি) পরিণতিঃ (পরিণাম) অপক্ষতিঃ (অপক্ষয়—হ্রাস) নাশনঞ্চ (এবং বিনাশ) [এতাঃ—এই সকল] ষট্ (ছয়টি) বিকৃতয়ঃ (বিকার) নানাবিধাঃ (অনেকপ্রকার) ব্যাধয়শ্চ (এবং রোগ) দৃশ্যশ্চৈব (দেহাদিদৃশ্যপদার্থেরই) ভবন্তি (হইয়া থাকে) ; স্থূলত্বাদি (স্থূলত্বপ্রভৃতি) নীলত্বাদি চ অপি (এবং নীলতা, কৃষ্ণত্বপ্রভৃতিও) মিতিঃ (জ্ঞান) বর্ণাশ্রমাদিপ্রথা (বর্ণাশ্রমপদ্ধতি) ইমে (এই সমস্ত) [ধর্ম্মাঃ—ধর্ম্ম] বপুষঃ (শরীরের) দৃশ্যন্তে (দৃষ্ট হয়) তদ্বিক্রিয়াসাক্ষিণঃ (দেহাদির বিকারের সাক্ষী—দ্রষ্টা) আত্মনশ্চ ন (পরন্তু আত্মার হয় না) ॥ ৪৬১

অনুবাদ । জন্ম, অস্তিত্ব, বৃদ্ধি, পরিণাম, অপক্ষয় (হ্রাস) বিনাশ—এই ছয়টি [ভাব পদার্থের] বিকার এবং নানাপ্রকার ব্যাধি দেহাদি দৃশ্যেরই ঘটয়া থাকে । স্থূলত্ব কৃষ্ণত্ব প্রভৃতি জ্ঞান এবং বর্ণাশ্রমাদি পদ্ধতি শরীরে পরিদৃষ্ট হয়, কিন্তু এইগুলি দেহাদি পরিণামের সাক্ষীভূত আত্মার ধর্ম্ম নহে ॥ ৪৬১

অস্মিন্নাত্মন্যনাত্মত্বমনাত্মন্যাত্মতাং পুনঃ ।

বিপরীততয়াধ্যস্ত সংসরন্তি বিমোহতঃ ॥ ৪৬২

অর্থঃ । [জনাঃ—লোক সকল] বিমোহতঃ (ভ্রান্তিপ্রযুক্ত) অস্মিন্ (এই) আত্মনি (আত্মায়) অনাত্মত্বং (দেহ, ইন্দ্রিয়, মনঃ, বুদ্ধি, প্রভৃতি অনাত্মার ধর্ম্মকে) পুনঃ (আবার) বিপরীততয়া (বিপরীতভাবে) অনাত্মনি (দেহেইন্দ্রিয়াদিতে) আত্মতাং (আত্মাকে) অধ্যস্ত (আরোপ করিয়া) সংসরন্তি (সংসার অর্থাৎ জন্মমরণ লাভ করে) ॥ ৪৬২

অনুবাদ । লোকসকল মোহবশতঃ আত্মায় দেহ, ইন্দ্রিয়, মনঃ, বুদ্ধি প্রভৃতি অনাত্মাকে এবং আবার বিপরীতভাবে অনাত্মায় আত্মাকে আরোপ করিয়া জন্ম-মরণ-প্রবাহে নিপতিত হয় ॥ ৪৬২

ভ্রান্ত্যা মনুষ্যোহহমহং দ্বিজোহহং

তজ্জ্ঞোহহমজ্ঞোহহমতীব পাপী ।

ভ্রষ্টোহস্মি শিষ্টোহস্মি স্থখী চ দুঃখী-

তে্যবং বিমূহ্যাত্মনি কল্পয়ন্তি ॥ ৪৬৩

অর্থঃ । [মূঢ়াঃ—মূঢ়গণ] ভ্রান্ত্যা (মোহবশতঃ) অহং (আমি) মনুষ্যঃ (মানুষ) অহং (আমি) দ্বিজঃ (দ্বিজাতি) অহং (আমি) তজ্জ্ঞঃ (তদবিষয়ে অভিজ্ঞ) অহং (আমি) অজ্ঞঃ (জ্ঞানহীন) অহং (আমি) অতীব (অত্যন্ত) পাপী (পাপযুক্ত) অস্মি (আমি) ভ্রষ্টঃ (পতিত, অশিষ্ট) অস্মি (আমি) শিষ্টঃ

(সাধু, সজ্জন) সুখী (সুখযুক্ত) হুঃখী চ (এবং হুঃখযুক্ত) ইতি (ইহা) এবং (একরূপ) বিমূহ (নোহপ্রাপ্ত হইয়া) আত্মনি (আত্মায়) করয়ন্তি (করনা করে—আরোপ করে) ॥ ৪৬৩

অনুবাদ । মূঢ়গণ ভ্রান্তিবশতঃ আমি মনুষ্য, আমি দ্বিজ, আমি ক্ষানী, আমি অজ্ঞ, আমি ভ্রষ্ট, আমি শিষ্ট, আমি সুখী, আমি হুঃখী আত্মাতে এইরূপ করনা করিয়া থাকে ॥ ৪৬৩

অনাত্মনো জন্মজরামৃতিক্ষুধা-

তৃষ্ণাসুখক্লেশভয়াদিধর্ম্মানু ।

বিপর্যায়েন হতথাবিধেহস্মি-

নারোপয়ন্ত্যাত্মনি বুদ্ধিদোষাৎ ॥ ৪৬৪

অনয় । [জনাঃ—লোকসকল] বুদ্ধিদোষাৎ (বুদ্ধির দোষবশতঃ—ভ্রম-বশতঃ) অতথাবিধে (সেইরূপ নহে—জন্মাদিধর্ম্মবান্ নহে এবংবিধ) অস্মিন্ (এই) আত্মনি (আত্মায়) অনাত্মনঃ (অনাত্মার—দোহেন্ধিয়াদিব) জন্ম-জরামৃতিক্ষুধা-তৃষ্ণাসুখ-ক্লেশভয়াদিধর্ম্মানু (উৎপত্তি, বান্ধিকা, মরণ, বুদ্ধি, পিপাসা, শর্ম্ম, কষ্ট, ভীতি প্রভৃতি ধর্ম্ম-সমূহকে) বিপর্যায়েন (বিপরীত ভাবে) আরোপয়ন্তি হি (নিশ্চয়ই আরোপ করে) ॥ ৪৬৪

অনুবাদ । জীবগণ ভ্রমবশতঃ জন্মাদিরহিত আত্মাতে জন্ম, জরা, মরণ, ক্ষুধা, তৃষ্ণা, ক্লেশ প্রভৃতি অনাত্মার ধর্ম্মসমূহকে বিপরীত ভাবে আরোপ করিয়া থাকে ॥ ৪৬৪

ভ্রান্ত্যা যত্র যদধ্যাসস্তৎকৃতেন গুণেন বা ।

দোষণাপ্যণুমাত্রেন স ন সম্বধ্যতে কচিৎ ॥ ৪৬৫

অনয় । ভ্রান্ত্যা (ভ্রম-বশতঃ) যত্র (যাহাতে—বজ্জুপ্রভৃতিতে) যদধ্যাসঃ (যাহার—সর্পাদির অধ্যাস—আরোপ) তৎকৃতেন (অধ্যাস-কৃত) গুণেন (গুণদ্বারা) বা (কিংবা) দোষণাপি (দোষ দ্বারাও) অণুমাত্রেন (স্বল্পপরিমাণে) সঃ (সেই পদার্থ—বজ্জুপ্রভৃতি) কচিৎ (কোথায়ও) ন সম্বধ্যতে (সম্বন্ধ হয় না) ॥ ৪৬৫

অনুবাদ । ভ্রান্তিপ্রযুক্ত যাহাতে (বজ্জুপ্রভৃতিতে) যাহার (সর্পাদির) অধ্যাস হয়, সেই অধ্যাসকৃত গুণ বা দোষের দ্বারা সেই বস্তু (বজ্জু প্রভৃতি) অণুমাত্রও সম্বন্ধ হয় না ॥ ৪৬৫

কিং মরুৎ গতৃষ্ণানুপূরেণাদ্ভ্রমচ্ছতি ।

দৃষ্টিসংস্থিতপীতেন শস্মঃ পীতায়তে কিমু ॥ ৪৬৬

অনয় । মরুৎ (বায়ু) মৃগতৃষ্ণানুপূরেণ (মরীচিকার জলরাশি দ্বারা)

আর্দ্রত্বং (সিক্তত্ব—ভিজ্ঞান) ঋচ্ছতি কিং (প্রাপ্ত হয় কি ?) শঙ্খঃ (শাঁখ) দৃষ্টিসংস্থিতপীতেন (চক্ষুতে স্থিত পীতের দ্বারা) পীতায়তে কিমু ? (পীতবর্ণ হয় কি ?) ॥ ৪৬৬

অনুবাদ । মরীচিকার জলরাশি দ্বারা বায়ু কি [কখন] আর্দ্র হয় ? নেত্র-স্থিত পীত দ্বারা শঙ্খ কি পীত বর্ণ ধারণ করে ? ॥ ৪৬৬

বালকল্লিতনৈল্যেন ব্যোম কিং মলিনায়তে ।

শিষ্যঃ

প্রত্যগাত্মন্যবিষয়েহনাত্মাধ্যাসঃ কথং প্রভো ॥ ৪৬৭

অন্বয় । ব্যোম (আকাশ) বালকল্লিতনৈল্যেন (অঙ্ক কর্তৃক আরোপিত নীলতা দ্বারা) মলিনায়তে কিং (মলিনতা প্রাপ্ত হয় কি ?)

শিষ্যঃ (শিষ্য জিজ্ঞাসা করিলেন)

হে প্রভো ! অবিষয়ে (বিষয়-রহিত) প্রত্যগাত্মনি (ব্যাপক আত্মায়) অনাত্মাধ্যাসঃ (দেহ, ইন্দ্রিয় প্রভৃতি অনাত্মার আরোপ) কথং (কিরূপে) [ভবতি=হয়] ? ৪৬৭

অনুবাদ । অঙ্ক-কর্তৃক আরোপিত নৈল্যের (নীলবর্ণের) দ্বারা আকাশ কি মলিনতা ধারণ করে ?

শিষ্য জিজ্ঞাসা করিলেন—হে প্রভো ! অবিষয় ব্যাপক আত্মায় দেহ ইন্দ্রিয় প্রভৃতি অনাত্মার আরোপ কিরূপে সম্ভব হয় ? ৪৬৭

পুরো দৃষ্টে হি বিষয়েহধ্যাত্মন্তি বিষয়ান্তরম্ ।

তদৃষ্টিং শুক্তিরজ্জ্বাদৌ সাদৃশ্যাদ্যনুবন্ধতঃ ॥ ৪৬৮

অন্বয় । হি (যেহেতু) [লোকাঃ=লোকসমূহ] পুরঃ (পুরোভাগে—অগ্রে) দৃষ্টে (চক্ষুর গোচর) বিষয়ে (শুক্তি রজ্জুপ্রভৃতিতে) বিষয়ান্তরং (অগ্র বিষয় রজত-সর্পাদি) অধ্যাত্মন্তি (আরোপ করে) ; তৎ (তাহা) সাদৃশ্যাদ্যনুবন্ধতঃ (সাদৃশ্যাদি-নিবন্ধন) শুক্তিরজ্জ্বাদৌ (ঝিলুক, দড়ি প্রভৃতিতে) দৃষ্টম্ (দেখা গিয়া থাকে) ॥ ৪৬৮

অনুবাদ । লোক পুরোভাগে পরিদৃষ্ট বিষয়ে (শুক্তিরজ্জু প্রভৃতিতে) অগ্র বিষয়ের (রজত-সর্পাদির) আরোপ করিয়া থাকে, ইহা সাদৃশ্যনিবন্ধন শুক্তি-রজ্জু-প্রভৃতি স্থলে পরিদৃষ্ট হয় ॥ ৪৬৮

পরত্র পূর্বদৃষ্টশ্চাবভাসঃ স্মৃতিলক্ষণঃ ।

অধ্যাসঃ স কথং স্বামিন্ ভবেদাত্মন্যগোচরে ॥ ৪৬৯

অন্বয় । স্বামিন্ (হে প্রভো) পরত্র (অগ্র পদার্থে) পূর্বদৃষ্টশ্চ (পূর্ব-দর্শন-বিষয়ীভূত বস্তুর) অবভাসঃ (জ্ঞান) স্মৃতিলক্ষণঃ (স্মৃতির লক্ষণ), সঃ

(সেই) অধ্যাসঃ (আরোপ) অগোচরে (অবিষয়ে) আত্মনি (আত্মায়)
কথং (কিরূপে) ভবেৎ (হয়) ? ॥ ৪৬৯

অনুবাদ । প্রভো ! অপর পদার্থে পূর্কদৃষ্ট বস্তুর অবভাসকে (জ্ঞানকে)
স্মৃতির লক্ষণ বলা যাইতে পারে, অবিষয় আত্মায় অধ্যাস কিরূপে সম্ভব
হয় ? ॥ ৪৬৯

নানুভূতঃ কদাপ্যাত্মানুভূতস্য বস্তুনঃ ।

সাদৃশ্যং সিধ্যতি কথমনাত্মনি বিলক্ষণে ॥ ৪৭০

অনয় । আত্মা (স্বরূপ) কদাপি (কখনও) ন অনুভূতঃ (জ্ঞাত হয়
না), বিলক্ষণে (ভিন্নরূপ বিপরীত—আত্মা শুদ্ধবুদ্ধস্বরূপ তাহার বিপরীত
অনাত্মা দেহাদি তাহাতে) সাদৃশ্যং (তুল্যতা) কথং (কিরূপে) সিধ্যতি
(সিদ্ধ হয়) ॥ ৪৭০

অনুবাদ । আত্মা কখন অনুভূত নহে, আত্মা হইতে সম্পূর্ণ বিপরীত
অনাত্মা—দেহাদিতে অজ্ঞাত বস্তুর (আত্মার) সাদৃশ্য কিরূপে নিরূপিত
হয় ? ॥ ৪৭০

অনাত্মাত্মাত্মাধ্যাসঃ কথমেষ সমাগতঃ ।

নিবৃত্তিঃ কথমেতস্য কেনোপায়েন সিধ্যতি ॥ ৪৭১

অনয় । এষঃ (এই) অনাত্মনি (অনাত্মা—দেহাদিতে) আত্মাত্মাধ্যাসঃ
(আত্মার অধ্যাস) কথং (কিরূপে) সমাগতঃ (আসিল) ; এতস্য (ইহার—
অধ্যাসের) নিবৃত্তিঃ (হানি) কেন উপায়েন (কি উপায়ে) কথং (কিরূপে)
সিধ্যতি (সম্পন্ন হয়) ॥ ৪৭১

অনুবাদ । অনাত্মা দেহ ইন্দ্রিয় প্রভৃতিতে আত্মার অধ্যাস কিরূপে আসিল,
কি উপায়ে কিরূপে ইহার নিবৃত্তি হয় ॥ ৪৭১

উপাধিযোগ উভয়োঃ সম এবেশজীবয়োঃ ।

জীবশ্চৈব কথং বন্ধো নেশ্বরশ্চাস্তি তৎকথম্ ॥ ৪৭২

অনয় । ঈশজীবয়োঃ (ঈশ্বর এবং জীবের) উভয়োঃ (দুয়ের) উপাধি-
যোগঃ (উপাধি সম্বন্ধ—ঈশ্বরের উপাধি মায়া, জীবের উপাধি অবিজ্ঞা) সমঃ এব
(নিশ্চয়ই তুল্য) জীবশ্চৈব (জীবেরই) বন্ধঃ (বন্ধন) কথং ? (কেন ?) ;
ঈশ্বরশ্চ (ঈশ্বরের) তৎ (তাহা—বন্ধন) কথং (কেন) নাস্তি (নাই) ॥ ৪৭২

অনুবাদ । ঈশ্বর এবং জীবের উপাধিসম্বন্ধ তুল্যই, [তন্মধ্যে] জীবেরই
বন্ধ কেন, ঈশ্বরের বা বন্ধ নাই কেন ? ॥ ৪৭২

এতৎ সর্বং দয়াদৃষ্ট্যা করামলকবৎ স্ফুটম্ ।

প্রতিপাদয় সর্বজ্ঞ শ্রীগুরো করুণানিধে ॥ ৪৭৩

অনুয় । সর্বজ্ঞ (হে সর্বজ্ঞানসম্পন্ন) করুণানিধে (হে দয়ার সাগর)
শ্রীগুরো (হে গুরো) দয়াদৃষ্ট্যা (রূপাদৃষ্টি দ্বারা) এতৎ (এই) সর্বৎ (সমুদায়)
স্বামলকবৎ (হস্তস্থিত আমলক ফলের ত্রায়—অনায়াসে—সহজে) স্ফুটং
বিশদরূপে) প্রতিপাদয় (প্রতিপাদন করুন) ॥ ৪৭৩

অনুবাদ । হে সর্বজ্ঞ ! হে 'শ্রীগুরো' ! হে দয়াপারাবার ! রূপাদৃষ্টিপাতে
এই সমুদয় বিষয় হস্তস্থিত আমলকফলের ত্রায় (সহজেই) বিশদরূপে প্রতি-
পাদন করুন ॥ ৪৭৩

শ্রীগুরুঃ—

ন সাবয়ব একশ্চ নাত্মা বিষয় ইষ্যতে ।

অস্ম্যৎপ্রত্যয়ার্থত্বাদপরোক্ষাচ্চ সর্বশঃ ॥ ৪৭৪

অনুয় । শ্রীগুরুঃ (গুরু বলিলেন)—আত্মা (আত্মা) সাবয়বঃ (অবয়ব-
বিশিষ্ট) ন (নহে) ; একশ্চ (এক—অদ্বিতীয়) অশ্চ (এই আত্মার) অস্মৎ-
প্রত্যয়ার্থত্বৎ (অস্মৎজ্ঞানের বিষয়ত্বহেতু) সর্বশঃ (সর্ব প্রকারে) অপারোক্ষাচ্চ
(এবং প্রত্যক্ষ-প্রযুক্ত) [আত্মা] বিষয়ঃ (জ্ঞানের বিষয় বলিয়া) ন ইষ্যতে
(ইষ্ট হয় না) ॥ ৪৭৪

অনুবাদ । শিষ্যের বাক্যশ্রবণে গুরু বলিলেন :—

আত্মা সাবয়ব নহে, এবং কাহারও বিষয় হয় না ; কেননা এই আত্মা
অদ্বিতীয় ; ইহা কেবল অহং জ্ঞানের বিষয় এবং ইহা সকলেরই সর্বতোভাবে
প্রত্যক্ষ হইয়া থাকে ॥ ৪৭৪

প্রসিক্তিরাত্মনোহস্ত্যেব ন কশ্চাপি চ দৃশ্যতে ।

প্রত্যয়ো নাহমস্মীতি ন হস্তি প্রত্যগাত্মনি ॥ ৪৭৫

অনুয় । আত্মনঃ (আত্মার) প্রসিক্তিঃ (প্রথা, জ্ঞান) অস্তি এব
(নিশ্চয়ই আছে) অহং (আমি) নাশ্চি (নাই) ইতি (এইরূপ) প্রত্যয়ঃ
(জ্ঞান) কশ্চাপি (কাহারও) ন দৃশ্যতে (দৃষ্ট হয় না) ; হি (যেহেতু)
প্রত্যগাত্মনি (ব্যাপক আত্মায়) [তাদৃশ জ্ঞান] নাশ্চি (নাই) ॥ ৪৭৫

অনুবাদ । [সকলেরই] আত্মবিষয়ক জ্ঞান আছে, আমি নাই—এরূপ
জ্ঞান কাহারও দেখা যায় না—কারণ আত্মাতে এরূপ জ্ঞান হইতেই
পারে না ॥ ৪৭৫

ন কশ্চাপি স্বসদ্বাবে প্রমাণমভিকাঙ্ক্ষ্যতে ।

প্রমাণানাঞ্চ প্রামাণ্যং যন্মূলং কিন্তু বোধয়েৎ ॥ ৪৭৬

অনুয় । স্বসদ্বাবে (আত্মার অস্তিত্বে) কশ্চাপি (কাহারও) প্রমাণং
(মান) ন অভিকাঙ্ক্ষ্যতে (প্রার্থিত হয় না) যন্মূলং (যন্মূলক, যাহাকে

অবলম্বন করিয়া) প্রমাণানাঞ্চ (প্রমাণসমূহেরও) প্রামাণ্যং (প্রমাণতা)
কিন্তু (পরন্তু) [প্রমাণং=প্রমাণকে] বোধয়েৎ (জানাইয়া দেয়) ॥ ৪৭৬

অনুবাদ । নিজের অস্তিত্ববিষয়ে কাহারও কোন প্রমাণের প্রয়োজন
হয় না, যাহাকে অবলম্বন করিয়া প্রমাণগুলি প্রামাণ্য লাভ করে [তাহার
জ্ঞানের জন্য প্রমাণের আবশ্যক কি?] পরন্তু প্রমাণ কেবল বস্তু অব-
বোধিত করিয়া দেয় ॥ ৪৭৬

মায়াকার্যৈস্তিরোভূতো নৈষ আত্মানুভূয়তে ।

মেঘবৃন্দৈর্যথা ভানুস্তবায়মহমাদিভিঃ ॥ ৪৭৭

অন্বয় । যথা (যেমন) মেঘবৃন্দৈঃ (মেঘসমূহের দ্বারা) ভানুঃ (সূর্য্য)
তিরোভূতঃ (আবৃত) তথা (সেইরূপ) মায়াকার্যৈঃ (মায়ার কার্য্য) অহম-
দিভিঃ (অহঙ্কারাদির দ্বারা) তিরোভূতঃ (আবৃতঃ) এষঃ (এই) আত্মা
(স্বস্বরূপ) ন অনুভূয়তে (অনুভূত হয় না) ॥ ৪৭৭

অনুবাদ । যেমন মেঘসমূহের দ্বারা তিরোভূত সূর্য্য লোকলোচনের বিষয়
হয় না, তদ্রূপ মায়াকার্য্য অহঙ্কার প্রভৃতির দ্বারা আবৃত আত্মা অনুভূত
হয় না ॥ ৪৭৭

পুরঃস্থ এব বিষয়ে বস্তুন্যধ্যস্তামিতি ।

নিয়মো ন কৃতঃ সন্নি ভ্রান্তিরেবাত্র কারণম্ ॥ ৪৭৮

অন্বয় । সন্নিঃ (সজ্জনগণ কর্তৃক) পুরঃস্থে (সম্মুখস্থিত) বিষয়ে (গুণ-
রজ্জু প্রভৃতি) বস্তুনি (বস্তুতে) অধ্যস্তাং (অধ্যাস হউক) ইতি (এরূপ)
নিয়মঃ (রীতি, ব্যাপ্তি) ন কৃতঃ (অনুষ্ঠিত নহে) অত্র (এই অধ্যাস বিষয়ে)
ভ্রান্তিঃ এব (ভ্রমই) কারণং (হেতু) ॥ ৪৭৮

অনুবাদ । কেবলমাত্র পুরঃস্থিত বস্তুতে অধ্যাস হইবে এরূপ নিয়ম
শাস্ত্রদর্শী সাধুগণ করেন নাই, এই অধ্যাস বিষয়ে ভ্রান্তিই কারণ ॥ ৪৭৮

দৃগাণ্ডবিষয়ে ব্যোম্নি নীলতাди যথাবুধাঃ ।

অধ্যস্তস্তি তথৈবাস্মিন্নাত্মন্যপি মতিভ্রমাৎ ॥ ৪৭৯

অন্বয় । অবুধাঃ (অজ্ঞান ব্যক্তি) যথা (যেরূপ) দৃগাণ্ডবিষয়ে (চকুর
অগোচরে—অপ্রত্যক্ষে) ব্যোম্নি (আকাশে) নীলতাदि (নৈল্যাदि) অধ্যস্তস্তি
(আরোপ করে) তথা (সেইরূপ) মতিভ্রমাৎ (বুদ্ধিদোষবশতঃ) অস্মিন্ (এই)
আত্মনি অপি (আত্মায়ও) [অধ্যস্তস্তি—আরোপ করে] ॥ ৪৭৯

অনুবাদ । অজ্ঞব্যক্তির যেরূপ অপ্রত্যক্ষ আকাশে নৈল্যের আরোপ
করে, তদ্রূপ ভ্রান্তিবশতঃ আত্মাতেও আরোপ করিয়া থাকে ॥ ৪৭৯

অনাত্মন্যাভ্যুত্যাধ্যাসে ন সাদৃশ্যমপেক্ষতে ।

পীতোহয়ং শঙ্খ ইত্যাদৌ সাদৃশ্যং কিমপেক্ষিতম্ ॥ ৪৮০

অনয়। অনাস্বনি (দেহাদি অনাস্ববস্ততে) আত্মত্যাগে (আত্মার আরোপে) সাদৃশ্যং (সদৃশত্ব, তুল্যত্ব) ন অপেক্ষতে (অপেক্ষা করে না) অনয়ং (এই) শব্দঃ (শীঘ্র) পীতঃ (পীতবর্ণ) ইত্যাদৌ (ইত্যাদিতে) সাদৃশ্যম্ (তুল্যত্ব) অপেক্ষিতং কিং (অপেক্ষা করে কি) ? [অপেক্ষা করে না] ॥ ৪৮০

অনুবাদ। দেহ, ইঞ্জির প্রভৃতি অনাত্মায় আত্মার অধ্যাসে কোনরূপ সাদৃশ্য অপেক্ষা করে না, শব্দ পীতবর্ণ ইত্যাদি স্থলে কি সাদৃশ্যকে অপেক্ষা করে ? ॥ ৪৮০

নিরুপাধিভ্রমেষ্মিন্মৈবাপেক্ষা প্রদৃশ্যতে ।

সোপাধিষেব তদৃষ্টিং রজ্জুসর্পভ্রমাদিষু ॥ ৪৮১

অনয়। অস্মিন্ (এই সংসারে) নিরুপাধিভ্রমে (উপাধিবিহীন ভ্রান্তি-স্থলে) [সাদৃশ্যং=সাদৃশ্যের] অপেক্ষা (প্রয়োজন) নৈব প্রদৃশ্যতে (নিশ্চয়ই দৃষ্ট হয় না), সোপাধিষু (উপাধিযুক্ত) রজ্জু-সর্পাদিষু এব (রজ্জুতে সর্পভ্রান্তি-স্থলেই) তৎ (সাদৃশ্য) দৃষ্টম্ (দেখা গিয়া থাকে) ॥ ৪৮১

অনুবাদ। নিরুপাধি ভ্রমস্থলে কদাচ সাদৃশ্যের অপেক্ষা দেখা যায় না; রজ্জুতে সর্পভ্রান্তি প্রভৃতি সোপাধিক ভ্রমস্থলেই সাদৃশ্যের অপেক্ষা পরিদৃষ্ট হয় * ॥ ৪৮১

তথাপি কিঞ্চিদ্বক্ষ্যামি সাদৃশ্যং শৃণু তৎপরঃ ।

অত্যন্তনির্মলঃ সূক্ষ্ম আত্মায়মতিভাস্বরঃ ॥ ৪৮২

অনয়। তথাপি (নিরুপাধিভ্রমে সাদৃশ্যের অপেক্ষা যদিও নাই, তবুও) কিঞ্চিং (কিছু) সাদৃশ্যং (সদৃশতা) বক্ষ্যামি (বলিব), তৎপরঃ (একাগ্রচিত্ত) [সন্=হইয়া] শৃণু (শ্রবণ কর);—অয়ম্ (এই) আত্মা (স্বরূপ) অত্যন্তনির্মলঃ (অতি স্বচ্ছ) সূক্ষ্মঃ (দুর্জ্ঞান) অতিভাস্বরঃ (অতিশয় দীপ্তিমান) ॥ ৪৮২

অনুবাদ। [যদিও নিরুপাধি ভ্রমে সাদৃশ্যের অপেক্ষা নাই], তথাপি কিয়ৎপরিমাণে সাদৃশ্য বিবৃত করিব, তুমি একাগ্রচিত্তে শ্রবণ কর;—আত্মা অতিশয় স্বচ্ছ, সূক্ষ্ম এবং অত্যন্ত দীপ্তিমান ॥ ৪৮২

বুদ্ধিস্তথৈব সত্ত্বাত্মা সাভাসা ভাস্বরামলা ।

সান্নিধ্যাদাত্মবদ্ভাতি সূর্য্যবৎ স্ফটিকো যথা ॥ ৪৮৩

অনয়। তথৈব (সেইরূপই) বুদ্ধিঃ (অস্তঃকরণ) সত্ত্বাত্মা (সত্ত্বস্বভাবা)

* তাৎপর্য—ভ্রম দুই প্রকার,—সোপাধিক ও নিরুপাধিক। শুক্তিরজত, রজ্জুসর্প প্রভৃতি সোপাধিক ভ্রম; ব্রহ্মে জগদধ্যাসকে নিরুপাধিক ভ্রম বলে। শুক্তিরজতস্থলে চাকচক্যাদি দোষ নিবন্ধন অধ্যাস হয়, এস্থলে চাকচক্যাদিই উপাধি। সাদৃশ্যই সর্বত্র অধ্যাসের কারণ ইহা বলা যাইতে পারে না। কারণ, শব্দে যখন পীতত্ব-ভ্রান্তি হয়, তখন কোনরূপ সাদৃশ্য নাই। হুতরাং ভ্রান্তিই অধ্যাসের কারণ। তদ্বশতঃ ব্রহ্মে জগতের অধ্যাস হয়।

সামান্য (চৈতন্যপ্রতিবিম্বযুক্ত) ভাষরা (তেজঃসম্পন্ন) অমলা (স্বচ্ছ)
যথা (যেমন) স্ফটিকঃ (কাচ) সূর্য্যবৎ (তপনের গ্ৰায়) ভাতি (প্রকাশ পায়)
সান্নিধ্যাৎ (আত্মার অন্ত্যস্ত নৈকট্য প্রযুক্ত) [তদ্বৎ ইয়ং বুদ্ধিরপি=সেইরূপ
এই বুদ্ধিও] আত্মবৎ (আত্মার গ্ৰায়) ভাতি (দীপ্তি পায়) ॥ ৪৮৩

অনুবাদ । সেইরূপ বুদ্ধিও সত্ত্বগুণস্বভাব, চৈতন্যপ্রতিবিম্বযুক্ত, দীপ্ত, এবং
মলিনতা-রহিত, স্ফটিক যেমন সূর্য্যের গ্ৰায় প্রতিভাত হয়, তদ্রূপ আত্মা
সান্নিধ্যবশতঃ বুদ্ধিও আত্মার গ্ৰায় প্রকাশ পায় ॥ ৪৮৩

আত্মাভাসা ততো বুদ্ধি বুদ্ধ্যাভাসং ততো মনঃ ।

অক্ষাণি মনআভাসান্যক্ষাভাসমিদং বপুঃ ।

অতএবাত্মতাবুদ্ধিদেহাক্ষাদাবনাত্মনি ॥ ৪৮৪

অর্থ । ততঃ (অনন্তর) বুদ্ধিঃ (বুদ্ধি) আত্মাভাসা (আত্মার প্রতিবিম্ব
দ্বারা আত্মার গ্ৰায় প্রকাশ পায়) ততঃ (তার পর) মনঃ (মন) বুদ্ধ্যাভাস
(আত্মপ্রতিবিম্বিত বুদ্ধির গ্ৰায় প্রকাশ পায়) অক্ষাণি (ইন্দ্রিয় সকল) মন-
আভাসানি (তাদৃশ মনের গ্ৰায় প্রকাশ পায়) ইদং (এই—দৃশ্যমান) বপুঃ
(শরীর) অক্ষাভাসম্ (ইন্দ্রিয়ের গ্ৰায় প্রকাশ পায়) অতএব (এইজন্মই)
অনাত্মনি (আত্মা হইতে বিভিন্ন) দেহাক্ষাদৌ (শরীর ইন্দ্রিয় প্রভৃতিতে)
আত্মতাবুদ্ধিঃ (আত্মতত্ত্বজ্ঞান) [ভবতি=হয়] ॥ ৪৮৪

অনুবাদ । [অতিসান্নিধ্যবশতঃ এবং স্বচ্ছতা-প্রযুক্ত বুদ্ধিদর্পণে আত্মার
প্রতিবিম্ব প্রতিফলিত হইলে] বুদ্ধি আত্মার গ্ৰায় প্রকাশ পায়, মনঃ বুদ্ধির গ্ৰায়,
ইন্দ্রিয়গণ মনের গ্ৰায় এবং শরীর ইন্দ্রিয়ের গ্ৰায় প্রকাশ পাইয়া থাকে ; অতএব
[এইরূপে] দেহ ইন্দ্রিয় প্রভৃতি অনাত্মবস্তুতে আত্মতাবুদ্ধির অব্যক্তি
হইয়া থাকে ॥ ৪৮৪

মূঢ়ানাং প্রতিবিম্বাদৌ বালানাংমিব দৃশ্যতে ।

সাদৃশ্যং বিদ্যতে বুদ্ধাবাত্মনোহধ্যাসকারণং ॥৪৮৫

অর্থ । বালানাং (বালকদিগের) প্রতিবিম্বাদৌ (প্রতিবিম্ব প্রভৃতিতে)
ইব (যথা) মূঢ়ানাং (অজ্ঞদিগের) [অধ্যাস] দৃশ্যতে (দৃষ্ট হয়), বুদ্ধৌ
(বুদ্ধিতে) অধ্যাসকারণং (আরোপহেতু) আত্মনঃ (আত্মার) সাদৃশ্যং
(সদৃশতা) বিদ্যতে (আছে) ॥ ৪৮৫

অনুবাদ । প্রতিবিম্ব প্রভৃতিতে যেমন বালকদিগের বিষয়সাদৃশ্যবুদ্ধি দেখা
যায়, অজ্ঞদিগেরও অনাত্মা-দেহাদিতে আত্মবুদ্ধি দৃষ্ট হয়, বুদ্ধিতে (ও) অধ্যাস
কারণীভূত আত্মার সাদৃশ্য বর্তমান আছে ॥ ৪৮৫

অনাত্মন্যহমিত্যেব যোহয়মধ্যাস ঈরিতঃ ।

স্বাদুত্তরোত্তরাধ্যাসে পূর্বপূর্বস্ত কারণম্ ॥৪৮৬

অনয় । অনাঅনি (অনাঅা—দেহ ইন্দ্রিয় প্রভৃতিতে) অহং (আমি স্থূল, আমি চক্ষুগ্গান, আমি সুখী) ইত্যেব (এই প্রকারই) যঃ (যে) অয়ম্ (এই) অধ্যাসঃ (আরোপ) ক্রিত (কথিত হইল), উত্তরোত্তরাধ্যাসে (পর পর অধ্যাসে) পূর্বপূর্বস্তু (পূর্ববর্তীই) কারণং (হেতু) স্তাৎ (হয়) ॥ ৪৮৬

অনুবাদ । অনাঅা-দেহ ইন্দ্রিয় প্রভৃতিতে যে 'আমি স্থূল' ইত্যাকার অধ্যাস কথিত হইয়াছে, তাহা উত্তরোত্তর অধ্যাসের প্রতি পূর্বপূর্ব অধ্যাস কারণ বলিয়া জানিবে । [ইহার দ্বারা অধ্যাসের অনাদিত্ব সিদ্ধ হইল] ॥ ৪৮৬

সুপ্তিমূর্চ্ছাখিতেষেব দৃষ্টিঃ সংসারলক্ষণঃ ।

অনাদিরেষাবিঘাতঃ সংস্কারোহপি চ তাদৃশঃ ॥ ৪৮৭

অনয় । সুপ্তিমূর্চ্ছাখিতেষু এব (নিদ্রা এবং মূর্চ্ছা হইতে উথিত লোকে-তেই) সংসারলক্ষণঃ (সংসার লক্ষণ) দৃষ্টিঃ (দৃষ্ট হয়), অতঃ (এইজন্য) এষা (এই) অবিদ্যা (অজ্ঞান) অনাদিঃ (আদিশূন্য) সংস্কারোহপি (বাসনাও) চ (পাদপূরণে) তাদৃশঃ (অনাদি) ॥ ৪৮৭

অনুবাদ । নিদ্রা ও মূর্চ্ছা হইতে উথিত ব্যক্তিতেই সংসারলক্ষণ অধ্যাস পরিদৃষ্ট হয়, অতএব এই অবিদ্যা অনাদি এবং তাহার সংস্কারও অনাদি ॥ ৪৮৭

অধ্যাসবাধাগমনশ্চ কারণং

শৃণু প্রবক্ষ্যামি সমাহিতাত্মা ।

যস্মাদিদং প্রাপ্তমনর্থজাতং

জন্মাপ্যব্যাধিজরাদিহুঃখম্ ॥ ৪৮৮

অনয় । অধ্যাসবাধাগমনশ্চ (অধ্যাসজনিত বাধ অর্থাৎ সংসারহুঃখের আগমনের) কারণং (হেতু) প্রবক্ষ্যামি (বলিব), [ত্বং=তুমি] সমাহিতাত্মা (একাগ্রচিত্ত) [মন্—হইয়া] শৃণু (শ্রবণ কর); যস্মাৎ (যাহা হইতে—যে অধ্যাস হইতে) ইদং (এই) জন্মাপ্যব্যাধিজরাদিহুঃখম্ (উৎপত্তি, নাশ, রোগ, বার্কিকা, প্রভৃতি হুঃখরূপ) অনর্থজাতং (অনিষ্টসমূহ—হুঃখপরম্পরা) প্রাপ্তম্ (লোকে প্রাপ্ত হয়) ॥ ৪৮৮

অনুবাদ । আমি তোমাকে অধ্যাসজনিত সংসারহুঃখপ্রাপ্তির কারণ বলিতেছি, তুমি তাহা সমাহিতচিত্তে শ্রবণ কর । যে অধ্যাস হইতে মানব জন্ম, নাশ, ব্যাধি, জরা প্রভৃতি হুঃখরূপ অনর্থপরম্পরা প্রাপ্ত হইয়া থাকে ॥ ৪৮৮

আত্মোপাধেরবিদ্যায়া অস্তি শক্তিদ্বয়ং মহৎ ।

বিক্ষেপ আবৃত্তিশ্চেতি যাভ্যাং সংসার আত্মনঃ ॥ ৪৮৯

অনয় । আত্মোপাধেঃ (আত্মার উপাধি) অবিদ্যায়াঃ (অজ্ঞানের) বিক্ষেপঃ (বিক্ষেপশক্তি) আবৃত্তিশ্চ (এবং আবরণশক্তি) ইতি (এইরূপ) মহৎ (শ্রেষ্ঠ)

শক্তিধরম্ (দুইটি শক্তি) অস্তি (আছে), যাত্যাং (যে শক্তি দুইটি দ্বারা)
আত্মনঃ (আত্মার) সংসারঃ (সংসার, গতাগতি) [ভবতি=হয়] ॥ ৪৮৯

অনুবাদ । আত্মার উপাধি—অবিদ্যার বিক্ষেপ ও আবরণ নামক দুইটি
মহতী শক্তি আছে, যাহাদের দ্বারা আত্মার সংসারে যাতায়াত হইয়া থাকে ॥ ৪৮৯

আবৃত্তিস্তমসঃ শক্তিস্তদ্ব্যাবরণকারণম্ ।

মূলাবিদ্যেতি সা প্রোক্তা যয়া সংমোহিতং জগৎ ॥ ৪৯০

অর্থ । আবৃত্তিঃ (আবরণ) তমসঃ (তমোগুণের) শক্তিঃ (ধর্ম) হি
(কারণ) তৎ (আবরণশক্তি) আবরণকারণং (আবরণের হেতু হইয়া থাকে) ;
সা (তাহা) মূলাবিদ্যা (মূলাবিদ্যা এই সংজ্ঞা) * ইতি (ইহা) প্রোক্তা [পণ্ডিত-
গণ কর্তৃক কথিত হয়] যয়া (যে মূলাবিদ্যা কর্তৃক) জগৎ (সমস্ত সংসার)
সংমোহিতম্ (মোহ প্রাপ্ত) ॥ ৪৯০

অনুবাদ । [অবিদ্যায় সত্ব, রজঃ ও তমঃ এই তিনটি শক্তি আছে, তন্মধ্যে]
তমোগুণের শক্তি আবরণ, সেইটি আবরণের হেতু হইয়া থাকে ; তাহাকে
মূলাবিদ্যা বলা যায়, যদ্বারা এই সংসার মোহিত হইয়াছে ॥ ৪৯০

বিবেকবানপ্যতিযৌক্তিকোহপি

শ্রুতাত্মতত্ত্বোহপি চ পণ্ডিতোহপি ।

শক্ত্যা যয়া সংবৃতবোধদৃষ্টি-

রাত্মানমাত্মস্থমিমং ন বেদ ॥ ৪৯১

অর্থ । বিবেকবানপি (আত্মা ও অনাত্মার ভেদজ্ঞানযুক্ত হইলেও)
অতিযৌক্তিকঃ অপি (অতিশয় যুক্তিপরায়ণ হইলেও) শ্রুতাত্মতত্ত্বঃ অপি
(আত্মার ষাণ্ঠার্থ্য উত্তমরূপে শ্রুত হইলেও) চ (পাদপুরণে) পণ্ডিতঃ অপি
(আপাততঃ জ্ঞানবান্ও) যয়া (যে) শক্ত্যা (শক্তি কর্তৃক) সংবৃত-
বোধদৃষ্টিঃ (যাহার জ্ঞানচক্ষুঃ আচ্ছাদিত হইয়াছে এবংবিধ হইয়া) আত্মস্থম্
আত্মায় স্থিত, স্বপ্রতিষ্ঠ) ইমম্ (এই) আত্মানং (আত্মাকে) ন বেদ
(জানেন না) ॥ ৪৯১

অনুবাদ । বিবেকী হউন, তार्কিক হউন, কিংবা আত্মতত্ত্ব উত্তমরূপে শ্রবণ
করিয়াছেন এরূপ ব্যক্তি হউন, অথবা পণ্ডিত হউন না কেন, আবরণশক্তি
কর্তৃক জ্ঞানচক্ষুঃ আবৃত হওয়ায় ইহাদের কেহই স্বপ্রতিষ্ঠ আত্মাকে জানিতে
পারেন না ॥ ৪৯১

* তাৎপর্য—অবিদ্যা দুই প্রকার,—মূলাবিদ্যা ও তূলাবিদ্যা । সমষ্টি অবিদ্যাকে মূলা-
বিদ্যা এবং প্রত্যেক জীবগত অবিদ্যাকে তূলাবিদ্যা বলে । যে ব্যক্তির তত্ত্বজ্ঞান উৎপন্ন হয়,
তাহার সেই অবিদ্যা নষ্ট হয়, সুতরাং একের মুক্তিতে সর্বমুক্তিপ্রসক্তি হয় না ।

বিক্ষেপনাম্নী রজসস্ত শক্তিঃ

প্রবৃত্তিহেতুঃ পুরুষস্য নিত্যম্ ।

স্থূলাদিলিঙ্গান্তমশেষমেতদ্

যয়া সদানুশাসদেব সূয়তে ॥ ৪৯২

অর্থঃ । রজসঃ (রজোগুণের) বিক্ষেপনাম্নী (বিক্ষেপ-নামিকা) শক্তিস্ত (সামর্থ্যই) পুরুষস্য (লোকের) নিত্যং (সতত) প্রবৃত্তিহেতুঃ (প্রবৃত্তির কারণ) [ভবতি=হয়] যয়া (যে শক্তি কর্তৃক) আত্মনি (আত্মায়) অশেষম্ (যাবতীয়) এতৎ (এই) স্থূলাদিলিঙ্গান্তং (স্থূল ঘটপট দেহ প্রভৃতি আরম্ভ করিয়া বুদ্ধি পর্য্যন্ত) অসদেব (মিথ্যাবস্তই) সদা (সর্বদা) সূয়তে (উৎপাদিত হয়) ॥ ৪৯২

অনুবাদ । রজোগুণের বিক্ষেপ-নামিকা শক্তি পুরুষের সর্বদা প্রবৃত্তির কারণ হইয়া থাকে, যে শক্তি সর্বদা আত্মাতে দেহাদি স্থূল বস্তু হইতে বুদ্ধি পর্য্যন্ত যাবতীয় মিথ্যা বস্তু অধ্যারোপিত করে ॥ ৪৯২

নিদ্রা যথা পুরুষমপ্রমত্তং

সমাবরণোতীয়মপি প্রতীচম্ ।

তথারূণোত্যাবৃত্তিশক্তিরন্ত-

বিক্ষেপশক্তিং পরিজন্তয়ন্তী ॥ ৪৯৩

অর্থঃ । নিদ্রা (সুষুপ্তি) যথা (যেমন) অপ্রমত্তং (সাবধান) পুরুষং (জনকে) সমাবরণোতি (আবরণ করে) তথা (সেইরূপ) বিক্ষেপশক্তিং (বিক্ষেপ-শক্তিকে) অন্তঃ (মধ্যে) পরিজন্তয়ন্তী (বর্দ্ধিত করে যে এমন) ইয়ম্ (এই) আবৃত্তিশক্তিরপি (আবরণশক্তিও) প্রতীচম্ (জীবাত্মাকে) আবরণোতি (আবরণ করে) ॥ ৪৯৩

অনুবাদ । নিদ্রা যেরূপ অতি সাবধান পুরুষকেও আবরণ করে, সেইরূপ এই আবরণশক্তি অন্তঃকরণে বিক্ষেপশক্তিকে বর্দ্ধিত করিয়া আত্মাকেও আবৃত্ত করে ॥ ৪৯৩

শক্ত্যা মহত্যাবরণাভিধানয়া

সমাবৃত্তে সত্যমলস্বরূপে ।

পুমাননানুশাসনমেষ এব-

ত্যাভববুদ্ধিং বিদধাতি মোহাৎ ॥ ৪৯৪

অর্থঃ । মহত্যা (প্রবল) আবরণাভিধানয়া (আবরণনাম্নী) শক্ত্যা (শক্তিকর্তৃক) অমলস্বরূপে (স্বচ্ছস্বভাব) [আত্মনি=আত্মা] সমাবৃত্তে (আবৃত

হইলে) পুমান্ (পুরুষ) মোহাৎ (অজ্ঞানবশতঃ) অনাত্মনি (অনাত্মাতে—
দেহ প্রভৃতিতে) এষ (এই দেহাদি) অহমেব (আমিই) ইতি (এইরূপ)
আত্মত্ববুদ্ধিং (আত্মত্বজ্ঞান) বিদধাতি (স্থাপন করে) ॥ ৪৯৪

অনুবাদ । মহতী আবরণশক্তি দ্বারা স্বচ্ছস্বভাব আত্মা সমাবৃত হইলে,
পুরুষ অজ্ঞানবশতঃ অনাত্মা দেহ প্রভৃতিতে 'ইহা আমিই' এইরূপ আত্মত্ব-
জ্ঞান স্থাপন করিয়া থাকে ॥ ৪৯৪

যথা প্রস্তুপ্তিপ্রতিভাসদেহে

স্বাত্মত্বধীরেষ তথা হনাত্মনঃ ।

জন্মাপ্যয়ক্ষুদ্ভয়তৃটশ্রমাদী-

নারোপয়ত্যাত্মনি তস্য ধর্মান্ ॥ ৪৯৫

অর্থঃ । যথা (যেমন) প্রস্তুপ্তিপ্রতিভাসদেহে (স্রষ্টৃপ্তিকালে যে দেহ
প্রকাশিত হয়, তাহাতে) তথা (সেইরূপ) এষঃ (এই—পুরুষ) হি (যেহেতু)
আত্মনি (আত্মাতে) তস্ম (সেই) অনাত্মনঃ (অনাত্মা—দেহাদির) জন্মাপ্যয়-
ক্ষুদ্ভয়তৃটশ্রমাদীন্ (উৎপাদ, বিনাশ, ক্ষুধা, ভয়, তৃষ্ণা, শ্রম প্রভৃতি) ধর্মান্
(ধর্মসমূহকে) আরোপয়তি (আরোপ করে) ॥ ৪৯৫

অনুবাদ । বেরূপ স্রষ্টৃপ্তিকালে প্রকাশিত দেহে আত্মত্বজ্ঞান হয়, সেইরূপ
পুরুষ আত্মাতে জন্ম, নাশ, ক্ষুধা, ভয়, তৃষ্ণা, শ্রম প্রভৃতি অনাত্মার ধর্মসমূহ
আরোপ করিয়া থাকে ॥ ৪৯৫

বিক্ষেপশক্ত্যা পরিচোচ্যমানঃ

করোতি কর্মাণ্যুভয়াত্মকানি ।

ভুঞ্জান এতৎফলমপ্যুপাত্তং

পরিভ্রমত্যেব ভবাম্বুরাশৌ ॥ ৪৯৬

অর্থঃ । [আত্মা] বিক্ষেপশক্ত্যা (বিক্ষেপশক্তিকর্তৃক) পরিচোচ্যমানঃ
(প্রেরিত হইয়া) উভয়াত্মকানি (উভয়বিধ—সাধু ও অসাধু) কর্মাণি (কর্ম
সমুদায়) করোতি (অনুষ্ঠান করে), উপাত্তং (গৃহীত) এতৎ (এই) ফলমপি
(কর্মের ফলও) ভুঞ্জানঃ (ভোগ করতঃ) ভবাম্বুরাশৌ (সংসার-সমুদ্রে) পরি-
ভ্রমত্যেব (নিশ্চয়ই পরিভ্রমণ করে) ॥ ৪৯৬

অনুবাদ । আত্মা বিক্ষেপশক্তি দ্বারা প্রেরিত হইয়া সাধু ও অসাধু এই
উভয়বিধ কর্মের অনুষ্ঠান করিয়া থাকে, এবং কর্ম হইতে প্রাপ্ত ফল ভোগ-
করতঃ সংসার-পারাবারে ভ্রমণ করে ॥ ৪৯৬

অধ্যাসদোষাৎ সমুপাগতোহয়ং

সংসারবন্ধঃ প্রবলপ্রতীচঃ ।

যদ্যোগতঃ ক্লিশ্চিতি গর্ভবাস-

জন্মাপ্যয়ক্লেশভয়ৈরজস্ম ॥ ৪৯৭

অর্থঃ । অধ্যাসদোষাৎ (অধ্যাসদোষবশতঃ) প্রবলপ্রতীচঃ (বলবান্ অর্থাৎ চৈতন্যস্বরূপ আত্মার) অয়ং (এই) সংসারবন্ধঃ (ভববন্ধন) সমুপাগতঃ (উপস্থিত হইয়াছে), [আত্মা] যদ্যোগতঃ (যাহার—অধ্যাসের সম্বন্ধবশতঃ) গর্ভবাসজন্মাপ্যয়ক্লেশভয়ৈঃ (মাতৃগর্ভে স্থিতি, উৎপত্তি, বিনাশ, দুঃখ ও ভয় দ্বারা) অজস্ম (সর্বদা) ক্লিশ্চিতি (কষ্ট পায়) ॥ ৪৯৭

অনুবাদ । অধ্যাসদোষবশতঃ বলবান্ অর্থাৎ নিত্য, জ্ঞানস্বরূপ আত্মার এই সংসারবন্ধন ঘটিয়াছে, যাহার সম্বন্ধবশতঃ [আত্মা] জন্ম, নাশ, দুঃখ ও ভয়ের দ্বারা নিয়ত ক্লেশ অনুভব করিয়া থাকে ॥ ৪৯৭

অধ্যাসো নাম খল্বেষ বস্তুনো যোহন্যথাগ্রহঃ ।

স্বাভাবিকভ্রান্তিমূলং সংসৃতেরাদিকারণম্ ॥ ৪৯৮

অর্থঃ । বস্তুনঃ (বস্তু—রজ্জু প্রভৃতির) যঃ (যে) অন্তথাগ্রহঃ (অন্তরূপে—সর্পরূপে জ্ঞান) এষঃ (ইহা) খলু (নিশ্চিত) অধ্যাসো নাম, (অধ্যারোপ নামক) স্বাভাবিকভ্রান্তিমূলং (অনাদি ভ্রম ইহার কারণ) সংসৃতৈঃ (সংসারের) আদি কারণং (মূলকারণ) ॥ ৪৯৮

অনুবাদ । রজ্জু প্রভৃতি বস্তুর সর্পাদিরূপে জানাকে অধ্যাস বলে, অনাদি ভ্রমই ইহার হেতু এবং ইহাই সংসারের মূল কারণ ॥ ৪৯৮

সর্বানর্থস্য তদ্বীজং যোহন্যথাগ্রহ আত্মনঃ ।

ততঃ সংসারসম্পাতঃ সততক্লেশলক্ষণঃ ॥ ৪৯৯

অর্থঃ । আত্মনঃ (আত্মার) যঃ (যে) অন্তথাগ্রহঃ (অন্ত প্রকারে জ্ঞান) তৎ (সেইটি) সর্বানর্থস্য (সমস্ত অনিষ্টের) বীজং (কারণ), ততঃ (তাহা হইতে) সততক্লেশলক্ষণঃ (সর্বদা ক্লেশরূপ) সংসারসম্পাতঃ (সংসার-প্রাপ্তি) ॥ ৪৯৯

অনুবাদ । আত্মাকে অন্তপ্রকারে (সুখী, দুঃখী এইরূপে) জানাই সমস্ত অনর্থের কারণ ; এই আত্মার অন্তথাজ্ঞান হইতে সর্বদা ক্লেশরূপ সংসারপ্রাপ্তি হইয়া থাকে ॥ ৪৯৯

অধ্যাসাদেব সংসারো নষ্চেহধ্যাসে ন দৃশ্যতে ।

তদেতদুভয়ং স্পর্শং পশ্য ত্বং বন্ধমুক্তয়োঃ ॥ ৫০০

অর্থঃ । অধ্যাসাৎ এব (আরোপবশতঃই) সংসারঃ (জন্মমরণপ্রবাহ), অধ্যাসে (আরোপ) নষ্টে (নাশপ্রাপ্ত হইলে) [সংসার] ন দৃশ্যতে (দেখা যায় না), ত্বং (তুমি) বন্ধমুক্তয়োঃ (বন্ধ ও মুক্তের) তৎ (সেই) এতৎ (এই)

উভয়ং (দুইটি—বন্ধের সংসার, মুক্তের অসংসার) স্পষ্টং (বিশদভাবে) পশু
(দেখ) ॥ ৫০০

অনুবাদ । অধ্যাসবশতঃ সংসার, অধ্যাস নষ্ট হইলে সংসার দেখা যায়
না । তুমি বন্ধ এবং মুক্তের এই উভয়বিধ অবস্থা (বন্ধের সংসার, মুক্তের
অসংসার) স্পষ্টরূপে নিরীক্ষণ কর ॥ ৫০০

বন্ধং প্রবৃত্তিতো বিদ্ধি মুক্তং বিদ্ধি নিবৃত্তিতঃ ।

প্রবৃত্তিরেব সংসারো নিবৃত্তিস্মুক্তিরিষ্যতে ॥ ৫০১

অর্থঃ । [স্বং=তুমি] প্রবৃত্তিতঃ (প্রবৃত্তিমার্গ দ্বারা) বন্ধং (বন্ধনযুক্ত)
বিদ্ধি (জানিও) নিবৃত্তিতঃ (নিবৃত্তি দ্বারা) মুক্তং (মুক্তিযুক্ত) বিদ্ধি (জানিও) ;
প্রবৃত্তিরেব (কৰ্মাদিতে প্রবৃত্তিই—ইচ্ছাই) সংসারঃ (সংসার—গতাগতি), নিবৃত্তিঃ
(কৰ্মাদি হইতে প্রবৃত্তিহীনতা) মুক্তিঃ (মোক্ষ) ইষ্যতে (ইষ্ট হয়) ॥ ৫০১

অনুবাদ । তুমি জানিও,—প্রবৃত্তি দ্বারা জীব বন্ধন প্রাপ্ত হয় এবং নিবৃত্তি
দ্বারা মুক্তিতাৎ করে ; পণ্ডিতেরা প্রবৃত্তিকেই সংসার এবং নিবৃত্তিকেই মুক্তি
বলিয়া থাকেন ॥ ৫০১

আত্মনঃ সোহয়মধ্যাসো মিথ্যাজ্ঞানপুরঃসরঃ ।

অসৎকল্লোহপি সংসারং তনুতে রজ্জুসর্পবৎ ॥ ৫০২

অর্থঃ । মিথ্যাজ্ঞানপুরঃসরঃ (মিথ্যাজ্ঞানপূৰ্ণক) সঃ (সেই) অয়ম্ (এই)
অধ্যাসঃ (আরোপ) রজ্জুসর্পবৎ (রজ্জুতে সর্প যেরূপ মিথ্যা, তদ্রূপ) অসৎ-
কল্লঃ অপি (মিথ্যা হইলেও) আত্মনঃ (আত্মার) সংসারং (সংসার—গতাগতি)
তনুতে (বিস্তার করে) ॥ ৫০২

অনুবাদ । অধ্যাসের কারণ মিথ্যাজ্ঞান ; সেই অধ্যাস রজ্জুতে প্রতিভা-
সমান সর্পের ন্যায় মিথ্যা হইলেও, আত্মার সংসার সম্পাদন করিয়া থাকে ॥ ৫০২

উপাধিযোগসাম্যেহপি জীববৎ পরমাত্মনঃ ।

উপাধিভেদাত্মো বন্ধস্তৎকার্যমপি কিঞ্চন ॥ ৫০৩

অর্থঃ । জীববৎ (জীবের ন্যায়) পরমাত্মনঃ (পরমাত্মার) উপাধিযোগ-
সাম্যেহপি (উপাধিসম্বন্ধ তুল্য হইলেও) উপাধিভেদাত্মো (উপাধির ভিন্নত্ব হেতু—
ঈশ্বরের উপাধি শুদ্ধস্বপ্রধানা মায়া, জীবের উপাধি মলিনস্বপ্রধানা অবিদ্যা)
বন্ধঃ (বন্ধন) ন (নাই), তৎকার্যমপি (বন্ধের কার্যও) কিঞ্চন (কিছু)
[ন—নাই] ॥ ৫০৩

অনুবাদ । জীবের ন্যায় পরমাত্মার উপাধি-সম্বন্ধ তুল্য হইলেও, উপাধির
ভিন্নত্ব হেতু (শুদ্ধস্বপ্রধানা মায়া পরমেশ্বরের উপাধি, মলিনস্বপ্রধানা অবিদ্যা
জীবের উপাধি, এইরূপ উপাধির ভেদবশতঃ) পরমাত্মার বন্ধন, [কিংবা]
বন্ধের কার্য হুঃখাদি কিছুই নাই ॥ ৫০৩

অশ্রোপাধিঃ শুদ্ধসত্ত্বপ্রধানা

মায়া যত্র ত্বশ্চ নাস্ত্যন্নভাবঃ ।

সত্ত্বশ্চৈবোৎকৃষ্টতা তেন বন্ধো

নো বিক্ষেপস্তৎকৃতো লেশমাত্রঃ ॥৫০৪

অর্থঃ । শুদ্ধসত্ত্বপ্রধানা (যাহাতে রজঃ ও তমোগুণবিহীন সত্ত্বগুণই প্রধান
এরূপ) মায়া (সত্ত্বরজস্তমঃস্বরূপা প্রকৃতি) উপাধিঃ (ভেদক ধর্ম), যত্র তু
(যাহাতে) অশ্চ (ঈশ্বরের) অন্নভাবঃ (অন্নত্ব—পরিচ্ছিন্নত্ব) নাস্তি (নাই) ;
সত্ত্বশ্চৈব (সত্ত্বগুণেরই) উৎকৃষ্টতা (উৎকর্ষ) বিক্ষেপঃ (বিক্ষেপশক্তি), তেন
(তজ্জগত্) তৎকৃতঃ (বিক্ষেপজনিত) লেশমাত্রঃ (স্বল্প পরিমাণে) বন্ধ (বন্ধন)
নো (নাই) ॥ ৫০৪

অনুবাদ । [জীব ও ঈশ্বরের উপাধি-সম্বন্ধ তুল্য হইলেও, জীবেরই বন্ধ,
ঈশ্বরের কেন বন্ধ নাই, তাহা প্রদর্শিত হইতেছে—] কেবলমাত্র সত্ত্বগুণপ্রধান
মায়াই যাহার উপাধি, যাহাতে ঈশ্বরের পরিচ্ছিন্ন-ভাব নাই, এবং যাহাতে সত্ত্ব-
গুণের উৎকর্ষ [দৃষ্ট হয়], তজ্জগত্ বিক্ষেপ কিংবা তজ্জনিত কিঞ্চিন্মাত্র
বন্ধনও তাঁহার নাই ॥ ৫০৪

সর্বজ্ঞোহপ্রতিবন্ধবোধবিভবস্তেনৈব দেবঃ স্বয়ং

মায়াং স্বামবলম্ব্য নিশ্চলতয়া স্বচ্ছন্দবৃত্তিঃ প্রভুঃ ।

সৃষ্টিস্থিত্যদনপ্রবেশমনব্যাপারমাত্রৈচ্ছয়া

কুর্বন্ ক্রীড়তি তদ্রজস্তম উভে সংস্তভ্য শক্ত্যা স্বয়া ॥৫০৫

অর্থঃ । সর্বজ্ঞঃ (সর্ববিষয়ক জ্ঞানবান্) অপ্রতিবন্ধবোধবিভবঃ (যাহার
জ্ঞানরূপ ঐশ্বর্য্য বাধা প্রাপ্ত হয় না এরূপ) দেবঃ (ঈশ্বর) তেনৈব (সেই হেতুই
—সর্বজ্ঞত্বাদিপ্রযুক্তই) স্বয়ং (নিজে) নিশ্চলতয়া (ব্যাপারশূন্যত্ব হেতু)
স্বাং (স্বকীয়) মায়াং (মায়াকে) অবলম্ব্য (অবলম্বন করিয়া) স্বচ্ছন্দবৃত্তিঃ
(নিজের অভিপ্রায়মত স্থিতিলাভ করিয়া) প্রভুঃ (সর্বকর্তৃত্বযুক্ত) [সন্
হইয়া] সৃষ্টিস্থিত্যদনপ্রবেশমনব্যাপারমাত্রৈচ্ছয়া (সৃষ্টি, স্থিতি, বিনাশ, প্রবেশ,
নিয়মন-ব্যাপার মাত্র যাহার ইচ্ছা এরূপ) স্বয়া (স্বকীয়) শক্ত্যা (শক্তিদ্বারা)
তৎ (সেই) রজঃ (রজোগুণ) তমঃ (তমোগুণ) উভে (এই দুইটিকে)
সংস্তভ্য) স্তম্ভিত করিয়া—হাস করিয়া) কুর্বন্ (জগতের সৃষ্টি স্থিতি প্রভৃতি
সম্পাদন করত) ক্রীড়তি (ক্রীড়া করিতেছেন—আছেন) ॥ ৫০৫

অনুবাদ । যিনি সর্বজ্ঞ, যাহার বোধরূপ ঐশ্বর্য্য অক্ষুণ্ণ, সেই পরমেশ্বর
স্বয়ং ব্যাপাররহিত হইলেও, স্বকীয় মায়াকে অবলম্বন করত স্বচ্ছন্দভাবে বিরাজ-
মান থাকেন ও প্রভু হন ; এবং সৃষ্টি, স্থিতি, বিনাশ, প্রবেশ, নিয়মন-ব্যাপার

মাত্র অভিলাষে স্বকীয় শক্তি দ্বারা রজঃ ও তমঃ এই উভয় গুণকে তিরোভূত
করিয়া সমস্ত কার্য সম্পাদন করত লীলা করিতে থাকেন ॥ ৫০৫

তস্মাদাবৃত্তিবিক্ষেপো কিঞ্চিৎ কর্ত্বুং ন শক্নুতঃ ।

স্বয়মেব স্বতন্ত্রোহসৌ তৎপ্রবৃত্তিনিরোধয়োঃ ॥ ৫০৬

অর্থ। তস্মাৎ (তজ্জন্ম) আবৃত্তিবিক্ষেপো (আবরণশক্তি ও বিক্ষেপ-
শক্তি) কিঞ্চিৎ (কিছু) কর্ত্বুং (কার্য করিতে) ন শক্নুতঃ (সমর্থ হয় না),
অসৌ (এই—ঈশ্বর) স্বয়মেব (নিজেই) তৎপ্রবৃত্তিনিরোধয়োঃ (আবরণ ও
বিক্ষেপ-শক্তিদ্বয়ের প্রবৃত্তি ও নিবৃত্তিতে) স্বতন্ত্র (স্বাধীন) ॥ ৫০৬

অনুবাদ। অতএব আবরণশক্তি ও বিক্ষেপশক্তি ঈশ্বরে কিছু মাত্র ফল
সম্পাদনে সমর্থ হয় না, তিনিই উক্ত শক্তিদ্বয়ের প্রবৃত্তি ও নিবৃত্তি বিষয়ে
স্বাধীন ॥ ৫০৬

তমেব সা ধীকর্মেতি শ্রুতির্বক্তি মহেশিতুঃ ।

নিগ্রহানুগ্রহে শক্তিরাবৃত্তিক্ষেপয়োৰ্যতঃ ॥ ৫০৭

অর্থ। সা (প্রসিদ্ধা) শ্রুতিঃ (বেদ) তমেব (ঈশ্বরকেই) ধীকর্মা
(বুদ্ধিকর্মা) ইতি ইহা বক্তি (বলিয়া থাকেন), যতঃ (যেহেতু) মহেশিতুঃ
(মহেশ্বরের) আবৃত্তিক্ষেপয়োঃ (আবরণশক্তি ও বিক্ষেপশক্তির) নিগ্রহানু-
গ্রহে (নিরোধ ও প্রবৃত্তি বিষয়ে) শক্তিঃ (সামর্থ্য) [অস্তি-আছে] ॥ ৫০৭

অনুবাদ। যেহেতু মহেশ্বরের আবরণ ও বিক্ষেপ-শক্তির নিরোধ ও প্রবৃত্তি
বিষয়ে সামর্থ্য বিদ্যমান আছে; অতএব শ্রুতি তাঁহাকে “ধীকর্মা” এই সংজ্ঞা
দিয়া থাকেন ॥ ৫০৭

রজসস্তমসশ্চৈব প্রাবল্যং সত্ত্বহানতঃ ।

জীবোপাধৌ তথা জীবে তৎকার্য্যং বলবত্তরম্ ॥ ৫০৮

অর্থ। জীবোপাধৌ (জীবের উপাধিতে—মলিনসত্ত্বপ্রধান অবিদ্যায়)
তথা (তদ্বৎ, সেইরূপ) জীবে (দেহাদিতে অভিমানী পুরুষে) সত্ত্বহানতঃ
(সত্ত্বগুণের অভাব বশতঃ) রজসঃ (রজোগুণের) তমসশ্চ এব (এবং তমো-
গুণেরই) প্রাবল্যং (আধিক্য) তৎকার্য্যং (রজস্তুমোগুণের ফল) বলবত্তরম্
(অধিকতর [দৃষ্ট হয়]) ॥ ৫০৮

অনুবাদ। জীবের উপাধিতে (মলিনসত্ত্বপ্রধান অবিদ্যায়) এবং জীবে
সত্ত্বগুণের অভাববশতঃ রজোগুণ ও তমোগুণের আধিক্য থাকে এবং তাহা-
দের ফলও অধিকতরভাবে পরিদৃষ্ট হয় ॥ ৫০৮

তেন বন্ধোহস্য জীবস্য সংসারোহপি চ তৎকৃতঃ ।

সংপ্রাপ্তঃ সর্বদা যত্র দুঃখং ভুয়ঃ স ঈক্ষতে ॥ ৫০৯

অনুয় । তেন (তজ্জন্ত) অশু (এই) জীবশু (জীবের) বন্ধঃ (বন্ধন)
তৎকৃতঃ (বন্ধনজনিত) সংসারোহপি (গতাগতিও) চ (পাদপূরণার্থক)
সর্বদা (সকল সময়ে) সংপ্রাপ্তঃ (প্রাপ্ত হইয়া থাকে) যত্র (যে অবস্থায়)
সঃ (জীব) ভুয়ঃ (পুনঃপুনঃ) দুঃখঃ (ক্লেশ) দ্রক্ষতে (দেখে—অনুভব
করে) ॥ ৫০৯

অনুবাদ । সেই হেতু (জীবে রজস্তুমোগুণের প্রাবল্যবশতঃ) জীবের বন্ধন
ও সর্বদা বন্ধনজনিত সংসারপ্রাপ্তি হয়, এবং যে অবস্থায় জীব পুনঃপুনঃ
দুঃখ অনুভব করিয়া থাকে ॥ ৫০৯

এতশ্চ সংসৃত্তেহেতুরধ্যাসোহর্থবিপর্যায়ঃ ।

অধ্যাসমূলমজ্ঞানমাহুরাৱতিলক্ষণম্ ॥ ৫১০

অনুয় । অর্থবিপর্যায়ঃ (পদার্থের অগ্রথাকরণরূপ) অধ্যাসম্ (আরোপ)
এতশ্চ (জীবের) সংসৃত্তেঃ (সংসারের) হেতুঃ (কারণ), [পণ্ডিতাঃ—পণ্ডিতেরা]
আৱতিলক্ষণম্ (আবরণরূপ) অজ্ঞানম্ (অবিজ্ঞাকে) অধ্যাসমূলম্ (অধ্যাসের
কারণ) আহঃ (বলিয়া থাকেন) ॥ ৫১০

অনুবাদ । পদার্থের বৈপরীত্যরূপ (রজ্জুপদার্থে সর্পভ্রান্তিরূপ বিপর্যায়)
অধ্যাসই আত্মার সংসারের কারণ ; পণ্ডিতেরা আবরণশক্তিরূপ অজ্ঞানকে
অধ্যাসের হেতু বলিয়া থাকেন ॥ ৫১০

অজ্ঞান-নিবর্তকম্ ।

অজ্ঞানশ্চ নিবৃত্তিস্তু জ্ঞানেনৈব ন কৰ্ম্মণা ।

অবিরোধিতয়া কৰ্ম্ম নৈবাজ্ঞানশ্চ বাধকম্ ॥ ৫১১

অনুয় । জ্ঞানেনৈব (বোধ দ্বারাই) অজ্ঞানশ্চ (অবিদ্যার) নিবৃত্তিঃ
(বিনাশ), তু (কিন্তু) কৰ্ম্মণা (কৰ্ম্ম দ্বারা) ন (নহে—নিবৃত্তি হয় না) ; কৰ্ম্ম
(যজ্ঞাদি কার্য্য) অবিরোধিতয়া (অজ্ঞানের সহিত বিরোধ না থাকায়) অজ্ঞানশ্চ
(অবিদ্যার) বাধকং (নাশক) নৈব (কদাচ হয় না) ॥ ৫১১

অনুবাদ । জ্ঞানের দ্বারাই অজ্ঞানের নিবৃত্তি হয়, কৰ্ম্মের দ্বারা হয় না ;
[কারণ] অজ্ঞানের সহিত কৰ্ম্মের কিছুমাত্র বিরোধ না থাকায়, কৰ্ম্ম অজ্ঞানের
নাশক হইতে পারে না ॥ ৫১১

কৰ্ম্মণা জায়তে জন্তুঃ কৰ্ম্মণৈব প্রলীয়তে ।

কৰ্ম্মণঃ কার্য্যমেবৈষা জন্মমৃত্যুপরম্পরা ॥ ৫১২

অনুয় । জন্তুঃ (প্রাণী) কৰ্ম্মণা (কৰ্ম্মের দ্বারা) জায়তে (জন্মগ্রহণ করে)
কৰ্ম্মণৈব (কৰ্ম্ম দ্বারাই) প্রলীয়তে (নাশপ্রাপ্ত হয়), এষা (এই, দৃশ্যমান)

জন্মমৃত্যুপৰম্পরা (উৎপত্তি-বিনাশ-প্রবাহ) কৰ্ম্মণএব (যজ্ঞাদি কৰ্ম্মেরই)
কার্য্যম্ (ফল) ॥ ৫১২

অনুবাদ । জীব কৰ্ম্ম দ্বারা জন্মলাভ করে [এবং] কৰ্ম্ম দ্বারাই বিনাশ
প্রাপ্ত হয় ; এই জন্মমৃত্যুপ্রবাহ কৰ্ম্মেরই ফল ॥ ৫১২

নৈতস্ম্যাৎ কৰ্ম্মণঃ কার্য্যমন্যদস্তি বিলক্ষণম্ ।

অজ্ঞানকার্য্যং তৎ কৰ্ম্ম যতোহজ্ঞানেন বর্দ্ধতে ॥৫১৩

অনুবাদ । কৰ্ম্মণঃ (কৰ্ম্মের) এতস্ম্যাৎ (ইহা অপেক্ষা—জন্মমরণপ্রবাহ ব্যতীত)
অন্যৎ (অপর) বিলক্ষণং (বিচিত্র) কার্য্যং (ফল) ন অস্তি (নাই), যতঃ
(যেহেতু) তৎ (সেই) কৰ্ম্ম (যজ্ঞাদি) অজ্ঞানকার্য্যং (অজ্ঞানের ফল—অজ্ঞান
হইতে উৎপন্ন) অজ্ঞানেন (অজ্ঞানের দ্বারা) বর্দ্ধতে (বৃদ্ধি প্রাপ্ত হয়) ॥ ৫১৩

অনুবাদ । জন্মমরণপ্রবাহ ব্যতীত কৰ্ম্মের অন্য কোন বিলক্ষণ (মুক্তি)
ফল নাই । কারণ, কৰ্ম্ম অজ্ঞানের কার্য্য এবং অজ্ঞানের দ্বারাই বর্দ্ধিত হয় ॥ ৫১৩

যদ্যেন বর্দ্ধতে তেন নাশস্তস্য ন সিধ্যতি ।

যেন যস্য সহাবস্থা নিরোধায় ন কল্পতে ॥ ৫১৪

অনুবাদ । যৎ (যে বস্তু) যেন (যাহার দ্বারা) বর্দ্ধতে (বৃদ্ধি প্রাপ্ত হয়) তেন
(তাহার দ্বারা) তস্য (তাহার) নাশঃ (বিনাশ) ন সিধ্যতি (সম্পাদিত
হয় না) ; যেন (যাহার সহিত) যস্য (যাহার) সহাবস্থা (একত্রাবস্থান)
[তৎ তস্য=তাহা তাহার] নিরোধায় (নিবৃত্তির নিমিত্ত) ন কল্পতে (সিদ্ধ
হয় না) ॥ ৫১৪

অনুবাদ । যে বস্তু যাহার দ্বারা বর্দ্ধিত হয়, তাহার দ্বারা সে কখনও
বিনাশপ্রাপ্ত হয় না ; যাহার সহিত যে একত্র অবস্থান করে, সে তাহার
নিবর্তক হয় না ॥ ৫১৪ *

নাশকত্বং তদুভয়োঃ কো নু কল্পয়িতুং ক্ষমঃ ।

সর্বং কৰ্ম্মাবিরোধ্যেব সদাজ্ঞানস্য সর্বদা ॥ ৫১৫

অনুবাদ । কঃ (কে) হু (ভোঃ) তদুভয়োঃ (সেই উভয়ের—অজ্ঞানও

* তাৎপর্য্য—অজ্ঞান হইতে কৰ্ম্মের উৎপত্তি হয়, নিত্যশুদ্ধবুদ্ধিরূপ আত্মার ব্রাহ্মণত্বাদি
ধৰ্ম্ম আরোপ করিয়া পুরুষ ব্রাহ্মণোচিত কৰ্ম্ম করিতে প্রবৃত্ত হন, সুতরাং অজ্ঞানই কৰ্ম্মের
কারণ । অজ্ঞান দ্বারা কৰ্ম্ম বৃদ্ধিপ্রাপ্ত হয়, কৰ্ম্ম যখন অজ্ঞানজন্তু এবং অজ্ঞান হইতে বর্দ্ধিত
হয়, তখন কৰ্ম্ম কিরূপে অজ্ঞানের নিবর্তক হইবে ? লোকে দেখা যায়, যে, যাহা হইতে জন্মে
কিংবা বর্দ্ধিত হয়, সে তাহার নাশক হয় না । আরও এক কথা, যে যাহার সহিত একত্র অব-
স্থান করে সে তাহার নাশ বা নাশক হইতে পারে না । আলোক অন্ধকারের বিনাশক,
সুতরাং উভয়ে একত্র অবস্থিতি করে না ; কিন্তু কৰ্ম্ম ও অজ্ঞান একত্র অবস্থান করে, অতএব
কৰ্ম্ম ও অজ্ঞানের নাশক বা নাশভাব নাই, একমাত্র জ্ঞানই অজ্ঞানের নাশক ।

কর্মের) নাশকত্বং (নাশকতা—নাশ-নাশক-ভাব) কল্পয়িতুং (কল্পনা করিতে)
ক্ষমঃ (সমর্থঃ) ? সর্বং (সমস্ত) কর্ম (বজ্রাদি ক্রিয়া) সদা (সকল সময়ে)
অজ্ঞানশ্চ (অজ্ঞানের) সর্বদা (নিয়ত) অবিরোধি এব (বিরোধরহিতই) ॥ ৫১৫

অনুবাদ । কর্ম ও অজ্ঞানের মধ্যে কর্মের অজ্ঞাননাশকত্ব কল্পনা করিতে
কে সমর্থ হয় ? সকল সময়ই অজ্ঞানের সহিত সমস্ত কর্মেরই অবিরোধ
বিদ্যমান রহিয়াছে ॥ ৫১৫

ততোহজ্ঞানস্য বিচ্ছিত্তিঃ কর্মণা নৈব সিধ্যতি ।

যস্য প্রধ্বস্তজনকো যৎ সংযোগোহস্তি তৎক্ষণে ॥ ৫১৬

তয়োরেব বিরোধিত্বং যুক্তং ভিন্নস্বভাবয়োঃ ।

তমঃপ্রকাশয়োর্যদ্বৎ পরস্পর-বিরোধিতা ॥ ৫১৭

অর্থঃ । ততঃ (সেইজন্য) কর্মণা (কর্ম দ্বারা) অজ্ঞানশ্চ (অজ্ঞানের)
বিচ্ছিত্তিঃ (বিয়োগ—বিনাশ) নৈব সিধ্যতি (কখনও সিদ্ধ হয় না), তৎক্ষণে
(সেই মুহূর্ত্তে) যৎসংযোগঃ (যাহার সম্বন্ধ অর্থাৎ জ্ঞানের সংযোগ) যশ্চ (যাহার
—কর্মের) প্রধ্বস্তজনকঃ (নাশের হেতু) অস্তি (আছে) ভিন্নস্বভাবয়োঃ
(বিরুদ্ধধর্মবিশিষ্ট) তয়োরেব (তাহাদের উভয়েরই অর্থাৎ জ্ঞান ও কর্মেরই)
বিরোধিত্বং (বিরোধ) যুক্তং (উচিত) যদ্বৎ (যেমন) তমঃপ্রকাশয়োঃ
(অন্ধকার ও আলোকের) পরস্পর-বিরোধিতা (অগোচর বিরোধ) [বর্ত্ততে=
থাকে] ॥ ৫১৬—৫১৭

অনুবাদ । অতএব কর্ম দ্বারা অজ্ঞানের উচ্ছেদ হইতে পারে না, তৎ-
কালে যাহার সংযোগ যাহার নাশের হেতু, বিরুদ্ধস্বভাব সম্পন্ন তাহাদের
বিরোধ হওয়া উচিত ; যেদ্বারা অন্ধকার ও আলোকের পরস্পর বিরোধ দেখা
যায় ॥ ৫১৬—৫১৭ *

অজ্ঞানজ্ঞানয়োস্তদ্বদ্বয়োরেব দৃশ্যতে ।

ন জ্ঞানেন বিনা নাশস্তস্য কেনাপি সিধ্যতি ॥ ৫১৮

অর্থঃ । তদ্বৎ (সেইরূপ—তমঃ ও প্রকাশের স্থায়) উভয়োঃ (দুই)
অজ্ঞানজ্ঞানয়োরেব (অজ্ঞান এবং জ্ঞানেরই) [বিরুদ্ধত্বং—বিরোধ] দৃশ্যতে
(পরিদৃষ্ট হয়), জ্ঞানেন বিনা (বোধ ব্যতীত) তশ্চ (তাহার—অজ্ঞানের) নাশঃ
(ধ্বংস) কেনাপি (কাহারও দ্বারা) ন সিধ্যতি (সিদ্ধ হয় না) ॥ ৫১৮

* তাৎপর্য—এরূপ একটি সামান্য ব্যাপ্তি (নিয়ম) পরিদৃষ্ট হয়—সমকালে যৎসংযোগ
যাহার ধ্বংসের কারণ, তাহাদের পরস্পর বিরোধ পরিলক্ষিত হয়, যেমন আলোক ও অন্ধকার।
আলোক ও অন্ধকার পরস্পর বিরুদ্ধ পদার্থ ; যৎকালে আলোকের সংযোগ, তৎকালে অন্ধ-
কারের ধ্বংস হইয়া থাকে । সুতরাং আলোক অন্ধকারের ধ্বংসের কারণ । তজ্জন্ম আলোক
ও অন্ধকারের পরস্পর বিরুদ্ধতা বিদ্যমান আছে । সেইরূপ প্রকৃত স্থলে যখন জ্ঞানের সম্বন্ধ
তখনই অজ্ঞানের নাশ ; সুতরাং জ্ঞান অজ্ঞানের ধ্বংসের হেতু ।

অনুবাদ । তমঃ ও প্রকাশের গ্রাম অজ্ঞান ও জ্ঞান উভয়ের পরস্পর বিরোধ পরিদৃষ্ট হয়, জ্ঞান ব্যতীত অজ্ঞানের নাশ অত্র কাহারও দ্বারা হইতে পারে না ॥ ৫১৮

তস্মাদজ্ঞানবিচ্ছিন্ত্যে জ্ঞানং সম্পাদয়েৎ সুধীঃ ।

আত্মানাত্মবিবেকেন জ্ঞানং সিধ্যতি নান্যথা ॥ ৫১৯

অনুবাদ । তস্মাৎ (অতএব) সুধীঃ (বুদ্ধিমান্) অজ্ঞানবিচ্ছিন্ত্যে (অবিজ্ঞান বিনাশের নিমিত্ত) জ্ঞানং (বোধ) সম্পাদয়েৎ (সম্পাদন করিবে), আত্মানাত্ম-বিবেকেন (আত্মা ও অনাত্মা দেহাদির বিবেক দ্বারা) জ্ঞানং (বোধ) সিধ্যতি (সিদ্ধ হয়) ন (না) অন্যথা (অন্যপ্রকারে) ॥ ৫১৯

অনুবাদ । অতএব বুদ্ধিমান্ লোক অজ্ঞাননাশের নিমিত্ত জ্ঞান সম্পাদন করিবে, সেই জ্ঞান (তত্ত্বজ্ঞান) আত্মা ও অনাত্মা—দেহাদির ভেদজ্ঞানের দ্বারা উৎপন্ন হয়, অন্য প্রকারে হয় না ॥ ৫১৯

যুক্ত্যাত্মানাত্মনোস্তুস্মাৎ করণীয়ং বিবেচনম্ ।

অনাত্মনাত্মতাবুদ্ধিগ্রহির্ঘেন বিদীর্ঘ্যতে ॥ ৫২০

অনুবাদ । তস্মাৎ (সেইজন্ত—জ্ঞানের নিমিত্ত) যুক্ত্যা (তর্কের দ্বারা) আত্মানাত্মনোঃ (আত্মা ও অনাত্মার—দেহাদির) বিবেচনং (বিবেক) করণীয়ং (করা উচিত) ; যেন (যাহার দ্বারা—যে বিবেকের দ্বারা) অনাত্মনি (অনাত্মা—দেহাদিতে) আত্মতাবুদ্ধিগ্রহিঃ (আত্মজ্ঞানরূপ গাইট) বিদীর্ঘ্যতে (বিদীর্ণ হয়) ॥ ৫২০

অনুবাদ । সেই নিমিত্ত (তত্ত্বজ্ঞানলাভের জন্ত) যুক্তি দ্বারা আত্মা ও অনাত্মার বিবেক করা কর্তব্য, যাহা দ্বারা অনাত্মাতে আত্মত্ববুদ্ধিরূপ গ্রহি বিনাশপ্রাপ্ত হয় ॥ ৫২০

আত্মানাত্মবিবেকার্থং বিবাদোহয়ং নিরূপ্যতে ।

যেনাত্মানাত্মনোস্তুত্বং বিবিক্তং প্রস্ফুটায়তে ॥ ৫২১

অনুবাদ । আত্মানাত্মবিবেকার্থং (আত্মা ও অনাত্মার বিবেকের নিমিত্ত) অয়ং (এই) বিবাদঃ (কলহ) নিরূপ্যতে (নিরূপিত হইতেছে), যেন (যাহার দ্বারা) আত্মানাত্মনোঃ (আত্মা এবং অনাত্মার—দেহাদির) তত্ত্বং (যথার্থস্বরূপ)-বিবিক্তং (পৃথক্ হইয়া) প্রস্ফুটায়তে (বিশদ হয়) ॥ ৫২১

অনুবাদ । আত্মা ও অনাত্মার বিবেকের নিমিত্ত বাদিপ্রতিবাদিগণের বিবাদ নিরূপিত হইতেছে, যাহা দ্বারা আত্মা ও অনাত্মার প্রকৃতস্বরূপ পৃথগ্-ভাবে অভিব্যক্ত হয় ॥ ৫২১

মূঢ়া অশ্রুতবেদান্তাঃ স্বয়ং পণ্ডিতমানিনঃ ।

ঈশপ্রসাদরহিতাঃ সদ্গুরোশ্চ বহিমুখাঃ ।

বিবদন্তি প্রকারং তং শৃণু বক্ষ্যামি সাদরম্ ॥ ৫২২

অর্থ । মূঢ়াঃ (মোহগ্রস্ত) অশ্রুতবেদান্তাঃ (যাহারা গুরুর নিকট বেদান্ত-শ্রবণ করে নাই, এবংবিধ লোকসকল) স্বয়ং (নিজে) পণ্ডিতমানিনঃ (যাহারা আপনাকে পণ্ডিত বলিয়া মনে করে ঈদৃশ) ঈশপ্রসাদরহিতাঃ (ঈশ্বরের অনুগ্রহবর্জিত) সদ্গুরাঃ বহিমুখাশ্চ (এবং সদ্গুরু হইতে বহিমুখ) [ঈদৃশী জনাঃ—এইরূপ লোকসকল] বিবদন্তি (কলহ করিয়া থাকে) তং (সেই) প্রকারং (রীতি—বিবাদের প্রণালী) বক্ষ্যামি (বলিব), সাদরং (আদরের সহিত) শৃণু (শ্রবণ কর) ॥ ৫২২

অনুবাদ । অহু, বেদান্তশ্রবণপরাঙ্কুথ, নিজেই পাণ্ডিত্যাভিমानी ঈশ্বরের অনুগ্রহরহিত, সদ্গুরুর কৃপা হইতে বিমুখ লোকগণ [আত্মবিষয়ে] বিবাদ করিয়া থাকে, তাহার প্রকার তোমাকে বলিতেছি, তুমি আদরসহকারে শ্রবণ কর ॥ ৫২২

পুত্রাত্মবাদঃ ।

অত্যন্তপামরঃ কশ্চিৎ পুত্র আত্মেতি মন্যতে ॥ ৫২৩

অর্থ । কশ্চিৎ (কোন) অত্যন্তপামরঃ (অতিশয় অধম ব্যক্তি) পুত্রঃ (তনয়) আত্মা (স্বস্বরূপ) ইতি (ইহা) মন্যতে (অঙ্গীকার করে—বলিয়া থাকে) ॥ ৫২৩

অনুবাদ । অত্যন্ত পামর কোন কোন ব্যক্তি পুত্রকে আত্মা বলিয়া মনে করে ॥ ৫২৩

আত্মনীব স্বপুল্রেহপি প্রবলপ্রীতিদর্শনাৎ ।

পুল্রে তু পুষ্টে পুষ্টোহহং নষ্টে নষ্টোহহমিত্যতঃ ॥ ৫২৪

অনুভূতিবলাচ্চাপি যুক্তিতোহপি শ্রুতেরপি ।

আত্মা বৈ পুল্লনামাসীত্যেবং চ বদতি শ্রুতিঃ ॥ ৫২৫

অর্থ । আত্মনি ইব (আত্মাতে যেরূপ) [সেইরূপ] স্বপুল্রেহপি (নিজ তনয়েও) প্রবলপ্রীতিদর্শনাৎ (অতিশয় প্রেম দেখা যায় বলিয়া) পুল্রে তু (তনয়ে) পুষ্টে (পুষ্ট—বর্দ্ধিত হইলে) অহং (আমি) পুষ্টঃ (বর্দ্ধিত), নষ্টে (নষ্ট হইলে) অহং (আমি) নষ্টঃ (নাশপ্রাপ্ত) ইতি (এইরূপ) অতঃ (কারণ বশতঃ) অনুভূতিবলাচ্চ অপি (এবং অনুভব-বশতঃও) যুক্তিতঃ অপি (তর্কের

ছারাও) শ্রুতেরপি (শ্রুতিপ্রমাণহেতুও) ; আত্মা (স্বস্বরূপ) বৈ (পাদপূরণার্থক)
পুত্রনামা (পুত্রনামক) অসি (হও) ইতি (ইহা) এবং চ (এবং এইরূপ)
শ্রুতিঃ (বেদ) বদতি (বলিয়া থাকে) ॥ ৫২৪—৫২৫

অনুবাদ । [অত্যন্ত অধম ব্যক্তির পুত্রকে আত্মা কেন বলে, তাহার
কারণ প্রদর্শিত হইতেছে] পুত্র পৃষ্ঠ হইলে আমি পৃষ্ঠ হই, পুত্র নষ্ট হইলে
আমি নষ্ট হই, এই হেতুবশতঃ, অমুভববলে, যুক্তিবশতঃ এবং শ্রুতিপ্রমাণবলে
[অধম ব্যক্তির পুত্রকে আত্মা বলিয়া মনে করে] পুত্রের নাম আত্মা—একথা
শ্রুতিও বলিয়াছেন ॥ ৫২৪—৫২৫

দীপাদীপো যথা তদ্বৎ পিতুঃ পুত্রঃ প্রজায়তে ।

পিতুগুণানাং তনয়ে বীজাকুরবদীক্ষণাৎ ।

অতোহয়ং পুত্র আয়েতি মন্যতে ভ্রান্তিমত্তমঃ ॥ ৫২৬

অর্থঃ । যদ্বৎ (যেরূপ) দীপাৎ (প্রদীপ হইতে) দীপঃ (প্রদীপ) তদ্বৎ
(সেইরূপ) পিতুঃ (পিতা হইতে) পুত্রঃ (সূত) প্রজায়তে (উৎপন্ন হয়) তনয়ে
(পুত্রে) পিতুঃ (পিতার) গুণানাং (গুণসমূহের) বীজাকুরবৎ (বীজের গুণ
যেমন অঙ্কুরে থাকে, সেইরূপ) দীক্ষণাৎ (দেখা যায় বলিয়া) অতঃ (এই
কারণবশতঃ) অয়ং (এই) পুত্রঃ (সূত) আত্মা (স্বস্বরূপ) ইতি (ইহা)
ভ্রান্তিমত্তমঃ (অত্যন্ত ভ্রান্ত ব্যক্তি) মন্যতে (মনে করে) ॥ ৫২৬

অনুবাদ । প্রদীপ হইতে প্রদীপান্তরের স্থায় পিতা হইতে পুত্র উৎপন্ন হয়,
অঙ্কুরে বীজের গুণসমূহের স্থায় পুত্রেও পিতার গুণরাজি দৃষ্ট হয় ; এই নিমিত্ত
অত্যন্ত ভ্রান্ত ব্যক্তি পুত্রকে আত্মা বলিয়া মনে করে ॥ ৫২৬

দেহাত্মবাদঃ ।

তন্মতং দূষয়ত্যন্যঃ পুত্রঃ আত্মা কথং ত্বিত্তি ॥ ৫২৭

অর্থঃ । অন্তস্ত (পরস্তু অপর বাদী)—পুত্রঃ (তনয়) কথং (কিরূপে)
আত্মা (স্বস্বরূপ) ইতি (এইরূপ) [উক্তা—বলিয়া] তন্মতং (পুত্রাত্মবাদী
মতকে) দূষয়তি (দূষিত করে—দোষ দেয়) ॥ ৫২৭

অনুবাদ । পুত্র কিরূপে আত্মা হইতে পারে, এই বলিয়া অপরবাদী
পুত্রাত্মবাদীর মতে দোষ প্রদান করে ॥ ৫২৭

প্রীতিমাত্রাৎ কথং পুত্র আত্মা ভবিতুমর্হতি ।

অন্যত্রাপীক্ষ্যতে প্রীতিঃ ক্ষেত্রপাত্রধনাদিষু ॥ ৫২৮

অর্থঃ । পুত্রঃ (সূত) প্রীতিমাত্রাৎ (আনন্দবশতঃ অর্থাৎ পুত্রে অত্য
ভালবাসা, এই হেতু) কথং (কিরূপে) আত্মা (স্বস্বরূপ) ভবিতুং (হইতে

অর্হতি (যোগ্য হয়) অশ্রুত (পুত্র ভিন্ন বস্তু) ক্ষেত্রপাত্রধনাদিষু অপি (ভূমি, ভাজন ও ধন প্রভৃতিতেও) প্রীতিঃ (প্রণয়) ঈক্ষ্যতে (দৃষ্ট হয়) ॥ ৫২৮

অনুবাদ । পুত্রকে অত্যন্ত ভালবাসা যায় বলিয়া কিরূপে পুত্র আত্মা হইতে পারে ? পুত্র ভিন্ন ভূমি, পাত্র এবং ধনপ্রভৃতিতেও প্রীতি দেখা যায় ॥ ৫২৮

পুত্রাদ্বিশিষ্টা দেহেহস্মিন্ প্রাণিনাং প্রীতিরিষ্যতে ।

প্রদীপ্তে ভবনে পুত্রং ত্যক্ত্বা জন্তুঃ পলায়তে ॥ ৫২৯

অন্বয় । অস্মিন্ (এই) দেহে (শরীরে) প্রাণিনাং (জীবসমূহের) পুত্রাং (স্মৃত অপেক্ষা) বিশিষ্টা (বিশেষরূপ) প্রীতিঃ (প্রেম) ইষ্যতে (ইষ্ট হয়) ; [কারণ] ভবনে (গৃহে) প্রদীপ্তে (আগুন লাগিলে) জন্তুঃ (প্রাণী—লোক) পুত্রং (স্মৃতকে) ত্যক্ত্বা (ত্যাগ করিয়া) পলায়তে (পলায়ন করে) ॥ ৫২৯

অনুবাদ । এই দেহে পুত্র অপেক্ষা অধিক পরিমাণে প্রীতি দেখা যায় ; [কারণ] গৃহে অগ্নিসংযুক্ত হইলে জীব পুত্রকে পরিত্যাগ করিয়া পলায়ন করে ॥ ৫২৯

তং বিক্রীণাতি দেহার্থং প্রতিকূলং নিহন্তি চ ।

তস্মাদাত্মা তু তনয়ো ন ভবেচ্চ কদাচন ॥ ৫৩০

অন্বয় । [জনঃ=লোক] দেহার্থং (নিজ শরীর রক্ষার নিমিত্ত) তং (তাহাকে—পুত্রকে) বিক্রীণাতি (বিক্রীত করে) প্রতিকূলং চ (এবং অনিষ্টকারী পুত্রকে) নিহন্তি (হনন করে,—বধ করে) তস্মাচ্চ (অতএব এই কারণ বশতঃ) তু (কিন্তু) তনয়ঃ (পুত্র) কদাচন (কখনও) আত্মা (স্বস্বরূপ) ন ভবেৎ (হয় না) ॥ ৫৩০

অনুবাদ । দেহরক্ষার নিমিত্ত লোক পুত্রকে বিক্রয় করে ; পুত্র প্রতিকূল হইলে তাহাকে বিনাশ করে ; অতএব পুত্র কখনও আত্মা হইতে পারে না ॥ ৫৩০

গুণরূপাদিসাদৃশ্যং দীপবন্ন স্মতে পিতুঃ ।

অব্যঙ্গাজ্জায়তে ব্যঙ্গঃ স্মৃগুণাদপি দুগুণঃ ॥ ৫৩১

অন্বয় । স্মতে (পুত্রে) দীপবৎ (দীপের তায়—একটি দীপের গুণ যেমন অপর দীপের হইয়া থাকে, সেইরূপ) পিতুঃ (পিতার) গুণরূপাদিসাদৃশ্যং (গুণ ও রূপ প্রভৃতির তুল্যতা) ন (নাই), [কথম্? = কেন নাই?] অব্যঙ্গাৎ (অবিকলাঙ্গ পিতা হইতে) ব্যঙ্গ (বিকলাঙ্গ পুত্র) [এবং] স্মৃগুণাৎ [গুণবান্ পিতা হইতে) দুগুণঃ (গুণহীন পুত্র) জায়তে (জন্মে) ॥ ৫৩১

অনুবাদ । একটি দীপ হইতে উৎপন্ন অন্য দীপ যেমন পূর্বদীপের সদৃশ রূপগুণাদিযুক্ত হয়, সেইরূপে পুত্রে পিতার রূপগুণাদি সাদৃশ্য নাই ; [কারণ] অবিকলাঙ্গ পিতা হইতে বিকলাঙ্গ পুত্র এবং গুণবান্ পিতা হইতে নিগুণ পুত্র উৎপন্ন হয় ॥ ৫৩১

আভাসমাত্রাস্তাঃ সর্বা যুক্তয়োহপ্যুক্তয়োহপি চ ।

পুত্রশ্চ পিতৃবদ্গেহে সর্বকার্যেষু বস্তৃষু ॥ ৫৩২

স্বামিত্বছোতনায়াম্বিন্মাত্মত্বমুপচর্যতে ।

শ্রুত্যা তু মুখ্যয়া বৃত্ত্যা পুত্র আত্মেতি নোচ্যতে ॥৫৩৩

অন্বয় । সর্বাঃ (সমস্ত) তাঃ (সেই) যুক্তয়ঃ অপি (তর্কসমূহও) উক্তয়ঃ
অপি (এবং বাক্যগুলিও) আভাসমাত্রাঃ (প্রকৃত যুক্তি নহে কিন্তু, যুক্ত্যাভাস,
বস্তৃতঃ উক্তি নহে কিন্তু বাক্যাভাস,) পিতৃবৎ (পিতার স্থায়) গেহে (গৃহে)
সর্বকার্যেষু (সকল কার্যে) বস্তৃষু (সমস্ত বস্তৃতে) পুত্রশ্চ (তনয়ের)
স্বামিত্বছোতনায় (প্রভুত্ব সূচনার নিমিত্ত) অম্বিন্ (পুত্রে) আত্মত্বং (স্বরূপত্ব)
উপচর্যতে (আরোপ করা হয়, গৌণভাবে প্রযুক্ত হয়), তু (কিন্তু) শ্রুত্যা
(শ্রুতিকর্তৃক) মুখ্যয়া বৃত্ত্যা (অভিধা শক্তি দ্বারা) পুত্র (তনয়) আত্মা
(স্বরূপ) ইতি (ইহা) ন উচ্যতে (কথিত হয় না) ॥ ৫৩২—৫৩৩

অনুবাদ । পূর্বোক্ত সমস্ত যুক্তি ও উক্তি আভাসমাত্র, [প্রকৃত যুক্তি
নহে, যুক্তির স্থায় প্রতিভাসমান হয়, স্মৃতরাং যুক্তিগুলি যুক্ত্যাভাস, এবং
বাক্যগুলি বাক্যাভাস] পিতার যেমন গৃহে সমস্ত কার্যে এবং সকল বস্তৃতে
প্রভুত্ব আছে, পুত্রে সেইরূপ প্রভুত্ব সূচনার নিমিত্ত পুত্রে আত্মশব্দের উপচার
(গৌণপ্রয়োগ) করা হয়, শ্রুতি কোণারও মুখ্য বৃত্তি (অভিধা শক্তি) দ্বারা
পুত্রকে আত্মা বলেন না ॥ ৫৩২—৫৩৩

ঔপচারিকমাত্মত্বং পুত্রে তস্মান্ন মুখ্যতঃ ।

অহংপদপ্রত্যয়ার্থো দেহ এব ন চেতরঃ ॥ ৫৩৪

অন্বয় । তস্মাৎ (তজ্জন্ম) পুত্রে (তনয়ে) ঔপচারিক (গৌণ) আত্ম
(স্বরূপ) মুখ্যতঃ (মুখ্যভাবে) ন (নহে), দেহ এব (শরীর ই) অহং
পদ প্রত্যয়ার্থঃ (অহংশব্দের জ্ঞানের বিষয়) নচ ইতরঃ (পুত্রাদি নহে—
অহং পদ প্রত্যয়ার্থ নহে) ॥ ৫৩৪

অনুবাদ । অতএব পুত্রে যে আত্মত্ব, তাহা গৌণ, মুখ্যরূপে নহে ; এক
মাত্র দেহই অহংজ্ঞানের বিষয়, পুত্রাদি নহে ॥ ৫৩৪

প্রত্যক্ষঃ সর্বজন্তুনাং দেহোহহমিতি নিশ্চয়ঃ ।

এষ পুরুষোহন্নরসময় ইত্যপি চ শ্রুতিঃ ॥ ৫৩৫

অন্বয় । অহং (আমি) দেহঃ (শরীর) ইতি (এইরূপ) সর্বজন্তুনাং
(সকল প্রাণীর) নিশ্চয় (অবধারণ) প্রত্যক্ষঃ (অপরোক্ষ), এষঃ (এই
পুরুষঃ (দেহরূপ পুরুষ) অন্নরসময় (অন্নরসের বিকার) ইত্যপিচ (ইহাও
শ্রুতিঃ (বেদবাক্য) [অস্তি—আছে] ॥ ৫৩৫

অনুবাদ । দেহই আমি (অহংপদবাচ্য) এরূপ সমস্ত প্রাণীর প্রত্যক্ষ নিশ্চয় আছে ; এই পুরুষ [দেহ] আমার সারাংশের বিকারভূত, ইহা শ্রুতি বলিয়া থাকেন ॥ ৫৩৫

পুরুষত্বং বদত্যস্মি স্বাত্মা হি পুরুষস্ততঃ ।

আত্মায়ং দেহ এবতি চার্ব্বাকেন বিনিশ্চিতম্ ॥৫৩৬

অর্থ । [শ্রুতিঃ=শ্রুতি] অস্মি (এই দেহের) পুরুষত্বং (পুরুষত্ব) বদতি (বলিয়া থাকেন) ততঃ (সেইজন্য) পুরুষঃ (দেহ) স্বাত্মা (স্বস্বরূপ) হি (অবধারণ) অয়ং (এই—দৃশ্যমান) দেহএব (শরীরই) আত্মা (স্বস্বরূপ) ইতি (ইহা) চার্ব্বাকেন (চার্ব্বাককর্তৃক—বৃহস্পতি কর্তৃক) বিনিশ্চিতম্ (স্থিরীকৃত হইয়াছে) ॥ ৫৩৬

অনুবাদ । শ্রুতি এই শরীরকে পুরুষ বলিয়া থাকেন, অতএব পুরুষই আত্মা ; এই দৃশ্যমান শরীরই আত্মা—ইহা চার্ব্বাক কর্তৃক অবধারিত হইয়াছে ॥ ৫৩৬

ইন্দ্রিয়াত্ববাদঃ ।

তন্মতং দুষয়ত্যন্যোহসহমানঃ পৃথগ্জনঃ ।

দেহ আত্মা কথং নু স্মাৎ পরতন্ত্রো হচেতনঃ ॥৫৩৭

অর্থ । অসহমানঃ (দেহাত্মবাদে অসহিষ্ণু) অন্তঃ (অপর) পৃথগ্জনঃ (সাধারণ লোক—মূর্খ—বাহুদৃষ্টি) তন্মতং (দেহাত্মবাদীর মতকে) দুষয়তি (দূষিত করে), নু (ভো !) হি (যোহেতু) পরতন্ত্রঃ (পরাধীন) অচেতনঃ (জড়) দেহঃ (শরীর) কথং (কিরূপে) আত্মা (স্বস্বরূপ) স্মাৎ (হয়) ॥ ৫৩৭

অনুবাদ । অপর অস্ত্র দেহাত্মবাদীর মত সহ করিতে না পারিয়া সেই মতে দোষ প্রদান করে, [ইন্দ্রিয়ের] অধীন, জড় দেহ কিরূপে আত্মা হইতে পারে ? ॥ ৫৩৭

ইন্দ্রিয়ৈশ্চাল্যমানোহয়ং চেষ্ঠতে ন স্বতঃ কচিৎ ।

আশ্রয়শ্চক্ষুরাদীনাং গৃহবদ্গৃহমেধিনাম্ ॥ ৫৩৮

অর্থ । অয়ং (এই—দেহ) ইন্দ্রিয়ৈঃ (ইন্দ্রিয়গণ কর্তৃক) চাল্যমানঃ (পরিচালিত হইয়া) চেষ্ঠতে (ব্যাপার করে) কচিৎ (কোথাও) স্বতঃ (স্বভাবতঃ) ন [চেষ্ঠতে=ব্যাপার করে না] [অয়ং=এই দেহ] গৃহমেধিনাং (গৃহস্থগণের) গৃহবৎ (ঘরের ঠায়) চক্ষুরাদীনাং (নেত্র প্রভৃতি ইন্দ্রিয়গণের) আশ্রয়ঃ (অবলম্বন) ॥ ৫৩৮

অনুবাদ । এই দেহ ইন্দ্রিয়গণ কর্তৃক পরিচালিত হইয়া ক্রিয়া করে, নিজে

কোথায়ও ব্যাপ্ত হয় না ; গৃহ যেমন গৃহস্থগণের আশ্রয়, তদ্রূপ দেহ ইন্দ্রিয়-
গণের আশ্রয় ॥ ৫৩৮

বাল্যাদিনানাবস্থাবান্ শুক্রশোণিতসম্ভবঃ ।

অতঃ কদাপি দেহশ্চ নান্নহ্মুপপদ্যতে ॥ ৫৩৯

অর্থঃ । [অর্থঃ দেহঃ—এই দেহ] বাল্যাদিনানাবস্থাবান্ (বাল্যযৌবন
প্রভৃতি অনেক অবস্থায়ুক্ত) [এবং] শুক্রশোণিতসম্ভবঃ (পিতৃবীৰ্য্য ও মাতৃরক্ত
হইতে জাত) অতঃ (এই জন্ত) কদাপি (কখনও) দেহশ্চ (শরীরের) আত্মা
(স্বস্বরূপতা) ন উপপদ্যতে (উপপন্ন হয় না—যুক্তিযুক্ত হয় না) ॥ ৫৩৯

অনুবাদ । এই শরীর বাল্য-যৌবনাদি বিবিধ অবস্থায়ুক্ত এবং পিতৃবীৰ্য্য
ও মাতৃশোণিত হইতে উৎপন্ন : অতএব কখনও দেহ আত্মা হইতে
পারে না ॥ ৫৩৯

বধিরোহহং চ কাণোহহং মূক ইত্যনুভূতিতঃ ।

ইন্দ্রিয়ানি ভবন্ত্যাত্মা যেষামন্ত্যর্থবেদনম্ ॥ ৫৪০

অর্থঃ । অহং (আমি) বধিরশ্চ (এবং শ্রবণশক্তিহীন—কান্না) অহং
(আমি) কাণঃ (চক্ষুহীন) [অহং=আমি] মূকঃ (বাক্শক্তিবিহীন—বোবা)
ইতি (এইরূপ) অনুভূতিতঃ (অনুভবপ্রযুক্ত) ইন্দ্রিয়ানি (চক্ষুঃ প্রভৃতি) আত্মা
(স্বস্বরূপ) ভবন্তি (হয়) যেষাং (যাহাদের—চক্ষুঃ প্রভৃতির) অর্থবেদনং
(বিষয় বিজ্ঞান) অস্তি (আছে) ॥ ৫৪০

অনুবাদ । আমি বধির (শ্রবণশক্তিবিহীন), আমি কাণ (নেত্রবিহীন),
আমি মূক (বাক্শক্তিবিহীন), এইরূপ অনুভববশতঃ ইন্দ্রিয়গণ আত্মা হইতে
পারে ; [কারণ] ইন্দ্রিয়গণের বিষয়-জ্ঞান বিদ্যমান আছে ॥ ৫৪০

ইন্দ্রিয়াণাং চেতনত্বং দেহে প্রাণাঃ প্রজাপতিম্ ।

এতমেতেত্যুচুরিতি শ্রুতৈব্য প্রতিপাদ্যতে ॥ ৫৪১

অর্থঃ । দেহে (শরীরে) প্রাণাঃ (ইন্দ্রিয়গণ) এতৎ (এই) প্রজাপতিম্
(প্রজাপতিকে) এত্যা (পাইয়া) ইতি (এইরূপ) উচুঃ (বলিয়াছিল) ইতি
(এই) শ্রুত্যা এব (শ্রুতিকর্তৃকই) ইন্দ্রিয়াণাং (ইন্দ্রিয়সমূহের) চেতনত্ব
(চৈতন্য) প্রতিপাদ্যতে (প্রতিপাদিত হইতেছে) ॥ ৫৪১

অনুবাদ । শরীরস্থিত ইন্দ্রিয়গণ প্রজাপতির সমীপে গমন করিয়া এই-
রূপ বাক্য বলিয়াছিল—এই শ্রুতিদ্বারাও ইন্দ্রিয়দিগের চৈতন্য প্রতিপাদিত
হইতেছে ॥ ৫৪১

যতস্তস্মাদিন্দ্রিয়াণাং যুক্তমাত্মত্বমিত্যমুম্ ।

নিশ্চয়ং দূষয়ত্যন্যোহসহমানঃ পৃথগ্জনঃ ॥ ৫৪২

অনুবাদ । যতঃ (যেহেতু—শ্রুতি এরূপ বলেন) তস্মাৎ (সেইজন্য) ইন্দ্রিয়াণাং (ইন্দ্রিয়দিগের) আত্মত্বং (স্বস্বরূপত্ব) যুক্তম্ (উচিত) ইতি (এইরূপ) অমুং (এই) নিশ্চয়ং (অবধারণকে) অসহমানঃ (অসহিষ্ণু) অন্তঃ (অপর) পৃথগ্-জনঃ (পামর, মূর্খ) দুষয়তি (দূষিত করে, দোষ দেয়) ॥ ৫৪২

অনুবাদ । [যেহেতু শ্রুতি এইরূপ প্রতিপাদন করেন] অতএব ইন্দ্রিয়-গণের আত্মত্বই যুক্তিযুক্ত, অন্ত মূর্খ এইরূপ নিশ্চয়ে অসহিষ্ণু হইয়া তাহাতে দোষ প্রদান করে ॥ ৫৪২

প্রাণাত্মবাদঃ ।

ইন্দ্রিয়ানি কথং ত্বাত্মা করণানি কুঠারবৎ ।

করণস্য কুঠারাদেশে চ তনত্বং ন হীক্ষ্যতে ॥ ৫৪৩

অনুবাদ । তু (কিন্তু) ইন্দ্রিয়ানি (ইন্দ্রিয়সমূহ) কথং (কিরূপে) আত্মা (স্বস্বরূপ) [ভবেৎ=হয়], [যতঃ—কারণ] করণানি (করণগুলি) কুঠারবৎ (কুঠারের—পরশুর ত্বায় অচেতন হইয়া থাকে) কুঠারাদেঃ (পরশু প্রভৃতি) করণস্য (করণসমূহের) চেতনত্বং (চৈতন্য) ন (না) হি (যেহেতু) হীক্ষ্যতে (দৃষ্ট হয়) ॥ ৫৪৩

অনুবাদ । ইন্দ্রিয়সমূহ কিরূপে আত্মা হইবে? করণগুলি কুঠারের ত্বায় (জড়) হইয়া থাকে; কুঠার প্রভৃতি করণের চৈতন্য [কুত্রাপি] পরিলক্ষিত হয় না ॥ ৫৪৩

শ্রুত্যাধিদেবতাবাদ ইন্দ্রিয়েষু পচর্য্যতে * ।

ন তু সাক্ষাদিন্দ্রিয়াণাং চেতনত্বমুদীর্য্যতে ॥ ৫৪৪

অনুবাদ । শ্রুত্যা (শ্রুতিকর্তৃক) অধিদেবতাবাদঃ (ইন্দ্রিয়ের অধিষ্ঠাত্রী দেবতা-দের কথন) ইন্দ্রিয়েষু (সেই সেই দেবতা দ্বারা অধিষ্ঠিত ইন্দ্রিয়সমূহে) উপচর্য্যতে (গৌণভাবে প্রযুক্ত হইয়াছে), তু (কিন্তু) সাক্ষাৎ (প্রত্যক্ষভাবে) ইন্দ্রিয়াণাং (ইন্দ্রিয়গণের) চেতনত্বং (চৈতন্য) ন উদীর্য্যতে (শ্রুতিকর্তৃক আভাহিত হয় না) ॥ ৫৪৪

অনুবাদ । শ্রুতিতে যে ইন্দ্রিয়গণের উক্তি প্রত্যুক্তির বিষয় দেখা যায়, তাহা সাক্ষাৎ ইন্দ্রিয়দিগের নহে, কিন্তু সেই সেই ইন্দ্রিয়ের অধিষ্ঠাত্রী দেবতাদের প্রত্যুক্তি ইন্দ্রিয়সমূহে আরোপ করা হয় মাত্র; শ্রুতি সাক্ষাৎ ইন্দ্রিয়দিগের চৈতন্য বলেন নাই ॥ ৫৪৪

* শ্রুত্যাধিদেবতামেবেন্দ্রিয়েষু পচর্য্যতে—ইতি পাঠান্তরম্ ।

অচেতনশ্চ দীপাদেবরথাভাসকতা যথা ।

তথৈব চক্ষুরাদীনাং জড়ানাংপি সিধ্যতি ॥ ৫৪৫

অর্থঃ । অচেতনশ্চ (চৈতন্যবিহীন) দীপাদেঃ (প্রদীপ প্রভৃতির) যথা (যেরূপ) অর্থাভাসকতা (বিষয়-প্রকাশকত্ব) তথা এব (সেইরূপই) জড়ানাং (অচেতন) চক্ষুরাদীনাংপি (চক্ষুঃ প্রভৃতিরও) [অর্থাভাসকতা—বিষয়-প্রকাশকতা] সিধ্যতি (সিদ্ধ হয়) ॥ ৫৪৫

অনুবাদ । [বিষয়-বিজ্ঞান থাকায় ইন্দ্রিয় আত্মা হইতে পারে—এইরূপ যে যুক্তি দেওয়া হইয়াছিল, তাহার ব্যভিচার প্রদর্শিত হইতেছে—] অচেতন প্রদীপ প্রভৃতি যেমন বিষয় প্রকাশ করে, তদ্রূপ জড় চক্ষু প্রভৃতি ইন্দ্রিয়গণেরও বিষয়-প্রকাশকত্ব সিদ্ধ হইতে পারে ॥ ৫৪৫

ইন্দ্রিয়াণাং চেষ্টয়িতা প্রাণোহয়ং পঞ্চবৃত্তিকঃ ।

সর্বাবস্থাস্বস্থাবান্ সোহয়মাত্মত্বমহিতি ।

অহং ক্ষুধাবান্ তৃষ্ণাবান্ ইত্যাত্মনুভবাদপি ॥ ৫৪৬

অর্থঃ । অয়ং (এই) পঞ্চবৃত্তিকঃ (প্রাণ, অপান, সমান, উদান ব্যান—এই পাঁচটি বৃত্তি—অবস্থা-বিশিষ্ট) প্রাণঃ (মুখ্য প্রাণ) ইন্দ্রিয়াণাং (ইন্দ্রিয়গণের) চেষ্টয়িতা (ব্যাপার-কারক) সর্বাবস্থাস্থ (সমস্ত অবস্থাতে) অবস্থাবান্ (অবস্থা-যুক্ত) সঃ (সেই) অয়ং (এই প্রাণ) আত্মত্বং (স্বস্বরূপতা) অহিতি (প্রাপ্ত হয়), অহং (আমি) ক্ষুধাবান্ (ক্ষুধাযুক্ত) তৃষ্ণাবান্ (পিপাসাতুর) ইত্যাত্মনুভবাদপি (এইরূপ অনুভূতিবশতঃ ও) [প্রাণ আত্মা হইবে] ॥ ৫৪৬

অনুবাদ । প্রাণ, অপান, সমান, উদান ও ব্যান—এই পাঁচটি বৃত্তি-বিশিষ্ট মুখ্য প্রাণ ইন্দ্রিয়গণের ব্যাপারের হেতু ; বাল্য যৌবন প্রভৃতি সমস্ত অবস্থাতে অবস্থা-বিশিষ্ট এই প্রাণ আত্মা হইতে পারে । আমি ক্ষুধার্ত, আমি পিপাসাতুর—এইরূপ অনুভব-বলেও প্রাণকে আত্মা বলা যায় ॥ ৫৪৬

শ্রুত্যান্মোহন্তর আত্মা প্রাণময় ইতীর্ষ্যতে যস্মাৎ ।

তস্মাৎ প্রাণশ্চাত্মত্বং যুক্তং নো করণসংজ্ঞানাং কাপি ॥ ৫৪৭

অর্থঃ । যস্মাৎ (যেহেতু) শ্রুত্যা (শ্রুতিকর্তৃক) অন্তঃ (অপর) অন্তরঃ (অভ্যন্তরস্থ) আত্মা (স্বরূপ) প্রাণময়ঃ (প্রাণ-প্রচুর) ইতি (এইরূপ) ইর্ষ্যতে (কথিত হয়), তস্মাৎ (সেইজন্য) প্রাণশ্চ (প্রাণের) আত্মত্বং (স্বস্বরূপত্ব) যুক্তং (উচিত), করণসংজ্ঞানাং (চক্ষুঃ প্রভৃতি ইন্দ্রিয়গুলির) কাপি (কোথাও) নো (না, অর্থাৎ আত্মত্ব নহে) ॥ ৫৪৭

অনুবাদ । অন্তরময় কোশ হইতে আরও অন্তরস্থিত প্রাণময় কোশই আত্মা—এ কথা শ্রুতি বলিয়াছেন, অতএব প্রাণই আত্মা, ইন্দ্রিয়সমূহ আত্মা নহে ॥ ৫৪৭

মন-আত্মবাদঃ ।

ইতি নিশ্চয়মেতশ্চ দূষয়ত্যপরো জড়ঃ ।

ভবত্যাত্মা কথং প্রাণো বায়ুরেবৈষ আত্মনঃ * ॥৫৪৮

অনুয় । অপরঃ (অশ্র) জড়ঃ (মূর্খ) এতশ্চ (ইহার—প্রাণাত্মবাদীর) ইতি (এইরূপ) নিশ্চয়ং (অবধারণকে) দূষয়তি (দূষিত করে), প্রাণঃ (প্রাণবায়ু) কথং (কিরূপে) আত্মা (স্বস্বরূপ) ভবতি (হয়) এষঃ (এই প্রাণ), আত্মনঃ (আত্মার) বায়ুঃ এব (পবনই) ॥ ৫৪৮

অনুবাদ । অশ্র অশ্র প্রাণাত্মবাদীর এবংবিধ নিশ্চয়ে দোষ দিয়া থাকে, [তাহারা বলে—] প্রাণ কিরূপে আত্মা হইবে? ইহা আত্মার (আত্মা হইতে জাত) বায়ু মাত্র ॥ ৫৪৮

বহির্ঘাত্যন্তরায়াতি ভস্মিকা বায়ুবম্মুহঃ ।

ন হিতং বাহিতং বা স্বমন্যদ্ বা বেদ কিঞ্চন ॥৫৪৯

অনুয় । [ঐষ বায়ুঃ—এই বায়ু] ভস্মিকা বায়ুবৎ (কর্মকারের যন্ত্রবিশেষ অর্থাৎ ভস্মা বা ঝাঁতার বায়ুর শ্রায়) মুহঃ (পুনঃ পুনঃ) বহিঃ (বাহিরে) য়াতি (যায়) [এবং] অন্তঃ (দেহের মধ্যে) আয়াতি (আসে), হিতম্ (ইষ্ট) বা (কিংবা) অহিতং (অনিষ্ট) বা (অথবা) স্বম্ (আপনাকে) অশ্রং (অশ্রকে) বা (অথবা) কিঞ্চন (কিছু) ন বেদ (জানে না) ॥ ৫৪৯

অনুবাদ । [কামারের] ভস্মার (ঝাঁতার) বায়ু যেমন পুনঃ পুনঃ বাহিরে যায় এবং ভিতরে আসে, সেইরূপ এই বায়ুও একবার দেহের বাহিরে যায় এবং আবার দেহের অভ্যন্তরে আসিয়া থাকে, ইহা হিত, অথবা অহিত, আপনাকে বা পরকে কিছুই জানে না ॥ ৫৪৯

জড়স্বভাবশ্চপলঃ কস্ম্যুক্তশ্চ সর্বদা ।

প্রাণশ্চ ভানং মনসি স্থিতে সুষ্পে ন দৃশ্যতে ॥৫৫০

অনুয় । [এষ বায়ুঃ—এই বায়ু] জড়স্বভাবঃ (অচেতন) চপল (চঞ্চল) সর্বদা (সকল সময়ে) কস্ম্যুক্তশ্চ (এবং ক্রিয়াবিশিষ্ট)—সুষ্পে (সুষুপ্ত পুরুষে) মনসি (মনঃ) স্থিতে (বর্তমান থাকিতে) প্রাণশ্চ (প্রাণের) ভানং (ভান=জ্ঞান) ন দৃশ্যতে (দৃষ্ট হয় না) ॥ ৫৫০

অনুবাদ । প্রাণ অচেতন, চঞ্চল এবং সর্বদা ক্রিয়াশীল, সুষুপ্তব্যক্তিতে মনঃই বর্তমান থাকে, প্রাণের জ্ঞানশক্তি পরিলক্ষিত হয় না [অথবা—সুষুপ্ত ব্যক্তিতে মনঃ বিদ্যমান থাকে, কিন্তু প্রাণের অনুভব হয় না] ॥ ৫৫০

* আন্তরঃ ইতি বা পাঠঃ ।

মনস্ত সর্বং জানাতি সর্ববেদনকারণম্ ।

যৎ তস্মান্মন এবাত্মা প্রাণস্ত ন কদাচন ॥ ৫৫১

অর্থঃ । তু (কিস্ত) যৎ (যেহেতু), মনঃ, (মন) সর্বং (সমস্ত) জানাতি (জানে) সর্ববেদনকারণং (সকল বিষয়ের জ্ঞানের হেতু) তস্মাৎ (সেইজন্ত) মনএব, (মনই) আত্মা (স্বরূপ) তু (কিস্ত) প্রাণঃ (মুখ্যপ্রাণ) কদাচন (কদাচিৎ) ন (আত্মা নহে) ॥ ৫৫১

অনুবাদ । যে হেতু মনঃ সকল বিষয় জানে এবং সমস্ত বিষয়জ্ঞানের কারণ, অতএব মনঃই আত্মা, প্রাণ কখনও আত্মা হইতে পারে না ॥ ৫৫১

সঙ্কল্পবানহং চিন্তাবানহং বিকল্পবান্ ।

ইত্যাণুভবাদন্যোহন্তর আত্মা মনোময়ঃ ॥ ৫৫২

ইত্যাदिश्रुतिसिद्धাবাদ্ যুক্তা মনস আত্মতা ।

ইতি নিশ্চয়মেতস্য দুষয়ত্যপরো জড়ঃ ॥ ৫৫৩

অর্থঃ । অহং (আমি) সঙ্কল্পবান্ (সঙ্কল্প করিতেছি) চিন্তাবান্ (চিন্তা করিতেছি) অহং (আমি) বিকল্পবান্ (এইটি ঠিক বা নহে—এই বিকল্প করিতেছি) চ (এবং) ইত্যাণুভবাৎ (এইরূপ অনুভূতিবশতঃ) অন্তঃ (অপর) অন্তরঃ (অভ্যন্তরস্থ) মনোময়ঃ (মনোবহুল) আত্মা (স্বরূপ) ইত্যাदिश्रुতি-সিদ্ধাবাৎ (এই প্রকার বেদবাক্য থাকায়) মনসঃ (মনের) আত্মতা (স্বরূপতা) যুক্তা (উচিত) ; অপরঃ (অন্তঃ) জড়ঃ (অজ্ঞ) ইতি (এইরূপ) এতস্য (মন-আত্মবাদীর) নিশ্চয়ং (অবধারণকে) দুষয়তি (দূষিত করে) ॥ ৫৫২—৫৫৩

অনুবাদ । ‘আমি এইরূপ সঙ্কল্প করিতেছি, আমি বিষয়ে চিন্তা করিতেছি, আমি এইরূপ বিকল্প করিতেছি’—এইরূপ অনুভববশতঃ এবং ‘প্রাণময় কোশ হইতে মনোময় কোশ অন্তর আত্মা’ এইরূপ শ্রুতি থাকায়—মনকে আত্মা বলা যুক্তিসঙ্গত, অপর অজ্ঞ মন-আত্মবাদীর এইরূপ সিদ্ধান্ত দোষ অর্পণ করিয়া থাকে ॥ ৫৫২—৫৫৩

বুদ্ধ্যাত্মবাদঃ ।

কথং মনস আত্মত্বং করণস্য দৃগাদিবৎ ।

কর্তৃপ্রযোজ্যং করণং ন স্বয়ং তু প্রবর্ততে ॥ ৫৫৪

অর্থঃ । করণস্ত (ক্রিয়াসাধন) মনসঃ (মনের) দৃগাদিবৎ (চক্ষুঃ প্রভৃতির ন্যায়) আত্মত্বং (স্বরূপত্ব) কথং (কিরূপে) ? করণং (ক্রিয়াসাধন) কর্তৃ-

প্রযোজ্যং (কৰ্তা কৰ্তৃক কাৰ্য্যে ব্যাপ্ত হয়) স্বয়ং (নিজে) তু (কিন্তু) ন
প্রবর্ততে (প্রবৃত্ত হয় না) ॥ ৫৫৪

অনুবাদ । মনঃ চক্ষুঃ প্রভৃতির জ্ঞায় ইন্দ্রিয়, তাহার আত্মত্ব কিরূপে হইবে?
করণ কৰ্তা কৰ্তৃক কৰ্ম্মে নিয়োজিত হইয়া থাকে, নিজে প্রবৃত্ত হয় না ॥ ৫৫৪

করণপ্রযোক্তা যঃ কৰ্তা তস্মৈবাত্মত্বমহিতি ।

আত্মা স্বতন্ত্রঃ পুরুষো ন প্রযোজ্যঃ কদাচন ॥৫৫৫

অর্থ । যঃ (যে) করণপ্রযোক্তা (করণের প্রয়োগ করে) কৰ্তা (কৰ্তৃত্বই
বিশিষ্ট) তস্মৈ এব (তাহারই) আত্মত্বম্ (স্বস্বরূপত্ব) অহিতি (যোগ্য হয়),
আত্মা (স্বরূপ) স্বতন্ত্রঃ (অপরতন্ত্র) পুরুষঃ (আত্মাকে পুরুষ বলা যায়)
কদাচন (কখন) প্রযোজ্যঃ (প্রয়োগের বিষয়ীভূত) ন (নহে) ॥ ৫৫৫

অনুবাদ । যে করণের প্রয়োজক এবং কৰ্তা, তাহাকে আত্মা বলা উচিত ।
আত্মা স্বতন্ত্র, তাহাকেও পুরুষ বলা হইয়া থাকে, তিনি কখনও প্রযোজ্য
হন না ॥ ৫৫৫

অহং কৰ্তাস্ম্যহং ভোক্তা স্মৃথীত্যনুভবাদপি ।

বুদ্ধিরাত্মা ভবত্যেব বুদ্ধিধর্মো হহঙ্কৃতিঃ ॥ ৫৫৬

অর্থ । অহং (আমি) কৰ্তা (কৰ্তৃত্ববান্) অস্মি (হই) অহং (আমি)
ভোক্তা (ভোগী) স্মৃথী (স্মৃথযুক্ত) ইতি (এইরূপ) অনুভবাদপি (অনুভূতি-
বশতঃও) বুদ্ধিঃ (বোধ) আত্মা (স্বস্বরূপ) ভবতি (হয়), হি (যেহেতু)
অহঙ্কৃতিঃ (অহঙ্কার) বুদ্ধিধর্ম (বুদ্ধির ধর্ম = অবস্থা-বিশেষ) ॥ ৫৫৬

অনুবাদ । আমি কৰ্তা, আমি ভোক্তা, আমি স্মৃথী—এইরূপ অনুভববশতঃ
বুদ্ধিকে আত্মা বলা যাইতে পারে, কারণ, অহঙ্কার বুদ্ধিরই ধর্ম ॥ ৫৫৬

অন্যোহন্তর আত্মা বিজ্ঞানময় ইতি বদতি নিগমঃ ।

মনসোহপি চ ভিন্নং বিজ্ঞানময়ং কৰ্তৃরূপমাত্মানম্ ॥৫৫৭

অর্থ । অন্তঃ (অপর—মনোময় হইতে ভিন্ন) অন্তরঃ (অভ্যন্তরস্থ)
আত্মা (স্বরূপ) বিজ্ঞানময়ঃ (বিজ্ঞান-প্রচুর) ইতি (এই) নিগমঃ (শ্রুতি)
মনসশ্চাপি (এবং মনঃ হইতেও) ভিন্নং (পৃথক্) কৰ্তৃরূপং (কৰ্তৃস্বরূপ)
বিজ্ঞানময়ম্ (বিজ্ঞানময় কোশকে) আত্মানং (আত্মা) বদতি (বলিয়া
থাকেন) ॥ ৫৫৭

অনুবাদ । “মনোময় কোশ হইতে ভিন্ন অন্তর আত্মা বিজ্ঞানময়” এইরূপ
শ্রুতি মনঃ হইতে পৃথক্ কৰ্তৃস্বরূপ বিজ্ঞানময় কোশকে আত্মা বলিয়া
থাকেন ॥ ৫৫৭

বিজ্ঞানং যজ্ঞং তনুতে কৰ্ম্মাণি তনুতেহপি চ ।

ইত্যশ্ব কৰ্ত্ত্বতা শ্রুত্যা মুখতঃ প্রতিপাদ্যতে ।

তস্মাদযুক্তাত্মতা বুদ্ধেরিতি বৌদ্ধেন নিশ্চিতম্ ॥৫৫৮

অর্থঃ । অপিচ (আরও) বিজ্ঞানং (বিজ্ঞানময়কোশ—বুদ্ধি) যজ্ঞঃ (সফল) তনুতে (করে) কৰ্ম্মাণি (কৰ্ম্মসকলকে) তনুতে (অনুষ্ঠান করে) ইতি (এই) শ্রুত্যা (শ্রুতিকর্ত্ত্বক) অশ্ব (বিজ্ঞানের) কৰ্ত্ত্বতা (কৰ্ত্ত্ব) মুখতঃ (কৰ্ত্ত্ববের দ্বারা—স্পষ্ট) প্রতিপাদ্যতে (প্রতিপাদিত হইতেছে), তস্মাৎ (সেইজন্য) বুদ্ধেঃ (বুদ্ধির) আত্মতা (আত্মস্বরূপতা) যুক্তা (উচিত) ইতি (ইহা) বৌদ্ধেন (বৌদ্ধকর্ত্ত্বক) নিশ্চিতম্ (স্থিরীকৃত হইয়াছে) ॥ ৫৫৮

অনুবাদ । 'বুদ্ধি সম্পন্ন করে, এবং কৰ্ম্মসমূহের অনুষ্ঠান করে'—এই শ্রুতি কৰ্ত্ত্ববের দ্বারা (অতি স্পষ্টরূপে) বুদ্ধির কৰ্ত্ত্ব প্রতিপাদন করিতেছেন; সেইজন্য বুদ্ধির আত্মত্ব যুক্তিসঙ্গত—ইহা বৌদ্ধগণের সিদ্ধান্ত ॥ ৫৫৮

অজ্ঞানাত্মবাদঃ ।

প্রাভাকরস্তাকিকশ্চ তাবুভাবপ্যমর্ষয়া ।

তন্নিশ্চয়ং দূষয়তো বুদ্ধিরাত্মা কথং যিতি ॥৫৫৯

অর্থঃ । প্রাভাকরঃ (প্রভাকরমতাবলম্বী) তাকিকশ্চ (এবং নৈয়ায়িক) তৌ (তাঁহারা) উভৌ অপি (উভয়েই) অমর্ষয়া (ক্রোধবশতঃ) বুদ্ধিঃ (বোধ) কথং নু (কিরূপে) আত্মা (স্বরূপ) ইতি (এইরূপে) তন্নিশ্চয়ং (বুদ্ধ্যাঅবাদীর সিদ্ধান্তকে) দূষয়তঃ (দূষিত করেন) ॥ ৫৫৯

অনুবাদ । প্রভাকরপক্ষাবলম্বী এবং নৈয়ায়িক এই উভয়ে অমর্ষিতাবশতঃ—বুদ্ধি আত্মা কিরূপে হইতে পারে—এই বলিয়া বুদ্ধ্যাঅবাদীর সিদ্ধান্তে দোষ অর্পণ করেন ॥ ৫৫৯

বুদ্ধেরজ্ঞানকার্য্যত্বাদ্বিনাশিত্বাৎ প্রতিক্ৰমম্ ।

বুদ্ধ্যাাদীনাঞ্চ সর্বেষামজ্ঞানে লয়দর্শনাৎ ॥ ৫৬০

অজ্ঞোহহমিত্যনুভবাদাস্ত্রীবালাদিগোচরাৎ ।

ভবত্যজ্ঞানমেবাত্মা ন তু বুদ্ধিঃ কদাচন ॥ ৫৬১

অর্থঃ । বুদ্ধেঃ (জ্ঞানের) অজ্ঞানকার্য্যত্বাৎ (অজ্ঞানের কার্য্যত্ববশতঃ) প্রতিক্ৰমং (প্রতি ক্রমে) বিনাশিত্বাৎ (বিনাশপ্রাপ্ত হয় বলিয়া) বুদ্ধ্যা-

নাং (চ এবং বুদ্ধি প্রভৃতি) সর্বেষাং (সকল বস্তুর) অজ্ঞানে (জ্ঞানাভাবে)
দর্শনাৎ (নাশ দেখা যায় বলিয়া) অহং (আমি) অজ্ঞঃ (জ্ঞানহীন) ইতি
এইরূপ) আত্মীবালাদিগোচরাৎ (স্ত্রী হইতে বালক পর্য্যন্ত বিষয়ক) অনু-
বাৎ (অনুভূতিবশতঃ) অজ্ঞানমেব (জ্ঞানাভাবই) আত্মা (স্বরূপ)
কিন্তু (কিন্তু জ্ঞান) কদাচন (কখনও) ন (নেহে—আত্মা হইতে পারে
) ॥ ৫৬০—৫৬১

অনুবাদ । [বুদ্ধি কেন আত্মা নেহে, তদ্বিষয়ে যুক্তি প্রদর্শিত হইতেছে—]
কি অজ্ঞানের কার্য্য; প্রতিক্ষণে সে বিনাশী, বুদ্ধি প্রভৃতি সমস্ত বস্তুর অজ্ঞানে
দৃষ্ট হয় বলিয়া এবং আমি অজ্ঞ এইরূপ স্ত্রী হইতে বালক পর্য্যন্ত [সকলেরই]
মূভব থাকায়, অজ্ঞানই আত্মা হইবে, বুদ্ধি কখনও আত্মা হইতে পারে
 ॥ ৫৬০—৫৬১

বিজ্ঞানময়াদন্যং ত্বানন্দময়ং পরং তথা ত্বানম্ ।

অন্যোহন্তর আত্মানন্দময় ইতি বদতি বেদোহপি ॥৫৬২

অন্বয় । তু (কিন্তু) অগ্ৰঃ (বিজ্ঞানময়-কোশ হইতে ভিন্ন) অন্তরঃ
অভ্যন্তরস্থ) আত্মা (স্বরূপ) আনন্দময়ঃ (আনন্দময়-কোশ) ইতি (এইরূপ)
দোহপি (শ্রুতিও) বিজ্ঞানময়াৎ (বিজ্ঞানময় কোশ হইতে) অগ্ৰং (ভিন্ন)
ানন্দময়ং (আনন্দময় কোশকে) তথা (সেইরূপ) পরম্ (প্রকৃষ্ট) আত্মানং
(পরমাত্মা) বদতি (বলিমা থাকেন) ॥ ৫৬২

অনুবাদ । “অগ্ৰ অন্তর (অভ্যন্তরবর্তী) আত্মা আনন্দময়”—এই শ্রুতি
বিজ্ঞানময়-কোশ হইতে ভিন্ন আনন্দময়-কোশকে পরমাত্মা বলেন ॥ ৫৬২

দুঃখপ্রত্যয়শূন্যত্বাদানন্দময়তা মতা । *

অজ্ঞানে সকলং সুষ্প্তৌ বুদ্ধ্যাদি প্রবিলীয়তে ॥৫৬৩

অন্বয় । দুঃখপ্রত্যয়শূন্যত্বাৎ (দুঃখবিষয়ক জ্ঞানের রাহিত্যবশতঃ) আনন্দ-
ময়তা) আনন্দরূপতা বা আনন্দপ্রচুরতা) মতা (যুক্তা) সুষ্প্তৌ (সুষুপ্তিকালে)
বুদ্ধ্যাদি (বুদ্ধি প্রভৃতি) সকলং (সমস্ত বস্তু) অজ্ঞানে (জ্ঞানাভাবে) প্রবিলীয়তে
(লীন হইয়া যায়) ॥ ৫৬৩

অনুবাদ । দুঃখজ্ঞানের অভাববশতঃ আনন্দরূপতা বলা যাইতে পারে না ।
[কারণ] সুষুপ্তিকালে বুদ্ধি প্রভৃতি সমস্ত বস্তু অজ্ঞানে লয় প্রাপ্ত হয় ॥ ৫৬৩

* তাৎপৰ্য্য—“অজ্ঞান”-শব্দের অর্থ জ্ঞানাভাব, কিন্তু শ্রুতিতে আত্মার ‘আনন্দময়তা’
বলিয়াছেন । অজ্ঞান ও আনন্দময়ত্ব কিরূপে এক হইতে পারে? অজ্ঞানাত্মবাদীর মতে
তাহার উত্তর এই যে, শ্রুতিতে যে আনন্দের কথা বলিয়াছেন, তাহার অর্থ দুঃখাভাব । প্রকৃত
পক্ষে মোক্ষ বা সুষুপ্তিতে আনন্দ থাকে না, দুঃখ না থাকায় আনন্দ শব্দের প্রয়োগ হয় ।
লোকেও এরূপ প্রয়োগ দেখা যায়—“ভারাদ্যপগমে সূখাহং সংবৃত্তঃ” ভাৱাদির ত্যাগে আমি
সুখী হইয়াছি । বস্তুতঃ ভার দূর হওয়ায় দুঃখনিবৃত্তি হয়, তাহাতেই সূখ শব্দের প্রয়োগ করা
হইয়াছে । অতএব আনন্দ শব্দের অর্থ দুঃখজ্ঞানের অভাব ।

দুঃখিনোহপি সুষুপ্তৌ তু আনন্দময়তা ততঃ ।

সুষুপ্তৌ কিঞ্চিন্ন জানামীত্যনুভূতিশ্চ দৃশ্যতে ॥৫৬৪

অন্বয় । ততঃ (সেইজন্ত) দুঃখিনঃ অপি (দুঃখী পুরুষের ও) সুষুপ্তৌ (সুষুপ্তিকালে) আনন্দময়তা (আনন্দরূপতা), সুষুপ্তৌ (সুষুপ্তিকালে) কিঞ্চিৎ (কিছু) ন জানামি (জানি না) ইতি (এইরূপ) অনুভূতিশ্চ (অনুভবও) দৃশ্যতে (দেখা যায়) ॥ ৫৬৪

অনুবাদ । সেই নিমিত্ত সুষুপ্তিকালে, দুঃখী লোকেরও আনন্দময়তা থাকে, আমি কিছুই জানি না—এইরূপ অনুভবও সুষুপ্তিকালে দেখা যায় ॥ ৫৬৪

যত এবমতো যুক্তা হজ্ঞানস্মাত্মতা ধ্রুবম্ ।

ইতি তন্নিশ্চয়ং ভাট্টা দূষয়ন্তি স্বযুক্তিভিঃ ॥ ৫৬৫

অন্বয় । যতঃ (যেহেতু) এবম্ (এইরূপ) অতঃ (এজন্ত) অজ্ঞানস্মা (অজ্ঞানের) আত্মতা (স্বরূপতা) ধ্রুবং (নিশ্চিত) যুক্তা (যুক্তিসঙ্গত) ইতি (পাদপূরণার্থক) ইতি (এইরূপ) তন্নিশ্চয়ং (তাহাদিগের সিদ্ধান্ত) ভাট্টা (ভট্টমতাবলম্বিগণ) স্বযুক্তিভিঃ (নিজের যুক্তি দ্বারা) দূষয়ন্তি (দূষিত করেন) ॥ ৫৬৫

অনুবাদ । যেহেতু পূর্বোক্ত যুক্তিসমূহ দ্বারা অজ্ঞানের আত্মতাই যুক্তিসঙ্গত, তাহাদিগের এইরূপ সিদ্ধান্তকে ভট্টমতাবলম্বীরা দূষিত করেন ॥ ৫৬৫

জ্ঞানাজ্ঞানাত্মবাদঃ ।

কথমজ্ঞানমেবাত্মা জ্ঞানং চাপ্যপলভ্যতে ।

জ্ঞানাভাবে কথং বিদ্যুরজ্ঞোহহমিতি চাজ্ঞানম্ ।

অস্বাপ্সং সূখমেবাহং ন জানাম্যত্র কিঞ্চন ॥৫৬৬

ইত্যজ্ঞানমপি জ্ঞানং প্রবুদ্ধেষু প্রদৃশ্যতে ।

প্রজ্ঞানঘন এবানন্দময় ইত্যপি চ শ্রুতিঃ ॥ ৫৬৭

প্রব্রবীত্যুভয়াত্মত্বমাত্মনঃ স্বয়মেব সা ।

আত্মাতশ্চিজ্জড়তনুঃ খদ্যোত ইব সন্মতঃ ॥ ৫৬৮

অন্বয় । অজ্ঞানং (জ্ঞানাভাব) কথং (কিরূপে) আত্মা (স্বরূপ) [ভবেৎ—ইহাতে পারে], জ্ঞানং চাপি (এবং জ্ঞান ও) উপলভ্যতে (উপলব্ধি হইতেছে) [জনাঃ=লোকসমূহ] জ্ঞানাভাবে (জ্ঞানের অভাবে) অহম্ (আমি) অজ্ঞঃ

(জ্ঞানহীন) ইতি চ (এইরূপ) কথং (কিরূপে) বিদ্যাঃ (জানে) ? অহং (আমি) সুখমেব (ভালরূপেই) অস্বাপ্নম্ (নিদ্রা গিয়াছিলাম) অত্র (এই বিষয়ে) কিঞ্চন (কিছুই) ন জানামি (জানিতে পারি না) ইতি (এইরূপ) অজ্ঞানমপি (জানাভাব-বিষয়ক ও) জ্ঞানং (বোধ) প্রবুদ্ধেষু (জাগ্রৎ ব্যক্তিতে) প্রদৃশতে (দেখা যায়) প্রজ্ঞানঘনঃ (জ্ঞানমূর্তি, বিজ্ঞান-স্বরূপ আত্মা) আনন্দময়ঃ এব (আনন্দপ্রচুরই) ইত্যপি (এইরূপ ও) সা (সেই) শ্রুতিঃ (বেদ) স্বয়মেব (নিজেই) আত্মনঃ (আত্মার) উভয়াত্মত্বং (জ্ঞান, অজ্ঞান এই উভয়রূপতা) প্রব্রবীতি (বলিতেছেন), অতঃ (এই নিমিত্ত) আত্মা (স্বরূপ) খদ্যোতঃ ইব (জোনাকি পোকার ঞায়, জোনাকি পোকা যেমন ক্ষণিক আলোক দেয় বলিয়া চৈতন্যস্বভাব বলা যায় এবং পরক্ষণে আলোক থাকে না বলিয়া জড়স্বভাব বলা যায়, তদ্রূপ) চিজ্জড়তনুঃ (চৈতন্য ও জড়স্বভাব) সম্মতঃ (অভিमत) ॥ ৫৬৬—৫৬৭—৫৬৮

অনুবাদ । [জ্ঞানাজ্ঞানই আত্মা, এ পক্ষে ভট্টমতাবলম্বীরা এবংবিধ যুক্তি প্রদান করিয়া থাকেন—] * যখন জ্ঞানও উপলব্ধ হইতেছে তখন কেবল অজ্ঞানকেই কিরূপে আত্মা বলা যায় ? জ্ঞানাভাব বিষয়ে—‘আমি অজ্ঞ’ এই-রূপ অজ্ঞতা কিরূপে লোক জানিতে পারে ? আমি সুখে নিদ্রা গিয়াছিলাম, আমি কিছুই জানিতে পারি নাই—এইরূপ অজ্ঞানবিষয়ক জ্ঞান প্রবুদ্ধ ব্যক্তিতে পরিদৃষ্ট হয় । ‘প্রজ্ঞানঘনই—আনন্দময়’ এই শ্রুতি স্বয়ং আত্মার উভয়রূপতা (জ্ঞানাজ্ঞান-স্বরূপতা) বলিতেছেন । অতএব আত্মা খদ্যোতের † (জোনাকি পোকার) ঞায় চৈতন্য ও জড়স্বভাব বলিয়া অভিপ্রেত ॥ ৫৬৬—৫৬৭—৫৬৮

শূন্যাত্মবাদঃ ।

ন কেবলাজ্ঞানময়ঃ ঘটকুড্যাদিবজ্জড়ঃ ।

ইতি নিশ্চয়মেতেষাং দূষয়ত্যপরো জড়ঃ ॥ ৫৬৯

অর্থ । [আত্মা=আত্মা] ঘটকুড্যাদিবৎ (ঘট দেওয়াল প্রভৃতির ঞায়) জড়ঃ (অচেতন) কেবলাজ্ঞানময়ঃ (কেবলমাত্র অজ্ঞানরূপ) ন (নহে), অপরঃ (অন্য) জড়ঃ (অজ্ঞ) ইতি (এইরূপ) এতেষাং (ভাট্টদিগের) নিশ্চয়ং (সিদ্ধান্তকে) দূষয়তি (দূষিত করে) ॥ ৫৬৯

* তাৎপর্য ।—যদি কেবলমাত্র অজ্ঞানই আত্মা হয়, তাহা হইলে, আমি অজ্ঞ, আমি নিনা—এইরূপ অজ্ঞানের জ্ঞান কিরূপে হইবে ? যখন অজ্ঞানবিষয়ক জ্ঞান হয়, তখন কেবল অজ্ঞান আত্মা নহে, জ্ঞানাজ্ঞানকেই আত্মা বলা উচিত ।

† খদ্যোত অর্থাৎ জোনাকি পোকা যেমন কিয়ৎক্ষণ আলোক প্রদান করে, পরক্ষণে তাহা থাকে না, তাহাতে যেমন চৈতন্য ও জড়স্বভাব পরিলক্ষিত হয়, তদ্রূপ জ্ঞান ও অজ্ঞান মূর্ত্ত হওয়ায়, জ্ঞানাজ্ঞানকেই আত্মা বলা উচিত ।

অনুবাদ । জড় কেবলমাত্র অজ্ঞান ঘট কুড্য (ভিত্তি, দেওয়াল) প্রভৃতির
 গায় আত্মা হইতে পারে না, অথ অজ্ঞ ভাটগণের এইরূপ সিদ্ধান্তে দোষ
 প্রদান করিয়া থাকে ॥ ৫৬৯

জ্ঞানাজ্ঞানময়স্তাত্মা কথং ভবিতুমর্হতি ।

পরস্পরবিরুদ্ধত্বাৎ তেজস্তিমিরবৎ তয়োঃ ॥ ৫৭০

অনুবাদ । তু (কিন্তু) তেজস্তিমিরবৎ (আলোক এবং অন্ধকারের গায়)
 তয়োঃ (জ্ঞান ও অজ্ঞানের) পরস্পরবিরুদ্ধত্বাৎ (অত্যাচারবিরোধবশতঃ)
 জ্ঞানাজ্ঞানময়ঃ (জ্ঞান ও অজ্ঞানরূপ) আত্মা (স্বরূপ) কথং (কিরূপে)
 ভবিতুম্ (হইতে) অর্হতি (পারে) ॥ ৫৭০

অনুবাদ । পরন্তু আলোক এবং অন্ধকারের গায় জ্ঞান ও অজ্ঞান পরস্পর
 বিরুদ্ধপদার্থ ; সুতরাং আত্মা কিরূপে জ্ঞানাজ্ঞানময় হইবে ? ॥ ৫৭০

সামান্যাদিকরণ্যং বা সংযোগো বা সমাশ্রয়ঃ ।

তমঃপ্রকাশবজ্জ্ঞানাজ্ঞানয়োর্ন হি সিধ্যতি ॥ ৫৭১

অনুবাদ । হি (যেহেতু) তমঃপ্রকাশবৎ (অন্ধকার এবং আলোকের গায়)
 জ্ঞানাজ্ঞানয়োঃ (জ্ঞান এবং অজ্ঞানের) সামান্যাদিকরণ্যং (একাধিকরণে বর্ধ-
 মানতা অর্থাৎ যাহাতে অন্ধকার থাকে, তাহাতেই আলোক থাকে) বা (কিংবা)
 সংযোগঃ (সংযোগ-সম্বন্ধ) বা (কিংবা) সমাশ্রয়ঃ (তুল্যাশ্রয়—অধিকরণ অথবা
 সমবায়-সম্বন্ধ) ন সিধ্যতি (সিদ্ধ হয় না) ॥ ৫৭১

অনুবাদ । অন্ধকার এবং প্রকাশের গায় জ্ঞান ও অজ্ঞান এক অধিকরণে
 থাকে না ; কিংবা তাহাদের সংযোগ নাই অথবা তাহাদের আশ্রয়ও
 তুল্য নহে ॥ ৫৭১

অজ্ঞানমপি বিজ্ঞানং বুদ্ধির্বাপি চ তদগুণাঃ ।

স্বপ্তৌ নোপলভ্যন্তে যৎকিঞ্চিদপি চাপরম ॥ ৫৭২

মাত্রাদিলক্ষণং কিং নু শূন্যমেবোপলভ্যতে ।

স্বপ্তৌ নান্যদন্ত্যেব নাহমপ্যাসমিত্যনু ॥ ৫৭৩

স্বপ্তৌখিতজনৈঃ সর্বৈঃ শূন্যমেবানুস্মর্য্যতে ।

যৎ ততঃ শূন্যমেবাত্মা ন জ্ঞানাজ্ঞানলক্ষণঃ ॥ ৫৭৪

অনুবাদ । অজ্ঞানং (জ্ঞানাত্মাবিষয়ক) বিজ্ঞানমপি (জ্ঞানও) বুদ্ধির্বাপি
 চ (অথবা জ্ঞান ও) তদগুণাঃ (জ্ঞান ও অজ্ঞানের গুণ—ধর্ম, জ্ঞানের
 ধর্ম—প্রকাশকত্ব, অজ্ঞানের ধর্ম—আবরণ) স্বপ্তৌ (স্বপ্তিকালে) ন উপলভ্যন্তে
 (উপলব্ধ হয় না) অপরং (অথ) যৎকিঞ্চিদপি চ (অথবা যাহা কিছু) মাত্রাদি-
 লক্ষণং (প্রমাতা, প্রমেয় ও প্রমিতি-স্বরূপ) কিং নু শূন্যমেব (কিংবা অভাবই)

উপলভ্যতে (জ্ঞাত হয়) সুষুপ্তৌ (সুষুপ্তিকালে) অণ্ডং (অণ্ডবস্ত) নাস্ত্যেব
(কদাচ নাই) অহমপি (আমিও) ন আসম্ (ছিলাম না), ইতি (এইরূপ)
অনু (পশ্চাৎ) সর্কেঃ (সমস্ত) সুষুপ্তোখিতজনৈঃ (নিদ্রা হইতে উখিত
লোকগণকর্তৃক) শূন্যমেব (কেবল কঁাকা, অভাব, কিছুই না) অনুস্মর্য্যতে
(স্মৃত হয়) যৎ (যেহেতু) ততঃ (এইজন্য) শূন্যমেব (অভাবই) আত্মা
(স্বরূপ) জ্ঞানাজ্ঞানালক্ষণঃ (জ্ঞান ও অজ্ঞানরূপ) ন (নহে) [আত্মা
ইতি শেষঃ] ॥ ৫৭২—৫৭৩—৫৭৪

অনুবাদ । ‘আমি জানি না’—এইরূপ অজ্ঞানবিষয়ক জ্ঞান, [ভাববিষয়ক]
জ্ঞান এবং তাহাদের ধর্ম্ম [জ্ঞানের ধর্ম্ম—প্রকাশ, অজ্ঞানের ধর্ম্ম—আবরণ]
সুষুপ্তিকালে উপলব্ধ হয় না, অণ্ড যাহা কিছু প্রমাতা, প্রমেয় ও প্রমিতি প্রভৃতি,
তাহা শূন্য বলিয়াই প্রতীতি হয় ; কারণ, সুষুপ্তিকালে অণ্ড কোন বস্তু নাই,
আমিও ছিলাম না—এইরূপ সুষুপ্তি হইতে উখিত সকলই স্মরণ করিয়া থাকে ;
অতএব শূন্যই আত্মা, জ্ঞানাজ্ঞান আত্মা হইতে পারে না ॥ ৫৭২—৫৭৩—৫৭৪

বেদেনাপ্যসদেবেদমগ্র আসীদिति স্ফুটম্ ।

নিরূপ্যতে যতস্তস্ম্যাৎ শূন্যশ্চৈবাত্মতা মতা ॥৫৭৫

অনয় । যতঃ (যেহেতু) বেদেন (শ্রুতিকর্তৃক) ইদং (এই জগৎ) অগ্রে
(পূর্কে—উৎপত্তির আগে) অসৎ এব (শূন্যই) আসীৎ (ছিল) ইতি (এইরূপ)
স্ফুটং (স্পষ্টরূপে) নিরূপ্যতে (নিরূপিত হইতেছে), তস্ম্যাৎ (তজ্জন্য) শূন্যশ্চ
(অসতের) আত্মতা (স্বস্বরূপতা) মতা (যুক্তা) ॥ ৫৭৫

অনুবাদ । [কেবল যে যুক্তি দ্বারা শূন্যের আত্মতা নিরূপিত হইতেছে, তাহা
নহে, শূন্যের আত্মত্বপক্ষে শ্রুতিও আছে, তাহা প্রদর্শিত হইতেছে—] এই জগৎ
উৎপত্তির পূর্কে অসৎ (শূন্য) ছিল—এইরূপ বেদবাক্য দ্বারাও শূন্যের আত্মত্ব
বিশদভাবে নিরূপিত হইতেছে, অতএব শূন্যকেই আত্মা বলা উচিত ॥ ৫৭৫

অসন্নেব ঘটঃ পূর্বং জায়মানঃ প্রদৃশ্যতে ।

ন হি কুন্তঃ পুরৈবান্তঃ স্থিত্বোদেতি বহির্মুখঃ ॥৫৭৬

অনয় । পূর্বম্ (অগ্রে) অসন্ এব (অভাবগ্রস্তই) ঘটঃ (কুন্ত) জায়মানঃ
(জন্মলাভ করিয়া) প্রদৃশ্যতে (প্রত্যক্ষের বিষয়ীভূত হয়) ; হি (যেহেতু),
পুরা এব (উৎপত্তির পূর্কেই) কুন্তঃ (ঘট) অন্তঃ (মৃত্তিকার মধ্যে) স্থিত্বা
(থাকিয়া) বহির্মুখঃ (বহির্গত হইয়া) ন উদেতি (উদিত হয় না) ॥ ৫৭৬

অনুবাদ । পূর্কে ঘট ছিল না, উৎপন্ন হইলে লোকের নেত্রগোচর হয় ;
উৎপত্তির পূর্কে ঘট মৃত্তিকার অভ্যন্তরে থাকিয়া পরে বাহিরে প্রকাশিত হয়,
ইহা হইতে পারে না ॥ ৫৭৬

যৎ তস্মাদসতঃ সর্বং সদিদং সমজায়ত ।

ততঃ সর্বাঙ্ঘনা শূন্যশ্চৈবাত্ত্বং সমর্হতি * ॥ ৫৭৭

অর্থ। যৎ (যেহেতু ঘট মৃত্তিকার মধ্যে থাকিয়া পরে প্রকাশিত হয় না) তস্মাৎ (অতএব) অসতঃ (অসৎ—শূন্য হইতে) ইদং (এই) সর্বং (সমস্ত) সৎ (সদৃশ—ঘটপটাদি) সমজায়ত (উৎপন্ন হইয়াছে) ততঃ (তজ্জন্ম) সর্বাঙ্ঘনা (সর্বতোভাবে) শূন্যশ্চৈব (অসৎ শূন্যেরই) আয়ত্ত্বং (স্বরূপত্ব) সমর্হতি (হইতে পারে) ॥ ৫৭৭

অনুবাদ। যেহেতু ঘট মৃত্তিকার মধ্যে থাকিয়া পরে প্রকাশিত হয় না অতএব শূন্য হইতে এই সমস্ত পরিদৃশ্যমান ঘটপটাদি সদৃশ উৎপন্ন হইয়াছে, সেই নিমিত্ত সর্বতোভাবে শূন্যই আয়ত্ত্ব হইতে পারে ॥ ৫৭৭

ইত্যেবং পণ্ডিতস্মৈঃ পরস্পর-বিরোধিভিঃ ।

তত্তমতানুরূপান্নশ্রুতিনুক্তানুভূতিভিঃ ॥ ৫৭৮

নির্গীতমতজাতানি খণ্ডিতান্যেব পরিহিতঃ ।

শ্রুতিভিশ্চাপ্যনুভবৈর্বাধকৈঃ প্রতিবাদিনাম্ ॥ ৫৭৯

যতস্তস্মাৎ তু পুত্রাদেঃ শূন্যান্তস্ম বিশেষতঃ ।

সুসাধিতমনাত্ত্বং শ্রুতিনুক্তানুভূতিভিঃ ॥ ৫৮০

অর্থ। যতঃ (যেহেতু), ইতি (এই) এবং (প্রকার) পরস্পরবিরোধিভিঃ (অন্তোন্তবিরুদ্ধ) পণ্ডিতস্মৈঃ (নিজকে পণ্ডিত বলিয়া মনে করে এইরূপ ব্যক্তিগণ কর্তৃক) তত্তমতানুরূপান্নশ্রুতিনুক্তানুভূতিভিঃ (সেই সেই মতের অনুকূলে অল্প শ্রুতি, তর্ক এবং অনুভবের দ্বারা) প্রতিবাদিনাম্ (প্রতিবাদীদের) নির্গীতমতজাতানি (সমাহিত মতসমূহ) পণ্ডিতৈঃ (পণ্ডিত কর্তৃক) শ্রুতিভিশ্চাপি (এবং বেদ প্রমাণের দ্বারাও) অনুভবৈঃ (অনুভূতি) বাধকৈঃ (ইতর বাধক তর্কের দ্বারা) খণ্ডিতানি এব (নিরাকৃতই হইয়াছে) তস্মাত্তু (তজ্জন্ম) শ্রুতিযুক্তানুভূতিভিঃ (বেদ, তর্ক ও অনুভবের দ্বারা) পুত্রাদেঃ (পুত্র হইতে আরম্ভ করিয়া) শূন্যান্তস্ম (শূন্য পর্য্যন্ত) বিশেষতঃ (বিশেষরূপে) অনাত্ত্বং (আয়ত্ত্ব) সুসাধিতম্ (উত্তমরূপে নিরূপিত হইয়াছে) ॥ ৫৭৮—৫৭৯—৫৮০

অনুবাদ। এই প্রকারে পরস্পর-কলহকারী পণ্ডিত্যভিমাত্রী ব্যক্তিগণ সেই সেই মতের অনুকূলে অল্প শ্রুতিযুক্তি ও অনুভবের দ্বারা যে সমস্ত মত নির্ণয় করিয়াছেন, পণ্ডিতগণ শ্রুতি, যুক্তি, অনুভব ও বাধকতর্ক-বলে প্রতিবাদিগণের সেই সমস্ত মত খণ্ডন করিয়াছেন; তজ্জন্ম শ্রুতি, যুক্তি ও অনুভবের দ্বারা পুত্র হইতে আরম্ভ করিয়া শূন্য পর্য্যন্ত পদার্থের অনাত্ত্ব (আয়ত্ত্ব) বিশেষরূপে সাধিত হইয়াছে ॥ ৫৭৮—৫৭৯—৫৮০

নহি প্রমাণান্তর-বাধিতম্

যাথার্থ্যমঙ্গীক্রিয়তে মহদ্ভিঃ ।

পুত্রাদিশূন্যাস্তমনাত্তদ্ব-

মিত্যেব বিস্পষ্টমতঃ সৃজাতম্ ॥৫৮-১

অন্বয় । মহদ্ভিঃ (সাধুগণকর্তৃক) প্রমাণান্তরবাধিতম্ (অত্র প্রমাণের দ্বারা বাধা প্রাপ্ত বস্তুর) যাথার্থ্যং (তদ্ব) ন হি অঙ্গীক্রিয়তে (নিশ্চয়ই স্বীকৃত হয় না) অতঃ (এই নিমিত্ত) পুত্রাদিশূন্যাস্তঃ (পুত্র হইতে আরম্ভ করিয়া শূন্য পর্য্যন্ত) অনাত্তদ্বং (আত্মভিন্ন বস্তু) ইত্যেব (ইহাই) বিস্পষ্টং (স্পষ্টরূপে) সৃজাতম্ (সম্পন্ন হইল) ॥ ৫৮১

অনুবাদ । মহাপুরুষেরা অত্র প্রমাণের দ্বারা বাধিত বস্তুর সত্যতা স্বীকার করেন না, অতএব পুত্র হইতে আরম্ভ করিয়া শূন্য পর্য্যন্ত [সমস্তই যে] অনাত্ত-পদার্থ, ইহা স্পষ্টরূপে নির্ণীত হইল ॥ ৫৮১

শিষ্যঃ—

স্বষ্টিপিকালে সকলে বিলীনে

শূন্যং বিনা নাত্তদ্বিহোপলভ্যতে ।

শূন্যং ত্বনাত্মা ন ততঃ পরঃ কো-

হপ্যাভ্যভিধানস্তনুভূয়তেহর্থঃ ॥৫৮-২

অন্বয় । শিষ্যঃ (বিদ্যার্থী) [পৃচ্ছতি—জিজ্ঞাসা করিলেন]—স্বষ্টিপিকালে (গভীরনিদ্রাসময়ে) সকলে (সমস্ত) বিলীনে (লয়প্রাপ্ত হইলে) ইহ (এ সংসারে) শূন্যং (অসৎ,—অভাব,) বিনা (ব্যতীত) অত্রং (অত্রবস্ত) ন উপলভ্যতে (জ্ঞাত হওয়া যায় না), তু (কিন্তু) শূন্যম্ (অসৎ) অনাত্মা (আত্মা নহে) ততঃ (তাহার) পরঃ (পর) আভ্যভিধানঃ (আত্মা এই নাম-ধারী) কোহপি (কোনও) অর্থঃ (পদার্থ) তু (পাদপূরণার্থক) ন অনুভূয়তে (উপলব্ধ হয় না) ॥ ৫৮২

অনুবাদ । শিষ্য জিজ্ঞাসা করিলেন,—স্বষ্টিসময়ে সমস্ত পদার্থ [কারণে] লয়প্রাপ্ত হইলে, এ জগতে শূন্য ব্যতীত আর কোন বস্তু উপলব্ধ হয় না; যদি শূন্যই আত্মা না হইল, তদপেক্ষা অত্র 'আত্মা' এই নামধারী কোন পদার্থই অনুভূত হয় না ॥ ৫৮২

যদ্যস্তি চাত্মা কিমু নোপলভ্যতে

স্বপ্তৌ যথা তিষ্ঠতি কিং প্রমাণম্ ।

কিংলক্ষণোহসৌ স কথং ন বাধ্যতে

প্রবাধ্যমানেষহমাদিষু স্বয়ম্ ॥ ৫৮-৩

অন্বয় । যদি চ (যদ্যপি) আত্মা (স্বরূপ) অস্তি (আছে) [তর্হি=তবে
কিমু (কেন) ন উপলভ্যতে (জানা যায় না) ? সুপ্তৌ (সুষুপ্তিকালে) বা
(যেক্রমে) তিষ্ঠতি (বিদ্যমান থাকে) [তত্র=তাহাতে] কিং (কি) প্রমাণ
(প্রমিতির কারণ) ? অসৌ (এই আত্মা) কিংলক্ষণঃ (কিরূপ লক্ষণবিশিষ্ট)
অহমাদিষু (অহঙ্কার প্রভৃতি) প্রবাধ্য-মানেষু (বাধিত হইলে) সঃ (সেই আত্ম
স্বয়ং (নিজে) কথং (কিরূপে) ন বাধ্যতে (বাধিত হয় না) ? ॥ ৫৮৩

অনুবাদ । যদি আত্মার অস্তিত্ব থাকে, তবে কেন উহা উপলব্ধ হয় না
সুষুপ্তিকালেও যে আত্মা থাকে, তাহার প্রমাণ কি ? আত্মার লক্ষণ কি
অহঙ্কার প্রভৃতি বাধিত হইলেও আত্মা স্বয়ং কেন বাধিত হয় না ? ৫৮৩

এতৎ সংশয়জাতং মে হৃদয়গ্রন্থিলক্ষণম্ ।

ছিন্তি যুক্তিমহাখড়্গধারয়া কৃপয়া গুরো * ॥ ৫৮৪

অন্বয় । গুরো ! (হে গুরো!) মে (আমার) হৃদয়-গ্রন্থিলক্ষণং (অন্তঃ-
করণের গাঁইটরূপ) এতৎ সংশয়জাতং (এই সন্দেহগুলি) কৃপয়া (দয়া-পরবশ
হইয়া) যুক্তিমহাখড়্গধারয়া (সিদ্ধান্তরূপ মহাখড়্গের ধারের দ্বারা) ছিন্তি
(ছেদন করুন, দূর করুন) ॥ ৫৮৪

অনুবাদ । হে গুরো! আপনি কৃপা-পরবশ হইয়া, আমার অন্তঃকরণের গ্রন্থি
(গাঁইট)-রূপ এই সন্দেহ-সমুদায় যুক্তিরূপ মহাখড়্গের ধার দিয়া ছেদন করুন।
[যুক্তি দ্বারা আমার হৃদয়ের সংশয় দূর করুন] ॥ ৫৮৪

গুরুঃ—

অতিসূক্ষ্মতরঃ প্রশস্তবায়ঃ সদৃশো মতঃ ।

সূক্ষ্মার্থদর্শনং সূক্ষ্মবুদ্ধিষেব প্রদৃশ্যতে ॥ ৫৮৫

অন্বয় । অয়ং (এই) অতিসূক্ষ্মতরঃ (অত্যন্ত গভীর) প্রশস্ত (জিজ্ঞাসা) তব
(তোমার) সদৃশঃ (তুল্য, যোগ্য) মতঃ (সম্মত); [কা] সূক্ষ্মবুদ্ধিষু এষ
(তীক্ষ্ণ বুদ্ধিতেই) সূক্ষ্মার্থদর্শনং (সূক্ষ্ম পদার্থের জ্ঞান) প্রদৃশ্যতে (দৃষ্ট হয়) ॥ ৫৮৫

অনুবাদ । এই অত্যন্ত সূক্ষ্ম প্রশস্ত তোমার যোগ্যই বটে, [কারণ] সূক্ষ্ম-
পদার্থের জ্ঞান সূক্ষ্মবুদ্ধি ব্যক্তিগণেতেই পরিদৃষ্ট হইয়া থাকে ॥ ৫৮৫

শৃণু বক্ষ্যামি সকলং যদ্যৎ † পৃষ্ঠং ত্বয়াধুনা ।

রহস্যং পরমং সূক্ষ্মং জ্ঞাতব্যঞ্চ মুমুকুভিঃ ॥ ৫৮৬

অন্বয় । ত্বয়া (তোমা কর্তৃক) অধুনা (এখন) সূক্ষ্মং (চরবগাহ) মুমুকু-
ভিঃ (এবং মুমুকুগণ কর্তৃক) জ্ঞাতব্যং (বোধব্য) চ (এবং) পরমং (শ্রেষ্ঠ

* মহাশক্তিধারয়া ইতি কেচিৎ পঠন্তি ।

† যদ্যৎ পৃষ্ঠত্বয়াধুনা ইতি সত্যপাঠঃ ।

রহস্যং (গুহ্য বিষয়) যদ্ যদ্ (যাহা যাহা) পৃষ্ঠং (জিজ্ঞাসিত হইয়াছে), সকলং (তাহা সমস্তই) বক্ষ্যামি (বলিব), শৃণু (তুমি শ্রবণ কর) ॥ ৫৮৬

অনুবাদ । তুমি এখন শূন্য, মুক্তিকামীদিগেরও জ্ঞাতব্য যে সমুদায় অতীব গুহ্য বিষয় জিজ্ঞাসা করিয়াছ, সেই সমস্ত আমি বলিতেছি, তুমি শ্রবণ কর ॥ ৫৮৬

শূন্যবাদ-নিরাসঃ ।

বুদ্ধ্যাদি সকলং সৃষ্টাবনুলীনং স্বকারণে ।

অব্যক্তে বটবদ্বীজে তিষ্ঠত্যবিকৃতান্না ॥ ৫৮৭

অর্থ । সৃষ্টৌ (সৃষ্টিপিকালে) বীজে, বটবৎ (বটবৃক্ষের ঞায়) স্বকারণে (নিজের উপাদান কারণে) অব্যক্তে (মায়ায়) অনুলীনং (লয়প্রাপ্ত) বুদ্ধ্যাদি (বুদ্ধি প্রভৃতি) সকলম্ (সমস্ত পদার্থ) অবিকৃতান্না (অবিকৃতভাবে) তিষ্ঠতি (থাকে) ॥ ৫৮৭

অনুবাদ । বীজে যেমন বটবৃক্ষ অব্যক্তভাবে নিহিত আছে, সেইরূপ সৃষ্টিপিকালে বুদ্ধিপ্রভৃতি সমস্ত পদার্থ স্বকীয় উপাদানকারণ মায়ায় লীন হইয়া অবিকৃত অবস্থায় বিদ্যমান থাকে ॥ ৫৮৭

তিষ্ঠত্যেব স্বরূপেণ ন তু শূন্যায়তে জগৎ ।

কচিদক্ষুরূপেণ কচিদ্বীজান্না বটঃ ।

কার্য্যকারণরূপেণ যথা তিষ্ঠত্যদস্তথা ॥ ৫৮৮

অর্থ । জগৎ (প্রপঞ্চ) স্বরূপেণ (নিজরূপে) তিষ্ঠত্যেব (নিশ্চয়ই আছে) ন তু শূন্যায়তে (পরন্তু অসৎপ্রতিভাস হয় না), যথা (যেমন) বটঃ (বটবৃক্ষ) কচিৎ (কোন স্থানে) অক্ষুরূপেণ (অক্ষুরভাবে) কচিৎ (কোথায়ও) বীজান্না (বীজরূপে), তথা (সেইরূপ) অদঃ (এই—জগৎ) কার্য্যকারণরূপেণ (কার্য্য-রূপে, কারণরূপে) তিষ্ঠতি (থাকে) ॥ ৫৮৮

অনুবাদ । জগৎ স্বীয়রূপে বিদ্যমান রহিয়াছে, [কখনও] ইহা শূন্যরূপে প্রতীয়মান হয় না ; যেমন বটবৃক্ষ কোথায়ও অক্ষুরূপে, কোথায়ও বা বীজরূপে অবস্থান করে, সেইরূপ এই জগৎ [কখনও] কার্য্যরূপে (ব্যক্তরূপে) [কখনও বা] কারণরূপে (অব্যক্তভাবে) বিদ্যমান থাকে ॥ ৫৮৮

অব্যাকৃতান্নাবস্থাং জগতো বদতি শ্রুতিঃ ।

স্বপ্নপ্ত্যাदिषু তদ্বৈদং তর্হ্যব্যাকৃতমিত্যসৌ ॥ ৫৮৯

অর্থ । তর্হি (তবে—উৎপত্তির পূর্বে) [জগৎ] অব্যাকৃতম্ (নাম ও রূপের দ্বারা ব্যক্ত ছিল না) ইতি (ইহা) অসৌ (সেই) শ্রুতিঃ (বেদ) অব্যা-

কৃতান্না (অনভিব্যক্তভাবে) জগতঃ (প্রপঞ্চের) অবস্থাং (পরিণাম বিশেষ)
স্বষ্টিাদিষু (স্বষ্টি প্রভৃতি সময়ে) তদ্বদং (অবস্থা-বিশেষ) বদন্তি (বলেন) ॥ ৫৮৯
অনুবাদ । 'এই জগৎ উৎপত্তির পূর্বে নাম ও রূপের দ্বারা অনভিব্যক্ত
ছিল'—এই শ্রুতি অব্যাকৃতভাবে জগতের অবস্থা এবং স্বষ্টি প্রভৃতি সময়ে
তাহার ভেদ বলিয়া থাকেন ॥ ৫৮৯

ইমমর্থমবিজ্ঞায় নির্ণীতং শ্রুতিযুক্তিভিঃ ।

জগতো দর্শনং শূন্যমিতি প্রাহুরতদ্বিদঃ ॥৫৯০

অনুবাদ । অতদ্বিদঃ (জগতের অব্যক্ত অবস্থা যাহারা জানে না, তাহারা)
ইমম্ (এই) অর্থম্ (অভিধেয়) অবিজ্ঞায় (না জানিয়া) শ্রুতিযুক্তিভিঃ (বেদ
ও তর্কের দ্বারা) নির্ণীতং (স্থিরীকৃত), জগতঃ (প্রপঞ্চের) দর্শনং (জ্ঞানকে)
শূন্যম্ (অসৎ) ইতি (ইহা) প্রাহুঃ (বলেন) ॥ ৫৯০

অনুবাদ । অনভিজ্ঞগণ এইরূপ অর্থ পরিজ্ঞাত না হইয়া শ্রুতি ও যুক্তিদ্বারা
নিক্রপিত [এই] জগতের দর্শন (প্রত্যক্ষ) কে শূন্য বলিয়া থাকে ॥ ৫৯০

নাসতঃ সত উৎপত্তিঃ শ্রয়তে ন চ দৃশ্যতে ।

উদেতি নরশৃঙ্গাং কিং খপুস্পাং কিং ভবিষ্যতি ॥৫৯১

অনুবাদ । অসতঃ (শূন্য হইতে) সতঃ (বস্তুর) উৎপত্তিঃ (জন্ম) ন শ্রয়তে
(শ্রুত হয় না) ন চ দৃশ্যতে (এবং দৃষ্ট হয় না), নরশৃঙ্গাং (মনুষ্যের শৃঙ্গ
হইতে) কিং (কি) উদেতি (জন্মিয়া থাকে)? খপুস্পাং (আকাশ-কুসুম
হইতে) কিং (কি) ভবিষ্যতি (হইয়া থাকে)? ॥ ৫৯১

অনুবাদ । অসৎ (অবস্তুর) হইতে সতের (বস্তুর) উৎপত্তি শুনিত্তে
পাওয়া যায় না অথবা দেখিতে পাওয়া যায় না । নরশৃঙ্গ ও আকাশ-কুসুম
হইতে কোন বস্তু জন্মিয়া থাকে ? ॥ ৫৯১

প্রভবতি নহি কুস্তোহবিদ্যমানো মৃদশ্চেৎ

প্রভবতু সিকতায়্য বাথবা বারিণো বা ;

ন হি ভবতি চ তাভ্যাং সর্বথা কাপি তস্মাদ্

যত উদয়তি যোহর্থোহস্ত্যত্র তস্য স্বভাবঃ ॥৫৯২

অনুবাদ । হি (নিশ্চিত) অবিদ্যমানঃ (পূর্বে থাকে না এরূপ) কুস্তঃ (ঘট)
মৃদঃ (মৃত্তিকা হইতে) ন প্রভবতি (উৎপন্ন হয় না) চেৎ (যদি—যদি অবিদ্যা-
মান ঘট মৃত্তিকা হইতে উৎপন্ন হয়, তবে) সিকতায়্যঃ (বালুকা হইতে) বা
(বিকল্পে) অথবা (কিংবা) বারিণঃ (জল হইতে) বা (বিকল্পে) প্রভবতু
(উৎপন্ন হউক), তাভ্যাং (সিকতা ও বারি হইতে) সর্বথা (সর্বপ্রকারে)
কাপি (কোথাও) ন ভবতি (হয় না) হি (নিশ্চিত), তস্মাৎ (অতএব)

যঃ (যে) অর্থঃ (বস্তু) যতঃ (যাহা হইতে) উদয়তি (উৎপন্ন হয়) অত্র (ইহাতে) তস্মাৎ (তাহার) স্বভাবঃ (শক্তি) অস্তি (আছে) ॥ ৫২২

অনুবাদ । ঘট যদি মৃত্তিকায় অব্যক্তভাবে না থাকে, তাহা হইলে কখনই মৃত্তিকা হইতে উৎপন্ন হয় না; যদি না থাকিয়াই উৎপন্ন হয়, তাহা হইলে বালুকা কিংবা জল হইতে ঘট উৎপন্ন হইক; বালুকা এবং জল হইতে ঘটের উৎপত্তি কোণায়ও ত দেখা যায় না, অতএব যে বস্তু (ঘটাদি) যাহা (মৃত্তিকা) হইতে উৎপন্ন হয়, তাহাতে তাহার স্বভাব (শক্তি, অনাগতাবস্থা) বিদ্যমান আছে ॥ ৫২২

অনুথা বিপরীতং স্মাৎ কার্য্যাকারণলক্ষণম্ ।

নিয়তং সর্বশাস্ত্রেষু সর্বলোকেষু সর্বতঃ ॥ ৫২৩

অনুয় । অনুথা (ইহা ভিন্ন যদি অনুরূপ বলা হয়, অর্থাৎ যাহাতে যে বস্তুর স্বভাব থাকে, সে তথা হইতে উৎপন্ন হয়—একথা যদি স্বীকার না কর, তাহা হইলে) বিপরীতং (বিপর্যায় অর্থাৎ মৃত্তিকা হইতে দধি এবং দুগ্ধ হইতে ঘট উৎপত্তি) স্মাৎ (হয়), সর্বতঃ (সকল সময়) সর্বশাস্ত্রেষু (সমস্তশাস্ত্রে) [চ—এবং] সর্বলোকেষু (সমস্ত লোকের মধ্যে) কার্য্যাকারণলক্ষণং (কার্য্য এবং কারণ) নিয়তং (অব্যভিচারিত—অর্থাৎ মৃত্তিকা হইতে ঘট উৎপন্ন হইবে, দুগ্ধ হইতে নহে; দুগ্ধ হইতে দধি উৎপন্ন হইবে, মৃত্তিকা হইতে নহে—এইরূপ বাধাবাধি আছে) ॥ ৫২৩

অনুবাদ । যাহাতে যে বস্তুর স্বভাব বিদ্যমান আছে, সে তাহা হইতে উৎপন্ন হয়—ইহা অস্বীকার করিলে বিপরীত হইবে অর্থাৎ দুগ্ধ হইতে ঘট এবং মৃত্তিকা হইতে দধি উৎপন্ন হইবে; সকল সময়ে সমস্ত শাস্ত্রে এবং সমস্ত লোকে কার্য্য ও কারণ নিয়ত রহিয়াছে ॥ ৫২৩

কথমসতঃ সজ্জায়েতেতি শ্রুত্যা নিষিধ্যতে ।

অসতঃ সজ্জননং নো ঘটতে মিথ্যৈব শূন্যশব্দার্থঃ ॥ ৫২৪

অনুয় । অসতঃ (শূন্য হইতে) সৎ (বস্তু) কথং (কিরূপে) জায়েত (জন্মে) [অর্থাৎ অসৎ হইতে সতের উৎপত্তি হইতেই পারে না] ইতি (ইহা) শ্রুত্যা (শ্রুতিকর্তৃক) নিষিধ্যতে (অসৎ হইতে সতের উৎপত্তি নিষিদ্ধ হইতেছে) [তস্মাৎ=সেই জন্ম] অসতঃ এব (শূন্য হইতেই) সজ্জননং (সদ্বস্তুর উৎপত্তি) নো ঘটতে (হয় না) শূন্যপদার্থঃ (শূন্য নামক যে পদার্থ) মিথ্যা (কিছুই নহে) ॥ ৫২৪

অনুবাদ । অসৎ হইতে সতের উৎপত্তি কিরূপে এই শ্রুতি অসৎ হইতে সতের উৎপত্তি নিষেধ করিতেছেন, অতএব অসৎ হইতে সদ্বস্তুর উৎপত্তি হয় না, শূন্যনামক পদার্থ মিথ্যাই ॥ ৫২৪

অব্যক্তশক্তিতে প্রাজ্ঞে সত্যাত্মনত্র জাগ্রতি ।

কথং সিধ্যতি শূন্যত্বং তস্য ভ্রান্তশিরোমণে ॥৫৯৫

অর্থঃ । ভ্রান্তশিরোমণে (হে অজ্ঞান-শিরোমণে) অন্ত্র (অন্ত্র সময়ে—
সুষুপ্তিকালে) অব্যক্তশক্তিতে (অব্যক্তসংজ্ঞক) প্রাজ্ঞে (জীব, আত্মা) জাগ্রতি
সতি (বিদ্যমান থাকিলে, প্রবুদ্ধ থাকিলে) তস্য (তাহার—প্রাজ্ঞের) শূন্যত্বং
(অসত্তা) কথং (কিরূপে) সিধ্যতি (সিদ্ধ হয়) ॥ ৫৯৫

অনুবাদ । হে অজ্ঞানশিরোমণে ! সুষুপ্তি-সময়ে অব্যক্তসংজ্ঞক প্রাজ্ঞ প্রবুদ্ধ
থাকিতে তাহার শূন্যত্ব কিরূপে সিদ্ধ হইবে ? ॥ ৫৯৫

স্বষুপ্তৌ শূন্যমেবেতি কেন পুংসা তবেরিতম্ ।

হেতুনানুমিতং কেন কথং জ্ঞাতং ত্বয়োচ্যতাম্ ॥ ৫৯৬

অর্থঃ । স্বষুপ্তৌ (স্বষুপ্তিসময়ে) শূন্যমেব (নিশ্চয়ই কিছু থাকে না) ইতি
(ইহা) কেন পুংসা (কোন্ পুরুষ কর্তৃক) তব (তোমার সম্বন্ধে) ঈরিতম্
(কথিত হইয়াছে), কেন হেতুনা (কোন্ লিঙ্গদ্বারা) অনুমিতং (অনুমান
করা হইয়াছে) কথং (কিরূপে) জ্ঞাতং (বিদিত) ত্বয়া (তোমা কর্তৃক)
উচ্যতাম্ (কথিত হইল) ॥ ৫৯৬

অনুবাদ । স্বষুপ্তিকালে কেবল শূন্য থাকে এ কথা কে তোমাকে বলি-
য়াছে ? তুমি কোন্ হেতুদ্বারা অনুমান করিলে এবং কিরূপে বা জানিলে,
তাই আমাকে বল ॥ ৫৯৬

ইতি পৃষ্ঠৌ মূঢ়তমো বদিষ্যতি কিমুত্তরম্ ।

নৈবানুরূপকং লিঙ্গং বক্তা বা নাস্তি কশ্চন ।

স্বষুপ্তিস্থিতশূন্যস্য বোদ্ধা কোহন্বাত্মনঃ পরঃ ॥৫৯৭

অর্থঃ । ইতি (এইরূপ—পূর্বোক্তরূপ) পৃষ্ঠঃ (জিজ্ঞাসিত) মূঢ়তমঃ
(অত্যন্ত অজ্ঞ) কিং (কি) উত্তরং (প্রত্যুত্তর, জবাব) বদিষ্যতি (বলিবে),
অনুরূপকং (অনুরূপ,—সদৃশ) লিঙ্গং (হেতু) নৈব (কখনই নাই) কশ্চন
(কোন) বক্তা (বাচক) বা (কিংবা) নাস্তি (নাই), স্বষুপ্তিস্থিত শূন্য
(স্বষুপ্তিকালে বিদ্যমান শূন্যের) বোদ্ধা (জ্ঞাতা) আত্মনঃ (আত্মা হইতে)
পরঃ (অন্ত্র) কঃ (কে) অনু ? (অনুগত আছে ?) ৫৯৭

অনুবাদ । এইরূপ জিজ্ঞাসিত হইয়া অত্যন্ত মোহাক্ষ ব্যক্তি কি উত্তর প্রদান
করিবে ? অনুরূপ কোন হেতু নাই কিংবা তাদৃশ কোন বক্তাও নাই, স্বষুপ্তি-
কালে বিদ্যমান শূন্যের জ্ঞাতা আত্মা হইতে অন্ত্র কে হইতে পারে ? ॥ ৫৯৭

স্বেনাত্মভূতং স্বয়মেব বক্তি

স্বষুপ্তিকালে স্থিতশূন্যভাবম্ ।

তত্র স্বসত্ত্বামনবেক্ষ্য মূঢ়ঃ

স্বশ্রাপি শূন্যত্বময়ং ব্রবীতি ॥ ৫৯৮

অর্থঃ । [জনঃ—লোক] স্বশ্রুপিকালে (স্বকীয় স্বশ্রুপ্তি-সময়ে) শ্বেন (নিজ-
কর্তৃক) অনুভূতং (জ্ঞাত) স্থিত-শূন্যভাবং (বিদ্যমান শূন্যত্ব) স্বয়মেব (নিজেই)
বক্তি (বলে), তত্র (সেই সময়ে—স্বশ্রুপ্তিকালে) অয়ং (এই) মূঢ়ঃ (অজ্ঞ)
স্বশ্রাপি (নিজেরও) সত্ত্বাম্ (অস্তিত্ব) অনবেক্ষ্য (না জানিয়া) শূন্যত্বং (অভাব-
রূপত্ব—অসত্ত্ব) ব্রবীতি (বলে) ॥ ৫৯৮

অনুবাদ । লোকে স্বয়ং স্বকীয় স্বশ্রুপ্তি-সময়ে নিজে যাহা অনুভব করে,
তাহাকেই বিদ্যমান শূন্যভাবই বলিয়া থাকে । তৎকালে অজ্ঞলোক নিজের
অস্তিত্বকে জানিতে না পারিয়া কেবল শূন্যত্বের কথাই বলে * ॥ ৫৯৮

অবেদ্যমানঃ স্বয়মশ্রুলোকৈঃ

সৌশ্রুপ্তিকং ধর্ম্মমবৈতি সাক্ষাৎ ।

বুদ্ধ্যাগ্ভাবশ্চ চ যোহত্র বোদ্ধা

স এব আত্মা খলু নির্বিবকারঃ ॥ ৫৯৯

অর্থঃ । অশ্রুলোকৈঃ (অপর লোকসমূহকর্তৃক) অবদ্যমানঃ (অজ্ঞানমান—
জ্ঞাত নহে) [আত্মা] স্বয়ং (নিজেই) সাক্ষাৎ (প্রত্যক্ষ ভাবে) সৌশ্রুপ্তিকং
(স্বশ্রুপ্তিস্বকীয়) ধর্ম্মম্ (অবস্থা) অবৈতি (জানেন), অত্র (এই সময়ে—
স্বশ্রুপ্তিকালে) যঃ (যে) চ (সমুচ্চয়ে) বুদ্ধ্যাগ্ভাবশ্চ (বুদ্ধি প্রভৃতির শূন্যত্বের)
বোদ্ধা (জ্ঞাতা) সঃ এব (তিনিই) নির্বিবকারঃ (বিকার-রহিত, একরূপে
অবস্থিত) আত্মা (স্বস্বরূপ) খলু (নিশ্চিত) ॥ ৫৯৯

অনুবাদ । অপর লোক তাঁহাকে (আত্মাকে) জানিতে পারে না ; কিন্তু
তিনি স্বশ্রুপ্তিকালীন ধর্ম্মকে প্রত্যক্ষভাবে জানিতে পারেন, যিনি স্বশ্রুপ্তিসময়ে
বুদ্ধিপ্রভৃতির অভাব অবগত আছেন, তিনিই বিকারশূন্য আত্মা ॥ ৫৯৯

যশ্চৈদং সকলং বিভাতি মহমা তশ্চ স্বয়ংজ্যোতিষঃ

সূর্য্যশ্চৈব কিমস্তি ভাসকমিহ প্রজ্জাদি সর্ব্বং জড়ম্ ।

* তাৎপর্য্য—শূন্যত্ববাদী বলিয়া থাকেন—স্বশ্রুপ্তি-সময়ে কেবল শূন্যই থাকে ; সুতরাং
শূন্যই আত্মা । কিন্তু স্বশ্রুপ্তিকালে শূন্যই থাকে অর্থাৎ আর কিছুই থাকে না—ইহা যে
অনুভব করিতেছে, তাহা শূন্য হইতে ভিন্ন । তাহা হইলে, শূন্যের অনুভবিতাকে আত্মা বলা
যায় । মূঢ়ব্যক্তি বুদ্ধি প্রভৃতির অভাবকে জানিয়া 'কেবল শূন্য থাকে' এই কথা বলে ; কিন্তু
তাহাদের অনুভবিতাকে জানিতে পারে না । অতএব এই শূন্যকে যে অনুভব করে,
সেই আত্মা ।

ন স্বর্কশ্চ বিভাসকং ক্ষিতিতলে দৃষ্টং তথৈবাত্মনো

নান্যঃ কোহপ্যনুভাসকোহনুভবিতা নাতঃ পরঃ কশ্চন ॥ ৬০০

অর্থঃ । যশ্চ (যাহার) মহসা (তেজের দ্বারা) ইদং (এই—দৃশ্যমান) সকলং (সমস্ত বস্তু) বিভাতি (প্রকাশিত হইতেছে) স্বয়ংজ্যোতিষঃ (স্বপ্রকাশ) তশ্চ (তাঁহার—আত্মার) সূর্য্যশ্চ ইব (তপনের স্তায়) ইহ (এই সংসারে) কিং (কি) ভাসকম্ (প্রকাশক) অস্তি (আছে) প্রজ্ঞাদি (জ্ঞান প্রভৃতি) সর্বং (সমস্তপদার্থ) জড়ং (অচেতন) ; হি (যেহেতু) ক্ষিতিতলে (পৃথিবীতে) স্বর্কশ্চ (সূর্য্যের) বিভাসকং (প্রকাশক) ন দৃষ্টং (দেখা যায় না) তথা এব (সেইরূপই) আত্মনঃ (আত্মার) অন্তঃ (উপর) কোহপি (কোনও) অনুভাসকঃ (প্রকাশক) ন (নাই), অতঃ (আত্মা হইতে) পরঃ (অপর) কশ্চন (কোন) অনুভবিতা (বোদ্ধা) ন (নাই) ॥ ৬০০

অনুবাদ । যাহার তেজঃ দ্বারা এই পরিদৃশ্যমান সমস্ত জগৎ প্রকাশিত হইতেছে, সূর্য্যের স্তায় স্বয়ংপ্রকাশ সেই আত্মার কি অন্য প্রকাশক থাকিতে পারে? বুদ্ধি প্রভৃতি সমস্ত বস্তুই জড় [তাহাদের প্রকাশক একমাত্র আত্মা], পৃথিবীতে যেমন সূর্য্যের কোন প্রকাশক দৃষ্ট হয় না, সেইরূপ আত্মার কেহ প্রকাশক নাই, এবং আত্মা ভিন্ন অনুভবিতাও আর কেহ নাই ॥ ৬০০

যেনানুভূয়তে সর্বং জাগ্রৎস্বপ্নশুশ্রুপ্তিষু ।

বিজ্ঞাতারমিমং কো নু কথং বেদিতুমর্হতি ॥ ৬০১

অর্থঃ । যেন (যে আত্মা কর্তৃক) জাগ্রৎস্বপ্নশুশ্রুপ্তিষু (জাগরণ, স্বপ্ন ও গভীর নিদ্রাকালে) সর্বম্ (সমস্ত) অনুভূয়তে (জ্ঞাত হয়) কঃ (কে) নু (প্রশ্নে) ইমং (এই) বিজ্ঞাতারং (জ্ঞাতাকে) কথং (কিরূপে) বেদিতুম্ (জানিতে) অর্হতি (পারে) ॥ ৬০১

অনুবাদ । যিনি জাগ্রৎ, স্বপ্ন এবং শুশ্রুপ্তিসময়ে সমস্ত বস্তু অনুভব করিয়া থাকেন, কে কিরূপে এই জ্ঞাতাকে জানিতে পারে? ॥ ৬০১

সর্বশ্চ দাহকো বহির্বহ্নের্নান্যোহস্তি দাহকঃ ।

যথা তথাত্মনো জ্ঞাতুর্জ্ঞাতা কোহপি ন দৃশ্যতে ॥ ৬০২

অর্থঃ । যথা (যেমন) বহিঃ (অগ্নি) সর্বশ্চ (সমস্ত বস্তুর) দাহকঃ (দাহকর্তা), [পরন্তু] বহ্নেঃ (অগ্নির) অন্তঃ (অপর) দাহকঃ (দাহকারী) নাস্তি (নাই), তথা (সেইরূপ) জ্ঞাতুঃ (সমস্ত বিষয়ের বোদ্ধা) আত্মনঃ (আত্মার) জ্ঞাতা (বোদ্ধা) [অন্তঃ=অপর] কোহপি (কেহও) ন দৃশ্যতে (দৃষ্ট হয় না) ॥ ৬০২

অনুবাদ । যেমন অগ্নি সমস্ত বস্তুকে দগ্ধ করে, কিন্তু অগ্নির দাহক অশ্রু কেহ নাই, সেইরূপ আত্মা সকলের জ্ঞাতা, আত্মার জ্ঞাতা আর কেহ নাই ॥ ৬০২

উপলভ্যেত কেনায়ং হ্যপলক্কা স্বয়ং ততঃ ।

উপলক্যন্তুরাভাবান্নায়মাত্মোপলভ্যতে ॥ ৬০৩

অনুবাদ । অয়ং (এই আত্মা) কেন (কোন্ পুরুষ কর্তৃক) উপলভ্যেত (জ্ঞাত হন) হি (যেহেতু) স্বয়ং (নিজে) উপলক্কা (জ্ঞাতা), ততঃ (সেই জগ) অয়ম্ (এই) আত্মা (স্বরূপ) উপলক্যন্তুরাভাবাৎ (অশ্রু উপলক্কি অর্থাৎ জ্ঞানের অভাববশতঃ) ন উপলভ্যতে (জ্ঞাত হন না) ॥ ৬০৩

অনুবাদ । এই আত্মাকে কে উপলক্কি করিবে? কারণ আত্মা স্বয়ংই বোদ্ধা, অতএব অশ্রু উপলক্কির (উপলক্কার) অভাববশতঃ আত্মা কাহারও জ্ঞানের বিষয় হন না ॥ ৬০৩

বুদ্ধাদিবেদেণবিলয়াদয়মেক এব

সুপ্তৌ ন পশ্যতি শৃণোতি ন বেত্তি কিঞ্চিৎ ।

সৌষুপ্তিকস্য তমসঃ স্বয়মেব সাক্ষী

ভূত্বাত্র তিষ্ঠতি স্মথেন চ নির্বিকল্পঃ ॥ ৬০৪

অনুবাদ । অয়ং (এই আত্মা) একঃ এব (অদ্বিতীয়ই) বুদ্ধাদিবেদেণ-বিলয়াৎ (বুদ্ধি, মনঃ, ইন্দ্রিয়, দেহ প্রভৃতি জ্ঞেয় বস্তুর কারণে লয়বশতঃ) সুপ্তৌ (সুষুপ্তিকালে) কিঞ্চিৎ (কিছু) ন পশ্যতি (দেখেন না) [ন চ] শৃণোতি (শ্রবণও করেন না) ন বেত্তি (জানেন না), অত্র (এই অবস্থায়) সৌষুপ্তিকস্য (সুষুপ্তি-সম্বন্ধীয়) তমসঃ (অজ্ঞানের) সাক্ষী (দ্রষ্টা) ভূত্বা (হইয়া) নির্বিকল্পশ্চ (এবং সংকল্প-বিকল্প-বিহীন হইয়া) স্মথেন (ছঃখহীন অবস্থায়) তিষ্ঠতি (বিদ্যমান থাকেন) ॥ ৬০৪

অনুবাদ । সুষুপ্তিকালে বুদ্ধি, মনঃ, দেহ, ইন্দ্রিয় প্রভৃতি কারণে বিলীন হওয়ায়, একমাত্র আত্মা কিছুই দেখেন না, শ্রবণ করেন না এবং জানেন না। এই অবস্থায় আত্মা স্বয়ং সুষুপ্তিকালীন অজ্ঞানের সাক্ষী থাকিয়া বিকল্প-শূন্য হইয়া স্মথে অবস্থান করেন ॥ ৬০৪

সুষুপ্তাবাত্মসদৃশ্যে প্রমাণং পণ্ডিতোত্তমাঃ ।

বিদুঃ স্বপ্রত্যভিজ্ঞানমাবালবুদ্ধসম্মতম্ ॥ ৬০৫

অনুবাদ । পণ্ডিতোত্তমাঃ (বৃধশ্রেষ্ঠগণ) সুষুপ্তৌ (সুষুপ্তিকালে) আত্ম-সদৃশ্যে (আত্মার অস্তিত্বে) আবালবুদ্ধসম্মতং (বালক হইতে বুদ্ধ পর্য্যন্তের

অভিমত) স্বপ্রত্যভিজ্ঞানং (নিজের প্রত্যভিজ্ঞা—অর্থাৎ যে আমি দেখিয়াছি সেই আমি স্পর্শ করিতেছি, এইরূপ স্বকীয় অবাধিত প্রত্যভিজ্ঞানে) প্রমাণং (প্রমিতিকরণ) বিদুঃ (জানেন) ॥ ৬০৫

অনুবাদ। প্রধান প্রধান পণ্ডিতেরা সুসুপ্তিসময়ে আত্মার অস্তিত্বে বাগক হইতে বুদ্ধ পর্যন্ত সকলের অভিমত নিজের প্রত্যভিজ্ঞাকে প্রমাণ বলিয়া থাকেন ॥ ৬০৫

প্রত্যভিজ্ঞায়মানত্বাল্লিঙ্গমাত্রানুমাণকম্ ।

স্বর্য়মাণস্য সদ্ভাবঃ সুখমস্বাপ্সমিত্যয়ম্ ॥ ৬০৬

অর্থ। [আত্মনঃ=আত্মার] প্রত্যভিজ্ঞায়মানত্বাৎ (যে আমি দেখিয়াছিলাম, সেই আমি স্পর্শ করিতেছি,—এইরূপ প্রত্যভিজ্ঞাবশতঃ) [আত্মত্বং=আত্মস্বরূপ] লিঙ্গমাত্রানুমাণকং (হেতুমাত্রদ্বারা বোধক হয়) [অহং=আমি] সুখং (সুখে) অস্বাপ্সং (নিদ্রা গিয়াছিলাম) ইতি (এইরূপ) স্বর্য়মাণস্য (স্মৃতি-বিষয়ীভূত বস্তুর) অয়ং (এই) সদ্ভাবঃ (অস্তিত্ব) [জ্ঞায়তে=জানা যায়] ॥ ৬০৬

অনুবাদ। আত্মার প্রত্যভিজ্ঞা হয়, এবং হেতু দ্বারা আত্মার অনুমান হয়; আমি সুখে নিদ্রা গিয়াছিলাম,—এইরূপে স্বর্য়মাণ বস্তুর অস্তিত্ব অবগত হওয়া যায় ॥ ৬০৬

পুরানুভূতো নোচেৎ তু স্মৃতেরনুদয়ো ভবেৎ ।

ইত্যাদিতর্কযুক্তিশ্চ সদ্ভাবে মানমাত্মনঃ ॥ ৬০৭

অর্থ। চেৎ (যদি) তু (কিম্ব) পূর্বে (পূর্বে) নো অনুভূতঃ (অজ্ঞাত) [তর্হি—তাহা হইলে] স্মৃতেঃ (স্মরণের) অনুদয়ঃ (অনুখিত) ভবেৎ (হইত), ইত্যাদিতর্ক-যুক্তিশ্চ (এইরূপ তর্কের যোজনাও) আত্মনঃ (আত্মার) সদ্ভাবে (অস্তিত্বে) মানম্ (প্রমাণ) ॥ ৬০৭

অনুবাদ। পূর্বে যদি আত্মার অনুভব না থাকিত, তাহা হইলে কখনই তদ্বিষয়ে স্মৃতি হইতে পারিত না—এইরূপ তর্কযুক্তিও আত্মার অস্তিত্বে প্রমাণ ॥ ৬০৭

যত্রাত্মনোহকাময়িত্ত্ববুদ্ধিঃ

স্বপ্নানপেক্ষাপি চ তৎ স্মৃপ্তম্ ।

ইত্যাত্মসদ্ভাব উদীর্যতেহত্র

শ্রুত্যাপি তস্মাচ্ছ্রুতিরত্র মানম্ ॥ ৬০৮

অর্থ। যত্র (যে অবস্থায়) আত্মনঃ (আত্মার) অকাময়িত্ত্ববুদ্ধিঃ (আমি কামনাবান্ ইত্যাদিরূপজ্ঞান থাকে না) অপিচ স্বপ্নানপেক্ষা (এবং

স্বপ্নকে অপেক্ষাও করে না) তৎ (সেই) সুষুপ্তম্ (সুষুপ্তি), ইতি (এইরূপ)
শ্রুত্যা অপি (শ্রুতিকর্তৃকও) অত্র (সুষুপ্তিকালে) আত্মসম্ভাবঃ (আত্মার অস্তিত্ব)
উদ্যোগ্যতে (কথিত হয়) তস্মাৎ (সেইজন্য) অত্র (আত্মার অস্তিত্বে) শ্রুতিঃ
(বেদ) মানম্ (প্রমাণ) ॥ ৬০৮

অনুবাদ । যে অবস্থায় আত্মার 'আমি কামনাবান্' এইরূপ
জ্ঞান থাকে না এবং স্বপ্নের অপেক্ষা করে না, তাহাকে সুষুপ্তি বলে।
এবংবিধ শ্রুতিও সুষুপ্তিকালে আত্মার অস্তিত্ব স্বীকার করিয়া থাকেন; সুতরাং
আত্মার অস্তিত্বে শ্রুতিও প্রমাণ ॥ ৬০৮

অকাময়িত্বতা স্বপ্নাদর্শনং * ঘটতে কথম্ ।

অবিদ্যমানস্য তত আত্মাস্তিত্বং প্রতীয়তে ॥ ৬০৯

অর্থ । অবিদ্যমানস্য (যে বস্তু না থাকে তাহার) অকাময়িত্বতা
(কামনানৃচ্ছ) স্বপ্নাদর্শনং (স্বপ্ন না দেখা) কথং (কিরূপে) ঘটতে (হয়) ?
ততঃ (অতএব) আত্মাস্তিত্বং (আত্মার সম্ভাব) প্রতীয়তে (জ্ঞাত হওয়া
যায়) ॥ ৬০৯

অনুবাদ । যদি সুষুপ্তিকালে আত্মা না থাকেন, তবে অকাম-
য়িত্বতা এবং স্বপ্নের অদর্শন † কিরূপে সম্ভব হইবে ? অতএব আত্মার
অস্তিত্ব জ্ঞান যায় ॥ ৬০৯

এতৈঃ প্রমাণৈরস্তীতি জ্ঞাতঃ সাক্ষিতয়া বুদ্ধৈঃ ।

আত্মায়ং কেবলঃ শুদ্ধঃ সচ্চিদানন্দলক্ষণঃ ॥ ৬১০

অর্থ । বুদ্ধৈঃ (পণ্ডিতগণকর্তৃক) এতৈঃ (এই সমস্ত—পূর্বোক্ত)
প্রমাণৈঃ (প্রমাণের দ্বারা) কেবলঃ (অদ্বিতীয়) শুদ্ধঃ (দোষরহিত) সচ্চিদা-
নন্দলক্ষণঃ (নিত্যজ্ঞান ও আনন্দস্বরূপ) অয়ং (এই) আত্মা (স্বরূপ)
অস্তি (আছে) ইতি (ইহা) সাক্ষিতয়া (সকলের সাক্ষিরূপে) জ্ঞাতঃ
(বিদিত) ॥ ৬১০

অনুবাদ । পণ্ডিতগণ এই সমস্ত প্রমাণের দ্বারা কেবল, শুদ্ধ,
সচ্চিদানন্দস্বরূপ আত্মার অস্তিত্ব অবগত হইয়া তাঁহাকে সাক্ষিরূপে
জানেন ॥ ৬১০

সত্ত্বচিদ্বানন্দতাদিলক্ষণং প্রত্যগাত্মনঃ ।

কালত্রয়েহপ্যবাধ্যত্বং সত্যং নিত্যস্বরূপতঃ ॥ ৬১১

* স্বপ্নাদর্শনং বা পাঠঃ ।

† তাৎপৰ্য্য—সুষুপ্তিকালে যদি আত্মা বিদ্যমান না থাকেন, তবে শ্রুতিতে অকাময়িত্ব
এবং স্বপ্নের অদর্শন প্রভৃতি সঙ্গত হইতে পারে না। অবিদ্যমান বস্তুতে নিষেধ হইতে পারে না।
সুতরাং তখনও আত্মার অস্তিত্ব স্বীকার করিতে হইবে।

শুদ্ধচৈতন্যরূপত্বং চিত্ত্বং জ্ঞানস্বরূপতঃ ।

অখণ্ডসুখরূপত্বাদানন্দত্বমিতীর্ঘ্যতে ॥ ৬১২

অর্থঃ । প্রত্যগাত্মনঃ (ব্যাপক আত্মার) সত্ত্বচিত্ত্বানন্দতাদিলক্ষণং (সং-
স্বরূপতা চিত্ত্বস্বরূপতা, সুখস্বরূপতা-লক্ষণ) নিত্যস্বরূপতঃ (সকল সময়ে স্বরূপে
বিদ্যমান থাকে বলিয়া) কালত্রয়েহপি (ভূত, ভবিষ্যৎ ও বর্তমান এই তিন
কালেও) অবাধ্যত্বং (বাধারহিতত্ব) সত্যং (সত্যস্বরূপতা), জ্ঞানস্বরূপতঃ
(জ্ঞানস্বরূপ বলিয়া) শুদ্ধচৈতন্যরূপত্বং (কেবলচৈতন্যরূপত্ব) চিত্ত্বং (চৈতন্য-
রূপত্ব) অখণ্ডসুখরূপত্বং (অসীম সুখস্বরূপতা হেতু) আনন্দত্বম্ (সুখরূপত্ব)
ইতি (ইহা) ঈর্ঘ্যতে (কথিত হয়) ॥ ৬১১ ॥ ৬১২

অনুবাদ । কিন্তু আত্মার সংস্বরূপতা, জ্ঞানরূপতা ও আনন্দ-রূপতাই লক্ষণ ;
তিনি সর্বদা স্বরূপে অবস্থিত থাকায়—তিনকালেও স্বরূপের প্রচ্যুতি হয় না—
একত্র তাঁহাকে সত্য বলা যায়, জ্ঞানরূপে অবস্থিত থাকায় শুদ্ধচৈতন্যলক্ষণ
চিত্ত্বস্বরূপতা বলা যায় এবং অখণ্ড-সুখরূপে অবস্থিত থাকেন বলিয়া আনন্দরূপতা
কথিত হয় ॥৬১১॥৬১২

অনুসূত্যাত্মনঃ সত্তা জাগ্রৎস্বপ্নসুষুপ্তিষু ।

অহমস্মীত্যতো নিত্যো ভবত্যাত্মায়মব্যয়ঃ ॥ ৬১৩

অর্থঃ । জাগ্রৎস্বপ্নসুষুপ্তিষু (জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তিসময়ে) অহম্ (আমি)
অস্মি (আছি) ইতি (এইরূপ) আত্মনঃ (আত্মার) সত্তা (অস্তিত্ব) অনুসূত্যতা
(অনুগতা), অতঃ (এই নিমিত্ত) অব্যয়ঃ (এই) নিত্যঃ (অবিনাশী) আত্মা
(স্বরূপ) অব্যয়ঃ (ক্ষয়রহিত) ভবতি (হন) ॥ ৬১৩

অনুবাদ । জাগ্রৎ, স্বপ্ন এবং সুষুপ্তিসময়ে 'আমি আছি' এইরূপে আত্মার
অস্তিত্ব অনুসূত্যত (অনুগত) রহিয়াছে, অতএব এই নিত্য আত্মার বিনাশ
নাই ॥ ৬১৩

সর্বদাপ্যাসমিত্যেবাভিন্নপ্রত্যয় ঈক্ষ্যতে ।

কদাপি নাসমিত্যস্মাদাত্মনো নিত্যতা মতা ॥ ৬১৪

অর্থঃ । সর্বদা অপি (সকল সময়েও) আসম্ (আমি ছিলাম) ইতি
(এইরূপ) অভিন্নপ্রত্যয়ঃ (অভিন্ন জ্ঞান) ঈক্ষ্যতে (দৃষ্ট হয়), কদাপি
(কখনও) ন আসম্ (ছিলাম না) ইতি (এইরূপ) [প্রত্যয়ঃ—জ্ঞান,
ন ঈক্ষ্যতে—দৃষ্ট হয় না] অস্মাৎ (এই নিমিত্ত) আত্মনঃ (আত্মার) নিত্যতা
(অবিদ্বন্দ্ব) মতা (অভিগত) ॥ ৬১৪

অনুবাদ । 'আমি ছিলাম'—এই অভিন্নজ্ঞান সর্বদাই পরিলক্ষিত হয়, আমি
ছিলাম না—এইরূপ জ্ঞান কখনও দৃষ্ট হয় না ; অতএব আত্মার নিত্যত্ব
যুক্তিযুক্ত ॥ ৬১৪

আয়াতাস্থ গতাস্থ শৈশবমুখাবস্থাস্থ জাগ্রন্মুখা-
 স্বন্যাশ্বপ্যাখিলাস্থ বৃত্তিষু ধিয়ৌ দুষ্টিশ্বদুষ্টিশ্বপি ।
 গঙ্গাভঙ্গপরম্পরাস্থ জলবৎ সত্তানুবৃত্তাত্মন-
 ত্তিষ্ঠত্যেব সদা স্থিরায়মহমিত্যেকাত্মতা সাক্ষিণঃ ॥ ৬১৫

অর্থঃ । শৈশবমুখাবস্থাস্থ (বাল্য, যৌবন, বার্দ্ধক্য অবস্থাতে) অস্থাস্থ (অপর) জাগ্রন্মুখাস্থ অপি (জাগ্রৎ প্রভৃতি অবস্থায়ও) দুষ্টিস্ব (মন্দ) অদুষ্টিস্ব (উৎকৃষ্ট) ধিয়ঃ অপি (বুদ্ধিরও) অখিলাস্থ (সমস্ত) বৃত্তিষু (অবস্থাতে) গঙ্গাভঙ্গপরম্পরাস্থ (গঙ্গার তরঙ্গ-শ্রেণীতে) জলবৎ (জলের তায়) আত্মনঃ (আত্মার) অনুবৃত্তা (অনুগতা) সত্তা (অস্তিতা) ত্তিষ্ঠতি এব (নিশ্চয়ই বিদ্যমান আছে) অয়ম্ (এই) অহং (আমি) ইতি (এইরূপ) সাক্ষিণঃ (সাক্ষীর) একাত্মতা (অভিন্নতা) স্থিরা (একরূপে অবস্থিত) ॥ ৬১৫

অনুবাদ । গঙ্গার তরঙ্গপরম্পরায় (পরপর প্রত্যেক তরঙ্গে) যেমন জল অনুবৃত্ত আছে, সেইরূপ বাল্য, যৌবন এবং বার্দ্ধক্য অবস্থায়, জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি অবস্থায় এবং দুষ্টি ও অদুষ্টি বুদ্ধির বৃত্তিসমূহে আত্মার অস্তিত্ব অনুগত রহিয়াছে, 'এই আমি'—[ইহার অনুষ্ঠান করি] 'এই আমি'—[ইহা দেখি] এইরূপে সাক্ষীর এক-রূপত্ব সর্বদা অব্যাহত রহিয়াছে ॥ ৬১৫

প্রতিপদমহমাদয়ো বিভিন্না

ক্ষণপরিণামিতয়া বিকারিণস্তে ।

ন পরিণতিরমুশ্য নিষ্কলত্বা-

দয়মবিকার্যত এব নিত্য আত্মা ॥ ৬১৬

অর্থঃ । অহমাদয়ঃ (অহং প্রভৃতি) প্রতিপদং (প্রত্যেক বস্তুতে—বিষয়ে) বিভিন্নাঃ (পৃথক্); তে (তাহারা) ক্ষণপরিণামিতয়া (ক্ষণে ক্ষণে অবস্থান্তর প্রাপ্ত হয় বলিয়া) বিকারিণঃ (বিকারগ্রস্ত); নিষ্কলত্বাৎ (নিরংশত্ব হেতু) অমুশ্য (আত্মার) পরিণতিঃ (পরিণাম) ন (নাই); অতএব (এই কারণেই—অপরিণামিত্ব হেতু) অয়ং (এই) আত্মা (স্বরূপ) অবিকারী (বিকারপ্রাপ্ত হয় না) নিত্যঃ (ক্ষয়োদয়-রহিত) ॥ ৬১৬

অনুবাদ । প্রত্যেক বস্তুতে অহঙ্কার প্রভৃতি পৃথক্, (অর্থাৎ বিষয়ভেদে অহঙ্কার প্রভৃতি ভিন্ন হইয়া থাকে), তাহারা প্রতিক্ষণে পরিণাম প্রাপ্ত হয় বলিয়া বিকারী, আত্মার কোনরূপ অংশ নাই বলিয়া অপরিণামী; অতএব আত্মা অবিকারী [সূতরাং] নিত্য ॥ ৬১৬

যঃ স্বপ্নমদ্রাক্ষমহং সূখং যো-

হৃষাপ্সং স এবাস্ম্যথ জাগরুকঃ ।

ইত্যেবমচ্ছিন্নতয়ানুভূয়তে

সত্ত্বাত্মনো নাস্তি হি সংশয়োহস্মি ॥ ৬১৭

অর্থঃ । যঃ (যে) অহং (আমি) স্বপ্নম্ (স্বপ্নকে) অদ্রাক্ষাম্ (দেখিয়া-
ছিলাম) যঃ (যে) [অহং=আমি] সুপ্তম্ (সুপ্তে) নিদ্রাপ্তম্ (নিদ্রা গিয়াছিলাম)
অথ (অনন্তর) স এব (সেই) অস্মি (আমি) জাগরুকঃ (জাগরণশীল)
ইত্যেবং (এইরূপ) অচ্ছিন্নতয়া (অক্ষুণ্ণভাবে) আত্মনঃ (আত্মার) সত্ত্বা
(অস্তিত্ব) অনুভূয়তে (জ্ঞাত হইতেছে) হি (যেহেতু) অত্র (এবিষয়ে) সংশয়া
(সন্দেহ) নাস্তি (নাই) ॥ ৬১৭

অনুবাদ । যে আমি স্বপ্ন দেখিতেছিলাম, সেই আমি সুপ্তে নিদ্রিত ছিলাম
পরক্ষণে সেই আমি প্রবুদ্ধ হইয়াছি—এইরূপ অক্ষুণ্ণভাবে আত্মার সত্ত্বা অনুভূত
হইতেছে, ইহাতে কোনরূপ সন্দেহ নাই ॥ ৬১৭

শ্রুত্ব্যক্তাঃ ষোড়শকলাশ্চিদাত্মনো নাত্মনঃ ।

নিকলত্বান্নাস্ত্য লয়স্তস্ম্যামিত্যত্মনো ॥ ৬১৮

অর্থঃ । শ্রুত্ব্যক্তাঃ (শ্রুতিতে কথিত) ষোড়শকলাঃ (প্রাণ মনঃ প্রভৃতি
ষোড়শ অংশ) চিদাত্মনো (চিৎপ্রতিবিশেষ) ; আত্মনঃ (আত্মার), ন (নহে)
অস্ত (আত্মার) নিকলত্বাৎ (নিরংশত্ব প্রবৃত্ত) তস্মাৎ (লীনতা), ন (নাই)
তস্মাৎ (সেইজন্ত) আত্মনঃ (আত্মার) নিত্যত্বম্ (সনাতনত্ব) ॥ ৬১৮

অনুবাদ । [যদি আত্মা অংশহীন, অতএব নিত্য হন, তাহা হইলে শ্রুতি
যে আত্মার ষোড়শটি অংশের কথা বলিয়াছেন, তাহার উপায় কি ? তাহার উ-
ত্তর বলা হইতেছে—] শ্রুতিতে যে প্রাণ মনঃ প্রভৃতি ষোড়শকলার (ষোড়শ
অংশের) কথা বলিয়াছেন, তাহা চিদাত্মনের (প্রতিবিশিষ্ট চৈতন্যের); আত্মা
নহে;—আত্মা কিন্তু অংশবিহীন বলিয়া কখনই লয় প্রাপ্ত হন না, অতএব আত্মার
নিত্যত্ব সিদ্ধান্তিত হইল ॥ ৬১৮

জড়প্রকাশকঃ সূর্য্যঃ প্রকাশাত্মৈব নো জড়ঃ ।

বুদ্ধ্যাদিভাসকস্তস্ম্যচ্চিৎস্বরূপস্তথা মতঃ ॥ ৬১৯

অর্থঃ । জড়প্রকাশকঃ (ঘটাদি জড় পদার্থের প্রকাশকতা) সূর্য্যঃ (তপ
প্রকাশাত্মা এব (প্রকাশস্বরূপই বটে); জড়ঃ (অচেতন) নো (না—প্রকাশ
নহে); তস্মাৎ (সেইজন্ত) বুদ্ধ্যাদিভাসকঃ (বুদ্ধিপ্রভৃতির প্রকাশক) চিৎস্বরূপঃ
(চৈতন্যস্বরূপ) [আত্মা] তথা (সেইরূপ) মতঃ (অভিमत) ॥ ৬১৯

অনুবাদ । ঘটাদি জড়বস্তুর প্রকাশক সূর্য্য প্রকাশস্বরূপ; অচেতন ন
অতএব বুদ্ধি প্রভৃতির প্রকাশক চৈতন্যস্বরূপ আত্মা জড় নহে ॥ ৬১৯

কুড্যাদেশু জড়শ্চ নৈব ঘটতে ভানং স্বতঃ সর্বদা
 সূর্যাদিপ্রভয়া বিনা কচিদপি প্রত্যক্ষমেতৎ তথা ।
 বুদ্ধ্যাদেরপি ন স্বতোহস্ত্যগুরপি স্মৃতির্ভিনৈবাত্মনা
 সোহয়ং কেবলচিন্ময়শ্রুতিমতো ভানুর্যথা রুদ্ভময়ঃ ॥ ৬২০

অনুব। তু (কিং) কুড্যাশে: (দেওয়াল, ভিত্তি প্রভৃতি) জড়শ্চ
 (অচেতন বস্তু) স্বতঃ (স্বাভাবিক—অন্তের অপেক্ষা ব্যতীত) ভানং (প্রকাশ)
 নৈব ঘটতে (কদাচ হয় না), [যথা—যেমন] এতৎ (কুড্যাশি) সর্বদা (সকল
 সময়ে) সূর্যাদিপ্রভয়া (সূর্যাদির কিরণ) বিনা (ব্যতীত) কচিৎ অপি
 (কোথাও) প্রত্যক্ষং (সাক্ষাৎকার) [ন—নাই] তথা (সেইরূপ) আত্মনা
 (আত্মা) বিনা (ছাড়া) এব (অবধারণে) বুদ্ধ্যাশে: অপি (বুদ্ধি প্রভৃতিরও)
 অগুরপি (অল্প পরিমাণেও) স্বতঃ (স্বাভাবিক) স্মৃতিঃ (প্রকাশ) ন
 (নাই), যথা (যেমন) ভানুঃ (সূর্য) রুদ্ভময়ঃ (কাস্তিময়) [তথা—সেইরূপ]
 সঃ (সেই) অয়ং (এই) কেবলচিন্ময়শ্রুতিমতঃ (কেবল জ্ঞানরূপ শ্রুতি দ্বারা
 অভিমতঃ) ॥ ৬২০

অনুবাদ। যেমন কুড়া (ভিত্তি, দেওয়াল) প্রভৃতি অচেতন পদার্থের
 স্বভাবতঃ প্রকাশ নাই, সকল সময়ে সূর্যাদির কিরণব্যতীত কোথাও প্রত্যক্ষ
 হয় না, সেইরূপ বুদ্ধি প্রভৃতি আত্মা ভিন্ন স্বভাবতঃ অণুমাত্রও প্রকাশ পায় না;
 যেমন সূর্য প্রকাশস্বরূপ, সেইরূপ শ্রুতি সেই আত্মাকে কেবল জ্ঞানরূপ বলিয়া
 স্বীকার করিয়াছেন ॥ ৬২০

স্বভাসনে বাণ্যপদার্থভাসনে

নার্কঃ প্রকাশান্তুরমীষদিচ্ছতি ।

স্ববোধনে বাপ্যহমাদিবোধনে

তথৈব চিক্কাতুরয়ং পরাত্মা ॥ ৬২১

অনুব। নার্কঃ (সূর্য) স্বভাসনে (স্বীয় প্রকাশে) বা (অথবা) অণু-
 পদার্থভাসনে (পদার্থান্তুর-প্রকাশে) স্তেষৎ (অল্প) প্রকাশান্তুরং (অণু প্রকাশ)
 ন ইচ্ছতি (ইচ্ছা করে না); অয়ং (এই) চিক্কাতুঃ (জ্ঞানস্বরূপ) পরাত্মা
 (পরমাত্মা) স্ববোধনে (নিজের বোধন-বিষয়ে) বা (কিংবা) অহমাদিবোধনেইপি
 (অহঙ্কারাদির জ্ঞাপনেও) তথা এব (সেইরূপই) ॥ ৬২১

অনুবাদ। সূর্য ঘেরূপ স্বপ্রকাশে বা অপরপদার্থপ্রকাশে অণু কোন
 প্রকাশান্তুরের অণুমাত্রও ইচ্ছা (অপেক্ষা) করে না, সেইরূপ চৈতন্যস্বরূপ পরাত্মা
 নিজের বোধনে (জ্ঞানজননে) কিংবা অহঙ্কার প্রভৃতির বোধনে অপর কাহারও
 অপেক্ষা করেন না ॥ ৬২১

অন্যপ্রকাশং ন কিমপ্যাপেক্ষ্য

যতোহয়মাভাতি নিজাত্মনৈব ।

ততঃ স্বয়ংজ্যোতিরয়ং চিদাত্মা

ন হ্যাত্মভানে পরদীপ্যাপেক্ষা ॥ ৬২২

অনুবাদ। যতঃ (যেহেতু) অয়ং (এই আত্মা) কিমপি (অনিশ্চিত) অন্য-
প্রকাশং (পরপ্রকাশকে) ন অপেক্ষ্য (অপেক্ষা না করিয়া) নিজাত্মনা এব
(স্বস্বরূপেই) আভাতি (প্রকাশ পায়), ততঃ (সেইজন্য) অয়ং (এই)
চিদাত্মা (জ্ঞানস্বরূপ আত্মা) স্বয়ংজ্যোতিঃ (স্বয়ংপ্রকাশ) হি (নিশ্চিত)
আত্মভানে (নিজজ্ঞানে) পরদীপ্যাপেক্ষা (অন্যের প্রকাশের অপেক্ষা) ন
(না—করে না) ॥ ৬২২

অনুবাদ। যেহেতু আত্মা অপর কোন প্রকাশকে অপেক্ষা না করিয়া
স্বস্বরূপে প্রকাশ পান, সেইজন্য স্বয়ংপ্রকাশ এই চিদাত্মা নিজের জ্ঞানের নিমিত্ত
পর প্রকাশের অপেক্ষা করেন না ॥ ৬২২

যং ন প্রকাশয়তি কিঞ্চিদিনোহপি চন্দ্রো

নো বিদ্যতঃ কিমুত বহিরয়ং মিতাভঃ ।

যং ভান্তমেতমনুভাতি জগৎ সমস্তং

সোহয়ং স্বয়ং স্ফুরতি সর্বদশান্তু চাত্মা ॥ ৬২৩

অনুবাদ। ইনঃ (সূর্য্য) যং (যাঁহাকে) কিঞ্চিৎ (কিছুমাত্র) ন প্রকাশয়তি
(প্রকাশিত করে না) চন্দ্রঃ অপি (শব্দধরত) [যাঁহাকে প্রকাশ করিতে পারে
না] বিদ্যতঃ (তড়িত) নো (না—প্রকাশিত করিতে পারে না) মিতাভঃ
(অল্পদীপ্তিমান) অয়ং (এই) বহিঃ (অর্থ) কিমুত (কিহে নাহি); ভান্তং
(দীপ্তিমান) যং (যাঁহাকে) অন্তঃ (লক্ষ্য করিয়া) এতৎ (এই) সমস্তং
(সম্পূর্ণ) জগৎ (পৃথিবী) ভাতি (প্রকাশ পায়) সঃ (সেই) অয়ং (এই)
আত্মা (আত্মা) সর্বদশান্তু (সমস্ত অবস্থায়) স্ফুরতি (প্রকাশ পায়) ॥ ৬২৩

অনুবাদ। সূর্য্য, চন্দ্র এবং বিদ্যতঃ যাঁহাকে প্রকাশ করিতে পারে না, স্বল্প-
তেজঃসম্পন্ন অগ্নির কথা আর কি বলিব? যে প্রকাশস্বরূপ আত্মাকে লক্ষ্য
করিয়া এই সমস্ত জগৎ প্রকাশিত রহিয়াছে, সকল অবস্থায় সেই আত্মা
বিরাজমান রহিয়াছেন ॥ ৬২৩

আত্মন আনন্দত্ব-নিরূপণম্ ।

আত্মনঃ সুখরূপত্বাদানন্দত্বং স্বলক্ষণম্ ।

পরপ্রেমাম্পাদত্বেন সুখরূপত্বমাত্মনঃ ॥ ৬২৪

অর্থঃ । সুখরূপত্বাৎ (সুখস্বরূপতা-বশতঃ) আত্মনঃ (আত্মার) স্বলক্ষণম্ (স্বস্বরূপ) আনন্দত্বং (সুখরূপত্ব), পরপ্রেমাম্পাদত্বেন (অত্যন্ত প্রীতির পাত্রত্ব-বশতঃ) আত্মনঃ (আত্মার) সুখরূপত্বম্ (সুখস্বরূপতা) ॥ ৬২৪

অনুবাদ । আত্মা সুখস্বরূপ বলিয়া আনন্দরূপত্ব তাঁহার স্বরূপ ; নিরতিশয় প্রীতির আম্পদ (স্থান) বলিয়া আত্মাকে সুখস্বরূপ বলা যায় ॥ ৬২৪

সুখহেতুসু সর্বেষাং প্রীতিঃ সাবধিরীক্ষ্যতে ।

কদাপি নাবধিঃ প্রীতিঃ স্বাত্মনি প্রাণিনাং কচিৎ ॥ ৬২৫

অর্থঃ । সর্বেষাং (সমস্ত প্রাণীর) সুখহেতুসু (সুখকারণীভূত বস্তুসমূহে) সাবধিঃ (অবধিবিশিষ্ট, সমীম) প্রীতিঃ (প্রেম) ক্রীক্ষ্যতে (দৃষ্ট হয়), কদাপি (কোন সময়েও) কচিৎ (কোথায়) স্বাত্মনি (নিজেতে) প্রাণিনাং (জীবগণের) প্রীতেঃ (স্বেথের) অবধিঃ (সীমা) ন (নাহি) ॥ ৬২৫

অনুবাদ । [পুত্রকলত্র প্রভৃতি] স্বেথের কারণীভূত বস্তুসমূহে সকল প্রাণীর সমীম প্রীতি পদিলক্ষিত হয়, কোন সময়ে কোথায়ও প্রাণিগণের আত্মাতে সমীম প্রীতি দেখা যায় না ॥ ৬২৫

ক্ষীণেন্দ্রিয়স্য জীর্ণস্য সংপ্রাপ্তোৎক্রমণস্য বা ।

অস্তি জীবিতুমেবাশা স্বাত্মা প্রিয়তমো যতঃ ॥ ৬২৬

অর্থঃ । ক্ষীণেন্দ্রিয়স্য (যাহার ইন্দ্রিয়সমূহ শিথিল হইয়াছে এমন লোকের) জীর্ণস্য (বৃদ্ধের) বা (অথবা) সংপ্রাপ্তোৎক্রমণস্য (উৎক্রমণ—উর্দ্ধগমন বা মৃত্যুকে প্রাপ্ত অর্থাৎ মরণোন্মুখ ব্যক্তির) জীবিতুমে এব (বাঁচিয়া থাকিবার জগুই) আশা (বাসনা) অস্তি (আছে) যতঃ (যেহেতু) স্বাত্মা (স্বস্বরূপ) প্রিয়তমঃ (সর্বাপেক্ষা প্রিয়) ॥ ৬২৬

অনুবাদ । যাহার ইন্দ্রিয়সমূহ ক্ষীণ হইয়াছে, যে ব্যক্তি বৃদ্ধ, অথবা যে মৃত্যু মুখে নিপতিত—সকলেরই বাঁচিয়া থাকিবার আশা আছে, কারণ আত্মা সর্বাপেক্ষা প্রিয় ॥ ৬২৬

আত্মাতঃ পরমপ্রেমাম্পাদঃ সর্বশরীরিণাম্ ।

যস্য শেষতয়া সর্বমুপাদেয়ত্বমুচ্ছতি ॥ ৬২৭

অর্থঃ । অতঃ (এইজন্ত) আত্মা (স্বস্বরূপ) সর্বশরীরিণাং (সমস্ত প্রাণীর)

পরমপ্রেমাস্পদঃ (অতিশয় সুখের পাত্র), যশ (বাহার) শেষতয়া (অল্প বলিয়া)
সর্বং (সমস্ত বস্তু) উপাদেয়ত্বং (গ্রাহ্যত্ব) ঋচ্ছতি (প্রাপ্ত হয়) ॥ ৬২৭

অনুবাদ । এই নিমিত্ত আত্মা সকল প্রাণীরই নিরতিশয় প্রীতির আস্পদ ;
বাহার অক্ষয়-হেতু সমস্ত বস্তু উপাদেয়ত্ব (গ্রাহ্যত্ব) প্রাপ্ত হয় ॥ ৬২৭

এষ এব প্রিয়তমঃ পুত্রাদপি ধনাদপি ।

অন্যস্মাদপি সর্বস্মাদাত্মায়ং পরমাস্তরঃ ॥ ৬২৮

অর্থ । এষঃ এব (এই আত্মাই) পুত্রাদপি (সন্ত হইতেও) ধনাদপি (ধন
হইতেও) অন্যস্মাৎ সর্বস্মাৎ অপি (অত্র গো, হিরণ্য প্রভৃতি সমস্ত পদার্থ
হইতেও) প্রিয়তমঃ (অত্যন্ত প্রিয়) অয়ং (এই) আত্মা (আত্মা) পরমাস্তরঃ
(সর্বাপেক্ষা আস্তর বস্তু—ভিতরকার জিনিস) ॥ ৬২৮

অনুবাদ । এই আত্মা পুত্র ধন এবং অল্প যাবতীর বস্তু হইতে প্রিয়তম,
[স্তরাত্ম] আত্মা সর্বাপেক্ষা আস্তর বস্তু ॥ ৬২৮

প্রিয়ত্বেন মতং যত্তু তৎ সদা নাপ্রিয়ং নৃণাম্ ।

বিপত্তাবপি সম্পত্তৌ যথাত্মা ন তথাপরঃ ॥ ৬২৯

অর্থ । তু (কিন্তু) যৎ (যে বস্তু) প্রিয়ত্বেন (প্রীতিকরত্বরূপে) মতং
(অভিমত) তৎ (তাহা) সদা (সর্বদা) নৃণাম্ (মনুষ্যগণের) অপ্রিয়ং
(অপ্ৰীতিকর) ন (নহে), বিপত্তৌ (বিপদে) সম্পত্তৌ অপি (সম্পদেও)
আত্মা (স্বরূপ) যথা (যেমন) তথা (সেইরূপ) পরঃ (অত্রবস্তু)
ন (নহে) ॥ ৬২৯

অনুবাদ । যে বস্তু প্রিয় বলিয়া অভিমত, তাহা কখনও মনুষ্যগণের অপ্ৰিয়
হয় না, বিপৎকালে কিংবা সম্পৎসময়ে যেমন আত্মা স্বরূপ, সেইরূপ অপর
কোন বস্তু প্রিয় নহে ॥ ৬২৯

আত্মা খলু প্রিয়তমোহসুভূতাং বদন্তী

ভার্য্যায়জ্ঞাপুংহবিভ্রনুগাঃ পদার্থাঃ ।

বাণিজ্যকর্ষণগবাবনরাজসেবা-

ভৈষজ্যকপ্রভৃতয়ো বিবিধাঃ ক্রিয়াশ্চ ॥ ৬৩০

অর্থ । আত্মা (স্বরূপ) অসুভূতাং (প্রাণিগণের) প্রিয়তমঃ (অত্যন্ত
প্রিয়) খলু (নিশ্চিত) ভার্য্যায়জ্ঞাপুংহবিভ্রনুগাঃ (স্ত্রী, পুত্র, আত্মীয়, গৃহ,
অর্থ প্রভৃতি) পদার্থাঃ (বস্তু সমুদায়) বদন্তী (বাহার নিমিত্ত) ; বাণিজ্যকর্ষণ-
গবাবনরাজসেবাভৈষজ্যকপ্রভৃতয়শ্চ (এবং বাণিজ্য, কৃষিকার্য্য, গোরক্ষণ,

রাজসেবা, চিকিৎসা ইত্যাদি) বিবিধাঃ (নানাবিধ) ক্রিয়াঃ (কার্য) [ষদর্থাঃ—
যাহার—আত্মার নিমিত্ত] ॥ ৬৩০

অনুবাদ । আত্মা প্রাণিগণের অত্যন্ত প্রিয়, [কারণ] স্ত্রী, পুত্র, আত্মীয়,
গৃহ, ধন প্রভৃতি পদার্থসমূহ এবং বাণিজ্য, কৃষি, গোরক্ষণ, রাজসেবা, চিকিৎসা
প্রভৃতি ক্রিয়াসমূহ আত্মারই নিমিত্ত ॥ ৬৩০

প্রবৃতিশ্চ নিবৃতিশ্চ যচ্চ যাবচ্চ চেষ্টিতম্ ।

আত্মার্থমেব নান্যার্থং নাতঃ প্রিয়তমঃ পরঃ ॥ ৬৩১

অনুবাদ । প্রবৃতিঃ (প্রবর্তন) নিবৃতিশ্চ (এবং নিবর্তন) যচ্চ (এবং যাহা)
যাবচ্চ (এবং যে সমস্ত) চেষ্টিতম্ (চেষ্টা) আত্মার্থমেব (আত্মার নিমিত্তই)
ন অন্যার্থং (অন্তের নিমিত্ত নহে) অতঃ (এই জন্ত) [আত্মা] পরঃ (নিবৃতিশয়)
প্রিয়তমঃ (প্রেষ্ঠঃ) ॥ ৬৩১

অনুবাদ । প্রবৃতি ও নিবৃতি, এবং যাহা কিছু ও যৎ-পরিমাণ চেষ্টা, তাহা
সমস্ত আত্মারই নিমিত্ত, অন্তের জন্ত নহে; অতএব আত্মা সর্বাপেক্ষা প্রিয় ॥ ৬৩১

তস্মাদাত্মা কেবলানন্দরূপো

যঃ সর্বস্মাদবস্তনঃ প্রেষ্ঠ উক্তঃ ।

যো বা অস্মান্মন্যতেহন্যং প্রিয়ং যং

সোহয়ং তস্মাচ্ছোকমেবানুভুক্তে ॥ ৬৩২

অনুবাদ । তস্মাৎ (সেই জন্ত) আত্মা (স্বরূপ) কেবলানন্দরূপঃ (কেবল
স্বরূপ) যঃ (যে আত্মা) সর্বস্মাৎ (সমস্ত) বস্তনঃ (পদার্থ হইতে) প্রেষ্ঠঃ
প্রিয়তম) উক্তঃ (কথিত হইয়াছে) ; যঃ (যে) বা (অবধারণার্থক) অস্মাৎ
ইহা হইতে—আত্মা হইতে) যং (যে) অন্যং (অপর) প্রিয়ং (প্রীতিকর)
তে (মনে করে) সঃ (সেই) অয়ং (এই—পুরুষ) তস্মাৎ (তজ্জন্ত অথবা
হা হইতে) শোকমেব (দুঃখই) অনুভুক্তে (ভোগ করে) ॥ ৬৩২

অনুবাদ । সেই কারণে আত্মা কেবলমাত্র আনন্দস্বরূপ, শাস্ত্রে যাহাকে
বিস্তৃত অপেক্ষা প্রিয় বলিয়াছেন, যে এই আত্মা অপেক্ষা অন্তকে প্রিয় বলিয়া
মনে করে, সে তাহা হইতে দুঃখ অনুভব করিয়া থাকে ॥ ৬৩২

শিষ্যঃ—

অপরঃ ক্রিয়তে প্রশ্নো ময়ায়ং ক্ষম্যতাং প্রভো ।

অজ্ঞবাগপরাধায় কল্পতে ন মহাত্মনাম্ ॥ ৬৩৩

অনুবাদ । শিষ্যঃ (বিদ্বাং) [বলিলেন]—প্রভো (হে স্বামিন্) ময়া (আমা-
র) অয়ং (এই) অপরঃ (অন্ত) প্রশ্নঃ (জিজ্ঞাসা) ক্রিয়তে (কৃত হই-

তেছে) ; [ভবতা] ক্ষম্যতাং (আপনি ক্ষমা করুন) অজ্ঞবাক্ (মূর্খদিগের বাক্য) মহাত্মনাং (সাধুগণ সম্বন্ধে) অপরাধায় (দোষের নিমিত্ত) ন কল্পতে (হয় না) ॥ ৬৩৩

অনুবাদ । শিষ্য কহিলেন,—হে প্রভো ! আমি আপনাকে অপর একটি প্রশ্ন জিজ্ঞাসা করিতেছি, আপনি ক্ষমা করিবেন, কারণ মহাত্মগণ অনভিজ্ঞানের উক্তির দোষ গ্রহণ করেন না ॥ ৬৩৩

আত্মান্যঃ সুখমন্যচ্চ নাত্মনঃ সুখরূপতা ।

আত্মনঃ সুখমাশাস্ত্রং যততে সকলো জনঃ ॥ ৬৩৪

অর্থ । আত্মা (স্বরূপ) অন্যঃ (ভিন্ন) সুখং চ (এবং সুখ) অন্যং (ভিন্ন) আত্মনঃ (আত্মার) সুখরূপতা (আনন্দস্বরূপতা) ন (নাই), সকলঃ (সমস্ত) জনঃ (লোক) আত্মনঃ (আত্মার নিকট হইতে) আশাস্ত্রং (অভিলষণীয়) সুখং (সুখ) যততে (চেষ্টা করে—প্রার্থনা করে) ॥ ৬৩৪

অনুবাদ । আত্মা ভিন্ন বস্তু, সুখও ভিন্ন বস্তু ; সুতরাং আত্মা সুখ-স্বরূপ হইতে পারেন না ; [কারণ] সকল লোক আত্মার নিকট হইতে বাঞ্ছনীয় সুখ পাইবার জন্ত যত্ন করিয়া থাকে ॥ ৬৩৪

আত্মনঃ সুখরূপত্বে প্রযত্নঃ কিমু দেহিনাম্ ।

এষ মে সংশয়ঃ স্বামিন্ কৃপয়ৈব নিরশ্রুতাম্ ॥ ৬৩৫

অর্থ । স্বামিন্ (হে প্রভো) আত্মনঃ (আত্মার) সুখরূপত্বে (আনন্দ স্বরূপত্বে) দেহিনাং (প্রাণিগণের) প্রযত্নঃ (বিশেষ চেষ্টা) কিমু (কেন ?) মে (আমার) এষঃ (এই) সংশয়ঃ (সন্দেহ) কৃপয়া এব (দয়াপূর্বকই) নিরশ্রুতাম্ (নিরাস করা হউক) ॥ ৬৩৫

অনুবাদ । হে প্রভো । যদি আত্মা সুখস্বরূপই হইলেন তবে সুখ পাইবার জন্ত লোকের একরূপ প্রযত্ন কেন ? [কারণ আত্মা থাকায় সুখ ত সর্বদাই রহিয়াছে] আমার এই সন্দেহ কৃপাপূর্বক দূর করুন ॥ ৬৩৫

আত্মান্যস্য সুখরূপত্ব-নিরাসঃ ।

শ্রীগুরুঃ—

আনন্দরূপমাত্মানমজ্ঞাত্বৈব পৃথগ্জনঃ ।

বহিঃসুখায় যততে নতু কশ্চিদ্বিদন্ বুধঃ ॥ ৬৩৬

অর্থ । শ্রীগুরুঃ (গুরুদেব) [বলিলেন]—

পৃথগ্জনঃ (অজ্ঞ মূর্খ) আনন্দরূপং (সুখস্বরূপ) আত্মানং (স্বরূপকে

অজ্ঞাত্বা এব (না জানিয়াই) বহিঃসুখায় (বাহিরের সুখের জন্ত) যততে (যত্ন করে) ; তু (কিন্তু) কশ্চিৎ (কোন) বুধঃ (পণ্ডিত) [আনন্দরূপং—সুখস্বরূপ, আত্মানং—আত্মাকে] বিদন্ (জানিয়া) ন যততে (যত্ন করে না) ॥ ৬৩৬

অনুবাদ । গুরু কহিলেন,—অজ্ঞানলোক সুখস্বরূপ আত্মাকে না জানিয়াই বাহ্যসুখের নিমিত্ত যত্ন করিয়া থাকে, কিন্তু কোন পণ্ডিত সুখস্বরূপ আত্মাকে জানিয়া বাহ্যসুখের জন্ত যত্ন করেন না ॥ ৬৩৬

অজ্ঞাত্বৈব হি নিষ্ফেপং ভিক্ষামটতি দুর্ন্যতিঃ ।

স্ববেশ্মনি নিধিং জ্ঞাত্বা কোনু ভিক্ষামটেৎ সুধীঃ ॥ ৬৩৭

অনুবাদ । দুর্ন্যতিঃ (মন্দবুদ্ধি) নিষ্ফেপং (গচ্ছিত ধন) অজ্ঞাত্বা এব (না জানিয়াই) ভিক্ষাং (ভিক্ষা অর্থাৎ ভিক্ষালাভার্থ) অটতি (ভ্রমণ করে) হি (নিশ্চিত) সু (প্রশ্নে) কঃ (কোন্) সুধীঃ (বুদ্ধিমান) স্ববেশ্মনি (নিজগৃহে) নিধিং (অর্থ) জ্ঞাত্বা (জানিয়া) ভিক্ষাং (যাক্সা) অটেৎ (গমন করে) ॥ ৬৩৭

অনুবাদ । মন্দবুদ্ধি ব্যক্তি গচ্ছিতধন জানিতে না পারিয়া ভিক্ষার জন্ত [ইতস্ততঃ] ভ্রমণ করে, কোন্ বুদ্ধিমান নিজবাটীতে ধন আছে ইহা জানিয়া ভিক্ষায় বহির্গত হয় ? ॥ ৬৩৭

স্বলঞ্চ সূক্ষ্মঞ্চ বপুঃ স্বভাবতঃ

দুঃখাত্মকং স্বাত্মতয়া গৃহীত্বা ।

বিস্মৃত্য চ স্বং সুখরূপমাত্মনো-

দুঃখপ্রদেভ্যঃ সুখমজ্ঞ ইচ্ছতি ॥ ৬৩৮

অনুবাদ । অজ্ঞঃ (মূহ) স্বভাবতঃ (স্বাভাবিক) দুঃখাত্মকং (দুঃখস্বভাব) স্বলং (দৃশ্যমান ষট্-কৌশিক) চ (এবং) সূক্ষ্মং চ (লিঙ্গ দেহও) স্বাত্মতয়া (আত্মরূপে) গৃহীত্বা (গ্রহণ করিয়া) আত্মনঃ (আত্মার) স্বয়ং (নিজ) সুখরূপং (সুখস্বরূপতাকে) বিস্মৃত্য (ভুলিয়া) চ (এবং) দুঃখপ্রদেভ্যঃ (দুঃখ-দানকারী) [বিষয়সমূহ হইতে] সুখং (সুখ) ইচ্ছতি (ইচ্ছা করে) ॥ ৬৩৮

অনুবাদ । মূঢ়লোক স্বাভাবিক দুঃখস্বরূপ স্বল এবং সূক্ষ্ম শরীর আত্মরূপে গ্রহণ করিয়া আত্মার সুখস্বরূপতা বিস্মৃত হইয়া দুঃখপ্রদ বিষয়সমূহ হইতে সুখ ইচ্ছা করিয়া থাকে ॥ ৬৩৮

ন হি দুঃখপ্রদং বস্তু সুখং দাতুং সমর্থতি ।

কিং বিষং পিবতো জন্তোরমৃতত্বং প্রযচ্ছতি ॥ ৬৩৯

অনুবাদ । দুঃখপ্রদং (ক্লেশকর) বস্তু (দ্রব্য) সুখং (শস্য) দাতুং (দিতে) ন সমর্থতি (সম্যক্রূপে যোগ্য হয় না) হি (নিশ্চিত), বিষং (হলাহল)

পিবতঃ (পানকারী) জন্তোঃ (প্রাণীর) কিং (কি) অমৃতত্বং (অমরত্ব)
প্রযচ্ছতি (প্রদান করে) ॥ ৬৩৯

অনুবাদ । দুঃখপ্রদ বস্তু সুখ প্রদান করিতে পারে না, বিষ কখন বিষপান-
কারী প্রাণীর অমরত্ব প্রদান করে না ॥ ৬৩৯

আত্মান্যং সুখমন্যচ্ছেতেবং নিশ্চিত্য পামরঃ ।

বহিঃসুখায় যততে সত্যমেব ন সংশয়ঃ ॥ ৬৪০

অনুবাদ । পামরঃ (মূঢ়) আত্মা (স্বরূপ) অন্তঃ (ভিন্ন) সুখং (সুখ)
অন্যচ্ছ (এবং অপর বস্তু) ইতি (ইহা) এবং (এইরূপে) নিশ্চিত্য (স্থির
করিয়া) সত্যমেব (যথার্থই) বহিঃ-সুখায় (বাহিরের বস্তু হইতে সুখলাভসায়)
যততে (চেষ্টা করে) সংশয় (সন্দেহ) ন (নাই) ॥ ৬৪০

অনুবাদ । আত্মা ভিন্ন বস্তু এবং সুখও ভিন্ন বস্তু এইরূপ নিশ্চয় করিয়া
মূঢ় ব্যক্তি যথার্থই বাহুস্থের নিমিত্ত যত্ন করে, ইহাতে সন্দেহ নাই ॥ ৬৪০

ইষ্টস্য বস্তুনো ধ্যানদর্শনাদ্যুপভুক্তিষু ।

প্রতীয়তে য আনন্দঃ সর্বেষামিহ দেহিনাম্ ॥ ৬৪১

স বস্তুধর্মো নো যস্মান্মনস্শ্বেবোপলভ্যতে ।

বস্তুধর্মস্য মনসি কথং স্মাদুপলভ্তনম্ ॥ ৬৪২

অনুবাদ । ইহ (এই সংসারে) সর্বেষাং (সমস্ত) দেহিনাং (প্রাণীর) ইষ্টস্য
(প্রিয়) বস্তুনঃ (পদার্থের) ধ্যানদর্শনাদ্যুপভুক্তিষু (চিন্তা, অবলোকন, উপভোগ
প্রভৃতিতে) যঃ (যে) আনন্দঃ (সুখ) প্রতীয়তে (অনুভূত হয়) সঃ (সেই
আনন্দ) বস্তুধর্মঃ (পদার্থের ধর্ম) নো (নহে), যস্মাৎ (যেহেতু) মনসি এব
(মনেই) উপলভ্যতে (উপলব্ধি হয়) মনসি (মনে) বস্তুধর্মস্য (পদার্থ ধর্মের
উপলভ্তনং (জ্ঞান) কথং (কিরূপে) স্মাদু (হয়) ॥ ৬৪১ ॥ ২

অনুবাদ । এই জগতে প্রিয়বস্তুর ধ্যান, দর্শন, উপভোগ প্রভৃতিতে সমস্ত
প্রাণীর যে আনন্দ অনুভূত হয়, তাহা বস্তুর ধর্ম নহে ; কারণ, মনেই উপলব্ধি হয়
বস্তুর ধর্ম কিরূপে মনে উপলব্ধি হইবে ? ॥ * ৬৪১ ॥ ৬৪২

অন্যত্র ত্বন্যধর্মাণামুপলভ্তো ন দৃশ্যতে ।

তস্মান্ন বস্তুধর্মোহয়মানন্দস্ত কদাচন ॥ ৬৪৩

* তাৎপর্য—স্ত্রী, পুত্র, চন্দন প্রভৃতির দর্শন ও উপভোগে মনে যে আনন্দ উৎপন্ন হয়, তা
বস্তুর ধর্ম অর্থাৎ স্ত্রী, পুত্র, চন্দন প্রভৃতির ধর্ম নহে । আনন্দ বস্তুধর্ম হইলে, শীতকালেও চন্দন
সুখকর হউক । বিশেষতঃ বস্তুর ধর্ম মনে কেবল উপলব্ধ হয়, অতএব আনন্দ বস্তুধর্ম
ধর্ম নহে ।

অন্য । তু (কিস্ত) অন্তত্র (অন্ত পদার্থে) অন্তধর্মীণাম্ (অপরের ধর্মের) উপলভ্তঃ (জ্ঞান) ন দৃশ্যতে (দৃষ্ট হয় না) ; তস্মাৎ (সেই নিমিত্ত) অসম্ (এই) আনন্দঃ (সুখ) কদাচন তু (কখনই) বস্তুধর্মঃ (ঘটপটাতির ধর্ম) ন (নহে) ॥ ৬৪৩

অনুবাদ । অন্তবস্তুতে অন্ত ধর্মের উপলক্ষি দেখা যায় না ; সেই নিমিত্ত আনন্দ কখনও বস্তুর ধর্ম হইতে পারে না ॥ ৬৪৩

নাপ্যেষ ধর্মো মনসোহসত্যার্থে তদদর্শনাৎ ।

অসতি ব্যঞ্জকে ব্যঙ্গ্যং নোদেতীতি ন মন্যতাম্ ॥ ৬৪৪

অন্য । এষঃ (এই আনন্দঃ) মনসঃ (মনের) ধর্মঃ (অবস্থাবিশেষ) ন (না) অপি (ও) অর্থে (বিষয়) অসতি (না থাকিলে) তদদর্শনাৎ (আনন্দ দেখা যায় না) ব্যঞ্জকে (প্রকাশক) অসতি (না থাকিলে) ব্যঙ্গ্যং (প্রকাশ) ন উদেতি (উৎপন্ন হয় না) ইতি (ইহা) ন মন্যতাম্ (মনে করিও না) ॥ ৬৪৪

অনুবাদ । এই আনন্দ মনেরও ধর্ম নহে, [কারণ] বিষয় না থাকিলে আনন্দ দেখা যায় না, ব্যঞ্জক (প্রকাশক) না থাকিলে যে ব্যঙ্গ্য (প্রকাশ) আবির্ভূত হয় না—ইহা মনে করিও না ॥ ৬৪৪

সত্যার্থেহপি চ নোদেতি হ্যানন্দস্তুক্তলক্ষণঃ ।

সত্যপি ব্যঞ্জকে ব্যঙ্গ্যানুদয়ো নৈব সম্মতঃ ॥ ৬৪৫

অন্য । অর্থে (বিষয়) সতি (থাকিলে) অপি (ও) চ (পাদপূরণার্থক) উক্তলক্ষণঃ (যাহার লক্ষণ পূর্বে কথিত হইয়াছে) আনন্দঃ (সুখ) তু (ই) ন উদেতি (উদ্ভিত হয় না) হি (নিশ্চিত), ব্যঞ্জকে (প্রকাশক) সতি (থাকিলে) অপি (ও) ব্যঙ্গ্যানুদয়ঃ (ব্যঙ্গ্যের--প্রকাশের, অনুদয়--অনভি-ব্যক্তি) ন (না) এব (ই) সম্মতঃ (অভিমত) ॥ ৬৪৫

অনুবাদ । বিষয় বিদ্যমান থাকিলে পূর্বোক্তলক্ষণযুক্ত আনন্দ উদ্ভিত হয় না, ব্যঞ্জক (প্রকাশক) থাকিলে ব্যঙ্গ্যের (প্রকাশের) অনুদয় (অপ্রকাশ) কখনও যুক্তিযুক্ত নহে ॥ ৬৪৫

দুরদৃষ্টাদিকং নাত্র প্রতিবন্ধঃ প্রকল্প্যতাম্ ।

প্রিয়শ্চ বস্তুনো লাভে দুরদৃষ্টং ন সিধ্যতি ॥ ৬৪৬

অন্য । অত্র (এ বিষয়ে) দুরদৃষ্টাদিকং (অশুভ অদৃষ্ট প্রভৃতি) প্রতিবন্ধঃ (বাধক) ন প্রকল্প্যতাম্ (কল্পনা করিতে পার না) [কারণ] প্রিয়শ্চ (ইষ্ট) বস্তুনঃ (পদার্থের) লাভে (প্রাপ্তিতে) দুরদৃষ্টং (অশুভ অদৃষ্ট) ন সিধ্যতি (সিদ্ধ হয় না) ॥ ৬৪৬

অনুবাদ । [যদি বল—আনন্দ বিষয়ের ধর্ম, তবে অশুভ অদৃষ্ট প্রভৃতি প্রতিবন্ধক থাকায় অনুভূত হয় না, তাহা বলিতে পার না] ইহাতে অশুভ অদৃষ্ট প্রভৃতি প্রতিবন্ধক কল্পনা করিতে পার না ; [কারণ] প্রিয় বস্তুর প্রাপ্তিবিশয়ে অশুভ অদৃষ্ট সিদ্ধ হয় না ॥ ৬৪৬

তস্মান্ন মানসো ধর্মো নিগুণত্বান্ চাত্মনঃ ।

কিন্তু পুণ্যস্য সান্নিধ্যাদিচ্ছাপি চ বস্তুনঃ ॥ ৬৪৭

সত্ত্বপ্রধানে চিত্তেহস্মিংস্ত্বাত্মৈব প্রতিবিস্ততি ।

আনন্দলক্ষণঃ স্বচ্ছে পয়সীব সূধাকরঃ ॥ ৬৪৮

অন্বয় । তস্মাৎ (সেই নিমিত্ত) [আনন্দ] মানসঃ (মনঃসম্বন্ধীয়) ধর্মঃ (অবস্থা বিশেষ) ন (নহে), নিগুণত্বাৎ (গুণশূন্যত্ববশতঃ) আত্মনঃ (আত্মার) চ (ও) ন (ধর্ম নহে), কিন্তু (পরন্তু) পুণ্যস্য (শুভ অদৃষ্টের) সান্নিধ্যাৎ (নৈকট্যবশতঃ) ইচ্ছাস্ত (প্রিয়) বস্তুনঃ (পদার্থের) চ (এবং) [সান্নিধ্যবশতঃ] সত্ত্বপ্রধানে (সত্ত্বগুণপ্রবল) অস্মিন্ (এই) চিত্তে (অন্তঃকরণে) পয়সি (জলে) সূধাকরঃ (চন্দ্র) ইব (ত্রায়) আনন্দলক্ষণঃ (আনন্দস্বরূপ) তু (কিন্তু) আত্মা (স্বস্বরূপ) এব (ই) প্রতিবিস্ততি (প্রতিবিস্তিত হয়—প্রতিফলিত হয়) ॥ ৬৪৭ ॥ ৬৪৮

অনুবাদ । তস্মাৎ আনন্দ মনের ধর্ম নহে, নিগুণত্ববশতঃ আত্মারও ধর্ম নহে ; কিন্তু পুণ্য এবং ইচ্ছা বস্তুর সান্নিধ্যবশতঃ সত্ত্ব-গুণপ্রধান এই চিত্তে নির্মল জলে চন্দ্রমার ত্রায় আত্মা প্রতিবিস্তিত হ'ন ॥ ৬৪৭ ॥ ৬৪৮

সৌহৃদ্যমাভাস আনন্দশ্চিত্তে য প্রতিবিস্তিতঃ ।

পুণ্যোৎকর্ষাপকর্ষাভ্যাং ভবত্যাচাবচঃ স্বয়ম্ ॥ ৬৪৯

অন্বয় । সঃ (সেই) অয়ং (এই) আভাসঃ (প্রতিফলিত) আনন্দঃ (সুখ) যঃ (যে) চিত্তে (অন্তঃকরণে) প্রতিবিস্তিতঃ (প্রতিফলিত) [সন্—হইয়া] পুণ্যোৎকর্ষাপকর্ষাভ্যাং (পুণ্যের আধিক্য ও অল্পতাবশতঃ) স্বয়ং (নিজে) উচ্চাবচঃ (ভাল মন্দ নানাপ্রকার) ভবতি (হইয়া থাকে) ॥ ৬৪৯

অনুবাদ । সেই এই আভাস (প্রতিফলিত) আনন্দ চিত্তে প্রতিবিস্তিত হইয়া পুণ্যের উৎকর্ষ ও অপকর্ষ-বশতঃ স্বয়ং ভাল মন্দ নানাপ্রকার হইয়া থাকে ॥ ৬৪৯

সার্বভৌমাদিব্রহ্মান্তং শ্রুত্যা যঃ প্রতিপাদিতঃ ।

স ক্ষয়িসুঃ সাতিশয়ঃ প্রক্ষীণে কারণে লয়ম্ ॥ ৬৫০

যাত্যেষ বিষয়ানন্দো যন্তু পুণ্যৈকসাধনঃ ।

যে তু বৈষয়িকানন্দং ভুঞ্জতে পুণ্যকারিণঃ ॥ ৬৫১

দুঃখঞ্চ ভোগকালেহপি তেষামন্তে মহত্তরম্ ।

সুখং বিষয়সংপৃক্তং বিষয়সংপৃক্তভক্তবৎ ॥ ৬৫২

অর্থঃ । শ্রুত্যা (বেদকর্তৃক) সার্বভৌমাদিব্রহ্মাস্তুং (সর্বভূমির অধিপতি রাজা হইতে ব্রহ্মা পর্য্যাস্ত) যঃ (যে আনন্দ) প্রতিপাদিতঃ (স্থিরীকৃত হইয়াছে) সঃ (সেই আনন্দ) ক্ষয়িকুঃ (ক্ষয়শীল) সাতিশয়ঃ (তারতম্যযুক্ত) যঃ (যে) তু (কিন্তু) পুণ্যৈকসাধনঃ (পুণ্যই একমাত্র যাহার উপায়) এষঃ (এই) বিষয়ানন্দঃ (বিষয়জনিত সুখ) কারণে (হেতু) প্রক্ষীণে (লয় হইলে) লয়ং (নাশ) যতি ((প্রাপ্ত হয়) তু (কিন্তু) যে (যাহারা) পুণ্যকারিণঃ (পুণ্য-কর্মের অনুষ্ঠাতা) বৈষয়িকানন্দং (বিষয়জনিতসুখ) ভুঞ্জতে (ভোগ করে) ভোগকালে (বিষয়সুখভোগের সময়) অপি (ও) সুখং (আনন্দ) তেষাং (তাহাদের) অন্তে (পরিণামে) মহত্তরম্ (অত্যধিক) [দুঃখ] বিষয়সংপৃক্তং (অর্থসম্বন্ধীয়) সুখং (আনন্দ) বিষয়সংপৃক্তভক্তবৎ (বিষয়মিশ্র ভাতের ত্রায়) ॥ ৬৫০ ॥ ৬৫১ ॥ ৬৫২

অনুবাদ । শ্রুতিতে সার্বভৌম নরপতি হইতে হিরণ্যগর্ভ পর্য্যাস্ত যে আনন্দ প্রতিপাদিত হইয়াছে, তাহা ক্ষয়শীল এবং অতিশয়-যুক্ত ; সুখের কারণ নাশপ্রাপ্ত হইলে, পুণ্যবলে প্রাপ্ত বিষয়জনিত আনন্দ লয়প্রাপ্ত হইয়া থাকে, যে পুণ্য-কর্মকারী লোকগণ বিষয়-জনিত সুখভোগ করে, তাহাদের ভোগসময়ে অত্যন্ত দুঃখ এবং পরিণামেও অত্যন্ত দুঃখ ঘটয়া থাকে । বিষয়-সম্পর্কজনিত সুখ বিষ-মিশ্রিত অন্তের ত্রায় দুঃখদায়ক ॥ ৬৫০ ॥ ৬৫১ ॥ ৬৫২

ভোগকালেহপি ভোগান্তে দুঃখমেব প্রযচ্ছতি ।

সুখমুচ্চাবচত্বেন ক্ষয়িকুহভয়েন চ ॥ ৬৫৩

অর্থঃ । সুখং (বৈষয়িক আনন্দ) উচ্চাবচত্বেন (ভাল, মন্দ নানাপ্রকার বলিয়া) ক্ষয়িকুহভয়েন (ক্ষয়শীলত্ব ভয় থাকায়) চ (এবং) ভোগকালে (ভোগের সময়ে) অপি (ও) ভোগান্তে (ভোগের পর) দুঃখং (ক্লেশ) এব (ই) প্রযচ্ছতি (প্রদান করে) ॥ ৬৫৩

অনুবাদ । বিষয়জ সুখ ভাল, মন্দ নানাপ্রকার থাকায় এবং ক্ষয় হইয়া যায়—এই ভয় থাকায়, ভোগের সময় এবং ভোগের শেষে দুঃখই প্রদান করিয়া থাকে ॥ ৬৫৩

ভোগকালে ভবেন্ন গাং ব্রহ্মাদিপদভাজিনাম্ ।

রাজস্থানপ্রবিষ্টানাং তারতম্যং মতং যথা ॥ ৬৫৪

তথৈব হুঃখং জন্তুনাং ব্রহ্মাদিপদভাজিনাম্ ।

ন কাঙ্ক্ষণীয়ং বিদুষা তস্মাদ্বেষয়িকং সুখম্ ॥ ৬৫৫

অর্থঃ । যথা (যেমন) ভোগকালে (ভোগসময়ে) ব্রহ্মাদিপদভাজিনাং (হিরণ্যগর্ভ প্রভৃতি স্থানকে ভজনা করে) রাজস্থানপ্রবিষ্টানাং (রাজার স্থানে উপবিষ্ট) নৃণাং (মনুষ্যগণের) তারতম্যং (তরতমভাব) মতং (অভিমত) ভবেৎ (হয়), তথা (সেইরূপ) এব (ই) ব্রহ্মাদিপদভাজিনাং (হিরণ্যগর্ভ প্রভৃতি পদভাগী) জন্তুনাং (প্রাণিগণের) হুঃখং (ক্লেশ), তস্মাৎ (সেইজন্য) বিদুষা (পণ্ডিতলোক কর্তৃক) বৈষয়িকং (বিষয়-সম্বন্ধীয়) সুখং (আনন্দ) ন (না) কাঙ্ক্ষণীয়ং (প্রার্থনীয়) ॥ ৬৫৪ ॥ ৬৫৫

অনুবাদ । সুখভোগ-সময়ে হিরণ্যগর্ভাদি-পদভাগী মনুষ্য-গণের এবং রাজপদলাভকারী মনুষ্যদিগের যেমন তারতম্য দেখা যায়, তদ্রূপ হিরণ্যগর্ভ পদভাগী প্রাণিগণের হুঃখ তরতমভাবে পরিদৃষ্ট হয় । সুতরাং বিদ্বান্ লোকের বৈষয়িক সুখ প্রার্থনা করা উচিত নহে ॥ ৬৫৪ ॥ ৬৫৫

যো বিশ্বভূত আনন্দঃ স আত্মানন্দলক্ষণঃ ।

শাস্বতো নির্দ্বয়ঃ পূর্ণো নিত্য একোহপি নির্ভয়ঃ ॥ ৬৫৬

অর্থঃ । যঃ (যে) বিশ্বভূতঃ (বিশ্বরূপ) আনন্দঃ (সুখ) সঃ (সেই) আনন্দলক্ষণঃ (সুখস্বরূপ) আত্মা, শাস্বতঃ (অপক্ষয়-রহিত), নির্দ্বয়ঃ (দ্বৈতশূন্য) পূর্ণঃ (পরিপূর্ণ) নিত্যঃ (সর্বদা একরূপে অবস্থিত) একঃ (অদ্বিতীয়) অপি (ও) নির্ভয়ঃ (ভীতিশূন্য) ॥ ৬৫৬

অনুবাদ । যাহা বিশ্বরূপ আনন্দ, তাহাই সুখস্বরূপ আত্মা, তাঁহার ক্ষয় নাই, তিনি দ্বৈতশূন্য, পূর্ণ, নিত্য এবং এক হইয়াও সর্বদা ভয়শূন্য ॥ ৬৫৬

লক্ষ্যতে প্রতিবিশ্বেনাভাসানন্দেন বিশ্ববৎ

প্রতিবিশ্বো বিশ্বমূলো বিনা বিশ্বং ন সিধ্যতি ॥ ৬৫৭

অর্থঃ । বিশ্ববৎ (বিশ্বস্বরূপ) [আনন্দঃ] প্রতিবিশ্বেন (বিশ্বের প্রতিক্রম) আভাসানন্দেন (প্রতিফলিত আনন্দের দ্বারা) লক্ষ্যতে (লক্ষিত হয়) বিশ্বমূলো (বিশ্ব বাহার মূল) প্রতিবিশ্বঃ (প্রতিক্রম) বিশ্বং (যথার্থবস্ত) বিনা (ব্যতীত) ন সিধ্যতি (সিদ্ধ হয় না) ॥ ৬৫৭

অনুবাদ । সেই বিশ্বভূত আনন্দ আভাসানন্দরূপ প্রতি-বিশ্বের দ্বারা লক্ষিত হয় ; প্রতিবিশ্ব বিশ্বমূলক, বিশ্বব্যতীত প্রতিবিশ্ব হইতে পারে না ॥ ৬৫৭

যৎ ততো বিশ্ব আনন্দঃ প্রতিবিশ্বেন লক্ষ্যতে ।

যুক্তৈব্য পণ্ডিতজর্নৈর্ন কদাপ্যনুভূয়তে ॥ ৬৫৮

অন্বয় । ততঃ (সেইজ্ঞ) যৎ (যে) বিষঃ (বিষভূত) আনন্দঃ (সুখ)
প্রতিবিশ্বেন (প্রতিবিশ্বরূপে) লক্ষ্যতে (লক্ষিত হয়) পণ্ডিতজনৈঃ (পণ্ডিতগণ
কর্তৃক) যুক্ত্যা (যুক্তিধারা) এব (ই) কদা (কখন) অপি (ও) ন অনুভূয়তে
(অনুভূত হয় না) ॥ ৬৫৮

অনুবাদ । অতএব যে বিষভূত আনন্দ প্রতিবিশ্বরূপে লক্ষিত হয়, তাহা
পণ্ডিতগণ যুক্তিধারা অনুভব করিতে পারেন না ॥ ৬৫৮

অবিদ্যাকার্য্যকরণসংঘাতেষু পুরোদিতঃ ।

আত্মা জাগ্রত্যপি স্বপ্নে ন ভবত্যেষ গোচরঃ ॥ ৬৫৯

অন্বয় । অবিদ্যাকার্য্যকরণসংঘাতেষু (অজ্ঞান তাহার কার্য্য দেহ এবং
ইন্দ্রিয়সমূহে) পুরোদিতঃ (সম্মুখে আবির্ভূত কিংবা অগ্রে উদ্ভিত) এষঃ (এই)
আত্মা (স্বরূপ) জাগ্রতি (জাগ্রদবস্থায়) অপি (ও) স্বপ্নে (স্বপ্নসময়ে)
গোচরঃ (জ্ঞানবিষয়) ন ভবতি (হয় না) ॥ ৬৫৯

অনুবাদ । জাগ্রৎকালে এবং স্বপ্নাবস্থায় অবিদ্যা, দেহ ও ইন্দ্রিয়সমূহ বিদ্যমান
থাকায়, সকলের পূর্বে বর্তমান আত্মা জ্ঞানের বিষয়ীভূত হ'ন না ॥ ৬৫৯

স্থূলশ্চাপি চ সূক্ষ্মশ্চ দুঃখরূপশ্চ বস্মণঃ ।

লয়ে সুষুপ্তৌ স্ফুরতি প্রত্যগানন্দলক্ষণঃ ॥ ৬৬০

অন্বয় । সুষুপ্তৌ (সুষুপ্তিকালে) দুঃখরূপশ্চ (দুঃখস্বরূপ) স্থূলশ্চ (দৃশ্যমান)
অপি (ও) চ (এবং) সূক্ষ্মশ্চ (লিঙ্গ) বস্মণঃ (দেহের) লয়ে (কারণে লীন
হইলে) আনন্দলক্ষণঃ (সুখস্বরূপ) প্রত্যক্ (আত্মা) স্ফুরতি (প্রকাশ পান) ॥ ৬৬০

অনুবাদ । সুষুপ্তিকালে দুঃখময় স্থূল ও সূক্ষ্ম শরীরের কারণে লয় হইলে,
আনন্দস্বরূপ আত্মা প্রকাশ পান ॥ ৬৬০

ন হত্র বিষয়ঃ কশ্চিৎপ্রাপি বুদ্ধ্যাদি কিঞ্চন ।

আত্মৈব কেবলানন্দমাত্রস্তিষ্ঠতি নিদ্রায়ঃ ॥ ৬৬১

অন্বয় । হি (যেহেতু) অত্র (এই সময়ে—সুষুপ্তিকালে) কশ্চিৎ (কোন)
বিষয়ঃ (অর্থ) ন (নাই) বুদ্ধ্যাদি (বুদ্ধি প্রভৃতি) কিঞ্চন (কিছু) অপি
(ই) ন (নাই), কেবলানন্দমাত্রঃ (শুদ্ধ আনন্দরূপ) নিদ্রায়ঃ (বৈতশূন্য)
আত্মা (স্বরূপ) এব (ই) তিষ্ঠতি (বিদ্যমান থাকেন) ॥ ৬৬১

অনুবাদ । কারণ, সুষুপ্তিকালে কোন বিষয় থাকে না, বুদ্ধি প্রভৃতি কিছুই
থাকে না, কেবলমাত্র আনন্দস্বরূপ অদ্বয় আত্মাই বিদ্যমান থাকেন ॥ ৬৬১

প্রত্যভিজ্ঞায়তে সর্বৈরেষ সুষুপ্তৌখিতৈর্জনৈঃ ।

সুখমাত্রতয়া নাত্র সংশয়ং কর্তুমর্হসি ॥ ৬৬২

অনুবাদ । সর্কৈঃ (সমস্ত) সুপ্তোখিতৈঃ (সুশুপ্তি হইতে উখিত) জনৈঃ (লোকসমূহ কর্তৃক) এষঃ (এই আত্মা) সুখমাত্রতয়া (আনন্দস্বরূপত্বরূপে) প্রত্যভিজ্ঞায়তে (প্রত্যভিজ্ঞাত হইতেছে, অর্থাৎ যে আমি সুখে নিদ্রা গিয়াছিলাম, সে আমি এখন জাগরিত হইয়াছি) অত্র (এ বিষয়ে) সংশয়ঃ (সন্দেহ) কর্ত্ত্বং (করিতে) ন অর্হসি (পার না) ॥ ৬৬২

অনুবাদ । সুশুপ্তি হইতে উখিত সমস্ত লোক সুখস্বরূপত্বরূপে আত্মার প্রত্যভিজ্ঞা করিয়া থাকে, ইহাতে সন্দেহ করিও না ॥ ৬৬২

তুয়াপি প্রত্যভিজ্ঞাতং সুখমাত্রত্বমাত্মনঃ ।

সুশুপ্তাদুখিতবতা সুখমস্বাপ্সমিত্যনু ॥ ৬৬৩

অনুবাদ । সুশুপ্তাৎ (সুশুপ্তি হইতে) উখিতবতা (যে জাগরিত হইয়াছে এমন ব্যক্তি) ত্বয়া (তোমাকর্তৃক) অপি (ও) সুখং (সুখরূপে) অস্বাপ্সম্ (নিদ্রা গিয়াছিলাম) ইতি (এইরূপ) অনু (পশ্চাৎ অথবা অনুভববশতঃ) আত্মনঃ (আত্মার) সুখমাত্রত্বং (কেবল সুখরূপত্ব) প্রত্যভিজ্ঞাতম্ (প্রত্যভিজ্ঞা করা হইয়াছে) ॥ ৬৬৩

অনুবাদ ।—(কেবল যে অগ্র লোকেরা আত্মার সুখরূপত্ব অনুভব করে, তাহা নহে, তুমিও করিয়া থাক—তাহা প্রদর্শিত হইতেছে—) তুমিও সুশুপ্তি হইতে উখিত হইয়া ‘আমি সুখে নিদ্রা গিয়াছিলাম’—এইরূপ অনুভববশতঃ আত্মার সুখস্বরূপত্ব প্রত্যভিজ্ঞা করিয়া থাক ॥ ৬৬৩

দুঃখাভাবঃ সুখমিতি যদুক্তং পূর্ববাদিনা ।

অনাত্মাতোপনিষদা তদসারং মৃষা বচঃ ॥ ৬৬৪

অনুবাদ । অনাত্মাতোপনিষদা (যে উপনিষদের গন্ধ অল্পও গাণ্ড করে নাই—যে কিছুমাত্র উপনিষৎ জানে না) পূর্ববাদিনা (পূর্বপক্ষবাদী) দুঃখাভাবঃ (দুঃখের অভাব) সুখম্ (আনন্দ) ইতি (এইরূপ) তৎ (যাহা) উক্তং (কথিত হইয়াছে) তৎ (সেই) বচঃ (বাক্য) অসারং (সারহীন—যুক্তি-বিহীন) মৃষা (মিথ্যা) ॥ ৬৬৪

অনুবাদ ।—পূর্বপক্ষবাদী উপনিষদের কিছুমাত্র জ্ঞান না লইয়া (কিছুমাত্র উপনিষৎ না জানিয়া) সুখশব্দের অর্থ দুঃখাভাব বলিয়াছেন, তাহা অসার এবং মিথ্যা ॥ ৬৬৪

দুঃখাভাবস্ত লোষ্ঠাদৌ বিদ্বতে নানুভূয়তে ।

সুখলেশোহপি সর্বেষাং প্রত্যক্ষং তদিদং খলু ॥ ৬৬৫

অনুবাদ । তু (কিন্তু) লোষ্ঠাদৌ (ডেলা প্রভৃতিতে) দুঃখাভাবঃ (ক্লেশের অভাব) বিদ্বতে (আছে) ন অনুভূয়তে (অনুভূত হইতেছে না), সুখলেশঃ

(স্বথের কণামাত্র) অপি (ও) সর্বেষাং (সকল লোকের) তৎ (সেই) ইদং (ইহা) প্রত্যক্ষং (দৃষ্ট) খলু (নিশ্চিত) ॥ ৬৬৫

অনুবাদ । লোষ্ট্র (ডেলা বা টিল) প্রভৃতিতে হৃৎথের অভাব বিদ্যমান আছে, [কিন্তু তাহা] অনুভূত হয় না। স্বথের কণামাত্রও সকলের প্রত্যক্ষ হইয়া থাকে ॥ ৬৬৫

সদয়ং হেষ এবৈতি প্রস্তুত্য বদতি শ্রুতিঃ ।

সদৃঘনোহয়ং চিদৃঘনোহয়ং আনন্দঘন ইত্যপি ॥ ৬৬৬

আনন্দঘনতামশ্চ স্বরূপং প্রত্যগাত্মনঃ ।

ধনৈর্মহাত্মাভির্ধীরৈ ব্রহ্মবিদ্বিঃ সত্বভূমৈঃ ॥ ৬৬৭

অপরোক্ষতয়ৈবাত্মা সমাধাবনুভূয়তে ।

কেবলানন্দমাত্রত্বেনৈবমত্র ন সংশয়ঃ ॥ ৬৬৮

অনুবাদ । অয়ং (এই আত্মা) সৎ (সৎস্বরূপ) হি (যেহেতু) এষঃ (এই— আত্মা) এব (ই) [সৎ] ইতি (এইরূপ) প্রস্তুত্য (উপক্রম করিয়া) শ্রুতিঃ (বেদ) বদতি (বলেন) অয়ং (এই আত্মা) সদৃঘনঃ (সনুর্ভূ—সৎস্বরূপ) চিদৃঘনঃ (জ্ঞানস্বরূপ) আনন্দঘনঃ (আনন্দস্বরূপ) ইতি (এইরূপ) অপি (ও) [শ্রুতি] অশ্চ (এই) প্রত্যগাত্মনঃ (ব্যাপক আত্মার) আনন্দঘনতাং (স্বথ-স্বরূপতা) স্বরূপং (নিজরূপ) [বদতি—বলেন] ধনৈঃ (পুণ্যবান্) ধীরৈঃ (পণ্ডিত) সত্বভূমৈঃ (সাধুশ্রেষ্ঠ) ব্রহ্মবিদ্বিঃ (ব্রহ্মজ্ঞানবান্) মহাত্মাভিঃ (মহাত্ম-গণ কর্তৃক) সমাধৌ (সমাধিকালে) আত্মা (স্বরূপ) অপরোক্ষতয়া (প্রত্যক্ষ-ভাবে) কেবলানন্দমাত্রত্বেন (কেবল আনন্দস্বরূপত্বরূপে) এব (ই) অনুভূয়তে (অনুভূত হয়) অত্র (এ বিষয়ে) সংশয়ঃ (সন্দেহ) ন (নাই) ॥ ৬৬৬ ॥ ৬৬৭ ॥ ৬৬৮

অনুবাদ । এই আত্মা সৎস্বরূপ—এইরূপ উপক্রম করিয়া শ্রুতি আত্মাকে সৎস্বরূপ বলিয়া থাকেন, এই আত্মা সৎস্বরূপ, জ্ঞানস্বরূপ ও আনন্দস্বরূপ—এইরূপ শ্রুতি আনন্দরূপতাকে আত্মার স্বরূপ বলেন; ধন্য, পণ্ডিত, সাধুশ্রেষ্ঠ ব্রহ্মজ্ঞ মহাত্মারা সমাধিকালে প্রত্যক্ষভাবে কেবল মাত্র আনন্দস্বরূপত্বরূপে আত্মাকে অনুভব করিয়া থাকেন, ইহাতে সন্দেহ নাই ॥ ৬৬৬ ॥ ৬৬৭ ॥ ৬৬৮

স্বশ্বোপাধ্যানুরূপেণ ব্রহ্মাণ্ডাঃ সর্বজন্তবঃ ।

উপজীবন্ত্যমুশ্যৈব মাত্রামানন্দলক্ষণাম্ ॥ ৬৬৯

অনুবাদ । ব্রহ্মাণ্ডাঃ (ব্রহ্মা হইতে আরম্ভ করিয়া) সর্বজন্তবঃ (সমস্ত প্রাণী) স্বশ্বোপাধ্যানুরূপেণ (নিজ নিজ উপাধি অনুসারে) অমুশ্য (ইহার) এব (ই) আনন্দলক্ষণাং (স্বথস্বরূপ) মাত্রাম্ (অংশ) উপজীবন্তি (আশ্রয় করে) ॥ ৬৬৯

অনুবাদ । ব্রহ্মা প্রভৃতি সমস্ত প্রাণী নিজ নিজ উপাধির অনুরূপ এই আত্মার আনন্দের অংশ অবলম্বন করিয়া থাকে ॥ ৬৬৯

আস্বাদ্যতে যো ভক্ষ্যেষু সুখকুম্মধুরো রসঃ ।

স গুড়শ্চৈব নো তেষাং মাধুর্যং বিদ্যতে কচিৎ ॥ ৬৭০

অর্থঃ । ভক্ষ্যেষু (খাদ্য দ্রব্যে) যঃ (যে) সুখকুৎ (আনন্দজনক) মধুরঃ (মিষ্ট) রসঃ আস্বাদ্যতে (স্বাদ গ্রহণ করা হয়) সঃ (সেইটি) গুড়শ্চ (গুড়ের) এব (ই) [রস] ; তেষাং (সেই সমস্ত পদার্থের) কচিৎ (কখনও) মাধুর্যং (মধুরতা) নো বিদ্যতে (থাকে না) ॥ ৬৭০

অনুবাদ । লোক ভক্ষদ্রব্যে যে সুখজনক মধুর রস আস্বাদন করিয়া থাকে, তাহা গুড়েরই মাধুর্য, সেই সমস্ত দ্রব্যের মাধুর্য কখনও থাকে না ॥ ৬৭০

তদ্বদ্ বিষয়সান্নিধ্যাদানন্দো যঃ প্রতীয়তে ।

বিশ্বানন্দাংশ-বিস্মৃতির্যেবাসৌ ন জড়াত্মনাম্ ॥ ৬৭১

অর্থঃ । তদ্বৎ (সেইরূপ) বিষয়সান্নিধ্যাৎ (অর্থের নৈকট্য-বশতঃ) যঃ (যে) আনন্দঃ (সুখ) প্রতীয়তে (প্রতীত হয়), অসৌ (তাহা) বিশ্বানন্দাংশ-বিস্মৃতিঃ (বিশ্বভূত সুখের অংশের স্মরণ) এব (ই) জড়াত্মনাং (অচেতন বস্তুসমূহের) ন (না) ॥ ৬৭১

অনুবাদ । সেইরূপ বিষয়ের সান্নিধ্যবশতঃ যে আনন্দ অনুভূত হয়, তাহা বিশ্বভূত আনন্দের অংশের স্মরণমাত্র অচেতন বস্তুর নহে ॥ ৬৭১

যস্য কস্মাপি যোগেন যত্র কুত্রাপি দৃশ্যতে ।

আনন্দঃ স পরশ্চৈব ব্রহ্মণঃ স্মৃতিলক্ষণঃ ॥ ৬৭২

অর্থঃ । যত্র (যেখানে) কুত্র (কোথায়) অপি (ও) যস্য (যার) কস্ম (কাহার) অপি (ও) যোগেন (সংযোগে) আনন্দঃ (সুখ) দৃশ্যতে (দৃষ্ট হয়) সঃ (তাহা) পরশ্চ ব্রহ্মণঃ (পরব্রহ্মের) এব (ই) স্মৃতিলক্ষণঃ (স্মরণস্বরূপ) ॥ ৬৭২

অনুবাদ । যে কোন স্থানে যে কোন বস্তুর সংযোগে যে আনন্দ পরিদৃষ্ট হয় তাহা পরব্রহ্মেরই স্মৃতিরূপ আনন্দ ॥ ৬৭২

যথা কুবলয়োল্লাসশ্চন্দ্রশ্চৈব প্রসাদতঃ ।

তথানন্দোদয়োহপ্যেযাং স্মরণাদেব বস্তুনঃ ॥ ৬৭৩

অর্থঃ । যথা (যেমন) কুবলয়োল্লাসঃ (নীলপদ্মের আনন্দ) চন্দ্রশ্চ (শশী ক্লের) এব (ই) প্রসাদতঃ (অনুগ্রহে) তথা (সেইরূপ) বস্তুনঃ (বস্তুর) স্মরণাৎ (স্মৃতিবশতঃ) এব (ই) এযাং (এই সমস্ত বস্তুর) অপি (ও) আনন্দোদয় (সুখের আবির্ভাব) [হয়] ॥ ৬৭৩

অনুবাদ । যেমন চন্দ্রের অনুগ্রহবশতঃ নীলপদ্মের আনন্দ হয়, তক্রূপ আত্মা স্মরণপ্রযুক্ত এই সমস্ত জড়বস্তুর আনন্দের আবির্ভাব হয় ॥ ৬৭৩

আত্মনোহিতীয়ত্বম্ ।

সত্ত্বং চিত্ত্বং তথানন্দঃ স্বরূপং পরমাত্মনঃ ।

নিগুণস্য গুণাযোগাদ্ গুণাস্তু ন ভবন্তি তে ॥ ৬৭৪

অনুবাদ । পরমাত্মনঃ (পরব্রহ্মের) সত্ত্বং (সতের ভাব) চিত্ত্বং (জ্ঞানত্ব)
তথা (সেইরূপ) আনন্দঃ (সুখ) স্বরূপং (রূপ) তু (কিন্তু) নিগুণস্য
(গুণহীন বস্তু—আত্মার) গুণাযোগাৎ (গুণের সম্বন্ধ না থাকিতে পারায়)
তে (তাহারা—সত্ত্ব, চিত্ত্ব, আনন্দ) গুণাঃ (গুণ) ন ভবন্তি (হয় না) ॥ ৬৭৪

অনুবাদ । সত্ত্ব, চিত্ত্ব (জ্ঞানত্ব) এবং আনন্দ পরমাত্মার স্বরূপ । নিগুণ
আত্মার গুণসম্বন্ধ থাকিতে পারে না বলিয়া সত্ত্ব, চিত্ত্ব ও আনন্দ আত্মার গুণ
নহে ॥ ৬৭৪

বিশেষণস্তু ব্যাবৃত্ত্যে * ভবেদ্ভব্যাস্তরে সতি ।

পরমাত্মাদ্বিতীয়োহয়ং প্রপঞ্চস্য মৃষাত্বতঃ ॥ ৬৭৫

অনুবাদ । ভব্যাস্তরে (অত্র ভব্য অর্থাৎ আত্মা ভিন্ন অত্র ভব্য) সতি
(থাকিলে) বিশেষণং (বিশেষণ) ব্যাবৃত্ত্যে (নিবৃত্তির জ্ঞ) ভবেৎ (হয়),
প্রপঞ্চস্য (জগতের) মৃষাত্বতঃ (মিথ্যাত্ব-বশতঃ) অয়ং (এই) পরমাত্মা (পর-
ব্রহ্ম) অদ্বিতীয়ঃ (দ্বৈতশূন্য) ॥ ৬৭৫

অনুবাদ । [সত্ত্ব, চিত্ত্ব, আনন্দ যদি ধর্ম হয়, তাহা হইলে বিশেষণ হইল ;
বিশেষণ ইত্যেব নিষেধক হইয়া থাকে, যদি পরমাত্মা ব্যতীত অত্র পদার্থ থাকিত,
তবে তাহারই নিষেধ করিত ।] যদি পরমাত্মা ভিন্ন অত্র বস্তু থাকিত, তাহা
বিশেষণ ব্যাবৃত্তির (অপরের নিষেধের) নিমিত্ত হইত, জগতের মিথ্যাত্ব-প্রযুক্ত
হইলে ব্রহ্মই অদ্বিতীয় বস্তু ॥ ৬৭৫

বস্তুস্তরস্যাভাবেন ন ব্যাবৃত্ত্যঃ কদাচন ।

কেবলো নিগুণশ্চেতি নিগুণত্বং নিরুচ্যতে ॥ ৬৭৬

অনুবাদ । বস্তুস্তরস্য (ব্রহ্ম ভিন্ন পদার্থের) অভাবেন (না থাকা হেতু)
কদাচন (কখনও) ন (না) ব্যাবৃত্ত্যঃ (নিষেধ্য), কেবলঃ (শুদ্ধ) নিগুণঃ
(গুণহীন) চ (এবং) ইতি (এইরূপ) [শ্রুত্যা—শ্রুতি কর্তৃক] [আত্মার]
নিগুণত্বং (গুণহীনত্ব) নিরুচ্যতে (কথিত হয়) ॥ ৬৭৬

অনুবাদ । আত্মা ব্যতীত বস্তুস্তর অভাববশতঃ অত্র বস্তু কখনও নিষেধ্য
(নিষেধের বিষয়) হইতে পারে না ; [কারণ] কেবল, নিগুণ ইত্যাদি শ্রুতি
আত্মার নিগুণত্ব নিরূপণ করিয়া থাকেন ॥ ৬৭৬

* খিলে ভব্যাস্তরে সতি—ইতি পাঠান্তরম্ ।

শ্রুতৈব ন ততস্তেষাং গুণত্বমুপপাদ্যতে ।

উষ্ণত্বঞ্চ প্রকাশশ্চ যথা বহ্নেস্তথাগ্ননঃ ॥ ৬৭৭

সত্ত্বচিত্তানন্দতাদিস্বরূপমিতি নিশ্চিতম্ ।

অতএব সজাতীয়বিজাতীয়াদিলক্ষণঃ ॥ ৬৭৮

ভেদো ন বিद्यতে বস্তুদ্বিতীয়ে পরায়নি ।

প্রপঞ্চশ্চাপবাদেন বিজাতীয়কৃতা ভিদা ॥ ৬৭৯

নেষ্যতে তৎ প্রকারং তে বক্ষ্যামি শৃণু সাদরম্ ।

অহেতুর্গবিবর্তস্য গুণমাত্রস্য বস্তুতঃ ॥ ৬৮০

বিবর্তস্যাজগতঃ সন্মাত্রত্বেন দর্শনম্ ।

অপবাদ ইতি প্রাহুরদ্বৈতব্রহ্মদর্শিনঃ ॥ ৬৮১

অনয়। ততঃ (অতএব) শ্রুত্যা (বেদের দ্বারা) এব (ই) তেষ (তাহাদের—সত্ত্ব, চিত্ত ও আনন্দের) গুণত্বং (গুণত্ব) ন উপপদ্যতে (উপপন্ন হয় ন) যথা (যেরূপ) বহ্নেঃ (অগ্নির) উষ্ণত্বং (উষ্ণতা) চ (ও) প্রকাশঃ (দীপ্তি) (ও) তথা (সেইরূপ) সত্ত্বচিত্তানন্দতাদি (সত্ত্ব, জ্ঞানত্ব ও সুখত্ব প্রভৃতি) আত্মন (আত্মার) স্বরূপং (স্বরূপ) ইতি (ইহা) নিশ্চিত (অবধারিত) অতএব (এই নিমিত্ত) অদ্বিতীয়ে (দ্বৈতশূণ্য) পরায়নি (পরব্রহ্মরূপ) বস্তুনি (যথা পদার্থে) সজাতীয় বিজাতীয়াদিলক্ষণঃ (সমানজাতীয়, বিরুদ্ধজাতীয় প্রভৃতি) ভেদঃ (দ্বৈত) ন (না) বিদ্যতে (আছে) প্রপঞ্চশ্চ (জগতের) অপবাদেন (বাধদ্বারা) বিজাতীয়কৃতা (ভিন্নজাতীয় পদার্থকৃত) ভিদা (ভেদ) ইষ্যতে (অভিপ্রেত হয় নাই), তৎপ্রকারং (তাহার প্রণালী) তে (তোমাকে) বক্ষ্যামি (বলিব) সাদরং (আদরের সহিত) শৃণু (শ্রবণ কর) [যথা—যেমন] গুণবিবর্ত (রজুর বিবর্ত) অহেঃ (সর্পের) বস্তুতঃ (যথার্থতঃ) গুণমাত্রস্য (রজুমাত্রের) দর্শনম্ (জ্ঞান), অশ্চ (এই) বিবর্তস্য (বস্তুতে মিথ্যাবস্তুর আরোপ) জগত (প্রপঞ্চের) সন্মাত্রত্বেন (ব্রহ্মমাত্রভাবে) দর্শনম্ (জ্ঞান) অদ্বৈতব্রহ্মদর্শিন (অদ্বিতীয়ব্রহ্মদর্শী মহাশুগণ) অপবাদঃ (বাধ) ইতি (ইহা) প্রাহু (বলেন) ॥ ৬৭৭॥৬৭৮॥৬৭৯॥৬৮০॥৬৮১

অনুবাদ। শ্রুতিপ্রমাণের দ্বারাও সত্ত্ব, চিত্ত ও আনন্দের গুণত্ব উপপন্ন হয় না। যেমন উষ্ণতা ও প্রকাশ অগ্নির স্বরূপ, সেইরূপ সত্ত্ব, চিত্ত ও আনন্দ ব্রহ্ম স্বরূপ—ইহাই নিশ্চিত; অতএব অদ্বিতীয় বস্তু পরমাত্মায় সজাতীয়, বিজাতীয় প্রভৃতি ভেদ নাই। প্রপঞ্চের অপবাদ (বাধ) বশতঃ বিরুদ্ধজাতীয় বস্তুজনি ভেদ স্বীকার করা যায় না; তাহার প্রণালী তোমাকে বলিতেছি, তুমি আদর সহকারে শ্রবণ কর।—রজুর বিবর্ত সর্প; তাহাকে বাস্তবিক রজুরূপে দর্শনে

কায় এই ব্রহ্মের বিবর্ত জগৎকে সন্মাত্ররূপে দর্শনকে অদ্বৈত-ব্রহ্মদর্শী মহাত্মগণ
অনুবাদ বলিয়া থাকেন ॥ ৬৭৭ ॥ ৬৭৮ ॥ ৬৭৯ ॥ ৬৮০ ॥ ৬৮১

ব্যুৎক্রমেণ তদুৎপত্তেদ্রষ্টব্যং সূক্ষ্মবুদ্ধিভিঃ ।

প্রতীতশ্চাস্য জগতঃ সন্মাত্রং সূক্ষ্মবুদ্ধিভিঃ ॥ ৬৮২

অর্থঃ । সূক্ষ্মবুদ্ধিভিঃ (সূক্ষ্মজ্ঞানসম্পন্ন ব্যক্তিগণকর্তৃক) সূক্ষ্মবুদ্ধিভিঃ (ভাল
ভাল যুক্তিসমূহ দ্বারা) তদুৎপত্তেঃ (জগতের উৎপত্তিহেতু) ব্যুৎক্রমেণ (বিপ-
রীতক্রমে) প্রতীতশ্চ (অনুভূত) অশ্চ (এই) জগতঃ (জগতের) সন্মাত্রং
(ব্রহ্মস্বরূপত্ব) দ্রষ্টব্যম্ (দেখিবে, অর্থাৎ জানিবে) ॥ ৬৮২

অনুবাদ । সূক্ষ্মবুদ্ধিব্যক্তিগণ সারগর্ভ যুক্তিসমূহ দ্বারা ব্রহ্ম হইতে জগতের
উৎপত্তি হয় বলিয়া বিপরীতভাবে অনুভূত জগতের ব্রহ্মস্বরূপতা দর্শন
করিবে ॥ ৬৮২

চতুর্বিধং সূক্ষ্মশরীরজাতং

তদ্ভোজ্যমন্মাদি তদাশ্রয়াদি ।

ব্রহ্মাণ্ডমেতৎ সকলং স্থবিষ্ঠ-

মীক্ষেত পক্ষীকৃতভূতমাত্রম্ ॥ ৬৮৩

অর্থঃ । চতুর্বিধং (চারিপ্রকার—জরায়ুজ, অণুজ, শ্বেদজ, উদ্ভিজ্জ) সূক্ষ্ম-
শরীরজাতং (সূক্ষ্মদেহসমূহ) তদ্ভোজ্যং (তাহাদের খাদ্য অন্ন প্রভৃতি) তদাশ্র-
য়াদি (সেই আশ্রয়ের আধার) এতৎ (এই) সকলং (সমস্ত) স্থবিষ্ঠং (সূক্ষ্মতম)
ব্রহ্মাণ্ডং (চরাচর) পক্ষীকৃতভূতমাত্রং (পক্ষীকরণবিশিষ্ট ভূত) ক্ষেত
(দেখিবে) ॥ ৬৮৩

অনুবাদ । জরায়ুজ, অণুজ, শ্বেদজ ও উদ্ভিজ্জ এই চারিপ্রকার সূক্ষ্ম শরীর,
তাহার ভোজ্য (খাদ্য) অন্ন প্রভৃতি, তাহার আশ্রয় এই সমস্ত সূক্ষ্ম ব্রহ্মাণ্ড পক্ষীকৃত
ভূত বলিয়া দেখিবে (জানিবে) ॥ ৬৮৩

যৎকার্যরূপেণ যদীক্ষ্যতে তৎ

তন্মাত্রমেবাত্র বিচার্যমাণে ।

যৎকার্যভূতং কলসাদি সম্যগ্

বিচারিতং সন্ন মূদো বিভিষ্যতে ॥ ৬৮৪

অর্থঃ । যৎ (যে বস্তু—ঘটাদি) যৎকার্যরূপেণ (যাহার—মৃত্তিকার
কার্যরূপে) ইক্ষ্যতে (দৃষ্ট হয়) অত্র (এ বিষয়ে) বিচার্যমাণে (বিচার করিলে),
তৎ (তাহা) তন্মাত্রং (সেইটি) এব (ই), যৎকার্যভূতং (মৃত্তিকার কার্যস্বরূপ)
কলসাদি (কুম্ভ প্রভৃতি) সম্যক্ (ভালরূপে) বিচারিতং (মৌমাংসিত) সৎ
(হইলে) মূদঃ (মৃত্তিকা হইতে) ন বিভিষ্যতে (ভিন্ন হয় না) ॥ ৬৮৪

অনুবাদ । যে বস্তু (বটাাদি) যাহার (মৃত্তিকার) কার্য্য-রূপে দৃষ্ট হয়, বিচার করিলে, তাহাই (মৃত্তিকাই) [প্রতীত হয়] । ভালরূপে বিচার করিলে, মৃত্তিকার কার্য্য কুস্ত প্রভৃতি মৃত্তিকা হইতে ভিন্ন নহে ॥ ৬৮৪

অন্তর্বহিষ্চাপি মৃদেব দৃশ্যতে

মৃদো ন ভিন্নং কলসাদি কিঞ্চন ।

গ্রীবাদিমদ্ যৎ কলসং তদিথং

ন বাচ্যমেতচ্চ মৃদেব নান্যৎ ॥ ৬৮৫

অর্থ । [কলসের] অন্তঃ (মধ্যে) বহিঃ (বাহিরে) চ (এবং) অপি (ও) মৃৎ (মৃত্তিকা) এব (ই) দৃশ্যতে (দেখা যায়) কলসাদি (কুস্ত প্রভৃতি) কিঞ্চন (কোন বস্তু) মৃদঃ (মৃত্তিকা হইতে) ন ভিন্নং (পৃথক্ নহে) ; গ্রীবাদি-মৎ (গলাদিযুক্ত) যৎ (যে) কলসং (কুস্ত) তৎ (তাহা) এতৎ (ইহা) চ (এবং) মৃৎ (মৃত্তিকা) এব (ই) ন (না) অন্তঃ (অপর বস্তু) ইথং (এইরূপ) ন বাচ্যম্ (বক্তব্য নহে) ॥ ৬৮৫

অনুবাদ । [কুস্তাদি মৃত্তিকাভিন্ন আর কিছুই নহে, তদ্বিষয়ে-যুক্তি প্রদর্শিত হইতেছে]—কুস্তের অভ্যন্তরে এবং বাহিরেও মৃত্তিকাই দৃষ্ট হইতেছে, কুস্ত প্রভৃতি কোন বস্তু মৃত্তিকা হইতে ভিন্ন নহে ; গ্রীবাদিবিশিষ্ট কলস বলিয়া যাহা দৃষ্ট হইতেছে, তাহা মৃত্তিকা নহে, অন্য বস্তু—এরূপ বলিতে পার না ॥ ৬৮৫

স্বরূপতস্তৎ কলসাদিনাম্না

মৃদেব মূঢ়ৈরভিধীয়তে ততঃ ।

নান্নো হি ভেদো ন তু বস্তুভেদঃ

প্রদৃশ্যতে তত্র বিচার্য্যমাণে ৬৮৬

অর্থ । ততঃ (তার পর) মূঢ়ৈঃ (অজ্ঞগণকর্তৃক) স্বরূপতঃ (বস্তুতঃ) মৃৎ (মৃত্তিকা) এব (ই) তৎ (তাহা) কলসাদিনাম্না (কলস—ইত্যাদি নাম দ্বারা) অভিধীয়তে (কথিত হয়) ; তত্র (তাহাতে—কলসে) বিচার্য্যমাণে (বিচার করিলে) নান্নঃ (সংজ্ঞার) ভেদঃ (ভিন্নতা) হি (নিশ্চিত), তু (কিন্তু) বস্তুভেদঃ (পদার্থের ভিন্নতা) ন প্রদৃশ্যতে (দৃষ্ট হয় না) ॥ ৬৮৬

অনুবাদ । মূঢ়গণ বস্তুতঃ মৃত্তিকাকে কলসপ্রভৃতি নামদ্বারা ব্যবহার করিয়া থাকে ; কিন্তু কলসটির বিচার করিলে নামেরই ভেদ পরিদৃষ্ট হয়, বস্তুর ভেদ দৃষ্ট হয় না ॥ ৬৮৬

তস্মাদ্ধি কার্য্যং ন কদাপি ভিন্নং

স্বকারণাদস্তি যতস্ততোহঙ্গ ।

যদ্ভৌতিকং সর্বমিদং তথৈব

তদ্ভূতমাত্রং ন ততোহপি ভিন্নম্ ॥ ৬৮৭

অনুয়। অঙ্গ (ভোঃ !) তস্মাৎ (সেই হেতু) কার্য্য (কার্য্য) যতঃ (যেহেতু) স্বকারণাৎ (নিজের কারণ হইতে) কদা (কখন) অপি (ও) ভিন্নং (পৃথক্) ন (না) অস্তি (আছে) হি (নিশ্চিত) ততঃ (সেইজন্ম) যৎ (যে) ভৌতিকম্ (ভূতের কার্য্য) ইদং (এই) সর্বং (সমস্ত) তথা (সেইরূপ) এব (ই) তৎ (তাহা) ভূতমাত্রং (ভূতই), ততঃ (ভূত হইতে) অপি (ও) ভিন্নং (পৃথক্) ন (না) ॥ ৬৮৭

অনুবাদ। হে শিষ্য! যেহেতু কার্য্য কখনও নিজ কারণ হইতে ভিন্ন নহে, অতএব পঞ্চভূতের কার্য্য এই সমস্তই সেইরূপ ভূতমাত্র; সুতরাং পঞ্চভূত হইতে ভিন্ন নহে ॥ ৬৮৭

তচ্চাপি পঞ্চীকৃতভূতজাতং

শব্দাদিভিঃ স্বস্বগুণৈশ্চ সাক্ষিম্ ।

বপুংষি সূক্ষ্মাণি চ সর্বমেতদ্

ভবত্যাপঞ্চীকৃতভূতমাত্রম্ ॥ ৬৮৮

অনুয়। স্বস্বগুণৈঃ (আকাশাদির নিজ নিজ গুণ) শব্দাদিভিঃ (শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধের) চ (এবং) সাক্ষিম্ (সহিত) তৎ (সেই) চ (সমুচ্চয়ে) অপি (ও) পঞ্চীকৃতভূতজাতং (পঞ্চীকৃত ভূতসমূহ) সূক্ষ্মাণি (লিঙ্গ) বপুংষি (শরীরসমূহ) চ (এবং) এতৎ (এই) সর্বম্ (সমুদায়) অপঞ্চীকৃতভূতমাত্রং (কেবলমাত্র অপঞ্চীকৃত ভূত) ভবতি (হইয়া থাকে) ॥ ৬৮৮

অনুবাদ। [আকাশাদি ভূতের] নিজ নিজ গুণের সহিত পঞ্চীকৃত আকাশাদি পঞ্চ মহাভূত সূক্ষ্মশরীর এই সমস্তই কেবলমাত্র অপঞ্চীকৃত ভূত [বলিয়া জানিবে] ॥ ৬৮৮

তদপ্যপঞ্চীকৃতভূতজাতং

রজস্তমঃসত্ত্বগুণৈশ্চ সাক্ষিম্ ।

অব্যক্তমাত্রং ভবতি স্বরূপতঃ

সাভাসমব্যক্তমিদং স্বয়ং চ ॥ ৬৮৯

অনুয়। রজস্তমঃসত্ত্বগুণৈঃ (রজঃ তমঃ ও সত্ত্বগুণের) চ (ও) সাক্ষিম্ (সহিত) তৎ (সেই) অপি (ও) অপঞ্চীকৃতভূতজাতং (অপঞ্চীকৃত ভূতসমূহ) স্বরূপতঃ (স্বরূপে) অব্যক্তমাত্রং (প্রকৃতিমাত্র, মায়ামাত্র) ভবতি (হয়), ইদং (এই) অব্যক্ত (প্রকৃতি) স্বয়ং (নিজে) চ (ই) সাভাসং (চিদাভাসযুক্ত) ॥ ৬৮৯

অনুবাদ । রক্তঃ তমঃ ও সম্বন্ধের সহিত অপক্ষীকৃত ভূত-সমূহ বাস্তবিক
মায়ামাত্র, এবং এই মায়া চিদাভাসযুক্ত ॥ ৬৮৯

আধারভূতং যদখণ্ডমাদ্যং

শুদ্ধং পরং ব্রহ্ম সदैকরূপম্ ।

সন্মাত্রমেবাস্ত্যথ নো বিকল্পঃ

সতঃ পরং কেবলমেব বস্তু ॥ ৬৯০

অনুবাদ । যৎ (যাগ) আধারভূতম্ (আশ্রয়স্বরূপ) অখণ্ডম্ (খণ্ডরহিত)
আত্মং (প্রথম) শুদ্ধং (দোষরহিত) সদা (সর্বদা) একরূপং (অভিন্নরূপ)
সন্মাত্রং (সংস্বরূপ) পরং ব্রহ্ম (পরমাত্মা) এব (ই) অস্তি (আছে) সতঃ
(সৎস্বর) পরং (অত্) কেবলং (শুদ্ধ) বস্তু (পদার্থ) এব (ও) [অস্তি—
আছে] [ইতি—ইহা] বিকল্পঃ (কল্পনা) নো (না) ॥ ৬৯০

অনুবাদ । সকলের আশ্রয়, অখণ্ড, প্রথম, শুদ্ধ, সর্বদা একরূপ, সংস্বরূপ
পরব্রহ্মই বিদ্যমান আছেন, সন্মাত্র ব্যতীত অত্ বস্তু আছে—ইহা কল্পনা করিতে
পার না ॥ ৬৯০

একশব্দঃ সন্ধিতীয়ো যথা স্যাদ্

দৃষ্টেদৌদানাদেব পুংসস্তথৈকম্ ।

ব্রহ্মাস্ত্যেতদ্বুদ্ধিদোষণে নানা

দোষে নষ্টে ভাতি বস্তুকমেব ॥ ৬৯১

অনুবাদ । যথা (যেমন) পুংসঃ (পুরুষের) দৃষ্টেঃ (চক্ষুর) দৌদান্ (দোষ-
বশতঃ) এব (ই) একঃ (অভিন্ন) চন্দ্রঃ (শশাঙ্ক) সন্ধিতীয়ঃ (দ্বিতীয়যুক্ত)
স্যাৎ (হয়), তথা (সেইরূপ) এতৎ (এই) একং (এক) ব্রহ্ম (পরমাত্মা)
বুদ্ধিদোষণে (মতির দোষপ্রযুক্ত) নানা (অনেকপ্রকার) অস্তি (হয়); দোষে
(দোষ) নষ্টে (নষ্ট হইলে) একং (অদ্বিতীয়) বস্তু (পদার্থ) এব (ই) ভাতি
(শোভা পায়) ॥ ৬৯১

অনুবাদ । যেমন পুরুষের চক্ষুর দোষে এক চন্দ্র দ্বিতীয়-বিশিষ্ট বলিয়া বোধ
হয়, সেইরূপ একই ব্রহ্ম বুদ্ধিদোষে নানা বলিয়া প্রতীত হন; দোষ নষ্ট হইলে
একই বস্তু প্রকাশ পায় ॥ ৬৯১

রজ্জ্বাঃ স্বরূপাধিগমে ন সর্পধী-

রজ্জ্বাং বিলীনা তু যথা তথৈব ।

ব্রহ্মাবগত্যা তু জগৎপ্রতীতি-

স্তত্রৈব লীনা তু সহ ভ্রমেণ ॥ ৬৯২

অন্য। যথা (যেমন) রজ্জ্বাঃ (দড়ির) স্বরূপাধিগমে (স্বরূপজ্ঞানে)
সর্পধীঃ (সর্পবুদ্ধি) ন (থাকে না) তু (কিন্তু) রজ্জ্বাং (দড়িতে) বিলীনা
(লয়প্রাপ্ত হয়), তথা (সেইরূপ) এব (ই) ব্রহ্মাবগত্যা (ব্রহ্মজ্ঞানের দ্বারা)
তু (কিন্তু) জগৎপ্রতীতিঃ (প্রপঞ্চজ্ঞান) ভ্রমণ (ভ্রান্তির) সহ (সহিত)
তু (বাক্যালঙ্কারে) তত্র (তাহাতে—ব্রহ্মে) লীনা (লয়প্রাপ্ত হয়) ॥ ৬৯২

অনুবাদ। যেমন রজ্জুর স্বরূপজ্ঞান হইলে আর সর্পবুদ্ধি থাকে না, রজ্জুতেই
বিলীন হইয়া যায়, সেইরূপ ব্রহ্মজ্ঞান হইলে জগৎরূপে জ্ঞান আর থাকে না,
ভ্রান্তির সহিত ব্রহ্মেই লয় প্রাপ্ত হয় ॥ ৬৯২

ভ্রান্ত্যাদিতদ্বৈতমতিপ্রশান্ত্যা

সদৈকমেবাস্তি সদাদ্বিতীয়ম্ ।

ততো বিজাতীয়কৃতোহত্র ভেদো

ন বিদ্যতে ব্রহ্মণি নির্বিকল্পে ॥ ৬৯৩

অন্য। সদা (সর্বদা) অদ্বিতীয়ং (দ্বিতীয়রহিত ব্রহ্ম) ভ্রান্ত্যাদিতদ্বৈত-
মতিপ্রশান্ত্যা (ভ্রান্তির দ্বারা সঞ্জাত দ্বৈতজ্ঞানের শান্তি দ্বারা) সদা (সর্বদা) একম্
(অভিন্ন) এব (ই) অস্তি (আছে), ততঃ (অনন্তর) অত্র (এই) নির্বিকল্পে
(বিকল্পরহিত) ব্রহ্মণি (পরমাত্মায়) বিজাতীয়কৃত (বিজাতীয় দ্বৈতজনিত)
ভেদঃ (ভিন্নতা) ন বিদ্যতে (নাই) ॥ ৬৯৩

অনুবাদ। ভ্রান্তিসম্ভূত দ্বৈতবুদ্ধি নিবৃত্ত হইলে, এক—অদ্বিতীয় ব্রহ্মই
অবস্থিত থাকেন; অতএব এই বিকল্পশূণ্য ব্রহ্মে বিকল্পজাতীয় পদার্থকৃত
ভেদ নাই ॥ ৬৯৩

যদাস্ত্যুপাধিস্তদভিন্ন আত্মা

তদা সজাতীয় ইবাবভাতি ।

স্বপ্নার্থতন্তস্য মৃষাত্মকত্বাৎ

তদপ্রতীতো স্বয়মেব আত্মা ।

ব্রহ্মৈকতামেতি পৃথঙ্ ন ভাতি

ততঃ সজাতীয়কৃতো ন ভেদঃ ॥ ৬৯৪

অন্য। যদা (যখন) উপাধিঃ (বুদ্ধ্যাদিভেদক ধর্ম) অস্তি (থাকে)
তদভিন্নঃ (উপাধিতাদাত্ম্যাপন্ন) আত্মা (স্বস্বরূপ) তদা (তখন) সজাতীয়ঃ
(সমানজাতীয়) ইব (মত) অবভাতি (প্রকাশ পায়) স্বপ্নার্থতঃ (স্বপ্নদৃষ্ট
পদার্থের) [ইব—তস্য] তস্য (উপাধির) মৃষাত্মকত্বাৎ (মিথ্যাভ-হেতু)
তদপ্রতীতো (উপাধির অদর্শন হইলে) স্বয়ং (নিজে) এষঃ (এই আত্মা)
ব্রহ্মৈকতাং (ব্রহ্মের সহিত অভেদ) এতি (প্রাপ্ত হয়) পৃথঙ্ (ভিন্ন) ন

ভাতি (প্রকাশ পায় না) ততঃ (অনন্তর) সজাতীয়কৃতঃ (সজাতীয়-জনিত)
ভেদঃ (ভিন্নতা) ন (নাই) ॥ ৬৯৪

অনুবাদ । যখন [বুদ্ধি প্রভৃতি] উপাধি থাকে এবং উপাধির সহিত আত্মা
অভিন্ন প্রতীত হন, তখন আত্মা সজাতীয় ভেদবিশিষ্ট বলিয়া বোধ হয় ; স্বপ্নদৃষ্ট
পদার্থের দ্বারা উপাধির অপ্রতীতি হইলে, আত্মা স্বয়ং ব্রহ্মের সহিত একত্ব প্রাপ্ত
হন, তখন আর পৃথগ্‌রূপে প্রকাশ পান না, অতএব সজাতীয় কৃত ভেদও
নাই ॥ ৬৯৪

ঘটাভাবে ঘটাকাশো মহাকাশো যথা তথা ।

উপাধ্যভাবে ত্বাত্মৈষ স্বয়ং ব্রহ্মৈব কেবলম্ ॥ ৬৯৫

অন্বয় । যথা (যেমন) ঘটাবে (ঘটের অভাব হইলে) ঘটাকাশঃ
(ঘটস্থ আকাশ) মহাকাশঃ (অথগু আকাশ), তথা (সেইরূপ) উপাধ্যভাবে
(উপাধির অভাব হইলে) তু (কিন্তু) এষঃ (এই) আত্মা (স্বরূপ) স্বয়ং
(নিজে) কেবলং (শুদ্ধ) ব্রহ্ম (পরমাত্মা) এব (ই) ॥ ৬৯৫

অনুবাদ । যেমন ঘটের অভাব হইলে ঘটমধ্যস্থ আকাশ, মহাকাশ ব্যতীত
আর কিছুই নহে, সেইরূপ উপাধির অভাব হইলে এই আত্মা শুদ্ধ ব্রহ্ম-
স্বরূপই ॥ ৬৯৫

পূর্ণ এব সদাকাশো ঘটে সত্যপ্যসত্যপি ।

নিত্যপূর্ণস্য মহতো বিচ্ছেদঃ কেন সিধ্যতি ॥ ৬৯৬

অন্বয় । ঘটে (কুন্ত) সতি (থাকিলে) অপি (ও) অসতি (না থাকিলে)
অপি (ও) সদা (সর্বদা) আকাশঃ (গগন) পূর্ণঃ (পরিপূর্ণ, অসীম) এব (ই),
নিত্যপূর্ণস্ত (সর্বদা পরিপূর্ণ) মহতঃ (মহৎস্বর) বিচ্ছেদঃ (বিয়োগ) কেন
(কাহার দ্বারা) সিধ্যতি (সিদ্ধ হয় ?) ॥ ৬৯৬

অনুবাদ । ঘট থাকুক বা নাই থাকুক, আকাশ সর্বদা পরিপূর্ণ (অসীম)
রহিয়াছে ; [কারণ] সর্বদা পরিপূর্ণ-স্বভাব মহৎস্বর বিয়োগ কাহার দ্বারা
সম্পাদিত হইবে ? ॥ ৬৯৬

অচ্ছিন্নশ্চিন্নবদ্ ভাতি পামরাণাং ঘটাদিনা ।

গ্রামক্ষেত্রাদিবধিভির্ভিন্বেব বসুধা যথা ॥ ৬৯৭

তথৈব পরমং ব্রহ্ম মহতঞ্চ মহত্তমম্ ।

পরিচ্ছিন্নমিবাভাতি ভ্রান্ত্যা কল্পিতবস্তুনা ॥ ৬৯৮

অন্বয় । যথা (যেমন) অচ্ছিন্নঃ (অপরিচ্ছিন্ন, বিভূ, অসীম) [আকাশ] পাম-
রাণাং (অধম ব্যক্তিদিগের নিকট) ঘটাদিনা (ঘট প্রভৃতি দ্বারা) চিন্নবৎ (পরি-
চ্ছিন্নের দ্বারা) ভাতি (প্রকাশ পায়), বসুধা (পৃথিবী) গ্রামক্ষেত্রাদিবধিভিঃ (গ্রাম-

ভূমি প্রভৃতি অবধির দ্বারা) ভিন্না (পৃথক্) ইব (মত) [প্রকাশ পায়],
তথা (সেইরূপ) এব (ই) মহতাং (মহৎ বস্তু) চ (ও) মহত্তমং (অত্যন্ত
মহৎ) পরমং ব্রহ্ম (পরমাত্মা) ভ্রাতৃয়া (ভ্রমবশতঃ) কল্পিতবস্তুনা (আরোপিত
পদার্থের দ্বারা) পরিচ্ছিন্নম্ (সসীম) ইব (মত) আভাতি (প্রকাশ
পায়) ॥ ৬৯৭—৬৯৮

অনুবাদ । যেমন অপরিচ্ছিন্ন (অসীম) আকাশ পামরগণের নিকট পরি-
চ্ছিন্ন বলিয়া বোধ হয়, [এবং] গ্রাম, ক্ষেত্র প্রভৃতি অবধি (সীমা) দ্বারা
পৃথিবী ভিন্ন বলিয়া প্রতীত হয় সেইরূপ মহৎ বস্তু সকলের মধ্যে অতি মহৎ
পরব্রহ্ম ভ্রমবশতঃ আরোপিত বস্তু দ্বারা অপরিচ্ছিন্নের দ্বারা প্রকাশ
পান ॥ ৬৯৭—৬৯৮

তস্মাদব্রহ্মাত্মনোভেদঃ কল্পিতো ন তু বাস্তবঃ ।

অতএব মুহুঃ শ্রুত্যাপ্যেকত্বং প্রতিপাদ্যতে ॥ ৬৯৯

অর্থ । তস্মাৎ (সেই নিমিত্ত) ব্রহ্মাত্মনোঃ (ব্রহ্ম ও আত্মার) ভেদঃ
(ভিন্নতা) কল্পিতঃ (আরোপিত) তু (কিন্তু) বাস্তবঃ (যথার্থতঃ) ন (নহে),
অতএব (এই হেতু) শ্রুত্যা (বেদ কর্তৃক) অপি (ও) মুহুঃ (বারংবার)
একত্বং (অভিন্নত্ব) প্রতিপাদ্যতে (নিরূপিত হয়) ॥ ৬৯৯

অনুবাদ । সেইজন্য ব্রহ্ম এবং আত্মার ভেদ কল্পিত, বাস্তবিক নহে, শ্রুতিও
বারংবার আত্মার একত্ব প্রতিপাদন করিয়াছেন ॥ ৬৯৯

ব্রহ্মাত্মনোস্তত্ত্বমসীত্যদ্বয়ত্বোপপত্তয়ে ।

প্রত্যক্ষাদিবিরোধেন বাচ্যোনোপযুজ্যতে ।

তত্ত্বংপদার্থয়োঃ লক্ষ্যয়োরেব সিধ্যতি ॥ ৭০০

অর্থ । ত্বং (তুমি) তৎ (সেই ব্রহ্ম) অসি (হও) ইতি (এই) ব্রহ্মা-
ত্মনোঃ (ব্রহ্ম এবং আত্মার) অদ্বয়ত্বোপপত্তয়ে (অভিন্নত্ব প্রতিপাদনের জন্ত)
প্রত্যক্ষাদিবিরোধেন (প্রত্যক্ষ প্রভৃতি প্রমাণের সহিত বিরোধ হওয়ার) বাচ্যয়োঃ
(অভিধাশক্তিলাভ্য অর্থে) ন (না) উপযুজ্যতে (উপযুক্ত হয়) লক্ষ্যয়োঃ
(লক্ষণাবৃতিলাভ্য) তত্ত্বংপদার্থয়োঃ (তৎপদার্থ এবং ত্বংপদার্থের) এব (ই)
ইক্যং (অভিন্নত্ব) সিধ্যতি (সিদ্ধ হয়) ॥ ৭০০

অনুবাদ । তত্ত্বমসি—অর্থাৎ তুমি সেই ব্রহ্ম—এই শ্রুতিবাক্য দ্বারা ব্রহ্ম এবং
আত্মার অভিন্নত্ব প্রতিপাদন করিতে গেলে, প্রত্যক্ষ প্রভৃতি প্রমাণের সহিত
বিরোধ ঘটে; তজ্জন্ত বাচ্যার্থের (অভিধাশক্তিলাভ্য অর্থের) উপযোগিতা নাই;
তৎপদার্থ এবং ত্বং পদার্থের লক্ষ্যার্থ (লক্ষণাবৃতিলাভ্য অর্থ) দ্বারা একত্ব
স্থাপিত হয় ॥ ৭০০

শিষ্যঃ—

স্যাৎ তৎপদয়োঃ স্বামিন্ অর্থঃ কতিবিধো মতঃ ।

পদয়োঃ কো নু বাচ্যার্থো লক্ষ্যার্থ উভয়োশ্চ কঃ ॥ ৭০১

অনুবাদ । শিষ্যঃ (বিদ্বার্থী) [বলিলেন—] স্বামিন্ (হে প্রভো) তৎপদয়োঃ (তৎপদের এবং তৎপদের) কতিবিধঃ (কয় প্রকার) অর্থঃ (অভিধেয়) মতঃ (সম্মত) স্যাৎ (হয়), নু (সম্বোধনে) উভয়োঃ (দুইটি) পদয়োঃ (পদের) বাচ্যার্থঃ (অভিধালভ্য অর্থ) কঃ (কি) লক্ষ্যার্থঃ (লক্ষণালভ্য অর্থ) চ (ও) কঃ (কি) ? ॥ ৭০১

অনুবাদ । শিষ্য বলিলেন—হে প্রভো! তৎপদ এবং তৎপদের অর্থ কয় প্রকার, উভয় পদের বাচ্যার্থ কি এবং লক্ষ্যার্থই বা কি ? ॥ ৭০১

বাচ্যৈকত্ববিবক্ষায়াং বিরোধঃ কঃ প্রतीयতে ।

লক্ষ্যার্থয়োঃ অভিন্নত্বে স কথং বিনিবর্ততে ॥ ৭০২

অনুবাদ । বাচ্যৈকত্ববিবক্ষায়াং (বাচ্যার্থদ্বয়ের অভিন্নত্ব বক্তার ইচ্ছা হইলে) কঃ (কি) বিরোধঃ (বিরুদ্ধতা) প্রত্যয়তে (প্রতীত হয়), লক্ষ্যার্থয়োঃ (লক্ষণাবৃত্তিলভ্য অর্থদ্বয়ের) অভিন্নত্বে (একত্বে) সঃ (সেই বিরোধ) কঃ (কিরূপে) বিনিবর্ততে (নিবৃত্ত হয়) ? ॥ ৭০২

অনুবাদ । বাচ্য অর্থদ্বয়ের অভিন্নত্ব বিবক্ষা হইলে, কিরূপে বিরোধ প্রতীত হয় ? লক্ষ্যার্থদ্বয়ের ঐক্য হইলে সেই বিরোধ বা কিরূপে নিবৃত্ত হয় ? ॥ ৭০২

একত্বকথনে কা বা লক্ষণাত্মোররীকৃতা ।

এতৎ সর্বং করুণয়া সম্যক্ ত্বং প্রতিপাদয় ॥ ৭০৩

অনুবাদ । অত্র (এখানে—তত্ত্বমসি স্থলে) একত্বকথনে (অভিন্নত্ব প্রতিপাদনে) কা (কি) বা (বিকল্প) লক্ষণা (লক্ষণাশক্তি) উররীকৃতা (অঙ্গীকৃত হইয়াছে) ত্বং (আপনি) এতৎ (এই) সর্বং (সমস্ত) করুণ (কৃপাপূর্বক) সম্যক্ (ভালরূপে) প্রতিপাদয় (প্রতিপাদন করুন) ॥ ৭০৩

অনুবাদ । তত্ত্বমসিস্থলে অভিন্নত্ব-প্রতিপাদন-বিষয়ে কিরূপ লক্ষণা স্বীকৃত করা হইয়াছে, আপনি দয়া-পরবশ হইয়া এই সমস্ত প্রতিপাদন করুন ॥ ৭০৩

তত্ত্বংপদার্থঃ ।

শ্রীশুরুঃ—

শৃণুস্বাবহিতো বিদ্বন্ অথ তে ফলিতং তপঃ ।

বাক্যার্থশ্রুতিমাত্রেন সম্যগ্জ্ঞানং ভবিষ্যতি ॥ ৭০৪

অর্থঃ । শ্রীশুরুঃ (শুরুদেব) [কহিলেন—] বিদ্বন্ (হে পণ্ডিত !) অবহিতঃ (মনোযোগী) [সন্—হইয়া] শৃণুস্ব (শ্রবণ কর), অথ (আজ) তে (তোমার) তপঃ (তপস্যা) ফলিতং (সফল হইয়াছে), বাক্যার্থশ্রুতিমাত্রেন (বাক্যার্থ শ্রবণমাত্রেই) সম্যক্ (ভালরূপ) জ্ঞানং (তত্ত্বজ্ঞান) ভবিষ্যতি (হইবে) ॥ ৭০৪

অনুবাদ । [শিষ্যের প্রশ্ন শ্রবণ করিয়া] শুরুদেব কহিলেন—হে বিদ্বন্ ! তুমি মনোযোগ-সহকারে শ্রবণ কর, আজ তোমার তপস্যা ফলবতী হইয়াছে, তত্ত্বমসি বাক্যের অর্থ শ্রবণমাত্রই তোমার সমীচীন জ্ঞান (তত্ত্বজ্ঞান) উৎপন্ন হইবে ॥ ৭০৪

যাবন্ তত্ত্বংপদয়োর্থঃ সম্যগ্‌বিচার্যতে ।

তাবদেব নৃণাং বন্ধো মৃত্যুসংসারলক্ষণঃ ॥ ৭০৫

অর্থঃ । যাবৎ (যে পর্য্যন্ত) তত্ত্বংপদয়োঃ (তত্ত্বপদ এবং তৎপদের) অর্থঃ (অভিধেয়) সম্যক্ (ভালরূপে) ন বিচার্যতে (বিচারিত হয় না, মীমাংসিত হয় না) তাবৎ (সে পর্য্যন্ত) এব (ই) নৃণাং (মনুষ্যগণের) মৃত্যুসংসারলক্ষণঃ (মরণ এবং পুনঃ পুনঃ গতাগতি-রূপ) বন্ধো (বন্ধন) [থাকে] ॥ ৭০৫

অনুবাদ । যে পর্য্যন্ত তত্ত্বপদ ও তৎপদের অর্থ সম্যগ্‌রূপে বিচার করা না যায়, তত কাল মানবগণের মরণ এবং সংসারে আগমন-রূপ বন্ধন হয় ॥ ৭০৫

অবস্থা সচ্চিদানন্দাধৈক্যকরস্বরূপিণী ।

মোক্ষঃ সিধ্যতি বাক্যার্থাপরোক্ষজ্ঞানতঃ সতাম্ ॥ ৭০৬

অর্থঃ । সতাং (সাধুদিগের) বাক্যার্থাপরোক্ষজ্ঞানতঃ (তত্ত্বমসি বাক্যার্থের ত্যাক্‌জ্ঞান দ্বারা) সচ্চিদানন্দাধৈক্যকরস্বরূপিণী (সৎ, জ্ঞান ও আনন্দরূপ অধৈক্যকরস্বরূপ) অবস্থা (দশা) মোক্ষঃ (মুক্তি) সিধ্যতি (সিদ্ধ হয়) ॥ ৭০৬

অনুবাদ । তত্ত্বমসি বাক্যের প্রত্যক্ষ জ্ঞান দ্বারা সাধুগণের সচ্চিদানন্দ-অধৈক্যকরস (একরূপ)-স্বরূপ মোক্ষ-অবস্থা-প্রাপ্তি ঘটে ॥ ৭০৬

বাক্যার্থ এব জ্ঞাতব্যো মুমুক্শোৰ্ভবমুক্তয়ে ।

তস্মাদবহিতো ভূত্বা শৃণু বক্ষ্যে সমাসতঃ ॥ ৭০৭

অর্থঃ । মুমুক্শোঃ (মুক্তিকাম পুরুষের) ভবমুক্তয়ে (সংসার হইতে মোক্ষ লাভের জন্ত) বাক্যার্থঃ (তত্ত্বমসি বাক্যের অর্থ) এব (ই) জ্ঞাতব্যোঃ (জানা

উচিত), তস্মাৎ (সেইজন্য) অবহিতঃ (সাবধান) ত্বয়া (হইয়া) শৃণু (শ্রবণ কর), [অহং—আমি] সমাসতঃ (সংক্ষেপে) বর্ণনাম্ (বর্ণনা করিব) ॥ ৭০৭

অনুবাদ । মুক্তিকাম পুরুষের সংসারবন্ধন হইতে মুক্তিলাভের জন্য তত্ত্বমসি বাক্যের অর্থ জানা উচিত । অতএব আমি সংক্ষেপে বর্ণনা করিব, তুমি অবহিত চিন্তে শ্রবণ কর ॥ ৭০৭

অর্থ্য বহুবিধাঃ প্রোক্তা বাক্যানাং পণ্ডিতোত্তমৈঃ ।

বাচ্যলক্ষ্যাदिভেদেন প্রস্তুতং শ্রয়তাং ত্বয়া ॥ ৭০৮

অন্বয় । পণ্ডিতোত্তমৈঃ (প্রধান প্রধান পণ্ডিতগণ কর্তৃক) বাচ্যলক্ষ্যাदि ভেদেন (বাচ্যার্থ এবং লক্ষ্যার্থভেদে) বাক্যানাং (বাক্যসমূহের) বহুবিধ (নানাপ্রকার) অর্থ্যঃ (অভিধেয়) প্রোক্তাঃ (কথিত হইয়াছে), প্রস্তুত (প্রক্রান্ত, প্রসঙ্গপ্রাপ্ত) [অর্থ] ত্বয়া (তোমাকর্তৃক) শ্রয়তাং (শ্রয় হউক) ॥ ৭০৮

অনুবাদ । প্রধান প্রধান পণ্ডিতগণ বাক্যার্থ এবং লক্ষ্যার্থ-ভেদে বাক্য সমূহের নানাপ্রকার অর্থ করিয়াছেন, এক্ষণে তুমি প্রসঙ্গ-প্রাপ্ত অর্থ শ্রয় কর ॥ ৭০৮

তৎপদার্থঃ ।

বাক্যে তত্ত্বমসীত্যত্র বিদ্যতে যৎ পদত্রয়ম্ ।

তত্রাদৌ বিদ্যমানস্য তৎপদস্য নিগদ্যতে ॥ ৭০৯

অন্বয় । তত্ত্বমসি (তুমি সেই ব্রহ্ম) ইতি (এইরূপ) অত্র (এই) বাবে (ক্রিয়া কারকান্বিত পদসমুদয়ে) যৎ (যে) পদত্রয়ম্ (তৎ, ত্বং, অসি—এ তিনটি পদ) বিদ্যতে (আছে) তত্র (সেই বাক্যে) আদৌ (প্রথমে) বিদ্যমান (বর্তমান) তৎপদস্য (তৎপদের) [অর্থ] নিগদ্যতে (কথিত হইতেছে) ॥ ৭০৯

অনুবাদ । তত্ত্বমসি—এই বাক্যে [তৎ, ত্বং, অসি] তিনটি পদ বিদ্যমান আছে ; তাহার মধ্যে প্রথমে স্থিত তৎপদের অর্থ কথিত হইতেছে ॥ ৭০৯

বাচ্যার্থ-বিরোধঃ ।

শাস্ত্রার্থকোবিদৈরর্থো বাচ্যো লক্ষ্য ইতি দ্বিধা ।

বাচ্যার্থং তে প্রবক্ষ্যামি পণ্ডিতৈর্ষ উদীরিতঃ ॥ ৭১০

অন্বয় । শাস্ত্রার্থকোবিদৈঃ (শাস্ত্রার্থজ্ঞানসম্পন্ন) পণ্ডিতৈঃ (বুধগণ কর্তৃক) বাচ্যঃ (অভিধায়িত) লক্ষ্যঃ (লক্ষণালভ্য) ইতি (এইরূপ) দ্বিধা (দুই প্রকার)

যঃ (যে) অর্থঃ (অভিধেয়) উদীরিতঃ (কথিত হইয়াছে); তে (তোমাকে) বাচ্যার্থঃ (অভিধালভ্য অর্থ) প্রবক্ষ্যামি (বলিব) ॥ ৭১০

অনুবাদ । শাস্ত্রার্থজ্ঞানসম্পন্ন পণ্ডিতেরা বাচ্য এবং লক্ষ্য এই দুই প্রকার অর্থ বলিয়াছেন ; আমি তোমাকে বাচ্যার্থ বলিতেছি— ॥ ৭১০

সমষ্টিরূপমজ্ঞানং সাভাসং সত্ত্ববুংহিতম্ ।

বিয়দাদিবিরাড়ন্তং স্বকার্যেণ সমন্বিতম্ ॥ ৭১১

চৈতন্যং তদবচ্ছিন্নং সত্যজ্ঞানাদিলক্ষণম্ ।

সর্বজ্ঞত্বেশ্বরত্বান্তর্যামিত্বাদিগুণৈর্যুতম্ ॥ ৭১২

জগৎস্রষ্টৃ ত্বপাতৃত্বসংহর্তৃত্বাদিধর্ম্মকম্ ।

সর্বাভ্যুনা ভাসমানং যদমেয়ং গুণৈশ্চ তৎ ॥ ৭১৩

অব্যক্তমপরং ব্রহ্ম বাচ্যার্থ ইতি কথ্যতে ।

নীলমুৎপলমিত্যত্র যথা বাক্যার্থসঙ্গতিঃ ॥ ৭১৪

তথা তত্ত্বমসীত্যত্র নাস্তি বাক্যার্থসঙ্গতিঃ ।

পটাদব্যাবর্ত্ততে নীল উৎপলেন বিশেষিতঃ ॥ ৭১৫

শৌক্লাদব্যাবর্ত্ততে নীলেনোৎপলং তু বিশেষিতম্ ।

ইখমন্যোহন্যভেদস্য ব্যাবর্ত্তকতয়া তয়োঃ ॥ ৭১৬

বিশেষণবিশেষ্যত্বসংসর্গস্যেতরস্য বা ।

বাক্যার্থত্বে প্রমাণান্তরবিরোধো ন বিদ্যতে ॥ ৭১৭

অনুবাদ । সমষ্টিরূপং (মিলিতরূপ, সমূহরূপ) মজ্ঞানং (অবিজ্ঞা) সাভাসং (চিদাভাসযুক্ত) সত্ত্ববুংহিতম্ (সত্ত্বগুণদ্বারা বর্দ্ধিত) স্বকার্যেণ (মজ্ঞানের কার্যের সহিত) সমন্বিতম্ (যুক্ত) বিয়দাদি-বিরাড়ন্তং (আকাশ হইতে আরম্ভ করিয়া বিরাট পর্য্যন্ত) তদবচ্ছিন্নং (মজ্ঞানবিশিষ্ট) সত্যজ্ঞানাদিলক্ষণং (সত্য-জ্ঞান-আনন্দস্বরূপ) চৈতন্যং (চেতনাশক্তি) সর্বজ্ঞত্বেশ্বরত্বান্তর্যামিত্বাদিগুণৈঃ (সর্বজ্ঞানবিশিষ্টত্ব, ঈশ্বরত্ব, নিয়মনকর্তৃত্বাদি গুণসমূহের দ্বারা) যুক্তং (যুক্ত) জগৎস্রষ্টৃ-ত্ব-পাতৃত্ব সংহর্তৃত্বাদিধর্ম্মকম্ (জগতের সৃষ্টিকর্তৃত্ব, পালনকর্তৃত্ব, নাশকর্তৃত্ব প্রভৃতি ধর্ম্মযুক্ত) সর্বাভ্যুনা (সর্বস্বরূপে) ভাসমানং (প্রকাশমান) গুণৈঃ (গুণসমূহের দ্বারা) চ (ও) যৎ (যাহা) অমেয়ং (পরিমাণ করা যায় না) তৎ (সেই) অব্যক্তম্ (ব্যক্তভিন্ন) অপরং (পরভিন্ন) ব্রহ্ম (ব্রহ্ম) বাচ্যার্থঃ (অভিধালভ্য অর্থ) কথ্যতে (কথিত হয়), যথা (যেমন) নীলম্ (কৃষ্ণ) উৎপলম্ (পদ্ম) ইতি (এরূপ) অত্র (এই বাক্যে)

বাক্যার্থসঙ্গতিঃ (বাক্যার্থ-সম্বন্ধ, বাক্যার্থ-বোধ) [ভবতি—হয়] তথা (সেই-রূপ) তত্ত্বমসি (তুমি সেই ব্রহ্ম) ইত্যত্র (এই স্থলে) বাক্যার্থসঙ্গতিঃ (বাক্যার্থসম্বন্ধ) নাস্তি (হয় না) নীলঃ (নীলপদার্থ) উৎপলেন (পদ্ম দ্বারা) বিশেষিতঃ (বিশেষণযুক্ত) [সন্—হইলে] পটাবৎ (বস্ত্র হইতে) ব্যাবর্ত্ততে (ব্যাবর্ত্তি—পৃথক্ করে) তু (কিন্তু) উৎপলং (পদ্ম) নীলেন (নীলের দ্বারা) বিশেষিতং (বিশেষণযুক্ত) [সৎ—হইলে] শৌক্লাবৎ (শুক্লবর্ণ হইতে) ব্যাবর্ত্ততে (ব্যাবর্ত্তি করে) ইথং (এইরূপ) তয়োঃ (নীল ও উৎপলের) অগ্নোহত্তভেদস্ত (পরস্পর অভাবের) ব্যাবর্ত্তকতয়া (নিবর্ত্তকত্বহেতু) বিশেষণ-বিশেষ্যত্ব-সংসর্গস্ত (বিশেষণ-বিশেষ্যভাব এবং সংসর্গ) বা (কিংবা) ইতরস্ত (অপর কাহার) বাক্যার্থত্বে (বাক্যের অর্থত্ব হইলে) প্রমাণান্তরবিরোধঃ (অত্র প্রমাণের সহিত বিরুদ্ধতা) ন বিদ্যতে (থাকে না) ॥ ৭১১ ॥ ৭১২ ॥ ৭১৩ ॥ ৭১৪ ॥ ৭১৫ ॥ ৭১৬ ॥ ৭১৭

অনুবাদ । স্বকীয় কার্যের সহিত যুক্ত চিদাভাসসমন্বিত আকাশ হইতে বিরাট পর্য্যন্ত স্থিত সমষ্টিরূপ অজ্ঞান বর্ত্তমান আছে ; সেই অজ্ঞানাবচ্ছিন্ন সত্য, জ্ঞান, আনন্দস্বরূপ চৈতন্য সর্বজ্ঞত্ব, ঈশ্বরত্ব ও অন্তর্ধ্যামিত্ব প্রভৃতি গুণসমূহ সমন্বিত, জগতের সৃষ্টিকর্ত্ত্ব স্থিতিকর্ত্ত্ব ও প্রলয়কর্ত্ত্ব প্রভৃতি ধর্ম্ম বিশিষ্ট, এবং অপরিমিত গুণসমূহের দ্বারা সমন্বিত ও সর্বাভাবে প্রকাশমান হইয়া অপর ব্রহ্ম নাম ধারণ করেন, তিনিই বাচ্যার্থ বলিয়া কথিত হ'ন ; নীল উৎপল—এইস্থলে যেরূপ বাক্যার্থসঙ্গতি হয়, তত্ত্বমসি স্থলে সেইরূপ বাক্যার্থসঙ্গতি হয় না ; নীল পদার্থ উৎপলের দ্বারা বিশেষিত হইয়া পট (বস্ত্র) হইতে ব্যাবর্ত্ত হয়—এবং উৎপল নীলের দ্বারা বিশেষিত হইয়া শুক্ল হইতে ব্যাবর্ত্ত হয় ; এইরূপে নীল ও উৎপল এই দুইটি পদার্থ পরস্পরের ভেদের (অভাবের) ব্যাবর্ত্তকত্ব (নিবারকত্ব) বিধান করে, স্তত্রাৎ বিশেষণবিশেষ্যভাব, সংসর্গ কিংবা অত্রও বাক্যার্থ হইলে, প্রত্যক্ষাদি প্রমাণের সহিত কোন বিরোধ থাকে না ॥ ৭১১ ॥ ৭১২ ॥ ৭১৩ ॥ ৭১৪ ॥ ৭১৫ ॥ ৭১৬ ॥ ৭১৭

অতঃ সঙ্গচ্ছতে সম্যগ্‌বাক্যার্থো বাধবর্জিতঃ ।

এবং তত্ত্বমসীত্যত্র বাক্যার্থো ন সমঞ্জসঃ ॥ ৭১৮

অর্থ । অতঃ (এই নিমিত্ত) বাধবর্জিতঃ (বাধবিহীন, অবাধিত) বাক্যার্থঃ (বাক্যের অর্থ) সম্যক্ (সমীচীন ভাবে) সঙ্গচ্ছতে (সঙ্গত হয়), এবং (এইরূপ) তত্ত্বমসি (তুমি সেই ব্রহ্ম) ইত্যত্র (এইস্থলে) বাক্যার্থঃ (বাক্যের অর্থ) সমঞ্জসঃ (সমীচীন) ন (নহে) ॥ ৭১৮

অনুবাদ । অতএব 'নীলমুৎপলম্' এইস্থলে অবাধিত বাক্যার্থ উত্তমরূপে সঙ্গত হয়, এইরূপ 'তত্ত্বমসি' এই ঋতি-বাক্যস্থলে বাক্যার্থ সঙ্গত হয় না ॥ ৭১৮

তদর্থস্য পরোক্ষত্বাদি বিশিষ্টচিত্তেরপি ।

ত্বমর্থস্যাপরোক্ষত্বাদি বিশিষ্টচিত্তেরপি ॥ ৭১৯

তথৈবান্যোন্তভেদস্য ব্যবর্তকতয়া তয়োঃ ।

বিশেষণবিশেষ্যস্ত সংসর্গস্তেতরস্য বা ॥ ৭২০

বাক্যার্থে বিরোধোহস্তি প্রত্যক্ষাদিকৃতস্ততঃ ।

সঙ্গচ্ছতে ন বাক্যার্থস্তদ্বিরোধঃ চ বচ্মি তে ॥ ৭২১

অর্থঃ । তদর্থশ্চ ('তত্ত্বমসি' এই স্থলে তৎপদের অর্থ) পরোক্ষত্বাদি-
বিশিষ্টচিত্তেঃ (অপ্রত্যক্ষত্বাদিযুক্ত চৈতন্তের) অপি (ও) ত্বমর্থশ্চ (ত্বং পদের
অর্থ) অপরোক্ষত্বাদিবিশিষ্টচিত্তেঃ (প্রত্যক্ষত্বাদিযুক্ত চৈতন্তের) অপি (ও),
তথা (সেইরূপ) এব (ই) তয়োঃ (তৎ ও ত্বং পদের) অন্তোন্তভেদশ্চ
(পরস্পরের অন্তোন্তভাবের) ব্যবর্তকতয়া (নিবর্তকত্বহেতু) বিশেষণ-
বিশেষ্যশ্চ (একটি বিশেষণ একটি বিশেষ্য এইরূপ) সংসর্গশ্চ (সম্বন্ধ)
বা (কিংবা) ইতরশ্চ (অপর কাহার) বাক্যার্থে (বাক্যের অর্থ হইলে)
প্রত্যক্ষাদিকৃতঃ (প্রত্যক্ষ প্রভৃতি প্রমাণকৃত) বিরোধঃ (বিরুদ্ধতা) অস্তি
(আছে), ততঃ (তজ্জন্ত) বাক্যার্থঃ (বাক্যের অর্থ) ন সঙ্গচ্ছতে (সঙ্গত
হয় না) ; তে (তোমাকে) তদ্বিরোধঃ চ (সেই বিরোধিতাও) বচ্মি
(বলিতেছি) ॥ ৭১৯ ॥ ৭২০ ॥ ৭২১

অনুবাদ । [নীল উৎপল এইস্থলের ণায় 'তত্ত্বমসি' এই বাক্যস্থলে বাক্যার্থ
কেন সঙ্গত হয় না, তাহাই প্রদর্শিত হইতেছে—] 'তত্ত্বমসি' এই বাক্যে 'তৎ'-
পদার্থ পরোক্ষত্বাদিযুক্ত চৈতন্তকে বুঝায়, এবং 'ত্বম্'—পদার্থ অপরোক্ষত্বাদিযুক্ত
চৈতন্তকে বুঝায়, 'তৎ' ও 'ত্বম্' এই দুইটি পদার্থ যদি পরস্পরের ভেদের
(অন্তোন্তভাবের) ব্যবর্তক (নিবর্তক) হইয়া বিশেষণবিশেষ্যভাব, সংসর্গ
(সম্বন্ধবিশেষ) কিংবা অন্য বাক্যার্থ হয়, তাহা হইলে প্রত্যক্ষ প্রভৃতির সহিত
বিরোধ ঘটে ; সুতরাং বাক্যার্থ সঙ্গত হয় না । কিরূপ বিরোধ ঘটে তাহা
তোমাকে বলিতেছি ॥ ৭১৯ ॥ ৭২০ ॥ ৭২১

সর্বেশত্বস্বতন্ত্রত্বসর্বজ্ঞত্বাদিভিঃ গুণৈঃ ।

সর্বোত্তমঃ সত্যকামঃ সত্যসঙ্কল্প ঈশ্বরঃ ॥ ৭২২

তৎপদার্থস্তমর্থস্ত কিঞ্চিজ্জ্ঞো দুঃখজীবনঃ ।

সংসার্যয়ং তদগতিকো জীবঃ প্রাকৃতলক্ষণঃ ॥ ৭২৩

অর্থঃ । সর্বেশত্ব-স্বতন্ত্রত্ব সর্বজ্ঞত্বাদিভিঃ (সর্বেশ্বরত্ব, অপরাধীনত্ব, সর্বজ্ঞান-
বস্ত প্রভৃতি) গুণৈঃ (গুণসমূহের দ্বারা) সর্বোত্তমঃ (সকলের উৎকৃষ্ট)
সত্যকামঃ (ষথার্থকামনাবান্) সত্যসঙ্কল্পঃ (যথার্থসঙ্কল্পযুক্ত) ঈশ্বরঃ (পরমেশ্বর)
তৎপদার্থঃ (তৎপদের বাচ্যার্থ), তু (কিন্তু) কিঞ্চিজ্জ্ঞো (অজ্ঞ) দুঃখজীবনঃ
(দুঃখময় জীবন) তদগতিকঃ (সংসার-গমনাগমনশীল) প্রাকৃতলক্ষণঃ (অধম-

রূপ) অয়ং (এই) সংসারী (সংসারযুক্ত) জীবঃ (দেহাণ্ডবচ্ছিন্ন চৈতন্য) স্বমর্থঃ (তৎপদের অর্থ) ॥ ৭২২ ॥ ৭২৩

অনুবাদ । সর্বেশ্বরত্ব, স্বতন্ত্রত্ব, সর্বজ্ঞত্ব প্রভৃতি গুণসমূহের দ্বারা সকলের উৎকৃষ্ট, সত্যকাম, সত্যসঙ্কল্প পরমেশ্বর তৎপদের বাচ্যার্থ ; অল্পজ্ঞ, হুঃখে জীবন-যাত্রা-নির্বাহকারী, সংসারাশ্রয়-যুক্ত, প্রাকৃতরূপ এই সংসারী জীব তৎপদের বাচ্যার্থ ॥ ৭২২ ॥ ৭২৩

কথমেকত্বমনয়োর্ঘটতে বিপরীতয়োঃ ।

প্রত্যক্ষেন বিরোধোহয়মুভয়োরূপলভ্যতে ॥ ৭২৪

অর্থ । বিপরীতয়োঃ (বিরুদ্ধ) অনয়োঃ (ঈশ্বর ও জীবের) একত্ব (অভিন্নত্ব) কথং (কিরূপে) ঘটতে (সম্ভব হয়) ? উভয়োঃ (পরমেশ্বর ও জীবের) অয়ং (এই) বিরোধঃ (বিরুদ্ধতা) প্রত্যক্ষেন (প্রত্যক্ষপ্রমাণ দ্বারা) উপলভ্যতে (জ্ঞাত হওয়া যায়) ॥ ৭২৪

অনুবাদ । ঈশ্বর এবং জীব এই দুইটি বিরুদ্ধ পদার্থের একত্ব কিরূপে সম্ভব হয় ? প্রত্যক্ষ প্রমাণ দ্বারা উভয়ের এই বিরোধ উপলব্ধ হইতেছে ॥ ৭২৪

বিরুদ্ধধর্মাক্রান্তত্বাৎ পরস্পরবিলক্ষণৌ ।

জীবেশৌ বহিতুহিনাবিব শকার্থতোহপি চ ॥ ৭২৫

প্রত্যক্ষাদিবিরোধঃ স্যাদিত্যেক্যে তয়োঃ পরিত্যক্তে ।

শ্রুতিবচনবিরোধো ভবতি মহান্ স্মৃতিবচনবিরোধশ্চ ॥ ৭২৬

অর্থ । বহিতুহিনৌ ইব (অগ্নি ও হিমের ত্বায়) বিরুদ্ধধর্মাক্রান্তত্বাৎ (বিপরীতধর্মযুক্তত্বহেতু) পরস্পরাবিলক্ষণৌ (অন্তোন্ত-বিপরীত) জীবেশৌ (জীব এবং ঈশ্বর) [বর্তেতে—আছেন], শকার্থতঃ অপি চ (একত্ব তৎ এবং তৎ শব্দের অর্থ দ্বারাও) প্রত্যক্ষাদিবিরোধঃ (প্রত্যক্ষ প্রভৃতি প্রমাণের সহিত বিরুদ্ধতা) স্যাৎ (হয়), ইতি (এই নিমিত্ত) তয়োঃ (জীব এবং ঈশ্বরের) ঐক্যে (অভিন্নত্ব) পরিত্যক্তে (ত্যাগ করিলে) মহান্ (অতীব) শ্রুতিবচন-বিরোধঃ (শ্রুতিবাক্যের বিরুদ্ধতা) স্মৃতিবচনবিরোধশ্চ (এবং স্মৃতিবাক্যের বিরুদ্ধতা) ভবতি (হয়) ॥ ৭২৫ ॥ ৭২৬

অনুবাদ । বিরুদ্ধধর্ম-সম্ভবত বলিয়া অগ্নি ও হিমের ত্বায় জীব ও ঈশ্বর পরস্পর-বিলক্ষণ-স্বভাববিশিষ্ট ; শকার্থ দ্বারাও প্রত্যক্ষাদি প্রমাণের সহিত বিরোধ ঘটে ; যদি তাহাদের উভয়ের ঐক্য পরিত্যক্ত হয়, তাহা হইলে শ্রুতিবচন-সমূহের সহিত এবং স্মৃতিবচন-সমূহের সহিত অত্যন্ত বিরোধ হয় ॥ ৭২৫ ॥ ৭২৬

শ্রুত্যাপ্যেকত্বমনয়োস্তাৎপর্যেণ নিগদ্যতে ।

মুহুন্তত্বমসীত্যস্মাদঙ্গীকার্যং শ্রুতের্বচঃ ॥ ৭২৭

অনুবাদ । শ্রুত্যা (বেদকর্তৃক) অপি (ও) অনয়োঃ (জীব ও ব্রহ্মের) একত্বং (অভিন্নত্ব) তাৎপর্যেণ (তৎপরত্বরূপে) নিগন্ততে (কথিত হয়) ; অস্মাৎ (এইজন্ত) মুহঃ (পুনঃ পুনঃ নম্ববার) তত্বমসি (তুমি সেই ব্রহ্ম) ইতি (এই) শ্রুতেঃ (শ্রুতির) বচঃ (বাক্য) অঙ্গীকার্যম্ (স্বীকার করিতে হইবে) ॥ ৭২৭

অনুবাদ । শ্রুতিও জীব এবং পরমেশ্বরের একত্ব তাৎপর্যরূপে বলিয়াছেন, এই নিমিত্ত পুনঃপুনঃ (নম্ববার) অভিহিত তত্বমসি—এই শ্রুতিবাক্য স্বীকার করা উচিত ॥ ৭২৭

বাক্যার্থত্বে বিশিষ্টস্য সংসর্গস্য চ বা পুনঃ ।

অযথার্থতয়া সোহয়ং বাক্যার্থো ন মতঃ শ্রুতেঃ ॥ ৭২৮

অনুবাদ । বিশিষ্টস্য (বিশেষণ-বিশেষ্যভাব) সংসর্গস্য (সম্বন্ধবিশেষ) চ (পাদ পূরণে) বা (কিংবা) বাক্যার্থত্বে (বাক্যের অর্থ হইলে) পুনঃ (বাক্যালঙ্কার) অযথার্থতয়া (ঠিক না হওয়ায়) সঃ (সেই) অয়ং (এই) বাক্যার্থঃ (বাক্যের অর্থ) শ্রুতেঃ (বেদের) মতঃ (অভিপ্রেত) ন (নহে) ॥ ৬২৮

অনুবাদ । তত্বমসি বাক্যার্থ যদি বিশিষ্ট কিংবা সংসর্গ হয়, তাহা হইলে যথার্থ বাক্যার্থ হয় না, সেই বাক্যার্থ শ্রুতির অভিপ্রেত নহে ॥ ৭২৮

অখণ্ডৈকরসত্বেন বাক্যার্থঃ শ্রুতিসম্মতঃ ।

স্থূলসূক্ষ্মপ্রপঞ্চস্য সন্মাত্রত্বং পুনঃপুনঃ ॥ ৭২৯

দর্শয়িত্বা সুষুপ্তৌ তদব্রহ্মাভিন্নত্বমাত্মনঃ ।

উপপাদ্য সদেকত্বং প্রদর্শয়িতুমিচ্ছয়া ॥ ৭৩০

ঐতদাত্ম্যমিদং সর্বমিত্যুক্তৈব সদাত্মনোঃ ।

ব্রবীতি শ্রুতিরেকত্বং ব্রহ্মণোহৈবেতসিদ্ধয়ে ॥ ৭৩১

অনুবাদ । অখণ্ডৈকরসত্বেন (অখণ্ড একরূপত্ব—অখণ্ড ব্রহ্মই) বাক্যার্থঃ (তত্বমসি বাক্যের অর্থ) শ্রুতিসম্মতঃ (শ্রুতির অভিপ্রেত), শ্রুতিঃ (উপনিষৎ) স্থূলসূক্ষ্মপ্রপঞ্চস্য (স্থূল এবং সূক্ষ্ম জগতের) পুনঃ পুনঃ (বারংবার) সন্মাত্রত্বং (ব্রহ্মরূপত্ব) দর্শয়িত্বা (দেখাইয়া) সুষুপ্তৌ (সুষুপ্তিসময়ে) আত্মনঃ (আত্মার) তদব্রহ্মাভিন্নত্বং (সেই ব্রহ্মের সহিত একত্ব) উপপাদ্য (উপপাদন করিয়া) সদেকত্বং (সতের—ব্রহ্মের সহিত আত্মার অভিন্নতাকে) প্রদর্শয়িতুং (দেখাইতে) ইচ্ছয়া (ইচ্ছা করিয়া) ইদং (এই দৃশ্যমান জগৎ) সর্বং (সমস্ত) ঐতদাত্ম্যং (আত্মার স্বরূপ, আত্মা হইতে অতিরিক্ত নহে) ইতি (ইহা) উক্তা (বলিয়া) এব (ই) ব্রহ্মণঃ (ব্রহ্মের) অধৈবেতসিদ্ধয়ে (অধিতীয়ত্ব-সিদ্ধির জন্ত) সদাত্মনোঃ (সৎ—ব্রহ্ম এবং আত্মার) একত্বং (ঐক্য) ব্রবীতি (বলিতেছেন) ॥ ৭২৯ ॥ ৭৩০ ॥ ৭৩১

অনুবাদ । [যদি বিশিষ্ট কিংবা সংসর্গ বাক্যার্থ না হইল, তবে বাক্যার্থ কি ? তাহার উত্তরে বলিতেছেন—] অখণ্ড একরসত্ব—অখণ্ড একরূপ বস্তুই শ্রুতিসম্মত বাক্যার্থ ; [কারণ] শ্রুতি পুনঃপুনঃ স্থূল এবং সূক্ষ্ম প্রপঞ্চের (জগতের) ব্রহ্ম-স্বরূপত্ব দেখাইয়া সুষুপ্তিকালে ব্রহ্মের সহিত আত্মার অভিন্নত্ব উপপাদন করতঃ ব্রহ্মের একত্ব প্রদর্শনের অভিপ্রায়ে এই সমস্ত দৃশ্যমান পদার্থ আত্মাতিরিক্ত নহে— ইহা বলিয়া ব্রহ্মের অদ্বিতীয়ত্ব সিদ্ধির নিমিত্ত ব্রহ্ম এবং আত্মার অভিন্নত্ব বলিতেছেন ॥ ৭২৯ ॥ ৭৩০ ॥ ৭৩১

সতি প্রপঞ্চে জীবে বাঁদৈতৎত্বং ব্রহ্মণঃ কুতঃ ।

অতন্তয়োরখণ্ডত্বমেকত্বং শ্রুতিসম্মতম্ ॥ ৭৩২

অনুবাদ । প্রপঞ্চ (জগৎ) বা (কিংবা) জীবে (জীবচৈতন্য) সতি (থাকিলে) ব্রহ্মণঃ (ব্রহ্মের) অদ্বৈতত্বং (অদ্বিতীয়ত্ব) কুতঃ (কোথায়) ? অতঃ (এই নিমিত্ত) তয়োঃ (ব্রহ্ম ও জীবের) অখণ্ডত্বম্ (খণ্ডরহিতত্ব) একত্বং (ঐক্য) শ্রুতিসম্মতম্ (উপনিষদের অভিমত) ॥ ৭৩২

অনুবাদ । জগৎ কিংবা জীব বিদ্যমান থাকিলে, ব্রহ্মের অদ্বিতীয়ত্ব কিরূপে সিদ্ধ হইবে ? অতএব জীব ও ব্রহ্মের অখণ্ডত্ব এবং ঐক্য শ্রুতির অভিপ্রেত ॥ ৭৩২

বিরুদ্ধাংশপরিত্যাগাৎ প্রত্যক্ষাদির্ন বাধতে ।

অবিরুদ্ধাংশগ্রহণান শ্রুত্যাপি বিরুদ্ধ্যতে ॥ ৭৩৩

অনুবাদ । বিরুদ্ধাংশপরিত্যাগাৎ (তৎপদের অর্থ পরোক্ষত্ববিশিষ্ট চৈতন্য, ত্বৎপদের অর্থ অপরোক্ষত্ববিশিষ্ট চৈতন্য ; কিন্তু পরোক্ষত্ব ও অপরোক্ষত্ব প্রভৃতি বিরুদ্ধ অংশ পরিত্যাগ করায়) প্রত্যক্ষাদিঃ (প্রত্যক্ষ প্রভৃতি প্রমাণ) ন বাধতে (বাধিত হয় না), অবিরুদ্ধাংশগ্রহণাৎ (চৈতন্যরূপ আবরোধী ভাগ গ্রহণ করায়) শ্রুত্যা (শ্রুতির দ্বারা) আপ (ও) ন বিরুদ্ধ্যতে (বিরুদ্ধ হয় না) ॥ ৭৩৩

অনুবাদ । [তত্ত্বমসিস্থলে তৎ-পদের অর্থ পরোক্ষত্ববিশিষ্ট চৈতন্য, এবং ত্বৎ-পদের অর্থ অপরোক্ষত্ববিশিষ্ট চৈতন্য ; কিন্তু পরোক্ষত্ব ও অপরোক্ষত্ব প্রভৃতি—] বিরুদ্ধভাগ পরিত্যাগ করিলে প্রত্যক্ষ প্রভৃতি প্রমাণের বাধ হয় না, অবিরুদ্ধ চৈতন্যাংশ গ্রহণ করিলে শ্রুতিবিরোধও ঘটে না ॥ ৭৩৩

লক্ষ্যার্থ-নিরূপণম্ ।

লক্ষণা হ্যপগন্তব্যাত্তো বাক্যার্থসিদ্ধয়ে ।

বাচ্যার্থানুপপত্ত্বৈব লক্ষণাভ্যুপগম্যতে ॥ ৭৩৪

অনুবাদ । ততঃ (সেই কারণে) বাক্যার্থসিদ্ধয়ে (বাক্যার্থ-নির্ণয়ের জন্ত) লক্ষণা (লক্ষণাবৃত্তি) উপগম্যব্যা (স্বীকরণীয়) হি (নিশ্চিত), বাচ্যার্থানুপপত্ত্যা (অভিধানভ্য অর্থের সঙ্গতি না হইলে) এব (ই) লক্ষণা (লক্ষণাবৃত্তি) অনুপগম্যতে (স্বীকৃত হয়) ॥ ৭৩৪

অনুবাদ । অতএব বাক্যার্থসিদ্ধির নিমিত্ত লক্ষণা স্বীকার করিতে হয় ; যেখানে বাচ্যার্থ উপপন্ন না হয়, তথায় লক্ষণা স্বীকার করা যায় ॥ ৭৩৪

সম্বন্ধানুপপত্ত্যা চ লক্ষণেতি জগুবুধাঃ ।

গঙ্গায়াং ঘোষ ইত্যাদৌ যা জহল্লক্ষণা মতা ॥ ৭৩৫

ন সা তত্ত্বমসীত্যত্র বাক্য এষা প্রবর্ততে ।

গঙ্গায়া অপি ঘোষস্তাধারাধেয়ত্বলক্ষণম্ ॥ ৭৩৬

অনুবাদ । বুধাঃ (পণ্ডিতেরা) সম্বন্ধানুপপত্ত্যা (সম্বন্ধের উপপত্তি না হওয়ায়) চ (বাক্যালঙ্কার) লক্ষণা (লক্ষণাশক্তি) ইতি (ইহা) জগুঃ (বলেন) । গঙ্গায়াং (প্রবাহরূপ ভাগীরথীতে) ঘোষঃ (গোপপল্লী) [বসতি—বাস করে] ইতি (এইরূপ) আদৌ (প্রভৃতি স্থলে) যা (যে) জহল্লক্ষণা (ত্যাগলক্ষণা) মতা (অভিমত), তত্ত্বমসি (তুমি সেই ব্রহ্ম) ইতি, অত্র বাক্যে (এই বাক্যে) সা (সেই) এষা (এই লক্ষণা) ন প্রবর্ততে (প্রবৃত্ত হয় না), গঙ্গায়াঃ (ভাগীরথী) অপি (ও) ঘোষস্ত (গোপ-পল্লীর) আধারাধেয়ত্বলক্ষণং (আধার—আশ্রয়, আধেয়ত্ব—আশ্রিতত্বরূপ সম্বন্ধ অর্থাৎ গঙ্গা—আধার, আধেয়—ঘোষ) ॥ ৭৩৫ ॥ ৭৩৬

অনুবাদ । পণ্ডিতেরা সম্বন্ধের অনুপপত্তিকে (সঙ্গতি না হওয়াকে) লক্ষণা বলিয়াছেন । গঙ্গায় ঘোষ বাস করে—এই বাক্যে যে জহল্লক্ষণা (ত্যাগলক্ষণা) উক্ত হইয়াছে, তাহা তত্ত্বমসি বাক্যে সঙ্গত হইতে পারে না ; গঙ্গায় ঘোষ বাস করে—এখানে গঙ্গা ও ঘোষের আধার-আধেয়ত্ব সম্বন্ধ [গঙ্গা—আধার, ঘোষ—আধেয় ; তত্ত্বমসি বাক্যে তাহা হয় না] ॥ ৭৩৫ ॥ ৭৩৬

সর্বো বিরুদ্ধবাক্যার্থস্তত্র প্রত্যক্ষতন্ততঃ ।

গঙ্গাসম্বন্ধবত্তীরে লক্ষণা সংপ্রবর্ততে ॥ ৭৩৭

অনুবাদ । তত্র (গঙ্গায়াং ঘোষঃ এই স্থলে) প্রত্যক্ষতঃ (প্রত্যক্ষপ্রমাণ বশতঃ) সর্বঃ (সমস্ত) বিরুদ্ধবাক্যার্থঃ (বাক্যার্থের বিরোধ প্রতীত হইতেছে) । ততঃ (তজ্জন্ত) গঙ্গাসম্বন্ধবত্তীরে (গঙ্গাসম্বন্ধযুক্ত তটে) লক্ষণা (লক্ষণাশক্তি), সংপ্রবর্ততে (প্রবৃত্ত হয়) ॥ ৭৩৭

অনুবাদ । গঙ্গায় ঘোষ বাস করে—এখানে প্রত্যক্ষ প্রমাণের দ্বারা সমস্ত বাক্যই বিরুদ্ধ প্রতীত হইতেছে ; অতএব গঙ্গাসম্বন্ধী তীরে লক্ষণা প্রবৃত্ত হয় ॥ ৭৩৭

তথা তত্ত্বমসীত্যত্র চৈতন্যৈকত্বলক্ষণে ।

বিবক্ষিতে তু বাক্যার্থেইপরোক্ষত্বাদিলক্ষণঃ ॥ ৭৩৮

বিরুদ্ধ্যতে ভাগমাত্রো ন তু সর্বো বিরুদ্ধ্যতে ।

তস্মাজ্জহল্লক্ষণায়াঃ প্রবৃ্ত্তির্নাত্র যুজ্যতে ॥ ৭৩৯

অর্থঃ । তথা (সেইরূপ) তত্ত্বমসি (তুমি সেই ব্রহ্ম) ইতি অত্র (এই স্থলে) একত্বলক্ষণে (একত্বরূপ) চৈতন্যে (চেতনত্ব) বাক্যার্থে (বাক্যের অর্থ) বিবক্ষিতে (বক্তার অভিপ্রেত হইলে) তু (কিন্তু) অপরোক্ষত্বাদিলক্ষণঃ (প্রত্যক্ষত্বাদিরূপ) ভাগমাত্রঃ (অংশমাত্র) বিরুদ্ধ্যতে (বিরুদ্ধ হয়) তু (কিন্তু) সর্বঃ (সর্বাংশ) ন বিরুদ্ধ্যতে (বিরুদ্ধ হয় না), তস্মাৎ (তজ্জন্ত) অত্র (এখানে— তত্ত্বমসিবাক্যে) জহল্লক্ষণায়াঃ (ত্যাগলক্ষণার) প্রবৃ্ত্তিঃ (প্রবর্ত্তন) ন যুজ্যতে (যুক্ত হয় না) ॥ ৭৩৮ ॥ ৭৩৯

অনুবাদ । সেইরূপ তত্ত্বমসি—এই বাক্যে একত্বরূপ চৈতন্যই বাক্যার্থ বিবক্ষিত (বক্তার ইষ্ট) হইলে, প্রত্যক্ষত্বরূপ এক অংশ মাত্র বিরুদ্ধ হয়, সর্বাংশে বিরোধ হয় না; অতএব 'তত্ত্বমসি' বাক্যে জহল্লক্ষণা (ত্যাগলক্ষণা) হইতে পারে না ॥ ৭৩৮ ॥ ৭৩৯

বাচ্যার্থস্য তু সর্বস্য ত্যাগে ন ফলমীক্ষ্যতে ।

নালিকেরফলশ্চেব কঠিনত্বধিয়া নৃণাম্ ॥ ৭৪০

অর্থঃ । নৃণাং (মানুষদিগের) কঠিনত্বধিয়া (শক্তত্ব-বুদ্ধি দ্বারা—অর্থাৎ নারিকেল ফল কঠিন এইরূপ বুদ্ধি দ্বারা) নালিকেরফলস্য (নারিকেল ফলের) ইব (ত্রায়) সর্বস্য (সমস্ত) বাচ্যার্থস্য (বাচ্যার্থের) ত্যাগে (পরিত্যাগে) তু (কিন্তু) ফলং (লাভ) ন ঈক্ষ্যতে (দৃষ্ট হয় না) ॥ ৭৪০

অনুবাদ । যেমন নারিকেল ফল কঠিন এই মনে করিয়া, তাহার সমস্ত অংশ ত্যাগ করায় কোন ফল নাই, সেইরূপ তত্ত্বমসির বাচ্যার্থের সমস্ত ত্যাগ করিয়া কোন ফল নাই ॥ ৭৪০

গঙ্গাপদং যথা স্বার্থং ত্যক্ত্বা লক্ষয়তে তটম্ ।

তৎপদং ত্বংপদং বাপি ত্যক্ত্বা স্বার্থং তথাখিলম্ ॥ ৭৪১

তদর্থং বা ত্বমর্থং বা যদি লক্ষয়তি স্বয়ম্ ।

তদা জহল্লক্ষণায়াঃ প্রবৃ্ত্তিরূপপদ্যতে ॥ ৭৪২

ন শঙ্কনীয়মিত্যার্যৈজ্ঞানার্থে ন হি লক্ষণা ।

তৎপদং ত্বংপদং বাপি শ্রয়তে চ প্রতীয়তে ॥ ৭৪৩

অর্থঃ । যথা (যেমন) গঙ্গাপদং (গঙ্গারাজ ঘোষঃ—এই স্থলে গঙ্গাপদটি)

স্বার্থং (নিজের অর্থ—গঙ্গাপদের প্রবাহরূপ অর্থকে) ত্যক্তা (পরিত্যাগ করিয়া),
তটং (তীরকে) লক্ষয়তে (লক্ষিত করে—লক্ষণা দ্বারা তীর অর্থ বুঝায়),
তথা (সেইরূপ) তৎপদং (তত্ত্বমসি-বাক্যে তৎপদ) বা (কিংবা) ত্বৎপদম্
(তত্ত্বমসি-বাক্যে ত্বৎপদ) অপি (ও) অখিলং (সমস্ত) স্বার্থং (নিজের অর্থ)
ত্যক্তা (ত্যাগ করিয়া) যদি (যত্বপি) তদর্থং (তৎপদের অর্থ—পরোক্ষত্ব-
বিশিষ্ট চৈতন্ত) বা (কিংবা) ত্বমর্থং (ত্বৎপদের অর্থ—অপরোক্ষত্ব-বিশিষ্ট
চৈতন্ত) বা (কিংবা) স্বয়ং (নিজে) লক্ষয়তি (লক্ষিত করে,—লক্ষণা দ্বারা
জানায়), তদা (তাহা হইলে) জহল্লক্ষণায়াঃ (ত্যাগলক্ষণার) প্রবৃত্তিঃ (আরম্ভ)
উপপত্ত্বতে (উপপন্ন হয়) ইতি (ইহা) আর্থ্যৈঃ (শ্রেষ্ঠ লোকগণ কর্তৃক) ন
শঙ্কনীয়ং (শঙ্কা করা কর্তব্য নহে); [কারণ] জ্ঞাতার্থে (বিদিতার্থ বস্তুতে)
লক্ষণা (লক্ষণাবৃত্তি) ন (না) হি (নিশ্চিত) ত্বৎপদং (ত্বৎ—পদ) তৎপদং
(তৎপদ) বা (কিংবা) অপি (ও) ক্ষয়তে (ক্ষত হয়) চ (এবং) প্রতীয়তে
(জ্ঞাত হয়) ॥ ৭৪১ ॥ ৭৪২ ॥ ৭৪৩

অনুবাদ । গঙ্গায়াং ঘোষঃ প্রতিবসতি—এইস্থলে যেমন গঙ্গাপদ নিজের
প্রবাহরূপ অর্থকে পরিত্যাগ করিয়া লক্ষণাবৃত্তি দ্বারা তীরকে বুঝাইতেছে,
সেইরূপ তৎপদ কিংবা ত্বৎপদ নিজের সমস্ত অর্থকে পরিত্যাগ করিয়া যদি তৎপদ-
প্রতিপাত্ত অর্থ (বস্তু) কিংবা ত্বৎপদ-প্রতিপাত্ত অর্থকে লক্ষিত করে, তাহা হইলে
এখানে জহল্লক্ষণা প্রবৃত্ত হইতেছে—এইরূপ আশঙ্কা করা সাধুগণের উচিত নহে ;
কারণ, জ্ঞাতার্থবিষয়ে লক্ষণা হইতে পারে না, তৎপদ এবং ত্বৎপদ ক্ষত এবং
প্রতীত হইতেছে ॥ ৭৪১ ॥ ৭৪২ ॥ ৭৪৩

তদর্থং চ কথং তত্র সংপ্রবর্ত্তেত লক্ষণা ।

অত্র শোণো ধাবতীতি বাক্যবন্ন প্রবর্ত্ততে ॥ ৭৪৪

অজহল্লক্ষণা বাপি সা জহল্লক্ষণা যথা ।

গুণশ্চ গমনং লোকে বিরুদ্ধং দ্রবামন্তরা ॥ ৭৪৫

অর্থঃ । তত্র (তত্ত্বমসিবাক্যস্থলে) তদর্থং (তৎপদ-প্রতিপাত্ত অর্থ—
বস্তুতে) কথং (কিরূপে) লক্ষণা (লক্ষণাবৃত্তি) সংপ্রবর্ত্তেত (সম্যক্ প্রবৃত্ত
হইবে) ? অত্র (এখানে) শোণঃ (রক্তবর্ণ) ধাবতি (দৌড়াইতেছে) ইতি
(এই) বাক্যবৎ (বাক্যের ঠায়) যথা (যেমন) সা (সেই) জহল্লক্ষণা
(ত্যাগলক্ষণা) অজহল্লক্ষণা বাপি (কিংবা অত্যাগলক্ষণাও) ন প্রবর্ত্ততে (প্রবৃত্ত
হয় না), দ্রব্যং (বস্তু) অস্তরা (বিনা) লোকে (পৃথিবীতে) গুণশ্চ (গুণের)
গমনং (ধাবন) বিরুদ্ধম্ (বিপরীত, অসঙ্গত) ॥ ৭৪৪ ॥ ৭৪৫

অনুবাদ । তত্ত্বমসিস্থলে—তৎপদ-প্রতিপাত্ত বস্তুতে কিরূপে লক্ষণা প্রবৃত্ত
হইতে পারে ? যেমন (গঙ্গায়াং ঘোষঃ—ইহার ঠায়) জহল্লক্ষণা হয় না, সেইরূপ
'এখানে' শোণ (রক্তবর্ণ) ধাবিত হইতেছে—এই বাক্যের ঠায় অজহল্লক্ষণাও

হইতে পারে না ; দ্রব্য ব্যতীত গুণের গতি লোকে অতীব বিরুদ্ধ (দ্রব্য ব্যতীত গুণ কখনও গমন করিতে পারে না) ॥ ৭৪৪ ॥ ৭৪৫

অতন্তমপরিত্যজ্য তদগুণাশ্রয়লক্ষণঃ ।

লক্ষ্যাদির্লক্ষ্যতে তত্র লক্ষণাসৌ প্রবর্ততে ॥ ৭৪৬

অন্বয় । অতঃ (এই নিমিত্ত—গুণের গমন অসম্ভব বলিয়া) তং (গুণকে—রক্তবর্ণ গুণকে) অপরিত্যজ্য (ত্যাগ না করিয়া) তদগুণাশ্রয়লক্ষণঃ (সেই রক্ত গুণের আধাররূপ অশ্রয়াদি) লক্ষ্যাদিঃ (লক্ষ্য পদার্থ প্রভৃতি) লক্ষ্যতে (লক্ষিত হইতেছে) ; তত্র (সেই স্থলে) অসৌ (এই) লক্ষণা (লক্ষণাশক্তি) প্রবর্ততে (প্রবৃত্ত হয়) ॥ ৭৪৬

অনুবাদ । অতএব (গুণের গমন বিরুদ্ধ বলিয়া) গুণকে পরিত্যাগ না করিয়া সেই রক্তগুণ গুণের আশ্রয় কোন লক্ষ্য বস্তুকে লক্ষিত করিতেছে, সেস্থানে লক্ষণা-প্রবৃত্তি হইবে ॥ ৭৪৬

বাক্যে তত্ত্বমসীত্যত্র ব্রহ্মাত্মৈকত্ববোধকে ।

পরোক্ষত্বাপরোক্ষত্বাদিবিশিষ্টচিতোদ্বয়োঃ ॥ ৭৪৭

একত্বরূপবাক্যার্থো বিরুদ্ধাংশবিবর্জনাৎ ।

ন সিধ্যতি যতন্তস্মান্নাজহন্নক্ষণা মতা ॥ ৭৪৮

অন্বয় । যতঃ (যেহেতু) ব্রহ্মাত্মৈকত্ববোধকে (ব্রহ্মের সহিত আত্মার অভিন্নত্ব-জ্ঞাপক) তত্ত্বমসি (তুমি সেই ব্রহ্ম) ইত্যত্র (এই) বাক্যে (পদ-সমুদায়ে) দুয়োঃ (দুইটি) পরোক্ষত্বাপরোক্ষত্বাদিবিশিষ্টচিতোঃ (অপ্রত্যক্ষত্ব-বিশিষ্ট চৈতন্য এবং প্রত্যক্ষত্ববিশিষ্ট চৈতন্যের) বিরুদ্ধাংশবিবর্জনাৎ (বিরুদ্ধ ভাগ ত্যাগ করায়) একত্বরূপবাক্যার্থঃ (উভয়ের অভিন্নত্বরূপ বাক্যার্থ) ন সিধ্যতি (সিদ্ধ হয় না), তস্মাৎ (সেইজন্য) আজহন্নক্ষণা (অত্যাগলক্ষণা) ন মতা (অভিমত নহে) ॥ ৭৪৭ ॥ ৭৪৮

অনুবাদ । যেহেতু ব্রহ্ম এবং আত্মার একত্ব-প্রতিপাদক তত্ত্বমসি—এই বাক্যে পরোক্ষত্ববিশিষ্ট চৈতন্য ও অপরোক্ষত্ববিশিষ্ট চৈতন্য—এই উভয়ের বিরুদ্ধভাব (পরোক্ষত্ব ও অপরোক্ষত্ব) ত্যাগ করত [উভয়ের] একত্বরূপ বাক্যার্থ সম্পন্ন হয় না, এইজন্য আজহন্নক্ষণা অভিপ্রেত নহে ॥ ৭৪৭ ॥ ৭৪৮

তৎপদং ত্বংপদং বাপি স্বকীয়ার্থবিরোধিনম্ ।

অংশং সম্যক্ পরিত্যজ্য স্বাবিরুদ্ধাংশসংযুতম্ ॥ ৭৪৯

তদর্থং বা ত্বমর্থং বা সম্যগ্লক্ষয়তঃ স্বয়ম্ ।

ভাগলক্ষণয়া সাধ্যং কিমস্তীতি ন শক্যতাম্ ॥ ৭৫০

অনুয়। তৎপদং (তত্ত্বমসি এই বাক্যে তৎ-পদ) ত্বৎপদং বাপি (অথবা ত্বৎ এই পদও) স্বকীয়ার্থবিরোধিনং (নিজ নিজ পদের অর্থের বিরুদ্ধ অর্থাৎ তৎপদের অর্থের এবং ত্বৎপদের অর্থের বিরুদ্ধ) অংশং (ভাগকে) সম্যক্ (সমীচীনভাবে) পরিত্যজ্য (পরিত্যাগ করিয়া) তদর্থং (তৎপদের প্রতিপাদ্য অর্থ—পরোকৃত্ত্ববিশিষ্ট চৈতন্য) বা (অথবা) ত্বমর্থং (ত্বৎপদের প্রতিপাদ্য অর্থ—অর্থাৎ অপরোকৃত্ত্ববিশিষ্ট চৈতন্য) বা (কিংবা) স্বয়ং (নিজে) সম্যক্ (উত্তমরূপে) লক্ষয়তঃ (লক্ষণা করে—লক্ষণাবৃত্তি দ্বারা বুঝায়) ভাগ-লক্ষণয়া (ভাগ লক্ষণা দ্বারা) কিং (কি) সাধ্যম্ (ফল) অস্তি (আছে) ইতি (ইহা) ন শক্যতাম্ (আশঙ্কা করিও না) ॥ ৭৪৯ ॥ ৭৫০

অনুবাদ। যদি “তত্ত্বমসি” এই বাক্যে তৎপদ অথবা ত্বৎপদ নিজ নিজ অর্থের বিরোধী অংশকে পরিত্যাগ করিয়া, নিজ নিজ অবিরোধী অংশবিশিষ্ট তৎপদ-প্রতিপাদ্য অর্থ কিংবা ত্বৎপদ প্রতিপাদ্য অর্থকে সম্যগ্রূপে লক্ষিত করে, তাহা হইলে ভাগলক্ষণা দ্বারা কি ফল হইল—ইহা আশঙ্কা করিতে পার না ॥ ৭৪৯ ॥ ৭৫০

অবিরুদ্ধং পদার্থান্তরাংশং স্বাংশঞ্চ তৎ কথম্ ।

একং পদং লক্ষণয়া সংলক্ষয়িতুমর্হতি ॥ ৭৫১

অনুয়। তৎ (সেই) একং (এক) পদম্ (পদ) অবিরুদ্ধং (অবিরোধী) পদার্থান্তরাংশং (অন্ত পদার্থের ভাগকে) স্বাংশং (নিজের ভাগকে) কথং (কিরূপে) লক্ষণয়া (লক্ষণা দ্বারা) সংলক্ষয়িতুং (সম্যগ্রূপে লক্ষিত করিতে) অর্হতি (পারে) ? ॥ ৭৫১

অনুবাদ। [যদি বল একটি পদেই লক্ষণা করি না কেন, দুইটি পদে লক্ষণার প্রয়োজন কি ? এই আশঙ্কায় বলিতেছেন—] [তৎ কিংবা ত্বৎ এই] একটি পদ অবিরোধী অন্ত পদার্থের অংশকে এবং নিজের অংশকে লক্ষণা দ্বারা কিরূপে লক্ষিত করিতে পারে ? ॥ ৭৫১

পদান্তুরেণ সিদ্ধায়াং পদার্থপ্রমিতৌ স্বতঃ ।

তদর্থপ্রত্যয়্যাপেক্ষা পুনর্লক্ষণয়া কুতঃ ॥ ৭৫২

অনুয়। পদান্তুরেণ [তৎপদ দ্বারা কিংবা ত্বৎপদ দ্বারা] স্বতঃ (স্বভাবতঃ) পদার্থপ্রমিতৌ (পদার্থজ্ঞান) সিদ্ধায়াং (নিরূপিত হইলে) কুতঃ (কি কারণে) পুনঃ (আবার] লক্ষণয়া (লক্ষণা দ্বারা) তদর্থপ্রত্যয়্যাপেক্ষা (তাহার অর্থজ্ঞানের অপেক্ষা) [বর্ত্ততে—আছে] ? ॥ ৭৫২

অনুবাদ। যদি অন্ত পদের দ্বারা অন্ত পদার্থের জ্ঞান স্বতঃই হইয়া যায়, তাহা হইলে আবার লক্ষণা দ্বারা সেই পদের অর্থজ্ঞানের আবশ্যকতা কিজন্য ? * ॥ ৭৫২

* তাৎপর্য—লক্ষণা আপাততঃ তিন প্রকার ;—জহলক্ষণা, অজহলক্ষণা ও জহদজহলক্ষণা । জহৎ-শব্দের অর্থ ত্যাগ, অজহৎ—অত্যাগ, জহদজহৎ—ত্যাগ এবং অত্যাগ । গঙ্গায়াং ঘোষঃ

তস্মাৎ তদ্বমসীত্যত্র লক্ষণা ভাগলক্ষণা ।

বাক্যার্থসত্ত্ব-খণ্ডৈকরসতাসিদ্ধয়ে মতা ॥ ৭৫৩

অন্বয় । তস্মাৎ (অতএব) তদ্বমসি (তুমি ব্রহ্ম) ইত্যত্র (এই স্থলে)
বাক্যার্থসত্ত্বাখণ্ডৈকরসতাসিদ্ধয়ে (সত্ত্ব—অখণ্ডরূপ একরসতা—একরূপত্বসিদ্ধির
নিমিত্ত) [যা—যে] লক্ষণা, [সা—তাহা] ভাগলক্ষণা (জহদজহল্লক্ষণা) মতা
(শাস্ত্রদর্শিগণের অভিপ্রেত) ॥ ৭৫৩

অনুবাদ । সেইজন্য পণ্ডিতেরা তদ্বমসিবাচ্যে সত্ত্ব অখণ্ডরূপ এক বস্তু সিদ্ধির
নিমিত্ত ভাগলক্ষণা স্বীকার করেন ॥ ৭৫৩

ভাগং বিরুদ্ধং সন্ত্যজ্যাবিরোধো লক্ষ্যতে যদা ।

সা ভাগলক্ষণেত্যাহল্লক্ষণস্তা বিচক্ষণাঃ ॥ ৭৫৪

অন্বয় । যদা (যখন) বিরুদ্ধং (বিরোধী) ভাগম্ (অংশকে) সন্ত্যজ্য
(পরিত্যাগ করিয়া) অবিরোধঃ (অবিরুদ্ধতা) লক্ষ্যতে (লক্ষিত হয়), লক্ষণস্তাঃ
(লক্ষণাবিৎ) বিচক্ষণাঃ (পণ্ডিতগণ) সা (তাহা) ভাগলক্ষণা (জহদজহল্লক্ষণা)
ইতি (ইহা) আছঃ (বলেন) ॥ ৭৫৪

অনুবাদ । যখন বিরুদ্ধ অংশ পরিত্যাগ করত অবিরোধ লক্ষিত হয়, তখন
লক্ষণাবিৎ পণ্ডিতগণ তাহাকে ভাগলক্ষণা বলিয়া থাকেন ॥ ৭৫৪

প্রতিবসতি (গঙ্গায় গোপ-পত্নী বাস করে) ; এস্থলে গঙ্গাপদের মুখ্য অর্থ—ভগীরথ-খাতাবচ্ছিন্ন
জলপ্রবাহ ; কিন্তু জলপ্রবাহে ঘোষের বাস সম্ভব হইতে পারে না বলিয়া লক্ষণা দ্বারা তীর
বুঝাইতেছে । এস্থলে গঙ্গাপদ স্বকীয় অর্থ জলপ্রবাহকে ত্যাগ করিয়াছে বলিয়া জহল্লক্ষণা
বলা হয় । শোণো ধাবতি (রক্তবর্ণ ষাইতেছে), এস্থলে গুণের গমন অসম্ভব বলিয়া সেই রক্ত
গুণটি নিজকে ত্যাগ না করিয়া তাহার আশ্রয় অথ প্রভৃতি দ্রব্যকে বুঝাইতেছে ; এখানে
অজহল্লক্ষণা বলা যায় । তদ্বমসি স্থলে তৎপদ-প্রতিপাদ্য অর্থ পরোক্ষত্ববিশিষ্ট চৈতন্য, এবং
ত্বংপদের অর্থ অপরোক্ষত্ববিশিষ্ট চৈতন্য ; কিন্তু এখানে তৎ ও ত্বংপদ একটি অংশ অর্থাৎ
পরোক্ষত্ববিশিষ্টত্ব ও অপরোক্ষত্ববিশিষ্টত্ব ত্যক্ত হইয়াছে, অপর অংশ চৈতন্য ঠিক আছে ।
সুতরাং এখানে কোন অংশ ত্যাগ এবং কোন অংশ অত্যাগ করা হইয়াছে ; এইজন্য ইহাকে
জহদজহল্লক্ষণা বলে । ইহাকে ভাগলক্ষণা কিংবা ভাগত্যাগলক্ষণাও বলা হইয়া থাকে ।

এক্ষণে আপত্তি হইতেছে যে, সর্বত্র একটি পদে লক্ষণা হইয়া থাকে ; কিন্তু তদ্বমসিবাচ্যে
তৎ ও ত্বংপদে লক্ষণা করিবার প্রয়োজন কি ? কেবলমাত্র তৎপদে লক্ষণা করিয়া, তৎপদের
প্রতিপাদ্য অর্থের বিরুদ্ধাংশ পরিত্যাগ করিয়া তাহার অবিরুদ্ধভাগযুক্ত তৎপদের অর্থকে
লক্ষিত করিবে অথবা ত্বংপদে লক্ষণা করিয়া, ত্বংপদ-প্রতিপাদ্য অর্থের বিরুদ্ধাংশ ত্যাগ করিয়া
তাহার অবিরুদ্ধভাগযুক্ত ত্বংপদ-প্রতিপাদ্য অর্থকে লক্ষণা দ্বারা বুঝাইবে । এইরূপ একটি-
মাত্র পদে লক্ষণা করিলে যখন চলিতে পারে, তখন দুইটি পদে লক্ষণা করার প্রয়োজন কি ?
বিশেষতঃ সর্বত্র একটি পদে লক্ষণা পরিদৃষ্ট হয় । তাহার উত্তরে বলা যাইতে পারে—একটিমাত্র
পদ নিজের অংশ এবং অন্য পদার্থের অংশকে কিরূপে লক্ষিত করিবে ? একটি পদ দ্বারা
পদার্থজ্ঞান হইলে লক্ষণা ব্যতীতও অর্থপ্রতীতি হইতে পারে ; সুতরাং লক্ষণারও প্রয়োজন
থাকে না । অতএব দুইটি পদের অংশ ত্যাগ করিয়া একমাত্র চৈতন্যকে বুঝাইবার জন্য দুইটি
পদে লক্ষণা স্বীকার করা হইয়াছে ।

সোহয়ং দেবদত্ত ইতি বাক্যং বাক্যার্থ এব বা ।

দেবদত্তৈক্যরূপস্ববাক্যার্থানববোধকম্ ॥ ৭৫৫

দেশকালাদিবৈশিষ্ট্যং বিরুদ্ধাংশং নিরশ্চ চ ।

অবিরুদ্ধং দেবদত্তদেহমাত্রং স্বলক্ষণম্ ॥ ৭৫৬

ভাগলক্ষণয়া সম্যগ্লক্ষয়ত্যানয়া যথা ।

তথা তত্ত্বমসীত্যত্র বাক্যং বাক্যার্থ এব বা ॥ ৭৫৭

পরোক্ষত্বাপরোক্ষত্বাদিবিশিষ্টচিতোদ্বয়োঃ ।

একত্বরূপবাক্যার্থবিরুদ্ধাংশমুপস্থিতম্ ॥ ৭৫৮

পরোক্ষত্বাপরোক্ষত্বসৰ্বজ্ঞত্বাদিলক্ষণম্ ।

বুদ্ধাদিস্থূলপর্য্যন্তমাবিদ্যকমনাত্মকম্ ॥ ৭৫৯

পরিত্যজ্যাবিরুদ্ধাংশং শুদ্ধচৈতন্যলক্ষণম্ ।

বস্তু কেবলসম্মাত্রং নির্বিবকল্পং নিরঞ্জনম্ ॥

লক্ষয়ত্যানয়া সম্যগ্ভাগলক্ষণয়া ততঃ ॥ ৭৬০

অনয়ম্ । যথা (যেমন) সঃ (সেই) অয়ং (এই) দেবদত্তঃ (তন্মামক পুরুষ) ইতি (এই) বাক্যং (পদ-সমুদায়) বা (কিংবা) বাক্যার্থঃ (বাক্যের অর্থ) এব (ই) দেবদত্তৈক্যরূপস্ববাক্যার্থানববোধকং (দেবদত্তের একত্বরূপ নিজবাক্যার্থের অপ্রকাশক) দেশকালাদিবৈশিষ্ট্যং (ভা.দেশ ভংকাল-বিশিষ্টত্বরূপ) বিরুদ্ধাংশং (বিরোধী অংশকে) নিরশ্চ চ (নিরাস করিয়াও) অবিরুদ্ধং (অবিরোধী) স্বলক্ষণং (ব্যক্তিমাত্র) দেবদত্তদেহমাত্রং (দেবদত্তশরীরমাত্র) অনয়া (এই) ভাগ-লক্ষণয়া (ভাগলক্ষণা দ্বারা) সম্যক্ (ভালরূপে) লক্ষয়তি (লক্ষিত করে), তথা (সেইরূপ) তত্ত্বমসি (তুমি সেই ব্রহ্ম) ইত্যত্র (এই স্থলে) বাক্যং (পদসমূহ) বা (কিংবা) বাক্যার্থঃ (বাক্যের অর্থ) দ্বয়োঃ (দুইটি) পরোক্ষত্বাপরোক্ষত্বাদিবিশিষ্টচিতোঃ (পরোক্ষত্ববিশিষ্ট চৈতন্য এবং অপরোক্ষত্ববিশিষ্ট চৈতন্যের) উপস্থিতম্ (আগত) একত্বরূপবাক্যার্থ-বিরুদ্ধাংশং (আভিন্নতারূপ বাক্যার্থের বিরুদ্ধাংশকে) পরোক্ষত্বাপরোক্ষত্ব-সৰ্বজ্ঞত্বাদিলক্ষণং (অপ্রত্যক্ষত্ব, প্রত্যক্ষত্ব, সৰ্বজ্ঞত্ব, অল্পজ্ঞত্বরূপ) বুদ্ধাদি-স্থূলপর্য্যন্তং (বুদ্ধি হইতে স্থূলভূত পর্য্যন্ত) আবিষ্টকম্ (অবিষ্টাকল্পিত) অনাত্মকং (আত্মাভিন্ন বস্তু) পরিত্যজ্য (পরিত্যাগ করিয়া) অবিরুদ্ধাংশং (অবিরোধী ভাগ) শুদ্ধচৈতন্যলক্ষণং (বিশুদ্ধচৈতন্যস্বরূপ) কেবলসম্মাত্রং (কেবল সম্মাত্র) নির্বিবকল্পং (বিকল্পরহিত) নিরঞ্জনং (শুদ্ধ) বস্তু (ব্রহ্ম)

ততঃ (অনন্তর) অনয়া (এই) ভাগ লক্ষণয়া (ভাগলক্ষণা দ্বারা) সম্যক্
(ভালরূপে) লক্ষয়তি (লক্ষিত করে) ॥ ৭৫৫ ॥ ৭৫৬ ॥ ৭৫৭ ॥ ৭৫৮ ॥ ৭৫৯ ॥ ৭৬০ ॥

অনুবাদ । 'সেই এই দেবদত্ত'—এই বাক্য কিংবা বাক্যার্থ দেবদত্তের
একত্বরূপ স্বকীয় বাক্যার্থের অপ্রকাশক দেশকালাদি-বৈশিষ্ট্যরূপ বিরুদ্ধাংশ ত্যাগ
করিয়া লক্ষণা দ্বারা যেমন অবিরোধী দেবদত্ত ব্যক্তিমাত্রকে লক্ষিত করে, সেইরূপ
'তত্ত্বমসি' স্থলে বাক্য কিংবা বাক্যার্থ পরোক্ষত্ববিশিষ্ট চৈতন্ত এবং অপরোক্ষত্ব-
বিশিষ্ট চৈতন্ত—এই উভয়ের উপস্থিত বিরুদ্ধভাগ একত্বরূপ বাক্যার্থ এবং পরোক্ষত্ব,
অপরোক্ষত্ব, সর্বজ্ঞত্ব, অল্পজ্ঞত্বরূপ, বুদ্ধি হইতে স্থল ভূত পর্যন্ত অবিভাকল্পিত
অনাস্ত্র বস্তু পরিত্যাগ করিয়া অবিরুদ্ধ শুদ্ধচৈতন্তরূপ কেবল সংস্বরূপ নির্ধিকল্প
নিরঞ্জন ব্রহ্মকে ভাগ লক্ষণা দ্বারা সম্যক্ রূপে লক্ষিত করিয়া
থাকে ॥ ৭৫৫ ॥ ৭৫৬ ॥ ৭৫৭ ॥ ৭৫৮ ॥ ৭৫৯ ॥ ৭৬০ ॥

অর্থার্থঃ ।

সর্বোপাধিবিনির্মুক্তং সচ্চিদানন্দমদ্বয়ম্ ।

নির্বিবেশেষং নিরাভাসমতাদৃশমনীদৃশম্ ॥ ৭৬১ ॥

অনির্দেশ্যমনাস্তত্ত্বমনস্তং শাস্তমচ্যুতম্ ।

অপ্রতর্ক্যমবিজ্ঞেয়ং নিগুণং ব্রহ্ম শিষ্যতে ॥ ৭৬২ ॥

অনুবাদ । সর্বোপাধিবিনির্মুক্তং (সমস্ত উপাধিরহিত) সচ্চিদানন্দম্ (সং,
চিৎ ও আনন্দস্বরূপ) অদ্বয়ম্ (অদ্বিতীয়) নির্বিবেশেষং (বিশেষশূন্য—একরূপ)
নিরাভাসম্ (আভাসরহিত) অতাদৃশম্ (সেরূপ নহে) অনীদৃশম্ (এরূপ নহে)
অনির্দেশ্যম্ (নির্দেশযোগ্য নহে) অনাস্তত্ত্বম্ (আদি ও অন্তরহিত) অনস্তং
(ব্যাপক) শাস্তম্ (স্থির) অচ্যুতম্ (চ্যুত হন না—এতরূপে অবস্থিত)
অপ্রতর্ক্যম্ (তর্কের অবিষয়) অবিজ্ঞেয়ং (জ্ঞানের অবিষয়) নিগুণং (গুণ-
শূন্য) ব্রহ্ম (শুদ্ধ পরব্রহ্ম) শিষ্যতে (অবশিষ্ট থাকে) ॥ ৭৬১ ॥ ৭৬২ ॥

অনুবাদ । সমস্ত উপাধিরহিত, সচ্চিদানন্দস্বরূপ, অদ্বিতীয়, বিশেষশূন্য,
আভাস (প্রতিফলন) বিরহিত, তৎশব্দ বা ইদংশব্দের অবাচ্য, নির্দেশের
অযোগ্য, আদি ও বিনাশরহিত, ব্যাপক, শাস্ত, কূটস্থ, তর্কের অবিষয়, জ্ঞানের
অগোচর, নিগুণ ব্রহ্মই অবশিষ্ট থাকেন ॥ ৭৬১—৭৬২ ॥

উপাধিবৈশিষ্ট্যকৃতো বিশেষো

ব্রহ্মাত্মনোরেকতয়াধিগত্যা ।

উপাধিবৈশিষ্ট্য উদস্থমানে

ন কশ্চিদপ্যস্তি বিরোধ এতয়োঃ ॥ ৭৬৩ ॥

অনুবাদ । [আত্মা ও ব্রহ্মের] উপাধিবৈশিষ্ট্যকৃতঃ (উপাধির বিশিষ্টতা-জনিত) বিশেষঃ (ভেদ) [বর্ততে—আছে], ব্রহ্মাণ্মনোঃ (ব্রহ্ম ও আত্মার) একতয়া (একত্বরূপে) অধিগত্যা (জ্ঞান দ্বারা) উপাধিবৈশিষ্ট্যে (উপাধিজনিত বিশেষ) উদস্তমানে (নিরাস হইলে) এতয়োঃ (জীব ও ব্রহ্মের) কচ্চিৎ অপি (কোনও) বিরোধঃ (বিরুদ্ধতা) ন অস্তি (নাই) ॥ ৭৬৩

অনুবাদ । জীব ও ব্রহ্মের উপাধিকৃত ভেদ দৃষ্ট হয় ; ব্রহ্ম ও আত্মার একতা-জ্ঞান দ্বারা উপাধি বিলম্বপ্রাপ্ত হইলে, উভয়ের কোনরূপ ভেদ থাকে না ॥ ৭৬৩

তয়োরুপাধিচ্চ বিশিষ্টতা চ

তদ্ব্যভাসিত্বঞ্চ বিলক্ষণত্বম্ ।

ভ্রান্ত্যা কৃতং সর্বমিদং মৃষেব

স্বপ্নার্থবজ্জাগ্রতি নৈব সত্যম্ ॥ ৭৬৪

অনুবাদ । তয়োঃ (তাহাদের—জীব ও ব্রহ্মের) উপাধিঃ (ভেদকধর্ম) চ (এবং) বিশিষ্টতা চ (বৈশিষ্ট্য ও) তদ্ব্যভাসিত্বঞ্চ (তাহার ধর্মভাগিত্ব) চ (এবং) বিলক্ষণত্বঞ্চ (বৈচিত্র্য—বৈপরীত্য) ভ্রান্ত্যা (অজ্ঞান-কর্তৃক) কৃতম্ (উপাদিত) ইদং (এই) সর্বং (সমস্ত) স্বপ্নার্থবৎ (স্বপ্নদৃষ্ট পদার্থের স্থায়) মৃষা এব (মিথ্যাই) জাগ্রতি (জাগ্রদবস্থায়) সত্যং (ষথার্থ) ন (না) এব (ই) ॥ ৭৬৪

অনুবাদ । জীব ও ব্রহ্মের উপাধি, বৈশিষ্ট্য, সেই সেই ধর্মভাগিত্ব, বিলক্ষণত্ব—এই সমস্ত অজ্ঞানের দ্বারা কল্পিত, সুতরাং স্বপ্নদৃষ্ট পদার্থের স্থায় এই সমস্তই মিথ্যা [বাধিত হয় বলিয়া] জাগ্রৎকালে তাহা সত্য নহে ॥ ৭৬৪

নিদ্রাসূতশরীরধর্মস্বখদুঃখাদিপ্রপঞ্চোহপি বা

জীবেশাদিভিদাপি বা ন চ ঋতং কর্তুং কচ্চিচ্ছক্যতে ।

মায়াকল্পিতদেশকালজগদীশাদিভ্রমস্তাদৃশঃ

কো ভেদোহস্ত্যনয়োদ্বয়োস্ত কতমঃ সত্যোহন্যতঃ কো

ভবেৎ ॥ ৭৬৫

অনুবাদ । নিদ্রাসূতশরীরধর্মস্বখদুঃখাদিপ্রপঞ্চঃ (নিদ্রাবস্থায় পুত্র, শরীরের ধর্ম—স্বলভ, ক্লেশ প্রভৃতি এবং স্বখ দুঃখ প্রভৃতি জগৎ) অপি (ও) বা (কিংবা) জীবেশাদিভিদা (জীব ও ঈশ্বরের ভেদ) অপি (ও) বা (কিংবা) কচ্চিৎ (কোথায়) ঋতং চ (সত্যও) কর্তুং (করিতে) ন শক্যতে (সমর্থ হয় না), মায়াকল্পিতদেশকালজগদীশাদিভ্রমঃ (মায়া দ্বারা কল্পিত দেশ, কাল, জগৎ, ঈশ্বর প্রভৃতি ভ্রান্তি) তাদৃশঃ (সেইরূপ—মিথ্যা) তু (কিন্তু) অনয়োঃ (জীব ও ব্রহ্মের) দ্বয়োঃ (দুইটির) কঃ (কি) ভেদঃ (ভিন্নতা) অস্তি (আছে)

অন্যতঃ (অন্য কারণবশতঃ) কতমঃ (কোন্টি) কঃ (কি) সত্যঃ (যথার্থ)
ভবেৎ (হয়) ? ॥ ৭৬৫

অনুবাদ । নিদ্রাকালে পুত্র, শরীরধর্ম—স্থূলত্বাদি, সুখ দুঃখ প্রভৃতি—
প্রপঞ্চ, কিংবা জীব ও ঈশ্বর প্রভৃতির ভেদের সত্যতা সম্পাদন করিতে কে
কোথায় সমর্থ হয় ? মায়া দ্বারা কল্পিত দেশ, কাল, জগৎ, ঈশ্বর প্রভৃতি ভ্রান্তি
সেইরূপই ; জীব ও ঈশ্বরের ভেদ আবার কি ? অন্য হেতুবশতঃ কোন্টিই বা
সত্য হইতে পারে ? ॥ ৭৬৫

ন স্বপ্নজাগরণয়োরুভয়োর্বিশেষঃ

সংদৃশ্যতে কচিদপি ভ্রমজৈর্বিবকল্পৈঃ ।

যদৃষ্টদর্শনমুখৈরত এব মিথ্যা

স্বপ্নো যথা ননু তথৈব হি জাগরোহপি ॥ ৭৬৬

অর্থ । কচিৎ (কোথায়) অপি (ও) যদৃষ্টদর্শনমুখৈঃ (দৃষ্ট-দর্শন-
প্রমুখ) ভ্রমজৈঃ (ভ্রমজনিত) বিবকল্পৈঃ (বিকল্পসমূহের দ্বারা) উভয়োঃ
(উভয়) স্বপ্নজাগরণয়োঃ (স্বপ্ন এবং জাগরণের) বিশেষঃ (ভেদ) ন
সংদৃশ্যতে (দৃষ্ট হয় না) অতএব (এই নিমিত্তই) মিথ্যা (অযথার্থ) ননু
(ভোঃ !) যথা (যেমন) স্বপ্নঃ, তথা এব (সেইরূপই) জাগরঃ (জাগ্রদবস্থা)
অপি (ও) ॥ ৭৬৬

অনুবাদ । দৃষ্টদর্শন প্রমুখ ভ্রান্তিজনিত বিকল্পসমূহের দ্বারা কোথায়ও স্বপ্ন
ও জাগরণের বিশেষ পরিলক্ষিত হয় না ; অতএব স্বপ্নের স্তায় জাগরণও
মিথ্যা ॥ ৭৬৬

অবিদ্যাকার্য্যতস্তুল্যো দ্বাবপি স্বপ্নজাগরৌ ।

দৃষ্টদর্শনদৃশ্যাদিকল্পনোভয়তস্তথা ॥ ৭৬৭

অর্থ । স্বপ্নজাগরৌ (স্বপ্নাবস্থা ও জাগ্রদবস্থা) দৌ (দুইটি) অপি
(ও) অবিদ্যাকার্য্যতঃ (অজ্ঞানের কার্য্য হেতু) তুল্যো (সমান—মিথ্যা),
উভয়তঃ (উভয়েতে—স্বপ্ন ও জাগরণে) দৃষ্টদর্শনদৃশ্যাদিকল্পনা (দৃষ্ট, দর্শন ও
দৃশ্য প্রভৃতির কল্পনা) তথা (সেইরূপ) ॥ ৭৬৭

অনুবাদ । স্বপ্ন ও জাগরণ—এই উভয় অবস্থাই অবিদ্যার কার্য্য বলিয়া
তুল্য (মিথ্যা) ; সেইরূপ স্বপ্ন ও জাগরণে দৃষ্ট, দর্শন ও দৃশ্য প্রভৃতি
কল্পনাও মিথ্যা ॥ ৭৬৭

অভাব উভয়োঃ সৃপ্তৌ সর্বৈরপ্যনুভূয়তে ।

ন কশ্চিদনয়োর্ভেদস্তস্মান্মিথ্যাভ্রমহঁতঃ ॥ ৭৬৮

অর্থ । সর্বৈঃ (সমস্ত লোক কর্তৃক) অপি (ও) সৃপ্তৌ (সুষুপ্তিকালে)

ভয়োঃ (স্বপ্ন ও জাগরণের) অভাবঃ (শূন্যত্ব) অনুভূয়তে (অনুভূত হয়) ;
 অনয়োঃ (স্বপ্ন ও জাগরণের) কশ্চিৎ (কোন) ভেদঃ (বিশেষ) ন (নাই) ;
 স্ম্যৎ (এইজন্ত) [স্বপ্ন ও জাগরণ] মিথ্যাত্বং (অস্বার্থত্ব) অর্হতঃ
 প্রাপ্ত হয়) ॥ ৭৬৮

অনুবাদ । সকল লোক স্মৃষ্টিকালে স্বপ্ন ও জাগরণের অভাব অনুভব
 করিয়া থাকে ; উভয়ের কিঞ্চিন্মাত্র বিশেষ নাই ; অতএব উভয়ই
 মিথ্যা ॥ ৭৬৮

ভ্রান্ত্যা ব্রহ্মণি ভেদোহয়ং সজাতীয়াদিলক্ষণঃ ।

কালত্রয়েহপি হে বিদ্বন্ ! বস্তুতো নৈব কশ্চন ॥ ৭৬৯

অর্থ । হে বিদ্বন্ ! (হে জ্ঞানিন্) কালত্রয়ে (ভূত, ভবিষ্যৎ ও বর্তমান
 কালে) অপি (ও) ভ্রান্ত্যা (ভ্রমবশতঃ) অয়ং (এই) সজাতীয়াদিলক্ষণঃ
 (সজাতীয়, বিজাতীয় ও স্বগতরূপ) কশ্চন (কোন) ভেদঃ (ভিন্নতা) বস্তুতঃ
 (বাস্তবিকপক্ষে) ব্রহ্মণি (ব্রহ্মে) ন এব (নাই) ॥ ৭৬৯

অনুবাদ । হে বিদ্বন্ ! তিনকালেও ভ্রান্তিবশতঃ সজাতীয়, বিজাতীয়াদি
 কোনরূপ ভেদ বাস্তবিক পক্ষে ব্রহ্মে নাই ॥ ৭৬৯

যত্র নান্যৎ পশ্যতীতি শ্রুতির্দ্বৈতং নিষেধতি ।

কল্পিতশ্চ ভ্রমাদ্ভূম্নি মিথ্যাত্বাবগমায় তৎ ॥ ৭৭০

অর্থ । যত্র (যে অবস্থায়) অন্যৎ (অপর) ন পশ্যতি (না দেখে) ইতি
 (এই) শ্রুতিঃ (বেদ) ভ্রমাত্ (ভ্রমবশতঃ) ভূম্নি (ব্রহ্মে) কল্পিতশ্চ (আরো-
 পিত বস্তুর) মিথ্যাত্বাবগমায় (মিথ্যাত্বজ্ঞানের জন্ত) তৎ (সেই) দ্বৈতং (ভেদ)
 নিষেধতি (নিষেধ করিতেছেন) ॥ ৭৭০

অনুবাদ । যে অবস্থায় অন্য কিছু দেখে না—এই শ্রুতি ভ্রমবশতঃ ব্রহ্মে
 আরোপিত বস্তুর মিথ্যাত্ব অবগতির জন্ত দ্বৈত নিষেধ করিতেছেন ॥ ৭৭০

যতস্ততো ব্রহ্ম সদা দ্বিতীয়ং

বিকল্পশূন্যং নিরুপাধি নির্মলম্ ।

নিরন্তরানন্দঘনং নিরীহং

নিরাষ্পদং কেবলমেকমেব ॥ ৭৭১

অর্থ । যতঃ (যেহেতু শ্রুতি সকলের মিথ্যাত্ব বলেন) ততঃ (তজ্জন্ত)
 সদা (সর্বদা) দ্বিতীয়ং (দ্বিতীয়রহিত) বিকল্পশূন্যং (বিকল্পরহিত) নিরুপাধি
 (উপাধিবিহীন) নির্মলং (স্বচ্ছ) নিরন্তরানন্দঘনং (সর্বদা আনন্দমূর্ত্তি) নিরীহং
 (নিশ্চেষ্ট) নিরাষ্পদং (আষ্পদরহিত—স্ব প্রতিষ্ঠ) কেবলম্ (কেবলমাত্র) একম্
 (আদ্বিতীয়) এব (ই) ব্রহ্ম (শুদ্ধচৈতন্য) ॥ ৭৭১

অনুবাদ । [যেহেতু ক্রটি দ্বৈতের নিবেদন করেন] অতএব সদা অদ্বিতীয়, বিকল্পরহিত, উপাধিশূন্য, শুদ্ধ, সৰ্ব্বা আনন্দমূর্তি, নিশ্চেষ্ট, স্বপ্রতিষ্ঠ এবং কেবল-মাত্র একই ব্রহ্ম ॥ ৭৭১

নৈবাস্তি কাচন ভিদা ন গুণপ্রতীতি-

নো বাক্ প্রবৃত্তিরপি বা ন মনঃপ্রবৃত্তিঃ ।

যৎ কেবলং পরমশান্তমনন্তমাণ-

মানন্দমাত্রমবভাতি সদদ্বিতীয়ম্ ॥ ৭৭২

অর্থ । [ব্রহ্মণি] কাচন (কোন) ভিদা (ভেদ) ন এব অস্তি (নাই) গুণপ্রতীতিঃ (সূক্ষ্মঃখাদি-গুণামুভব) ন (নাই), বাক্ প্রবৃত্তিঃ (বাক্যের ব্যাপার) অপি (ও) নো (নাই) বা (কিংবা) মনঃপ্রবৃত্তিঃ (মনের ব্যাপার) ন (নাই), যৎ (যাহা) কেবলং (শুদ্ধ) পরমশান্তং (অত্যন্ত নিশ্চল) অনন্তম (ব্যাপক) আণ্ডম্ (সকলের পূর্বে বিদ্যমান) অদ্বিতীয়ং (দ্বিতীয়-রহিত) সৎ (হইয়া) আনন্দমাত্রম্ (সুখমাত্র) অবভাতি (প্রকাশ পায়) ॥ ৭৭২

অনুবাদ । [ব্রহ্মে] কোনরূপ ভেদ নাই, সূক্ষ্মঃখাদি গুণের প্রতীতি হয় না; বাক্য কিংবা মনের ব্যাপার যাহাতে নাই, যাহা কেবল অতীব শান্ত, বিভূ এবং সকলের পূর্বে বিদ্যমান এবংবিধ অদ্বিতীয় আনন্দরূপতাই অবভাসমান হয় ॥ ৭৭২

যদিদং পরমং সত্যং তত্ত্বং সচ্চিৎসুখাত্মকম্ ।

অজরামরণং নিত্যং সত্যমেতদ্বচো মম ॥ ৭৭৩

অর্থ । যৎ (যে) ইদং (এই) অজরামরণং (জরামরণবিরহিত) সচ্চিৎসুখাত্মকং (সৎ চিৎ ও আনন্দস্বরূপ) পরমং (শ্রেষ্ঠ) সত্যং (ঐশ্বর্য) তত্ত্বং (বস্তু) [তৎ—তাহা] নিত্যম্ (ক্ষয়োদয়রহিত) এতৎ (ইহা) মম (আমার) সত্যং (ঐশ্বর্য) বচঃ (বাক্য) ॥ ৭৭৩

অনুবাদ । এই যে জরামরণবিরহিত সৎ, চিৎ ও আনন্দস্বরূপ পরম সত্ব বস্তু (ব্রহ্ম), তাঁহাকে নিত্য বলিয়া জানিবে;—ইহা আমার ঐশ্বর্য বাক্য ॥ ৭৭৩

ন হি ত্বং দেহোহসাবস্থরপি চ বাপ্যক্ষনিকরো

মনো বা বুদ্ধির্বা কচিদপি তথাহংকৃতিরপি ।

ন চৈষাং সংঘাতস্তমু ভবসি বিদ্বন্ শৃণু পরং

যদেতেষাং সাক্ষী স্মরণমমলং তত্ত্বমসি হি ॥ ৭৭৪

অর্থ । অসৌ (এই) দেহঃ (শরীর) ত্বং (তুমি—আত্মা) ন (না) হি (মিন্চিত) অস্মঃ অপি (প্রাণও) চ (এবং) [ন—মা] বা (কিংবা)

কিনিকরঃ (ইন্দ্রিয়-সমূহ) [ন—না] মনঃ (মন) বা (কিংবা) বুদ্ধিঃ (বুদ্ধি) বা (কিংবা) কচিৎ অপি (কোথাও) তথা (সেইরূপ) অহঙ্কৃতিঃ (অহঙ্কারও) [ন—না] উ (ভোঃ) বিদ্বন্ (জ্ঞানিন্) ত্বম্ (তুমি), ইহাং (ইহাদের—দেহ, প্রাণ, ইন্দ্রিয়, মন, বুদ্ধি এবং অহঙ্কারের) সংঘাতঃ চ (সমষ্টিও) ন ভবসি (হও না) পরং (ভালরূপে) শৃণু (শ্রবণ কর), এতেষাম্ (ইহাদের) অমলং (নিৰ্মল) সুরগং (প্রকাশরূপতা) সাক্ষী (দ্রষ্টা) ত্বং (তুমি) হং (সেই ব্রহ্ম) অসি (হও) হি (নিশ্চিত) ॥ ৭৭৪

অনুবাদ । হে বিদ্বন্ ! তুমি (আত্মা) শরীর, প্রাণ, ইন্দ্রিয়বর্গ, মনঃ, বুদ্ধি কিংবা অহঙ্কার নহ ; অথবা এই দেহ, প্রাণ, ইন্দ্রিয় প্রভৃতির সংঘাত (সমষ্টি) ও তুমি নহ ; তুমি শ্রবণ কর, এই সমস্ত বস্তুর নিৰ্মল প্রকাশ সাক্ষিস্বরূপ সেই ব্রহ্মই তুমি ॥ ৭৭৪

যজ্জায়তে বস্তু তদেব বর্দ্ধতে

তদেব মৃত্যুং সমুপৈতি কালে ।

জন্মৈব তে নাস্তি তথৈব মৃত্যু-

র্নাস্ত্যেব নিত্যশ্চ বিভোরজশ্চ ॥ ৭৭৫

অর্থ । যৎ (যে) বস্তু (পদার্থ) জায়তে (জন্মে) তৎ এব (সেই) বর্দ্ধতে (বৃদ্ধিপ্রাপ্ত হয়) তৎ এব (তাহাই) কালে (সময়ে) মৃত্যুং (মরণকে) সমুপৈতি (প্রাপ্ত হয়) ; বিভোঃ (সর্বব্যাপী) অজশ্চ (জন্মরহিত) নিত্যশ্চ (সদা বর্তমান) ত (তোমার) জন্ম এব (উৎপত্তিই) ন অস্তি (নাই) তথা এব (সেইরূপই) মৃত্যুঃ (মরণ) নাস্তি (নাই) এব (নিশ্চিত) ॥ ৭৭৫

অনুবাদ । যে বস্তু উৎপন্ন হয়, তাহা বৃদ্ধিপ্রাপ্ত হয় এবং কালক্রমে মৃত্যুমুখে নিপতিত হয় । তুমি ব্যাপক, জন্মরহিত ও নিত্য ; মৃতরাং তোমার জন্ম ও মৃত্যু নাই ॥ ৭৭৫

য এষ দেহো জনিতঃ স এব

সমেধতে নশ্চতি কৰ্ম্মযোগাৎ ।

ত্বমেতদীয়ান্স্থখিলাস্ববস্থা-

স্ববস্থিতঃ সাক্ষ্যসি বোধমাত্রঃ ॥ ৭৭৬

অর্থ । যঃ (যে) এষঃ (এই) দেহঃ (শরীর) কৰ্ম্মযোগাৎ (কৰ্ম্মের সম্বন্ধবশতঃ) জনিতঃ (উৎপাদিত), সঃ এব (সেই দেহই) [কৰ্ম্মযোগাৎ—কৰ্ম্মসম্বন্ধবশতঃ] সমেধতে (সমাগ্নিরূপে বর্দ্ধিত হয়) [এবং] নশ্চতি (নষ্ট হয়) । এতদীয়ান্স্থ (এইরূপ) অখিলাস্ব (সমস্ত) অবস্থান্স্থ (অবস্থাসমূহে) অবস্থিতঃ (বর্তমান) ত্বং (তুমি) বোধমাত্রঃ (জ্ঞানস্বরূপ) সাক্ষী (উদাসীন—দ্রষ্টা) অসি (হও) ॥ ৭৭৬

অনুবাদ । কর্মযোগে এই যে দেহ উৎপন্ন হইয়াছে, তাহা আবার (কর্ম-যোগে) বর্জিত এবং নাশপ্রাপ্ত হয় । তুমি এই সমুদায় অবস্থাতে বর্তমান থাকিয়াও জ্ঞানস্বরূপ এবং সাক্ষী ॥ ৭৭৬

যৎ স্বপ্রকাশমখিলাত্মকমাস্বষুপ্তে-

রেকাত্মনাহমহমিত্যবভাতি নিত্যম্ ।

বুদ্ধেঃ সমস্তবিকৃতেরবিকারি বোদ্ধু

যদ্ব্রহ্ম তত্ত্বমসি কেবলবোধমাত্রম্ ॥ ৭৭৭

অনুবাদ । যৎ (যাহা) আস্বষুপ্তেঃ (সুষুপ্তি পর্য্যন্ত) স্বপ্রকাশম্ (অপ্রকাশ-নিরপেক্ষ প্রকাশস্বরূপ) অখিলাত্মকম্ (চরাচরস্বরূপ) অহম্ (আমি) অহম্ (আমি) ইতি (এইরূপে) নিত্যম্ (সর্বদা) অবভাতি (প্রকাশ পায়), বুদ্ধেঃ (বুদ্ধি হইতে) [এবং] সমস্তবিকৃতেঃ (সমস্ত বিকার হইতে) অবিকারি (বিকারশূন্য) বোদ্ধু (বোধস্বরূপ) যৎ (যে) কেবলবোধমাত্রম্ (কেবল জ্ঞান-স্বরূপ) ব্রহ্ম (শুদ্ধচৈতন্য) ত্বং (তুমি) তৎ (সেই) অসি (হও) ॥ ৭৭৭

অনুবাদ । যাহা সুষুপ্তিসময় পর্য্যন্ত স্বপ্রকাশ সমস্ত পদার্থস্বরূপ, 'আমি' 'আমি' এইরূপ একভাবে নিত্য অবভাসমান থাকে, বুদ্ধি ও সমস্ত বিকার হইতে অবিকারী জ্ঞাতা, কেবল জ্ঞানস্বরূপ সেই ব্রহ্মই তুমি ॥ ৭৭৭

স্বাত্মন্যনস্তময়সংবিদি কল্লিতশ্চ

ব্যোমাদিসর্বজগতঃ প্রদদাতি সত্তাম্ ।

স্বকীয়মহসা বিতনোতি সাক্ষাদ্-

যদ্ব্রহ্ম তত্ত্বমসি কেবলবোধমাত্রম্ ॥ ৭৭৮

অনুবাদ । যৎ (যিনি) অনস্তময়সংবিদি (যাহার জ্ঞানের বিরাম হয় না, এরূপ) স্বাত্মনি (নিজ আত্মাতে) কল্লিতশ্চ (আরোপিত) ব্যোমাদি-সর্বজগতঃ (আকাশ প্রভৃতি সমস্ত জগতের) সত্তাং (অস্তিত্ব) প্রদদাতি (প্রদান করেন) স্বকীয়-মহসা (নিজের তেজঃ দ্বারা) স্মৃতিং (প্রকাশ) বিতনোতি (বিস্তার করেন), কেবলবোধমাত্রম্ (কেবল জ্ঞানস্বরূপ) সাক্ষাৎ (প্রত্যক্ষ) তৎ (সেই ব্রহ্ম) ত্বম্ (তুমি) অসি (হও) ॥ ৭৭৮

অনুবাদ । যিনি নিত্যজ্ঞানস্বরূপ আত্মাতে কল্লিত আকাশ প্রভৃতি সমস্ত জগতের অস্তিত্ব প্রদান করেন, এবং যিনি স্বকীয় তেজঃ দ্বারা প্রকাশ বিস্তার করেন, কেবল জ্ঞানস্বরূপ সেই সাক্ষাৎ ব্রহ্মই তুমি ॥ ৭৭৮

সম্যক্‌সমাধিনিরতৈর্বিমলান্তরঙ্গৈ

সাক্ষাদবেক্ষ্য নিজতত্ত্বমপারসৌখ্যম্ ।

সম্ভৃষ্যতে পরমহংসকুলৈরজস্রং

যদ্ব্রহ্ম তত্ত্বমসি কেবলবোধমাত্রম্ ॥ ৭৭৯

অর্থঃ । সমাধিনিরতৈঃ (ধ্যানে রত) পরমহংসকুলৈঃ (পরিত্রাজকগণ-
কর্তৃক) অপারসৌখ্যং (অসীমসুখরূপ) নিজতত্ত্বং (স্বরূপ) বিমলাস্তরঙ্গে
(নির্মল অন্তঃকরণে) সম্যক্ (সমীচীনরূপে) সাক্ষাৎ (প্রত্যক্ষভাবে) অবেক্য
(দর্শন করিয়া) অজস্রং (সতত) সম্ভৃষ্যতে (আনন্দিত হন), যৎ (যেই) ব্রহ্ম
(ব্রহ্ম), কেবলবোধমাত্রং (শুদ্ধজ্ঞানস্বরূপ) তৎ (সেই ব্রহ্ম) ত্বম্ (তুমি)
অসি (হও) ॥ ৭৭৯

অনুবাদ । সমাধি-পরায়ণ যতিগণ নির্মল অন্তঃকরণে অসীমসুখস্বরূপ যে
আত্মতত্ত্বকে সম্যগ্রূপে প্রত্যক্ষদর্শন করিয়া নিরতিশয় আনন্দ লাভ করেন, সেই
কেবলজ্ঞানস্বরূপ ব্রহ্মই তুমি ॥ ৭৭৯

অন্তর্বহিঃ স্বয়মখণ্ডিতমেকরূপ-

মারোপিতার্থবদুদঞ্চতি মূঢ়বুদ্ধেঃ ।

মৃৎস্নাদিবদ্বিগতবিক্রিয়মাত্মবেদ্যং

যদ্ব্রহ্ম তত্ত্বমসি কেবলবোধমাত্রম্ ॥ ৭৮০

অর্থঃ । অন্তঃ (ভিতরে) বহিঃ (বাহিরে) স্বয়ং (নিজে) অখণ্ডিতম্
(অখণ্ড—অংশরহিত) একরূপং (অবিকার) মূঢ়বুদ্ধেঃ (মন্দবুদ্ধি লোকের
নিকট) মারোপিতার্থবৎ (কল্লিত পদার্থের স্তায়) উদঞ্চতি (উদগত হয়, বোধ
হয়) মৃৎস্নাদিবৎ (প্রশস্ত মৃত্তিকার স্তায়) বিগতবিক্রিয়ম্ (বিকাররহিত)
আত্মবেদ্যং (আত্মাধারাই অনুভবনীয়) কেবলবোধমাত্রং (শুদ্ধজ্ঞানস্বরূপ) যৎ
(যে) ব্রহ্ম (শুদ্ধচৈতন্য) তৎ (তাহা) ত্বম্ (তুমি) অসি (হও) ॥ ৭৮০

অনুবাদ । যাহা অন্তরে এবং বাহিরে অখণ্ড, একরূপ, কিন্তু মন্দবুদ্ধি ব্যক্তির
নিকট কল্লিতপদার্থের স্তায় প্রতিভাত হয়, উত্তম মৃত্তিকার স্তায় বিক্রিয়ারহিত,
আত্মবেদ্য, কেবলজ্ঞানস্বরূপ সেই ব্রহ্মই তুমি ॥ ৭৮০

শ্রুত্ব্যক্তমব্যয়মনন্তমনাদিমধ্য-

মব্যক্তমক্ষরমনাশ্রয়মপ্রমেয়ম্ ।

আনন্দসদৃশনমনাময়মদ্বিতীয়ম্

যদ্ব্রহ্ম তত্ত্বমসি কেবলবোধমাত্রম্ ॥ ৭৮১

অর্থঃ । যৎ (যিনি) অব্যয়ম্ (অবিনাশী) অনন্তম্ (ব্যাপক) অনাদি-
মধ্যম্ (আদি ও মধ্যরহিত) অব্যক্তম্ (ব্যক্ত হইতে ভিন্ন) অক্ষরম্ (সदा এক-
রূপে অবস্থিত) অনাশ্রয়ম্ (যাহার আশ্রয় নাই, যিনি সকলের আশ্রয়)
অপ্রমেয়ম্ (যিনি প্রমাণগ্রাহ্য নহেন) আনন্দসদৃশনম্ (সুখ ও সৎস্বরূপ)

অনাময়ম্ (ব্যাধিশূন্য) অদ্বিতীয়ং (এক) ঋতু্যক্ং (ঋতিতে কথিত হইয়াছে)
কেবলবোধমাত্রং (কেবলজ্ঞানস্বরূপ) তৎ (সেই) ব্রহ্ম (শুদ্ধচৈতন্য)
(তুমি) অসি (হও) ॥ ৭৮১

অনুবাদ । ঋতি ধাহাকে অবিনাশী, ব্যাপক, আদিমধ্যশূন্য, অব্যক্ত, অক্ষয়, অনাপ্রয়, অপ্রমেয়, আনন্দ ও সংস্বরূপ, অনাময় ও অদ্বিতীয় বলিয়াছেন, কেবলজ্ঞানস্বরূপ ব্রহ্মই তুমি ॥ ৭৮১

শরীরতদ্যোগ তদীয়ধর্ম্মা-

চারোপণং ভ্রান্তিবশাৎ তদীয়ম্ ।

ন বস্তুতঃ কিঞ্চিদতস্তুজস্তুং

মৃত্যোর্ভয়ং কাস্তি তবাসি পূর্ণঃ ॥ ৭৮২

অনুবাদ । ভ্রান্তিবশাৎ (ভ্রমপ্রযুক্ত) তদীয়ম্ (তোমার সম্বন্ধীয়) শরীরত
যোগতদীয়ধর্ম্মাচারোপণং (দেহ, দেহ ও আত্মার সম্বন্ধ, এবং দেহের ধর্ম্ম—মূল
কৃশহাদির আরোপ হইতেছে), বস্তুতঃ (বাস্তবিকপক্ষে) কিঞ্চিৎ (কিছু)
(নাই) অতঃ (একত্বে) তৎ (তুমি) তু (অবধারণে) অজঃ (জন্মরহিত) ত
(তোমার) মৃত্যোঃ (মরণ হইতে) ভয়ং (ভীতি) ক (কোথায়) অ
(আছে) [তৎ—তুমি] পূর্ণঃ (পরিপূর্ণস্বরূপ) অসি (হও) ॥ ৭৮২

অনুবাদ । ভ্রান্তিবশতঃ তোমাতে এই শরীর দেহ ও আত্মার সংযোগ
দেহধর্ম্ম—মূলকৃশহাদি প্রভৃতি আরোপিত হইয়াছে ; বস্তুতঃ এ সমস্ত কিছুই নহে
অতএব তুমি জন্মরহিত, স্মৃতরাং তোমার মরণভয় কোথায় ? তুমি পরিপূর্ণ
স্বভাব ব্রহ্ম ॥ ৭৮২

যদ্যদৃষ্টিং ভ্রান্তিমত্যা স্বদৃষ্ট্যা

তত্তৎ সম্যগ্‌বস্তুদৃষ্ট্যা ত্বমেব ।

তন্তো নান্যদ্বস্তু কিঞ্চিন্তু লোকে

কস্মাদ্ভীতিস্তু ভবেদদ্রয়শ্চ ॥ ৭৮৩

অনুবাদ । ভ্রান্তিমত্যা (ভ্রমযুক্ত) স্বদৃষ্ট্যা (স্বীয় দৃষ্টি অর্থাৎ জ্ঞানের দ্বারা) য
যৎ (যাহা যাহা) দৃষ্টং (অবলোকিত হয়) সম্যক্ (উত্তমরূপে) বস্তুদৃষ্ট্যা (বস্তু
জ্ঞানদ্বারা জানিলে) তৎ তৎ (তাহা তাহা) ত্বমেব (তুমিই) ; তু (কিন্তু) লোকে
(সংসারে) অস্তঃ (তোমা হইতে) অন্তঃ (অপর) কিঞ্চিৎ (কিছু) ব
(পদার্থ) ন (নাই), অদ্রয়শ্চ (অদ্বিতীয়) তে (তোমার) কস্মাৎ (কোথ
হইতে) ভীতিঃ (ভয়) ভবেৎ (হইবে) ? ॥ ৭৮৩

অনুবাদ । স্বকীয় ভ্রান্তজ্ঞান দ্বারা যে যে বস্তু পরিদৃষ্ট হয়, সেই সমুদয় বস্তু
সম্যগ্‌রূপে স্বরূপ অবগত হইলে জানিতে পারিবে, সেই সমস্ত তুমি (আত্মা)

ব্যতীত আর কিছুই নহে; এই সংসারে তুমি (আত্মা) ভিন্ন অণ্ড কোন বস্তু নাই, অতএব তুমি অদ্বিতীয়; তোমার ভয় কোথা হইতে * আসিবে ? ॥ ৭৮৩

পশ্চতত্ত্বমেবেদং সর্বমিত্যাশ্বনাখিলম্ ।

ভয়ং শ্চাদ্বিভূষঃ কস্মাৎ স্বস্মান্ন ভয়মিষ্যতে ॥ ৭৮৪

অর্থ। তু (পরস্ত) ইদং (এই) সর্বম্ (সমস্ত) অহমেব (আমিই) ইতি (এইরূপে) আশ্বনা (স্বয়ং) অখিলং (সমগ্র) পশ্চতঃ (দর্শনকারী) বিভূষঃ (পণ্ডিতের) কস্মাৎ (কোন্ ব্যক্তি হইতে) ভয়ং (ভীতি) শ্চাৎ (হয়) ? স্বস্মাৎ (নিজ হইতে) [কস্মাপি=কংহারও] ভয়ং (ভীতি) ন ইষ্যতে (অভিলষিত হয় না) ॥ ৭৮৪

অনুবাদ। “এই সমস্ত বস্তু আমিই”—এইরূপে সমস্ত বস্তু আত্মস্বরূপে যিনি দর্শন করেন, সেই বিদ্বান্ পুরুষের ভয় কোথা হইতে আসিবে? নিজ হইতে নিজের ভয় হইতে পারে না ॥ ৭৮৪

তস্মাৎ ত্বমভয়ং নিত্যং কেবলানন্দলক্ষণম্ ।

নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং ব্রহ্মৈবাসি সদাঙ্গয়ম্ ॥ ৭৮৫

অর্থ। তস্মাৎ (সেইজন্য—যেহেতু তুমি ভিন্ন আর কেহ নাই এইজন্য) ত্বম্ (তুমি) অভয়ং (নির্ভয়) নিত্যং (ক্ষয়োদয়রহিত) কেবলানন্দলক্ষণং (নিরবচ্ছিন্ন সুখস্বরূপ) নিষ্কলং (কলারহিত—পূর্ণ) নিষ্ক্রিয়ং (নির্ক্যাপার) শান্তং (নির্মূল) সদা (সর্বদা) অঙ্গয়ং (দ্বৈতরহিত) ব্রহ্ম (শুদ্ধচৈতন্যস্বরূপ) অসি (হও) ॥ ৭৮৫

অনুবাদ। অতএব তুমি অভয়, নিত্য, কেবলসুখস্বরূপ, পূর্ণ, নির্ক্যাপার, শান্ত, সর্বদা দ্বৈতরহিত ব্রহ্মরূপেই অবস্থিত ॥ ৭৮৫

জ্ঞাতৃজ্ঞানজ্ঞেয়বিহীনং

জ্ঞাতুরভিন্নং জ্ঞানমখণ্ডম্ ।

জ্ঞেয়াজ্ঞেয়ত্বাদিবিমুক্তং

শুদ্ধং বুদ্ধং তত্ত্বমসি ত্বম্ ॥ ৭৮৬

অর্থ। জ্ঞাতৃজ্ঞানজ্ঞেয়বিহীনং (জ্ঞাতা, জ্ঞান ও জ্ঞানের বিষয়-রহিত) জ্ঞাতুঃ (জ্ঞাতা হইতে) অভিন্নম্ (ভেদশূন্য) অখণ্ডং (একরূপ) জ্ঞানং (বিজ্ঞানস্বরূপ) জ্ঞেয়াজ্ঞেয়ত্বাদিবিমুক্তং (জ্ঞেয়ত্ব ও অজ্ঞেয়ত্বের বিষয় হইতে বিমুক্ত) শুদ্ধং

* তাৎপর্য—লোকে দেখা যায়, কেহ একাকী থাকিলে ভয় পায়; কিন্তু উত্তমরূপে বিচার করিয়া দেখিলে জানিতে পারা যায় যে,—যদি একজন ব্যতীত দ্বিতীয় কেহ না থাকে, তাহা হইলে কে ভয় দেখাইবে এবং ভয় বা কি? সুতরাং অদ্বিতীয় আত্মজ্ঞান হইলে, তাহার আর সংসার-ভয় থাকে না।

(বুদ্ধ) বুদ্ধং (জ্ঞানস্বরূপ) যৎ (তুমি) তত্ত্বমসি (সেই ব্রহ্মই তুমি—এই মহাবাক্য প্রতিপাদ্য ব্রহ্ম) ॥ ৭৮৬

অনুবাদ । তুমি জ্ঞাতা, জ্ঞান ও জ্ঞেয় হইতে পৃথক্, জ্ঞাতার সহিত অভিন্ন অথবা জ্ঞানস্বরূপ, জ্ঞেয়ত্ব-অজ্ঞেয়ত্ব-বিরহিত, শুদ্ধ, বুদ্ধ তুমিই 'তত্ত্বমসি' সেই ব্রহ্মস্বরূপ ॥ ৭৮৬

অন্তঃপ্রজ্ঞাদিবিকল্পৈ-

রস্পৃষ্টং যত্তদৃশিমাত্রম্ ।

সত্তামাত্রং সমরসমেকং

শুদ্ধং বুদ্ধং তত্ত্বমসি ত্বম্ ॥ ৭৮৭

অর্থ । অন্তঃপ্রজ্ঞাদিবিকল্পৈঃ (অন্তঃকরণবিষয়ে জ্ঞানবস্তুর প্রভৃতি বিবিধ বিকল্পসমূহের দ্বারা) অস্পৃষ্টং (নির্লিপ্ত) যৎ (যে) তৎ (সেই) দৃশিমাত্রং (জ্ঞান-স্বরূপ) সত্তামাত্রং (সংস্বরূপ) একং (অদ্বিতীয়) সমরসং (একরূপে অবস্থিত) শুদ্ধং (কেবল) বুদ্ধং (জ্ঞানরূপ) যৎ (তুমি) তত্ত্বমসি (সেই ব্রহ্মই তুমি—এই মহাবাক্য প্রতিপাদ্য ব্রহ্ম) ॥ ৭৮৭

অনুবাদ । অন্তঃকরণ বিষয়ে জ্ঞানবস্তুর প্রভৃতি বিবিধ বিকল্প দ্বারা অস্পৃষ্ট, যাহা কেবলজ্ঞানস্বরূপ, সংস্বভাব, তুল্যরূপ, অদ্বিতীয়, শুদ্ধ, বোধস্বরূপ তুমিই 'তত্ত্বমসি' অর্থাৎ সেই ব্রহ্মস্বরূপ ॥ ৭৮৭

সর্বাकारं सर्वमसर्वं

সর্বনিষেধাবধিভূতং যৎ ।

সত্যং শাস্বতমেকমনন্তং

শুদ্ধং বুদ্ধং তত্ত্বমসি ত্বম্ ॥ ৭৮৮

অর্থ । যৎ (যাহা) সর্বাकारं (সমস্ত পদার্থ যাহার আকার—সকল পদার্থে যিনি বিরাজমান) সর্বম্ (সর্বাঙ্গক) অসর্বং (সমস্ত পদার্থ হইতে পৃথক্) সর্বনিষেধাবধিভূতং (সকল বস্তুর নিষেধের সীমাবিশিষ্ট) সত্যং (সত্য-স্বরূপ) শাস্বতম্ (নিত্য) একম্ (অদ্বিতীয়) অনন্তং (ব্যাপক) শুদ্ধং (কেবল) বুদ্ধং (বোধস্বরূপ) যৎ (তুমি) তত্ত্বমসি (সেই ব্রহ্মই তুমি—এই মহাবাক্য প্রতিপাদ্য ব্রহ্ম) ॥ ৭৮৮

অনুবাদ । যিনি সর্বপদার্থে বিরাজমান, সর্বাঙ্গক, সর্বপদার্থ হইতে পৃথক্ সমস্ত নিষেধের অবধিভূত, সত্যস্বরূপ, নিত্য, অদ্বিতীয়, ব্যাপক, শুদ্ধ, বোধস্বরূপ তুমিই 'তত্ত্বমসি' অর্থাৎ সেই ব্রহ্ম ॥ ৭৮৮

নিত্যানন্দাখণ্ডৈকরসং

নিষ্কলমক্রিয়মস্তবিকারম্ ।

প্রত্যগভিন্নং পরমব্যক্তং

বুদ্ধং শুদ্ধং তত্ত্বমসি ত্বম্ ॥ ৭৮৯

অর্থঃ । নিত্যানন্দাধৈক্যরসং (নিত্যস্বরূপ, অখণ্ড এবং একরূপ)
নিষ্কলম্ (ভাগরহিত) অক্রিয়ম্ (ক্রিয়ারহিত) অন্তবিকারম্ (বিকারশূন্য)
প্রত্যগভিন্নং (আত্মভিন্ন) পরমব্যক্তং (অতি স্পষ্ট) [অথবা পরম্—অত্যন্ত,
অব্যক্তং—ছরবগাহ] শুদ্ধং (কেবল) বুদ্ধং (বোধস্বরূপ) ত্বং (তুমি) তত্ত্বমসি
(সেই ব্রহ্মই তুমি—এই মহাবাক্য প্রতিপাদ্য ব্রহ্ম) ॥ ৭৮৯

অনুবাদ । নিত্যস্বরূপ অখণ্ড, একরূপ, অশরহিত নিষ্ক্রিয়, বিকারশূন্য,
আত্মা হইতে ভিন্ন, অতীব স্পষ্ট [অথবা অতীব ছরবগাহ] শুদ্ধ ও বোধস্বরূপ
তুমি 'তত্ত্বমসি' অর্থাৎ সেই ব্রহ্মস্বরূপ ॥ ৭৮৯

ত্বং প্রত্যস্তাশেষবিশেষঃ

ব্যোমেবাস্তবহিরপি পূর্ণম্ ।

ব্রহ্মানন্দং পরমদ্বৈতং

শুদ্ধং বুদ্ধং তত্ত্বমসি ত্বম্ ॥ ৭৯০

অর্থঃ । ত্বং (তুমি) প্রত্যস্তাশেষবিশেষঃ (যাবতীয় বিশেষকে যিনি
অতিক্রম করিয়াছেন) ব্যোম ইব (আকাশ তুল্য) অন্তঃ (অন্তরে) বহিঃ অপি
(বাহিরেও) পূর্ণম্ (পরিপূর্ণ), ব্রহ্মানন্দং (ব্রহ্মানন্দস্বরূপ) পরম্ (অতীব)
অদ্বৈতং (দ্বৈতশূন্য) শুদ্ধং (কেবল) বুদ্ধং (জ্ঞানস্বরূপ) ত্বং (তুমি) তত্ত্বমসি
(সেই ব্রহ্মই তুমি—এই মহাবাক্য প্রতিপাদ্য ব্রহ্ম) ॥ ৭৯০

অনুবাদ । যাহাতে যাবতীয় বিশেষ অন্তর্মিত হইয়াছে, যিনি আকাশের
গায় তিতরে ও বাহিরে পরিপূর্ণ, ব্রহ্মানন্দস্বরূপ, দ্বৈতরহিত, স্বচ্ছ, জ্ঞানস্বরূপ
তুমিই 'তত্ত্বমসি' অর্থাৎ সেই ব্রহ্ম ॥ ৭৯০

ব্রহ্মৈবাহমহং ব্রহ্ম নিগুণং নির্বিকল্পকম্ ।

ইত্যেবাখণ্ডয়া বৃত্ত্যা তিষ্ঠ ব্রহ্মণি নিষ্ক্রিয়ে ॥ ৭৯১

অর্থঃ । অহং (আমি—আত্মা) ব্রহ্ম এব (অখণ্ডচৈতন্যস্বরূপই) অহং
(আমি) নিগুণং (গুণশূন্য) নির্বিকল্পকম্ (বিকল্পরহিত) ব্রহ্ম (ব্রহ্ম) ইতি
(এইরূপেই) অখণ্ডয়া (একরূপ) বৃত্ত্যা (চিন্তের পরিণাম দ্বারা) নিষ্ক্রিয়ে
(ক্রিয়াশূন্য) ব্রহ্মণি (ব্রহ্মে) তিষ্ঠ (অবস্থান কর) ॥ ৭৯১

অনুবাদ । আমি ব্রহ্মই অর্থাৎ ব্রহ্ম ব্যতিরিক্ত অপর কিছুই নহি, আমি
সব্বাদিগুণবিহীন, নির্বিকল্প ব্রহ্ম—এইরূপে অখণ্ড চিন্তাবৃত্তি দ্বারা নিষ্ক্রিয় ব্রহ্মে
অবস্থান কর ॥ ৭৯১

অখণ্ডামেবৈতাং ঘটতপরমানন্দলহরীং

পরিধ্বস্তদ্বৈতপ্রমিতিমমলাং বৃত্তিমনিশম্ ।

অমুঞ্চানঃ স্বাত্মন্যনুপমস্থখে ব্রহ্মণি পরে

রমস্ব প্রারকং ক্ষপয় স্থখবৃত্ত্যা ত্বমনয়া ॥ ৭৯২

অনুব্র। এতাম্ (এই) অখণ্ডামেব (একরূপাই) ঘটতপরমানন্দলহরী (অতিশয় আনন্দতরঙ্গসংযুক্ত) পরিধ্বস্তদ্বৈতপ্রমিতিং (দ্বৈতজ্ঞানশূন্য) অমলা (নিম্মল) বৃত্তিম্ (চিত্ত পরিণামকে) অমুঞ্চানঃ (ত্যাগ না করিয়া) ত্বম্ (তুমি) অনুপমস্থখে (উপমাবিহীন স্থখবিশিষ্ট) স্বাত্মনি (আত্মায়) পরে (পরম ব্রহ্মণি (ব্রহ্মে) অনিশং (নিরন্তরং) রমস্ব (ক্রীড়া কর), অনয়া (এইরূপ স্থখবৃত্ত্যা (স্থখাকার বৃত্তি দ্বারা) প্রারকং (প্রারকভোগ) ক্ষপয় (নাশ কর) ॥ ৭৯২

অনুবাদ। এই অখণ্ড পরমানন্দতরঙ্গযুক্ত, দ্বৈতজ্ঞানশূন্য, নিম্মল চিত্ত বৃত্তিকে ত্যাগ না করিয়া তুমি আত্মার সহিত অভিন্ন পরব্রহ্মে সতত রত হও এই স্থখাকার চিত্তবৃত্তি দ্বারা প্রারক নাশ কর ॥ ৭৯২

ব্রহ্মানন্দরসাস্বাদতৎপরেণৈব চেতসা ।

সমাধিনিষ্ঠিতো ভূত্বা তিষ্ঠ বিদ্বন্ সদা মুনে ॥ ৭৯৩

অনুব্র। মুনে (হে মুনে !) বিদ্বন্ (হে জ্ঞানিন্ !) ব্রহ্মানন্দরসাস্বাদতৎপরেণ (ব্রহ্মানন্দরসের আস্বাদে তৎপর) চেতসা এব (চিত্ত দ্বারাই) সদা (সর্বদা) সমাধিনিষ্ঠিতঃ (সমাহিত-চিত্ত) ভূত্বা (হইয়া) তিষ্ঠ (অবস্থান কর) ॥ ৭৯৩

অনুবাদ। হে মুনে ! হে বিদ্বন্ ! ব্রহ্মানন্দ-রসাস্বাদনে তৎপর চিত্ত দ্বারা সমাধিবিশিষ্ট হইয়া সর্বদা অবস্থান কর ॥ ৭৯৩

শিষ্যঃ—

অখণ্ডাখ্যা বৃত্তিরেষা বাক্যার্থশ্রুতিমাত্রতঃ ।

শ্রোতুঃ সঞ্জায়তে কিংবা ক্রিয়ান্তরমপেক্ষতে ॥ ৭৯৪

অনুব্র। শিষ্যঃ—(ছাত্র) ! [আহ—কহিলেন—] শ্রোতুঃ (শ্রোতার) বাক্যার্থশ্রুতিমাত্রতঃ (তত্ত্বমসি বাক্যার্থ শ্রবণমাত্রে) অখণ্ডাখ্যা (অখণ্ডরূপ) এবা (এই) বৃত্তিঃ (চিত্তপরিণাম) সঞ্জায়তে (জন্মে) কিংবা (অথবা) ক্রিয়ান্তরম্ (অন্তক্রিয়া) অপেক্ষতে (অপেক্ষা করে) ॥ ৭৯৪

অনুবাদ। শিষ্য কহিলেন—তত্ত্বমসিবাক্যের অর্থশ্রবণমাত্রেই কি শ্রোতার অখণ্ডরূপা চিত্তবৃত্তি হয় ? কিংবা অন্ত কোন ক্রিয়াকে অপেক্ষা করে ? ॥ ৭৯৪

সমাধিঃ কঃ কতিবিধস্তৎসিদ্ধেঃ কিমু সাধনম্ ।

সমাধেরন্তুরায়াঃ কে সর্বমেতন্নিক্রুপ্যতাম্ ॥ ৭৯৫

অর্থঃ । সমাধিঃ (সমাধান) কঃ (কি), কতিবিধঃ (কয় প্রকার), তৎ-
সিদ্ধেঃ (সমাধিসিদ্ধির) কিমু (কি) সাধনং (উপায়), কে (কাহার) সমাধেঃ
সমাধির) অন্তুরায়াঃ (বিঘ্নকারক), এতৎ (এই) সর্বং (সমস্ত) নিক্রুপ্যতাম্
নিক্রপণ করুন) ॥ ৭৯৫

অনুবাদ । সমাধি কাহাকে বলে, উহা কয়প্রকার, সমাধিসিদ্ধির উপায়
কি এবং সমাধির অন্তুরায় (বিঘ্ন) বা কি কি, এই সমুদায় নিক্রপণ
করুন ॥ ৭৯৫

অধিকারিনিক্রুপণম্ ।

শ্রীশুরুঃ—

মুখ্যগৌণাদিভেদেন বিদ্যন্তেহত্রাধিকারিণঃ ।

তেষাং প্রজ্ঞানুসারেণাখণ্ডা বৃত্তিরুদেয্যতে ॥ ৭৯৬

অর্থঃ । শ্রীশুরুঃ (শুরুদেব) [আহ=কহিলেন—] অত্র (এ বিষয়ে—ব্রহ্ম-
বিদ্যায়) মুখ্যগৌণাদিভেদেন (প্রধান ও অপ্রধান-ভেদে) অধিকারিণঃ (অধি-
কারিগণ) বিদ্যন্তে (আছে); তেষাং (তাহাদের) প্রজ্ঞানুসারেণ (জ্ঞানানুযায়ী)
অখণ্ডা (একরূপা) বৃত্তিঃ (চিত্তপরিণাম) উদেয্যতে (আবির্ভূত হয়) ॥ ৭৯৬

অনুবাদ । শুরুদেব বলিলেন—প্রধান ও অপ্রধান ভেদে এ বিষয়ে
ব্রহ্মবিদ্যায়) অধিকারী দেখা যায় ; তাহাদের জ্ঞানানুসারে অখণ্ডাকার
চিত্তবৃত্তি আবির্ভূত হয় ॥ ৭৯৬

শ্রদ্ধাভক্তিপুরঃসরেণ বিহিতেনৈবেশ্বরং কৰ্ম্মণা

সন্তোষ্যর্জিততৎপ্রসাদমহিমা জন্মান্তরেষেব যঃ ।

নিত্যানিত্যবিবেকতীত্রবিরতিশাসাদিভিঃ সাধনৈ-

যুক্তঃ স শ্রবণে সতামভিমতো মুখ্যাধিকারী দ্বিজঃ ॥ ৭৯৭

অর্থঃ । যঃ (যিনি) শ্রদ্ধাভক্তিপুরঃসরেণ (শ্রদ্ধা ও ভক্তিপূর্বক) বিহিতেন
(বেদবিহিত) কৰ্ম্মণা এব (কৰ্ম্ম দ্বারাই) ঈশ্বরং (ঈশ্বরকে) সন্তোষ্য (সন্তুষ্ট
করিয়া) জন্মান্তরেষু এব (পূর্ব পূর্ব জন্মেই) অর্জিততৎপ্রসাদমহিমা (ঈশ্বরের
সমুগ্রহ দ্বারা মহিমা অর্জনপূর্বক) নিত্যানিত্যবিবেকতীত্রবিরতিশাসাদিভিঃ
নিত্যবস্ত ও অনিত্যবস্তর বিবেক, অতিশয় বৈরাগ্য এবং সন্ন্যাস প্রভৃতি)
সাধনৈঃ (উপায়সমূহের দ্বারা) যুক্তঃ (বিশিষ্ট) সঃ (সেই) দ্বিজঃ (ব্রাহ্মণ

অথবা ত্রৈবর্ণিক) শ্রবণে (শ্রবণবিষয়ে) মুখ্যাধিকারী (প্রধান অধিকারী)
[ইতি—ইহা] সতাং (সাধুদিগের) অভিমতঃ (সম্মত) ॥ ৭২৭

অনুবাদ । যিনি শ্রদ্ধাভক্তিপূর্বক বিহিত কৰ্ম্মদ্বারা ঈশ্বরকে পরিতুষ্ট করিয়া
জন্মান্তরে ঈশ্বরানুগ্রহ দ্বারা মাহাত্ম্য অর্জন পূর্বক নিত্য ও অনিত্য বস্তুতে
বিবেক, অতিশয় বৈরাগ্য, সন্ন্যাস প্রভৃতি উপায় সমন্বিত হ'ন, সেই বিজ্ঞ শ্রবণে
মুখ্যাধিকারী, ইহা সাধুদিগের সম্মত ॥ ৭২৭

অধ্যারোপাপবাদক্রমমনুসরতা দৈশিকেনাত্র বেত্তা ।

বাক্যার্থে বোধ্যমানে সতি সপদি সতঃ শুদ্ধবুদ্ধেরমুশ্য ।

নিত্যানন্দাদ্বিতীয়ং নিরুপমমমলং যৎ পরং তদ্বমেকং

তদ্ব্রহ্মৈবাহমস্মীত্যুদয়তি পরমাখণ্ডতাকারবৃত্তিঃ ॥ ৭২৮

অর্থ । অত্র (বেদান্তবিষয়ে) অধ্যারোপাপবাদক্রমমনুসরতা (অধ্যারোপ—
রজ্জুতে সর্পভ্রান্তি,—রজ্জুতে যথার্থ জ্ঞান, এইরূপ রীতির অনুসরণকারী)
বেত্তা (জ্ঞাতা) দৈশিকেন (উপদেষ্টকর্তৃক) বাক্যার্থে (তদ্বমসি বাক্যের অর্থ)
বোধ্যমানে (জ্ঞায়মান) সতি (হইলে) সপদি (তৎকণাৎ) শুদ্ধবুদ্ধেঃ (কেবল
জ্ঞানস্বরূপ) সতঃ (নিত্যশ্চ) অমুশ্য (ইহার) নিত্যানন্দাদ্বিতীয়ং (নিত্যানন্দ-
স্বরূপ, অদ্বিতীয়) নিরুপমম্ (উপমারহিত) অমলং (স্বচ্ছ) যৎ (যে) পরম্
(পরম) একং (অদ্বিতীয়) তদ্বম্ (বস্তু) তৎ (সেই) ব্রহ্ম এব (শুদ্ধচৈতন্যই)
অহম্ (আমি) অস্মি (হই) ইতি (এই) পরমা (উৎকৃষ্টা) অখণ্ডতাকারবৃত্তিঃ
(অখণ্ডাকার চিত্তপরিণাম) উদয়তি (উৎপন্ন হয়) ॥ ৭২৮

অনুবাদ । অধ্যারোপ (রজ্জুতে সর্পভ্রান্তি) এবং অপবাদ (রজ্জুতে সর্প-
ভ্রান্তি দূর করিয়া যথার্থ রজ্জুজ্ঞান) রীতি-অবলম্বনকারী জ্ঞানী উপদেশক-কর্তৃক
'তদ্বমসি'-বাক্যের অর্থ জ্ঞাত হইলে, তৎকণাৎ নির্মলাস্তঃকরণ এই পুরুষের
নিত্যসুখস্বরূপ, অদ্বিতীয়, উপমারহিত, নির্মল, উৎকৃষ্ট, এব বস্তু,—সেই ব্রহ্মই
আমি এবংবিধ পরম অখণ্ডাকার চিত্তবৃত্তি সমুদিত হয় ॥ ৭২৮

অখণ্ডাকারবৃত্তিঃ সা চিদাভাসসমম্বিতা ।

আত্মাভিন্নং পরং ব্রহ্ম বিষয়ীকৃত্য কেবলম্ ॥ ৭২৯

অর্থ । সা (সেই) চিদাভাসসমম্বিতা (চৈতন্যস্বরূপ) অখণ্ডাকারবৃত্তিঃ
(অখণ্ডরূপচিত্তবৃত্তি) কেবলং (শুদ্ধ) আত্মাভিন্নং (আত্মা হইতে অপৃথক্) পরং
(পরম) ব্রহ্ম (ব্রহ্ম) বিষয়ীকৃত্য (অবলম্বন করিয়া) [বস্তুতে—আছে] ৭২৯

অনুবাদ । সেই চৈতন্যস্বরূপ অখণ্ডাকার চিত্তবৃত্তি, আত্মা হইতে অপৃথক্
পরব্রহ্মকে অবলম্বন করিয়া বিদ্যমান থাকে ॥ ৭২৯

বাধতে তদ্গতাজ্ঞানং যদাবরণলক্ষণম্ ।

অখণ্ডাকারয়া বৃত্ত্যা ত্বজ্ঞানে বাধিতে সতি ॥ ৮০০

অনুবাদ । তু (পরন্তু) অখণ্ডাকারয়া (একরূপ) বৃত্ত্যা (চিত্তপরিণাম দ্বারা) অজ্ঞানে (অবিজ্ঞা) বাধিতে (নাশ প্রাপ্ত) সতি (হইলে) যৎ (যে) আবরণ-লক্ষণং (আবরণরূপ) তদগতাজ্ঞানং (অন্তঃকরণগত অবিজ্ঞা) বাধতে (বাধিত হয়) ॥ ৮০০

অনুবাদ । অখণ্ডাকার চিত্তবৃত্তি দ্বারা অজ্ঞান বাধিত হইলে অন্তঃকরণস্থ আবরণরূপ যে অজ্ঞান সেও বাধিত হয় ॥ ৮০০

তৎকার্যং সকলং তেন সমং ভবতি বাধিতম্ ।

তন্তুদাহে তু তৎকার্যপটদাহো যথা তথা ॥ ৮০১

অনুবাদ । যথা (যেমন) তু (পাদপূরণে) তন্তুদাহে (সূত্রদহনে) তৎকার্যপট-দাহঃ (তন্তুর কার্য বস্তুর দাহ) [হয়], তথা (সেইরূপ) তেন (সেই অজ্ঞানের) সমং (সহিত) সকলং (সমস্ত) তৎকার্যং (অবিজ্ঞার কার্য) বাধিতং (নাশ-প্রাপ্ত) ভবতি (হয়) ॥ ৮০১

অনুবাদ । যেমন সূত্র দগ্ন হইলে সূত্রের কার্য পটও দগ্ন হয়, সেইরূপ অজ্ঞান নষ্ট হইলে, তাহার সহিত যাবতীয় অজ্ঞানের কার্য নাশপ্রাপ্ত হয় ॥ ৮০১

তস্য কার্যতয়া জীববৃত্তির্ভবতি বাধিতা ।

উপপ্রভা যথা সূর্য্যং প্রকাশয়িতুমক্ষমা ॥ ৮০২

তদ্বদেব চিদাভাসচৈতন্যং বৃত্তিসংস্থিতম্ ।

স্বপ্রকাশং পরং ব্রহ্ম প্রকাশয়িতুমক্ষমম্ ॥ ৮০৩

অনুবাদ । তস্য (অজ্ঞানের) কার্যতয়া (কার্যত্ব প্রযুক্ত) জীববৃত্তিঃ (জীবের মনসা, ব্যাপার) বাধিতা (বাধাপ্রাপ্ত) ভবতি (হয়), উপপ্রভা (দীপাদি) যথা (যেমন) সূর্য্যং (তপনকে) প্রকাশয়িতুম্ (প্রকাশ করিতে) অক্ষমা (অসমর্থ হয়) তদ্বৎ এব (সেইরূপই) বৃত্তিসংস্থিতং (বৃত্তিরূপে পরিণত) চিদাভাসচৈতন্যং (চিত্তের ক্ষুরণরূপ চৈতন্য) স্বপ্রকাশং (প্রকাশস্বভাব) পরং (পরম) ব্রহ্ম (ব্রহ্মকে) প্রকাশয়িতুম্ (প্রকাশ করিতে) অক্ষমম্ (অসমর্থ) ॥ ৮০২ ॥ ৮০৩

অনুবাদ । অজ্ঞানের কার্য বলিয়া [অজ্ঞান বাধিত হইলে] জীবের ব্যাপার বাধিত হয় । দীপাদি উপপ্রভা যেমন সূর্য্যকে প্রকাশ করিতে সমর্থ হয় না, সেইরূপ অন্তঃকরণবৃত্তিস্থিত চিদাভাসরূপ চৈতন্য পরব্রহ্মকে প্রকাশ করিতে পারে না ॥ ৮০২ ॥ ৮০৩

প্রচণ্ডাতপমধ্যস্থদীপবনশ্চদীপিতিঃ ।

তত্তেজসাভিভূতং সন্নীনোপাধিতয়া ততঃ ॥ ৮০৪

বিশ্বভূতপরব্রহ্মমাত্রং ভবতি কেবলম্ ।

যথাপনীতে ত্বাদর্শে প্রতিবিশ্বমুখং স্বয়ম্ ॥ ৮০৫

মুখমাত্রং ভবেৎ তদ্বদেতচ্চোপাধিসংক্ষয়াৎ ।

ঘটাজ্ঞানে যথা বৃত্ত্যা ব্যাপ্তয়া বাধিতে সতি ॥ ৮০৬

ঘটং বিস্মুরয়ত্যেষ চিদাভাসঃ স্বতেজসা ।

ন তথা স্বপ্রভে ব্রহ্মণ্যাভাস উপযুজ্যতে ॥ ৮০৭

অর্থঃ । প্রচণ্ডাতপমধ্যাহ্নদীপবৎ (প্রথর সূর্য্যতাপের মধ্যবর্তী প্রদীপের
জ্বাল) নষ্টদীপিতিঃ (প্রভাহীন) [চিদাভাসঃ] তত্তেজসা (ব্রহ্মের প্রকাশের দ্বারা)
অভিভূতং (তিরস্কৃত) সৎ (হইয়া) লানোপাধিতয়া (উপাধি লয় হইয়া যাওয়ার)
ততঃ (অনন্তর) কেবলং (শুদ্ধ) বিশ্বভূতপরব্রহ্মমাত্রং (বিশ্বরূপ কেবল পর-
ব্রহ্ম) ভবতি (থাকেন) ; যথা (যেমন) তু (পাদপূরণে) আদর্শে (আয়না,
আরসি) অপনীতে (দূরীকৃত হইলে) স্বয়ং (নিজে) প্রতিবিশ্বমুখং (প্রতিবিশ্বে
স্থিত মুখ) মুখমাত্রং (কেবল মুখস্বরূপ) ভবেৎ (হয়), তদ্বৎ (সেইরূপ)
উপাধিসংক্ষয়াৎ (উপাধি নষ্ট হইলে) এতৎ চ (ইহাও) [ভবেৎ—হয়] ; যথা
(যেমন) ব্যাপ্তয়া (পরিব্যাপ্ত) বৃত্ত্যা (চিত্তের পরিণাম দ্বারা) ঘটাজ্ঞানে
(ঘটবিষয়ক অজ্ঞান) বাধিতে (নাশপ্রাপ্ত) সতি (হইলে) এষঃ (এই)
চিদাভাসঃ (অন্তঃকরণে চিৎপ্রতিবিশ্ব) স্বতেজসা (নিজের তেজঃ দ্বারা) ঘটং
(কুণ্ডকে) বিস্মুরয়তি (প্রকাশিত করে) তথা (সেইরূপ) স্বপ্রভে (স্বয়ং-
জ্যোতিঃস্বরূপ) ব্রহ্মণি (ব্রহ্মে) আভাসঃ (চিৎপ্রতিবিশ্ব) ন উপযুজ্যতে
(উপযোগী হয় না) ॥ ৮০৪ ॥ ৮০৫ ॥ ৮০৬ ॥ ৮০৭

অনুবাদ । প্রথর সূর্য্যাকিরণের মধ্যবর্তী প্রভাহীন প্রদীপের জ্বাল চিদাভাস
ব্রহ্মতেজের দ্বারা অভিভূত হইয়া উপাধির লয় হেতু শুদ্ধ বিশ্বরূপ পরব্রহ্ম
অবস্থান করে ; যে রূপ আদর্শ অপনয়ন করিলে প্রাত্যহস্মিতমুখ মুখরূপে
অবস্থিত হয়, সেইরূপ উপাধি নষ্ট হইলে, চিদাভাসও পরব্রহ্মরূপে অবস্থিত থাকে ;
যেমন পরিব্যাপ্ত বৃত্তি দ্বারা ঘটবিষয়ক অজ্ঞান বাধিত হইলে, চিদাভাস স্বকীয়
তেজঃ দ্বারা ঘটকে প্রকাশিত করে, সেইরূপ স্বয়ংজ্যোতিঃ ব্রহ্মে আভাস (চিৎ-
স্মুরণ) উপযোগী নহে ॥ ৮০৪ ॥ ৮০৫ ॥ ৮০৬ ॥ ৮০৭

অতএব মতং বৃত্তিব্যাপ্যত্বং বস্তুনঃ সতাম্ ।

ন ফলব্যাপ্যতা তেন ন বিরোধঃ পরস্পরম্ ॥ ৮০৮

শ্রুত্যোদিতস্ততো ব্রহ্ম জ্ঞেয়ং বুদ্ধৈক্যেব সূক্ষ্ময়া ।

প্রজ্ঞামান্দ্যং ভবেদ্যেষাং তেষাং ন শ্রুতিমাত্রতঃ ।

স্মাদখণ্ডাকারবৃত্তির্বিনা তু মননাদিনা ॥ ৮০৯

অনুয় । অতঃ এব (এইজ্ঞাই—ব্রহ্ম স্বয়ংপ্রকাশ বলিয়া) বস্তুনঃ (বস্তু—
ব্রহ্মেব) বৃত্তিব্যাপ্যত্বং (অন্তঃকরণবৃত্তির কৰ্মত্ব) সত্যং (সাধুগণের) মতং
(অভিমত), ফলব্যাপ্যতা (ফল প্রকাশের কৰ্মত্ব) ন [অভিমত] (নহে);
তেন (তজ্জ্ঞ) শ্রুত্যা (বেদকর্তৃক) উদিতঃ (কথিত) পরস্পরং (অন্তোক্ত)
বিরোধং (বিরুদ্ধতা) ন (নাই) ততঃ (সেই কারণে) সূক্ষ্ময়া (সূক্ষ্ম) বুদ্ধ্যা
এব (বুদ্ধি দ্বারাই) ব্রহ্ম (শুদ্ধচৈতন্য) জ্ঞেয়ং (জানিবে), তু (পরন্তু) যেষাং
(যাহাদের) প্রজ্ঞামান্দ্যাং (জ্ঞানের অল্পত্ব) তেষাং (তাহাদের) মননাদিনা
বিনা (মননাদি ব্যতীত) শ্রুতিমাত্রতঃ (শ্রবণমাত্রেই) অখণ্ডাকারবৃত্তিঃ (অখণ্ড
চৈতন্যরূপে অন্তঃকরণের বৃত্তি) ন শ্রাৎ (হয় না) ॥ ৮০৮ ॥ ৮০৯

অনুবাদ । এইজ্ঞ (ব্রহ্ম স্বয়ংপ্রকাশ বলিয়া) * সাধুগণ ব্রহ্মকে চিত্তবৃত্তির
ব্যাপ্য (কৰ্ম) বলিয়া স্বীকার করিয়াছেন ; ব্রহ্মের ফলব্যাপ্যত্ব স্বীকার করেন
না, অতএব শ্রুতিবাক্যসমূহের পরস্পর বিরোধ হয় না ; তজ্জ্ঞ সূক্ষ্মবুদ্ধি দ্বারা
ব্রহ্মকে জানিবে । যাহারা জড়বুদ্ধি, তাহাদের মনন ব্যতীত কেবল শ্রবণমাত্রেই
অখণ্ডাকার চিত্তবৃত্তি উৎপন্ন হয় না ॥ ৮০৮ ॥ ৮০৯

শ্রবণাদি-নিরূপণম্ ।

শ্রবণান্মননাদ্ব্যানাং তাৎপর্যেণ নিরন্তরম্ ।

বুদ্ধেঃ সূক্ষ্মত্বমায়াতি ততো বস্তুপলভ্যতে ॥ ৮১০

মন্দপ্রজ্ঞাবতাং তস্মাৎ করণীয়ং পুনঃ পুনঃ ।

শ্রবণং মননং ধ্যানং সম্যগ্‌বস্তুপলকয়ে ॥ ৮১১

সর্ববেদান্তবাক্যানাং ষড়্‌ভিলিঙ্গৈঃ সদ্বয়ে ।

পরে ব্রহ্মণি তাৎপর্যানিশ্চয়ং শ্রবণং বিদুঃ ॥ ৮১২

শ্রুতশ্চৈবাদ্বিতীয়স্য বস্তুনঃ প্রত্যগাত্মনঃ ।

বেদান্তবাক্যানুগুণযুক্তিভিস্তনুচিস্তনম্ ।

মননং তচ্ছুতার্থস্য সাক্ষাৎকরণকারণম্ ॥ ৮১৩

অনুয় । নিরন্তরং (সর্বদা) তাৎপর্যেণ (তাৎপর্যরূপে) শ্রবণাৎ (শুদ্ধ-
মুখ হইতে শ্রবণ হেতু) মননাৎ (শ্রুতির অবিরোধী তর্কবশতঃ) [এবং]

* তাৎপর্য—ঘটাদি জড়বস্তুগত অজ্ঞান অন্তঃকরণবৃত্তি দ্বারা দূরীভূত হয় ; পরে চৈতন্য
তাহাকে প্রকাশ করিয়া থাকে । সূতরাং ঘটাদি জড়পদার্থ বৃত্তিব্যাপ্য ও ফল (চৈতন্য—প্রকাশ)-
ব্যাপ্য হয় । কিন্তু ব্রহ্ম কেবলমাত্র চিত্তবৃত্তিব্যাপ্য হয় অর্থাৎ চিত্তবৃত্তি দ্বারা 'ব্রহ্ম নাস্তি'
এবংবিধ অজ্ঞান দূর হয় ; কিন্তু ব্রহ্ম স্বয়ংপ্রকাশ বলিয়া তাহা আর ফলব্যাপ্য অর্থাৎ প্রকাশের
কৰ্ম হয় না ।

ধ্যানাৎ (নিদিধ্যাসন হেতু) বুদ্ধেঃ (বুদ্ধির) শূন্যত্বং (বস্তুগ্রহণসামর্থ্য) আয়াতি
 (প্রাপ্ত হয়) ততঃ (তাহার পর) বস্তু (ষথার্থত্ব—ব্রহ্ম) উপলভ্যতে (জ্ঞাত
 হয়) তস্মাৎ (তজ্জ্ঞ) সম্যক্ (উত্তমরূপে) বস্তুপলকয়ে [পদার্থজ্ঞানের
 নিমিত্ত—ব্রহ্মজ্ঞানের নিমিত্ত) মনদপ্রজ্ঞাবতাং (জড়ধী ব্যক্তিগণের) পুনঃপুনঃ
 (বার বার) শ্রবণং (গুরুমুখ হইতে অধ্যয়ন) মননং (শ্রুতির অবিরোধী তর্ক)
 [এবং] ধ্যানং (নিদিধ্যাসন) করণীয়ং (করা উচিত) [বুধাঃ—পণ্ডিতেরা]
 ষড়্ভিঃ (ছয়টি) লিঙ্গৈঃ (হেতু দ্বারা) সদস্যয়ে (সংস্বরূপ অদ্বিতীয়) পরে
 (পরম) ব্রহ্মণি (ব্রহ্মে) সর্ববেদান্তবাক্যানাং (সমস্ত বেদান্তবাক্যের) তাৎপর্য-
 নিশ্চয়ং (তাৎপর্য-নির্ণয়কে) শ্রবণং (শ্রবণ) বিদুঃ (জানেন) তু (পরন্তু)
 শ্রুতশ্চ (অধীত) অদ্বিতীয়শ্চ এব (একই) প্রত্যগায়নঃ (ব্যাপক আত্মরূপ)
 বস্তুনঃ (বস্তু—ব্রহ্মের) বেদান্তবাক্যানুগুণযুক্তিভিঃ (শ্রুতিবাক্যের অনুকূল যুক্তি
 সকলের দ্বারা) অনুচিন্তনং (চিন্তাকে) তচ্ছ্রুতার্থশ্চ (সেই শ্রুত পদার্থের)
 সাক্ষাৎকরণকারণং (প্রত্যক্ষ হেতু) মননং (মনন) [বিদুঃ—জানেন] ॥ ৮১০
 ৮১১ ॥ ৮১২ ॥ ৮১৩

অনুবাদ । অবিরত তৎপরভাবে শ্রবণ, মনন ও নিদিধ্যাসন বশতঃ বুদ্ধি
 শূন্যভাব ধারণ করে, তাহার পর ষথার্থ বস্তু উপলব্ধ হয় ; অতএব সম্যগ্রূপে
 বস্তুতত্ত্ব উপলব্ধির নিমিত্ত জড়ধী ব্যক্তিগণের বারংবার শ্রবণ, মনন ও ধ্যান করা
 উচিত ; উপক্রম ও উপসংহারের একবাক্যতাপ্রভৃতি ষড়্ভিধ লিঙ্গের দ্বারা
 সংস্বরূপ অদ্বিতীয় পরব্রহ্মে সমস্ত বেদান্তবাক্যের তাৎপর্য-নির্ণয়কে পণ্ডিতেরা
 শ্রবণ বলিয়া থাকেন । বেদান্তবাক্যের অনুকূল যুক্তি দ্বারা গুরুমুখ হইতে শ্রুত
 অদ্বিতীয় ব্যাপক ব্রহ্মের চিন্তা করাকে পণ্ডিতেরা মনন বলিয়া থাকেন । এই
 মননই শ্রুত পদার্থের সাক্ষাৎকারের হেতু ॥ ৮১০ ॥ ৮১১ ॥ ৮১২ ॥ ৮১৩

বিজাতীয়শরীরাদিপ্রত্যয়ত্যাগপূর্বকম্ ।

সজাতীয়াত্মরূপীনাং প্রবাহকরণং যথা ॥ ৮১৪

তৈলধারাবদচ্ছিন্নরূপ্ত্যা তদ্ব্যনমিষ্যতে ।

তাবৎকালং প্রযত্নেন কর্তব্যং শ্রবণং সদা ॥ ৮১৫

প্রমাণসংশয়ো যাবৎ স্ববুদ্ধের্ন নিবর্ততে ।

প্রমেয়সংশয়ো যাবৎ তাবৎ তু শ্রুতিযুক্তিভিঃ ॥ ৮১৬

আত্মাথার্থ্যনিশ্চিত্যে কর্তব্যং মননং মুহুঃ ।

বিপরীতাভূধীর্ধাবন্ন বিনশ্যতি চেতসি ।

তাবন্নিরন্তরং ধ্যানং কর্তব্যং মোক্ষমিচ্ছতা ॥ ৮১৭

অর্থ । যথা (যেমন) বিজাতীয়শরীরাদিপ্রত্যয়ত্যাগপূর্বকং (বিরুদ্ধ-
 জাতীয় দেহ প্রভৃতি বিষয়ক জ্ঞান ত্যাগ করিয়া) তৈলধারাবৎ (তেলের ধারার

মত) অচ্ছিন্নবৃত্ত্যা (অবিচ্ছেদরূপে) সজাতীয়াত্মবৃত্তীনাং (সমানজাতীয়
আত্মাকার বৃত্তিগুলির) প্রবাহকরণং (একভাবে চালন) তৎ (তাহাকে)
ধ্যানং (নিদিধ্যাসন) ইত্যুতে (কথিত হয়) যাবৎ (যে পর্য্যন্ত) স্ববুদ্ধেঃ
(স্বকীয় বুদ্ধি হইতে) প্রমাণসংশয়ঃ (প্রমাণ বিষয়ে সন্দেহ) ন নিবর্ত্ততে
নিবৃত্ত হয় না) তাবৎকালং (সেইকাল পর্য্যন্ত ব্যাপিয়া) সদা (সর্বদা)
প্রযত্নেন (যত্নপূর্ব্বক) শ্রবণং (শ্রবণ) কর্তব্যং (করা উচিত), যাবৎ (যে
পর্য্যন্ত) প্রমেয়সংশয়ঃ (প্রমেয় বিষয়ে সন্দেহ) তাবৎ তু (সেই পর্য্যন্তই)
প্রতিযুক্তিভিঃ (শ্রবণ ও বেদান্তকুল যুক্তিসমূহের দ্বারা) আত্মযাথার্থ্যানিচ্ছিত্যৈ
আত্মার যথার্থতা নিশ্চয়ের জন্ত) মুহঃ (পুনঃপুনঃ) মননং (তর্ক) কর্তব্যং
করা উচিত) যাবৎ (যে পর্য্যন্ত) চেতসি (অন্তঃকরণে) বিপরীতাত্মধীঃ
বিপরীত আত্মজ্ঞান) ন বিনশ্চতি (বিনষ্ট হয়) তাবৎ (সে পর্য্যন্ত) মোক্ষং
মুক্তি) ইচ্ছতা (অভিলাষকারী ব্যক্তি) নিরন্তরং (সর্বদা) ধ্যানং (নিদিধ্যাসন)
কর্তব্যম্ (করিবে) ॥ ৮১৪ ॥ ৮১৫ ॥ ৮১৬ ॥ ৮১৭

অনুবাদ । দেহ প্রভৃতিতে আত্মবুদ্ধিরূপ বিজাতীয় প্রত্যয় পরিত্যাগ করিয়া
তলধারার ছায় অবিচ্ছিন্নভাবে আত্মরূপ সজাতীয় অন্তঃকরণবৃত্তিসমূহের এক-
ভাবে প্রবাহকরণকে ধ্যান বলা হয় । যতকাল পর্য্যন্ত প্রমাণগত সন্দেহ নিবৃত্ত
হয়, ততকাল প্রযত্নসহকারে সর্বদা শ্রবণ করা কর্তব্য । যে পর্য্যন্ত প্রমেয়গত
সন্দেহ বিনিবৃত্ত না হয়, ততকাল শ্রুতি এবং তদনুকূল যুক্তি-সমূহের দ্বারা
আত্মার যথার্থ স্বরূপ নির্ণয়ের নিমিত্ত পুনঃপুনঃ মনন করা বিধেয় । যে পর্য্যন্ত
তে বিপরীত আত্মজ্ঞান (দেহ ইন্দ্রিয় প্রভৃতিতে আত্মবুদ্ধি) বিনষ্ট না হয়,
তদবধি মুমুক্ষু পুরুষের অবিরত ধ্যান করা উচিত ॥ ৮১৪ ॥ ৮১৫ ॥ ৮১৬ ॥ ৮১৭

যাবন্ন তর্কেণ নিরাসিতোহপি

দৃশ্যপ্রপঞ্চস্তপরোক্ষবোধাত্ ।

বিলীয়তে তাবদমুঘ্য ভিক্ষো-

ধ্যানাди सम्यक् करणीयमेव ॥ ৮১৮

অর্থ । যাবৎ (যে পর্য্যন্ত) তর্কেণ (মননের দ্বারা) দৃশ্যপ্রপঞ্চঃ (দৃশ্য
সমূহ) নিরাসিতঃ অপি (দূরীকৃত হইলেও) তু (কিন্তু) অপরোক্ষবোধাত্
প্রত্যক্ষজ্ঞান হেতু) ন বিলীয়তে (বিলয়প্রাপ্ত হয় না), তাবৎ (সে পর্য্যন্ত)
মুঘ্য (এই) ভিক্ষোঃ (সন্ন্যাসীর) ধ্যানাদি (নিদিধ্যাসন প্রভৃতি) সম্যক্
এব (উত্তমরূপেই) করণীয়ম্ (কর্তব্য) ॥ ৮১৮

অনুবাদ । মননের দ্বারা দৃশ্যপ্রপঞ্চ (পরিদৃশ্যমান জগৎ) দূরীকৃত হইলেও,
য পর্য্যন্ত প্রত্যক্ষজ্ঞান দ্বারা বিলয়প্রাপ্ত না হয়, তদবধি এই সন্ন্যাসীর উত্তমরূপে
ধ্যান করা উচিত ॥ ৮১৮

সবিকল্পসমাধিঃ ।

সবিকল্পো নির্বিকল্প ইতি বেধা নিগদ্যতে ।

সমাধিঃ সবিকল্পশ্চ লক্ষণং বচ্মি তচ্ছৃণু ॥ ৮১৯

অর্থঃ । সবিকল্পঃ (বিকল্পের সহিত বর্তমান) নির্বিকল্পঃ (বিকল্পশূণ্য) ইতি (এই) বেধা (দুই প্রকার) সমাধিঃ (সমাধান—যোগ) নিগদ্যতে (কথিত হয়) ; সবিকল্পশ্চ (সবিকল্প সমাধির) লক্ষণং (ইতরভেদের অনুমাপক লক্ষণ) বচ্মি (বলিতেছি), তৎ (তাহা) শৃণু (শ্রবণ) কর ॥ ৮১৯

অনুবাদ । পণ্ডিতেরা সবিকল্প ও নির্বিকল্প এই দুই প্রকার সমাধি বলিয়া থাকেন ; [তন্মধ্যে] সবিকল্প সমাধির লক্ষণ বলিতেছি, তাহা শ্রবণ কর ॥ ৮১৯

জ্ঞাত্রাদ্যবিলয়েনৈব জ্ঞেয়ব্রহ্মণি * কেবলে ।

তদাকারাকারিতয়া চিত্তবৃত্তেরবস্থিতিঃ ॥ ৮২০

সক্তিঃ স এব বিজ্ঞেয়ঃ সমাধিঃ সবিকল্পকঃ ।

মূদ এবাবভানেহপি মূন্যয়দ্বিপভানবৎ ॥ ৮২১

সন্মাত্রবস্তুভানেহপি ত্রিপুটী ভাতি সন্ময়ী ।

সমাধিরত এবায়ং সবিকল্প ইতীর্য্যতে ॥ ৮২২

অর্থঃ । জ্ঞাত্রাদ্যবিলয়েন এব (জ্ঞাতা ও জ্ঞানের বিলয় না হইয়াই) কেবলে (শুদ্ধ) জ্ঞেয়ব্রহ্মণি (জ্ঞানবিষয়ীভূত ব্রহ্মে) তদাকারাকারিতয়া (ব্রহ্মাকারে আকারিত হওয়ায়) চিত্তবৃত্তেঃ (অন্তঃকরণ-পরিণামের) অবস্থিতিঃ (অবস্থান) সক্তিঃ (সজ্জনগণকর্তৃক) সঃ এব (তাহাই) সবিকল্পকঃ (বিকল্প-যুক্ত) সমাধিঃ (যোগ) বিজ্ঞেয়ঃ (জ্ঞাতব্য), মূদঃ এব (মূঢ়িকারই) অবভানে অপি (প্রকাশেও) মূন্যয়দ্বিপভানবৎ (মূঢ়বিকার হস্তীর প্রকাশের তায়) সন্মাত্রবস্তুভানে অপি (নিত্যরূপ পদার্থের জ্ঞান হইলেও) সন্ময়ী (সত্তায়ুক্ত) ত্রিপুটী (জ্ঞাতা, জ্ঞান ও জ্ঞেয়—এই তিনটি) ভাতি (প্রকাশ পায়) অতঃ এব (এই নিমিত্তই) অয়ং (এই) সবিকল্পঃ (বিকল্পযুক্ত) সমাধিঃ (যোগ) ইতি (ইহা) ইতীর্য্যতে (কথিত হয়) ॥ ৮২০ ॥ ৮২১ ॥ ৮২২

অনুবাদ । জ্ঞাতা ও জ্ঞানের বিলয় না হইয়া শুদ্ধ জ্ঞেয় ব্রহ্মে তদাকারে চিত্তবৃত্তির অবস্থানকে সাধুগণ সবিকল্প সমাধি বলিয়া থাকেন, মূন্যয় হস্তী দেখিয়া তাহাতে মূঢ়িকার জ্ঞান হইয়াও যেমন মূন্যয় হস্তীর জ্ঞান হয়, তদ্রূপ সত্তা মাত্র বস্তুর জ্ঞান হইলেও, জ্ঞাতা, জ্ঞান ও জ্ঞেয় (এই তিনটি) অবভাসমান হয় ; অতএব পণ্ডিতেরা ইহাকে সবিকল্প সমাধি বলিয়া থাকেন ॥ ৮২০ ॥ ৮২১ ॥ ৮২২

* জ্ঞেয়ে ব্রহ্মণি ইতি বা পাঠঃ ।

নির্বিবকল্পসমাধিঃ ।

জ্ঞাত্ৰাদিভাবমুৎসৃজ্য জ্ঞেয়মাত্রস্থিতিদৃঢ়া ।

মনসো নির্বিবকল্পঃ স্মাৎ সমাধির্যোগসংজ্ঞিতঃ ॥৮২৩

অর্থঃ । জ্ঞাত্ৰাদিভাবং (জ্ঞাতা জ্ঞান প্রভৃতি ধর্ম) উৎসৃজ্য (ত্যাগ করিয়া) মনসঃ (মনের) দৃঢ়া (দৃঢ়রূপে) জ্ঞেয়মাত্রস্থিতিঃ (জ্ঞানের বিষয়মাত্রে অবস্থিতি) যোগসংজ্ঞিতঃ (যোগ এই নাম-বিশিষ্ট) নির্বিবকল্পঃ (বিবকল্পরহিত) সমাধিঃ (সমাধান) স্মাৎ (হইয়া থাকে) ॥ ৮২৩

অনুবাদ । জ্ঞাতৃত্বাদি পরিত্যাগ-পুরঃসর জ্ঞেয় বস্তুতে মনের দৃঢ় অবস্থানকে নির্বিবকল্প সমাধি বলে ; ইহারই নাম যোগ ॥ ৮২৩

জলে নিষ্কিপুলবণং জলমাত্রতয়া স্থিতম্ ।

পৃথঙ্ ন ভাতি কিং বৃন্ত * একমেবাবভাসতে ॥৮২৪

যথা তথৈব সা বৃন্তি ব্রহ্মমাত্রতয়া স্থিতা ।

পৃথঙ্ ন ভাতি ব্রহ্মেবাদ্বিতীয়মবভাসতে ॥ ৮২৫

অর্থঃ । যথা (যেমন) জলে (উদকে) নিষ্কিপুলবণং (প্রক্ষিপ্তসৈন্ধব) জলমাত্রতয়া (কেবল জলরূপে) স্থিতং (অবাস্থিত) পৃথক্ (পৃথক্ভাবে) ন ভাতি (প্রকাশ পায় না) কিং বৃন্ত * [অথবা কিস্ত—পরন্ত] একম্ এব (কেবলই) অস্তঃ (জল) অবশিষ্টতে (অবশিষ্ট থাকে), তথা (সেইরূপ) ব্রহ্মমাত্রতয়া (ব্রহ্মস্বরূপত্বরূপে) স্থিতা (অবস্থিত) সা (সেই) বৃন্তিঃ (চিত্ত-পরিণাম) পৃথক্ (পৃথক্ভাবে) ন ভাতি (প্রকাশ পায় না) অদ্বিতীয়ং (এক-রূপ) ব্রহ্ম এব (শুদ্ধচৈতন্যই) অবভাসতে (প্রকাশ পায়) ॥ ৮২৪ ॥ ৮২৫

অনুবাদ । যেমন জলে লবণ নিক্ষেপ করিলে তাহা জলরূপে অবাস্থিত থাকে, পৃথক্ রূপে প্রতিভাত হয় না, কিস্ত কেবল জলই অবভাসমান থাকে, সেইরূপ ব্রহ্মমাত্ররূপে অবাস্থিত অস্তঃকরণবৃন্তি পৃথক্ভাবে প্রকাশ পায় না, অদ্বিতীয় ব্রহ্মরূপে প্রকাশ পাইয়া থাকে ॥ ৮২৪ ॥ ৮২৫

জ্ঞাত্ৰাদিকল্পনাভাবান্মতোহয়ং নির্বিবকল্পকঃ ।

বৃত্তেঃ সদ্ভাববাধাভ্যামুভয়োর্ভেদ ইয়্যতে ॥ ৮২৬

অর্থঃ । জ্ঞাত্ৰাদিকল্পনাভাবাৎ (জ্ঞাতা, জ্ঞান প্রভৃতির কল্পনা না থাকা বশতঃ) অয়ং (এই) নির্বিবকল্পকঃ (নির্বিবকল্প সমাধি) মতঃ (সাধুগণের অভিমত), বৃত্তেঃ (চিত্তবৃত্তির) সদ্ভাববাধাভ্যাম্ (স্থিতি ও নাশবশতঃ)

* কিস্ত ইতি বা পাঠঃ ।

উভয়োঃ (সবিকল্প ও নির্বিকল্পের) ভেদঃ (বিশেষ, ভিন্নতা) ইচ্ছতে (অভি-
লষিত হয়) ॥ ৮২৩

অনুবাদ । জ্ঞাতা ও জ্ঞান প্রভৃতির করন্য না থাকায়, সাধুগণ ইহাকে
নির্বিকল্প সমাধি বলিয়া থাকেন । সবিকল্প সমাধিতে চিত্তবৃত্তি থাকে,
নির্বিকল্প সমাধিতে চিত্তবৃত্তি থাকে না ইহাই উভয় প্রকার সমাধির ভেদ ॥ ৮২৬

সমাধিসুপ্ত্যা জ্ঞানজ্ঞানং সুপ্ত্যত্র নেষ্যতে ।

সবিকল্পো নির্বিকল্পঃ সমাধির্দ্বাবিমৌ হৃদি ॥ ৮২৭

মুমুক্শোর্যত্নতঃ কার্যো বিপরীতনিবৃত্তয়ে ।

কৃতেহস্মিন্ বিপরীতায় ভাবনায় নিবর্তনম্ ।

জ্ঞানশ্চাপ্রতিবন্ধত্বং সদানন্দশ্চ সিধ্যতি ॥ ৮২৮

অনুবাদ । অত্র (ইহাতে—নির্বিকল্প সমাধিতে) সুপ্ত্যা (সুষুপ্তিদ্বারা)
সমাধিসুপ্ত্যাঃ (সমাধি এবং সুষুপ্তির) জ্ঞানং (বোধ) চ (এবং) অজ্ঞানং
(জ্ঞানাভাব অথবা অবিজ্ঞান) ন ইচ্ছতে (অভিপ্রেত, ইষ্ট হয় না), সবিকল্পঃ
(বিকল্পযুক্ত) নির্বিকল্পঃ (বিকল্পরহিত) সমাধিঃ (যোগ), ইমৌ (এই) দ্বৌ
(দুইটি) বিপরীতনিবৃত্তয়ে (বিরুদ্ধ ভাবনা নিবৃত্তির জন্ত) মুমুক্শোঃ (মুক্তকাম
পুরুষের) হৃদি (মনে) যত্নতঃ (যত্নসহকারে) কার্যো (করা কর্তব্য), অস্মিন্
(এই সমাধি) কৃতে (অর্জিত হইলে) বিপরীতভাবনায়ঃ (বিরুদ্ধ চিন্তার)
নিবর্তনং (নিবৃত্তি) [ভবতি—হয়], জ্ঞানশ্চ (জ্ঞানের) অপ্ৰতিবন্ধত্বং
(অপ্ৰতিবন্ধ) সদা (সর্বদা) আনন্দঃ চ (এবং সুখ) সিধ্যতি (সম্পন্ন
হয়) ॥ ৮২৭ ॥ ৮২৮

অনুবাদ । নির্বিকল্প সমাধিতে সাধুগণ সবিকল্প সমাধি ও সুষুপ্তি-গত জ্ঞান
ও অজ্ঞানকে স্বীকার করেন না । মুমুক্শু পুরুষ বিপরীত ভাবনা নিবৃত্তির
নিমিত্ত মনোমধ্যে যত্নসহকারে সবিকল্প ও নির্বিকল্প এই দুই প্রকার সমাধির
অনুষ্ঠান করিবেন । এই সমাধি অর্জিত হইলে বিপরীত ভাবনা নিবৃত্ত হয়,
অপ্ৰতিবন্ধ-জ্ঞান উৎপন্ন হয় এবং নিত্য আনন্দ আবির্ভূত হয় ॥ ৮২৭ ॥ ৮২৮

দৃশ্যানুবিন্দসবিকল্পঃ ।

দৃশ্যানুবিন্দঃ শব্দানুবিন্দশ্চেতি দ্বিধা মতঃ ॥ ৮২৯

সবিকল্পস্তয়োৰ্যং তল্লক্ষণং বচমি তচ্ছৃণু ।

কামাদিপ্রত্যয়েদৃশ্যৈঃ সংসর্গো যত্র দৃশ্যতে ॥ ৮৩০

সোহয়ং দৃশ্যানুবিদ্ধঃ স্মাৎ সমাধিঃ সবিকল্পকঃ ।

অহং মমেদমিত্যাদিকামক্রোধাদিবৃত্তয়ঃ ॥ ৮৩১

দৃশ্যন্তে যেন সংদৃষ্টা দৃশ্যাঃ স্মারহমাদয়ঃ ।

কামাদিসর্ববৃত্তীনাং দ্রষ্টারমবিকারিণম্ ॥ ৮৩২

সাক্ষিণং স্বং বিজানীয়াৎ যস্তাঃ পশ্যতি নিষ্ক্রিয়ঃ ।

কামাদানাংমহং সাক্ষী দৃশ্যন্তে তে যয়া ততঃ ॥ ৮৩৩

ইতি সাক্ষিতয়াত্মানং জানাত্যাত্মনি সাক্ষিণম্ ।

দৃশ্যং কামাদি সকলং স্বাত্মন্যেব বিলাপয়েৎ ॥ ৮৩৪

অর্থঃ । সবিকল্পকঃ (সবিকল্প সমাধি) দৃশ্যানুবিদ্ধঃ (দৃশ্যসম্বন্ধঃ) শব্দানুবিদ্ধঃ (শব্দসম্বন্ধ) চ (এবৎ) দ্বিধা (দুই প্রকার) মতঃ (অভিমত), তয়োঃ (তাহাদের উভয়ের) যৎ (যাহা) লক্ষণং (চিহ্ন) তৎ (তাহা), বচমি বলিতেছি) শৃণু (শ্রবণ কর), যত্র (যে সমাধিতে) কামাদিপ্রত্যয়েঃ (কামাদি-বিষয়ক জ্ঞান) দৃশ্যৈঃ (দৃশ্যসমূহের দ্বারা) সংসর্গঃ (সম্বন্ধ) দৃশ্যতে (দৃষ্ট হয়) সঃ (সেই) অহং (এই) দৃশ্যানুবিদ্ধঃ (দৃশ্য-সম্বন্ধ) সবিকল্পকঃ (সবিকল্প) সমাধিঃ (যোগ) স্মাৎ (হয়) অহংমমেত্যাদিকামক্রোধাদিবৃত্তয়ঃ (আমি, আমার—এইরূপ কাম, ক্রোধ প্রভৃতি চিত্তবৃত্তিসমূহ) যেন (যৎ কর্তৃক) শ্রান্তে (দৃষ্ট হয়) অহমাদয়ঃ (আমি আমার প্রভৃতি) দৃশ্যাঃ (দৃশ্যসমূহ) [যেন-যৎ কর্তৃক] সংদৃষ্টা (অবলোকিত হয়), কামাদিসর্ববৃত্তীনাং (কাম, ক্রোধ প্রভৃতি যাবতীয় চিত্তের অবস্থার) দ্রষ্টারম্ (দর্শক) অবিকারিণং (বিকারশূন্য) সাক্ষিণং (উদাসীন) স্বং (আত্মাকে) যঃ (যিনি) বিজানীয়াৎ (জানেন), যঃ—যিনি] নিষ্ক্রিয়ঃ (নিষ্কর্য়াপার হইয়া) তাঃ (সেই সমস্ত বৃত্তিকে) পশ্যতি (দেখেন), অহং (আমি) কামাদীনাং (কাম ক্রোধ প্রভৃতির) সাক্ষী (দ্রষ্টা) ততঃ (অতএব) তে (তাহারা—কামক্রোধ প্রভৃতি) যয়া (মৎ কর্তৃক) শ্রান্তে (দৃষ্ট হইতেছে), ইতি (এইরূপ) সাক্ষিতয়া (দ্রষ্টৃরূপে) আত্মনি (আত্মাতে) আত্মানং (নিজকে) বিজানীয়াৎ (জানিয়া থাকেন), কামাদি (কাম ক্রোধ প্রভৃতি) সকলং (সমস্ত) দৃশ্যং (দর্শনের বিষয়) স্বাত্মনি (আত্মাতেই) বিলাপয়েৎ (লয় করিবে) ॥ ৮৩১ ৮ ৩০ ৮ ৩১ ৮ ৩২ ৮ ৩৩ ৮ ৩৪

অনুবাদ । সবিকল্প সমাধি দুই প্রকার,—দৃশ্যানুবিদ্ধ ও শব্দানুবিদ্ধ ; তাহাদের উভয়ের লক্ষণ বলিতেছি, শ্রবণ কর । যাহাতে কামক্রোধ প্রভৃতি প্রত্যয়-রূপ দৃশ্য পদার্থসমূহের সহিত সম্বন্ধ হয়, তাহাকে দৃশ্যানুবিদ্ধ সবিকল্প সমাধি বলে । তাহার দ্বারা অহং মম ইত্যাদি কামক্রোধ প্রভৃতির বৃত্তিগুলি পরিদৃষ্ট হয়—যিনি অহং মম প্রভৃতি দৃশ্য পদার্থসমূহের দ্রষ্টা, সমস্ত কামাদি বৃত্তির দর্শক, বিকার-রহিত সাক্ষী আত্মাকে যিনি জানেন, যিনি নিষ্ক্রিয় থাকিয়া এই সমস্ত বৃত্তি

নিরীক্ষণ করেন, আমি কামক্রোধাদি বৃত্তির সাক্ষী, অতএব সেই সমুদায় আমি দর্শন করি—এইরূপ সাক্ষিতাবে আত্মাতে আত্মাকে যিনি জানেন এবং কামাদি দৃশ্য সমুদায় আত্মাতেই লীন করেন ॥ ৮২৯ ॥ ৮৩০ ॥ ৮৩১ ॥ ৮৩২ ॥ ৮৩৩ ॥ ৮৩৪

নাহং দেহো নাপ্যনুর্নাক্ষবর্গো

নাহঙ্কারো নো মনো নাপি বুদ্ধিঃ ।

অন্তস্তেষাং চাপি তদ্বিক্রিয়াণাং

সাক্ষী নিত্যঃ প্রত্যগেবাহমস্মি ॥ ৮৩৫

অর্থঃ । অহং (আমি) দেহঃ (শরীর) ন (নহি), অনুঃ অপি ন (প্রাণও নহি) অক্ষবর্গঃ (ইন্দ্রিয়সমূহ) ন (নহি), অহঙ্কারঃ (অভিমান) ন (নহি), মনঃ (মন) নো (নহি), বুদ্ধিঃ অপি ন (বুদ্ধিও নহি) [যত্র—যেখানে] তেষাং (দেহ প্রভৃতির) তদ্বিক্রিয়াণাং চ অপি (এবং দেহাদির বিকারেরও) অন্তঃ (অবসান) [সঃ—সেই সাক্ষী] (উদাসীন) নিত্যঃ (সৎস্বরূপ) প্রত্যক্ (ব্যাপক আত্মা) অহম্ এব (আমিই) অস্মি (হই) ॥ ৮৩৫

অনুবাদ । আমি দেহ নহি, কিংবা প্রাণ, ইন্দ্রিয়সমূহ, অহঙ্কার, মনঃ, বুদ্ধি নহি; দেহাদি ও তাহাদের বিকার-সমূহের যেখানে অবসান হইয়াছে, সেই সাক্ষিস্বরূপ নিত্য ব্যাপক আত্মাই আমি ॥ ৮৩৫

বাচঃ সাক্ষী প্রাণবৃত্তেশ্চ সাক্ষী

বুদ্ধেঃ সাক্ষী বুদ্ধিবৃত্তেশ্চ সাক্ষী ।

চক্ষুঃশ্রোত্রাদীন্দ্রিয়াণাঞ্চ সাক্ষী

সাক্ষী নিত্যঃ প্রত্যগেবাহমস্মি ॥ ৮৩৬

অর্থঃ । [যঃ—যিনি] বাচঃ (বাক্যের) সাক্ষী (জ্ঞেয়) প্রাণবৃত্তেঃ চ (এবং প্রাণের ব্যাপারের) সাক্ষী (জ্ঞেয়) বুদ্ধেঃ (বুদ্ধির) সাক্ষী (জ্ঞেয়) বুদ্ধিবৃত্তেঃ চ (বুদ্ধিবৃত্তিরও) সাক্ষী (জ্ঞেয়) চক্ষুঃশ্রোত্রাদীন্দ্রিয়াণাঞ্চ চ (চক্ষুঃ শ্রবণ প্রভৃতি ইন্দ্রিয়সমূহেরও) সাক্ষী (জ্ঞেয়) [সঃ—সেই] নিত্যঃ (সৎস্বরূপ) সাক্ষী (উদাসীন) প্রত্যক্ এব (ব্যাপক আত্মাই) অহম্ (আমি) অস্মি (হই) ॥ ৮৩৬

অনুবাদ । যিনি বাক্যের এবং প্রাণক্রিয়ার সাক্ষী, বুদ্ধি ও বুদ্ধিবৃত্তির সাক্ষী, যিনি চক্ষুঃ শ্রোত্র প্রভৃতি ইন্দ্রিয়বর্গের সাক্ষী, সেই উদাসীন নিত্য প্রত্যগাত্মাই আমি ॥ ৮৩৬

নাহং স্থলো নাপি সূক্ষ্মো ন দীর্ঘো

নাহং বালো নো যুবা নাপি বৃদ্ধঃ ।

নাহং কাণো নাপি মুকো ন ষণ্ডঃ

সাক্ষী নিত্যঃ প্রত্যগেবাহমস্মি ॥ ৮৩৭

অর্থঃ । অহং (আমি) মূলঃ (মোটা) ন (নহি), মূলঃ অপি (সক্র, কৃশও)
ন (নহি), দীর্ঘঃ (বিস্তৃত) ন (নহি), অহং (আমি) বালঃ (শিশু)
ন (নহি), যুবা (তরুণ) নো (নহি), বৃদ্ধঃ অপি (স্থবিরও) ন (নহি),
অহং (আমি) কাণঃ (চক্ষুর্বিহীন) ন (নহি), মুকঃ অপি (বোবা, বাক্শক্তি-
বিহীনও) ন (নহি), ষণ্ডঃ (ক্লীব) ন (নহি), সাক্ষী (উদাসীন) নিত্যঃ (সৎ-
স্বরূপ) প্রত্যক্ এব (ব্যাপক আত্মাই) অহম্ (আমি) অস্মি (হই) ॥ ৮৩৭

অনুবাদ । আমি মূল নহি, মূল বা দীর্ঘ নহি, বালক, তরুণ কিংবা বৃদ্ধ নহি ;
আমি নেত্রবিহীন, বোবা কিংবা ক্লীব নহি, সাক্ষিস্বরূপ নিত্য প্রত্যগাত্মাই
আমি ॥ ৮৩৭

নাস্ম্যাগস্তা নাপি গস্তা ন হস্তা

নাহং কর্তা ন প্রযোক্তা ন বক্তা ।

নাহং ভোক্তা নো স্তুখী নৈব হুঃখী

সাক্ষী নিত্যঃ প্রত্যগেবাহমস্মি ॥ ৮৩৮

অর্থঃ । অহং (আমি) আগস্তা (আগমনকারী) ন অস্মি (হই না),
গস্তা অপি (গতিমানও) ন (নহি) হস্তা (হননকর্তা) ন (নহি), কর্তা
(কর্তৃত্ববিশিষ্ট) ন (নহি), প্রযোক্তা (প্রয়োগকর্তা) ন (নহি), বক্তা (বক্তৃতা-
কারী) ন (নহি), অহং (আমি) ভোক্তা (ভোক্তৃত্বযুক্ত) ন (নহি), স্তুখী
(স্তুখবিশিষ্ট) ন (নহি), হুঃখী এব (হুঃখিতও) ন (নহি), সাক্ষী (উদাসীন)
নিত্যঃ (সদা বর্তমান) প্রত্যক্ এব (পরমাত্মাই) অহম্ (আমি) অস্মি
(হই) ॥ ৮৩৮

অনুবাদ । আমি কোন স্থান হইতে আসি নাই, কিংবা গতিমানও নহি ;
হস্তা, কর্তা, প্রযোক্তা, বক্তা, ভোক্তা, স্তুখী বা হুঃখী আমি নহি ; সাক্ষিস্বরূপ
নিত্য পরমাত্মাই আমি ॥ ৮৩৮

নাহং যোগী নো বিয়োগী ন রাগী

নাহং ক্রোধী নৈব কামী ন লোভী ।

নাহং বন্ধো নাপি যুক্তো ন মুক্তঃ

সাক্ষী নিত্যঃ প্রত্যগেবাহমস্মি ॥ ৮৩৯

অর্থঃ । অহং (আমি) যোগী (সমাধিমান পুরুষ) ন (নহি), বিয়োগী
(যোগবিহীন পুরুষ) ন (নহি) রাগী (অমুরাগবান পুরুষ) ন (নহি) অহং
(আমি) ক্রোধী (ক্রুদ্ধ) ন (নহি) কামী এব (কামনাবানও) ন (নহি)

লোভী (লোভযুক্ত) ন (নহি) অহং (আমি) বন্ধঃ (বন্ধনযুক্ত) ন (নহি)
যুক্তঃ (কার্যে নিযুক্ত) ন (নহি) মুক্তঃ (মুক্তিপ্রাপ্ত) ন (নহি) সাক্ষী
(উদাসীন) নিত্যঃ (সदा বিদ্যমান) প্রত্যক্ এব (ব্যাপক আত্মা, পরমাত্মাই)
অহম্ (আমি) অস্মি (হই) ॥ ৮৩৯

অনুবাদ । আমি যোগী নহি কিংবা বিরোগীও নহি ; আমি রাগী, ক্রোধী,
কামী, কিংবা লোভীও নহি ; আমি বন্ধ, কোন কার্যে নিযুক্ত কিংবা মুক্ত নহি ;
সাক্ষিস্বরূপ নিত্য প্রত্যগাত্মা আমি ॥ ৮৩৯

নাস্তুঃপ্রজ্ঞো ন বহিঃপ্রজ্ঞকো বা

নৈব প্রজ্ঞো নাপি চাপ্রজ্ঞ এষঃ ।

নাহং শ্রোতা নাপি মন্তা ন বোদ্ধা

সাক্ষী নিত্যঃ প্রত্যগেবাহমস্মি ॥ ৮৪০

অর্থঃ । এষঃ (এই) অহম্ (আমি) অস্তুঃপ্রজ্ঞঃ (অস্তুঃসংজ্ঞায়ুক্ত) বা
(কিংবা) বহিঃপ্রজ্ঞকঃ (বহিঃসংজ্ঞায়ুক্ত) ন (নহি) প্রজ্ঞঃ এব (প্রকৃষ্ট-জ্ঞান-
বান্ও) ন (নহি) অপ্রজ্ঞঃ চ (প্রজ্ঞাহীনও) ন (নহি) শ্রোতা (শ্রবণ-কর্তা) ন
(নহি) মন্তা অপি (মননকর্তাও) ন (নহি) বোদ্ধা (জ্ঞাতা) ন (নহি)
সাক্ষী (উদাসীন) নিত্যঃ (সदा বর্তমান) প্রত্যক্ এব (বিভূ আত্মাই) অহম্
অস্মি (হই) ॥ ৮৪০

অনুবাদ । আমি অস্তুঃসংজ্ঞাবিশিষ্ট কিংবা বহিঃসংজ্ঞায়ুক্ত নহি ; আমি প্রকৃষ্ট
জ্ঞানী বা অজ্ঞ নহি ; আমি শ্রোতা, মন্তা ও বিজ্ঞাতা নহি ; সাক্ষিস্বরূপ নিত্য
প্রত্যগাত্মাই আমি ॥ ৮৪০

ন মেহস্তি দেহেন্দ্রিয়বুদ্ধিযোগো

ন পুণ্যলেশোহপি ন পাপলেশঃ ।

ক্ষুধাপিপাসাদিষড়্ শ্মিদূরঃ

সদা বিমুক্তোহস্মি চিদেব কেবলঃ ৮৪১

অর্থঃ । মে (মম) দেহেন্দ্রিয়বুদ্ধিযোগঃ (শরীর, ইন্দ্রিয়সমূহ এবং
বুদ্ধির সহিত সম্বন্ধ) ন অস্তি (নাই) পুণ্যলেশঃ অপি (স্নেহকৃতকণাও) ন (নাই)
পাপলেশঃ (হ্রস্বকৃতকণা) ন (নাই) ক্ষুধাপিপাসাদিষড়্ শ্মিদূরঃ (যিনি ক্ষুধাপিপাসা,
শোক, মোহ, জরা ও মৃত্যু এই ছয়টি দেহধর্ম হইতে দূরে অবস্থিত, অর্থাৎ এই
সমস্ত দেহধর্ম বাহ্যকে স্পর্শ করিতে পারে না) সদা (সর্বদা) বিমুক্তঃ (মুক্ত)
কেবলঃ (শুদ্ধ) [সেই] চিৎ এব (জ্ঞানস্বরূপই) [অহং—আমি] অস্মি
(হই) ॥ ৮৪১

অনুবাদ । আমার দেহ, ইন্দ্রিয়বর্গ কিংবা বুদ্ধির সহিত [কোনরূপ] সম্বন্ধ
নাই ; স্বল্পমাত্র পুণ্য বা পাপ আমাকে স্পর্শ করিতে পারে না ; ক্ষুধা, পিপাসা,

শোক, মোহ, জরা ও মৃত্যু এই ছয়টি শরীরধর্ম হইতে দূরে অবস্থিত শুদ্ধ, শুদ্ধ জ্ঞানস্বরূপ আত্মাই আমি ॥ ৮৪১ ॥

অপাণিপাদোহমবাগচক্ষু-

রপ্রাণ এবাস্ম্যমনা হবুদ্ধিঃ ।

ব্যোমেব পূর্ণোহস্মি বিনির্মলোহস্মি

সদৈকরূপোহস্মি চিদেব কেবলঃ ॥ ৮৪২

অর্থঃ । অহং (আমি) অপাণিপাদঃ (হস্তপদাদিরহিত) অবাক্ (বাকশক্তিশূন্য) অচক্ষুঃ (চক্ষুর্হয়শূন্য) অপ্রাণঃ এব (প্রাণরহিতও) অস্মি (হই) হি (নিশ্চিত) অমনাঃ (মনোরহিত) অবুদ্ধিঃ (বুদ্ধিশূন্য) ব্যোম (আকাশ) ইব (তুল্য) পূর্ণঃ (পরিপূর্ণস্বরূপ) অস্মি (হই) বিনির্মলঃ (স্বচ্ছ) অস্মি (হই) সদা (সর্বদা) একরূপঃ (কূটস্থ) কেবলঃ (শুদ্ধ) চিৎ এব (জ্ঞান-স্বরূপই) অস্মি (আছি) ॥ ৮৪২

অনুবাদ । আমি হস্ত ও পদ নহি ; আমি বাক্য, চক্ষুঃ, প্রাণ, মনঃ বা বুদ্ধি নহি ; আমি আকাশের স্তায় বিভূ, স্বচ্ছ, সদা কূটস্থ শুদ্ধ জ্ঞানস্বরূপে অবস্থিত আছি ॥ ৮৪২ ॥

ইতি স্বমাত্মানমবেক্ষমাণঃ

প্রতীতদৃশ্যং প্রবিলাপয়ন্ সদা ।

জহাতি বিদ্বান্ বিপরীতভাবং

স্বাভাবিকং ভ্রান্তিবশাৎ প্রতীতম্ ॥ ৮৪৩

অর্থঃ । ইতি (এইরূপে—পূর্কোক্ত প্রকারে) স্বং (স্বকীয়) আত্মানম্ (আত্মাকে) অববেক্ষমাণঃ (দর্শনকারী) বিদ্বান্ (পণ্ডিত) সদা (সর্বদা) প্রতীতদৃশ্যং (অমুভূত ঘটপটাদি দৃশ্যবস্তু) প্রবিলাপয়ন্ (দূর করিয়া, কারণে অন্তর্গত করিয়া) ভ্রান্তিবশাৎ (ভ্রমপ্রযুক্ত) প্রতীতং (অমুভূত) স্বাভাবিকং (আবিষ্কৃত, অবিচ্ছিন্ন) বিপরীতভাবং (বিরুদ্ধভাব) জহাতি (ত্যাগ করেন) ॥ ৮৪৩

অনুবাদ । বিদ্বান্ পূর্কোক্ত প্রকারে স্বকীয় আত্মাকে দর্শন করিয়া সতত অমুভূত ঘটপটাদি দৃশ্যকে কারণে অন্তর্গত করিয়া ভ্রমবশতঃ অমুভূত স্বাভাবিক বিপরীতভাব (দেহাদিতে আত্মবুদ্ধি) কে পরিত্যাগ করেন ॥ ৮৪৩ ॥

বিপরীতাত্মতাস্মুর্তিরেব মুক্তিরিতির্ধ্যতে ।

সদা সমাহিতশ্চৈব সৈষা সিধ্যতি নান্যথা ॥ ৮৪৪

অর্থঃ । বিপরীতাত্মতাস্মুর্তিঃ এব (বিপরীতরূপে আত্মার অপ্রকাশ অর্থাৎ দেহ ইন্দ্রিয় প্রভৃতিতে আত্মবুদ্ধি না হওয়াই) মুক্তিঃ (মোক্ষ) ইতি (ইহা)

ঈর্ষ্যাতে (কথিত হয়) ; সদা (সর্বদা) সমাহিতস্ত এব (সমাধিমান্ পুরুষেরই)
এবা (এই মুক্তি) সিধ্যতি (সিদ্ধ হয়), অন্তথা ন (অন্ত প্রকারে হয় না) ॥ ৮৪৪

অনুবাদ । পণ্ডিতগণ দেহ ইন্দ্রিয় প্রভৃতিতে আত্মত্ববুদ্ধি না হওয়াকেই মুক্তি
বলিয়া থাকেন, সর্বদা সমাধিমান্ পুরুষের মুক্তি ঘটিয়া থাকে, অন্তপ্রকারে
হয় না ॥ ৮৪৪

ন বেষভাষাভিরমুষ্য মুক্তি-

যাঁকেবলাখণ্ডচিদাত্মনা স্থিতিঃ ।

তৎসিদ্ধয়ে স্বাত্মনি সর্বদা স্থিতো

জহাদহস্তাং মমতামুপাধৌ ॥ ৮৪৫

অর্থ । অমুষ্য (এই পুরুষের) বেষভাষাভিঃ (ভূষা ও ভাষা দ্বারা)
মুক্তিঃ (মোক্ষ) ন (হয় না) যা (যাহা) কেবলাখণ্ডচিদাত্মনা (শুদ্ধ অখণ্ড—
একরূপ—চৈতন্যরূপে) স্থিতিঃ (বিদ্যমানতা) [এব—ই, মুক্তিঃ—মোক্ষ]
তৎসিদ্ধয়ে (মুক্তিলাভের নিমিত্ত) স্বাত্মনি (স্বরূপে) সর্বদা (সকল সময়)
স্থিতঃ (অবস্থিত পুরুষ) অহস্তাং (আমি স্থূল ইত্যাদি অহংভাব) মমতাং
(আমার দেহ ইত্যাদি মমত্ব) [এইরূপ] উপাধৌ (উপাধিধরকে) জহাং
(ত্যাগ করিবে) ॥ ৮৪৫

অনুবাদ । বেশ (মুমুকুর পরিচ্ছদ) ও ভাষা (মুমুকুর গায় কথ্য) দ্বারা
মুক্তিলাভ হয় না ; শুদ্ধ অখণ্ড জ্ঞানস্বরূপ আত্মাতে অবস্থান করাকে মুক্তি বলে ।
পণ্ডিত ব্যক্তি মুক্তিলাভের নিমিত্ত সর্বদা আত্মস্বরূপে অবস্থিত থাকিয়া অহস্তা ও
মমতাকে বর্জন করিবেন ॥ ৮৪৫ ॥

স্বাত্মতত্ত্বং সমালম্ব্য কুৰ্ব্ব্যাৎ প্রকৃতিনাশনম্ ।

তেনৈব মুক্তো ভবতি নান্যথা কৰ্ম্মকোটিভিঃ ॥ ৮৪৬

অর্থ । স্বাত্মতত্ত্বং (আত্মার যথার্থ স্বরূপকে) সমালম্ব্য (আশ্রয় করিয়া)
প্রকৃতিনাশনং (অজ্ঞান-বিনাশ) কুৰ্ব্ব্যাৎ (করিবেন), তেন এব (তাহার দ্বারা—
অজ্ঞানের নাশ দ্বারাই) মুক্তঃ (মুক্তিযুক্ত) ভবতি (হন) অন্তথা (অন্তপ্রকারে)
কৰ্ম্মকোটিভিঃ (কোটি কোটি কৰ্ম্মের অহুষ্ঠান দ্বারা) ন (হয় না) ॥ ৮৪৬

অনুবাদ । [মানব] আত্মার যথার্থ স্বরূপ অবলম্বন করিয়া (অবগত হইয়া)
অবিচার বিনাশসাধন করিবেন । একমাত্র আত্ম-জ্ঞান দ্বারা মুক্তি হয় ; তন্তির
কোটি কোটি কৰ্ম্মের অহুষ্ঠানের দ্বারা মুক্তি হয় না ॥ ৮৪৬

জ্ঞাত্বা দেবং সর্বপাশাপহানিঃ

ক্ষীণৈঃ ক্লেশৈর্জন্মমৃত্যুপ্রহানিঃ ।

ইত্যেবৈষা বৈদিকী বাগ্ভ্রবীতি

ক্লেশক্ষত্যাং জন্মমৃত্যুপ্রহানিম্ ॥ ৮৪৭

অর্থঃ । দেবং (ব্রহ্মকে) জ্ঞান্ভা (জানিয়া) সর্বপাশাপহানিঃ (সমস্ত বন্ধননাশ হয়) ক্লেশৈঃ (অবিद्या, অশ্রিতা, রাগ, দ্বেষ, অভিনিবেশ এই পাঁচটি ক্লেশ) কীর্ণৈঃ (ক্ষয় প্রাপ্ত হেতু) জন্মমৃত্যুপ্রহানিঃ (উৎপত্তি ও মরণের অভাব) [হয়] ইতি এব (এইরূপই) বৈদিকী (বেদসম্বন্ধিনী) বাক্ (বাক্য, শ্রুতি) ক্লেশক্ষত্যাং (ক্লেশক্ষয় হইলে) জন্মমৃত্যুপ্রহানিং (জন্ম ও মরণের নাশ) বীতি (বলিয়া থাকেন ॥ ৮৪৭

অনুবাদ । ব্রহ্মকে জানিয়া সমস্ত বন্ধন হইতে বিমুক্ত হয়, অবিद्या, অশ্রিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশ—এই পাঁচটি ক্লেশ ক্ষয় প্রাপ্ত হইলে উৎপত্তি ও বিনাশ থাকে না—এইরূপ শ্রুতি, ক্লেশক্ষয় হইলে, জন্ম ও মৃত্যুর অভাব হয়,—ইহাই বলিয়া থাকেন ॥ ৮৪৭

ভূয়ো জন্মাণ্ডপ্রসক্তিবিমুক্তিঃ

ক্লেশক্ষত্যাং ভাতি জন্মাণ্ডভাবঃ ।

ক্লেশক্ষত্যা হেতুরাত্মৈকনিষ্ঠা

তস্ম্যাং কার্য্যা হ্যাত্মনিষ্ঠা মুমুক্শোঃ ॥ ৮৪৮

অর্থঃ । ভূয়ঃ (পুনর্বার) জন্মাণ্ডপ্রসক্তিঃ (জন্মনাশ প্রভৃতির অপ্রাপ্তি) বিমুক্তিঃ (মুক্তি, মোক্ষ) ক্লেশক্ষত্যাং (অবিद्याদি ক্লেশ-পঞ্চকের ক্ষয় হইলে) জন্মাণ্ডভাবঃ (জন্ম প্রভৃতির অভাব) ভাতি (প্রকাশ পায়) আত্মৈকনিষ্ঠা (একমাত্র আত্মজ্ঞানপরায়ণতা) ক্লেশক্ষত্যাঃ (ক্লেশনাশের) হেতুঃ (কারণ) স্ম্যাং (সেইজন্য) মুমুক্শোঃ (মুক্তিকাম ব্যক্তির) আত্মনিষ্ঠা (আত্মপরায়ণতা) কার্য্যা (কর্তব্য) হি (নিশ্চিত) ॥ ৮৪৮

অনুবাদ । পুনর্বার জন্ম, বিনাশ প্রভৃতির অপ্রাপ্তিকে মোক্ষ বলা যায় । অবিद्याদি ক্লেশের ক্ষয় হইলে জন্ম ও বিনাশ আর থাকে না । একমাত্র আত্মরূপে অবস্থিতি ক্লেশক্ষয়ের কারণ ; অতএব মুমুকু পুরুষের আত্মনিষ্ঠ হওয়া কান্ত কর্তব্য ॥ ৮৪৮

ক্লেশাঃ স্যুর্বাসনা এব জন্তোর্জন্মাদিকারণম্ ।

জ্ঞাননিষ্ঠাশ্চিনা দাহে তাসাং নো জন্মহেতুতা ॥ ৮৪৯

অর্থঃ । বাসনাঃ এব (সংস্কারগুলিই) ক্লেশাঃ (ক্লেশ এই সংজ্ঞায়ুক্ত) স্তাঃ (প্রাণীর) জন্মাদিকারণম্ (জন্ম, নাশের হেতু) স্যুঃ (হয়), জ্ঞান-নিষ্ঠাশ্চিনা (জ্ঞানের পরাকাষ্ঠারূপ অগ্নি দ্বারা) তাসাং (সেই বাসনাসমূহের) দাহে (হি হইলে) জন্মহেতুতা (জন্মকারণতা) নো [ন—তিষ্ঠতি] (থাকে না) ॥ ৮৪৯

অনুবাদ । বাসনা-(সংস্কার)-কে ক্লেশ বলা যায় ; তাহাই প্রাণিগণের

জন্মমৃত্যুর হেতু হইয়া থাকে । জ্ঞানের উৎকর্ষরূপ অগ্নি দ্বারা বাসনা সকল দগ্ধ হইলে, তাহারা কিরূপে জন্মের কারণ হইবে ? ॥ ৮৪৯

বীজাণুগ্নিপ্রদক্ষানি ন রোহস্তি যথা পুনঃ ।

জ্ঞানদক্ষৈস্তথা ক্লেশৈর্নাত্মা সম্পদ্যতে পুনঃ ॥ ৮৫০

অর্থ । বীজানি (বীজসমূহ) অগ্নিপ্রদক্ষানি (আগুনের দ্বারা দগ্ধ) [সস্তি—হইলে] যথা (যেমন) পুনঃ (আবার) ন রোহস্তি (অকুরিত হয় না), তথা (সেইরূপ) জ্ঞানদক্ষৈঃ (জ্ঞানের দ্বারা দগ্ধ) ক্লেশৈঃ (বাসনাসমূহ কর্তৃক) পুনঃ (আবার) আত্মা (স্বরূপ) ন সম্পদ্যতে (প্রাপ্ত হয় না) ॥ ৮৫০

অনুবাদ । যেমন বীজ সমুদায় অগ্নি দ্বারা দগ্ধ হইলে আর অকুর উৎপাদন করে না, সেইরূপ ক্লেশরাশি জ্ঞানের দ্বারা দগ্ধ হইলে আবার স্বরূপ প্রাপ্ত হয় না ॥ ৮৫০

তস্মান্মুমুকোঃ কর্তব্য্যা জ্ঞাননিষ্ঠা প্রযত্নতঃ ।

নিঃশেষবাসনাক্ষতৈ্যে বিপরীতনিবৃত্তয়ে ॥ ৮৫১

অর্থ । তস্মাৎ (সেইজন্য) মুমুকোঃ (মুক্তিকাম পুরুষের) নিঃশেষ-বাসনাক্ষতৈ্যে (নিঃশেষরূপে ক্লেশহানির নিমিত্ত) বিপরীতনিবৃত্তয়ে (দেহ, ইন্দ্রিয় প্রভৃতিতে আত্মবুদ্ধিরূপ বিপরীত ভাবনা নাশের নিমিত্ত) প্রযত্নতঃ (যত্ন-সহকারে) জ্ঞাননিষ্ঠা (জ্ঞানোৎকর্ষ) কর্তব্য্যা (সম্পাদন করিবে) ॥ ৮৫১

অনুবাদ । সেই কারণে মুমুকু পুরুষ নিঃশেষরূপে বাসনা-হানির নিমিত্ত এবং দেহ, ইন্দ্রিয় প্রভৃতি অনাত্মবস্তুতে আত্মবুদ্ধিরূপ বিপরীত ভাবনা নিবৃত্তির নিমিত্ত যত্নসহকারে জ্ঞানের উৎকর্ষ সম্পাদন করিবেন ॥ ৮৫১

জ্ঞাননিষ্ঠায়াং কর্ম্মানুপযোগঃ ।

জ্ঞাননিষ্ঠাতৎপরশ্চ নৈব কর্ম্মোপযুক্ত্যতে ।

কর্ম্মণো জ্ঞাননিষ্ঠায়া ন বিদ্যতে সহ স্থিতিঃ ॥ ৮৫২

অর্থ । জ্ঞাননিষ্ঠাতৎপরশ্চ (জ্ঞানের উৎকর্ষ এবং জ্ঞানে তৎপর ব্যক্তির) কর্ম্ম (ক্রিয়া) ন উপযুক্ত্যতে এব (উপযোগী হয়ই না); কর্ম্মণঃ (কর্ম্মের) [চ—এবং] জ্ঞাননিষ্ঠায়াঃ (জ্ঞানোৎকর্ষের) সহ (একত্র) স্থিতিঃ (অবস্থান) ন বিদ্যতে (হইতে পারে না) ॥ ৮৫২

অনুবাদ । জ্ঞানোৎকর্ষ-পরায়ণ পুরুষের কর্ম্ম উপযোগী নহে; কর্ম্ম এবং জ্ঞাননিষ্ঠা কখনই একত্র অবস্থান করিতে পারে না ॥ ৮৫২

পরস্পরবিরুদ্ধত্বাৎ তয়োৰ্ভিন্নস্বভাবয়োঃ ।

কর্তৃত্বভাবনাপূৰ্ব্বং কৰ্ম জ্ঞানং বিলক্ষণম্ ॥ ৮৫৩

অনুয়। ভিন্নস্বভাবয়োঃ (বিরুদ্ধস্বভাব) তয়োঃ (কৰ্ম ও জ্ঞানের)
পরস্পরবিরুদ্ধত্বাৎ (অত্রোক্ত-বৈপরীত্যাহেতু) [সহস্থিতিঃ—একত্রাবস্থান, ন
ধ্যতি—সিদ্ধ হয় না], কৰ্ম (ক্রিয়া) কর্তৃত্বভাবনাপূৰ্ব্বং (আমি কর্তা এইরূপ
ভাবনাবিশিষ্ট), জ্ঞানং (বোধ) বিলক্ষণম্ (কৰ্মের বিপরীত) ॥ ৮৫৩

অনুবাদ। কৰ্ম ও জ্ঞান ভিন্নস্বভাব, সুতরাং তাহাদের পরস্পর বিরোধ
কায়, সহাবস্থান হইতে পারে না। কারণ, কৰ্ম কর্তৃত্বভাবনায়ুক্ত, জ্ঞান তাহার
পরীত (কর্তৃত্বাদিভাবনার উচ্ছেদক) ॥ ৮৫৩

দেহাত্মবুদ্ধেৰ্বিচ্ছিত্ত্যে জ্ঞানং কৰ্ম বিবুদ্ধয়ে ।

অজ্ঞানমূলকং কৰ্ম জ্ঞানং তুভয়নাশকম্ ॥ ৮৫৪

অনুয়। জ্ঞানং (বোধ) দেহাত্মবুদ্ধেঃ (শরীরে আত্মজ্ঞানের) বিচ্ছিত্ত্যে
নাশের নিমিত্ত) কৰ্ম (যজ্ঞাদিক্রিয়া) বিবুদ্ধয়ে (দেহাদিতে আত্মবুদ্ধির বুদ্ধির
নিমিত্ত) [হইয়া থাকে] ; কৰ্ম (যজ্ঞাদি ক্রিয়া) অজ্ঞানমূলকং (অজ্ঞানসম্ভূত),
(কিন্তু) জ্ঞানং (বোধ) উভয়নাশকম্ (অজ্ঞান ও তজ্জনিত কৰ্মের
নাশক) ॥ ৮৫৪

অনুবাদ। [জ্ঞান ও কৰ্ম কেন একত্র অবস্থান করিতে পারে না, তাহা
দর্শিত হইতেছে]—জ্ঞান দেহে আত্মবুদ্ধির বিচ্ছেদের হেতু, এবং কৰ্ম দেহাদিতে
আত্মবুদ্ধির বুদ্ধির কারণ হইয়া থাকে ; [যেহেতু] কৰ্মের কারণ অজ্ঞান ;
সুতরাং জ্ঞান, অজ্ঞান ও তজ্জনিত কৰ্মেরও নাশক ॥ ৮৫৪

জ্ঞানেন কৰ্ম্মণো যোগঃ কথং সিধ্যতি বৈরিণা ।

সহযোগো ন ঘটতে যথা তিমিরতেজসোঃ ॥ ৮৫৫

অনুয়। বৈরিণা (শত্রু) জ্ঞানেন (জ্ঞানের সহিত) কৰ্ম্মণঃ (কৰ্মের)
যোগঃ (সম্বন্ধ) কথং (কিরূপে) সিধ্যতি (সিদ্ধ হয়), যথা (যেমন)
তমিরতেজসোঃ (অন্ধকার ও আলোকের) সহযোগঃ (একত্রমিলন) ন ঘটতে
সম্ভব হয় না) ॥ ৮৫৫

অনুবাদ। যেমন অন্ধকার ও আলোক [নিত্য-বিরোধী বলিয়া] একত্র
সম্বন্ধে অবস্থান করিতে পারে না, সেইরূপ—জ্ঞান, কৰ্মের শত্রু বলিয়া উভয়ে সম্বন্ধ
সম্ভব নহে ॥ ৮৫৫

নিমেষোন্মেষয়োৰ্বাপি তথৈব জ্ঞানকৰ্ম্মণোঃ ।

প্রতীচীং পশ্যতঃ পুংসঃ কুতঃ প্রাচীবিলোকনম্ ।

প্রত্যক্প্রবণচিত্তস্য কুতঃ কৰ্ম্মণি যোগ্যতা ॥ ৮৫৬

অনুবাদ । বা অপি (অথবা) [যথা—যেমন] নিমেষোন্মেষয়োঃ (চক্ষুর নিম্নীলন ও উন্নীলনের) তথা এব (সেইরূপই) জ্ঞানকর্ষণোঃ (জ্ঞান ও কর্মের) [সহযোগঃ—সম্বন্ধ, ন ঘটতে—সম্ভব হয় না] ; প্রতীচীং (পশ্চিমদিক্) পশ্চতঃ (অবলোকনকারী) পুংসঃ (পুরুষের) প্রাচীবিলোকনং (পূর্বদিগ্ দর্শন) কুতঃ (কোথায়), প্রত্যক্ প্রবণচিত্তশ্চ (আত্মার প্রতি ষাঁহার মনঃ উন্মুখ হইয়াছে, তাঁহার) কর্মণি (কর্মে) যোগ্যতা (ঔচিত্য) কুতঃ (কোথায়) ? ॥ ৮৫৬

অনুবাদ । অথবা যেমন চক্ষুর নিম্নীলন ও উন্নীলনের এককালে সম্বন্ধ নাই, সেইরূপ জ্ঞান ও কর্মের সহাবস্থান হইতে পারে না । যে পশ্চিম দিক্ দর্শন করে, তাহার পূর্বদিক্ দর্শন কিরূপে সম্ভব হয় ? ষাঁহার চিত্ত ব্রাহ্ম প্রবণ (উন্মুখ) হইয়াছে, তাঁহার আবার কর্মে যোগ্যতা কোথায় ? ॥ ৮৫৬

জ্ঞানৈকনিষ্ঠানিরতশ্চ ভিক্ষো-

নৈবাবকাশোহস্তি হি কর্মতস্ত্রে ।

তদেব কর্মাস্ত্য তদেব সন্ধ্যা

তদেব সর্বং ন ততোহন্যদস্তি ॥ ৮৫৭

অনুবাদ । জ্ঞানৈকনিষ্ঠানিরতশ্চ (একমাত্র জ্ঞানোৎকর্ষে নিযুক্ত) ভিক্ষোঃ (সন্ন্যাসীর) কর্মতস্ত্রে (কর্মের অধীন বিষয়ে অথবা শাস্ত্রে) অবকাশঃ (অবসর) ন অস্তি এব (নাই) হি (নিশ্চিত), অস্ত্য (এই—পুরুষের) তৎ এব (সেই—জ্ঞানই) কর্ম (কর্তব্য কার্য), তৎ এব (জ্ঞানই) সন্ধ্যা (সম্যক্ ধ্যান), তৎ এব (জ্ঞানই) সর্বং (সমস্ত), ততঃ (জ্ঞান অপেক্ষা) অন্তঃ (আর) ন অস্তি (নাই) ॥ ৮৫৭

অনুবাদ । জ্ঞানোৎকর্ষ-পরায়ণ সন্ন্যাসীর কর্মশাস্ত্রে অবসর নাই ; তাঁহার জ্ঞানই কর্ম, জ্ঞানই সন্ধ্যা, জ্ঞানই সমস্ত ; তদতিরিক্ত অন্ত কিছুই নাই ॥ ৮৫৭

বুদ্ধিকল্পিতমালিন্যক্ষালনং স্নানমাত্মনঃ ।

তেনৈব শুদ্ধিরেতশ্চ ন মৃদা ন জলেন চ ॥ ৮৫৮

অনুবাদ । বুদ্ধিকল্পিতমালিন্যক্ষালনং (বুদ্ধি দ্বারা আরোপিত আত্মার মলিনতা ধাবন) আত্মনঃ (আত্মার) স্নানং (স্নান) ; তেন এব (তাহা দ্বারাই) এতশ্চ (এই পুরুষের, আত্মার) শুদ্ধিঃ (বিশুদ্ধতা), মৃদা (মৃত্তিকা দ্বারা) ন (নহে), জলেন চ (জলদ্বারাও) ন (নহে) ॥ ৮৫৮

অনুবাদ । বুদ্ধি দ্বারা কল্পিত মলিনতার প্রক্ষালনকে আত্মার স্নান কহে । তাহা দ্বারা আত্মার বিশুদ্ধতা সম্পাদিত হয়, মৃত্তিকা কিংবা জলের দ্বারা হয় না ॥ ৮৫৮

স্বস্বরূপে মনঃস্থানমনুষ্ঠানং তদিদৃশ্যতে ।

করণত্রয়সাধ্যং যৎ তন্মৃষা তদসত্যতঃ ॥ ৮৫৯

অন্বয় । স্বস্বরূপে (নিজস্বরূপে) যৎ (যে) মনঃস্থানং (মনের স্থিতি)
ৎ (তাহা) অনুষ্ঠানম্ (আচরণ) ইষ্যতে (কথিত হয়), যৎ (যাহা)
রণত্রয়সাধ্যং (জ্ঞানেন্দ্রিয়, কর্মেন্দ্রিয় ও মনঃ দ্বারা নিষ্পাদ্য) তদসত্যতঃ
তাহার অসত্যত্ববশতঃ) তৎ (তাহা) মৃষা (মিথ্যা) ॥ ৮৫৯

অনুবাদ । পণ্ডিতেরা স্বস্বরূপে (নিজের যথার্থস্বরূপে) মনের স্থিতিকে
অনুষ্ঠান বলিয়া থাকেন । যাহা জ্ঞানেন্দ্রিয়, কর্মেন্দ্রিয় ও মনঃ দ্বারা নিষ্পাদিত হয়,
তাহা সত্য নহে ; সুতরাং মিথ্যা ॥ ৮৫৯

বিনিষিধ্যাখিলং দৃশ্যং স্বস্বরূপেণ যা স্থিতিঃ ।

সা সক্ষ্যা তদনুষ্ঠানং তদানং তন্ধি ভোজনম্ ॥ ৮৬০

অন্বয় । অখিলং (সমস্ত) দৃশ্যং (বটপটাদি বস্তু) বিনিষিধ্য (নিষেধ করিয়া)
স্বরূপেণ (নিজরূপে) যা (যে) স্থিতিঃ (প্রতিষ্ঠা), সা (সেই) সক্ষ্যা
সম্যক্ ধ্যান), তৎ (তাহাই) অনুষ্ঠানং (অনুষ্ঠান), তৎ (তাহা) দানং
দান), তৎ (তাহা) ভোজনং (আহার) হি (নিশ্চিত) ॥ ৮৬০

অনুবাদ । যাবতীয় দৃশ্য পদার্থকে প্রতিষেধ করিয়া স্বকীয়স্বরূপে অব-
স্থানকে সক্ষ্যা বলে ; তাহাই অনুষ্ঠান, তাহাই দান এবং তাহাকেই আহার
বলা যায় ॥ ৮৬০

বিজ্ঞাতপরমার্থানাং শুদ্ধসত্ত্বাত্মনাং সতাম্ ।

যতীনাং কিমনুষ্ঠানং স্বানুসন্ধিং বিনা পরম্ ॥ ৮৬১

অন্বয় । বিজ্ঞাতপরমার্থানাং (যাহারা ব্রহ্মরূপ পরমতত্ত্ব অবগত হইয়াছেন
তাদৃশ) শুদ্ধসত্ত্বাত্মনাং (বিশুদ্ধসত্ত্বচেতা) সতাং (সাধু) যতীনাং (সন্ন্যাসিগণের)
স্বানুসন্ধিং (আত্মানুসন্ধান) বিনা (ব্যতীত) অপরং (অত্র) কিম্ (কি)
অনুষ্ঠানম্ (আচরণ) [অস্তি—আছে] ? ॥ ৮৬১

অনুবাদ । যাহারা পরমপদার্থ অবগত হইয়াছেন, যাহাদের চিত্ত বিশুদ্ধসত্ত্ব-
গুণে পূর্ণ, এবংবিধ সাধু সন্ন্যাসিগণের আত্মানুসন্ধান ব্যতিরেকে অত্র কি অনুষ্ঠান
থাকিতে পারে ? ॥ ৮৬১

তস্ম্যাৎ ক্রিয়ান্তরং ত্যক্ত্বা জ্ঞাননিষ্ঠাপরো যতিঃ ।

তদানুনিষ্ঠয়া তিষ্ঠেৎশিচলস্তৎপরায়ণঃ ॥ ৮৬২

অন্বয় । তস্ম্যাৎ (অতএব) ক্রিয়ান্তরং (অত্রক্রিয়াকে) ত্যক্ত্বা (পরিত্যাগ
করিয়া) জ্ঞাননিষ্ঠাপরঃ (জ্ঞানোৎকর্ষ-পরায়ণ) যতিঃ (সন্ন্যাসী) সদা (সর্বদা)
আনুনিষ্ঠয়া (আত্মতৎপরত্ববশতঃ) শিচলঃ (স্থির) তৎপরায়ণঃ (আত্মপরায়ণ)
[সন্—হইয়া]) তিষ্ঠেৎ (থাকিবে) ॥ ৮৬২

অনুবাদ । তজ্জন্ম জ্ঞাননিষ্ঠাপরায়ণ সন্ন্যাসী অত্র ক্রিয়া পরিত্যাগ করিয়া
সর্বদা আত্মোৎকর্ষ দ্বারা স্থির ও আত্মপরায়ণ হইয়া অবস্থান করিবেন ॥ ৮৬২

কর্তব্যং স্বেচিতং কৰ্ম যোগমারোহু মিচ্ছতা ।

আরোহণং কুৰ্বতস্তু কৰ্ম নারোহণং মতম্ ॥ ৮৬৩

অর্থঃ । যোগং (সমাধিকে) আরোহু (আরোহণ করিতে) ইচ্ছতা (অভিলাষী পুরুষ কর্তৃক) স্বেচিতং (নিজের উচিত) কৰ্ম (কার্য) কর্তব্য (অনুষ্ঠান করা উচিত) ; তু (কিন্তু) আরোহণং কুৰ্বতঃ (যোগে আরোহণ-কারীর) কৰ্ম (ক্রিয়া) আরোহণং (আরোহণ করা) ন মতম্ (অভিমত নহে) ॥ ৮৬৩

অনুবাদ । যিনি যোগে আরোহণ করিতে ইচ্ছা করিয়াছেন, তাঁহার নিজের উচিত কার্য করা কর্তব্য ; যিনি যোগে আরুঢ়, তাঁহার আর কৰ্মানুষ্ঠান করা উচিত নহে ॥ ৮৬৩

যোগং সমারোহতি যো মুমুক্শুঃ

ক্রিয়ান্তরং তস্ম ন যুক্তমীষৎ ।

ক্রিয়ান্তরাসক্তমনাঃ পতত্যসৌ

তালক্রমারোহণকর্তৃবদ্ ধ্রুবম্ ॥ ৮৬৪

অর্থঃ । যঃ (যে) মুমুক্শুঃ (মোক্ষেচ্ছু পুরুষ) যোগং (সমাধি) সমারো-হতি (আরোহণ করেন), তস্ম (তাঁহার) ঈষৎ (অল্প) ক্রিয়ান্তরং (যজ্ঞাদি কৰ্ম) ন যুক্তম্ (উচিত নহে) ; অসৌ (ঐ) ক্রিয়ান্তরাসক্তমনাঃ (ক্রিয়াতে আসক্তচিত্ত) [পুরুষঃ=পুরুষ] তালক্রমারোহণকর্তৃবৎ (তালবৃক্ষে আরোহণ-কারী পুরুষের মত) ধ্রুবং (নিশ্চিত) পততি (পতিত হয়) ॥ ৮৬৪

অনুবাদ । যে মুমুক্শু পুরুষ যোগে সমারুঢ়, তাঁহার অল্পও যজ্ঞাদি ক্রিয়ার অনুষ্ঠান করা উচিত নহে ; ভিন্ন ভিন্ন কৰ্মে আসক্তচিত্ত ঐ পুরুষ তালবৃক্ষে আরোহণকর্তার স্থায় পতিত হয় ॥ ৮৬৪

যোগারুঢ়স্ত সিদ্ধস্ত কৃতকৃত্যস্ত ধীমতঃ ।

নাস্ত্যেব হি বহির্দৃষ্টিঃ কা কথা তত্র কৰ্মণাম্ ॥

দৃশ্যানুবিন্দঃ কথিতঃ সমাধিঃ সবিকল্পকঃ ॥ ৮৬৫

অর্থঃ । যোগারুঢ়স্ত (সমাধিতে সমারুঢ়) সিদ্ধস্ত (যিনি সিদ্ধি লাভ করিয়াছেন, তাঁহার) কৃতকৃত্যস্ত (যিনি সমস্ত কার্য সম্পাদন করিয়াছেন, তাঁহার) ধীমতঃ (বুদ্ধিমানের) বহির্দৃষ্টিঃ (বাহিরে দর্শন) নাস্ত্যেব (নিশ্চয়ই নাই) হি (নিশ্চিত), তত্র (তাহাতে) কৰ্মণাম্ (কৰ্মসমূহের) কা (কি) কথা (বার্তা) ? দৃশ্যানুবিন্দঃ (দৃশ্য-সংবন্ধ) সমাধিঃ (যোগ) সবিকল্পকঃ (সবিকল্প বলিয়া) কথিতঃ (উক্ত হইয়া থাকে) ॥ ৮৬৫

অনুবাদ । যোগে সমারুঢ়, সিদ্ধ, কৃতার্থ, বুদ্ধিমান পুরুষের বাহ্যবিষয়ে সংজ্ঞ

নাই, কর্মের কথা দূরে থাকুক ; দৃশ্যপদার্থ-সম্বন্ধ সমাধিকে সবিকল্প সমাধি বলা যায় ॥ ৮৬৫

শুদ্ধোহহং বুদ্ধোহহং প্রত্যগুপেণ নিত্যসিদ্ধোহহম্ ।

শান্তোহহমনন্তোহহং সততপরানন্দসিদ্ধুরেবাহম্ ॥ ৮৬৬

অর্থঃ । অহং (আমি) শুদ্ধঃ (কেবল ; গুণসম্পন্নরহিত), অহং (আমি) বুদ্ধঃ (জ্ঞানস্বরূপ), প্রত্যগুপেণ (আত্মস্বরূপে) অহং (আমি) নিত্যসিদ্ধঃ (সদা সিদ্ধস্বরূপ), অহং (আমি) শান্তঃ (নির্মল), অহম্ (আমি) অনন্তঃ (ব্যাপক), অহং (আমি) সততপরানন্দসিদ্ধুঃ এব (সর্বদা পরমানন্দ-সাগরই) [অস্মি=হই] ॥ ৮৬৬

অনুবাদ । আমি শুদ্ধ, আমি জ্ঞানস্বরূপ, আমি আত্মস্বরূপে নিত্যসিদ্ধ, আমি শান্ত, আমি ব্যাপক, আমিই সর্বদা পরমানন্দসাগর [যোগীর এইরূপ জ্ঞান উৎপন্ন হইয়া থাকে] ॥ ৮৬৬

আদ্যোহহমনাদ্যোহহং বাঙ্মনসা সাধ্যবস্তুমাত্রোহহম্ ।

নিগমবচোবেদ্যোহহমনবদ্যাখণ্ডবোধরূপোহহম্ ॥ ৮৬৭

অর্থঃ । অহম্ (আমি) আত্মঃ (সকলের প্রথম) অহম্ (আমি) অনাত্মঃ (অনাদি, আদিশূন্য) অহং (আমি) বাঙ্মনসা (বাক্য ও মনের দ্বারা) সাধ্য-বস্তুমাত্রঃ (নিষ্পাদনীয় পদার্থমাত্র) অহং (আমি) নিগমবচোবেদ্যঃ (বেদবাক্য দ্বারা জ্ঞেয়) অহম্ (আমি) অনবদ্যাখণ্ডবোধরূপঃ (অনিন্দনীয় অখণ্ডজ্ঞান-স্বরূপ) ॥ ৮৬৭

অনুবাদ । [সমাহিতচিত্ত যোগীর যেরূপ অবস্থা হয়, তাহাই বর্ণিত হই-তেছে—] আমি সকলের আদি, আমি অনাদি, আমি বিগুণ বাক্য ও মনঃ দ্বারা লভ্য পদার্থ, আমি শ্রুতিবচন দ্বারা জ্ঞেয় এবং আমিই অনিন্দনীয় অখণ্ড জ্ঞানস্বরূপ ॥ ৮৬৭

বিদিতাবিদিতান্যোহহং মায়াতৎকার্য্যলেশশূন্যোহহম্ ।

কেবলদৃগাত্মকোহহং সংবিন্মাত্রঃ স্কৃদ্বিভাতোহহম্ ॥ ৮৬৮

অর্থঃ । অহম্ (আমি) বিদিতাবিদিতাত্মঃ (বিদিত ও অবিদিত হইতে ভিন্ন) অহং (আমি) মায়াতৎকার্য্যলেশশূন্যঃ (মায়া এবং মায়ার কার্য্যসম্পর্ক-রহিত) অহং (আমি) কেবলদৃগাত্মকঃ (কেবল দ্রষ্টৃস্বরূপ) সংবিন্মাত্রঃ (জ্ঞান-রূপ) অহং (আমি) স্কৃদ্বিভাতঃ (একরূপে প্রকাশশীল) ॥ ৮৬৮

অনুবাদ । আমি বিদিত ও অবিদিত হইতে ভিন্ন, আমি মায়া ও মায়ার কার্য্যের লেশমাত্র রহিত, আমি কেবল উদাসীনস্বরূপ এবং জ্ঞানরূপ, আমি একরূপে প্রকাশমান ॥ ৮৬৮

অপরোহহমনপরোহহং বহিরন্তশ্চাপি পূর্ণ এবাহম্ ।

অজরোহহমক্ষরোহহং নিত্যানন্দোহহমদ্বিতীয়োহহম্ ॥ ৮৬৯

অর্থঃ । অহম্ (আমি) অপরঃ (পর-ভিন্ন), অহম্ (আমি) অনপরঃ (অপর-ভিন্ন), অহং (আমি) বহিঃ (বাহিরে) অন্তশ্চ (অন্তরেও) পূর্ণঃ এব (পরিপূর্ণই) অহম্ (আমি) অজরঃ (জরাবিহীন) অহম্ (আমি) অক্ষরঃ (ক্ষর-রহিত), অহং (আমি) নিত্যানন্দঃ (নিত্যসুখস্বরূপ) অহম্ (আমি) অদ্বিতীয়ঃ (দ্বিতীয়শূন্য) ॥ ৮৬৯

অনুবাদ । আমি অপর, আমিই অনপর, বাহিরে এবং অন্তরে আমি পূর্ণভাবেই অবস্থিত আছি, আমি অজর, আমি ক্ষরশূন্য, আমি নিত্যসুখস্বরূপ এবং আমিই অদ্বিতীয় ॥ ৮৬৯

প্রত্যগভিন্নমখণ্ডং সত্যজ্ঞানাদিলক্ষণং শুদ্ধম্ ।

শ্রুত্যবগম্যং তথ্যং ব্রহ্মৈবাহং পরং জ্যোতিঃ ॥ ৮৭০

অর্থঃ । অহং (আমি) প্রত্যগভিন্নং (পরমায়া হইতে পৃথক্ নহি), অখণ্ডং (একরূপ), সত্যজ্ঞানাদিলক্ষণং (সত্য, জ্ঞান ও আনন্দস্বরূপ), শুদ্ধং (কেবল) শ্রুত্যবগম্যং (উপনিষদ্ দ্বারা প্রাপ্য) তথ্যং (যথার্থ) পরং (উৎকৃষ্ট) জ্যোতিঃ (প্রকাশস্বরূপ) ব্রহ্ম এব (পরমায়াই) [অস্মি=আছি] ॥ ৮৭০

অনুবাদ । আমি পরমায়া হইতে অভিন্ন, অখণ্ড, সত্য, জ্ঞান ও আনন্দ-স্বরূপ, কেবল ; উপনিষৎ দ্বারা লভ্য পরম সত্য, স্বয়ং প্রকাশ ব্রহ্মই আমি ॥ ৮৭০

এবং সন্মাত্রগ্রাহিণ্যা বৃত্ত্যা তন্মাত্রগ্রাহকৈঃ ।

শব্দৈঃ সমর্পিতং বস্তু ভাবয়েন্নিশ্চলো যতিঃ ॥ ৮৭১

অর্থঃ । যতিঃ (সন্ন্যাসী) এবং (এইরূপ, পূর্বোক্তরূপ) সন্মাত্রগ্রাহিণ্যা (ব্রহ্মমাত্রকে গ্রহণ করে এরূপ) বৃত্ত্যা (চিত্তবৃত্তি দ্বারা) নিশ্চলঃ (স্থির) [সন্ = হইয়া] তন্মাত্রগ্রাহকৈঃ (সেই ব্রহ্মকে গ্রহণ করে এরূপ) শব্দৈঃ (শব্দসমূহ দ্বারা) সমর্পিত (প্রাপ্ত) বস্তু (পদার্থকে) ভাবয়েৎ (চিন্তা করিবেন) ॥ ৮৭১

অনুবাদ । সন্ন্যাসী পূর্বোক্তরূপ ব্রহ্মমাত্রগ্রাহিণী চিত্তবৃত্তি দ্বারা ব্রহ্মগ্রাহক শব্দসমূহ দ্বারা অর্পিত সত্য পদার্থকে স্থিরভাবে চিন্তা করিবেন ॥ ৮৭১

কামাদিদৃশ্যপ্রবিলাপপূর্বকং

শুদ্ধাহমিত্যাদিকশব্দমিশ্রঃ ।

দৃশ্যেব নিষ্ঠস্ত য এষ ভাবঃ

শব্দানুবিন্দঃ কথিতঃ সমাধিঃ ॥ ৮৭২

অর্থঃ । কামাদিদৃশ্যপ্রবিলাপপূর্বকং (কাম প্রভৃতি দৃশ্য বস্তুর নাশ

পুরঃসর) অহং (আমি) শুদ্ধঃ (কেবল) ইত্যাদিকশব্দমিশ্রঃ (ইত্যাদিরূপ শব্দযুক্ত) দৃশি এব (দ্রষ্টাতেই—আত্মাতেই) নিষ্ঠশ্চ (অবস্থিত পুরুষের) যঃ এব ভাবঃ (যে অবস্থা বা যে ধর্মই) [ভবতি=হয়] [সঃ=মেই] শব্দানুবিক্রঃ (শব্দসম্বন্ধ) সমাধিঃ (যোগ) কথিতঃ (উক্ত হইয়া থাকে) ॥ ৮৭২

অনুবাদ । কাম প্রভৃতি দৃশ্যবস্তুসমূহের লয়-পুরঃসর আত্মনিষ্ঠ পুরুষের “আমি শুদ্ধ” এবশ্চকার শব্দ-সংবলিত যে অবস্থা দেখা যায়, তাহাকে পণ্ডিতগণ শব্দানুবিক্র সমাধি বলিয়া থাকেন ॥ ৮৭২

নির্বিবকল্প-সমাধিঃ ।

দৃশ্যস্মাপি চ সাক্ষিত্বাৎ সমুল্লেখনমাত্মনি ।

নিবর্তকমনোহবস্থা নির্বিবকল্প ইতীর্য্যতে ॥ ৮৭৩

অন্বয় । দৃশ্যশ্চ (দেহ, ইন্দ্রিয়, মনঃ, বুদ্ধি প্রভৃতি দৃশ্যবস্তুর) অপি (আম হ্রণে) চ (পাদপূরণে) সাক্ষিত্বাৎ (দ্রষ্টৃত্বহেতু) আত্মনি (আত্মাতে) সমুল্লেখনং (কখন, দৃঢ় প্রতিষ্ঠা) নিবর্তকমনোহবস্থা (নিবৃত্তিজনক মনের দশাকে) নির্বিবকল্পঃ (বিকল্পরহিত সমাধি) ইতি (ইহা) ইর্য্যতে (কথিত হয়) ॥ ৮৭৩

অনুবাদ । দেহ প্রভৃতি দৃশ্য পদার্থের সাক্ষিরূপে আত্মাতে দৃঢ় প্রতিষ্ঠা এবং চিত্তের শাস্ত অবস্থাকে পণ্ডিতগণ নির্বিবকল্প সমাধি বলিয়া থাকেন ॥ ৮৭৩

সবিকল্পসমাধিঃ যো দীর্ঘকালং নিরন্তরম্ ।

সংস্কারপূর্ব্বকং কুর্য্যান্নির্বিবকল্লোহস্ম সিধ্যতি ॥ ৮৭৪

অন্বয় । যঃ (যিনি) দীর্ঘকালং (বহুকাল ব্যাপিয়া) নিরন্তরং (অবিচ্ছেদে) সংস্কারপূর্ব্বকং (সংস্কার-সহিত) সবিকল্পসমাধিঃ (সবিকল্পসমাধিকে) কুর্য্যাৎ (অনুষ্ঠান করেন) অশ্চ (তাঁহার) নির্বিবকল্পঃ (নির্বিবকল্প সমাধি) সিধ্যতি (সিদ্ধ হয়) ॥ ৮৭৪

অনুবাদ । যিনি দীর্ঘকাল ধরিয়া অবিচ্ছেদে সংস্কার-সংযুক্ত সবিকল্প সমাধির অনুষ্ঠান করেন, তাঁহারই নির্বিবকল্প সমাধি আবির্ভূত হয় ॥ ৮৭৪

নির্বিবকল্পকসমাধিনিষ্ঠয়া

তিষ্ঠতো ভবতি নিত্যতা ধ্রুবম্ ।

উদ্ভবাদ্যপগতির্নিরর্গলা

নিত্যনিশ্চলনিরন্তনির্বৃতিঃ ॥ ৮৭৫

অন্বয় । নির্বিবকল্পকসমাধিনিষ্ঠয়া (নির্বিবকল্প যোগের পরকাষ্ঠা দ্বারা) তিষ্ঠতঃ (বর্তমান পুরুষের) ধ্রুবং (নিশ্চিত) নিত্যতা (নিত্যত্ব) ভবতি (হয়),

উদ্ভবাপত্তিঃ (জন্ম প্রভৃতির অভাব) [ঘটতে—ঘটিয়া থাকে], নিরর্গলা
(অবাধ) নিত্যনিশ্চলনিরন্তুনির্বৃতিঃ (নাশরহিত দৃঢ় অসীম শাস্তি) [ভবতি=
হয়]) ॥ ৮৭৫

অনুবাদ । যিনি, নির্বিকল্প সমাধির পরাকাষ্ঠা লাভ করিয়াছেন, তাঁহার
নিত্যত্ব নিশ্চিত ; তাঁহার জন্ম, বিনাশ প্রভৃতি থাকে না এবং অবাধ নিত্য
অশ্লীলিত অসীম শাস্তিলাভ ঘটিয়া থাকে ॥ ৮৭৫

বিদ্বানহমিদমিতি বা কিঞ্চিদ্-

বাহ্যভ্যন্তরবেদনশূন্যঃ ।

স্বানন্দামৃতসিন্ধুনিমগ্ন-

স্তৃষ্ণীমাস্তে কশ্চিদনন্তঃ ॥ ৮৭৬

অনুবাদ । অনন্তঃ (ব্রহ্ম হইতে আপনাকে পৃথক্ বিবেচনা করেন না, এমন)
কশ্চিৎ (কোন) বিদ্বান্ (তত্ত্বজ্ঞানী) অহং (আমি) [স্মৃথী হুঃথী বা—স্মৃথী কিংবা
হুঃথী] ইতি (ইহা) ইতি (এইরূপ) বা (কিংবা) কিঞ্চিদ্ বাহ্যভ্যন্তরবেদন-
শূন্যঃ (কিছুমাত্র বাহ্য ও অন্তরের হুঃথ জানিতে না পারিয়া) স্বানন্দামৃতসিন্ধু-
নিমগ্নঃ (আত্মানন্দরূপ অমৃতসাগরে মগ্ন) [সন্—হইয়া] তৃষ্ণীং (স্থিরভাবে)
আস্তে (অবস্থান করেন) ॥ ৮৭৬

অনুবাদ । “আমি স্মৃথী কিংবা আমি হুঃথী কিংবা এই বস্তু আমার স্মৃথ বা
হুঃথজনক” এইরূপ বাহ্য ও অন্তর জ্ঞানশূন্য বিদ্বান্ আত্মানন্দরূপ অমৃতসাগরে
নিমগ্ন থাকিয়া, ব্রহ্ম হইতে আপনাকে অভিন্ন জানিয়া মৌন অবলম্বন
করেন ॥ ৮৭৬

নির্বিকল্পং পরং ব্রহ্ম যৎ তস্মিন্বেব নিষ্ঠিতাঃ ।

এতে ধন্যা এব মুক্তা জীবন্তোহপি বহির্দৃশাং ॥ ৮৭৭

অনুবাদ । যৎ (যাহা) নির্বিকল্পং (বিকল্পরহিত) পরং (সর্বোৎকৃষ্ট) ব্রহ্ম
(আত্মা), তস্মিন্ এব (তাহাতেই) নিষ্ঠিতাঃ (স্থিত) এতে ধন্যাঃ (এই সমস্ত
ধন্য লোক) বহির্দৃশাং (বাহ্যদৃষ্টাদিগের সম্বন্ধে) জীবন্তঃ অপি (জীবিত
থাকিলেও) মুক্তাঃ এব (নিশ্চয়ই সংসারবন্ধনরহিত) ॥ ৮৭৭

অনুবাদ । যাহারা নির্বিকল্প পর ব্রহ্মে অবস্থিত, সেই সমস্ত ধন্য পুরুষ
বাহ্যদর্শিগণের সম্মুখে জীবিত বলিয়া পরিগণিত হইলেও, বস্তুতঃ মুক্ত ॥ ৮৭৭

বাহ্যসমাধি-প্রকারঃ ।

যথা সমাধিত্রিতয়ং যত্নেন ক্রিয়তে হৃদি ।

তথৈব বাহ্যদেশেহপি কার্য্যং দ্বৈতনিবৃত্তয়ে ॥ ৮৭৮

অনুবাদ । যথা (যেমন) সমাধিত্রিতয়ং (দুই প্রকার সবিকল্প ও নির্বিকল্প—
এই তিন প্রকার সমাধি) যত্নেন (প্রযত্নসহকারে) হৃদি (হৃদয়দেশে) ক্রিয়তে
অনুষ্ঠিত হয়), তথা এব (সেইরূপই) দ্বৈতনিবৃত্তয়ে (দ্বৈতের নিরাসের
দ্বয়) বাহুদেশেহপি (প্রতিমা প্রভৃতি বহিবস্তুতেও) কার্যং (সমাধি
কর্তব্য) ॥ ৮৭৮

অনুবাদ । যেমন পশ্চিমগণ ষড়সহকারে হৃদয়দেশে তিন প্রকার (সবিকল্প
দুই প্রকার ও নির্বিকল্প) সমাধির অনুষ্ঠান করিয়া থাকেন, সেইরূপ দ্বৈতের
নিরাসের নিমিত্ত [দেব-প্রতিমা প্রভৃতি] বাহুদেশেও সমাধির অনুষ্ঠান করা
কর্তব্য ॥ ৮৭৮

তৎপ্রকারং প্রবক্ষ্যামি নিশাময় সমাসতঃ ।

অধিষ্ঠানং পরং ব্রহ্ম সচ্চিদানন্দলক্ষণম্ ॥ ৮৭৯

অনুবাদ । তৎপ্রকারং (সমাধির প্রণালী) সমাসতঃ (সংক্ষেপে) প্রবক্ষ্যামি
(বলিব), নিশাময় (শ্রবণ কর),—সচ্চিদানন্দলক্ষণং (সৎ, জ্ঞান ও সুখস্বরূপ)
পরং (পরম) ব্রহ্ম (আত্মা) অধিষ্ঠানং (আশ্রয়) ॥ ৮৭৯

অনুবাদ । সেই সমাধির প্রণালী তোমায় সংক্ষেপে বলিতেছি, তুমি শ্রবণ
কর ;—সৎ, চিত্ত, আনন্দস্বরূপ পরব্রহ্মই সকলের অধিষ্ঠান ॥ ৮৭৯

তত্রাধ্যস্তমিদং ভাতি নামরূপাত্মকং জগৎ ।

সত্ত্বং চিত্ত্বং তথানন্দরূপং যদ্ব্রহ্মগস্তয়ম্ ॥ ৮৮০

অধ্যস্তজগতো রূপং নামরূপমিদং দ্বয়ম্ ।

এতানি সচ্চিদানন্দনামরূপানি পঞ্চ চ ॥ ৮৮১

একীকৃত্যোচ্যতে মূর্থেরিদং বিশ্বমিতি ভ্রমাৎ ।

শৈত্যং শ্বেতং রসং দ্রাব্যং তরঙ্গ ইতি নাম চ ॥ ৮৮২

একীকৃত্য তরঙ্গোহয়মিতি নির্দিশ্যতে যথা ।

আরোপিতে নামরূপে উপেক্ষ্য ব্রহ্মণঃ সতঃ ॥ ৮৮৩

স্বরূপমাত্রগ্রহণং সমাধির্বাছ আদিমঃ ।

সচ্চিদানন্দরূপস্য সকাশাদব্রহ্মণো যতিঃ ॥ ৮৮৪

নামরূপে পৃথকৃকৃত্বা ব্রহ্মণ্যেব বিলাপয়ন্ ।

অধিষ্ঠানং পরং ব্রহ্ম সচ্চিদানন্দমদ্বয়ম্ ।

যৎ তদেবাহমিত্যেব নিশ্চিতাত্মা ভবেদ্বিব্রহ্ম ॥ ৮৮৫

অনুয়। তত্র (সেই অধিষ্ঠানভূত ব্রহ্মে) অধ্যস্তম্ (আরোপিত) ইদং (এই) নামরূপাত্মকং (নাম ও রূপ-স্বরূপ) জগৎ (প্রপঞ্চ) ভাতি (প্রকাশ পায়), সত্ত্বং (সৎস্বরূপ) চিত্ত্বং (জ্ঞানস্বরূপ) তথা (এবং) আনন্দরূপং (সুখ-স্বরূপ) যৎ (যে) ব্রহ্মণঃ (পরমাত্মার) ত্রয়ং (তিনটি রূপ), অধ্যস্তজগতঃ (আরোপিত প্রপঞ্চের) ইদং (এই) নামরূপং (ষট এই নাম, ষট এইরূপ) দ্বয়ং (দুই) রূপং (প্রকার) এতানি (এই সমুদয়) সচ্চিদানন্দনামরূপাণি পঞ্চ (এবং সৎ, চিত্ত্ব, আনন্দ এবং নাম ও রূপ পাঁচটি) একীকৃত্যা (একত্র মিলিত করিয়া) মূর্থেঃ (মূর্তগণ কর্তৃক) ভ্রমাৎ (অজ্ঞানবশতঃ) ইদং (ইহা) বিশ্বং (জগৎ) ইতি (ইহা) উচ্যতে (কথিত হয়), যথা (যেমন) শীতত্যাং (শীততা) শ্বেতং (ধবল) রসং (রস) দ্রাব্যাং (দ্রবত্ব) তরঙ্গঃ (টেউ) ইতি (এই) নাম চ (নাম) একীকৃত্যা (মিলিত করিয়া) অন্তঃ (ইহা) তরঙ্গঃ (টেউ) ইতি (ইহা) নির্দিষ্টতে (নির্দিষ্ট হয়), সতঃ (বিদ্যমান) ব্রহ্মণঃ (ব্রহ্মের) আরোপিতে (কল্পিত) নামরূপে (নাম ও রূপকে) উপেক্ষ্যা (দূর করিয়া) স্বরূপমাত্রগ্রহণং (আত্মস্বরূপ মাত্রবোধ) বাহুঃ (বহিবল্ব-বিষয়ক) সমাধিঃ (সমাধান) আদিমঃ (প্রথম), যতিঃ (সন্ন্যাসী) সচ্চিদানন্দরূপশ্চ (সৎ, চিত্ত্ব ও সুখস্বরূপ) ব্রহ্মণঃ (ব্রহ্মের) নামরূপে (নাম ও রূপকে) পৃথক্ (স্বতন্ত্র, বিবেক) কৃত্বা (করিয়া) ব্রহ্মণি (ব্রহ্মেতে) বিলাপয়ন্ (বিলয় করা-ইয়া) অধিষ্ঠানং (ভ্রমের আশ্রয়) সচ্চিদানন্দম্ (সৎ, চিত্ত্ব ও আনন্দস্বরূপ) অদ্বয়ং (দ্বৈতশূন্য) যৎ (যে) পরং (পরম) ব্রহ্ম (আত্মা) তৎ (তাহা) অহম্ (আমিই) ইত্যেব (এইরূপই) ক্রবৎ (সত্য) নিশ্চয়াত্মা (দৃঢ়চিত্ত) ভবেৎ (হইবে) ॥ ৮৮০ ॥ ৮৮১ ॥ ৮৮২ ॥ ৮৮৩ ॥ ৮৮৪ ॥ ৮৮৫

অনুবাদ। সেই ব্রহ্মে এই নামরূপাত্মক জগৎ প্রতিভাসমান হয়, সৎ-স্বরূপত্ব, চিত্ত্বস্বরূপত্ব ও আনন্দস্বরূপত্ব—এই তিনটি ব্রহ্মের রূপ, নাম ও রূপ এই দুইটি অধ্যস্ত জগতের রূপ, মূর্থেয়া সৎ, চিত্ত্ব, আনন্দ, নাম ও রূপ এই পাঁচটি এক করিয়া ভ্রমবশতঃ ‘বিশ্ব’ বলিয়া থাকে, [যেমন] শীতত্ব, শ্বেতত্ব, রস, দ্রবত্ব ও তরঙ্গ এই কয়টিকে একত্র করিয়া তরঙ্গ এই নাম কথিত হইয়া থাকে। ব্রহ্মের আরোপিত নামরূপ উপেক্ষা করিয়া স্বরূপ মাত্র বোধকে বাহু সমাধি বলে; তাহা প্রথম সমাধি বলিয়া কথিত হয়। সন্ন্যাসী সৎ চিত্ত্ব ও আনন্দস্বরূপ ব্রহ্মের নিকট হইতে নাম ও রূপকে পৃথক্ করিয়া ব্রহ্মে বিলীন করত সকলের অধিষ্ঠান-ভূত সচ্চিদানন্দ, অদ্বিতীয় পরব্রহ্ম আমিই এইরূপ নিশ্চয়চিত্ত হইবে ॥ ৮৮০ ॥ ৮৮১ ॥ ৮৮২ ॥ ৮৮৩ ॥ ৮৮৪ ॥ ৮৮৫

ইয়ং ভূর্ন সন্নাপি তোয়ং ন তেজো

ন বায়ুর্ন খং নাপি তৎকার্য্যজাতম্ ।

যদেষামধিষ্ঠানভূতং বিশুদ্ধং

সদেকং পরং সৎ তদেবাহমস্মি ॥ ৮৮৬

অম্বয় । ইয়ং (এই দৃশ্যমান) ভূঃ (পৃথিবী) সৎ (ব্রহ্ম) ন (নহে)
তোয়মপি (জলও) ন (ব্রহ্ম নহে), তেজঃ (অগ্নি) ন (ব্রহ্ম নহে) বায়ুঃ
(পবন) ন (ব্রহ্ম নহে), খং (আকাশ) ন (ব্রহ্ম নহে), তৎকার্যজাতম্
(পৃথিবী প্রভৃতির কার্য্য ঘটপটাদিও) ন (ব্রহ্ম নহে) এষামপি (ইহাদিগের)
অধিষ্ঠানভূতং (অবলম্বনস্বরূপ) যৎ (যে) বিশুদ্ধং (নির্মল, কেবল) একং
(একমাত্র) সৎ (নিত্যং) পরং (ব্রহ্ম) তৎ (সেই) সৎ এব (ব্রহ্মই) অহম্
(আমি) অস্মি (হই) ॥ ৮৮৬

অনুবাদ । এই দৃশ্যমান পৃথিবী সৎ (ব্রহ্ম) নহে ; জল, তেজঃ, বায়ু, আকাশ
এবং তাহাদের কার্য্যসমূহও ব্রহ্ম নহে, এই সকলের অধিষ্ঠানভূত বিশুদ্ধ অদ্বিতীয়
পরব্রহ্মস্বরূপই আমি ॥ ৮৮৬

ন শব্দো ন রূপং ন চ স্পর্শকো বা

তথা নো রসো নাপি গন্ধো ন চান্যঃ ।

যদেষামধিষ্ঠানভূতং বিশুদ্ধং

সদেকং পরং সৎ তদেবাহমস্মি ॥ ৮৮৭

অম্বয় । শব্দঃ (আকাশগুণ) ন (ব্রহ্ম নহে), রূপং (তেজের গুণ) ন
(ব্রহ্ম নহে) বা (কিংবা) স্পর্শকশ্চ (বায়ুর গুণও) ন (ব্রহ্ম নহে), তথা
(সেইরূপ) রসঃ (জলের গুণ) ন (ব্রহ্ম নহে), গন্ধঃ অপি (পৃথিবীর গুণও)
ন (ব্রহ্ম নহে), এতেষাং (ইহার) যৎ (যে) অধিষ্ঠানভূতং (আশ্রয়স্বরূপ)
বিশুদ্ধং (কেবল) সৎ (নিত্য) একং (অদ্বিতীয়) পরং (উৎকৃষ্ট) সৎ (ব্রহ্ম)
তৎ (তাহা) অহম্ এব (আমিই) অস্মি (হই) ॥ ৮৮৭

অনুবাদ । শব্দ, রূপ, স্পর্শ, রস ও গন্ধ কিংবা অণু কোন দ্রব্য ব্রহ্ম নহে ।
ইহাদের অধিষ্ঠানভূত, বিশুদ্ধ, নিত্য পরব্রহ্মস্বরূপই আমি ॥ ৮৮৭

ন সদ্দ্রব্যজাতং গুণা ন ক্রিয়া বা

ন জাতিবিশেষো ন চান্যঃ কদাপি ।

যদেষামধিষ্ঠানভূতং বিশুদ্ধং

সদেকং পরং সৎ তদেবাহমস্মি ॥ ৮৮৮

অম্বয় । দ্রব্যজাতং (ক্ষিতি প্রভৃতি নয়টি দ্রব্য) সৎ (ব্রহ্ম) ন (নহে),
গুণাঃ (রূপ প্রভৃতি চতুর্বিংশতি গুণ) ন (ব্রহ্ম নহে), বা (কিংবা) ক্রিয়া
(উৎক্ষেপণ প্রভৃতি পাঁচটি ক্রিয়া) ন (ব্রহ্ম নহে) জাতিঃ (ঘটহাদি সামান্য)
বিশেষঃ (পরমাণুর ভেদক ধর্ম) অণুশ্চ (এবং অপর কোন বস্তু) কদাপি
(কখনও) ন (ব্রহ্ম নহে), এষাম্ (এই সমস্ত বস্তুর) অধিষ্ঠানভূতং
(আশ্রয়ভূত) যৎ (যে) বিশুদ্ধম্ (গুণলেশরহিত) একং (অদ্বিতীয়) পরং

(উৎকৃষ্ট) সৎ (সত্তাবৎ—ব্রহ্ম) তৎ (সেই) সৎ এব (ব্রহ্মই) অহম্ (আমি)
অস্মি (হই) ॥ ৮৮৮

অনুবাদ । নয়টি দ্রব্য, * চতুর্বিংশতিগুণ, কিংবা পাঁচটি ক্রিয়া, ঘটনাদি
জ্ঞাপ্তি, বিশেষ পদার্থ অথবা অণু কোন বস্তু কখনও ব্রহ্ম হইতে পারে না; এই
সমস্ত বস্তুর অধিষ্ঠানস্বরূপ বিশুদ্ধ অদ্বিতীয় পরব্রহ্মই আমি ॥৮৮৮

ন দেহো ন চাক্ষণি ন প্রাণবায়ু

মনো নাপি বুদ্ধির্ন চিত্তং হৃৎধীঃ ।

যদেষামধিষ্ঠানভূতং বিশুদ্ধং

সদেকং পরং সৎ তদেবাহমস্মি ॥ ৮৮৯

অনুবাদ । দেহঃ (শরীর) ন (ব্রহ্ম নহে) অক্ষণি চ (ইন্দ্রিয়বর্গও)
ন (ব্রহ্ম নহে), প্রাণবায়ুঃ (প্রাণ-নামক বায়ু) ন (নহে), মনঃ অপি (মনও)
ন (নহে), বুদ্ধিঃ (নিশ্চয়ানুক অস্তঃকরণ) ন (ব্রহ্ম নহে), চিত্ত
(স্মরণানুক অস্তঃকরণ) [ন—নহে] অহংধীঃ (অহঙ্কার) [ন—নহে], এষাম্
(দেহ-প্রভৃতির) অধিষ্ঠানভূতং (আশ্রয়স্বরূপ) বিশুদ্ধং (নির্মল) যৎ (যে)
একং (অদ্বিতীয়) পরং (উৎকৃষ্ট) সৎ (ব্রহ্ম) তৎ (সেই) সৎ এব (ব্রহ্মই)
অহম্ (আমি) অস্মি (হই) ॥ ৮৮৯

অনুবাদ । দেহ, ইন্দ্রিয়বর্গ, মন, বুদ্ধি, চিত্ত ও অহঙ্কার আত্মা নহে; ইহা-
দের অধিষ্ঠানস্বরূপ শুদ্ধ অদ্বিতীয় সদাত্মক পরব্রহ্মই আমি ॥ ৮৮৯

ন দেশো ন কালো ন দিগ্বাপি সৎস্রা-

ন্ন বস্তুস্তরং স্থূলসূক্ষ্মাদিরূপম্ ।

যদেষামধিষ্ঠানভূতং বিশুদ্ধং

সদেকং পরং সৎ তদেবাহমস্মি ॥ ৮৯০

* তাৎপর্য্য—পৃথিবী, জল, তেজঃ বায়ু, আকাশ, কাল, দিক্, দেহী (জীবাত্মা ও পরমাত্মা)
ও মনঃ—এই নয়টি দ্রব্য ।

রূপ, রস, গন্ধ, স্পর্শ, সখ্যা, পরিমাণ, পৃথকত্ব, সংযোগ, বিভাগ, পরত্ব, অপরত্ব, বুদ্ধি, সূক্ষ্ম
দুঃখ, ইচ্ছা, দ্বেষ, যত্ন, গুরুত্ব, দ্রবত্ব, স্নেহ, সংস্কার, ধর্ম, অধর্ম ও শক্তি এই চতুর্বিংশতি গুণ ।
উৎক্ষেপণ, অবক্ষেপণ, আকৃষ্ণন, প্রসারণ ও গমন—এই পাঁচটি ক্রিয়া ।

নিত্য হইয়া অনেকে সমবায়-সম্বন্ধে যে থাকে, তাহার নাম জ্ঞাপ্তি, যেমন ঘটত্ব, ঘটন্য নিত্য
অনেক ঘটে সমবায়-সম্বন্ধে (নিত্য সম্বন্ধে) বিদ্যমান আছে ।

ঘট হইতে দ্ব্যণুক পর্য্যন্ত যাবতীয় পদার্থের অবয়ব দ্বারা বিভাগ করা যাইতে পারে, কিং
পরমাণু অবয়বশূন্য, তাহার বিভাগের জন্য বৈশেষিক 'বিশেষ' নামক পদার্থ স্বীকার করিয়া
থাকেন । যে পদার্থ নিত্য দ্রব্যে বর্তমান থাকিয়া প্রলয়কাল পর্য্যন্ত অবস্থিত থাকে তাহাকে
বিশেষ বলে ।

অন্বয় । দেশঃ (ভূমিখণ্ড) সৎ (ব্রহ্ম) ন (নহে), কালঃ (অথও-
ল) ন (নহে), বা (অথবা) দিক্ অপি (পূর্বপশ্চিমাদিদিক্) ন (নহে)
স্বাক্ষাদিরূপং (স্থূল ও সূক্ষ্ম যাহার স্বরূপ এক) বস্তুস্তরং (অত্র বস্তু) ন (ব্রহ্ম
হ), এষাম্ (ইহাদের) অধিষ্ঠানভূতং (আশ্রয়স্বরূপ) যৎ (যে) বিশ্বক্ৰম্
স্বচ্ছ) একং (অদ্বিতীয়) পরং (উৎকৃষ্ট) সৎ (ব্রহ্ম) তৎ (সেই) সৎ এব
ব্রহ্মই) অহম্ (আমি) অস্মি (হই) ॥ ৮৯০

অনুবাদ । দেশ, কাল, দিক্ কিংবা স্থূল অথবা সূক্ষ্মস্বরূপ অত্র কোন বস্তু
ক্ (আত্মা) নহে, এই সমস্ত বস্তুর অধিষ্ঠান স্বরূপ স্বচ্ছ অদ্বিতীয় সদাত্মক পর
ক্ই আমি ॥ ৮৯০

এতদৃশ্যং নামরূপাত্মকং যো-

হধিষ্ঠানং তদ্ব্রহ্ম সত্যং সদেতি ।

গচ্ছংস্তিষ্ঠন্ বা শয়ানোহপি নিত্যং

কুর্যাদ্বিদ্বান্ বাহ্যদৃশ্যানুবিক্রম্ ॥ ৮৯১

অন্বয় । যঃ (যে) বিদ্বান্ (জ্ঞানী) নিত্যং (সর্বদা) গচ্ছন্ (গমন
করিতে করিতে) তিষ্ঠন্ (স্থিত হইয়া) বা (কিংবা) শয়ানঃ অপি (শয়ন
করিয়াও) বাহ্যদৃশ্যানুবিক্রম্ (বাহ্য ঘটপটাদিদৃশ্যস্বক্) এতৎ (এই) নাম-
রূপাত্মকং (নামরূপস্বরূপ) দৃশ্যং (জগৎ) তৎ (প্রসিক্) অধিষ্ঠানং (অধিষ্ঠান-
ভূত) সত্যং (সত্যস্বরূপ) সৎ (সৎস্বরূপ) ব্রহ্ম (ব্রহ্মকে) এতি (প্রাপ্ত হ'ন)
তদ্ব্রহ্মাহম্ অস্মি—সেই ব্রহ্মস্বরূপই আমি] ॥ ৮৯১

অনুবাদ । যে বিদ্বান্ পুরুষ সর্বদা গমনাবস্থায় কিংবা আসীন হইয়া অথবা
শয়ন করিয়াও বাহ্যবস্তুস্বক্ নামরূপাত্মক দৃশ্য জগৎকে অধিষ্ঠানভূত সত্যস্বরূপ
দাত্মক ব্রহ্মরূপে অবগত হ'ন সেই ব্রহ্মস্বরূপ আমি ॥ ৮৯১

অধ্যস্তনামরূপাদিপ্রবিলাপেন নিশ্চলম্ ।

অদ্বৈতং পরমানন্দং ব্রহ্মৈবাস্মীতি ভাবয়েৎ ॥ ৮৯২

অন্বয় । [যতিঃ—সন্ন্যাসী] অধ্যস্তনামরূপাদি-প্রবিলাপেন (আরোপিত
নামরূপাদি তিরোহিত করিয়া) নিশ্চলম্ (শুদ্ধ) অদ্বৈতং (দ্বৈতশূন্য) পরমানন্দং
(অসীমসুখস্বরূপ) ব্রহ্ম এব (পরমাআই) অহম্ (আমি) অস্মি (হই) ইতি
(ইহা) ভাবয়েৎ (চিন্তা করিবে) ॥ ৮৯২

অনুবাদ । সন্ন্যাসী আরোপিত নাম ও রূপ প্রভৃতিকে কারণে প্রলীন
করিয়া “অদ্বিতীয় পরমানন্দস্বরূপ ব্রহ্মই আমি” ইহা চিন্তা করিবে ॥ ৮৯২

নির্বিকারং নিরাকারং নিরঞ্জনমনাময়ম্ ।

আত্মস্তরহিতং পূর্ণং ব্রহ্মৈবাহং ন সংশয়ঃ ॥ ৮৯৩

অনুবাদ । অহং (আমি) নির্বিকারং (বিক্রিয়ারহিত) নিরাকারং (আকার-শূন্য) নিরঞ্জনং (মালিগুরহিত) অনাময়ম্ (রোগরহিত) আত্মস্তরহিতং (উৎপত্তি-নাশশূন্য) পূর্ণং (পরিপূর্ণস্বভাব) ব্রহ্ম এব (পরমাত্মাই) [অত্র—ইহাতে] সংশয়ঃ (সন্দেহ) ন (নাই) ॥ ৮২৩

অনুবাদ । আমি বিক্রিয়ারহিত, নিরাকার, কলঙ্কশূন্য, রোগরহিত, উৎপত্তি-নাশ-হীন পূর্ণ ব্রহ্মই, ইহাতে সন্দেহ নাই ॥ ৮২৩

নিষ্কলঙ্কং নিরাতঙ্কং ত্রিবিধচ্ছেদবর্জিতম্ ।

আনন্দমক্ষরং মুক্তং ত্রৈকৈবাস্মীতি ভাবয়েৎ ॥ ৮২৪

অনুবাদ । অহং (আমি) নিষ্কলঙ্কং (শুদ্ধ) নিরাতঙ্কং (নির্ভয়) ত্রিবিধ-চ্ছেদরহিতম্ (দেশ-কাল-পরিচ্ছেদশূন্য) আনন্দম্ (সুখস্বরূপ) মক্ষরং (অবি-নাশী) মুক্তং (সংসারবন্ধনরহিত) ব্রহ্ম এব (পরমাত্মাই) অস্মি (হই) ইতি (ইহা) ভাবয়েৎ (চিন্তা করিবে) ॥ ৮২৪

অনুবাদ । আমি শুদ্ধস্বভাব, নির্ভয়, দেশ, কাল ও বস্তু এই তিন প্রকার পরিচ্ছেদ (সীমা)-রহিত, আনন্দস্বরূপ, অবিনাশী, মুক্ত ব্রহ্মই, এইরূপ চিন্তা করিবে ॥ ৮২৪

নির্বিশেষং নিরাভাসং নিত্যমুক্তমবিক্রিয়ম্ ।

প্রজ্ঞানৈকরসং সত্যং ত্রৈকৈবাস্মীতি ভাবয়েৎ ॥ ৮২৫

অনুবাদ । অহং (আমি) নির্বিশেষং (বিশেষশূন্য অর্থাৎ একরূপ) নিরাভাসং (আভাসশূন্য) নিত্যমুক্তম্ (সর্বদা বিমুক্ত) অবিক্রিয়ং (বিকাররহিত) প্রজ্ঞানৈকরসং (একমাত্র জ্ঞানস্বরূপ) সত্যং (সত্যস্বরূপ) ব্রহ্ম এব (পরমাত্মাই) অস্মি (হই) ইতি (ইহা) ভাবয়েৎ (চিন্তা করিবে) ॥ ৮২৫

অনুবাদ । আমি একরূপ, আভাস-রহিত, সদামুক্ত বিক্রিয়ারহিত, একমাত্র জ্ঞানরূপ, সত্যস্বরূপ পরব্রহ্ম ইহা চিন্তা করিবে ॥ ৮২৫

শুদ্ধং বুদ্ধং তত্ত্বসিদ্ধং পরং প্রত্যগখণ্ডিতম্ ।

স্বপ্রকাশং পরাকাশং ত্রৈকৈবাস্মীতি ভাবয়েৎ ॥ ৮২৬

অনুবাদ । অহং (আমি) শুদ্ধং (গুণসঙ্গরহিত) তত্ত্বসিদ্ধং (তত্ত্বজ্ঞান দ্বারা নিশ্চিত) পরং (শ্রেষ্ঠ) প্রত্যক্ (ব্যাপক) অখণ্ডিতং (অখণ্ড) স্বপ্রকাশং (অল্পপ্রকাশ-নিরপেক্ষ-প্রকাশ-স্বভাব) পরাকাশং (মহাকাশ) ব্রহ্ম এব (পর-মাত্মাই) অস্মি (আছি) ইতি (ইহা) ভাবয়েৎ (চিন্তা করিবে) ॥ ৮২৬

অনুবাদ । আমি শুদ্ধ, বুদ্ধ, তত্ত্বজ্ঞানলভ্য, উৎকৃষ্ট, ব্যাপক, অখণ্ড, স্বপ্রকাশ, মহাকাশস্বরূপ ব্রহ্ম—ইহা চিন্তা করিবে ॥ ৮২৬

সূক্ষ্মমস্তিতামাত্রং নির্বিকল্পং মহত্তমম্ ।

কেবলং পরমাত্মৈতৎ ব্রহ্মবাস্মীতি ভাবয়েৎ ॥ ৮৯৭

অনুয় । অহং (আমি) সূক্ষ্মম্ (অতীব হ্রস্বগাহ) মস্তিতামাত্রং (সত্তাস্বরূপ)
নির্বিকল্পং (বিকল্পরহিত) মহত্তমম্ (সর্বাপেক্ষা বৃহৎ) কেবলং (শুদ্ধ)
পরমাত্মৈতৎ (পরম অদ্বৈতস্বরূপ) ব্রহ্ম (পরমাত্মা) অস্মি (হই) ইতি (ইহা)
ভাবয়েৎ (চিন্তা করিবে) ॥ ৮৯৭

অনুবাদ । আমি অতীব সূক্ষ্মস্বভাব, সত্তাস্বরূপ বিকল্পশূন্য, অতীব বৃহৎ, শুদ্ধ
বৃত্তলেশশূন্য, ব্রহ্মস্বরূপ—এইরূপ চিন্তা করিবে ॥ ৮৯৭

ইত্যেবং নির্বিকারাদিশব্দমাত্রসমর্পিতম্ ।

ধ্যায়তঃ কেবলং বস্তু লক্ষ্যে চিত্তং প্রতিষ্ঠতি ॥ ৮৯৮

অনুয় । ইত্যেবং (ইতি-এবং—এইরূপ, পূর্বোক্তরূপ) নির্বিকারাদি-
শব্দমাত্রসমর্পিতম্ (নির্বিকার প্রভৃতি শব্দ মাত্র দ্বারা জ্ঞাত) কেবলং (শুদ্ধ)
স্তু (পদার্থকে) ধ্যায়তঃ (চিন্তাকারীর) লক্ষ্যে (লক্ষ্যপদার্থ ব্রহ্মে) চিত্তং
অন্তঃকরণ) প্রতিষ্ঠতি (প্রতিষ্ঠা লাভ করে) ॥ ৮৯৮

অনুবাদ । পূর্বোক্তরূপ নির্বিকার প্রভৃতি শব্দের জ্ঞান শুদ্ধ পদার্থে (ব্রহ্মে)
যানশীল পুরুষের চিত্ত লক্ষ্যপদার্থে প্রতিষ্ঠা লাভ করে ॥ ৮৯৮

ব্রহ্মানন্দরসাবেশাদেকীভূয় তদাত্মনা ।

বুদ্ধেয়া নিশ্চলাবস্থা * স সমাধিরকল্পকঃ ॥ ৮৯৯

অনুয় । ব্রহ্মানন্দরসাবেশাৎ (ব্রহ্মসুখরসে আসক্তিবশতঃ) তদাত্মনা
(ব্রহ্মস্বরূপে) একীভূয় (এক হইয়া) বুদ্ধেঃ (বুদ্ধির) বা (যে) নিশ্চলাবস্থা
(স্থির অবস্থা) সঃ (সেই) অকল্পকঃ (নির্বিকল্প) সমাধিঃ (যোগ) ॥ ৮৯৯

অনুবাদ । ব্রহ্মসুখরূপ রসে আসক্তিবশতঃ ব্রহ্মরূপে এক হইয়া বুদ্ধির যে
নিশ্চল অবস্থা হয়, তাহাকে নির্বিকল্প সমাধি বলা যায় ॥ ৮৯৯

উথানে বাপ্যনুথানেহ্যপ্রমত্তো জিতেন্দ্রিয়ঃ ।

সমাধিষট্‌কং কুব্বীত সর্বদা প্রযতো যতিঃ ॥ ৯০০

অনুয় । অপ্রমত্তঃ (সাবধান) জিতেন্দ্রিয়ঃ (বশীকৃতেন্দ্রিয়) যতিঃ
(সন্ন্যাসী) প্রযতঃ (সংযত) [সন্—হইয়া] উথানে (উত্থিতিতে) বা (অথবা)
অপি (আমন্ত্রণে) অনুথানে অপি (শয়নেও) সর্বদা (সকল সময়) সমাধি-ষট্‌ক
(ছয় প্রকার সমাধি) কুব্বীত (করিবে) ॥ ৯০০

অনুবাদ । সন্ন্যাসী সাবধান, জিতেন্দ্রিয় ও সংযত হইয়া উথানে এবং শয়নেও
পূর্বোক্ত ষড়্‌বিধ সমাধির অনুষ্ঠান করিবে ॥ ৯০০

* বুদ্ধেয়া নিশ্চলাবস্থা ইতি বা পাঠঃ ।

বিপরীতার্থধীর্ষাবন্ন নিঃশেষং নিবর্ততে ।

স্বরূপস্ফুরণং যাবন্ন প্রসিধ্যত্যনির্গলম্ ।

তাবৎ সমাধিষট্কেন নয়েৎ কালং নিরন্তরম্ ॥ ৯০১

অনয় । যাবৎ (যে পর্য্যন্ত) বিপরীতার্থধীঃ (দেহ প্রভৃতিতে আত্মজ্ঞান-স্বরূপ বিরুদ্ধ বুদ্ধি) নিঃশেষং (সমূলে) ন নিবর্ততে (নিবৃত্ত না হয়), যাবৎ (যে পর্য্যন্ত) স্বরূপস্ফুরণম্ (স্বরূপের স্ফূর্তি) অনির্গলং (অবাধে) ন প্রসিধ্যতি (সম্পন্ন না হয়), তাবৎ (ততকাল) সমাধিষট্কেন (ছয়টি সমাধির দ্বারা) নিরন্তরং (সর্বদা) কালং (সময়) নয়েৎ (যাপন করিবে) ॥ ৯০১

অনুবাদ । যদবধি দেহাদিতে আত্মজ্ঞানরূপ বিপরীত বুদ্ধি সম্পূর্ণরূপে নিবৃত্ত না হয়, যে পর্য্যন্ত অবাধে স্বরূপস্ফূর্তি না হয়, ততকাল ছয়টি সমাধি দ্বারা কালক্ষেপ করিবে ॥ ৯০১

প্রমাদত্যাগঃ ।

ন প্রমাদোহত্র কর্তব্যো বিদুষা মোক্ষমিচ্ছতা ।

প্রমাদে জৃম্বতে মায়া সূর্য্যাপায়ে তমো যথা ॥ ৯০২

অনয় । মোক্ষং (মুক্তিকে) ইচ্ছতা (ইচ্ছুক) বিদুষা (বিদ্বান্ কর্তৃক অত্র (সমাধিতে) প্রমাদঃ (অনবধানতা) ন কর্তব্যঃ (করা কর্তব্য নহে) প্রমাদে (অসতর্কতা আবির্ভূত হইলে) সূর্য্যাপায়ে (সূর্য্য অস্ত গেলে) তমো যথা (অন্ধকারের তায়) মায়া (অজ্ঞান) জৃম্বতে (আবির্ভূত হয়, প্রকা পায়) ॥ ৯০২

অনুবাদ । মুক্তিকাম বিদ্বান্ পুরুষের সমাধিতে প্রমাদ (অনবধানতা) ত্যা করা বিধেয় ; [কারণ] যেমন সূর্য্য অস্তাচলে গমন করিলে অন্ধকার আবির্ভূ হয়, সেইরূপ প্রমাদ থাকিলে, মায়া প্রকাশিত হয় ॥ ৯০২

স্বানুভূতিং পরিত্যজ্য ন তিষ্ঠন্তি ক্ষণং বুধাঃ ।

স্বানুভূতৌ প্রমাদৌ যঃ স মৃত্যুর্ন যমঃ সতাম্ ॥ ৯০৩

অনয় । বুধাঃ (পণ্ডিতেরা) স্বানুভূতিং (আত্মার অনুভবকে) পরিত্যজ্য (ত্যাগ করিয়া) ক্ষণং (অল্পকাল) ন তিষ্ঠন্তি (অবস্থান করেন না); স্বানুভূতৌ (স্বকীয় অনুভবে) যঃ (যে) প্রমাদঃ (অনবধানতা), সঃ (তাহা) সতাম্ (সাধুগণের) মৃত্যুঃ (মরণ) ন যমঃ (যম নহে) ॥ ৯০৩

অনুবাদ । বুধগণ আত্মার অনুভব বর্জন করিয়া ক্ষণকাল, অবস্থান করেন না; আত্মানুভবে যে প্রমাদ উপস্থিত হয়, তাহা সজ্জনগণের মৃত্যুস্বরূপ, যম (কাল) তাহাদিগের মৃত্যু নহে ॥ ৯০৩

অগ্নিন্ সমাধৌ কুরুতে প্রয়াসং
যস্তস্ম নৈবাস্তি পুনর্বিকল্পঃ ।

সর্বাশ্চভাবোহপ্যমুনৈব সিধ্যৎ

সর্বাশ্চভাবঃ খলু কেবলত্বম্ ॥ ৯০৪

অন্বয় । যঃ (যিনি) অগ্নিন্ (এই) সমাধৌ (সমাধিতে) প্রয়াসং (যত্ন) কুরুতে (করেন), তস্ম (তাঁহার) পুনঃ (আবার) বিকল্পঃ (বিরুদ্ধকল্প) ন এব অস্তি (থাকে না, হয় না); অমুনা এব (এই সমাধির দ্বারাই) সর্বাশ্চভাবঃ অপি (সর্ব বস্তুতে আশ্চর্যান্বিত) সিধ্যৎ (সম্পন্ন হয়), কেবলত্বং (শুদ্ধস্বরূপতা) সর্বাশ্চভাবঃ (সর্ববস্তুতে আশ্চর্যবোধ) খলু (নিশ্চিত) ॥ ৯০৪

অনুবাদ । যিনি সমাধিতে প্রযত্ন করেন তাঁহার, আর বিকল্প * আবির্ভূত হয় না, কেবল মাত্র এই সমাধিদ্বারা সর্বভূতে আশ্চর্যদর্শন ঘটে; [আশ্চর্য] শুদ্ধ স্বরূপতাকে সর্বাশ্চভাব কহে ॥ ৯০৪

সর্বাশ্চভাবো বিদুষো ব্রহ্মবিদ্যাফলং বিদুঃ ।

জীবনুকৃতস্য তস্মৈব স্বানন্দানুভবঃ ফলম্ ॥ ৯০৫

অন্বয় । [পণ্ডিতাঃ—পণ্ডিতেরা] বিদুষঃ (বিদ্বানের) সর্বাশ্চভাবঃ (সকল বস্তুতে আশ্চর্যবোধ) ব্রহ্মবিদ্যাফলং (ব্রহ্মজ্ঞানের ফল) [ইতি—ইহা] বিদুঃ (জানিয়া থাকেন) তস্ম এব (সেই) জীবনুকৃতস্য (জীবিত থাকিয়া যিনি মুক্ত, তাঁহার) স্বানন্দানুভবঃ (আনন্দস্থানুভূতি) ফলম (কার্য) ॥ ৯০৫

অনুবাদ । বিদ্বানের সর্বাশ্চভাব ব্রহ্মজ্ঞানের ফল, এবং সেই জীবনুকৃত পুরুষের আনন্দানুভবই ফল,—একথা পণ্ডিতগণ বলিয়া থাকেন ॥ ৯০৫

যোহহং মমেত্যাশ্চসদাশ্চাগাহকো

গ্রন্থিলয়ং যাতি স বাসনাময়ঃ ।

সমাধিনা নশ্চতি কস্মবন্ধো

ব্রহ্মাশ্চবোধোহপ্রতিবন্ধ ইশ্যতে ॥ ৯০৬

অন্বয় । যঃ (যে) অহংমমেত্যাশ্চসদাশ্চাগাহকঃ (আমি ছুঁখী, আমার ঐশ্বর্য ইত্যাদিরূপ অনাশ্চাবগাহী) বাসনাময়ঃ (সংস্কারযুক্ত) গ্রন্থিঃ (গাঁইট—প্রতিবন্ধক) সঃ (তাহা) লয়ং (লয়কে) যাতি (প্রাপ্ত হয়); সমাধিনা (যোগ দ্বারা) কস্মবন্ধঃ (কস্মের বন্ধন) নশ্চতি (নষ্ট হয়), অপ্রতিবন্ধঃ (অবাধ) ব্রহ্মাশ্চবোধঃ (ব্রহ্মাভিন্ন আশ্চর্যান্বিত) ইশ্যতে (অভিলষিত হয়) ॥ ৯০৬

অনুবাদ । ‘আমি’ ‘আমার’ ইত্যাদিরূপ অনাশ্চাবগাহী যে বাসনাময় গ্রন্থি

* এইটি বটে, অথবা এইটি নহে চিন্তের একরূপ অবস্থাকে বিকল্প বলে ।

বিদ্যমান আছে, তাহা সমাধি দ্বারা বিলয়প্রাপ্ত হয় ; সমাধি দ্বারা কর্মের বন্ধনও
নষ্ট হয়, এবং প্রতিবন্ধকরহিত ব্রহ্ম ও আত্মার অভেদজ্ঞান উৎপন্ন হয় ॥ ১০৬

এষ নিষ্কণ্টকঃ পশ্চা মুক্তে ব্রহ্মাত্মনা স্থিতেঃ ।

শুদ্ধাত্মনাং মুমুক্শুণাং যৎ সদেকত্বদর্শনম্ ॥ ১০৭

অর্থ । শুদ্ধাত্মনাং (বিশুদ্ধচিত্ত) মুমুক্শুণাং (মুক্তিকাম পুরুষগণের) যৎ
(যে) সদেকত্বদর্শনম্ (সংস্বরূপ ব্রহ্ম ও আত্মার একত্বজ্ঞান) এষঃ (ইহা)
ব্রহ্মাত্মনা (ব্রহ্মস্বরূপে) স্থিতেঃ (অবস্থানরূপ) মুক্তেঃ (মোক্ষের) নিষ্কণ্টকঃ
(অবাধ) পশ্চাঃ (উপায়) ॥ ১০৭

অনুবাদ । বিশুদ্ধচিত্ত মুক্তিকাম পুরুষগণের সংস্বরূপ ব্রহ্মের ও আত্মার
একত্বদর্শনই ব্রহ্মস্বরূপে অবস্থানরূপ মুক্তির অকণ্টক উপায় ॥ ১০৭

তস্মাত্ত্বং চাপ্যপ্রমত্তঃ সমাধীন্

কৃত্বা গ্রন্থিং সাধু নির্দাহ যুক্তঃ ।

নিত্যং ব্রহ্মানন্দপীযুষসিক্তৌ

মজ্জন্ ক্রীড়ন্ মোদমানো রমস্ব ॥ ১০৮

অর্থ । তস্মাত্ত্বং (তজ্জন্ম, ব্রহ্ম ও আত্মার অভেদজ্ঞান মুক্তির উপায় বলিয়া)
ত্বং চ অপি (তুমিও) অপ্রমত্তঃ (সাবধান) [সন্—হইয়া] সমাধীন্ (পূর্বোক্ত
ছয় প্রকার সমাধি) কৃত্বা (করিয়া) সাধু (উত্তমরূপে) গ্রন্থিং (কামাদি
গ্রন্থিকে) নির্দাহ (পোড়াইয়া) যুক্তঃ (যোগী হইয়া) নিত্যং (সর্বদা)
ব্রহ্মানন্দপীযুষসিক্তৌ (ব্রহ্মসুখরূপ অমৃতসাগরে) মজ্জন্ (মগ্ন হইয়া) ক্রীড়ন্
(ক্রীড়া করিয়া) মোদমানঃ (আনন্দিত হইয়া) রমস্ব (রত হও) ॥ ১০৮

অনুবাদ । সেইজন্ম তুমিও সাবধানে পূর্বোক্ত ছয় প্রকার সমাধির অনুষ্ঠান-
পূর্বক উত্তমরূপে কামক্রোধাদি গ্রন্থি দগ্ধ করিয়া যোগযুক্ত হইয়া, সর্বদা
ব্রহ্মানন্দরূপ অমৃতসাগরে নিমগ্ন থাকিয়া ক্রীড়া কর, আনন্দ লাভ কর এবং
নিরত থাক ॥ ১০৮

যোগঃ ।

নির্বিবকল্পসমাধির্যো বৃত্তিনৈশ্চল্যলক্ষণা ।

তমেব যোগ ইত্যাহুর্যোগশাস্ত্রার্থকোবিদাঃ ॥ ১০৯

অর্থ । যঃ (যে) নির্বিবকল্পসমাধিঃ (বিকল্পশূন্য যোগ) নৈশ্চল্যলক্ষণা
(স্থৈর্য্যরূপ) বৃত্তিঃ (চিত্তের পরিণাম), যোগশাস্ত্রার্থকোবিদাঃ (যোগশাস্ত্রের
তাৎপর্য্যজ্ঞ পণ্ডিতেরা) তন্ম্ এব (তাহাকেই) যোগ ইতি (যোগ এই সংজ্ঞা)
স্মাহঃ (বলিয়া থাকেন) ॥ ১০৯

অনুবাদ । চিত্তবৃত্তির স্থিরতাই নির্বিকল্প সমাধি ; যোগশাস্ত্র-বিৎ পণ্ডিতেরা
গাহাকেই “যোগ” বলিয়া থাকেন ॥ ১০৯

অষ্টাবঙ্গানি ।

অষ্টাবঙ্গানি যোগস্য যমো নিয়ম আসনম্ ।

প্রাণায়ামস্তথা প্রত্যাহারশ্চাপি চ ধারণা ॥ ১১০

ধ্যানং সমাধিরিত্যেব নিগদন্তি মনৌষিণঃ ।

সর্বং ব্রহ্মেতি বিজ্ঞানাদিন্দ্রিয়গ্রামসংযমঃ ॥ ১১১

যমোহয়মিতি সংপ্রোক্তোহভ্যাসনীয়ো মুহুমূর্ছঃ ।

সজাতীয়প্রবাহশ্চ বিজাতীয়তিরস্কৃতিঃ ॥ ১১২

নিয়মো হি পরানন্দো নিয়মাৎ ক্রিয়তে বৃধৈঃ ।

সুখে নৈব ভবেদ্ যশ্মিন্ অজস্রং ব্রহ্মচিন্তনম্ ॥ ১১৩

অনুবাদ । যমঃ (যম), নিয়মঃ (নিয়ম), আসনং (আসন), প্রাণায়ামঃ
(প্রাণায়াম) তথা (এবং) প্রত্যাহারঃ চ (প্রত্যাহার) অপি চ (এবং) ধারণা
(দেশবন্ধ) ধ্যানম্ (চিত্তের একাগ্রতা) ইতি এব (ইহাই) যোগশ্চ (যোগের)
অষ্টৌ (আটটি) অঙ্গানি (অবয়ব) মনৌষিণঃ (মহাত্মারা) নিগদন্তি (বলিয়া
থাকেন) ; সর্বং (সমস্ত বস্তু) ব্রহ্ম (পরমাত্মা) ইতি (এইরূপ) বিজ্ঞানাৎ
(জানিয়া) ইন্দ্রিয়গ্রামসংযমঃ (ইন্দ্রিয়সমূহের নিগ্রহ) অয়ং (এই) যমঃ (যম)
ইতি (ইহা) সংপ্রোক্তঃ (কথিত হয়), [অসৌ যমঃ—এই যম] মুহুমূর্ছঃ (পুনঃ
পুনঃ) অভ্যাসনীয়ঃ (অভ্যাস করা কর্তব্য) ; সজাতীয়প্রবাহঃ (সমানজাতীয়
প্রত্যয়ের অবিচ্ছিন্ন ধারা) চ (এবং) বিজাতীয়তিরস্কৃতিঃ (বিরুদ্ধজাতীয়
প্রত্যয়ের অপনয়ন) নিয়মঃ (নিয়ম) [উচ্যতে—কথিত হয়], হি (যেহেতু) বৃধৈঃ
(পণ্ডিতগণ কর্তৃক) নিয়মাৎ (নিয়ম হইতে) পরানন্দঃ (পরমসুখ) ক্রিয়তে
(লক্ষ হয়), যশ্মিন্ (যাহাতে) সুখে নৈব (অনায়াসেই) অজস্রং (নিরন্তর)
ব্রহ্মচিন্তনং (ব্রহ্মচিন্তা) ভবেৎ (হইয়া থাকে) ॥ ১১০ ॥ ১১১ ॥ ১১২ ॥ ১১৩

অনুবাদ । মনৌষিণঃ “যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা,
ধ্যান ও সমাধি” এই আটটিকে যোগের অঙ্গ বলিয়া থাকেন । ‘এই সমস্ত বস্তু
ব্রহ্ম হইতে ভিন্ন নহে’—এইরূপ জ্ঞানের দ্বারা ইন্দ্রিয়সমূহের সংযম ‘যম’ বলিয়া
অভিহিত হয়, এই ‘যম’ পুনঃ পুনঃ অভ্যাস করা কর্তব্য । বিজাতীয় প্রত্যয়-
প্রবাহকে পরিত্যাগ ও সজাতীয় বিজ্ঞানধারাকে নিয়ম বলা যায় ; পণ্ডিতেরা এই
নিয়ম অনুষ্ঠান করিয়া পরম সুখ অনুভব করেন, যাহাতে অনায়াসে নিরন্তর ব্রহ্ম-
চিন্তা আসিয়া থাকে ॥ ১১০ ॥ ১১১ ॥ ১১২ ॥ ১১৩

আসনং তদ্ বিজানীয়াদিতরস্বথনাশনম্ ।

চিত্তাদিসর্বভাবেষু ব্রহ্মত্বেনৈব ভাবনাৎ ॥ ৯১৪

অনুয় । চিত্তাদিসর্বভাবেষু (চিত্ত অহঙ্কার প্রভৃতি সমস্ত পদার্থে) ব্রহ্মত্বেন
এব (ব্রহ্ম-স্বরূপে) ভাবনাৎ (চিন্তনহেতু) [যৎ—যে] ইতরস্বথনাশনং (বাহু-
স্বথক্ষয়) তৎ (তাহাকে) আসনং (আসন) বিজানীয়াৎ (জানিবে) ॥ ৯১৪

অনুবাদ । চিত্ত, অহঙ্কার প্রভৃতি সমস্ত পদার্থকে ব্রহ্মরূপে চিন্তা করিয়া
বাহু স্বথের নাশকে 'আসন' বলিয়া জানিবে ॥ ৯১৪

নিরোধঃ সর্ববৃত্তীনাং প্রাণায়ামঃ স উচ্যতে ।

নিষেধনং প্রপঞ্চস্য রেচকাখ্যঃ সমীরণঃ ॥ ৯১৫

অনুয় । [যঃ—যে] সর্ববৃত্তীনাং (চিত্তের সমস্ত বৃত্তির) নিরোধঃ (রোধ),
সঃ (তাহা) প্রাণায়ামঃ (প্রাণায়াম) উচ্যতে (কথিত হয়); প্রপঞ্চস্য
(জগতের) নিষেধনং (নিষেধ, ব্রহ্মে লয়) রেচকাখ্যঃ (রেচক-নামক) সমীরণঃ
(বায়ু) [উচ্যতে—উক্ত হয়] ॥ ৯১৫

অনুবাদ । পণ্ডিতেরা চিত্তের সমস্ত বৃত্তির নিরোধকে 'প্রাণায়াম' বলিয়া
থাকেন ; প্রপঞ্চের নিষেধ (ব্রহ্মে লয়)-কে রেচক নামক বায়ু বলা হয় ॥ ৯১৫

ব্রহ্মৈবাস্মীতি যা বৃত্তিঃ পুরকো বায়ুরীরিতঃ ।

ততস্তদ্বৃত্তিনৈশ্চল্যং কুস্তকঃ প্রাণসংযমঃ ॥ ৯১৬

অনুয় । [অহং—আমি] ব্রহ্ম এব (ব্রহ্মই) অস্মি (হই) ইতি (এইরূপ)
যা (যে) বৃত্তিঃ (চিত্তের অবস্থা) [সঃ=তাহা] পুরকো বায়ুঃ (পুরক নামক
বায়ু ঈরিতঃ (কথিত হয়); ততঃ (অনন্তর) তদ্বৃত্তিনৈশ্চল্যং (আমি ব্রহ্ম
ইত্যাকার বৃত্তির স্থৈর্য্য) [চ—এবং] প্রাণসংযমঃ (প্রাণবায়ুর নিশ্চলতা)
কুস্তকঃ (কুস্তক) [উচ্যতে—কথিত হয়] ॥ ৯১৬

অনুবাদ । 'আমিই ব্রহ্ম'—এইরূপ চিত্তবৃত্তিকে 'পুরক বায়ু' বলে, অনন্তর
সেইরূপ বৃত্তির স্থৈর্য্য এবং প্রাণবায়ুর সংযমকে 'কুস্তক' বলা যায় ॥ ৯১৬

অয়ঞ্চাপি প্রবুদ্ধানামজ্ঞানাং প্রাণপীড়নম্ ।

বিষয়েষ্বান্নতাং ত্যক্ত্বা মনসশ্চিতিমজ্জনম্ ॥ ৯১৭

প্রত্যাহারঃ সবিজ্ঞেয়োহভ্যসনীয়ো মুমুক্শুভিঃ ।

যত্র যত্র মনো যাতি ব্রহ্মণস্তত্র দর্শনাৎ ॥ ৯১৮

মনসো ধারণকৈব ধারণা সা পরা মতা ।

ব্রহ্মৈবাস্মীতি সদ্বৃত্ত্যা নিরালম্বতয়া স্থিতিঃ ॥ ৯১৯

ধ্যানশব্দেন বিখ্যাতা পরমানন্দদায়িনী ।

নির্বিকারতয়া বৃত্ত্যা ব্রহ্মাকারতয়া পুনঃ ॥ ১২০

বৃত্তিবিষ্মরণং সম্যক্ সমাধি ধ্যানসংজ্ঞকঃ ।

সমাধৌ ক্রিয়মাণে তু বিঘ্না হ্যায়ান্তি বৈ বলাৎ ॥ ১২১

অনুয় । অয়ং চ অপি (এই কুস্তকই) প্রবুদ্ধানাং (জ্ঞানিগণের, [চ—
৫৭] অজ্ঞানাং (জ্ঞানহীনগণের) প্রাণপীড়নং (প্রাণবায়ুর নিরোধ) বিষয়েষু
শব্দস্পর্শাদি বিষয়সমূহে) আত্মতাং (আত্মত্বকে) ত্যক্তা (ত্যাগ করিয়া)
মনঃ (মনের) চিত্তমজ্জনং (চৈতন্যে—ব্রহ্মে স্থাপন) সঃ (তাহাই) প্রত্যা-
হারঃ (প্রত্যাহারনামক যোগাঙ্গ) বিজ্ঞেয় (জ্ঞাত হইবে) (সঃ—সেই প্রত্যা-
হার] মুমুক্শুভিঃ (মুক্তিকাম পুরুষগণ কর্তৃক) অভ্যাসনীয়ঃ (অভ্যাস করা
কর্তব্য) যত্র যত্র (যেখানে যেখানে) মনঃ (মন) যতি (গমন করে) তত্র
সেইস্থানে) ব্রহ্মণঃ (ব্রহ্মের) দর্শনাং (সাক্ষাৎকারহেতু) মনসঃ (মনের)
ধারণং চ এব (কোন একস্থানে রক্ষণই) সা (তাহা) পরা (উৎকৃষ্ট) ধারণা
ধারণা) মতা (অভিমত), ব্রহ্ম এব (ব্রহ্মই) অস্মি (হই) ইতি (এইরূপ)
দূরত্যা (উত্তম বৃত্তি দ্বারা) নিরালম্বতয়া (অবলম্বনশূন্যতাক্রমে) স্থিতিঃ
অবস্থান) ধ্যানশব্দেন (ধ্যান এই নাম দ্বারা) বিখ্যাতা (প্রথিত হয়) [সা—
সই স্থিতি] পরমানন্দদায়িনী (অতিশয় আনন্দ প্রদান করে) নির্বিকারতা
বিকারশূন্যরূপে) ব্রহ্মাকারতয়া (ব্রহ্মাকারত্বরূপ) বৃত্ত্যা (বৃত্তি দ্বারা) পুনঃ
বাক্যালঙ্কার) সম্যক্ (উত্তমরূপে) বৃত্তিবিষ্মরণং (বৃত্তির বিস্মৃতি) ধ্যানসংজ্ঞকঃ
ধ্যানাপর-নামক) সমাধিঃ (সমাধি) [উচ্যতে—কথিত হয়] সমাধৌ (সমাধি)
ক্রিয়মাণে (অনুষ্ঠিত হইলে) হি (নিশ্চিত) বিঘ্নাঃ (প্রতিবন্ধকসমূহ) বলাৎ
(বলপূর্বক) আয়ান্তি (আগমন করে) ॥ ১১৭ ॥ ১১৮ ॥ ১১৯ ১২০ ॥ ১২১

অনুবাদ । এই কুস্তকই জ্ঞানী ও অজ্ঞদিগের প্রাণবায়ুর নিরোধক । শব্দ-
স্পর্শাদি বিষয়সমূহে আত্মত্ব পরিত্যাগপূর্বক মনের চৈতন্যে স্থাপনকে 'প্রত্যাহার'
বলিয়া জানিবে ; মুমুক্শুগণের এই প্রত্যাহার অভ্যাস করা অবশ্য কর্তব্য । যে
যে স্থানে মনঃ গমন করে, সেই সেই স্থানে ব্রহ্ম সাক্ষাৎকার হেতু মনের ধারণ
উৎকৃষ্ট 'ধারণা' বলিয়া কথিত হয় । 'আমিই ব্রহ্ম' এইরূপ সাধুবৃত্তি দ্বারা মনের
আশ্রয়হীনত্বরূপে অবস্থানকে 'ধ্যান' বলা যায় ; ইহা পরম আনন্দ প্রদান করিয়া
থাকে । বিকাররহিত ব্রহ্মাকার বৃত্তি দ্বারা ইতরবৃত্তির সম্যক্ বিস্মরণকে 'সমাধি'
বলে ; ইহাকে ধ্যান (ধ্যানের পরাকাষ্ঠা) বলা যায় । সমাধি অনুষ্ঠিত হইলে,
বিষয়সকল বলপূর্বক উপস্থিত হয় ॥ ১১৭ ॥ ১১৮ ১১৯ ॥ ১২০ ॥ ১২১

অনুসন্ধানরাহিত্যমালম্ব্যং ভোগলালসন্ ।

ভয়ং তমশ্চ বিক্ষেপস্তেজঃস্পন্দশ্চ শূন্যতা ॥ ১২২

অনুয় । অনুসন্ধানরাহিত্যং (ব্রহ্মাণ্যে মগ্নরহিততা) আলম্ব্যং (অলসতা)

ভোগলালসং (ভোগেচ্ছা) ভয়ং (ভীতি) তমশ্চ (এবং অজ্ঞান) বিক্ষেপঃ
(চিত্তচাঞ্চল্য) তেজঃস্পন্দশ্চ (উত্তাপের দ্বারা স্পন্দন) শূন্যতা (শূন্যত্ব) [এই
গুলি যোগবিষয়] ॥ ৯২২

অনুবাদ । [ব্রহ্মবিষয়ে] অনুসন্ধান-রাহিত্য, আলস্য, ভোগবাসনা, ভয়,
অজ্ঞান, বিক্ষেপ, তেজের দ্বারা স্পন্দন এবং শূন্যতা—এই কয়টি সমাধির
বিষয় ॥ ৯২২

এবং যদ্বিঘ্নবাহুল্যং ত্যাজ্যং তদ্ ব্রহ্মবিজ্ঞানৈঃ ।

বিঘ্নানেতান্ পরিত্যজ্য প্রমাদরহিতো বশী ।

সমাধিনিষ্ঠয়া ব্রহ্ম সাক্ষাদ্ভবিতুমর্হসি ॥ ৯২৩

অর্থ । এবং (এইরূপ) যৎ (যে) বিঘ্নবাহুল্যং (অন্তরায়ের প্রাচুর্য)
তৎ (তাহা) ব্রহ্মবিজ্ঞানৈঃ (ব্রহ্মজ্ঞ ব্যক্তিগণকর্তৃক) ত্যাজ্যং (পরিহার্য) ।
[ত্বং—তুমি] এতান্ (এই) বিঘ্নান্ (অন্তরায়সকলকে) পরিত্যজ্য (পরিত্যাগ
করিয়া) প্রমাদরহিতঃ (অনবধানতাবিহীন) বশী (জিতেন্দ্রিয়) [সন্—
হইয়া] সমাধিনিষ্ঠয়া (সমাধির উৎকর্ষ দ্বারা) সাক্ষাৎ (প্রত্যক্ষ) ব্রহ্ম (পর-
মাত্মা) ভবিতুং (হইতে) অর্হসি (যোগ্য হও) ॥ ৯২৩

অনুবাদ । ব্রহ্মজ্ঞ ব্যক্তিগণের এবংবিধ বিঘ্নপ্রাচুর্য ত্যাগ করা অবশ্য-
কর্তব্য । তুমি (শিষ্য) এই সমুদায় বিঘ্ন পরিত্যাগপূর্বক প্রমাদবিহীন এবং
জিতেন্দ্রিয় হইয়া, সমাধির পরাকাষ্ঠা দ্বারা সাক্ষাৎ ব্রহ্ম হইতে সমর্থ হও ॥ ৯২৩

শিষ্যস্য স্বানুভবঃ ।

ইতি গুরুবচনাৎ শ্রুতিপ্রমাণাৎ

পরমবগম্য স্বতত্ত্বমাত্মবুদ্ধ্যা ।

প্রশমিতকরণঃ সমাহিতাত্মা

কচিদচলাকৃতিরাত্মনিষ্ঠিতোহভূৎ ॥ ৯২৪

অর্থ । [শিষ্যঃ—বিদ্যার্থী] ইতি (এইরূপ) শ্রুতিপ্রমাণাৎ (বেদ-প্রমাণ)
গুরুবচনাৎ (গুরুর বাক্য শ্রবণ করিয়া) আত্মবুদ্ধ্যা (নিজ জ্ঞান দ্বারা) পরং
(উৎকৃষ্ট) স্বতত্ত্বম্ (আত্মস্বরূপ) অবগম্য (অবগত হইয়া) প্রশমিতকরণঃ
(শান্তেন্দ্রিয়) কচিৎ (কদাচিৎ) অচলাকৃতিঃ (স্থির) [চ—এবং] আত্ম-
নিষ্ঠিতঃ (আত্মপরায়ণ) সমাহিতাত্মা (সমাহিতচিত্ত) অভূৎ (হইয়াছিলেন) ॥ ৯২৪

অনুবাদ । শিষ্য এবংপ্রকার শ্রুতি-প্রমাণ গুরুবাক্য শ্রবণ করিয়া, সমুদিত
আত্মজ্ঞান দ্বারা প্রকৃষ্ট আত্মতত্ত্ব অবগত হইয়া, শান্তেন্দ্রিয়, স্থির, আত্মপরায়ণ
এবং কদাচিৎ সমাহিতচিত্ত হইয়াছিলেন ॥ ৯২৪

বহুকালং সমাধায় স্বস্বরূপে চ মানসম্ ।

উথায় পরমানন্দাদ্ গুরুমেত্য পুনর্মুদা ॥ ৯২৫

প্রমাণপূর্বকং ধীমান্ সগদগদমুবাচ হ ।

নমো নমস্তে গুরবে নিত্যানন্দস্বরূপিণে ॥ ৯২৬

মুক্তসঙ্গায় শাস্তায় ত্যক্তাহঙ্কার্য তে নমঃ ।

দয়াধানে নমো ভূম্নে মহিমনঃ পারমশ্চ তে ।

নৈবাস্তি যৎকটাক্ষেণ ব্রহ্মৈবাহভবমদ্বয়ম্ ॥ ৯২৭

অর্থঃ । ধীমান্ (বুদ্ধিমান্ শিষ্য) বহুকালং (অনেক কাল ব্যাপিয়া)
রূপে চ (আত্মস্বরূপে) মানসং (মন) সমাধায় (সমাধান করিয়া) পরমা-
নন্দং (অতিশয় সুখবশতঃ) উথায় (উত্থিত হইয়া) মুদা (হর্ষভরে) পুনঃ
প্রমাণপূর্বকং (প্রমাণপূর্বক) ধীমান্ (প্রমাণপূর্বক) সগদগদং (গদগদকণ্ঠে)
উবাচ হ (কহিয়াছিলেন),—নিত্যানন্দ-
স্বরূপিণে (নিত্যসুখস্বরূপ) গুরবে (গুরু) তে (তোমাকে) নমোনমঃ (নম-
স্কার করি), মুক্তসঙ্গায় (সঙ্গরহিত) শাস্তায় (শমগুণবিশিষ্ট) ত্যক্তাহঙ্কার্য
পরিগতাহঙ্কার) তে (তোমাকে) নমঃ (নমস্কার), দয়াধানে (দয়ার আধার)
নমঃ (ভূম্নে—ব্রহ্ম উদ্দেশ্যে) নমঃ (নমস্কার), তে (তোমার) শ্চ (এই)
মহিমনঃ (মহিমার) পারং (সীমা) ন এব আস্তি (নাই), যৎকটাক্ষেণ (যাহার
কটাক্ষ দ্বারা) [অহং—আমি] অদ্বয়ং (অদ্বৈত) ব্রহ্ম এব (ব্রহ্মই) অভবম্
হইয়াছি) ॥ ৯২৫ ॥ ৯২৬ ॥ ৯২৭

অনুবাদ । বুদ্ধিমান্ শিষ্য বহুকাল আত্মস্বরূপে মনঃসমাধানপূর্বক উত্থিত
হইয়া, পরমানন্দবশতঃ পুনরায় হর্ষভরে গুরুকে প্রাপ্ত হইয়া প্রমাণপূর্বক-পুনঃ
প্রমাণপূর্বক গুরুকে বলিলেন,—তুমি নিত্যানন্দস্বরূপ, গুরু, তোমাকে নমস্কার
করি ; তুমি সঙ্গরহিত, শাস্ত ও অহঙ্কারশূন্য, তোমাকে প্রমাণপূর্বক করি ; দয়ার
আধার ব্রহ্মস্বরূপ তোমাকে নমস্কার করি, যে গুরুর রূপা-কটাক্ষ দ্বারা আমি
দ্বিতীয় ব্রহ্মস্বরূপ হইয়াছি, সেই গুরু তুমি, তোমার মহিমার সীমা নাই ॥
৯২৫ ॥ ৯২৬ ॥ ৯২৭

কিং করোমি ক্ব গচ্ছামি কিং গৃহ্ণামি ত্যজামি কিম্ ।

যন্ময়া পূরিতং বিশ্বং মহাকল্পাস্থনং যথা ॥ ৯২৮

অর্থঃ । [অহং—আমি] কিং (কি) করোমি (করি), ক্ব (কোথায়)
গচ্ছামি (যাই), কিং (কি) গৃহ্ণামি (গ্রহণ করি), কিং (কি) ত্যজামি
(ত্যাগ করি) ? যৎ (যে কারণে) যন্ময়া (আমা কর্তৃক) যথা (যেন) মহা-

কল্পাশুনা (অতিশয় সঙ্কল্পরূপ বারির দ্বারা) বিশ্বং (জগৎ) পুরিতম্ (পূরি-
পূর্ণকৃত হইয়াছে) ॥ ৯২৮

অনুবাদ । আমি কি করি, কোথায় যাই, কি গ্রহণ করি এবং কোন্ ব-
ত্যাগ করি ? কারণ, আমি যেন এই বিশ্বকে অত্যন্ত সঙ্কল্পরূপ বারি দ্বারা পূ-
করিয়াছি ॥ ৯২৮

ময়ি স্মখবোধপয়োধৌ মহতি ব্রহ্মাণুবদ্বদসহস্রম্ ।

মায়াময়েন মরুতা ভূত্বা ভূত্বা পুনস্তিরোধতে ॥ ৯২৯

অনুবাদ । মহতি (অতীব) স্মখবোধপয়োধৌ (আনন্দজ্ঞান-সমুদ্র) মা-
(আমাতে) ব্রহ্মাণুবদ্বদসহস্রং (ব্রহ্মাণুরূপ সহস্র সহস্র জলবিশ্ব) মায়াময়ে
(মায়াযুক্ত) মরুতা (বায়ু দ্বারা) ভূত্বা ভূত্বা (পুনঃ পুনঃ উৎপন্ন হইয়া) পু-
(আবার) তিরোধতে (বিলীন হইয়া থাকে) ॥ ৯২৯

অনুবাদ । অতীব আনন্দজ্ঞান-পারাবারস্বরূপ আমাতে (আত্মাতে) ব্রহ্মা-
রূপ সহস্র জলবিশ্ব মায়াময় বায়ু দ্বারা পুনঃ পুনঃ উদ্ভূত হইয়া আবার তিরোহি
হইয়া থাকে ॥ ৯২৯

নিত্যানন্দস্বরূপোহহমাত্মাহং ত্বদনুগ্রহাৎ ।

পূর্ণোহহমনবদ্যোহহং কেবলোহহং চ সদৃশুরো ॥ ৯৩০

অনুবাদ । সদৃশুরো (হে সাধু শুরো !) অহং (আমি) ত্বদনুগ্রহাৎ (তোম
কৃপায়) নিত্যানন্দস্বরূপঃ (সদা স্মখস্বরূপ), অহম্ (আমি) আত্মা (ব্রহ্মস্বরূপ
অহং (আমি) পূর্ণঃ (পরিপূর্ণ), অহম্ (আমি) অনবদ্যঃ (অনিন্দনীয়), অ
(আমি) কেবলঃ (শুদ্ধ) ॥ ৯৩০

অনুবাদ । হে সদৃশুরো ! আমি আপনার অনুগ্রহে নিতা স্মখস্বরূ
আমি আত্ম-(ব্রহ্ম) স্বরূপ, আমি পূর্ণ, অনিন্দনীয় এবং শুদ্ধস্বভাব ॥ ৯৩০

অকর্ত্তাহমভোক্তাহমবিকারোহহমক্রিয়ঃ ।

আনন্দঘন এবাহমসঙ্গোহহং সদাশিবঃ ॥ ৯৩১

অনুবাদ । অহম্ (আমি) অকর্ত্তা (কর্ত্ত্বরহিত), অহম্ (আমি)
অভোক্তা (ভোক্ত্বরহিত), অহম্ (আমি) অবিকারঃ (বিকাররহিত), [অহম্
—আমি] অক্রিয়ঃ (ক্রিয়ারহিত), অহম্ (আমি) আনন্দঘনঃ এব (স্মখ-
স্বরূপই), অহম্ (আমি) অসঙ্গঃ (সঙ্গবর্জিত), [অহম্—আমি] সদাশিবঃ
(সর্বদা কল্যাণময়) ॥ ৯৩১

অনুবাদ । আমি,—অকর্ত্তা, অভোক্তা, বিকারশূন্য, নিক্রিয়, স্মখস্বরূপ,
অসঙ্গ এবং সদাশিব ॥ ৯৩১

ত্বৎকটাক্ষবরচান্দ্রচন্দ্রি কাপাতধূতভবতাপজশ্রমঃ ।

প্রাপ্তবানহমখণ্ডবৈভবানন্দমাত্মপদমক্ষয়ং ক্ষণাৎ ॥ ৯৩২

অনুয়। ত্বৎকটাক্ষবরচাক্ষুচক্ষিকাপাতধৃতভবতাপজশ্রমঃ (তোমার কটাক্ষ-
প উৎকৃষ্ট জ্যোৎস্নাপাতের দ্বারা সংসারতাপজনিত শ্রান্তি বিদূরিত হইয়াছে
হার, সেই), অহং (আমি) ক্ষণাৎ (ক্ষণমাত্রেই) অথগুবৈভবানন্দম্ (অথগু-
শ্রীশ্রীশুখরূপ) অক্ষয়ম্ (অবিনাশী) আত্মপদং (আত্মস্থিতি) প্রাপ্তবান্ (প্রাপ্ত
ইয়াছি) ॥ ৯৩২

অনুবাদ। ত্বদীয় কটাক্ষরূপ উৎকৃষ্ট জ্যোৎস্নাপাতের দ্বারা আমার সংসার-
তাপজনিত শ্রান্তি বিদূরিত হইয়াছে, আমি মুহূর্ত্তকাল মধ্যে অথগু-শ্রীশ্রীশুখা-
মানন্দরূপ অক্ষয় আত্মপদ লাভ করিয়াছি ॥ ৯৩২

ছায়য়া স্পৃষ্টমুষ্ণং বা শীতং বা দুষ্ণু সৃষ্ণুবা ।

ন স্পৃশতে্যব যৎকিঞ্চিৎ পুরুষং তদ্বিলক্ষণম্ ॥ ৯৩৩

অনুয়। ছায়য়া (ছায়া দ্বারা) স্পৃষ্টং (কৃতস্পর্শ) উষ্ণং (গরম) বা
(কিংবা) শীতং (ঠাণ্ডা) বা (কিংবা) দুষ্ণু (মন্দ) সৃষ্ণু (ভাল) যৎকিঞ্চিৎ
(যাহা কিছু) তদ্বিলক্ষণং (শীতাদির বিপরীত) পুরুষং (পুরুষকে) ন স্পৃশতি
এব (স্পর্শ করিতে পারেই না) ॥ ৯৩৩

অনুবাদ। ছায়া দ্বারা স্পৃষ্ট উষ্ণ শীত কিংবা ভাল মন্দ যাহা কিছু, তাহার
(শীতাদির) বিরুদ্ধধর্ম পুরুষকে স্পর্শ করিতে পারে না ॥ ৯৩৩

ন সাক্ষিণং সাক্ষ্যধর্ম্মা ন স্পৃশন্তি বিলক্ষণম্ ।

অবিকারমুদাসীনং গৃহধর্ম্মাঃ প্রদীপবৎ ॥ ৯৩৪

অনুয়। গৃহধর্ম্মাঃ (গৃহের ধর্ম্মসমূহ) প্রদীপবৎ (যেমন প্রদীপকে স্পর্শ
করিতে পারে না, সেইরূপ) সাক্ষ্যধর্ম্মাঃ (যেগুলি সাক্ষীর ধর্ম্ম নহে, তাহারা)
বিলক্ষণং (বিপরীত) সাক্ষিণং (সাক্ষীকে) ন স্পৃশন্তি (স্পর্শ করে না),
অবিকারম্ (বিকারশূন্য) উদাসীনং (কর্তৃত্বাদিরহিত) [আত্মানং—আত্মাকে]
ন স্পৃশন্তি (স্পর্শ করে না) ॥ ৯৩৪

অনুবাদ। গৃহের ধর্ম্মসমূহ যেমন প্রদীপকে স্পর্শ করিতে পারে না, সেইরূপ
যে সমুদায় সাক্ষীর ধর্ম্ম নহে—তাহারা বিলক্ষণ, বিকার-রহিত, উদাসীন সাক্ষীকে
স্পর্শ করে না ॥ ৯৩৪

রবের্ষথা কস্মিণি সাক্ষিভাবো

বহের্ষথা বায়সি দাহকত্বম্ ।

রজ্জ্বার্ঘ্যথারোপিতবস্তুসঙ্গ-

স্তথৈব কূটস্থচিদাত্মনো মে ॥ ৯৩৫

অনুয়। যথা (যেমন) রবেঃ (সূর্য্যের) কস্মিণি (ক্রিয়ায়) সাক্ষিভাবঃ
(সাক্ষিত্ব), যথা বা (অথবা) বহেঃ (অগ্নির) বায়সি (লৌহে) দাহকত্বং

(দাহকর্তৃত্ব) যথা (যেরূপ), রজ্জ্বাঃ (দড়ির) আরোপিতবস্ত্রসঙ্গঃ (কল্পিত সর্পাদিবস্ত্র সহিত সম্বন্ধ) কূটস্থচিদান্নঃ (কূটস্থ চৈতন্যস্বরূপ) মে (আমার) তথা এব (সেইরূপ সম্বন্ধ অর্থাৎ সঙ্গ নাই) ॥ ৯৩৫

অনুবাদ। সূর্যের যেমন কর্ণে সাক্ষিত্যমাত্র, কিংবা অগ্নির যেমন লৌহে দাহজনকতা, অথবা রজ্জুর যেরূপ সর্পাদি কল্পিত বস্ত্র সহিত সঙ্গ বিদ্যমান আছে, কূটস্থ চৈতন্যস্বরূপ আমার (আমার) সেইরূপই সম্বন্ধ ॥ ৯৩৫

ইত্যুক্ত্বা স গুরুং স্তুত্বা প্রশ্রয়েণ কৃতানতিঃ ।

মুমুক্শোরূপকারায় প্রষ্টব্যংশমপৃচ্ছত ॥ ৯৩৬

অর্থ। সঃ (সেই শিষ্য) ইতি (ইহা) উক্ত্বা (বলিয়া) গুরুং (গুরুকে) স্তুত্বা (স্তুতি করিয়া) প্রশ্রয়েণ (বিনয়-সহকারে) কৃতানতিঃ (প্রণামপূর্বক মুমুক্শোঃ (মুক্তিকামের) উপকারায় (উপকারের জন্ত) প্রষ্টব্যংশম্ (প্রষ্টব্যভাগ অপৃচ্ছত (জিজ্ঞাসা করিয়াছিলেন) ॥ ৯৩৬

অনুবাদ। শিষ্য এবংবিধ বাক্য বলিয়া, গুরুকে স্তুতি করিয়া, বিনয়সহকারে প্রণত হইয়া, মুমুকুর উপকারের জন্ত প্রশ্ন জিজ্ঞাসা করিলেন ॥ ৯৩৬

জীবনুক্তস্য ভগবন্নুভূতেশ্চ লক্ষণম্ ।

বিদেহমুক্তস্য চ মে কৃপয়া ক্রহি তদ্রতঃ ॥ ৯৩৭

অর্থ। ভগবন্ (হে ষড়ৈশ্বর্যশালিন্ !) জীবনুক্তস্য (জীবিতাবস্থা মুক্তের) অনুভূতেশ্চ (এবং অনুভবের) বিদেহমুক্তস্য চ (এবং বিদেহমুক্তের) লক্ষণং (লক্ষণ) মে (আমাকে) কৃপয়া (দয়াপূর্বক) তদ্রতঃ (যথার্থভাবে) ক্রহি (বলুন) ॥ ৯৩৭

অনুবাদ। হে ভগবন্! জীবনুক্ত, অনুভব এবং বিদেহমুক্তির (হনাশের পর মুক্তির) লক্ষণ আমাকে কৃপাপূর্বক যথাযথ বিবৃত করুন ॥ ৯

জ্ঞানভূমিকালক্ষণম্ ।

শ্রীগুরুঃ—

বক্ষ্যে তুভ্যং জ্ঞানভূমিকায় লক্ষণমাদিতঃ ।

জ্ঞাতে যস্মিন্দ্ভয়া সর্বং জ্ঞাতং স্যাৎ পৃষ্ঠমদ্য যৎ ॥ ৯৩৮

অর্থ। শ্রীগুরুঃ (গুরু) [কহিলেন], [অহং—আমি] জ্ঞানভূমিকায় (জ্ঞান-ভূমিকার) লক্ষণং (লক্ষণ) আদিতঃ (প্রথম হইতে) তুভ্যং (তোমার উদ্দেশে, তোমাকে) বক্ষ্যে (বলিব) ; যস্মিন্ (যাহা) জ্ঞাতে (জ্ঞাত হইলে) ভয়া (তোমাকর্তৃক) অদ্য (আজ) যৎ (যাহা) স্পৃষ্টং (জিজ্ঞাসিত হইয়াছে [তৎ--তাহা] সর্বং (সমস্ত) জ্ঞাতং (বিদিত) স্যাৎ (হইবে) ॥ ৯৩৮

অনুবাদ। গুরু কহিলেন,—তোমাকে জ্ঞানের ভূমিকার (অবস্থার) লক্ষণ
ধম হইতে বলিব ; যাহা অবগত হইলে, অদ্য তুমি যাহা জিজ্ঞাসা করিয়াছ,
সমুদায় অবগত হইবে ॥ ২৩৮

জ্ঞানভূমিঃ শুভেচ্ছা স্মাৎ প্রথমা সমুদীরিতা ।

বিচারণা দ্বিতীয়া তু তৃতীয়া তনুমানসী ॥ ২৩৯

অর্থ। শুভেচ্ছা (শুভেচ্ছা-নামী) জ্ঞানভূমিঃ (জ্ঞানের অবস্থা) প্রথমা
আত্মা) সমুদীরিতা (কথিতা) স্মাৎ (হয়), তু (পাদপুরণে) বিচারণা (বিচা-
ণানামী) দ্বিতীয়া (দ্বিতীয়া ভূমি) তনুমানসী (তনুমানসী-নামিকা) তৃতীয়া
তৃতীয়া ভূমি) ॥ ২৩৯

অনুবাদ। প্রথমা জ্ঞানভূমি 'শুভেচ্ছা' নামে অভিহিত হইয়া থাকে ।
'বিচারণা' দ্বিতীয়া জ্ঞানভূমি ; তৃতীয়া 'তনুমানসী' বলিয়া কথিত হয় ॥ ২৩৯

সত্বাপত্তিশ্চতুর্থী স্মাৎ ততোহসংসক্তি নামিকা ।

পদার্থাভাবনা ষষ্ঠী সপ্তমী তুর্য্যাগা স্মৃতা ॥ ২৪০

অর্থ। চতুর্থী (চতুর্থী ভূমি) সত্বাপত্তিঃ (সত্বাপত্তি-নামিকা) স্মাৎ (হয়)
ততঃ (অনন্তর অর্থাৎ চতুর্থীর পর পঞ্চমী) অসংসক্তি নামিকা (অসংসক্তি-
নামী), ষষ্ঠী (ষষ্ঠী) পদার্থাভাবনা (পদার্থাভাবনানামী), সপ্তমী (সপ্তমী
ভূমিকা) তুর্য্যাগা (তুর্য্যাগা-নামিকা) স্মৃতা (কথিত হয়) ॥ ২৪০

অনুবাদ। চতুর্থী ভূমিকার নাম 'সত্বাপত্তি' । 'অসংসক্তি' নামিকা পঞ্চমী
ভূমিকা, ষষ্ঠী পদার্থাভাবনা, এবং তুর্য্যাগা ভূমিকা সপ্তমী বলিয়া কথিত হয় ॥ ২৪০

শুভেচ্ছা ।

স্থিতঃ কিং মূঢ় এবাস্মি প্রেক্ষ্যাহং শাস্ত্রসজ্জনৈঃ ।

বৈরাগ্যপূর্বমিচ্ছেতি শুভেচ্ছা চোচ্যতে বৃধৈঃ ॥ ২৪১

অর্থ। শাস্ত্রসজ্জনৈঃ (শাস্ত্রবিষয়ে যাহারা সাধু ব্যক্তি, অর্থাৎ শাস্ত্রাভিজ্ঞ
ব্যক্তি, তাঁহাদের কর্তৃক) প্রেক্ষ্যঃ (দর্শনবিষয়ীভূত) অহং (আমি) কিং
(কি) মূঢ় এব (মোহপ্রাপ্তই) স্থিতঃ (বিস্তমান আছি) ইতি (এবং-
প্রকার) বৈরাগ্যপূর্বং (বৈরাগ্যসহকারে) ইচ্ছা (বাসনা) বৃধৈঃ (পণ্ডিতগণ
কর্তৃক) শুভেচ্ছা চ (শুভেচ্ছা নামী যোগভূমিকা) উচ্যতে (কথিত হয়) ॥ ২৪১

অনুবাদ। আমি শাস্ত্রদর্শিগণ কর্তৃক দৃষ্ট হইয়া কি মূঢ়ের মত অবস্থান
করিতেছি, বৈরাগ্যপূর্বক এবংবিধ ইচ্ছাকে পণ্ডিতেরা "শুভেচ্ছা" বলিয়া
থাকেন ॥ ২৪১

বিচারণা ।

শাস্ত্রসজ্জনসম্পর্কবৈরাগ্যাভ্যাসপূর্বকম্ ।

সদাচারপ্রবৃত্তি র্যা প্রোচ্যতে সা বিচারণা ॥ ৯৪২

অর্থঃ । শাস্ত্রসজ্জনসম্পর্কবৈরাগ্যাভ্যাসপূর্বকং (বেদাদি শাস্ত্র, সাধুগণের সহিত সম্বন্ধ এবং বৈরাগ্যের অভ্যাস-সহকারে) যা (যে) সদাচারপ্রবৃত্তি (সদাচারেচ্ছা) সা (তাহা) বিচারণা (বিচারণা-নাম্নী দ্বিতীয়ভূমি) প্রোচ্যতে (কথিত হয়) ॥ ৯৪২

অনুবাদ । বেদাদিশাস্ত্রের অনুশীলন, সাধুগণের সহিত সহবাস এবং বৈরাগ্যের অভ্যাস-সহকারে যে সদাচারে প্রবৃত্তি জনে, পণ্ডিতেরা তাহাকে 'বিচারণা' বলিয়া থাকেন ॥ ৯৪২

তনুমানসী ।

বিচারণা শুভেচ্ছাভ্যামিন্দ্রিয়ার্থেষু রক্ততা ।

যত্র সা তনুতামেতি প্রোচ্যতে তনুমানসী ॥ ৯৪৩

অর্থঃ । যত্র (যে অবস্থায়) বিচারণা শুভেচ্ছাভ্যাং (বিচারণা-নাম্নী দ্বিতীয়-ভূমি ও শুভেচ্ছানামিকা প্রথম ভূমির দ্বারা) ইন্দ্রিয়ার্থেষু (ইন্দ্রিয়ের বিষয়-সমূহে) রক্ততা (অনুরাগ) তনুতাম্ (ক্ষীণতাকে) এতি (প্রাপ্ত হয়) সা (তাহা) তনুমানসী (তনুমানসী-নামিকা তৃতীয়া যোগভূমি) প্রোচ্যতে (কথিত হয়) ॥ ৯৪৩

অনুবাদ । যে অবস্থায় বিচারণা ও শুভেচ্ছা-নাম্নী যোগভূমির দ্বারা ইন্দ্রিয়ের বিষয়সমূহে অনুরাগ ক্ষীণভাবে ধারণ করে, তাহা পণ্ডিতগণ "তনুমানসী" বলিয়া থাকেন ॥ ৯৪৩

সত্বাপত্তিঃ ।

ভূমিকাত্রিতয়াভ্যাসাচ্চিত্তেহর্থবিরতেবশাৎ ।

সত্বাত্মনি স্থিতে শুদ্ধে সত্বাপত্তিরুদাহৃত্য ॥ ৯৪৪

অর্থঃ । ভূমিকাত্রিতয়াভ্যাসাৎ (পূর্বোক্ত শুভেচ্ছা, বিচারণা ও তনুমানসী-নামিকা ভূমিত্রয়ের অভ্যাসহেতু) চিত্তে (অন্তঃকরণে) অর্থবিরতেবশাৎ (বিষয়ের উপশান্তিবশতঃ) শুদ্ধে (কেবল) সত্বাত্মনি (সত্বগুণাধিক চিত্তে) স্থিতে (অবস্থিত হইলে) সত্বাপত্তি (সত্বাপত্তিনামিকা চতুর্থী ভূমিকা) উদাহৃত্য (কথিত হয়) ॥ ৯৪৪

অনুবাদ । পূর্বেক্ তিনটি ভূমির অভ্যাসপ্রযুক্ত চিত্তে বিষয়বাসনা নিবৃত্ত
ন, শুদ্ধ-স্বপ্নপ্রধান আত্মাতে অবস্থান করাকে পণ্ডিতেরা “সম্বাপত্তি”
য়া থাকেন ॥ ২৪৪

সংসক্তি নামিকা ।

দশাচতুষ্টয়াভ্যাসাদসংসর্গফলা তু যা ।

রুঢ়সত্বচমৎকারা প্রোক্তা সংসক্তি নামিকা ॥ ২৪৫

অর্থ । তু (পরস্তু) দশাচতুষ্টয়াভ্যাসাৎ (পূর্বেক্ চারিটি দশার অভ্যাস
াতঃ) যা (যে) অসংসর্গফলা (অসংসর্গ যাহার ফল এবংবিধ) রুঢ়সত্বচমৎ-
ারা (প্রসিদ্ধ সত্বগুণের চমৎকৃতি—আধিক্য) [সা—তাহা] সংসক্তি নামিকা
সংসক্তি নামিকা চতুর্থী যোগভূমি) প্রোক্তা (কথিত হয়) ॥ ২৪৫

অনুবাদ । পূর্বেক্ ভূমিচতুষ্টয়ের অভ্যাসবশতঃ কাহারও সহিত সংসর্গ
রিতে ইচ্ছা হয় না এবং সত্বগুণের আধিক্য জন্মে, এরূপ অবস্থাকে পণ্ডিতেরা
সংসক্তি-নামিকা’ ভূমিকা বলিয়া থাকেন ॥ ২৪৫

পদার্থাভাবনা ।

ভূমিকাপঞ্চকাভ্যাসাৎ স্বাত্মারামতয়া ভূশম্ ।

অভ্যন্তরাণাং বাহ্যানাং পদার্থানাং ভাবনাৎ ॥ ২৪৬

পরপ্রযুক্তেন চিরপ্রযত্নেনাববোধনম্ ।

পদার্থাভাবনা নাম ষষ্ঠী ভবতি ভূমিকা ॥ ২৪৭

অর্থ । ভূমিকাপঞ্চকাভ্যাসাৎ (পূর্বেক্ ভূমিকা পাঁচটির অভ্যাসবশতঃ)
স্বাত্মারামতয়া (আত্মাতে অনুরক্তি হেতু) অভ্যন্তরাণাং (অন্তরস্থিত) [এবং]
বাহ্যানাং (বহিঃস্থিত ঘটপটাদি) পদার্থানাং (পদার্থসমূহের) ভূশম্ (অত্যন্ত)
ভাবনাৎ (চিন্তা না করা বশতঃ) পরপ্রযুক্তেন (অপর কর্তৃক প্রেরিত)
চিরপ্রযত্নেন (বহুকালের যত্ন দ্বারা) অববোধনং (জ্ঞান) [স—তাহা] পদার্থা-
ভাবনা-নাম (পদার্থাভাবনা-নামিকা) ষষ্ঠী (ষষ্ঠী) ভূমিকা (জ্ঞানের অবস্থা)
ভবতি (হয়) ॥ ২৪৬ ॥ ২৪৭

অনুবাদ । পাঁচটি ভূমির অভ্যাস বশতঃ আত্মাতে রত থাকায় আভ্যন্তর ও
বাহ্য পদার্থসমূহের অধিকতররূপে চিন্তা না করিয়া পরপ্রযুক্ত অতিশয় যত্ন দ্বারা যে
জ্ঞান উৎপন্ন হয়, তাহাকে ‘পদার্থা-ভাবনা’-নামিকা ষষ্ঠীজ্ঞানভূমি বলে ॥২৪৬॥২৪৭

তুর্যগা ।

ষড়্ভূমিকাচিরাভ্যাসাদ্ ভেদস্থানুপলম্বনাৎ ।

যৎ স্বভাবৈকনিষ্ঠত্বং সা জ্ঞেয়া তুর্যগা গতিঃ ॥ ৯৪৮

অন্বয় । ষড়্ভূমিকাচিরাভ্যাসাৎ (পূর্বোক্ত ছয়টি ভূমির বহুকাল অভ্যাস-
বশতঃ) ভেদস্থ (দ্বৈতের) অনুপলম্বনাৎ (অপ্রতীতিবশতঃ) যৎ (যে)
স্বভাবৈকনিষ্ঠত্বং (এক স্বভাবে স্থিতি), সা (তাহা) তুর্যগা (তুর্যগা নাম্নী
সপ্তমী) গতিঃ (জ্ঞানভূমি) জ্ঞেয়া (জানিবে) ॥ ৯৪৮

অনুবাদ । পূর্বোক্ত ছয়টি জ্ঞানভূমির বহুকাল ধরিয়া অভ্যাসবশতঃ ভেদের-
(দ্বৈতের) আর উপলক্ষি না হওয়ায়, একভাবে অবস্থিতিকে পণ্ডিতেরা 'তুর্যগা'
নাম্নী [সপ্তমী] জ্ঞানভূমি বলেন ॥ ৯৪৮

জাগ্রজ্জাগ্রৎ ।

ইদং মমেতি সর্বেষু দৃশ্যভাবেষু ভাবনা ।

জাগ্রজ্জাগ্রদিতি প্রাহ্মহাস্তো ব্রহ্মবিত্তমাঃ ॥ ৯৪৯

অন্বয় । মহাস্তঃ (মহানুভব) ব্রহ্মবিত্তমাঃ (ব্রহ্মবাদিগণের মধ্যে শ্রেষ্ঠ
ব্যক্তিগণ) সর্বেষু (সমস্ত) দৃশ্যভাবেষু (ঘটপটাদি দৃশ্য বস্তুতে) ইদং (এই
বস্তু) মম (আমার) ইতি (এইরূপ) ভাবনা (চিন্তা না করা) জাগ্রজ্জাগ্রৎ
(জাগ্রজ্জাগ্রৎ) ইতি (ইহা) প্রাহ্মঃ (বলেন) ॥ ৯৪৯

অনুবাদ । শ্রেষ্ঠ ব্রহ্মবাদিগণ সমস্ত দৃশ্য পদার্থে 'এই বস্তু আমার' এইরূপ
ভাবনা না করাকে 'জাগ্রজ্জাগ্রৎ' বলিয়া থাকেন ॥ ৯৪৯

জাগ্রৎস্বপ্নঃ ।

বিদিত্বা সচ্চিদানন্দে ময়ি দৃশ্যপরম্পরাম্ ।

নামরূপপরিত্যাগো জাগ্রৎস্বপ্নঃ সমীৰ্য্যতে ॥ ৯৫০

অন্বয় । সচ্চিদানন্দে (সৎ, জ্ঞান ও আনন্দস্বরূপ) ময়ি (আমাতে—
আত্মাতে) দৃশ্যপরম্পরাৎ (দৃশ্যসমূহকে) বিদিত্বা (জানিয়া—আরোপিত জানিয়া)
নামরূপপরিত্যাগঃ (নাম ও রূপের ত্যাগ) জাগ্রৎস্বপ্নঃ (জাগ্রৎস্বপ্ন) সমীৰ্য্যতে
(কথিত হয়) ॥ ৯৫০

অনুবাদ । সচ্চিদানন্দস্বরূপ আত্মাতে দৃশ্যপরম্পরা [অধ্যস্ত] জ্ঞানিয়া, নাম
রূপের পরিত্যাগকে পণ্ডিতেরা 'জাগ্রৎস্বপ্ন' বলিয়া থাকেন ॥ ৯৫০

জাগ্রৎসুপ্তিঃ ।

পরিপূর্ণচিদাকাশে ময়ি বোধাত্মতাং বিনা ।

ন কিঞ্চিদন্যদস্তীতি জাগ্রৎসুপ্তিঃ সমীৰ্য্যতে ॥ ৯৫১

অর্থ । পরিপূর্ণচিদাকাশে (পূর্ণচৈতন্যরূপ আকাশ) ময়ি (আমাতে—
আত্মায়) বোধাত্মতাং (জ্ঞানস্বরূপত্ব) বিনা (ব্যতীত) অন্য (অন্য) কিঞ্চিৎ
(কিছু) ন অস্তি (নাই) ইতি (এইরূপ) জাগ্রৎসুপ্তিঃ (জাগ্রৎসুপ্তি) সমীৰ্য্যতে
(কথিত হয়) ॥ ৯৫১

অনুবাদ । পরিপূর্ণ চিদাকাশস্বরূপ আমাতে (আত্মাতে) জ্ঞানস্বরূপতা
ব্যতীত অন্য কিছুই নাই—এইরূপ ভাবনাকে পণ্ডিতগণ 'জাগ্রৎসুপ্তি' বলিয়া
থাকেন ॥ ৯৫১

স্বপ্নজাগ্রৎ ।

মূলজ্ঞানবিনাশেন কারণাভাসচেষ্টিতৈঃ ।

বন্ধো ন মেহতিস্বপ্নোহপি স্বপ্নজাগ্রদিতীৰ্য্যতে ॥ ৯৫২

অর্থ । মূলজ্ঞানবিনাশেন (মূল অবিচার নাশ হেতু) কারণাভাসচেষ্টিতৈঃ
(প্রকৃত যাহা কারণ নহে অথচ কারণের মত বলিয়া বোধ হয়, তাহার চেষ্টা—
ব্যাপার দ্বারা) মে (আমার) অতিস্বপ্নঃ অপি (অতি সামান্ত্রণ্ড) বন্ধো (বন্ধন)
ন (নাই) ইতি (ইহা) স্বপ্নজাগ্রৎ (স্বপ্নজাগ্রৎ বলিয়া) ঈৰ্য্যতে (কথিত
হয়) ॥ ৯৫২

অনুবাদ । মূলজ্ঞানের বিনাশ বশতঃ কারণাভাসের চেষ্টা (ব্যাপার) দ্বারা
আমার অণুমাত্রও বন্ধন নাই,—এইরূপ বোধকে পণ্ডিতেরা 'স্বপ্নজাগ্রৎ' বলিয়া
থাকেন ॥ ৯৫২

স্বপ্নস্বপ্নঃ ।

কারণজ্ঞাননাশাদ্ যদ্রক্ষৎ দর্শনদৃশ্যতা ।

ন কার্য্যমস্তি তজ্জ্ঞানং স্বপ্নস্বপ্নঃ সমীৰ্য্যতে ॥ ৯৫৩

অন্বয় । কারণাজ্ঞাননাশাৎ (কারণরূপ অজ্ঞান অর্থাৎ অবিজ্ঞারূপ কারণের নাশবশতঃ) দ্রষ্টৃদর্শনদৃশ্যতা (দর্শনকর্ত্তা, দর্শনক্রিয়া এবং দর্শনের বিষয়তা) কার্য্যৎ (কার্য্য) ন অস্তি (নাই) [ইতি—এইরূপ] যৎ (যে) জ্ঞানং (জ্ঞান) তৎ (তাহা) স্বপ্নস্বপ্নঃ (স্বপ্নস্বপ্ন) সমীর্ষ্যতে (কথিত হয়) ॥ ৯৫৩

অনুবাদ । কারণস্বরূপ মূল অবিজ্ঞার বিনাশ হইলে, দ্রষ্টা, দর্শন, দৃশ্য-রূপ কার্য্য থাকে না,—এবংপ্রকার জ্ঞানকে পণ্ডিতেরা ‘স্বপ্নস্বপ্ন’ বলিয়া থাকেন ॥ ৯৫৩

স্বপ্নসুপ্তিঃ ।

অতিসূক্ষ্মবিমর্শেন স্বধীরুত্তিরচঞ্চলা ।

বিলীয়তে যদা বোধে স্বপ্নসুপ্তিরিতীর্ষ্যতে ॥ ৯৫৪

অন্বয় । যদা (যখন) অতিসূক্ষ্মবিমর্শেন (অত্যন্তসূক্ষ্ম বিচার বা তত্ত্বানু-সন্ধান দ্বারা) অচঞ্চলা (স্থিরা) স্বধীরুত্তিঃ (স্বকীয় চিত্তবৃত্তি) বোধে (জ্ঞানে) বিলীয়তে (বিলীন হয়) [তদা—তখন] স্বপ্নসুপ্তিঃ (স্বপ্নসুপ্তি) ইতি (ইহা) জীর্ষ্যতে (কথিত হয়) ॥ ৯৫৪

অনুবাদ । অতিশয় সূক্ষ্ম বিচার দ্বারা যখন স্থিরা স্বকীয় চিত্তবৃত্তি জ্ঞানে বিলয়প্রাপ্ত হয়, তখন তাহাকে পণ্ডিতেরা ‘স্বপ্নসুপ্তি’ বলিয়া থাকেন ॥ ৯৫৪

সুপ্তিজাগ্রৎ ।

চিন্ময়াকারমতয়ো ধীরুত্তিপ্রসরৈর্গতঃ

আনন্দানুভবো বিদ্বন্ সুপ্তিজাগ্রদিতীর্ষ্যতে ॥ ৯৫৫

অন্বয় । বিদ্বন্ (হে জ্ঞানিন্) [যশ্চ-যাঁহার] চিন্ময়াকারমতয়ঃ (বুদ্ধিবৃত্তি-সমূহ চিন্ময়াকার ধারণ করিয়াছে) ধীরুত্তিপ্রসরৈঃ (বুদ্ধিবৃত্তির প্রসারের দ্বারা) গতঃ (প্রাপ্ত) আনন্দানুভবঃ (সুখের অনুভূতি) সুপ্তিজাগ্রৎ (সুপ্তিজাগ্রৎ) ইতি (ইহা) জীর্ষ্যতে (কথিত হয়) ॥ ৯৫৫

অনুবাদ । হে বিদ্বন্, যাঁহার বুদ্ধিবৃত্তিসমূহ চিন্ময়াকার ধারণ করে, যিনি বুদ্ধিবৃত্তির দ্বারা কেবল আনন্দানুভব করেন, সেইরূপ অবস্থাকে পণ্ডিতেরা ‘সুপ্তিজাগ্রৎ’ বলিয়া থাকেন ॥ ৯৫৫

সুপ্তিস্বপ্নঃ ।

বৃত্তৌ চিরানুভূতান্তরানন্দানুভবস্থিতৌ ।

সমাত্মতাং যো যাতেষ্য সুপ্তিস্বপ্ন ইতীর্য্যতে ॥ ৯৫৬

অর্থঃ । যঃ (যিনি) চিরানুভূতান্তরানন্দানুভবস্থিতৌ (বহুকাল ধরিয়া অনুভূত আত্মানন্দের অনুভব দ্বারা স্থিরতা প্রাপ্ত হইয়াছে, একরূপ) বৃত্তৌ (চিন্তাবৃত্তি হইলে) যঃ (যে পুরুষ) সমাত্মতাং (আত্মরূপতা, আত্মতুল্যতা) যাতি (প্রাপ্ত হয়) এষঃ (এই আত্মস্বরূপ্য প্রাপ্তি) সুপ্তিস্বপ্নঃ (সুপ্তিস্বপ্ন) ইতি (ইহা) ঈর্ষ্যতে (কথিত হয়) ॥ ৯৫৬

অনুবাদ । চিরকাল আত্মানন্দের অনুভব দ্বারা ধাহার চিন্তা-বৃত্তি স্থিরতা লাভ করে, এবং যিনি আত্মস্বরূপে অবস্থান করেন, পুরুষের তাদৃশ অবস্থাকে পণ্ডিতেরা 'সুপ্তিস্বপ্ন' বলিয়া থাকেন ॥ ৯৫৬

সুপ্তিসুপ্তিঃ ।

দৃশ্যধীবৃত্তিরেতস্ম কেবলীভাবভাবনা ।

পরং বোধৈকতাবাপ্তিঃ সুপ্তিসুপ্তিরিতীর্য্যতে ॥ ৯৫৭

অর্থঃ । এতস্ম (এই পুরুষের) [যা=যে] দৃশ্যধীবৃত্তিঃ (দৃশ্য-বিষয়ক বুদ্ধিবৃত্তি) কেবলীভাবভাবনা (বিশুদ্ধতা-চিন্তা) [চ=ও] পরং (কেবল) বোধৈকতাবাপ্তিঃ (জ্ঞানের সহিত ঐক্য প্রাপ্তি) [সা=তাহা] সুপ্তিসুপ্তিঃ (সুপ্তিসুপ্তি) ইতি (ইহা) ঈর্ষ্যতে (কথিত হয়) ॥ ৯৫৭

অনুবাদ । এই পুরুষের দৃশ্যবিষয়ক বুদ্ধিবৃত্তি আত্মার বিশুদ্ধতাকে চিন্তা করিয়া কেবলমাত্র জ্ঞানের সহিত ঐক্যলাভ করে, একরূপ অবস্থাকে পণ্ডিতেরা 'সুপ্তিসুপ্তি' বলিয়া থাকেন ॥ ৯৫৭

তুর্য্যাখ্যা ।

পরব্রহ্মবদাভাতি নির্বিবকারৈকরূপিণী ।

সর্বাবস্থাস্থ ধারৈকা তুর্য্যাখ্যা পরিকীর্তিতা ॥ ৯৫৮

অর্থঃ । [যঃ—যিনি] পরব্রহ্মবৎ (পরব্রহ্মের জ্ঞান) আভাতি (প্রকাশ পান) [যন্ত—ধাহার] সর্বাবস্থাস্থ (জাগ্রৎ, স্বপ্ন, সুপ্তি প্রভৃতি সকল অবস্থায়)

নির্বিকারৈকরূপিণী (নির্বিকার-স্বরূপা) একা (একরূপ) ধারা (প্রবাহ)
[সা—সেই অবস্থা] তুর্য্যাখ্যা (তুর্য্যাখ্যা) পরিকীৰ্ত্তিতা (কথিত হয়) ॥ ২৫৮

অনুবাদ । যিনি পরব্রহ্মের জ্ঞান প্রকাশ পান, যাঁহার সমস্ত অবস্থাতে
নির্বিকারস্বরূপা একাকার বৃত্তি, তাঁহার অবস্থাকে পণ্ডিতেরা 'তুর্য্যাখ্যা'
বলিয়া থাকেন ॥ ২৫৮

ইত্যবস্থাসমুল্লাসং বিমূশন্ মুচ্যতে স্মৃথী ।

শুভেচ্ছাত্রিতয়ং ভূমিভেদাভেদযুতং স্মৃতম্ ॥ ২৫৯

অর্থ । [যোগী] ইতি (এইরূপ) অবস্থাসমুল্লাসং (অবস্থার প্রকর্ষ—
আনন্দকে) বিমূশন্ (চিন্তা করিয়া—বিচার করিয়া) স্মৃথী (স্মৃথযুক্ত) মুচ্যতে
(মুক্ত করেন), শুভেচ্ছাত্রিতয়ং (শুভেচ্ছা, বিচারণা ও তনুমানসী এই তিনটি)
ভূমিভেদাভেদযুতং (অবস্থার ভেদ এবং অভেদযুক্ত) স্মৃতম্ (কথিত হয়) ॥ ২৫৯

অনুবাদ । যোগী এইরূপ জ্ঞানাবস্থার আনন্দকে বিচার করিয়া স্মৃথী হইয়া
মুক্তিলাভ করেন । শুভেচ্ছা, বিচারণা ও তনুমানসী এই তিনটি ভূমি,
'ভূমিভেদাভেদযুক্ত' বলিয়া কথিত হয় ॥ ২৫৯

যথাবদ্ ভেদবুদ্ধ্যেদং জাগ্ৰজ্জাগ্ৰাদিতীৰ্য্যতে ।

অদ্বৈতে স্থৈর্য্যমায়াতে দ্বৈতে চ প্রশমং গতে ॥ ২৬০

পশ্চন্তি স্বপ্নবল্লোকং তুর্য্যভূমিসুযোগতঃ ।

পঞ্চমীং ভূমিমারুহ্য স্মৃপ্তিপদনামিকাম্ ॥ ২৬১

শান্তাশেষবিশেষাংশস্তিষ্ঠেদদ্বৈতমাত্রকে ।

অস্তমুখতয়া নিত্যং ষষ্ঠীং ভূমিমুপাশ্রিতঃ ॥ ২৬২

পরিশান্ততয়া * গাঢ়নিদ্রানুরিব লক্ষ্যতে ।

কুর্ব্বন্নভ্যাসমেতস্ম্যাং ভূম্যাং সম্যগ্‌বিবাসনঃ ।

তুর্য্যাবস্থাং সপ্তভূমিং † ক্রমাদাপ্নোতি যোগিরাট্ ॥ ২৬৩

অর্থ । ইদং (এই শুভেচ্ছাত্রিতয়) যথাবৎ (যথাযোগ্য) ভেদবুদ্ধ্যা
(ভেদজ্ঞানের দ্বারা) জাগ্ৰজ্জাগ্ৰৎ (জাগ্ৰজ্জাগ্ৰৎ) ইতি (ইহা) তীৰ্য্যতে (কথিত
হয়), [চিন্তে=মনে] অদ্বৈতে (অদ্বৈত ব্রহ্মে) স্থৈর্য্যম্ (স্থিরতা) আয়াতে
(প্রাপ্ত হইলে) দ্বৈতে চ (এবং ভেদ) প্রশমং (উপশান্তি) গতে (প্রাপ্ত
হইলে) [যোগিনঃ—যোগিগণ] তুর্য্যভূমিসুযোগতঃ (চতুর্থাবস্থার সুবিধাবশতঃ)
লোকং (ভুবনকে) স্বপ্নবৎ (স্বপ্নের মত মিথ্যা) পশ্চন্তি (দেখেন) [যোগী]
স্মৃপ্তিপদনামিকাং (স্মৃপ্তিপদনামী) পঞ্চমীং (পঞ্চমী) ভূমিং (জ্ঞানাবস্থাকে)

* 'পরিশান্ততয়া' ইতি বা পাঠঃ ।

† 'তুর্য্যাবস্থাং সপ্তমীক' ইতি পাঠান্তরম্ ।

মারুহ (আরোহণ করিয়া, লাভ করিয়া) শাস্তাশেষবিশেষাংশঃ (অশেষবিধ বিশেষাংশ হইতে নিবৃত্ত হইয়া) অদ্বৈতমাত্রকে (কেবল অদ্বৈত ব্রহ্মে) উঠেৎ (অবস্থান করেন) ; অন্তমুখিতয়া (চিত্তের অন্তমুখীনতাবশতঃ) নিত্যং (সতত) ষষ্ঠীং (ষষ্ঠী) ভূমিম্ (অবস্থাকে) উপাশ্রিতঃ (আশ্রয় করত) পরিশাস্ততয়া (সমস্ত বিষয় হইতে পরম নিবৃত্তিবশতঃ) গাঢ়নিদ্রালুরিব (গভীর নিদ্রিতের স্থায়) লক্ষ্যতে (দৃষ্ট হইয়া থাকে), যোগিরাট্ (যোগিশ্রেষ্ঠ) এতস্তাং (এই ষষ্ঠী) ভূম্যাম্ (ভূমিতে) অভ্যাসং (অভ্যাস) কুর্কন্ (করিয়া) সম্যক্ (উত্তমরূপে) বিবাসনঃ (বাসনাশূন্য হইয়া) ক্রমাৎ (ক্রমে ক্রমে) তূর্য্যাবস্থাং (চতুর্থাবস্থা—মোক্) সপ্তভূমি (এবং সপ্তমী ভূমিকে) আপ্নোতি (প্রাপ্ত হন) ॥ ২৬০ ॥ ২৬১ ॥ ২৬২ ॥ ২৬৩

অনুবাদ । এই শুভেচ্ছাদি তিনটি ভূমি ভেদবুদ্ধি দ্বারা গৃহীত হইলে, পণ্ডিতগণ তাহাকে 'জাগ্রজ্জাগ্রৎ' বলিয়া থাকেন ; অদ্বৈত ব্রহ্মে চিত্ত স্থিরতা প্রাপ্ত হইলে এবং দ্বৈত উপশাস্ত হইলে, যোগিগণ চতুর্থভূমির সুযোগবশতঃ ভূবনকে স্বপ্নের স্থায় মিথ্যা দর্শন করেন ; যোগী 'স্বষুপ্তিপদনায়ী' পঞ্চমী ভূমিতে উপাক্রম হইয়া, অশেষবিধ বিশেষাংশ (পঞ্চভূত প্রভৃতি) হইতে নিবৃত্ত হইয়া শুদ্ধ অদ্বৈতে অবস্থান করেন ; সতত চিত্তের অন্তমুখিত্বহেতু ষষ্ঠী ভূমিকে অবলম্বনকারী যোগিবর নিবৃত্তিবশতঃ গাঢ়নিদ্রাতুরের স্থায় পরিলক্ষিত হন ; যোগিশ্রেষ্ঠ সপ্তমী ভূমিতে অভ্যাস করিয়া সম্যগ্রূপে বাসনা-রহিত হইয়া ক্রমে চতুর্থী (মোক্ রূপ) সপ্তমী ভূমিকে প্রাপ্ত হন ॥ ২৬০ ॥ ২৬১ ॥ ২৬২ ॥ ২৬৩

বিদেহমুক্তিঃ ।

বিদেহমুক্তিরেবাত্র তূর্য্যাतीतदशोच्यते ॥ ২৬৪

অর্থ । অত্র (এইরূপ অবস্থায়) বিদেহমুক্তিঃ এব (বিদেহমুক্তিই) তূর্য্যাतीতদশা (তূর্য্যাতীতাবস্থা) উচ্যতে (কথিত হয়) ॥ ২৬৪

অনুবাদ । পণ্ডিতেরা বিদেহমুক্তিকে তূর্য্যাতীতদশা বলিয়া থাকেন ॥ ২৬৪

যত্র নাসন্ন সচ্চাপি নাহং নাপ্যনহংকৃতিঃ ।

কেবলং ক্ষীণমনন আস্তেহদ্বৈতেহতিনির্ভয়ঃ ॥ ২৬৫

অস্তঃশূন্যো বহিঃশূন্যঃ শূন্যকুন্তু ইবাম্বরে ।

অস্তঃপূর্ণো বহিঃপূর্ণঃ পূর্ণকুন্তু ইবার্ণবে ॥ ২৬৬

যথাস্থিতমিদং সর্বং ব্যবহারবতোহপি চ ।

অস্তং গতং স্থিতং ব্যোম স জীবনুক্ত উচ্যতে ॥ ২৬৭

অর্থ । যত্র (যে অবস্থায়) [যোগী] অহং (আমি) ন অসৎ (অসৎ

নহে) সৎ চ অপি ন (সৎও নহে) নাপি অনহংকৃতিঃ (অনহংকারও
নহে) অদ্বৈতে (অদ্বৈত ব্রহ্মে) অতিনির্ভয়ঃ (অত্যন্ত ভয়হীন) কেবলং
(কেবল) ক্লীণমনন (মননশূন্য হইয়া) আস্তে (উপবেশন করেন—থাকেন),
অশ্বরে (আকাশে) শূন্যকুম্ভ ইব (শূন্য কলসের ত্রায়) অস্তঃশূন্যঃ (অন্তরে শূন্য)
[এবং] বহিঃশূন্যঃ (বাহিরে শূন্য), অর্ণবে (সমুদ্রে) পূর্ণকুম্ভ ইব (জলপূর্ণ-
কলসের ত্রায়) অস্তঃপূর্ণঃ (অন্তঃকরণে পরিপূর্ণ) [এবং] বহিঃপূর্ণঃ (বাহিরে
পূর্ণ) যথাস্থিতম্ (যেরূপে অবস্থিত) ইদং (এই) সর্বং (সমস্ত) ব্যবহারবতঃ
অপি চ (ব্যবহারকারীরও) স্থিতং (অবস্থিত) ব্যোম (আকাশ) অন্তঃ
গতং (লয়প্রাপ্ত হইয়াছে) সঃ (তিনি) জীবন্মুক্তঃ (জীবিতাবস্থায় মুক্ত) উচ্যতে
(কথিত হন) ॥ ২৬৫ ॥ ২৬৬ ॥ ২৬৭

অনুবাদ । যে অবস্থায় যোগী “আমি সৎ নহি অসৎও নহি, [কিংবা]
অনহংকারও নহি,” এইরূপ চিন্তা করত কেবল মননবিহীন হইয়া অতি
নির্ভীকভাবে অদ্বৈত ব্রহ্মে অবস্থান করেন ; যিনি আকাশে শূন্যকুম্ভের ত্রায়
অস্তঃশূন্য ও বহিঃশূন্য, সমুদ্রে পূর্ণকুম্ভের ত্রায় অস্তঃপূর্ণ ও বহিঃপূর্ণ ; যথাস্থিত
এই সমস্ত ব্যবহার করিয়া যাহার পক্ষে আকাশও অন্তঃগত হইয়াছে, তাঁহাকে
“জীবন্মুক্ত” বলা হইয়া থাকে ॥ ২৬৫ ॥ ২৬৬ ॥ ২৬৭

নোদেতি নাস্তমায়াতি স্মখদুঃখে মনঃপ্রভা ।

যথাপ্রাপ্তস্থিতির্যস্য স জীবন্মুক্ত উচ্যতে ॥ ২৬৮

অর্থ । যস্ত (যাহার) স্মখদুঃখে (স্মখদুঃখরূপ) মনঃপ্রভা (মনের ধর্ম)
ন উদেতি (আবির্ভূত হয় না) ন অস্তমায়াতি (নাশপ্রাপ্ত হয় না) [যস্ত
—যাহার] যথাপ্রাপ্তস্থিতিঃ (যেরূপ প্রাপ্তি, সেইরূপ অবস্থিতি) সঃ (তিনি)
জীবন্মুক্তঃ (জীবিতাবস্থায় মুক্ত) উচ্যতে (কথিত হ'ন) ॥ ২৬৮

অনুবাদ । যাহার স্মখদুঃখরূপ মনের ধর্ম উদিতও হয় না এবং নাশপ্রাপ্তও
হয় না, প্রাপ্তি অনুসারে যাহার অবস্থিতি, তিনি ‘জীবন্মুক্ত’ বলিয়া অভিহিত
হ'ন ॥ ২৬৮

যো জাগর্তি স্মুপ্তিস্থো যস্য জাগ্রন্নি বিদ্যতে ।

যস্য নির্বাসনো বোধঃ স জীবন্মুক্ত উচ্যতে ॥ ২৬৯

অর্থ । স্মুপ্তিস্থঃ (স্মুপ্তি অবস্থায় স্থিত) যঃ (যে পুরুষ) জাগর্তি
(জাগরণ করেন), যস্ত (যাহার) জাগ্রৎ (জাগ্রদবস্থা) ন বিদ্যতে (নাই) যস্ত
(যাহার) বোধঃ (জ্ঞান) নির্বাসনঃ (বাসনারহিত) সঃ (সেই ব্যক্তি) জীবন্মুক্তঃ
(জীবিতাবস্থায় মুক্ত) উচ্যতে (কথিত হ'ন) ॥ ২৬৯

অনুবাদ । যিনি স্মুপ্তি অবস্থায় বর্তমান থাকিয়া জাগ্রিত থাকেন, যাহার
জাগ্রদবস্থা নাই, যাহার জ্ঞান বাসনাশূন্য, তিনি ‘জীবন্মুক্ত’ বলিয়া অভিহিত
হ'ন ॥ ২৬৯

রাগদ্বেষভয়াদীনামনুরূপং চরন্মপি ।

যোহন্তর্ব্যোমবদত্যচ্ছঃ স জীবনুক্ত উচ্যতে ॥ ৯৭০

অনুবাদ । যঃ (যিনি) রাগদ্বেষভয়াদীনাং (অনুরাগ, অনুরা এবং ভীতি প্রভৃতির) অনুরূপং (অনুরূপ—তদধীনরূপে) চরন্ অপি (বিচরণ করিলেও) ব্যোমবৎ (আকাশের তায়) অন্তঃ (অন্তঃকরণে) অত্যচ্ছঃ (অতিশয় নিশ্চল) সঃ (তিনি) জীবনুক্তঃ (জীবিতাবস্থায় মুক্ত বলিয়া) উচ্যতে (কথিত হ'ন) ॥ ৯৭০

অনুবাদ । যিনি অনুরাগ, অনুরা এবং ভীতি প্রভৃতির অনুরূপ তদধীনরূপে বিচরণ করিলেও আকাশের তায় অন্তঃকরণে অতিশয় নিশ্চল তিনি জীবিতাবস্থায় মুক্ত বলিয়া কথিত হন ॥ ৯৭০

যশ্চ নাহঙ্কতো ভাবো বুদ্ধির্যশ্চ ন লিপ্যতে ।

কুর্বতোহকুর্বতো বাপি স জীবনুক্ত উচ্যতে ॥ ৯৭১

অনুবাদ । কুর্বতঃ (কার্যানুষ্ঠানকারীর) বাপি (অথবা) অকুর্বতঃ (কার্যানুষ্ঠান-বিহীন) যশ্চ (যাঁহার) অহঙ্কতো ভাবঃ (অহঙ্কার ভাব) ন (নাই), যশ্চ (যাঁহার) বুদ্ধিঃ (অন্তঃকরণ) ন লিপ্যতে (লিপ্ত হয় না) সঃ (তিনি) জীবনুক্তঃ (জীবনুক্ত) উচ্যতে (কথিত হ'ন) ॥ ৯৭১

অনুবাদ । কার্যের অনুষ্ঠান করিয়া কিংবা না করিয়াও যাঁহার অহঙ্কার নাই, যাঁহার বুদ্ধি লিপ্ত হয় না, এবংবিধ পুরুষকে 'জীবনুক্ত' বলা যায় ॥ ৯৭১

যঃ সমস্তার্থজালেষু ব্যবহার্য্যপি শীতলঃ ।

পরার্থেষু পূর্ণাত্মা স জীবনুক্ত উচ্যতে ॥ ৯৭২

অনুবাদ । যঃ (যিনি) সমস্তার্থজালেষু (বাবতীয় বিষয়জালে) ব্যবহার্য্যপি (ব্যবহার করিয়াও) শীতলঃ (স্থির) [তিষ্ঠতি—থাকেন], পরার্থেষু ইব (পরপ্রয়োজন সাধনে যেন) পূর্ণাত্মা (পূর্ণমনা, তৎপর) সঃ (তিনি) জীবনুক্তঃ (জীবিতাবস্থায়ও মুক্ত) উচ্যতে (কথিত হ'ন) ॥ ৯৭২

অনুবাদ । যিনি সমস্ত বিষয়জালে ব্যবহার (কার্য) করিয়াও স্থিরভাবে অবস্থান করেন, যিনি পরার্থসাধনে আত্মা নিয়োজিত করেন, তিনিই 'জীবনুক্ত' বলিয়া অভিহিত হ'ন ॥ ৯৭২

দ্বৈতবর্জিতচিন্মাত্রৈ পদৈ পরমপাবনে ।

অক্ষুর্কচিত্তবিশ্রান্তঃ স জীবনুক্ত উচ্যতে ॥ ৯৭৩

অনুবাদ । দ্বৈতবর্জিতচিন্মাত্রৈ (দ্বৈতরহিত চৈতন্যরূপ) পরমপাবনে (অতীব পবিত্র) পদৈ (স্থানে, গম্যবস্ততে) [যঃ—যিনি] অক্ষুর্কচিত্তবিশ্রান্তঃ (নিশ্চলচিত্তে বিশ্রাম লাভ করিয়াছেন অর্থাৎ চিত্ত স্থির হওয়ার যিনি শান্তিলাভ

করিয়াছেন, এবংবিধ) সঃ (তিনি) জীবনুক্তঃ (জীবিতাবস্থায় মুক্ত) উচ্যতে (অভিহিত হ'ন) ॥ ২৭৩

অনুবাদ । যিনি চিত্তের স্থিরতাবশতঃ পরম পবিত্র প্রাপ্তব্য বৈতরহিত চৈতন্যস্বরূপ ব্রহ্মে বিশ্রান্তিলাভ করিয়াছেন, তিনি জীবনুক্ত' বলিয়া অভিহিত হ'ন ॥ ২৭৩

ইদং জগদয়ং সোহয়ং দৃশ্যজাতমবাস্তবম্ ।

যস্য চিত্তে ন স্ফুরতি স জীবনুক্ত উচ্যতে ॥ ২৭৪

অনুবাদ । ইদং (এই) জগৎ (পৃথিবী) অয়ং (এই পদার্থ) সঃ (সেই) অয়ং (এই পদার্থ) [ইতি—এইরূপ] অবাস্তবং (মিথ্যা) দৃশ্যজাতং (পদার্থ-সমূহ) যস্য (যাহার) চিত্তে (অন্তঃকরণে) ন স্ফুরতি (প্রকাশ পায় না) সঃ (তিনি) জীবনুক্তঃ (জীবনুক্ত) উচ্যতে (কথিত হ'ন) ॥ ২৭৪

অনুবাদ । 'ইহা জগৎ, এইটি বস্তু, ইহা সেই বস্তু'—এইরূপ মিথ্যা দৃশ্যসমূহ যাহার চিত্তে প্রকাশ পায় না, তিনি 'জীবনুক্ত' বলিয়া অভিহিত হ'ন ॥ ২৭৪

চিদাত্মাহং পরাত্মাহং নিগুণোহহং পরাৎপরঃ ।

আত্মমাত্রেন যস্তিষ্ঠেৎ স জীবনুক্ত উচ্যতে ॥ ২৭৫

অনুবাদ । অহং (আমি) চিদাত্মা (চৈতন্যস্বরূপ) অহং (আমি) পরাত্মা (পরমাত্মা) অহং (আমি) নিগুণঃ (গুণহীন) পরাৎপরঃ (পর—ব্রহ্মাদি হইতে উৎকৃষ্ট) ইতি (এইরূপ) আত্মমাত্রেন (আত্মস্বরূপে) যঃ (যিনি) তিষ্ঠেৎ (অবস্থান করেন), সঃ (তিনি) জীবনুক্তঃ (জীবনুক্ত) উচ্যতে (কথিত হ'ন) ॥ ২৭৫

অনুবাদ । 'আমি চৈতন্যস্বরূপ, আমি পরমাত্মা, আমি গুণহীন এবং ব্রহ্ম হইতেও উৎকৃষ্ট'—এইরূপে যিনি আত্মস্বরূপে অবস্থান করেন, তিনি 'জীবনুক্ত' বলিয়া অভিহিত হ'ন ॥ ২৭৫

দেহত্রয়াতিরিক্তোহহং শুদ্ধচৈতন্যমস্ম্যাহম্ ।

ব্রহ্মাহমিতি যস্যান্তঃ স জীবনুক্ত উচ্যতে ॥ ২৭৬

অনুবাদ । অহং (আমি) দেহত্রয়াতিরিক্তঃ (সূক্ষ্ম, সূক্ষ্ম ও কারণ শরীর হইতে ভিন্ন), অহং (আমি) শুদ্ধচৈতন্যম্ (কেবল চৈতন্যস্বরূপ) অস্মি (হই) অহং (আমি) ব্রহ্ম (পরব্রহ্ম) ইতি (এইরূপ) যস্য (যাহার) অন্তঃ (চিত্ত), সঃ (তিনি) জীবনুক্তঃ (জীবিতাবস্থায় মুক্ত) উচ্যতে (কথিত হ'ন) ॥ ২৭৬

অনুবাদ । 'আমি সূক্ষ্ম, সূক্ষ্ম ও কারণ—এই ত্রিবিধ শরীর হইতে ভিন্ন, আমি শুদ্ধ চৈতন্যস্বরূপ, আমি ব্রহ্ম'—যাহার চিত্ত এইরূপ ভাবধারণ করে, তিনি 'জীবনুক্ত' বলিয়া কথিত হ'ন ॥ ২৭৬

যস্য দেহাদিকং নাস্তি যস্য ব্রহ্মেতি নিশ্চয়ঃ ।

পরমানন্দপূর্ণো যঃ স জীবন্মুক্ত উচ্যতে ॥ ৯৭৭

অর্থঃ । যস্য (যাঁহার) দেহাদিকং (দেহ, ইন্দ্রিয় প্রভৃতি—অর্থাৎ তাহাতে অভিমান) নাস্তি (নাই), যস্য (যাঁহার) ব্রহ্ম ইতি (আমি ব্রহ্ম এইরূপ) নিশ্চয়ঃ (নিশ্চয় জ্ঞান) যঃ (যিনি) পরমানন্দপূর্ণঃ (পরম সুখদ্বারা পরিপূর্ণ) সঃ (তিনি) জীবন্মুক্তঃ (জীবিতাবস্থায় মুক্ত) উচ্যতে (কথিত হ'ন) ॥ ৯৭৭

অনুবাদ । যাঁহার দেহ, ইন্দ্রিয় প্রভৃতিতে অভিমান নাই, যাঁহার নিজেতে ব্রহ্মরূপে নিশ্চয় আছে, যিনি পরম সুখদ্বারা পরিপূর্ণ, তিনি 'জীবন্মুক্ত' বলিয়া অভিহিত হ'ন ॥ ৯৭৭

অহং ব্রহ্মাস্ম্যহং ব্রহ্মাস্ম্যহং ব্রহ্মেতি নিশ্চয়ঃ ।

চিদহং চিদহঞ্চেতি স জীবন্মুক্ত উচ্যতে ॥ ৯৭৮

অর্থঃ । [যস্য—যাঁহার] অহং (আমি) ব্রহ্ম (ব্রহ্ম) অস্মি (হই), অহং (আমি) ব্রহ্ম (ব্রহ্ম) অস্মি (হই) অহং (আমি) ব্রহ্ম (ব্রহ্ম) ইতি (এইরূপ) নিশ্চয়ঃ (নিশ্চয় জ্ঞান), অহং (আমি) চিৎ (জ্ঞানস্বরূপ) অহং (আমি) চিৎ (জ্ঞানস্বরূপ) ইতি চ (এইরূপ) [নিশ্চয়ঃ—নিশ্চয় জ্ঞান] সঃ (তিনি) জীবন্মুক্তঃ (জীবিতাবস্থায় মুক্ত) উচ্যতে (কথিত হ'ন) ॥ ৯৭৮

অনুবাদ । 'আমি ব্রহ্মস্বরূপ, আমি ব্রহ্মস্বরূপ, আমি ব্রহ্মস্বরূপ, আমি জ্ঞানস্বরূপ, আমি জ্ঞানস্বরূপ,'—যাঁহার এইরূপ নিশ্চয় আছে, তাঁহাকে 'জীবন্মুক্ত' বলা যায় ॥ ৯৭৮

জীবন্মুক্তিপদং ত্যক্ত্বা স্বদেহে কালসাৎকৃতে ।

বিশত্যদেহমুক্তিত্বং পবনোহস্পন্দতামিব ॥ ৯৭৯

অর্থঃ । [জ্ঞানী—জ্ঞানবান্] পবনঃ (বায়ু) অস্পন্দতামিব (স্থিরতার ছায়) জীবন্মুক্তিপদং (জীবন্মুক্তি অবস্থাকে) ত্যক্ত্বা (ত্যাগ করিয়া) স্বদেহে (নিজের শরীর) কালসাৎকৃতে (কালের আয়ত্ত করিলে) অদেহমুক্তিত্বং (বিদেহমুক্তিত্বকে) বিশতি (প্রবেশ করে, প্রাপ্ত হয়) ॥ ৯৭৯

অনুবাদ । বায়ু যেমন স্থিরতাব ধারণ করে, সেইরূপ জ্ঞানবান্ জীবন্মুক্তিপদ ত্যাগ করিয়া নিজের দেহ বিনাশ প্রাপ্ত হইলে 'বিদেহ-মুক্তি'কে লাভ করে ॥ ৯৭৯

ততস্তৎ সংবভূবাসৌ যদিগিরামপ্যাগোচরম্ ।

যৎ শূন্যবাদিনাং শূন্যং ব্রহ্ম ব্রহ্মবিদাং চ যৎ ॥ ৯৮০

অর্থঃ । ততঃ (অনন্তর) যৎ (যাহা) গিরামপি (বাক্যসমূহেরও) অগোচরং (অবিষয়), যৎ (যাহা) শূন্যবাদিনাং (শূন্যবাদিগণের) শূন্যং (শূন্য), যৎ

(যাহা) ব্রহ্মবিদ্যাং চ (এবং ব্রহ্মবাদিগণের) ব্রহ্ম (পরমাত্মা), অসৌ (এই যোগী) তৎ (সেই ব্রহ্ম) সংবভূব (হইয়াছিলেন) ॥ ৯৮০

অনুবাদ । অনন্তর সেই যোগী, যাহা বাক্যের অবিষয়, যাহা শূন্যবাদিগণের শূন্য এবং ব্রহ্মবাদিগণের ব্রহ্ম, সেই ব্রহ্মভাব প্রাপ্ত হইয়াছিলেন ॥ ৯৮০

বিজ্ঞানং বিজ্ঞানবিদ্যাং মলানাঞ্চ মলাত্মকম্ ।

পুরুষঃ সাংখ্যদৃষ্টীনামীশ্বরো যোগবাদিনাম্ ॥ ৯৮১

শিবঃ শৈবাগমস্থানাং কালঃ কালৈকবাদিনাম্ ।

যৎ সর্বশাস্ত্রসিদ্ধান্তং যৎ সর্বহৃদয়ানুগম্ ।

যৎ সর্বং সর্বগং বস্তু তৎ তত্ত্বং তদসৌ স্থিতঃ ॥ ৯৮২

অর্থঃ । [যৎ=যাহা] বিজ্ঞানবিদ্যাং (বিজ্ঞানবাদিগণের) বিজ্ঞানং (জ্ঞান), মলানাং চ (এবং মলিনচিত্ত পুরুষদিগের) মলাত্মকম্ (মলস্বরূপ), সাংখ্য-দৃষ্টীনাং (সাংখ্যজ্ঞানীদিগের) পুরুষঃ (আত্মা) যোগবাদিনাং (যোগিগণের) ঈশ্বরঃ (পরমেশ্বর), শৈবাগমস্থানাং (শৈবশাস্ত্রস্থিত পুরুষগণের) শিবঃ (মহাদেব) কালৈকবাদিনাং (যাহারা একমাত্র কালই আত্মা এ কথা বলে, তাহাদের) কালঃ (কাল, সময়), যৎ (যাহা) সর্বশাস্ত্রসিদ্ধান্তং (যাহা সমস্ত শাস্ত্রের সিদ্ধান্ত), যৎ (যাহা) সর্বহৃদয়ানুগম্ (সকলের হৃদয়ের অনুকূল, অনুসারী), যৎ (যাহা) সর্বং (সর্বাত্মক), সর্বগং (সর্বত্র বিরাজমান) বস্তু (পদার্থ), তৎ (তাহা), তত্ত্বং (যথার্থ বস্তু); তৎ (সেইরূপে) অসৌ (যোগী) স্থিতঃ (অবস্থিত আছেন) ॥ ৯৮১ ॥ ৯৮২

অনুবাদ । বিজ্ঞানবাদীরা যাহাকে বিজ্ঞান বলিয়া থাকেন, যাহা মলিনচিত্ত ব্যক্তিগণের মলস্বরূপ, যাহা সাংখ্যশাস্ত্রদর্শিগণের মতে 'পুরুষ' বলিয়া অভিহিত, যাহা যোগিগণের পরমেশ্বর, শৈবশাস্ত্রমতাবলম্বীরা যাহাকে শিব বলিয়া থাকেন, কালবাদিগণের মতে যিনি 'কাল' বলিয়া কথিত, যাহা সমস্ত শাস্ত্রের সিদ্ধান্ত, যাহা সকলের হৃদয়ের অনুকূল (হৃদয়স্থিত), যাহা সর্বস্বরূপ এবং সর্বত্র বিরাজমান, সেই যথার্থবস্তু ; এই যোগী তখন সেইরূপে অবস্থিত থাকেন ॥ ৯৮১ ॥ ৯৮২

ত্রৈকোবাহং চিদেবাহমেবং বাপি ন চিন্ত্যতে ।

চিন্মাত্রৈগৈব যস্তিষ্ঠেদ্বিদেহো মুক্ত এব সং ॥ ৯৮৩

অর্থঃ । অহং (আমি) ব্রহ্ম এব (ব্রহ্মস্বরূপই), অহং (আমি) চিদেব (জ্ঞানস্বরূপই) [যেন—যে পুরুষ কর্তৃক] এবং বা অপি (এইরূপও) ন চিন্ত্যতে (চিন্তিত হয় না); যঃ (যিনি) চিন্মাত্রৈগৈ (চৈতন্যস্বরূপে) তিষ্ঠেৎ (অবস্থান করেন) সং (তিনি) বিদেহঃ (দেহশূন্য) মুক্ত এব (বন্ধনরহিতই) ॥ ৯৮৩

অনুবাদ । 'আমি ব্রহ্মস্বরূপ, আমি জ্ঞানস্বরূপ'—যিনি এইরূপ চিন্তাও করেন না, যিনি কেবল চৈতন্যস্বরূপে অবস্থান করেন, তিনিই বিদেহমুক্ত ॥ ৯৮৩

যস্য প্রপঞ্চভানং ন ব্রহ্মাকারমপীহ ন ।

অতীতাতীতভাবো যো বিদেহো মুক্ত এব সঃ ॥ ৯৮৪

অর্থঃ । ইহ (এই সংসারে) যস্য (যাঁহার) প্রপঞ্চভানং ন (জগদ্বিষয়ক জ্ঞান নাহি), ব্রহ্মাকারমপি ন (ব্রহ্মাকারেও জ্ঞান নাহি), যঃ (যিনি) অতীতাতীতভাবঃ (যাঁহার ধর্ম বা সংস্কার নাহি), সঃ (তিনি) বিদেহঃ (দেহরহিত) মুক্তঃ এব (বন্ধনশূন্য) ॥ ৯৮৪

অনুবাদ । যাঁহার প্রপঞ্চ-বিষয়ক জ্ঞান নাহি, যাঁহার ব্রহ্মাকার বোধ নাহি, যাঁহার ধর্ম বা সংস্কার বিলীন হইয়াছে, তিনিই বিদেহ-মুক্ত ॥ ৯৮৪

চিত্তবৃত্তেরতীতো যশ্চিত্তবৃত্ত্যাবভাসকঃ ।

চিত্তবৃত্তিবিহীনো যো বিদেহো মুক্ত এব সঃ ॥ ৯৮৫

অর্থঃ । যঃ (যিনি) চিত্তবৃত্তেঃ (অন্তঃকরণবৃত্তির) অতীতঃ (অতিক্রমকারী) যঃ (যিনি) চিত্তবৃত্ত্যা (চিত্তবৃত্তি দ্বারা) অবভাসকঃ (প্রকাশক) যঃ (যিনি) চিত্তবৃত্তিবিহীনঃ (চিত্তবৃত্তিরহিত) সঃ (তিনি) বিদেহঃ (দেহরহিত) মুক্তঃ এব (মুক্তই) ॥ ৯৮৫

অনুবাদ । যিনি চিত্তবৃত্তির অতীত, যিনি চিত্তবৃত্তি দ্বারা প্রকাশক হ'ন (অথবা যিনি চিত্তবৃত্তির প্রকাশক), যিনি চিত্তবৃত্তিবিহীন, তিনিই বিদেহ-মুক্ত ॥ ৯৮৫

জীবায়েতি পরায়েতি সর্বচিন্তাবিবর্জিতঃ ।

সর্বসঙ্কল্পহীনায়া বিদেহো মুক্ত এব সঃ ॥ ৯৮৬

অর্থঃ । [যঃ—যিনি] জীবায়েতি (ইহা জীবায়া এইরূপ) পরায়েতি (ইহা পরমায়া এইরূপ) সর্বচিন্তাবিবর্জিতঃ (সমস্তচিন্তাবিহীন) সর্বসঙ্কল্পহীনায়া (যাঁহার চিত্ত সমস্তসঙ্কল্পবর্জিত) সঃ এব (তিনিই) বিদেহঃ (দেহরহিত) মুক্তঃ (বন্ধনমুক্ত) ॥ ৯৮৬

অনুবাদ । যিনি 'ইহা জীবায়া, ইহা পরমায়া'—এইরূপ চিন্তা-বিহীন, যাঁহার চিত্ত সমস্তসঙ্কল্পশূন্য, তিনিই বিদেহ মুক্ত ॥ ৯৮৬

ওঙ্কারবাচ্যহীনায়া সর্ববাচ্যবিবর্জিতঃ ।

অবস্থাভ্রয়হীনায়া বিদেহো মুক্ত এব সঃ ॥ ৯৮৭

অর্থঃ । [যঃ—যিনি] ওঙ্কারবাচ্যহীনায়া (যিনি প্রণবের বাচ্য নহেন), সর্ববাচ্যবিবর্জিতঃ (সমস্ত পদার্থের বাচ্যরহিত), অবস্থাভ্রয়হীনায়া (যিনি জাগ্রৎ স্বপ্ন ও সুষুপ্তি এই তিনটি অবস্থার অতীত), সঃ এব (তিনিই) বিদেহঃ (দেহরহিত) মুক্তঃ (মুক্ত) ॥ ৯৮৭

অনুবাদ । যিনি প্রণবের বাচ্য নহেন, যিনি সমস্ত পদার্থের বাচ্যরহিত,

যিনি জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি—এই তিনটি অবস্থার অতীত, তিনিই বিদেহ মুক্ত ॥ ৯৮৭

অহিনির্লয়নীসর্পনির্মোকো জীববর্জিতঃ ।

বল্মীকে পতিতস্তিষ্ঠেৎ তং সর্পো নাভিমন্যতে ॥ ৯৮৮

এবং স্থূলঞ্চ সূক্ষ্মঞ্চ শরীরং নাভিমন্যতে ।

প্রত্যগ্জ্ঞানশিখিধ্বস্তে মিথ্যাঞ্জানে সহেতুকে ॥ ৯৮৯

অর্থঃ । অহিনির্লয়নী (সর্পত্বক্) সর্পনির্মোকঃ (সাপের খোলস) জীব-বর্জিতঃ (জীবনরহিত অবস্থায়) বল্মীকে (উইয়ের টিপিতে) পতিতঃ (পড়িয়া) তিষ্ঠেৎ (থাকে) সর্পঃ (সাপ) তং (তাহাকে—সর্প-নির্মোককে) ন অভিমন্যতে (আমার বলিয়া অভিমান করে না) । [এবং—এইরূপ] সহেতুকে (অবিচাররূপ কারণের সহিত বর্তমান) মিথ্যাঞ্জানে (ভ্রমজ্ঞান) প্রত্যগ্জ্ঞানশিখিধ্বস্তে (আত্মজ্ঞানরূপ অগ্নির দ্বারা বিনাশিত হইলে) স্থূলং চ (স্থূল, দৃশ্যমান) সূক্ষ্মং চ (লিঙ্গ) শরীরং (দেহ) ন অভিমন্যতে (অভিমান করে না) ॥ ৯৮৮॥৯৮৯

অনুবাদ । [যেমন] সর্পনির্মোক (সাপের খোলস) জীবন-বিহীন অবস্থায় বল্মীকে পড়িয়া থাকে, সর্প তাহাতে [আমার বলিয়া] অভিমান করে না ; সেইরূপ আত্মজ্ঞানরূপ অগ্নির দ্বারা অবিচাররূপ কারণের সহিত মিথ্যাঞ্জান বিধ্বস্ত হইলে, জ্ঞানী স্থূল ও সূক্ষ্ম শরীরের অভিমান করেন না ॥ ৯৮৮॥৯৮৯

নেতি নেতীত্যরূপত্বাদশরীরো ভবত্যয়ম্ ।

বিশ্বশ্চ তৈজসশ্চৈব প্রাজ্ঞশ্চেতি চ তে ত্রয়ম্ ॥ ৯৯০

বিরাদ্ হিরণ্যগর্ভশ্চ ঈশ্বরশ্চেতি তে ত্রয়ম্ ।

ব্রহ্মাণ্ডং চৈব পিণ্ডাণ্ডং লোকা ভূরাদয়ঃ ক্রমাৎ ॥ ৯৯১

স্বস্বোপাধিলয়াদেব লীয়ন্তে প্রত্যগাত্মনি ।

তুষ্টীমেব ততস্তূষ্টীং তুষ্টীং সত্যং ন কিঞ্চন ॥ ৯৯২

অর্থঃ । অয়ং (জ্ঞানী) ন ইতি (ইহা আত্মা নহে) ন ইতি (ইহা আত্মা নহে) ইতি (এইরূপ) অপরূপত্বাৎ (রূপশূণ্যত্বহেতু) অশরীরঃ (শরীরাত্ম-মানরহিত) ভবতি (হ'ন) ; বিশ্বশ্চ (দেব, মানব প্রভৃতি) তৈজসশ্চৈব (ব্যষ্টিসূক্ষ্মশরীরোপহিত চৈতন্য) প্রাজ্ঞশ্চ (এবং জীব) ইতি চ তে ত্রয়ম্ (এই তিনটি) বিরাদ্ (ব্যষ্টিস্থূলশরীরাত্মমানী চৈতন্য) হিরণ্যগর্ভশ্চ (এবং সমষ্টি সূক্ষ্মশরীরাত্মমানী চৈতন্য) ঈশ্বরশ্চ (এবং পরমেশ্বর) ইতি তে ত্রয়ম্ (এই-রূপ তাঁহারা তিনজন) ব্রহ্মাণ্ডং চৈব (এবং ব্রহ্মাণ্ড) পিণ্ডাণ্ডং (পিণ্ডাকার অণ্ড) ভূরাদয়ঃ (ভূ প্রভৃতি) লোকাঃ (ভুবনসমূহ) ক্রমাৎ (ক্রমে)

স্বস্বোপাধিলয়াদেব (নিজ নিজ উপাধির লয় হেতু) প্রত্যগাত্মনি (পরমাশ্রায় ব্রহ্ম) লীয়ন্তে (লয়প্রাপ্ত হয়) ততঃ (তদনন্তর) তুষ্ণীমেব (নীরবই) তুষ্ণীং (নীরব) তুষ্ণীং (নীরব) কিঞ্চন (কিছু) সত্যং ন (যথার্থ নহে) ॥৯৯০॥৯৯১॥৯৯২

অনুবাদ । 'ইহা আত্মা নহে, ইহা আত্মা নহে' এইরূপে জ্ঞানী শরীরান্তিমান শূন্য হ'ন ; বিশ্ব, তৈজস ও প্রাজ্ঞ এই তিনটি এবং বিরাট, হিরণ্যগর্ভ ও ঈশ্বর এই তিনটি, এবং ব্রহ্মাণ্ড, পিণ্ডাণ্ড ও ভূঃ প্রভৃতি লোক নিজ নিজ উপাধির লয়বশতঃ প্রত্যগাত্মায় লয় প্রাপ্ত হ'ন ; অনন্তর তুষ্ণীস্তাব অবলম্বন করা উচিত, প্রত্যগাত্মা ব্যতীত কিছুই সত্য নাই ॥ ৯৯০॥৯৯১॥৯৯২

কালভেদং বস্তুভেদং দেশভেদং স্বভেদকম্ ।

কিঞ্চিদ্ভেদং ন তস্ম্যাস্তি কিঞ্চিদ্ বাপি ন বিদ্যতে ॥ ৯৯৩

অর্থ । তস্ম (তাঁহার) কালভেদং (কালের সহিত ভেদ) বস্তুভেদং (বস্তুর সহিত ভেদ) দেশভেদং (দেশের সহিত ভেদ) স্বভেদকং (নিজের ভেদক) কিঞ্চিৎ (কিছু) ভেদং (ভিন্নতা) নাস্তি (নাই) কিঞ্চিদ্ বাপি (অথবা অণু কিছু) ন বিদ্যতে (নাই) ॥ ৯৯৩

অনুবাদ । সেই বিদেহমুক্ত পুরুষের কালভেদ, বস্তুভেদ, দেশভেদ কিংবা আত্মভেদক কোন বস্তু নাই, অথবা অণু কোন ভেদ নাই ॥ ৯৯৩

জীবৈশ্বরেতি বাক্যে চ বেদশাস্ত্রেষু হং ত্বিতি ।

ইদং চৈতন্যমেবেত্যহং তু চৈতন্যমিত্যপি ॥ ৯৯৪

ইতি নিশ্চয়শূন্যো যো বিদেহো মুক্ত এব সঃ ।

ব্রহ্মৈব বিদ্যতে সাক্ষাদ্ বস্তুতোহবস্তুতোহপি চ ॥ ৯৯৫

অর্থ । অহং (আমি) বেদশাস্ত্রেষু (বেদশাস্ত্রে) জীবৈশ্বরেতি বাক্যে চ (জীব ঈশ্বর এইরূপ বেদবাক্যে) তু ইতি (এইরূপ) ইদং (এই) চৈতন্যমেব (চৈতন্যই) অহং (আমি) চৈতন্যমিত্যপি (চৈতন্যও) ইতি (এইরূপ) যঃ (যিনি) নিশ্চয়শূন্যঃ (নিশ্চয়রহিত) সঃ (তিনি) বিদেহঃ (দেহরহিত) মুক্তঃ এব (মুক্ত) বস্তুতঃ (যথার্থতঃ) অবস্তুতঃ অপি চ (অবাস্তবিকরূপেও) সাক্ষাৎ (প্রত্যক্ষ) ব্রহ্মৈব (ব্রহ্মস্বরূপেই বর্তমান আছেন) ॥ ৯৯৪ ॥ ৯৯৫

অনুবাদ । আমি বেদশাস্ত্রে জীব ও ঈশ্বরনিরূপণবাক্যে চৈতন্যস্বরূপ, চৈতন্যও মৎস্বরূপ যিনি এইরূপ নিশ্চয়শূন্য, তিনিই বিদেহমুক্ত, বস্তুতঃ অথবা অবস্তুতঃ তিনি সাক্ষাৎ ব্রহ্মস্বরূপে অবস্থান করিতেছেন ॥ ৯৯৪ ॥ ৯৯৫

তদ্বিঘ্নাবিষয়ং ব্রহ্ম সত্যজ্ঞানস্থখাত্মকম্ ।

শান্তঞ্চ তদতীতঞ্চ পরং ব্রহ্ম তদুচ্যতে ॥ ৯৯৬

অর্থ । তৎ (সেই প্রসিদ্ধ) সত্যজ্ঞানস্থখাত্মকং (সত্যস্বরূপ, জ্ঞানস্বরূপ ও

স্বপ্নরূপ) ব্রহ্ম (ব্রহ্ম) বিদ্যাবিষয়ং (জ্ঞানের বিষয়), শাস্ত্রং (শাস্ত্র), তদ-
ভীতং (তাঁহার অতীত); তৎ (তাহা) পরং ব্রহ্ম (পরব্রহ্ম) উচ্যতে (কথিত
হ'ন) ॥ ৯৯৩

অনুবাদ । সত্য, জ্ঞান ও আনন্দস্বরূপ ব্রহ্ম বিদ্যার বিষয় হ'ন ; পরব্রহ্ম শাস্ত্র,
তদবস্থার অতীত বলিয়া কথিত হ'ন ॥ ৯৯৩

সিদ্ধান্তোহধ্যাত্মশাস্ত্রাণাং সর্বাপরূব এব হি ।

নাবিদ্যাস্তীহ নো মায়া শাস্ত্রং ব্রহ্মৈব তদ্বিনা ॥ ৯৯৭

অর্থ । অধ্যাত্মশাস্ত্রাণাং (আত্মাকে অধিকার করিয়া বর্তমান শাস্ত্রসমূহের
মধ্যে) সর্বাপরূব এব হি (সকল বস্তুর অপলাপ, কারণে লয়) সিদ্ধান্তঃ (মীমাং-
সিত বিষয়) ; ইহ (এই সংসারে) শাস্ত্রং (নির্মল) তৎ (সেই) ব্রহ্ম এব
(ব্রহ্মই) বিনা (ব্যতিরেকে) অবিদ্যা (অজ্ঞান) নাস্তি (নাই) মায়া (কারণ)
নাস্তি (নাই) ॥ ৯৯৭

অনুবাদ । সমস্ত বস্তুর অপকুবই (কারণে লয় করাই) অধ্যাত্ম শাস্ত্রসমূহের
সিদ্ধান্ত ; শাস্ত্র, অদ্বৈত ব্রহ্ম ব্যতিরেকে অবিদ্যা কিংবা মায়া কিছুই নাই ॥ ৯৯৭

প্রিয়েষু স্বেষু স্কৃতমপ্রিয়েষু চ দুষ্কৃতম্ ।

বিসৃজ্য ধ্যানযোগেন ব্রহ্মাহপ্যেতি সনাতনম্ ॥ ৯৯৮

অর্থ । [জ্ঞানী—জ্ঞানবান্ ব্যক্তি] স্বেষু (স্বকীয়) প্রিয়েষু (প্রিয়বস্ত্রসমূহে)
স্কৃতং (পুণ্য) অপ্রিয়েষু চ (এবং অপ্রিয় বস্ত্রসমূহে) দুষ্কৃতং (পাপকে)
বিসৃজ্য (ত্যাগ করিয়া) ধ্যানযোগেন (ধ্যানযোগদ্বারা) সনাতনং (নিত্য) ব্রহ্ম
(ব্রহ্ম) অপ্যেতি (প্রাপ্ত হয়) ॥ ৯৯৮

অনুবাদ । জ্ঞানী প্রিয়বস্ত্রসমূহে পুণ্য ও অপ্রিয়বস্ত্রসমূহে পাপ ত্যাগ করিয়া
ধ্যানযোগের দ্বারা সনাতন ব্রহ্মকে প্রাপ্ত হ'ন ॥ ৯৯৮

যাবদ্যাবচ্চ সদ্বুদ্ধে স্বয়ং সন্ত্যজ্যতেহখিলম্ ।

তাবৎ তাবৎ পরানন্দঃ পরমাত্মৈব শিষ্যতে ॥ ৯৯৯

অর্থ । সদ্বুদ্ধে (হে সুবুদ্ধে) যাবদ্ যাবচ্চ (যত যত) স্বয়ং (নিজে)
অখিলং (সমস্ত) সন্ত্যজ্যতে (ত্যক্ত হয়), তাবৎ তাবৎ (তত তত) পরানন্দঃ
(পরমানন্দস্বরূপ) পরমাত্মৈব (পরব্রহ্মই) শিষ্যতে (অবশিষ্ট থাকে) ॥ ৯৯৯

অনুবাদ । হে ধীর! এই সমস্ত প্রপঞ্চ বতদূর ত্যাগ করা যায়, ততই
পরমানন্দস্বরূপ পরব্রহ্মই অবশিষ্ট থাকে ॥ ৯৯৯

যত্র যত্র মৃতো জ্ঞানী পরমাক্ষরবিৎ সদা ।

পরে ব্রহ্মণি লীয়েত ন তস্যোৎক্রান্তিরিষ্যতে ॥ ১০০০

অর্থঃ । পরমাত্মবিৎ (ব্রহ্মবিৎ) জ্ঞানী (জ্ঞানবান্) যত্র যত্র (যে যে স্থানে) মৃতঃ [সন্] (মরিয়া) সদা (সর্বদা) পরে ব্রহ্মণি (পরব্রহ্মে) লীয়েত (লীন হ'ন) । [পণ্ডিতৈঃ—পণ্ডিতগণ] তস্ত (তাঁহার) উৎক্রান্তি (উৎক্রমণ, লোকান্তরগমন) ন ইচ্ছতে (ইচ্ছা করেন না) ॥ ১০০০

অনুবাদ । পরব্রহ্মবিৎ পুরুষ যেখানে মরুন না কেন, সর্বদা পরব্রহ্মেই লয়প্রাপ্ত হ'ন । পণ্ডিতেরা তাদৃশ পুরুষের উৎক্রমণ (লোকান্তরগমন) স্বীকার করেন না ॥ ১০০০

যদ্যৎ স্বাভিমতং বস্তু তৎ ত্যজন্ মোক্ষমশ্নুতে ।

অসঙ্কলেন শস্ত্রেণ ছিন্নং চিত্তমিদং যদা ॥ ১০০১

সর্বং সর্বগতং শান্তং ব্রহ্ম সম্পাদ্যতে তদা ।

ইতি শ্রুত্বা গুরোর্বাক্যং শিষ্যস্ত ছিন্নসংশয়ঃ ॥ ১০০২

জ্ঞাতজ্ঞেয়ঃ সংপ্রণম্য সদৃগুরোশ্চরণাম্বুজম্ ।

স তেন সমনুজ্ঞাতো যথৌ নিম্নুক্তবন্ধনঃ ॥ ১০০৩

অর্থঃ । [জ্ঞানী—জ্ঞানবান্ ব্যক্তি] যদ্ যৎ (যে যে) স্বাভিমতং (অভি-প্রেত) বস্তু (পদার্থ) তৎ (তাহাকে) ত্যজন্ (ত্যাগ করিয়া) মোক্ষম্ (মুক্তিকে) অশ্নুতে (প্রাপ্ত হন) ; যদা (যখন) অসঙ্কলেন (সঙ্কলহীনত্ব-রূপ) শস্ত্রেণ (অস্ত্র-দ্বারা) ইদং (এই) চিত্তং (মনঃ) ছিন্নং (বিনাশপ্রাপ্ত হয়), তদা (তখন) সর্বং (সর্বাঙ্গক) সর্বগতং (সর্বগত) শান্তং (শান্ত) ব্রহ্ম (পরমাত্মা) সম্পাদ্যতে (হ'ন), তু (কিন্তু) শিষ্যঃ (ছাত্র) ইতি (এইরূপ) গুরোঃ (গুরুর) বাক্যং (কথা) শ্রুত্বা (শুনিয়া) ছিন্নসংশয়ঃ (সন্দেহবিহীন) [অভূৎ—হইলেন] জ্ঞাতজ্ঞেয়ঃ (জ্ঞাতব্য বিষয় যিনি জানিয়াছেন) সঃ (তিনি—শিষ্য) সদৃগুরোঃ (উৎকৃষ্টগুরুর) চরণাম্বুজং (পাদপদ্মকে) সংপ্রণম্য (সমাগ-রূপে প্রণাম করিয়া) নিম্নুক্তবন্ধনঃ (বন্ধনবিহীন) যথৌ (হইলেন) ॥ ১০০১ ॥ ১০০২ ॥ ১০০৩

অনুবাদ । জ্ঞানী নিজের অভিপ্রেত বস্তুকে ত্যাগ করিয়া মুক্তিলাভ করেন ; যখন অসঙ্কলরূপ শস্ত্রদ্বারা এই চিত্ত ছিন্ন (বিনষ্ট) হয়, তখন জ্ঞানী সর্বাঙ্গক সর্বব্যাপী শান্ত ব্রহ্ম প্রাপ্ত হ'ন, শিষ্য গুরুর এবংপ্রকার বাক্য শ্রবণ করিয়া নিঃসন্দেহ হইলেন এবং জ্ঞাতব্য বিষয় জ্ঞাত হইয়া, গুরুর অনুমতি গ্রহণপূর্বক সদৃগুরুর পাদপদ্মে প্রণাম করিয়া বন্ধনশূন্য হইলেন ॥ ১০০১ ॥ ১০০২ ॥ ১০০৩

গুরুরেষ সদানন্দসিদ্ধৌ নির্মগ্নমানসঃ ।

পাবয়ন্ বসুধাং সর্বাং বিচচার নিরুক্তরঃ ॥ ১০০৪

অর্থঃ । এষঃ (এই) গুরুঃ (উপদেশক) সদানন্দসিদ্ধৌ (সর্বদা আনন্দ-সমুজ্জে) নির্মগ্নমানসঃ (চিত্তকে মগ্ন করিয়া) সর্বাং (সমস্ত) বসুধাং (পৃথিবীকে)

বয়ন্ (পবিত্র করিয়া) নিরুত্তরঃ [সন্] (উত্তর না দিয়া) বিচচার (ইচ্ছামত
চরণ করিলেন) ॥ ১০০৪

অনুবাদ । গুরুদেব পরমানন্দসমুদ্রে নিমগ্নচিত্ত হইয়া, সমস্ত পৃথিবীতল
বিত্র করিয়া উত্তর প্রদান না করিয়া, যথেষ্ট বিচরণ করিতে লাগিলেন ॥ ১০০৪

ইত্যাচার্যস্য শিষ্যস্য সংবাদেনাত্মলক্ষণম্ ।

নিরূপিতং মুমুক্শুণাং সুখবোধোপপত্তয়ে ॥ ১০০৫

অর্থ । ইতি (এইরূপ, পূর্বোক্তরূপ) আচার্যস্য (আচার্যের, গুরুর)
শিষ্যস্য [চ] (এবং শিষ্যের) সংবাদেন (সংবাদ, মিলন, কথোপকথন দ্বারা)
মুমুক্শুণাং (মুক্তিকামদিগের) সুখবোধোপপত্তয়ে (সুখে জ্ঞানলাভের নিমিত্ত)
আত্মলক্ষণং (আত্মার লক্ষণ) নিরূপিতম্ (নির্ণীত হইল) ॥ ১০০৫

অনুবাদ । এবং প্রকার আচার্য এবং শিষ্যের সংবাদের দ্বারা মুমুক্শুগণের
মনায়াসে জ্ঞানলাভের নিমিত্ত আত্মস্বরূপ নিরূপিত হইল ॥ ১০০৫

সর্ববেদান্তসিদ্ধান্তসারসংগ্রহনামকঃ ।

গ্রন্থোহয়ং হৃদয়গ্রন্থিবিচ্ছিন্ত্যৈ রচিতঃ সতাম্ ॥ ১০০৬

অর্থ । অয়ং (এই) সর্ববেদান্তসিদ্ধান্তসারসংগ্রহনামকঃ (সর্ববেদান্ত-
সিদ্ধান্ত-সারসংগ্রহনামক) গ্রন্থঃ (পুস্তক) সতাং (সাধুদিগের) হৃদয়গ্রন্থি-
বিচ্ছিন্ত্যৈ (অন্তঃকরণের কামাদি গ্রন্থিসমূহের নাশের জন্য) রচিতঃ (বিরচিত
হইল) ॥ ১০০৬

অনুবাদ । সাধুগণের হৃদয়ের কামক্রোধাদি গ্রন্থিসমূহের বিনাশের নিমিত্ত
'সর্ববেদান্তসিদ্ধান্তসারসংগ্রহ'-নামধেয় গ্রন্থ বিরচিত হইল ॥ ১০০৬

ইতি শ্রীমৎপরমহংস-পরিব্রাজকাচার্যস্য শ্রীগোবিন্দ-ভগবৎপূজ্যপাদশিষ্যস্য

শ্রীমচ্ছরভগবতঃ কৃভৌ সর্ববেদান্ত-সিদ্ধান্ত-সারসংগ্রহঃ

সম্পূর্ণঃ ॥

